Shri Lall was born on the 20th October, 1940 in Kolkata. As a talented tennis player he started his career in the mid-50s when he joined Dilip Bose's camp at the South Club. Progressing through the ranks in the domestic tournments he served notice of his potential at the international level in 1958, when he advanced to the Junior Wimbledon Final. In the very next year he forced his way into the Indian Davis Cup team and played in the premier team for 14 years at a stretch. He became National Champion in Singles on three occasions—in 1966, 1967-1968 and 1969 and in Doubles on four occasions in 1964, 1966, 1972 and 1973. He made his Davis Cup debut in 1959 against Phillippines. He had an impressive 58-32 win-loss record in Davis Cup. In 1962 he reached Australian Open Singles pre-quarterfinals and also Doubles quarterfinals with Jaidip Mukherjee. In 1973 he also reached Wimbledon Doubles quarterfinals. His match against Rod Laver at the 1969 Wimbledon Championship has been a part of tennis folklore in the country for the stylishness of the game. For his outstanding contribution to Indian tennis he was conferred with the Arjuna Award in 1967.

Shri Lall used to lead a very simple life. Following a fatal accident in 1992 he could not walk and talk properly and the last few years of his life were spent on wheel chair.

At the demise of Shri Lall the country has lost a luminary in the world of tennis.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble Members stood in silence for two minutes)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family.

Adjournment

The House was then adjourned at 11.34 till 11.00 a.m. on Monday the 16th March, 2009 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 16th March, 2009 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASIM ABDUL HALIM) in the Chair, 16 Ministers, 8 Ministers of State and 212 Members.

[11.00 – 11.10 a.m.]

Mr.Speaker : Now, I present the 44th Report of the Business Advisory Committee as follows :

16.3.2009, Monday	:	(i)	Business remaining from 13.3.2009	
		(ii)	Discussion on Governor's Address	4 hours
17.3.2009, Tuesday	:		Discussion on Governor's Address	4 hours
18.3.2009, Wednesday	:		Discussion on Governor's Address	4 hours
19.3.2009, Thursday	:		Discussion on Governor's Address	4 hours
20.3.2009, Friday (3-00 p.m.)	:		Presentation of Annual Financial Statement of the Government of West Bengal for the year 2009-2010	
23.3.2009, Monday	:		General Discussion on Budget	4 hours
24.3.2009, Tuesday	:	(i)	Presentation of Supplementary Estimates for the year 2008-2009	
		(ii)	General Discussion on Budget	4 hours
25.3.2009, Wednesday	:		General Discussion on Budget	4 hours
26.3.2009, Thursday	:	(i)	General Discussion on Budget	
		(ii)	Motion for Vote-on-Account	
		(iii)	Motions for Demands for Grants for all Department	4 hours

I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

Shri Sailendra Sarkar : Sir, I beg to move that the 44th Report of the Business Advisory Committee, as presented in the House, be agreed to.

The motion was then put and agreed to.

Starred Questions
(to which oral answers were given)

Question No. 1 : Held Over

সুন্দরবন অঞ্চলের দ্বীপগুলির মধ্যে স্থলপথে যোগাযোগের পরিকল্পনা

*২। (অনুমোদিত প্রশ্ন নং *৮) শ্রীজানে আলম মিঞাঃ সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবনের জনবসতিপূর্ণ দ্বীপগুলির মধ্যে স্থলপথে যোগাযোগের জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, বর্তমান আর্থিক বর্ষশেষে কতগুলি দ্বীপের মধ্যে ওইধরনের যোগাযোগের ব্যবস্থা গড়ে উঠবে বলে আশা করা যায় ?

শ্রী কান্তি গাঙ্গুলী :

(ক) হ্যাঁ। সুন্দরবনের জনবসতিপূর্ণ দ্বীপগুলির মধ্যবর্তী মজা ও ছোট নদী এবং খালের উপর থাকা সেতু নির্মাণ করে মূল ভুখণ্ডের সঙ্গে এই সকল দ্বীপকে স্থলপথে যুক্ত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে এই পরিকল্পনায় কিছু প্রকল্প রূপায়িত হয়েছে এবং কয়েকটি প্রকল্পের কাজ চলছে।

(খ) বর্তমান আর্থিক বর্ষশেষে ১২টি জনবসতিপূর্ণ বিচ্ছিন্ন দ্বীপের সঙ্গে মূল ভুখণ্ডের যোগাযোগ গড়ে উঠবে।

শ্রীজানে আলম মিঞা : সুন্দরবন এলাকায় সম্ভবত ৫২ টা দ্বীপে জনবসতি আছে আর ১৯ টা হেড কোয়ার্টার আছে, পঞ্চায়েত সমিতি আছে। আমি আপনার কাছে জানতে চাইছি, কতগুলো পঞ্চায়েত সমিতি এলাকার সঙ্গে মূল ভূখণ্ডের স্থল পথের যোগাযোগ হয়েছে আর কতটা জনবসতি এলাকায় এখনও পর্যন্ত যোগাযোগ করা গেছে।

শ্রী কান্তি গাঙ্গুলী : স্থলপথে সংযুক্ত দ্বীপগুলোর মধ্যে যেগুলো অন্যতম কুলতলি একেবারে বিচ্ছিন্ন ছিল। কুলতলির প্রতিটা অঞ্চল-জি. পি. মূল ভুখন্ডের সঙ্গে যুক্ত হয়ে গেছে। পাথরপ্রতিমার ৫টা জিপি আমরা যুক্ত করতে পেরেছি। বাসন্তীতে একটা জি. পি. যুক্ত হয়েছে। মথুরাপুরে দুটো জি.পি যুক্ত করতে পেরেছি মূল ভুখন্ডের সঙ্গে। সংখ্যায় কত লোক উপকৃত হয়েছে এটা আপনি জানতে চেয়েছেন। আমি এই পরিসংখ্যানটা সংগ্রহ করতে পারিনি। পরবর্তীকালে আমি আপনাকে জানিয়ে দেব।

শ্রী জানে আলম মিঞা : এই দ্বীপগুলোকে ১৯টা পঞ্চায়েত সমিতির অফিস তার সঙ্গে সংযুক্ত করা হয়েছে। আরও দুটো ব্রীজ হচ্ছে এগুলো হলে অতি সত্বর যোগাযোগ ব্যবস্থা আরও বাড়বে কিন্তু আমার জানা আছে গোসাবা, সন্দেশ খালি (২), নামখানা এবং

সাগর এইগুলোর সঙ্গে স্থলপথে যোগাযোগের জন্য আপনার দপ্তরের কোনো পরিকল্পনা আছে কিনা ?

শ্রী কান্তি গাঙ্গুলী : গোসাবায় এখনও পর্যন্ত কোন যোগাযোগ ব্যবস্থা আমরা গড়ে তুলতে পারিনি। আলাপ-আলোচনা চলছে। ডি. পি. আর করতে দেওয়া হয়েছে কিন্তু গোসাবার সমস্ত দ্বীপ যুক্ত করা সম্ভব নয়। সাগরে সাড়ে চার কিলোমিটার নদী। হারউড পয়েন্ট থেকে কচুবেড়িয়া ডি. পি. আর করতে দেওয়া হয়েছে। আনুমানিক ৬শো কোটি টাকা খরচ হবে। এই টাকা জোগাড় করা সম্ভব হয়নি। নামখানা এটা হাতানিয়া দেয়ানিয়া নদী ১৭০ এন. এইচ। আমাদের দপ্তর প্রাথমিকভাবে সমীক্ষার কাজ শুরু করে। কিন্তু দিল্লি থেকে জানানো হয় যে এটা ন্যাশনাল হাইওয়ে, এটা তারা করবে। এই ব্রীজ তারা করবে। এই বিষয়ে আমরা দিল্লির উপরে নির্ভর করছি। আর অন্যান্য যেগুলো বলেছেন, হাসনাবাদ। এখানে পূর্ত দপ্তর ব্রীজের কাজ শুরু করে দিয়েছে। সন্দেশখালি এবং গোসাবাকে লিংক করার জন্য চুনাখালি এবং শম্ভুনগর এটা পি.ডব্লু.ডি নিয়েছে। পূর্ত দপ্তর এবং সুন্দরবন দপ্তর যৌথভাবে সমস্ত দ্বীপগুলোকে যুক্ত করার জন্য চেষ্টা করে যাচ্ছে। ১৬।১৭ টা দ্বীপকে এখনও পর্যন্ত যোগযোগ ব্যবস্থা দেওয়ার কোনো ব্যবস্থা আমরা গ্রহণ করতে পারিনি।

শ্রী জানে আলম মিঞা : স্থলপথে যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠলে বহু যানবাহন যাতায়াত করবে এবং ওই সমস্ত যানবাহন যে জ্বালানি ব্যবহার করবে তাতে পরিবেশ দূষণ হতে পারে। আপনি জানেন যে সুন্দরবন একটা ওয়ার্ল্ড হেরিটেজ। এই দূষণ থেকে সুন্দরবনকে রক্ষা করার জন্য আপনার দপ্তর কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

শ্রী কান্তি গাঙ্গুলী : আমাদের দপ্তরের বিষয় এটা নয়। এটা পরিবেশ দপ্তরের বিষয়। তবু আপনাকে বলি যে এখন নদীপথে যে জলযান ব্যবহার হয় তা হল প্রধানত যন্ত্রচালিত নৌকা এবং লঞ্চ। এগুলো ডিজেল দ্বারা চালিত হয়। তবে ব্রীজ করার পরে বাড়তি বোঝা চাপবে বলে মনে হয় না। নদীতে যে জলযান আছে তারপরেও যদি কোনো ব্যবস্থা নেওয়া হয় সেখানে পরিবেশ দপ্তর এবং পরিবহন দপ্তরের ভাবনা-চিন্তা করার প্রয়োজন আছে।

শ্রী জানে আলম মিঞা : স্থলপথে যোগাযোগের জন্য অর্থ খরচ হচ্ছে তাতে কেন্দ্রীয় সরকারের কোনো অনুদান বা অ্যাসিসট্যান্স আছে কিনা ?

শ্রী কান্তি গাঙ্গুলী : হ্যাঁ, এটা বলার প্রয়োজন আছে। আমাদের বিধানসভা থেকে সমস্ত রাজনৈতিক দলের বিধায়করা দিল্লিতে যাই এবং দিল্লিতে এই বিষয়টা যোজনা কমিশনের নজরে আনি। দিল্লি থেকে আমরা অনুদান পেয়েছি গত চার বছরে ১শো কোটি টাকা।

[11.10 – 11.20 a.m.]

শ্রী কান্তি গাঙ্গুলী : অতীতে আমরা কোস্টাল ফান্ড পেতাম না। এখন আমরা কোস্টাল ফান্ড ভালো পরিমাণে পেয়েছি। এছাড়া অন্যান্য সাহায্য আসছে।

শ্রীমতী সোনালী গুহ : স্যার, আমরা সকলেই জানি জনবসতিপূর্ণ দ্বীপগুলি ভেসেলের মাধ্যমে পরিচালিত হয়। কিন্তু একটা নির্দিষ্ট সময়ের পরে অর্থাৎ সূর্যাস্তের পরে আর চলে না। সূর্যাস্তের আগেই আলোর মধ্যে ভেসেলগুলি ছাড়তে হয়। তাই ওখানে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করে দিয়ে একটু বেশি সময় ধরে সূর্যাস্তের পরেও ওই ভেসেলগুলি চালানোর ব্যাপারে দপ্তর থেকে কোনো চিন্তাভাবনা আছে কি ?

শ্রী কান্তি গাঙ্গুলী : এখানে মাননীয় সদস্যকে একটা কথা জানাই যে, হারউ পয়েন্টের একটা সমস্যা হচ্ছে ওখানে যে পরিমাণে পলি জমেছে, তাতে ভাঁটার সময়ে ভেসেল চালানো যায় না। সেই কারণে ওখানে ড্রেজিং এর খুবই প্রয়োজন আছে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। অনেক সময়ে ৪-৫ ঘন্টা ভেসেল চালানো যায় না, বন্ধ রাখতে হয়। এর ফলে এই ৪-৫ ঘন্টা ওখানকার জনবসতি বিছিন্ন থাকে। এই ব্যাপারে ভাবনাচিন্তা চলছে যে, হারউ পয়েন্ট থেকে কচুবেড়িয়াতে ব্রীজ করার জন্য এটার তৈরি করতে আনুমানিক খরচ হবে ৬০০কোটি টাকা। এত টাকা খরচ করা রাজ্য সরকারের পক্ষে সম্ভব হবে না। গঙ্গাসাগর একটা জাতীয় আন্তর্জাতিক স্তরের তীর্থক্ষেত্রে। কেন্দ্রীয় সরকারকে এই বিষয়ে দায়িত্ব নেবার জন্য চিঠিও পাঠিয়েছি।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটা অতিরিক্ত প্রশ্ন রাখছি। মাননীয় মন্ত্রী মহাশয় সুন্দরবন উন্নয়ন দপ্তরের দায়িত্ব নেবার পরে অনেক কাজ হয়েছে এবং এখানকার এই দ্বীপগুলিকে আরও চিত্তাকর্ষক করার জন্য পর্যটন দপ্তরের সঙ্গে আলোচনা হয়েছে কি ? কারণ সুন্দরবনে বহু মানুষ বেড়াতে যান এবং ওখানে থাকেন। তাই এই জায়গাতে পর্যটন শিল্প গড়ে উঠলে এবং উন্নতকরণ প্রক্রিয়া এই চিন্তাধারার সঙ্গে যুক্ত হলে মানুষ নিশ্চয় তাকে সাদরে গ্রহণ করবে। তাই এই ব্যাপারে আপনার দপ্তরের সঙ্গে পর্যটন দপ্তরের সংযোগ হয়েছে কিনা জানাবেন কি ?

শ্রী কান্তি গাঙ্গুলী : পর্যটন দপ্তর পর্যটন দেখে। তবে আমাদের দপ্তরের পরিকাঠামো তৈরি করার ক্ষেত্রে আমরা পর্যটন দপ্তরের সঙ্গে আলাপ-আলোচনা করেই করি। আর এইভাবেই বিভিন্ন স্পট আইডেনটিফাই করা হয়েছে যেমন, রাস্তাঘাট, ব্রীজ ইত্যাদি। তবে এখানে একটা কথা বলা প্রয়োজন যে, ১৩৫ কোটি টাকা ব্যয়ে আমার মনে হয় ভারতবর্ষে আর কোথাও এত বড় বিরাট নদী ক্রশ করে বিদ্যুৎ নিয়ে যাওয়ার পরিকল্পনা হয়েছে, যেটা আমাদের সুন্দরবন উন্নয়ন দপ্তর এবং বিদ্যুৎ দপ্তর করেছে। টাওয়ারের মাধ্যমে বিদ্যুৎ নিয়ে যাবে সাগরে। ঠিক তেমনিভাবে সুন্দরবনের বিভিন্ন প্রান্তে টাওয়ারের মাধ্যমে বিদ্যুৎ নিয়ে যাওয়ার পরিকল্পনা করা হয়েছে এবং এই ব্যাপার পর্যটন দপ্তরের সঙ্গে আলোচনাও করা হয়েছে।

শ্রী সমর হাজরা : আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা যে, সুন্দরবনে প্রচুর টুরিস্ট যান। সুন্দরবনকে অক্সিজেন সিটি বলা হয়। এখন ওখানে অসংখ্য গাড়ি

যাচ্ছে। আপনি একটা দ্বীপ থেকে আর একটা দ্বীপে যাবার ব্যবস্থা করেছেন। মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন-যে গাড়িগুলি বাইরে থেকে ওখানে যাচ্ছে, সেগুলি বাইরে রাখার ব্যবস্থা করে সুন্দরবন অঞ্চলে ব্যাটারীচালীত গাড়ীর ব্যবস্থা করার ব্যাপার আপনার দপ্তরের কোন পরিকল্পনা আছে কি ?

শ্রী কান্তি গাঙ্গুলী : এই ব্যাপারে একটা প্রাথমিক পরিকল্পনা হয়েছিল। কিন্তু সেটা সফল হয়নি। একসাইড ব্যাটারীর সঙ্গে আলাপ-আলোচনা হয়েছিল এবং পরীক্ষামূলকভাবে বোটও চালানো হয়েছিল। কিন্তু এইগুলি রিচার্জ করতে হয়। তবে রিচার্জ সেন্টারের পরিকাঠামো তৈরি করতে না পারলে ব্যাটারিচালিত জলযান ফলপ্রসু হবে না। এই ব্যাপারে চিন্তাভাবনা চলছে।

শ্রী জয়কৃষ্ণ হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সুন্দরবন উন্নয়ন মন্ত্রীর কাছে একটা প্রশ্ন রাখছি। এখানে উনি বলে গেলেন, ৫টি দ্বীপের সঙ্গে যোগাযোগ করা যায়নি, ১২টি করা গেছে। এই ৫টি দ্বীপ ছাড়া অন্যান্য দ্বীপের সঙ্গে যোগাযোগের মাধ্যমে বলতে বোঝায় মেকানাইজ বোট বা ভুটভুটি। এই ভুটভুটির ব্যাপারে সরকারের কোনো অনুমোদন নেই। এইগুলো বন্ধ হয়ে গেলে সুন্দরবনের দ্বীপগুলো বিচ্ছিন্ন হয়ে যাবে। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, এগুলোর ব্যাপারে গভর্নমেন্টের তরফ থেকে লাইসেন্স দেওয়ার কোনো ব্যবস্থা করেছেন কি ?

শ্রী কান্তি গাঙ্গুলী : এটা আমার দপ্তরের সঙ্গে সম্পর্কিত নয়, পরিবহন দপ্তর এটা ভাববে।

শ্রী চিত্তরঞ্জন মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সুন্দরবন উন্নয়ন দপ্তরের মন্ত্রীর কাছে জানতে চাইছি, গোসাবা ব্লকের কাছে সুন্দরবনের যাবতীয় দর্শনীয় স্থান আছে। ওখানে প্রধানমন্ত্রীর গ্রামীণ সড়ক যোজনার ৫টি রাস্তা অনুমোদিত হয়েছে। তবে মাত্র দুটি রাস্তা ঠিকাদারেরা নিয়েছে, ৩টি এখনও বাকি। যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত খারাপ। শোনা যাচ্ছে, ঠিকদারের অভাবে রাস্তাগুলো করা যাচ্ছে না। যেহেতু, আপনি সুন্দরবন উন্নয়ন দপ্তরের মন্ত্রী, সেই জন্য আপনার কাছে জানতে চাইছি, এই ব্যাপারে যাতে ঠিকাদার পাওয়া যায় এবং রাস্তাগুলোর কাজ দ্রুত আরম্ভ হতে পারে, এই ব্যাপারে আপনারা কোনও উদ্যোগ নেবেন কি ?

শ্রী কান্তি গাঙ্গুলী : প্রধানমন্ত্রীর সড়ক যোজনার ব্যাপারগুলো জেলা পরিষদ দেখে। আর মাননীয় বিধায়ক যে কথা বললেন, তা সত্য। আমার নজরেও এসেছে। ৭ বার টেন্ডার কল করা হয়েছে, কিন্তু কোন কনট্রাক্টর পার্টিসিপেট করেনি। কেন্দ্রীয় সরকার যদি প্রধানমন্ত্রী সড়ক যোজনার ক্ষেত্রে যেহেতু সুন্দরবন দুর্গম এলাকা-রেট পুনর্বিবেচনা না করেন, আমার মনে হয় এজেন্সি যে কারণে পার্টিসিপেট করছে না, সেই ব্যাপারের সমাধান করতে পারে কেন্দ্রীয় সরকার। জেলা পরিষদের সঙ্গে আলোচনা করে এটা আমি জেনেছি।

যুগপুর হাইস্কুলের উন্নীতকরণ

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩) শ্রী কল্লোল খাঁ : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদিয়া জেলার যুগপুর হাইস্কুলকে মাধ্যমিক স্কুল থেকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করতে সরকারের পরিকল্পনা আছে কি না ;

(খ) বর্তমানে ওই জেলায় মোট কতগুলি উচ্চমাধ্যমিক স্কুল আছে; এবং

(গ) উক্ত স্কুলগুলিতে মোট ছাত্র সংখ্যা কত ?

শ্রী পার্থ দে :

(ক) আপাতত বর্তমান শিক্ষাবর্ষে এটি অন্তভুক্ত করা হয়নি।

(খ) ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষের প্রাপ্ত সুপারিশসমূহ সহ মোট ২২৬ টি।

(গ) আনুমানিক ১ লক্ষ ৭০ হাজার ছাত্র-ছাত্রী আছে।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় স্কুল শিক্ষা মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, নদিয়া জেলার যুগপুর উদ্বাস্তু কলোনী-সেই উদ্বাস্তু কলোনীতে ১০০ শতাংশ উদ্বাস্তু বসবাস করে। ১৯৬৮ সালে সেখানে জুনিয়র হাই স্কুল তৈরি হয়। তখন থেকেই সেটাকে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক করার দাবি করা হচ্ছে। আপনার দপ্তর থেকে স্ক্রিনিং কমিটি ওখানে যায় এবং স্কুলের সমস্ত তথ্য নিয়ে আসে এবং বলে স্কুলটাকে উন্নত করা হবে। তাই আপনার কাছে জিঞ্জাস্য, ওই উদ্বাস্তু, কলোনীতে চকহাতীশালা জুনিয়র হাই স্কুলটি মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক কবে হবে, সেটা জানালে ভাল হয়।

শ্রী পার্থ দে : প্রথমে যেটা বলা দরকার সেটা হচ্ছে, আমাদের রাজ্যে মোট যতগুলো বিদ্যালয়ে উচ্চমাধ্যমিক পড়ার ব্যবস্থা আছে, তার মধ্যে সবচেয়ে সমৃদ্ধ জেলার মধ্যে আছে নদিয়া জেলা। ওখানে মোট যত মাধ্যমিক বিদ্যালয় আছে তার থেকে বেশি উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে আছে। এখন সারা জেলায় মাধ্যমিক পড়ানো হয় ২০৬টিতে এবং মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক ২২৬টি বিদ্যালয়। এই রকম আরও দু-একটি সৌভাগ্যবান জেলা আছে। এই মুহূর্তে নদিয়া জেলায় ছাত্রছাত্রীদের পড়ানোর জন্য নতুন বিদ্যালয় স্থাপন করার প্রয়োজনীয়তা নেই, সাধারণ-ভাবে এটা বলা যায়। এছাড়াও আমরা যেটা শুরু করেছি, এটা আমি ইতিমধ্যেই সভাকে বলেছি আমরা সারা রাজ্যে বিদ্যালয় মানচিত্র তৈরি করে ফেলেছি, সেখানে একেবারে ব্লক-ভিত্তিক কত মাধ্যমিক, কত উচ্চমাধ্যমিক বিদ্যালয় আছে সেটার ম্যাপ হয়ে গেছে। এর সঙ্গে যেটা যুক্ত করছি সেটা হচ্ছে উচ্চমাধ্যমিক বিদ্যালয় আছে কোন একটা ব্লকে সেখানে কি কি বিষয় পড়ানোর ব্যবস্থা আছে, আমরা যেটার উপরে জোর দেব সেটা হচ্ছে বিষয় বৈচিত্র্য-এটা হচ্ছে সাধারণ কথা। বিশেষ ভাবে এই রকম প্রস্তাব আমাদের দপ্তরে নেই খবর নিয়ে দেখেছি, প্রস্তাব এলে যে ভাবে তা বিবেচনা করা হয় সেই ভাবে

অবশ্যই করা হবে। এটা একেবারেই নিশ্চিত ভাবে বলা যায় নদিয়ায় কোনো অংশেই মাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীর উচ্চমাধ্যমিক বিদ্যালয় প্রবেশ করার ক্ষেত্রে কোনো সমস্যা নেই। এই সমস্যা কোনো ক্ষেত্রে উপস্থিত হলে আমরা সরাসরি হস্তক্ষেপ করি। যেমন গত বারে মুর্শিদাবাদ জেলায় আমরা নিজেরা .বুঝতে পেরেছিলাম নির্দিষ্ট একটা ব্লকে, যেমন আপনি আপনার ব্লকের কথা বললেন, আমরা সেখানে করতে পারি। এখানে সে রকম বিশেষ ক্ষেত্রে খুব বড় সমস্যা যদি হয় তাহলে আমরা করতে পারব। কিন্তু সাধারণভাবে বেহিসাবিসব জেলাতে উচ্চমাধ্যমিক বিদ্যালয় বাড়াতে চাওয়ার পক্ষপাতী নই। এর মধ্যে ডিসপ্রোপোর্শনেট গ্রোথ হয়ে যাবে সেটাকে একটু রেশনালাইজ করা উচিত।

শ্রী কল্লোল খাঁ : আমার তৃতীয় প্রশ্ন, আপনি বলেছেন নদিয়া জেলায় ১লক্ষ ৭০ হাজার ছাত্রছাত্রী আনুমানিক মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পড়াশোনা করে ২২৬টি স্কুলে। এই শিক্ষাবর্ষে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক নতুন স্কুল করার কোনো পরিকল্পনা বা ভাবনা আছে কি না ?

শ্রী পার্থ দে : এটা আমি আগেই বললাম সাধারণভাবে সব জেলাতে নতুন উচ্চমাধ্যমিক হবে এই রকম পরিকল্পনা নেই। এই জন্যই আমরা মানচিত্র তৈরি করেছি কোথায় কত বিদ্যালয় আছে-তবে কতগুলি বিশেষ এলাকা আছে যেখানে প্রয়োজন আছে, তার মধ্যে নদিয়া জেলা নেই। নদিয়া জেলায় উচ্চমাধ্যমিক বিদ্যালয় হওয়ার ক্ষেত্রে এখনই এত গুরুত্ব দিচ্ছি না। তবেও আপনি যে ভাবে বলেছেন, বিশেষ ক্ষেত্রে একটা ব্লক এলাকায় এই রকম সমস্যা থাকলে সেটা দেখা হবে।

শ্রী কল্লোল খাঁ : আপনি বলেছেন নদিয়া জেলায় সমস্যা নেই, কিন্তু আমরা যাঁরা জন-প্রতিনিধি আমরা দেখেছি বিভিন্ন মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্কুলে ভর্তি হওয়ার জন্য ছাত্র-ছাত্রীরা কিভাবে ফর্ম ফিল-আপ করে সমস্ত স্কুলে ছাত্র-ছাত্রীদের সীটের সংখ্যা কম থাকার জন্য অভিভাবক-অভিভাবিকা এবং ছাত্র-ছাত্রীদের হয়রান হতে হয়। আপনি বলছেন নদিয়া জেলায় যথেষ্ট আছে। আমরা মনে করি এই স্কুলের সংখ্যা যথেষ্ট নয় ছাত্র-ছাত্রীদের কথা ভেবে এবং বিভিন্ন সম্প্রদায়ের যারা পড়াশোনা করতে আসছে নদিয়া জেলায় আগামী দিনে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক স্তরে এই যে সমস্যা সেটা মেটানোর কোনো চিন্তা-ভাবনা আছে কি ?

শ্রী পার্থ দে : মাননীয় সদস্য হয়তো সমস্ত বিষয়গুলি ভালো করে দেখার সুযোগ পাননি। ভর্তির ব্যাপারে প্রতি বছরই নদিয়া জেলাসহ অন্যান্য জেলা আমাদের প্রশাসনকে অনুরোধ করে-আপনার ব্লকে ভর্তি-সংক্রান্ত কোনো সমস্যা দেখা দিলে আপনার ওখানে বসে বৈঠক করে সেটা সমাধানের চেষ্টা করেন, যদি মনে করেন বাড়তি কোনো সুযোগ লাগবে বা ব্যবস্থা লাগবে সেটা আমাদের জানাবেন। সেটা আপনারা আমাদের জানাবেন। এইভাবে প্রধানত এস ডি ওদের নেতৃত্বে এই বৈঠকগুলো হয়। গতবছরেও হয়েছে। প্রয়োজন হলে এবারেও হবে। কিন্তু গত কয়েক বছরে ২-৩ বছরে এই ভর্তি নিয়ে কোনো সমস্যা কোথাও হয়নি। নদিয়াতেতো হয়নি। এখন একটা জিনিস বুঝতে হবে যে মাধ্যমিক পড়ানোর জন্য যতটা সুযোগ থাকবে উচ্চমাধ্যমিক পড়ানোর জন্য তার থেকে বেশি রাখতে হবে এরকম

কোনো নর্ম হতে পারে না কোথাও। প্রাথমিক বিদ্যালয় যত থাকবে তার থেকে উচ্চপ্রাথমিক সংখ্যায় কিছু কম থাকবে। যদিও এর একটা অনুপাত থাকা উচিত। আমরা চেষ্টা করছি ১ঃ৩ অনুপাতে এই জায়গায় পৌঁছাবার জন্যে কয়েক বছরের মধ্যে। প্রাথমিক এবং উচ্চ প্রাথমিকের এই অনুপাতে। এইবারে উচ্চ প্রাথমিকের সঙ্গে উচ্চ বিদ্যালয়, উচ্চ বিদ্যালয়ের সঙ্গে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অনুপাতটা কি হবে নিশ্চয় এটা হবে না যে মাধ্যমিক কম হবে উচ্চমাধ্যমিক বেশি হবে। সেই জন্য উচ্চ মাধ্যমিকের অগ্রগতি একটু বেশি হয়েছে। ১১৭ পারসেন্ট ইনক্রিজ হয়েছে উচ্চমাধ্যমিক বিদ্যালয়। উচ্চমাধ্যমিকের উপরে আপনাদের একটু করুণা বেশি আছে যা বুঝতে পারছি। সব দলের এম এল এদের প্রায়। কিন্তু তা বলে তো ডিসপ্রোপোরসনেটলি এটা বাড়ানো ঠিক হবে না। কেন না তাতে দেখা যাবে ছাত্র-ছাত্রীই নেই। সেই জন্য আমরা ঠিক করেছি, আবার আর একবার বলছি যে প্রত্যেকটা ব্লকে কি কি বিষয় উচ্চমাধ্যমিক পড়ানোর সুযোগ রয়েছে। এই বিষয়ে বৈচিত্র্যকে আমরা বাড়াতে পারি। আনেক জায়গায় বিজ্ঞান বিষয়ে কারোর পড়ার সুযোগ নেই । সেটা বাড়াতে পারি কি না। অনেকগুলো বিষয়ে ছেলেমেয়েরা পড়তে চান সেটা হয়তো সেখানে পড়তে পারছে না। বিদ্যালয় যথেষ্ট রয়েছে। তাই 'ওই বিদ্যালয়ের বিষয় বৈচিত্র্য বাড়াতে হবে সেটা আমাদের প্রধান কাজ। তারপরেও যদি প্রয়োজন থাকে যদি সেখানে বেশ কয়েকটা মাধ্যমিক বিদ্যালয়ে ২০ কিলোমিটার দূরে কি ১৫ কিলোমিটার দূরে পড়তে যেতে হচ্ছে সেখানে করা যাবে। করার দরজা বন্ধ নেই। কিন্তু এটা প্রাইওরিটি নয়। কিন্তু এনি নম্বর অব হায়ার সেকেন্ডারি স্কুল বাড়িয়ে যাব এটা প্রাইওরিটি নয়।

শ্রী আবুল হাসনত : মাননীয় অধ্যক্ষ মহাশয়। আমার মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যে, যদিও এটা নদিয়া সম্বন্ধে আলোচনা হচ্ছে। আমার জেলা মুর্শিদাবাদ। মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার গোবিন্দপুর হাইস্কুল। মাননীয় মন্ত্রী জানেন, এখান থেকে তাঁকে চিঠি দিয়ে কয়েকবার আবেদন করা হয়েছিল স্কুলের পক্ষ থেকে। এই স্কুলে প্রায় ২৪০০ ছাত্র-ছাত্রী পড়াশুনা করে। এখানে সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের সংখ্যাই বেশি। ৭০ শতাংশ ছাত্রী এবং ৩০ শতাংশ ছাত্র লেখাপড়া করে। স্কুলটা দীর্ঘদিন ধরে দাবি করার পরেও এখনও পর্যন্ত উচ্চমাধ্যমিকে উন্নীত হয়নি। মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে কি কারণে গোবিন্দপুর হাই স্কুলটি উচ্চমাধ্যমিকে উন্নীত করা যায়নি ?

শ্রী পার্থ দে : স্যার, এটা একটা স্পেশিফিক জেলার প্রশ্ন। তবু সাধারণভাবে আপনার কাছে এক মিনিট অনুমতি নিয়ে বলছি। হ্যাঁ, মুর্শিদাবাদ জেলায় কিছুটা ঘাটতি আছে। আমরা যে মানচিত্র তৈরি করেছি তাতে মুর্শিদাবাদ জেলায় গত বছরেরও দেওয়া হয়েছে উচ্চমাধ্যমিক, এবারেও আশা করি কিছু উচ্চমাধ্যমিক বিদ্যালয় হবে। তার মধ্যে হয়তো আপনি যে বিদ্যালয়ের কথা বলেছেন হয়তো সেটা বিলম্বিত হচ্ছে। তবে এই মুহূর্তে বলতে পারবো না। কিন্তু প্রশ্নটা ছিল একটা সুনির্দিষ্ট জেলার জন্য।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি একটি অতিরিক্ত প্রশ্ন করছি। যদিও একটা নির্দিষ্ট স্কুলকে কেন্দ্র করে বলছেন। আমি জানতে চাচ্ছি যে

উন্নীতকরণের ব্যাপারে এমনও দেখা গেছে যে অনেক স্কুলকে দিয়েছেন অথচ তার কোনো ইনফ্রাস্ট্রাকচার নেই। এটা খুব প্রবলেম। আপনি একটা কথা বলেছেন সায়েন্স সম্বন্ধে। বিশেষ করে এই সায়েন্স স্ট্রীমে যে স্কুলগুলোকে দিয়েছেন তাদের অনেকের দেখা যাচ্ছে তাড়াতাড়ি অনুমোদন নেওয়ার জন্য তারা সাজিয়ে টাজিয়ে ল্যাবোরেটরি করলো। কিন্তু পরবর্তীকালে ছাত্র-ছাত্রীরা সুযোগ পাচ্ছে না। এই ক্ষেত্রে আপনার গভর্ণমেন্টের বা আপনার দপ্তরের কি ভাবনা আছে ল্যাবোরেটরির কোনো সুযোগ নেই অথচ সায়েন্স স্কুলের অনুমোদন দিয়ে দিয়েছেন এমন কিছু স্কুল আছে। এই স্কুলগুলোতে প্রবলেম হচ্ছে। এই বিষয়টায় আপনার আলাদা করে ভাবছেন কি না ? নতুনের কথা বলছি না।

[11.30 – 11.40 a.m.]

শ্রী পার্থ দে : স্যার, মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে বলি, আমি আগেই বলেছি, এটা সবাই আমরা ভাল করে একটু চিন্তা করলে বুঝতে পারব, আমরা উচ্চমাধ্যমিক স্কুলগুলিকে একটু বেশি স্নেহ দেখিয়েছি। সবাই দেখিয়েছি, সেখানে এই রকম কিছু হয়েছে। যার জন্য আমরা এখন যেটা করছি, যে বিদ্যালয়গুলিকে অনুমতি দেওয়া হয়েছে, সেই বিদ্যালয়গুলিতে সেই বিষয়গুলি পড়ানোর জন্য শিক্ষক আছেন কি না, এটা একটা ধাপ। আমরা সম্মতি করেছি, আপনাদের অনুমতি নিয়ে শিক্ষক পদ সৃষ্টি করে, উচ্চমাধ্যমিক পদ বিতরণ করে দিয়েছি। এস এস সির এই গ্যাপগুলি পূরণ করার জন্য, এটা একটা ধাপ।

এবারে হচ্ছে, যে বিষয়গুলি আমরা পড়াবার জন্য অনুমতি দিয়েছিলাম, তাতে যদি ল্যাবরেটরির দরকার থাকে, ইক্যুপমেন্টসের দরকার থাকে, তার পরিকাঠামো আছে কি না যেটা অভাব আছে, বিভিন্ন জায়গাতে অভাব আছে, অনুমতি পেয়েছি সকল অভাবটা পূরণ করার জন্য। আমরা পৃথকভাবে দেখতে পাচ্ছি, বিগত বছরের বাজেট ছিল, এই বছরের বাজেট থাকা উচিত, সেটা হচ্ছে যে তাদের আমরা সরাসরি কতটা অনুদান দিয়ে তৈরি করে দিতে পারি। এছাড়াও স্থানীয়ভাবে কিছু উদ্যেগ নিয়েছেন, একটা পারস্পরিক সহযোগিতা করে অর্থাৎ যে যে বিষয়গুলি সেখানে পড়ার সুযোগ আছে, সেই বিষয়গুলি যাতে তারা ভালভাবে পড়তে পারে, কাউকে চলে যেতে না হয়।

আমার ব্লকে একটা স্কুল আছে, সাবজেকট আছে, সেখানে ভাল পড়ানো হয়না, সেই রকম ধরনের অনেকে ভাল স্কুলের জন্য চলে যাচ্ছে, এটা কমাতে হবে। রাতারাতি এই সমস্যার সমাধান করা যাবে না। সেই জন্য পরিকাঠামো বৃদ্ধি করার জন্য সাহায্য করবো, স্থির করে রেখেছি, গত বছরে এই রকম কিছু ল্যাবরেটরি, লাইব্রেরিকে বাড়তি অনুদান দেওয়া হয়েছিল, সেই অনুদানগুলি গিয়েছে।

পরিকাঠামোর দিক থেকে প্রাথমিক থেকে মাধ্যমিকে যথেষ্ট উন্নীত হয়েছে, তবে আরো যাতে করা যায়, তার জন্যে আমরা চেষ্টা করছি। প্রত্যেকটি ব্লকে কোন স্কুলে, কোন কোন বিষয়ে পড়ানো হচ্ছে, কতকগুলি স্কুলে সব বিষয়ে পড়ানো হচ্ছে, প্রত্যেকটি বিদ্যালয়ে সব বিষয়ে পড়ানোর ব্যবস্থা থাকা উচিত সেটার উপর জোর দেওয়া।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন আগামী শিক্ষাবর্ষে রাজ্যের সমস্ত স্কুলগুলিকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করার কি পরিকল্পনা আছে ?

শ্রী পার্থ দে : প্রশ্নটার মানে আমি বুঝতে পারলাম না।

শ্রী দেবপ্রসাদ সরকার : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রিমহাশয়কে অন্তত যে প্রশ্নগুলি করা হয় তিনি তার ব্যাখ্যামূলক উত্তর দেন। এটা আমাদের কাছে ভালই। আমি ওনার কাছে জানতে চাইছি, রাজ্যে এই যে পি টি টি আই ছাত্র-ছাত্রী তাদের যে সমস্যা, এই সমস্যা নিরসনের জন্য মাননীয় মন্ত্রিমহাশয় কি পদক্ষেপ নিচ্ছেন এবং ইতিমধ্যে আপনি জানেন, গতকাল ডোমকলে পি টি টি আই ছাত্র-ছাত্রীদের উপরে দুর্ভাগ্য তাদের ইতিমধ্যে ১১ জন আত্মাহত্যা করেছে, কৌশিক দাস আত্মহত্যা করেছে লাঠিচার্জ হয়েছে, আপনি সন্মেলনে গিয়েছিলেন, সেখানে পুলিশের লাঠিচার্জ হয়েছে, কয়েকজন আহত হয়েছে, এই পি টি টি আই ছাত্র-ছাত্রীদের সমস্যার সমাধানে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রী পার্থ দে : স্যার, এটা এই প্রশ্নের মধ্যে আসে না।

শ্রী নির্মল দাস : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রি মহাশয়, জেলার বিষয়ে উত্তর দিতে গিয়ে আরো কিছু কথা বললেন, আমরা অবহিত হলাম। আমার যেটা জিজ্ঞাস্য তা হল এই, রাজ্য সরকার তো একটা নীতি ঘোষণা করেছেন, ধীরে ধীরে মাধ্যমিক বিদ্যালয় গুলি উচ্চমাধ্যমিক উন্নীত করা হবে। এই মুহূর্তে গোটা রাজ্যে, এই পর্যায়ে কত বিদ্যালয় মাধ্যমিক থেকে উচ্চ মাধ্যমিক উন্নীত হল এবং জুনিয়ার হাইস্কুল যেগুলি সেগুলির কতকগুলি মাধ্যমিক উন্নীত হল ? এটা হচ্ছে এক নম্বর।

পিছিয়ে পড়া জেলা বিশেষ করে আমার এলাকা জলপাইগুড়ির চা বাগিচা এবং বনাঞ্চলের জন্য কিছু প্রস্তাব দেওয়া হয়েছিল এই সমস্ত এলাকায় যাতে বিদ্যালয় স্থাপন করা হয় এবং তারা যাতে অনুমোদন দেয় জুনিয়ার এবং মাধ্যমিকের জন্য। সেই বিষয়ে বিদ্যালয় শিক্ষা দপ্তর কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন অনুগ্রহ করে বললে বাধিত হব।

শ্রী পার্থ দে : বিদ্যালয় তৈরি হয় ছাত্র-ছাত্রীদের জন্য। মাধ্যমিক পাশ না করলে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ নেই। সর্বাধিক কত ছাত্র-ছাত্রী মাধ্যমিক পরীক্ষা পাশ করতে পারে ৫ লক্ষ। এরজন্য আসন নিশ্চিত করছি। এই প্রশ্ন আসছে কেন যে সব বিদ্যালয় উচ্চ মাধ্যমিক করতে হবে ? মাধ্যমিক পাশ করার পরে উচ্চ মাধ্যমিক তারা যদি পড়তে চান সেটা নিয়ে এতক্ষণ আলোচনা করা হল। আরো যদি কিছু মতামত থাকে তাহলে বলবেন। যান্ত্রিকভাবে সমস্ত মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক করার সিদ্ধান্ত হয়নি এবং এটা ঠিকও নয়। তাতে রাজ্য তহবিলের ওপরে চাপ পড়বে। প্রয়োজনমতো নিশ্চয় করা হবে।দ্বিতীয় বিষয় সরাসরি উচ্চ মাধ্যমিকের ব্যাপার নয় আপনার জেলায় বিভিন্ন জায়গায় কিছুটা শূন্যতা আছে এটা আমরা বের করেছি, আমাদের মানচিত্রে দেখানো আছে। সেই

অনুযায়ী আমরা বিপুল পরিমাণে উচ্চ প্রাথমিক বিদ্যালয় করার জন্য ম্যাপ পাঠিয়েছি। এখনো পর্যন্ত যথেষ্ট সংখ্যক প্রস্তাব আসেনি। এটাও আপনি দেখবেন।

শ্রী দেবেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয়কে আমার প্রশ্ন বামফ্রন্ট সরকার শিক্ষা ব্যবস্থার জন্য অনেক বিষয় এনেছেন। নদিয়া ছোটো জেলা সেখানে ২০৬টি মাধ্যমিক এবং ২২৬টি উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু যে সমস্ত ছেলেরা খুব মেধাবী তারা যাতে নিজের পায়ে দাঁড়াতে পারে তার জন্য ভোকেশনাল স্কুল কত চালু হয়েছে নদিয়া জেলায় ?

শ্রী পার্থ দে : মাননীয় সদস্য নিশ্চয় জানেন ভোকেশনাল কোর্সের জন্য আলাদা বিভাগ আছে। সেই জন্য সংশ্লিষ্ট মন্ত্রীকে এই প্রশ্ন করলে ভালো হয়।

মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং কলেজগুলির আসন সংখ্যা বৃদ্ধি

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬১) **শ্রী রামপদ সামন্ত :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এবছর মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে কত সংখ্যক আসন বৃদ্ধি করা হয়েছে ; এবং

(খ) এবছর জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা কত ?

শ্রী সুদর্শন রায়চৌধুরী :

(ক) ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষে (জুলাই ২০০৮ পর্যন্ত) রাজ্যের ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে মোট আসন সংখ্যা বৃদ্ধি হয়েছে ৩০২৫।

(খ) এ বছর জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা হল : ১,০৯,০০০।

শ্রী রামপদ সামন্ত : স্যার, অতিরিক্ত প্রশ্ন। মাননীয় মন্ত্রিমহাশয় জানালেন যে ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে আসন সংখ্যা বেড়েছে ৩০২৫। বর্তমানে ইঞ্জিনিয়ারিং ছাত্রদের যে চাহিদা সেটা পূরণ করার জন্য আপনার যে পদক্ষেপ সেটা প্রশংসার যোগ্য। আমি জানতে চাইছি আমাদের পশ্চিমবাংলায় সরকারি মেডিকেল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজের সংখ্যা ও আসন কত এবং বেসরকারি মেডিকেল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজের সংখ্যা ও আসন কত ?

[11.40—11.50 a.m.]

শ্রী সুদর্শন রায়চৌধুরী : মিঃ স্পিকার স্যার, মেডিকেল কলেজের আসনের ব্যাপারে আমি জবাব দিতে পারব না। আমাদের সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের ছাত্র সংখ্যা হচ্ছে ৪,১১০। আর আমাদের রাজ্য সরকারের ইঞ্জিনিয়ারিং এবং টেকনোলজি কলেজ হচ্ছে ৬টি।

বিশ্ববিদ্যালয়ের প্রসঙ্গটা হচ্ছে আলাদা, কারিগরি বোর্ডের হচ্ছে ৫টা। এছাড়া কেন্দ্রীয় সারকারের অনুমোদন নির্ভর একটা কলেজ আছে। আর যেগুলোকে আমরা সেল্ফ ফিনানসিং কলেজ বলে থাকি তার সংখ্যাটা হচ্ছে ইঞ্জিনিয়ারিং ৫০টা আর ফার্মাসিতে হচ্ছে ১০টা।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মেডিকেল কলেজের তথ্য দেওয়ার ব্যাপারে আপনার অসুবিধার কথা জানিয়েছেন। আমাদের রাজ্যে ইঞ্জিনিয়ারিং কলেজের সংখ্যা অনেক বাড়িয়েছেন। এখানে বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ যেগুলো রয়েছে সেখানে ভর্তির সময় ডোনেশান কিভাবে নিচ্ছে বা কিভাবে বেতন ধার্য করছে সেই ব্যাপারে কোনো নির্দেশিকা রয়েছে কি ? দক্ষিণ ভারতে ইঞ্জিনিয়ারিং বা মেডিকেল কলেজগুলোতে ভর্তির সময় প্রচুর ডোনেশান নেওয়া হয় এবং বেতন আদায় করা হয়। এই টাকার চাপে বা কর্তৃপক্ষের চাপে বেশ কিছু ছাত্র দক্ষিণ ভারতে আত্মহত্যা পর্যন্ত করেছে। আমাদের পশ্চিমবাংলায় বেসরকারি ইঞ্জিনিয়ারিং এবং মেডিকেল কলেজ যেগুলো রয়েছে সেখানে এই ডোনেশানের ব্যাপারে এবং বেতন কাঠামোর ব্যাপারে কোনো সরকারি নির্দেশিকা রয়েছে কিনা এটা যদি জানান তাহলে ভালো হয়।

শ্রী সুদর্শন রায়চৌধুরী : মিঃ স্পিকার স্যার, ইঞ্জিনিয়ারিং কলেজের ভর্তির ফি এবং বেতন কাঠামো ইত্যাদির ব্যাপারে সুপ্রিম কোর্টের একটা নির্দেশিকা রয়েছে, রাজ্যে এই বিষয়টা স্থির করার জন্য স্বতন্ত্র একটা কমিটি করতে হবে। মহামান্য আদালতের কোনো প্রাক্তন বা বর্তমান বিচারপতির নেতৃত্ব এই কমিটি করতে হবে। এই কমিটি সংশ্লিষ্ট সবার কাছ থেকে মতামত ইত্যাদি নিয়ে ভর্তির ফি এবং বেতন কাঠামো নির্ধারিণ করবেন। তারই ভিত্তিতে আমাদের রাজ্যে ইঞ্জিনিয়ারিং এবং ফার্মাসি কলেজগুলোতে বেতন কাঠমো স্থির হবে। তবে বলে রাখা ভালো, আমাদের রাজ্যে এখন যে বেতন কাঠমো ইত্যাদি রয়েছে সেটা চুড়ান্ত ভাবে কমিটির কাছ থেকে নেওয়া হয়নি। অ্যাড-হক সুপারিশ হিসাবে এটা কার্যকরী রয়েছে। কমিটি তাদের মতামত জানালে আমরা এই ব্যাপারে সিদ্ধান্তটা জানিয়ে দিতে পারব। তবে সুপ্রিম কোর্টের প্রথমে যে নির্দেশিকাটা ছিল পরে সেটা পাল্টেছে। প্রথমে একটা মামলা ছিল উন্নিকৃষ্ণাণ ভার্সেস স্টেট অফ অন্ত্রপ্রদেশ। পরবর্তীকালে আরেকটি মামলা হয় টি.এম. পাই ভার্সেস স্টেট অফ কর্নাটক অ্যান্ড আদারস। কিন্তু দুটো মামলাতেই একটি কেন্দ্রীয় রায় ছিলই, সেটা হচ্ছে ক্যাপিটেশান ফি আদায় করা যাবে। এটা সারা ভারতবর্ষের কোথাওই আত্মহত্যার নিরপেক্ষে করা যাচ্ছে না।

শ্রী রামপদ সামন্ত : স্যার, মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন। শেষে আমি জানতে চাইছি মেডিক্যাল বা ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে ভর্তির ক্ষেত্রে আমাদের যে ব্যবস্থা রয়েছে, সেক্ষেত্রে জয়েন্ট এন্ট্রান্সের মাধ্যমে নেওয়া হচ্ছে। মেডিকেল, ইঞ্জিনিয়ারিং ছাড়া আয়ুর্বেদিক, হোমিওপ্যাথি, নার্সিং, ফিজিও থেরাপি, ইউনানি, মেডিসিন অ্যান্ড সার্জারি এই সমস্ত কোর্সের জন্য জয়েন্ট এন্ট্রান্স রয়েছে। আমাদের রাজ্যে এয়ারোস্পেস ইঞ্জিনিয়ারিং পড়াবার ব্যবস্থা আগে ছিল না। এখন এয়ারোস্পেস ইঞ্জিনিয়ারিং পড়াবার

জন্য রাজ্য সরকার কোনো ব্যবস্থা নিয়েছেন কিনা ? যদি নিয়ে থাকেন কোথায় কি পদ্ধতিতে ছাত্রদের সিলেকশান করা হচ্ছে ? এবং এতে আসন সংখ্যা কত আছে ? যদি আপনার তা জানা থাকে, জানাবেন।

শ্রী সুদর্শন রায়চৌধুরী : মেডিকেল, আয়ুর্বেদিক এ ব্যাপারে বলি, ওই বিষয়টা স্বাস্থ্য মন্ত্রকের আওতায় আছে। আমি এটা বলতে পারব না। আমাদের সরকার কোনো একটি বিশেষ বিষয় পড়াবার জন্য স্বতন্ত্রভাবে উদ্যোগ নিতে পারে না। আমাদের ইঞ্জিনিয়ারিং বা ফার্মাসি কলেজগুলো তৈরি হয়, কি বিষয় তাঁরা পড়াবেন এটার শেষ বিচার স্থির করে দেয় ১৯৮৭ সালে কেন্দ্রের একটি আইন। অল ইন্ডিয়া কাউন্সিল অফ টেকনিক্যাল এডুকেশান সেই আইনের ভিত্তিতে গড়ে ওঠে। অল ইন্ডিয়া কাউন্সিল অফ টেকনিক্যাল এডুকেশান (এ.আই.সি.টি.) তারা স্থির করে দেয় কোন বিষয় পড়ানো হবে। কতজন পড়বে,কত দিন পড়ানো হবে, কারা পড়াবেন। সব কিছুই তারা স্থির করে। সরকারের এ বিষয়ে করণীয় থাকে না। তবে এয়ারোস্পেস ইঞ্জিনিয়ারিং পড়ানোর সুযোগ এবছরে আমরা দেখেছি কিছু কিছু কলেজ চেয়েছে। ৩০শে জনের মধ্যে এই কলেজগুলো সম্পর্কে এ.আই.সি.টি.-র অনুমোদন সহ তাদের সিদ্ধান্ত জানাবে। এখন কারা পাবে না পাবে আমরা তা বলতে পারছি না। পেলে জানিয়ে দেব।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি উত্তর দিয়েছেন। এখানে বলি, আমাদের রাজ্যে এখন সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজ আছে। এবং সরকারি ও বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজও আছে। এক্ষেত্রে এই সরকারী ও বেসরকারী ফারাকটা কত আছে সেটা বুঝলাম না। সরকারি মেডিকেল কলেজের আসন কত বৃদ্ধি পেয়েছে বেসরকারি মেডিকেল কলেজের আসন কত বৃদ্ধি পেয়েছে ? বা ইঞ্জিনিয়ারিং কলেজগুলিতে কত আসন বৃদ্ধি পেয়েছে ? যদি এর ব্যাখ্যা দেন ভালো হয়।

শ্রী সুদর্শন রায়চৌধুরী : মাননীয় স্পিকার মহোদয়, মেডিক্যাল কলেজের ব্যাপারে আমি উত্তর দিতে পারব না। এটা আমি বলতে পারছি না।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। ইঞ্জিনিয়ারিং ও মেডিক্যাল কলেজগুলিতে উচ্চ শিক্ষার ক্ষেত্রে ও.বি.সি সম্প্রদায়ের জন্য সংরক্ষণের কোনো ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে কিনা জানাবেন।

শ্রী সুদর্শন রায়চৌধুরী : এ বিষয়ে অনগ্রসর কল্যাণ দপ্তরের পক্ষ থেকে মাননীয় মন্ত্রী একটি কলিং অ্যাটেনশান মোশানের ভিত্তিতে উত্তর দিয়েছেন। এর ভিত্তিতে আমাদের উচ্চ শিক্ষা মন্ত্রকের এব্যাপারে করণীয় কি রয়েছে, সে বিষয়ে আভাসও তিনি দিয়েছেন। সেই অনুযায়ী গোটা বিষয়টা বিচারের মধ্যে রয়েছে।

শ্রী অশোক কুমার দেব : মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, আমরা দেখতে পাই মেডিক্যাল ও ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তির জন্য জয়েন্ট এন্ট্রান্সে অনেকে পাশ করেন।

কিন্তু আসন সংখ্যা কম বলে পড়ার সুযোগ কম পায় এবং অনেককে ক্যাপিটেশান **ফিজ** দিয়ে প্রাইভেট কলেজে ভর্তি হতে হয়। কিন্তু যাদের পড়ার ইচ্ছা আছে, অথচ ক্যাপিটেশান ফিজ দিতে পারছে না, এই ব্যাপারে কি কোনো চিন্তা-ভাবনা আছে, যাতে আরও কিছু সংখ্যক ছেলেমেয়ে সরকারি পয়সায় মেডিকেল এবং ইঞ্জিনিয়ারিং কলেজে পড়তে পারে ?

শ্রী সুদর্শন রায়চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, আবার বলি মেডিকেল কলেজের সুনির্দিষ্ট বিষয় আমি বলতে পারব না। এটা স্বাস্থ্য মন্ত্রকের আওতায়। আমাদের রাজ্যে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজির আসন সংখ্যা প্রতি বছরই বাড়ছে। মাননীয় স্পীকার সাহেবের অনুমতি নিয়ে বলছি ২০০৫-০৬ সালে আসন সংখ্যা ছিল ১৩ হাজার ৯২৯, ২০০৬-০৭ সালে আসন সংখ্যা ছিল ১৫ হাজার ৮৯০, ২০০৮-০৯-এ আসন সংখ্যা ছিল ১৯ হাজার ৮৩৪। এই বছর অর্থাৎ এই যে শিক্ষা বর্ষ আসছে, ২০০৯-১০ এ নতুন কলেজ ইত্যাদির জন্য এ.আই.সি.টি.ই-র কাছে আবেদন জমা পড়েছে। ওরাই তো সিদ্ধান্ত নেবেন। আমরা যেটা জানতে পেরেছি ওইগুলো যদি অনুমোদিত হয়, তাহলে অনুমোদনের পর ২০০৯-১০ এর শিক্ষা বর্ষে ১৯ হাজার ৮৩৪ আসন সংখ্যাটা বেড়ে ৩২ হাজারের মতো পৌছবে। সেখানে পৌছলে আমাদের একটু সুবিধা হবে। দ্বিতীয়, আমাদের এখানে মোট যে আসন সংখ্যা থাকে ইঞ্জিনিয়ারিং ফার্মেসি কলেজের জন্য, তার ১০ শতাংশ ম্যানেজমেন্ট কোটায় ভর্তি হবার সুযোগ দেওয়া হয়। এটা আমাদের কাছে খবর আছে, অন্যান্য রাজ্য থেকে খবর যা পেয়েছি, আমাদের রাজ্যে সবচেয়ে কম আছে।

(ভয়েজ)

মাননীয় সদস্য দেরিতে এসেছেন। এই প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট উত্তরের আগেই দেওয়া হয়ে গেছে।

এবারে ১০% এর বাইরে যে আসনটা থাকে, সবটাই ক্রমশ বাড়ছে। তাছাড়া যারা ডিপ্লোমা পাশ করছে তারা এবং যারা বি.এস.সি পাশ করছে তারা একটা ল্যাটারাল এন্ট্রির সুযোগ পেয়ে থাকে। এটা এ.আই.সি.টি.ই এবং সর্বভারতীয় নিয়ম। আমাদের স্বতন্ত্র নিয়ম নয়। তারাই ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি হওয়ার সুযোগ পায়। আপনি যে কথা ,বলছেন, যেসব ছেলেমেয়ে গরিব, তারা কি করে পাবে। এখন আমরা এর জন্য দুটো জিনিস নিতে চেষ্টা করছি। আমরা যতটা খবর পেয়েছি অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের এখানে ফিজের হারটা কম। তদপরি ম্যানেজেমেন্ট কোটায় যকন আদেশনামাটা বের হয়, সঙ্গেসঙ্গে আমরা বলেছিলাম ম্যানেজমেন্ট কোটা যাঁরা নিচ্ছেন কোনো কলেজ নিতেও পারে,আবার নাও নিতে পারে-সেটা স্বতন্ত্র বিষয় তাদেরকে ১০% আসন ফিজ এবং ৫% হাফ ফ্রি দেওয়ার বন্দোবস্ত করতে হবে। এই নিয়মটা আমরা গত বছর চালু করেছিলাম। কিন্তু ঘটনা সব জায়গায় ঠিক মতো চালু হয়েছে কিনা, এই ধরনের সংবাদ আমাদের কাছে নেই। কোথাও কোথাও অল্প খবর রয়েছে। এই কারণেই বিশ্ববিদ্যালয়কে গোটা বিষয়টা ঠিকমতো মনিটরিং করার জন্য দায়িত্ব দেওয়া হয়েছে। যাতে দরিদ্র, মেধাবী ছাত্ররা ওই হারে অন্তত

পড়ার সুযোগ পান, তার বন্দোবস্ত করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছেন তাঁরা এই ব্যাপারে যথাযথ উদ্যোগ নিচ্ছেন যাতে আগামী ২০০৯-১০ শিক্ষা বর্ষ থেকে এটা পুরোদস্তুর চালু করা যায়।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননমীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, আপনি বলেছেন যে ২০০৮-০৯ আসন সংখ্যা ছিল ১৯ হাজার ৮৩৪টি। সাম্প্রতিককালে সংবাদপত্রে দেখতে পাচ্ছি বিভিন্ন সরকারি এবং বেসরকারি কলেজে, বিশেষ করে বেসরকারি কলেজে যে ফ্যাকাল্টির অভাব, পড়াশোনার যা মান, তাতে সব ছাত্র ফেল করছে। যথাযথ ভাবে পড়াশোনা হয় না, ক্লাস হয় না,পরিকাঠামোও ঠিক মতো নেই। এক্ষেত্রে সরকারের তো একটা দায়িত্ব আছে ! সরকারি কলেজের দায়িত্ব তো সরাসরি আপনাদের আছে কিন্তু সংবাদপত্রে প্রায়স বেরচ্ছে ওইসব কলেজে ঠিক মতো পড়াশোনা হচ্ছে না, ছাত্র-ছাত্রীরা ফেল করছে, ক্লাস হচ্ছে না, ফ্যাকাল্টি নেই, ল্যাবরেটরি যে ভাবে থাকা দরকার তা নেই ফলে ছাত্র বিক্ষোভ হচ্ছে। এব্যাপারে আপনারা কী সিদ্ধান্ত নিয়েছেন ? একটা কলেজ হল ৪।৫ টি ঘর নিয়ে। আপনারা অ্যাপ্রুভ করে দিলেন। সংখ্যাটি ১৮ হাজার থেকে বেড়ে ৩২ হাজার হয়ে যাবে বলেছেন। সংখ্যার দিক থেকে ভালো। কিন্তু যারা বেরিয়ে আসবে তারা যথাযথ ভাবে শিক্ষিত হয়ে বেরচ্ছে কিনা এটাও দেখা সরকারের দায়িত্ব। এব্যাপারে আপনারা কী ব্যবস্থা নিয়েছেন ?

শ্রী সুদর্শন রায়চৌধুরী : মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য যে উদ্বেগের কথা বলেছেন এই উদ্বেগ সর্বভারতীয় স্তরেও রয়েছে, ফ্যাকাল্টি ইত্যাদির সমস্যা। যে কারণে এই স্তরের অধ্যাপকদের বেতনক্রম বাড়ানোর ব্যাপারে একটা ব্যবস্থা করা হয়েছে। যাতে ভালো ছেলে-মেয়ে, যাঁরা ইঞ্জিনিয়ার হয়েছেন তাঁরা অন্য ধরনের চাকরির বদলে অধ্যাপনার চাকরি পেলে নিতে আগ্রহী হন। কিন্তু সত্যি কথা বলতে কি, কেন্দ্রীয় সরকারের একটা বন ধরনের স্কীম রয়েছে এবং তার মোদ্দা কথা হচ্ছে এই যে ছাত্রাবস্থায় যাঁরা শিক্ষকতার বৃত্তি নেবেন তাঁরা ওই স্কলারশিপ নিতে পারেন। কিন্তু দেখা গেছে খুব সাড়া জাগানো, এই ধরনের বৃত্তি নেওয়ার আবেদন জমা পড়েনি। এর অবশ্য নানা কারণ আছে, আমরা সবাই জানি।

দ্বিতীয়ত, আমাদের রাজ্যে বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ সম্বন্ধে মাননীয় সদস্যের যে দুঃচিন্তা, এটা ঘটনা। আমাদের এখানে টিচারর্স স্টুডেন্টস রেশিও রয়েছে 1:14.97। আমরা এ.আই.সি.টি র কাছে জানতে চেয়েছিলাম, 'আপনাদের বিষয়টি একটু বলবেন, কী রকম আপনারা চাইছেন ?' তাতে এ.আই.সি.টি যে জবাব দিয়েছে, মাননীয় স্পীকার মহাশয়ের অনুমতি নিয়ে আমি একটু পড়ে দিচ্ছি। "The shortage of teachers in Engineering and Technology colleges is well known and this problem is an acute problem in almost all States of the country. The teacher-student ratio varies from State to State and from institute to institute. Although AICT prescribed ratio for teacher-student is 1 : 15 due to shortage of teachers average ratio in the country is nearly

1:30". সুতারাং এ.আই.সি.টি-র স্বীকৃতি অনুযায়ী আমরা একটু ভদ্র অবস্থায় আছি। আমাদের এখানে 1:14.97। এই কূট-কচালি থাক। সত্যিই এটা ঘটনা, ভালো সংখ্যায় ফ্যাকাল্টির অভাব আছে। ওইটা বাড়ানোর জন্য কলেজগুলো চেষ্টা করে, সরকারও চেষ্টা করে। সবার সাহায্য পেলে নিশ্চয় এটা বাড়ানো যাবে। বেতনক্রমও তো বাড়ানো হয়েছে। এখন শুধু প্রত্যাশা।

শ্রী মহম্মদ রেফাতুল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন রাখছি। আমাদের বামফ্রন্ট সরকার সব সময় পিছিয়ে পড়া মানুষ এবং যাঁরা দরিদ্র-মেধাবী সেই সব আদিবাসী ছাত্র-ছাত্রীদের কল্যাণের চেষ্টা করে যাচ্ছে। মেডিকেল, ইঞ্জিনিয়ারিং কলেজে টোট্যাল যে আসন সংখ্যা আছে তাতে সব মিলিয়ে আদিবাসী এবং পিছিয়ে পড়া ছাত্র-ছাত্রীর সংখ্যা কত যদি বলেন।

শ্রী সুদর্শন রায়চৌধুরী : যে আবেদন জমা পড়েছে এইবার তার সবটা,প্রায় ৫।৬টি কলেজে ছাড়া, মোট আমাদের কাছে আবেদন আছে ২৫টির মতো, সেকেন্ড শীফট খোলার। এ.আই.সি.টি অনুমোদন দিয়েছে। আর ওই রকম ২৫-২৬টি নতুন কলেজ খোলা। এই ২৫ + ২৫ = ৫০ বেশিরভাগ হচ্ছে অ-কলকাতা জায়গায়।

Starred Questions
(to which answers were laid onthe table)

প্রাথমিক ও উচ্চ-প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণে কেন্দ্রীয় বরাদ্দ

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রাথমিক ও উচ্চ-প্রাথমিক স্তরে কর্মরত শিক্ষকদের প্রশিক্ষণের জন্য কেন্দ্রীয় সরকার সর্বশিক্ষা প্রকল্প খাতে কোনো আর্থিক বরাদ্দ করে থাকে কি না ;

(খ) করে থাকলে, ২০০৮ সালের ৩১শে ডিসেম্বর অবধি মোট কত টাকা কতজন শিক্ষকের প্রশিক্ষণের জন্য কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছিল; এবং

(গ) ওই সময়কালে মোট কতজন শিক্ষককে রাজ্যে প্রশিক্ষণ দেওয়া সম্ভবপর হয়েছে ?

(বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ)

(ক) হ্যাঁ ।

(খ) সর্বশিক্ষা অভিযানে এই খাতে বরাদ্দ
২০০৮-২০০৯ সালে --- ৩,৪৩,৭৭,০০০/- ।
(তার মধ্যে কেন্দ্রীয় সরকারের অংশ ৬৫ শতাংশ)।

(গ) প্রতিবেদনটি নিম্নরূপ :

শিক্ষকের ধরন— ২০০৮-২০০৯

(১) প্রাথমিক ও উচ্চ-প্রাথমিক নিয়মিত শিক্ষক—১,৯৩,৬৫১।

(২)নতুন নিয়োগ-প্রাপ্ত ও প্যারা-টিচার— ৪০,৩৮৮।

নদিয়ায় দমকল কেন্দ্র স্থাপন

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫০) **শ্রী বিশ্বনাথ ঘোষ (নদিয়া)** : অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদিয়া জেলায় দমকল কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কোন পর্যায়ে আছে ?

(অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ)

(ক) আছে ।

(খ) বর্তমানে নদিয়া জেলায় ৬টি দমকল কেন্দ্র রয়েছে।

১) কৃষ্ণনগর

২) রানাঘাট

৩) কল্যাণী

৪) শান্তিপুর

৫) নবদ্বীপ

৬) করিমপুর

এছাড়া ভবিষ্যতে এই জেলায় তেহট্ট, বেথুয়াডহরি এবং চাকদহ এই তিন জায়গায় দমকল কেন্দ্র স্থাপনের পরিকল্পনা রয়েছে। বেথুয়াডহরি ও তেহট্টে জমির সন্ধান পাওয়া গিয়েছে এবং শীঘ্রই উক্ত জমির দখল ও স্বত্ব পাওয়া যাবে।

চাকদহে জমির জন্য জেলাশাসক নদিয়াকে পুনরায় লেখা হয়েছে।

"ব্লক রিসোর্স সেন্টার"

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৭) **শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে সর্বশিক্ষা প্রকল্পের কাজ দেখার জন্য মোট কতগুলি "ব্লক রিসোর্স সেন্টার" (বি.আর.সি.) আছে ;

(খ) কেন্দ্রীয় সরকার ২০০৮ সালে "ব্লক রিসোর্স সেন্টার" তৈরি করার জন্য কোনো আর্থিক বরাদ্দ করেছে কি না ; এবং

(গ) করে থাকলে, কতগুলি "ব্লক রিসোর্স সেন্টার" তৈরি করার জন্য মোট কত টাকা বরাদ্দ করেছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ

(ক) আমাদের রাজ্যে বি.আর.সি বলে কিছু নেই। মোট চক্র সম্পদ কেন্দ্র (circle) অনুসারে ৭২৬-টি সি.এল.আর.সি (CLRC) আছে।

(খ) না।

(গ) প্রশ্নই ওঠে না।

গ্রামাঞ্চলের বিদ্যালয় শিক্ষক-ছাত্র অনুপাত

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৮) **শ্রী মহঃ রেফাতুল্লাহ** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে গ্রামাঞ্চলে সর্বস্তরের বিদ্যালয়ে শিক্ষক-ছাত্র অনুপাত কত ;

(খ) শিক্ষার্থীদের স্বার্থে গ্রামাঞ্চলে পরিষেবা উন্নয়নের কী কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) মিড্‌—ডে-মিল প্রাথমিক স্তরে সর্বত্র চালু হয়েছে কি ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) **প্রাথমিক বিদ্যালয় :**

শিক্ষক-ছাত্র অনুপাত-৪৪.৪৪ (পার্শ্বশিক্ষক নাই এমন ক্ষেত্রে)

৩৮.৮৪ (পার্শ্বশিক্ষক আছে এমন ক্ষেত্রে)

উচ্চ/উচ্চ প্রাথমিক বিদ্যালয় :—

শিক্ষক-ছাত্র অনুপাত-৬৩.০৬ (পার্শ্বশিক্ষক নাই এমন ক্ষেত্রে)

৪৫.৮৬ (পার্শ্বশিক্ষক আছে এমন ক্ষেত্রে)

(খ) পরিষেবা উন্নয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ, সময়ে নির্দিষ্ট শ্রেণি পর্যন্ত বিনামূল্যে পুস্তকাদি প্রদান, ছাত্রীদের নিয়মিত বিদ্যালয়ে হাজিরার ক্ষেত্রে উৎসাহভাতা, দারিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান।

এছাড়া আরও অধিক সংখ্যক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীতকরণ, প্রতি ১০০০ জন পরিবার বা ১ কি.মি দূরত্বে নতুন নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনও এই পরিকল্পনার অন্তর্ভুক্ত।

সর্বোপরি বিনামূল্যে দ্বি-প্রাহরিক ভোজনের ব্যবস্থাও পরিষেবা প্রদানের ক্ষেত্রে উল্লেখযোগ্য।

(গ) কলকাতা পুরসভা এলাকায় অবস্থিত প্রাথমিক বিদ্যালয় ছাড়া সর্বত্র চালু হয়েছে।

আলিপুর এলাকায় সরকারি সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮) **শ্রী তাপস পাল** : বিদ্যালয় শিক্ষা রিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলিপুর বিধানসভা কেন্দ্র এলাকায় ২০০৫ সাল থেকে ৩১শে জানুয়ারি, ২০০৯ পর্যন্ত কোনো সরকারি বা সরকারি সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয় স্থাপিত হয়েছে কি না ;

(খ) "না" হয়ে থাকলে, তার কারণ কী ; এবং

(গ) উক্ত সময়কালে ওই বিধানসভা কেন্দ্র এলাকায় বে-সরকারি উদ্যোগে মোট কতগুলি সি.বি.এস.সি. বা তার সমতুল্য দশম মান পর্যন্ত বর্হিরাজ্য বোর্ড অনুমোদিত বিদ্যালয় স্থাপিত হয়েছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কোনো নতুন মাধ্যমিক বিদ্যালয় স্থাপিত হয়নি।

(খ) নতুন ভাবে স্থাপিত বিদ্যালয়গুলির ক্ষেত্রে সব সময় অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক ভাবে মঞ্জুরি দেওয়া হয়। সে ধরনের কোনো উপযুক্ত আবেদন পাওয়া যায়নি। বিদ্যালয় মঞ্জুরিকরণের পরই সরকারি সাহায্যের প্রশ্নটি বিবেচিত হয়।

(গ) ১৩ (তের) টি।

সরকার পরিচালিত মাধ্যমিক স্কুলের সংখ্যা

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫) **শ্রী সুব্রত বক্সী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে সরকার পরিচালিত মাধ্যমিক স্কুলের মোট সংখ্যা কত (জেলাওয়াড়ি হিসাব অনুসারে) ; এবং

(খ) ২০০৩ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত রাজ্যে মোট কতগুলি মাধ্যমিক স্তর পর্যন্ত সরকারি স্কুল স্থাপন করা হয়েছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সরকার পরিচালিত মাধ্যমিক স্কুলের সংখ্যা

	বালিকাদের জন্য	বালকদেরে জন্য
কলকাতা	০২	০৫
দক্ষিণ ২৪ পরগনা	০১	০
উত্তর ২৪ পরগনা	০২	০৬
নদিয়া	০১	০১
হুগলি	০০	০৩
বীরভূম	০১	০০
পুরুলিয়া	০১	০১
বাঁকুড়া	০১	০০
দার্জিলিং	০১	০২
জলপাইগুড়ি	০২	০১
কোচবিহার	০১	০১
হাওড়া	০০	০৯
মালদা	০০	০১
মুর্শিদাবাদ	০০	০১
পশ্চিম মেদিনীপুর	০১	০০

(খ) ১-টি, বেগম রোকেয়া গালর্স হাই স্কুল, লবণ হ্রদ।

আধুনিক বাস নামানোর প্যাকেজ

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪) **শ্রীমতী মালা সাহা :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা শহর ও পার্শ্ববর্তী এলাকায় নতুন আধুনিক মানের বেশ কিছু সংখ্যক বাস নামানোর একটি বিশেষ প্যাকেজ রাজ্য সরকার ঘোষণা করেছে কি না ;

(খ) ওই প্যাকেজে মোট কত সংখ্যক বাস নামানোর পরিকল্পনা আছে ; এবং

(গ) ওই প্রকল্পের রূপরেখা কী ?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কেন্দ্রীয় সরকারের জওহরলাল নেহরু ন্যাশানাল আরবান রি-স্ট্রাকচারিং মিশন (JNNURM) প্রকল্পাধীন শহরে আধুনিক উন্নতমানের বাস নামানোর পরিকল্পনা আছে। রাজ্য সরকার এই প্রকল্পের সুবিধা নিয়ে নিম্নলিখিত মানের বাস নামানোর পরিকল্পনা করেছেন।

(১) শহর কলকাতার জন্য :—

৩০০টি বাতানুকুল অত্যাধুনিক লো-ফ্লোর বাস এবং ৯০০ টি উন্নতমানের সেমি লো-ফ্লোর।

আসানসোল, দুর্গাপুর শহরের জন্য ১০০টি সেমি লো-ফ্লোর বাস।

(২) উপরে বলা হয়েছে।

(গ) এই প্রকল্পের শতকরা ৩৫ ভাগ কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়া যাবে এবং রাজ্য সরকারের মালিকানায় বাসগুলি শতকরা ৫১ ভাগ অংশীদার রেখে প্রাইভেট-পাবলিক-পার্টনারশিপ (পি পি পি) তে চালানো হবে।

আসানসোল এবং দুর্গাপুর শহরের ক্ষেত্রে শতকরা ৫০ ভাগ কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়া যাবে।

অটো-রিক্শাকে লাইসেন্স/অনুমতি পত্র প্রদান

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭) **শ্রী তারক বন্দ্যোপাধ্যায় :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা পুরসভা এলাকায় চলাচলের জন্য ৩১শে জানুয়ারি, ২০০৯ পর্যন্ত মোট কত সংখ্যক অটো-রিক্শাকে পরিবহন দপ্তর লাইসেন্স/অনুমতি পত্র দিয়েছে ; এবং

(খ) ওই লাইসেন্স/অনুমতি পত্র প্রদানের জন্য গাড়ির মালিকদের যোগ্যতা বিষয়ে সরকারের নীতি কী ?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কলকাতার জনযান বিভাগ (পিভিডি) তার জুরিসডিকশানে চলাচলের জন্য মোট ৮৪৮৫ সংখ্যক পারমিট দেওয়া হয়েছিল।

(খ) ২০০৩ সাল থেকে নতুন অটো রিক্শার পারমিট দেওয়া বন্ধ আছে।

বায়ুদূষণ রোধে ২ স্ট্রোক অটো বন্ধে সরকারি পদক্ষেপ

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩) **শ্রী অসিত কুমার মাল :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বায়ুদূষণ রোধে রাজ্য সরকার ২ স্ট্রোক অটো বন্ধ করার জন্য কি কি পদক্ষেপ নিয়েছেন ; এবং

(খ) বর্তমান আর্থিক বছরের ৩১.১.২০০৯ পর্যন্ত মোট কতকগুলি অবৈধ অটোকে আটক করা হয়েছে ?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মাননীয় মহামান্য কলকাতা উচ্চতর আদালতের ডিভিশন বেঞ্চের নির্দেশমতো কলকাতা মহানগরীতে সমস্ত বৈধ ২ স্ট্রোক অটো রিক্‌শা কেবলমাত্র এল পি জি চালিত ৪ স্ট্রোক অটো রিক্‌শা পরিবর্তিত করার জন্য রাজ্য সরকার সুনির্দিষ্ট পদক্ষেপ নিয়েছেন। এ বিষয়ে রাজ্য সরকার একটি আর্থিক সুবিধার বিশেষ প্যাকেজ ঘোষণা করেছেন যার রূপরেখা নিম্নরূপ :

বিশেষ প্যাকেজ

(ক) গাড়ির মূল্য : ১,২৬,০০০ টাকা (রেজিস্ট্রেশন, ট্যাক্স এবং বীমা সহ) (খ) মালিকদের প্রদেয় মার্জিন মানি : নিজস্ব সংযোজন—১০,০০০ টাকা (সর্বনিম্ন)। (গ) বাজাজ অটো লিঃ কর্তৃক প্রদেয় বর্তমান গাড়ির (যা স্ক্র্যাপ করা হবে) প্রতিস্থাপন মূল্য : ৬,০০০ টাকা (ঘ) বাজাজ অটো লিঃ কর্তৃক প্রদেয় বিশেষ ছাড় : ৫,০০০ টাকা। (ঙ) এককালীন রাজ্য সরকারি অনুদান ১০,০০০ টাকা। (চ) ঋণের সর্বোচ্চ পরিমাণ : অটো রিক্‌শা প্রতি ৯৫,০০০ টাকা। (ছ) সুদের হার : মঞ্জুরির সময়ে প্রযোজ্য হবে। (জ) জামিন : প্রাথমিক, যানটির দায়বদ্ধকরণ। (ঝ) কোল্যাটারাল : প্রয়োজনীয় নয়।

উপযুক্ত প্যাকেজটি স্টেস লেভেল ব্যাঙ্কার্স কমিটি, পশ্চিমবঙ্গ কর্তৃক অনুমোদিত। এ ব্যতীত রাজ্য সরকার প্রতিস্থাপিত অতুন অটো-রিক্‌শা ক্ষেত্রে এক বৎসরের ট্রাক্স, এডিশনাল ট্রাক্স ও কিছু নির্দিষ্ট ফি মকুব করেছেন যার আর্থিক মূল্য ২,২০০ টাকা।

এছাড়াও রাষ্ট্রীয় তেল সরবরাহকারী সংস্থা গলিকে অনুরোধ করা হয়েছে তারা যেন আরও অনেক বেশি সংখ্যক এল পি জি বসানোর ব্যবস্থা করুন। এ বিষয়ে সময়ে সময়ে সামগ্রিক পরিস্থিতি মাননীয় মহামান্য আদালতের নজরে আনা হচ্ছে।

(খ) গত ২০০৮ সালে এবং ৩১-১-২০০৯ পর্যন্ত ৩৭৫টি অবৈধ অটো আটক করা হয়েছে।

অগ্নিনির্বাপণ কেন্দ্রের সংখ্যা

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৬) **শ্রী অশোক কুমার দেব :** অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে মোট কতগুলি অগ্নিনির্বাপণ কেন্দ্র আছে ;

(খ) অগ্নিনির্বাপণ কেন্দ্র বৃদ্ধির কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) রাজ্যে ২০০৯ সালে কোথায় কোথায় নতুন কেন্দ্র খোলার পরিকল্পনা আছে ?

অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে সারা রাজ্যে ১০৬টি অগ্নিনির্বাপন কেন্দ্র রয়েছে।

(খ) নতুন নতুন নগরায়ন ও শিল্পাঞ্চল প্রসারের সঙ্গে সঙ্গে দমকল কেন্দ্র স্থাপনের প্রয়োজনীয়তা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

(গ) ২০০৯ সালের মধ্যে নিম্নলিখিত স্থানে দমকল কেন্দ্র খোলার পরিকল্পনা রয়েছে।

(১)	এগরা	পূর্ব মেদিনীপুর
(২)	ঘাটাল	পশ্চিম মেদিনীপুর
(৩)	গোবরডাঙা	উত্তর চব্বিশ পরগনা
(৪)	রাজারহাট	উত্তর চব্বিশ পরগনা
(৫)	খাঁতরা	বাঁকুড়া
(৬)	ডানকুনি	হুগলি
(৭)	ফালাকাটা	জলপাইগুড়ি
(৮)	বৈদ্যবাটি	হুগলি
(৯)	ডোমকল	মুর্শিদাবাদ
(১০)	নোনাডাঙা	দক্ষিণ চব্বিশ পরগনা

কয়েকটি ক্ষেত্রে প্রয়োজনীয় জমির সন্ধান চলেছে। উপযুক্ত জমি পাওয়া গেলে নতুন দমকলকেন্দ্র স্থাপনের পরিকল্পনা বাস্তাবায়িত করা সম্ভব হবে।

মালদহ জেলায় অগ্নিসংযোগের ঘটনার সংখ্যা

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৮) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী** : অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলায় ২০০৮ সালে মোট কতগুলি অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে ; এবং

(খ) উক্ত ঘটনায় ক্ষয়ক্ষতির পরিমাণ কত ?

অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৯টি।

এখানে উল্লেখ করা প্রয়োজন, উপরিউক্ত ৯-টি অগ্নি কান্ডের মধ্যে একটি ছিল ইন্ডাস্ট্রিয়াল ফায়ার এবং ৩-টি হাসপাতালে অগ্নিকান্ডের ঘটনাও যুক্ত আছে।

(খ) আনুমানিক ক্ষয়ক্ষতি পরিমাণ প্রায় ৩৪ লক্ষ ৪১ হাজার টাকা। যে পরিমাণ ক্ষয়ক্ষতি রোধ করা সম্ভব হয়েছে তার আনুমানিক অর্থ মূল্য প্রায় ১ কোটি ৩২ লক্ষ ৩ হাজার টাকার সমান। কোন জীবন হানির ঘটনা ঘটেনি।

গার্ডেনরীচ থেকে বাবুঘাট লঞ্চ সার্ভিস

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৭) **শ্রী আব্দুল খালেক মোল্লা** : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গার্ডেনরীচের বিচালিঘাট থেকে বাবুঘাট পর্যন্ত লঞ্চ সার্ভিস চালু আছে কী ; এবং

(খ) চালু না থাকলে, কবে থেকে তা চালু হবে বলে আশা করা যায় ?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

ক) আপাতত লঞ্চ সার্ভিস চালু আছে। স্যার্ভিসটি চালাচ্ছে হুগলি নদী জলপথ পরিবহন সমবায় সমিতি।

এটা জানা যায় যে, গত ৩-৪ মাস ধরে লঞ্চ সার্ভিসটিতে যাত্রী সংখ্যা খুবই নগণ্য। হুগলি নদী জলপথ পরিবহন সমবায় সমিতি যাত্রীদের সুবিধার্থে লঞ্চ সার্ভিসটি লোকসানে চালাচ্ছেন।

খ) প্রশ্ন ওঠে না।

Unstarred Questions

(to which written answers were laid on the 'Table')

কুকুর কামড়ানোর প্রতিষেধক (এ.আর.ভি.)

১। (অনুমোদিত প্রশ্ন নং ৩) **শ্রী ইউনুস সরকার** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে রাজ্যের বিভিন্ন জেলায় কুকুর কামড়ানোর ঘটনা বৃদ্ধি পাচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, রাজ্যের হাসপাতালগুলিতে কুকুর কামড়ানোর প্রতিষেধক (এ.আর.ভি.) প্রয়োজনীয় জোগান হচ্ছে কি না ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা

২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩) **শ্রীইউনুস সরকার** : স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১ জানুয়ারি থেকে ৩১ অক্টোবর ২০০৮ পর্যন্ত রাজ্যে কত সংখ্যক স্বনির্ভর গোষ্ঠী গঠিত হয়েছে ; এবং

(খ) ওই রূপ গোষ্ঠীর কাজের অগ্রগতি কিরূপ ?

স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) (১) পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ কর্তৃক রূপায়িত স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার অন্তর্গত উক্ত সময়ে মোট ২৫,০৫৬টি স্বনির্ভর গোষ্ঠী গঠিত হয়েছে।

(২) নার্বাডের অধীন উক্ত সময়ে ৫২,৪৮১টি গোষ্ঠী গঠিত হয়েছে।

(৩) পুর বিভাগের অধীন স্টেট আরবান ডেভেলপমেন্ট এজেন্সি কর্তৃক রূপায়িত শহর এলাকায় স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনার অন্তর্গত উক্ত সময়ে মোট ২০৮৮ টি থ্রিফ্‌ট অ্যান্ড ক্রেডিট দল হয়েছে।

(৪) স্মল ইন্ডাস্ট্রিজ্‌ ডেভেলপমেন্ট ব্যাঙ্কের (সিডবি) অধীন উক্ত সময়ে মোট ৮৪৮৩টি জল গঠিত হয়েছে।

(খ) এস.জি.এস.ওয়াই.-এর গোষ্ঠীগুলির ক্ষেত্রে ২৫,০৫৬টি গোষ্ঠীই নিজেদের সেভিংস অ্যাকাউন্ট ব্যাঙ্কে খুলেছে এবং সেগুলি পরিচালনা করছে। গোষ্ঠীগুলি অ্যাকাউন্টে নিজেদের নির্ধারিত হারে মাসিক সঞ্চয়ের টাকা রাখছে এবং তা ব্যাঙ্ক থেকে তুলে সদস্যদের বিবিধ প্রয়োজন মেটাতে ধার দিচ্ছে। এছাড়াও গোষ্ঠীগুলি পরিচালনার ক্ষেত্রে সক্ষমতা এবং সদস্যদের অর্থনৈতিক কাজের দক্ষতা বাড়ানোর যেসব প্রশিক্ষণের ব্যবস্থা সরকার থেকে করা হচ্ছে সেই প্রশিক্ষণগুলিতে তারা নিয়মিত যোগদান করছে। ইতিমধ্যে যে গোষ্ঠীগুলির বয়স ৬ মাস তাদের গ্রেড-১ মূল্যায়ন করা হয়েছে। যে দলগুলি গ্রেড-১ উত্তীর্ণ হয়েছে তাদেরকে সরকার থেকে আবর্তনীয় তহবিল দিয়ে ব্যাঙ্কের ক্যাশ ক্রেডিটের সুবিধার সঙ্গে যুক্ত করা হয়েছে। কিছু কিছু দল ইতিমধ্যেই খুবই ছোট আকারে অর্থনৈতিক উদ্যোগ নিতে শুরু করেছে। নাবার্ড-এর দলগুলির ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য কিন্তু এই দলগুলির ক্ষেত্রে সরকার কোনো অনুদান দেয় না।

এস.জে.এস.আর.ওয়াই. এর দলগুলির ক্ষেত্রেও তারা ব্যাঙ্কে অ্যাকাউন্ট খুলে মাসিক দেয় টাকা জমা করছে। এইভাবে ৬ মাস টাকা জমানোর পরে তারা নিজেদের জমানো টাকা থেকে ঋণ নিতে পারে এবং কোনো গোষ্ঠী গঠনের দিন থেকে ১ বছর পার হলে সরকারের

পক্ষ থেকে সদস্য পিছু ১০০০ টাকা হিসাবে (উর্ধ্বসীমা ২৫,০০০ টাকা) এককালীন আবর্তক মূলক মূলধন দেওয়া হয় যা থেকে ঋণ নিয়ে সদস্যরা রোজগারমূলক কাজ করে।

সিডবির দলগুলির ক্ষেত্রেও নাবার্ড-এর দলগুলির ন্যায়ই সরকার কোনো অনুদান দেয় না। বাকি বিষয়গুলি প্রায় অনুরূপ দল গঠনের সূচনা কাল থেকে অদ্যবধি গঠিত দলের জেলাওয়ারি সংখ্যা নীচে দেওয়া হল।

জেলাভিত্তিক স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা

ক্রমিক সংখ্যা	জেলার নাম	এস.জি.এস.ওয়াই. দলের সংখ্যা	নাবার্ড-এর দলের সংখ্যা
১।	বাঁকুড়া	১২,৯৯৮	২০,৩৬১
২।	পুরুলিয়া	১৭,৪২৮	৯,৫৪৬
৩।	নদিয়া	১১,১৬৯	৩২,৯০৫
৪।	উত্তর ২৪-পরগনা	১৪,০৬৩	৪২,৭৮০
৫।	হুগলি	৬,৩৯৬	৩১,৩৫৬
৬।	দক্ষিণ ২৪-পরগনা	১৩,৩৩৮	২৮,৭৯০
৭।	দার্জিলিং	৪,৭৭০	৪,৯৫৫
৮।	কোচবিহার	১২,৫৪৪	১৫,৫৪৯
৯।	বর্ধমান	১৪,৬৭০	২৭,৩১৭
১০।	মালদহ	১৪,৯৭০	১৮,৬৩৮
১১।	জলপাইগুড়ি	১৯,৩৪১	১৪,৯৮১
১২।	উত্তর দিনাজপুর	৭,৭৭২	১১,২০৯
১৩।	দক্ষিণ দিনাজপুর	৯,২৬৮	৮,৫০৯
১৪।	মুর্শিদাবাদ	১৯,০৪৬	২২,৩৭৪
১৫।	হাওড়া	৬,৬৪৪	১৬,০৪৪
১৬।	বীরভূম	১৫,৭৭২	১৯,২৯৪
১৭।	পূর্ব মেদিনীপুর	১৬,০৪৪	২৬,২১৭
১৮।	পশ্চিম মেদিনীপুর	২২,৪৯৪	১৪,৯৮০
১৯।	কলকাতা	—	—
মোট		২,৩৮,৭২৭	৩,৬৫,৮০৫

এছাড়া পুর বিভাগের অন্তর্গত স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনার অন্তর্গত থ্রিফ্ট অ্যান্ড ক্রেডিট গ্রুপের সংখ্যা ২৭,০৪৪। সিডবি কর্তৃক গঠিত দলের সংখ্যা ৭১,০৮৬।

প্রাথমিক শিক্ষক শিক্ষণ কেন্দ্রের সংখ্যা

৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬) শ্রী ইউনুস সরকার : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বেশ কিছু শিক্ষক শিক্ষণ (প্রাথমিক) কেন্দ্র নিয়ে সমস্যা তৈরি হয়েছে ;

(খ) সত্যি হলে, সেই কেন্দ্রের সংখ্যা কত ; এবং

(গ) শিক্ষার্থীরা সংখ্যা কত ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ১৪০টি।

(গ)

১৯৯৫ থেকে ২০০২ অবধি আনুমানিক	৩০,০০০	জন
২০০২-২০০৩	৫,৩১৭	জন
২০০৩-২০০৪	১১,০১২	জন
২০০৪-২০০৫	১৫,৩২২	জন
২০০৫-২০০৬	১৬,২৫৪	জন (পরীক্ষা হয়নি)
	৪৭,৯০৫	জন
সর্বমোট	৭৭,৯০৫	জন

ভারত নির্মাণ প্রকল্প

৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪) শ্রী তজমুল হোসেন : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

(ক) এটা কি সত্যি যে, হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্গত তুলসীহাটা মাস্তান রোড থেকে ফিরোজপুর পর্যন্ত এবং ডিঙ্গোল থেকে (ভায়া—কনার, কপুরগঞ্জ) কনুয়া পর্যন্ত রাস্তা দুটিকে ভারত নির্মাণ প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ রাস্তা দুটির নির্মাণ কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রকের অনুমোদন পাওয়ার পর কাজ শুরু হবে।

গ্রন্থাগার ও লিস্টে প্রদেয় অর্থের পরিমাণ

৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৬) শ্রী তজমুল হোসেন : জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গত ২০০৭-০৮ সালে রাজ্যের গ্রন্থাগার সমূহকে কী পরিমাণ আর্থিক সাহায্য দেওয়া হয়েছে (ব্লকভিত্তিক নাম ও অর্থের পরিমাণসহ) ?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যে ১২টি সরকারি ও ২৪৬২টি সরকারপোষিত গ্রন্থাগার আছে।

প্রতিটি গ্রন্থাগারকে নিম্নলিখিত হারে পৌনঃপুনিক অনুদানে দেওয়া হয় :

ক্রমিক সংখ্যা	গ্রন্থাগারের নাম ও শ্রেণি	বই (টাকা)	ভ্রাম্যমাণ গ্রন্থাগার পরিষেবা (টাকা)	আসবাব (টাকা)	বাঁধাই সংরক্ষণ (টাকা)
১।	রাজ্য কেন্দ্রীয় গ্রন্থাগার	২,০০,০০০		২৫,০০০	৩০,০০০
২।	কলকাতা নগর গ্রন্থাগার	৭৫,০০০		৭,৫০০	৫,০০০
৩।	উত্তরপাড়া জয়কৃষ্ণ পাবলিক লাইব্রেরি	২,০০,০০০		২৫,০০০	৩০,০০০
৪।	কেন্দ্রীয় গ্রন্থাগার	১৫,০০০		২,৫০০	২,৫০০
৫।	সরকারি শহর গ্রন্থাগার	১৫,০০০		২,৫০০	২,৫০০
৬।	সরকারি জেলা গ্রন্থাগার	৫০,০০০		৫,০০০	৫,০০০
৭।	সরকারপোষিত জেলা গ্রন্থাগার	৫০,০০০	১৫,০০০	৫,০০০	৫,০০০
৮।	সরকারপোষিত শহর গ্রন্থাগার	১৫,০০০		৩,০০০	২,৫০০
৯।	সরকারপোষিত গ্রামীণ গ্রন্থাগার	৮,০০০		১,৫০০	১,০০০

	উপনিমিত্ত (টাকা)	মোট (টাকা)
১।	৭০,০০০	৩,২৫,০০০
২।	৩০,০০০	১,১৭,৫০০
৩।	৭০,০০০	৩,২৫,০০০
৪।	৫,০০০	২৫,০০০
৫।	৫,০০০	২৫,০০০
৬।	১২,৫০০	৭২,৫০০
৭।	১৫,০০০	৮৭,৫০০
৮।	৭,০০০	২৫,৫০০
৯।	৩,০০০	১২,৫০০

২০০৭-০৮ আর্থিক বছরে নিম্নলিখিত সরকারপোষিত গ্রন্থাগারকে তদর্থক (অ্যাড-হক) অনুদান দেওয়া হয়েছে :

ক্রমিক সংখ্যা	গ্রন্থাগারের নাম	জেলা	ব্লক	বিষয়	টাকার পরিমাণ (টাকা)
১।	নারায়ণ পাঠাগার	দার্জিলিং	খড়িবাড়ি ফাঁসিদেওয়া	আসবাব ক্রয়	৪১,৩৩২
২।	গৌরাঙ্গ স্মৃতি গ্রামীণ গ্রন্থাগার	উঃ দিনাজপুর		পুস্তক ক্রয়	৫১,২৯৭
৩।	সিটি সেন্ট্রাল লাইব্রেরি	বর্ধমান	দূর্গাপুর কর্পোরেশন	সাইকেল স্ট্যান্ড	১,১০,০০০
৪।	ঘুরাগ্রাম নবারুণ সংঘ লাইব্রেরি	বাঁকুড়া	খাতড়া	গৃহনির্মাণ	৩,৪১,৩৩৭
৫।	দশঘড়া অ্যাসোসিয়েশন রুরাল লাই	হুগলি	ধনেখালি	গৃহনির্মাণ	১,৯৯,৯৯৮
৬।	তাকদা রুরাল লাইব্রেরি	দার্জিলিং	রংলিরংলিওট	গৃহনির্মাণ	৮,৯৭,৫০০
৭।	মহিয়ারী পাবলিক লাইব্রেরি	হাওড়া	ডোমজুড়	বই ও আসবাব	১,২০,৮৭১
৮।	ঝাঁটিপাহাড়ি গ্রামীণ লাইব্রেরি	বাঁকুড়া	ছাতনা	ঐ	৯৮,৫২৫
৯।	আমতলা রুরাল লাইব্রেরী	দঃ ২৪-পরগনা	বিষ্ণুপুর	গৃহনির্মাণ	৪,২৭,৭৫২
১০।	উদানারায়ণপুর তরুণ সংঘ রুরাল লাইব্রেরি	হাওড়া	উদয়নারায়ণপুর	গৃহ সংস্কার	৫৭,৫৫৯
১১।	উদয়চাঁদ ডিস্ট্রিক্ট লাইব্রেরি	বর্ধমান	বর্ধমান পুরসভা	ঐ	১,৩৯,৩৫৯
১২।	পুরন্দরপুর গ্রামীণ গ্রন্থাগার	বীরভূম	সিউড়ি ২নং	গৃহ সংস্কার ও নবীকরণ	২,৯৯,৬৬৭
১৩।	হুগলি সাহিত্য মন্দির	হুগলি	হুগলি-চুঁচুড়া পৌরসভা	গৃহ সংস্কার	৩৮,০০০
১৪।	শ্রীরামপুর বঙ্কিম স্মৃতি পাঠাগার	হুগলি	পুরশুড়া	গৃহ সংস্কার	৪৫,৭০৭
১৫।	নেতাজী পাঠাগার	জলপাইগুড়ি	ময়নাগুড়ি	আসবাব	৪১,৫২০
১৬।	রাজপুর সাধারণ পাঠাগার	দঃ ২৪-পরগণা	রাজপুর-সোনারপুর পৌরসভা	গৃহ নবীকরণ	১,২১,০৫৭
১৭।	বীরসিংহপুর সাধারণ পাঠাগার	পঃ মেদিনীপুর	গড়বেতা ৩নং	গৃহনির্মাণ	১০,১১,৬৭৩
১৮।	শ্রীশ্রীস্বামী স্বরূপানন্দ পাঠাগার	জলপাইগুড়ি	ফালাকাটা	আসাবাব	৪৭,৩০৪
১৯।	জেলা গ্রন্থাগার, বীরভূম	বীরভূম	বীরভূম	আসবাব	১,১০,৯৫৭
২০।	মাতঙ্গিনী স্পোর্টিং ক্লাব পাঠাগার	পঃ মেদিনীপুর	তমলুক পৌরসভা	গৃহ সংস্কার	২,৯৪,২৯৩
২১।	কৃষ্ণগঞ্জ সাধারণ পাঠাগার	নদিয়া	কালীগঞ্জ	গৃহ নির্মাণ	৫,৩৫,২৪১
২২।	ঘোড়াতাড়িয়া তরুণ সেবক সংঘ গ্রামীণ পাঠাগার	পঃ মেদিনীপুর	খড়গপুর ১নং	ঐ	৪,৫২,৫৭২
২৩।	শ্রীবোড়া মিলন সংঘ পাঠাগার	পঃ মেদিনীপুর	দাসপুর ২নং	ঐ	১,৬৬,৯৪১
২৪।	ধুকুরঝাড়ি পল্লী পাঠাগার	উঃ দিনাজপুর	কালিয়াগঞ্জ	ঐ	৪,৫৭,৯৪৭
২৫।	মুরার সর্বোদয় সংঘ পাঠাগার	পঃ মেদিনীপুর	বিনপুর ১নং	গৃহ সংস্কার	২,৮২,০০৩
২৬।	বরা গোরাচাঁদ গ্রামীণ গ্রন্থাগার	বীরভূম	নলহাটি ২নং	ঐ	২,৮২,০০৩
২৭।	দিওর পল্লী পাঠাগার	দঃ দিনাজপুর	কুমারগঞ্জ	গৃহ নির্মাণ	৪,০৯,১০২

ক্রমিক সংখ্যা	গ্রন্থাগারের নাম	জেলা	ব্লক	বিষয়	টাকার পরিমাণ (টাকা)
২৮।	চাকুলিয়া রুরাল লাইব্রেরী	উঃ দিনাজপুর	গোয়ালপোখর ১নং	ঐ	৪,৪৩,২৪৩
২৯।	জেলা গ্রন্থাগার, বাঁকুড়া	বাঁকুড়া	বাঁকুড়া পৌরসভা	ঐ	২,৭৬,১০০
৩০।	দেওকোটা রুরাল লাইব্রেরি	দার্জিলিং	কার্শিয়াং	ঐ	৬,৮৯,৪০১
৩১।	সাবড়াকোন সুকান্ত স্মৃতি পাঠাঃ	বাঁকুড়া	তালডাংরা	ঐ	১,৫১,২০৭
৩২।	বিবেকানন্দ গ্রন্থাগার	উঃ দিনাজপুর	রায়গঞ্জ পৌরসভা	পুস্তক	৪০,৮২৩
৩৩।	বেঙ্গল অ্যাসোসিয়েশন,নিউদিল্লী			৮ম বইমেলা	২,৫০,০০০
৩৪।	বীরসিংহ বিদ্যাসাগর মেমোরিয়াল হল রুরাল লাইব্রেরী	পঃ মেদিনীপুর	ঘাটাল	গৃহ নির্মাণ	১৩,০৩,৮৬৭
৩৫।	রায়গুণাকার ভারতচন্দ্র স্মৃতি সাহিত্য মন্দির,রুরাল লাইব্রেরি	হাওড়া	উদয়নারায়ণপুর	গৃহ সংস্কার নির্মাণ	৪,০৪,২৩৭
৩৬।	সেবাগ্রাম পল্লীমঙ্গল পাঠাগার	উঃ দিনাজপুর	রায়গঞ্জ	গৃহ নির্মাণ	৪,৪৩,২৪৩
৩৭।	খুষ্ঠিগিরি গ্রামীণ পাঠাগার	বীরভূম	ইলামবাজার	ঐ	৬৮,৮৭৭
৩৮।	বালিগুমা আঞ্চলিক পাঠাগার	পুরুলিয়া	মানবাজার ১নং	ঐ	৪,৪২,৫৪৩
৩৯।	জেলা গ্রন্থাগার, নদিয়া	নদিয়া	কৃষ্ণনগর পৌরসভা	ঐ	৭,৬৯,৫৫৬
৪০।	বসন্ত গ্রামীণ পুস্তকালয়	দার্জিলিং	জোড়বাংলো সুখিয়াপোখরি	ঐ	৭,৫৮,৭০০
৪১।	জামুরিয়া উদয়নী পাবলিক লাইঃ	পুরুলিয়া	বিষ্ণুপুর	গৃহ নির্মাণ	৪,৪৭,৭১৫
৪২।	লোয়াদা মানকুন্ড মিলনী ক্লাব	পঃ মেদিনীপুর	ডেবরা	ঐ	৫,৩৫,৩৯৯
৪৩।	ধর্মদা সেবাব্রতী সংঘ রুরাল লাইঃ	নদিয়া	নাকাশীপাড়া	ঐ	৪,১৬,৭৯৩
৪৪।	গ্রাম সুধারক পুস্তকালয়	দার্জিলিং	কালিম্পং ১নং	ঐ	৬,৬২,৮৮৫
৪৫।	দেবেন্দ্র পাঠাগার	জলপাইগুড়ি	মাদারীহাট	ঐ	৫,০৫,২১৫
৪৬।	বীরগ্রাম রুরাল লাইব্রেরি	উঃ দিনাজপুর	হেমতাবাদ	ঐ	৪,৪৩,২৪৩
৪৭।	রায়গড়চুমূক লেনিন পাঠাগার	হাওড়া		বই ও আসবাব	৬৩,২০৫
৪৮।	ইছামতী লাইব্রেরি	উঃ ২৪-পরগনা	বনগাঁ	গৃহ নির্মাণ	২,৮৫,০০০
৪৯।	বিশেষ গ্রন্থাগারসমূহকে অনুদান			নিয়মিত	৫,০৫,৫০০
৫০।	এডুকেশন ডাইঃ কালচারাল ইউনিট			আসবাব	২৭,৭৮৪
৫১।	বহড়াদাড়ি বাণী পাঠাগার	পঃ মেদিনীপুর	সাঁকরাইল	পুস্তক ক্রয়	১৮,৭৫২
৫২।	রাইটার্স বিল্ডিংস ক্লাব			ঐ	১,২০,০০০
৫৩।	এডওয়ার্ড ৮ মেমোরিয়াল অতিরিক্ত জেলা গ্রন্থাগার	জলপাইগুড়ি	জলপাইগুড়ি	ঐ	১,১০,৩৬৩
৫৪।	কৃষ্ণবাটি অগ্রণী পাঠাগার	হুগলি	পুরাশুড়া	গৃহ নির্মাণ	১,০৯,১৮৬
৫৫।	বালিচক ঝড়েশ্বর সিং স্মৃতি টাউন লাইব্রেরি	পঃ মেমিদনীপুর	ডেবরা	আসবাব পত্র	১,৬০,৪৪৩
৫৬।	অতিরিক্ত জেলা গ্রন্থাগার,শিলিগুড়ি	দার্জিলিং	শিলিগুড়ি পৌরসভা	পুস্তক ক্রয়	১,০৪,৩৩৮
৫৭।	দুবরা অগ্রগামী ক্লাব ও পাঠাগার	পঃ মেদিনীপুর	জামবানী	ঐ	২৫,০০০
৫৮।	রাধারমণ সম্মিলনী সমিতি রুরাল লাইব্রেরি	হুগলি	বলাগড়	আসবাব পত্র	৮৩,৪৫৯

এছাড়া সরকারি গ্রন্থাগারগুলিকে নিম্নলিখিত তদর্থক(অ্যাড-হক) অনুদান দেওয়া হয়েছে :

ক্রমিক সংখ্যা	গ্রন্থাগারের নাম	বিষয়	অনুদান
১।	স্টেট সেন্ট্রাল লাইব্রেরি	পুস্তক ক্রয়	২,১০,৩০০
২।	ঐ	উদ্যান রচনা	৮৮,০১৯
৩।	ঐ	নির্মাণ কার্য	৬,০৫,৩৬৫
৪।	ঐ	বিশেষ মেরামতি	৩,৪৮,৯৩৫
৫।	ঐ	বৈদ্যুতিক সংস্থাপনের বার্ষিক	৫,৬৬,৭২৫
৬।	ঐ	শীততাপ নিয়ন্ত্রণ ব্যবস্থা সংস্থাপনে ঘাটতি ব্যয়	১,৫২,১৫৮
৭।	কলকাতা নগর গ্রন্থাগার	ভবন নির্মাণ	৯৬,০৫,৯৫০
৮।	ঐ	উপনিমিত্ত ব্যয়	৫,০০০
৯।	উত্তরপাড়া জয়কৃষ্ণ পাবলিক লাইঃ	সেমিনার হল নির্মাণ	২৫,৫০,০০০
১০।	ঐ	উপনিমিত্ত ব্যয়	৫,০০০
১১।	টাকী গভঃ ডিস্ট্রিক্ট লাইব্রেরি	আসবাবপত্র ক্রয়	১,২৯,০৮৪
১২।	ঐ	উপনিমিত্ত	৫,০০০
১৩।	দেশবন্ধু ডিঃ লাইব্রেরি	নবীকরণ এবং বৈদ্যুতিক সংস্থাপনের বিশেষ মেরামতি	৩,০৭,৯৯৯
১৪।	ঐ	উপনিমিত্ত ব্যয়	৫,০০০
১৫।	উত্তর দিনাজপুর জেলা গ্রন্থাগার	কম্পিউটার টার্মিনালের বৈদ্যুতিকরণ	২৩,১৭৫
১৬।	ঐ	পুস্তক ক্রয়	৫০,০০
১৭।	ঐ	উপনিমিত্ত ব্যয়	৫,০০০
১৮।	সেন্ট্রাল লাইব্রেরী, বাণীপুর	পুস্তক ক্রয়	১,০৯,৭৩৯
১৯।	ঐ	ডিপটিউবওয়েল খনন	১,১৬,৭৬০
২০।	ঐ	ভবন সম্প্রসারণ	১২,৬২,২৩৮
২১।	ঐ	উপনিমিত্ত ব্যয়	৩,০০০
২২।	নর্থ বেঙ্গল স্টেট লাইব্রেরি	ঐ	৫,০০০
২৩।	উত্তর ২৪ পরগনা গভঃ ডিঃ লাইব্রেরি	ঐ	৫,০০০
২৪।	সেন্ট্রাল লাইব্রেরী, কালিম্পং	ঐ	৩,০০০
২৫।	সিধু-কানহু-বীরসা গভঃ টাউন লাইঃ	ঐ	৩,০০০
২৬।	দীঘা গভঃ লাইব্রেরি	ঐ	৩,০০০
			১,৬১,৭৩,৪৩৭

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের বিদ্যুৎহীন গ্রাম

৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৮) **শ্রী তজমুল হোসেন :** বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কতগুলি গ্রাম বিদ্যুৎহীন অবস্থায় আছে ; এবং

(খ) উক্ত গ্রামগুলি বিদ্যুতায়ন করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দুটি মৌজা যথা উত্তর ভাকুরিয়া (জে.এল. ১৫৯ এবং দক্ষিণ ভাকুরিয়া (জে.এল. ১৬০)।

(খ) মৌজা দুটি রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন যোজনা (পর্যায়-২) প্রকল্পে বিদ্যুতায়নের জন্য ধরা আছে।

চোরাশিকারিদের আক্রমণে বাঘের মৃত্যু

৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬) **শ্রী দিলীপ সরকার :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে ২০০৮ সালে (অক্টোবর মাস পর্যন্ত) রাজ্যে চোরাশিকারীদের আক্রমণে বাঘের মৃত্যুর ঘটনা ঘটেছে ;

(খ) সত্যি হলে, উক্ত সময়ে কোথায় কোথায় কয়টি বাঘের মৃত্যু হয়েছে ; এবং

(গ) উক্ত আক্রমণ রোধে কী কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের দোবাঁকি এলাকায় বিগত ০১.১০.২০০৮ তারিখে একটি বাঘের মৃত্যু হয়েছে।

(গ) নিম্নলিখিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে—

(১) সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের বনকর্মীদের ছুটি বাতিল করা হয়েছে।

(২) স্পর্শকাতর সুনির্দিষ্ট এলাকার বিশেষ সতর্কতা জারি করা হয়েছে।

(৩) সমস্ত স্পর্শকাতর এলাকায় বিশেষ টহলদারি দল নিযুক্ত করা হয়েছে।

(৪) সংলগ্ন গ্রামগুলিতে গোপন সংবাদ সংগ্রহ করার জন্য ব্যবস্থা জোরদার করা হয়েছে।

(৫) সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প ও ২৪-পরগণা (দক্ষিন) বন বিভাগের সীমান্ত এলাকায় সম্মিলিত টহলদারির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং ভবিষ্যতেও অন্যান্য সম্ভাব্য এলাকাতে এই ধরনের প্রচেষ্টা চালু থাকবে।

(৬) দু-মাসের মধ্যে বাঘমারা প্রতিরোধ ক্যাম্প চালু করা হবে।

(৭) আই.জি.পি (ফরেস্টে প্রোটেকশান)-কে ২০০৬ সালে তুলে নেওয়া পাখিরালয়ের এস.এ.পি ক্যাম্প আবার চালু করার ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হবে।

(৮) মায়াদ্বীপে একটা নতুন ক্যাম্প (ভাল আবহাওয়ায়) স্থাপন করা হবে।

(৯) সীমান্তরক্ষী বাহিনীর সহযোগিতায় আরও ক্যাম্প তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

(১০) বনের দুষ্কৃতীকারীদের চলাফেরার ওপর সবসময় নজরদারি করা হবে।

(১১) বন সুরক্ষা কমিটি/বাস্তু উন্নয়ন কমিটি এবং বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে সুরক্ষা ব্যবস্থা জোরদার করার জন্য আলোচনাসভা করার ব্যবস্থা করা হবে।

'সহায়' নামক প্রকল্প

৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮) **শ্রী জানে আলম মিঞা :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, 'সহায়' নামক প্রকল্পের মাধ্যমে রাজ্যের দরিদ্রদের বিভিন্ন সুযোগ দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, তার রূপরেখা কীরূপ ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, সত্যি।

(খ) রূপরেখা—পশ্চিমবঙ্গের গ্রামীণ এলাকায় বিভিন্ন কর্মসংস্থান সৃষ্টিকারী ও সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি চলছে। গ্রামীণ এলাকায় কিছু পরিবার আছেন যাদের খাদ্য নিরাপত্তা সুনিশ্চিত নয় এবং এরা এতটাই দুর্বল ও দুস্থ যে চালু কর্মসূচিগুলির সুফল নেওয়ার মতো ক্ষমতাও এঁদের নেই। এই পরিবারগুলিকে সহায় প্রক্রিয়ার মাধ্যমে সহায়তা দেওয়া হবে। সহায় প্রক্রিয়ায় উপভোক্তা বা সহায় পরিবার নির্বাচনের প্রক্রিয়াটিকে দুইটি ধাপে করতে হবে :

(১) প্রথমে, কেবলমাত্র গ্রামীণ পরিবার সমীক্ষা থেকে পাওয়া নম্বরের ভিত্তিতে, অতি দুস্থ বা সহায়-সম্বলহীন পরিবারগুলিকে চিহ্নিত করতে হবে। যেসব পরিবার গ্রামীণ পরিবার সমীক্ষায় খাদ্য নিরাপত্তা সূচকে সবথেকে কম (অর্থাৎ ১) এবং বাকি ১১টি সূচকের যে কোনো ৬টিতে ১ পেয়েছেন তাদের একটি প্রাথমিক তালিকা ব্লক অফিস থেকে প্রত্যেক গ্রাম পঞ্চায়েতে দিয়ে দেওয়া হবে।

(২) এই তালিকাটি গ্রাম পঞ্চায়েত স্বনির্ভর দলের সহায়তায় পরিবারটির প্রকৃত অবস্থা যাচাইয়ের পর চূড়ান্ত করবে ও পরিবারগুলির সাথে আলোচনা করে পরিবারভিত্তিক পরিকল্পনা প্রস্তুত করবে। এই পরিকল্পনার রূপায়ণের মাধ্যমে গ্রাম পঞ্চায়েত সহায়-সম্বলহীন পরিবারগুলিকে সহায়তা দেবে।

সহায়তা দু-রকমের হতে পারে—

(১) বর্তমানে চালু কর্মসূচি থেকে সহায়তা প্রদান করা (জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি প্রকল্প, ইন্দিরা গান্ধী জাতীয় বার্ধক্য-ভাতা প্রকল্প, অন্ত্যোদয় অন্ন যোজনা ইত্যাদির সুফল যোগ্য ব্যক্তি ও পরিবারগুলি যাতে পায় তা সুনিশ্চিত করা)।

(২) এতে প্রয়োজন না মিটলে অতিরিক্ত পরিষেবা দেওয়া। (বিশেষ ভাতা দেওয়া,খাদ্যের নিরাপত্তা সুনিশ্চিত করবার জন্য রেশন কার্ড না থাকলে তার ব্যবস্থা করা, যেসব মানুষ শারীরিকভাবে কাজ করায় বা চলাফেরায় অক্ষম অথবা প্রতিবন্ধী এবং যাদের দেখার কেউ নেই এদের জন্য অন্তত একবেলা খাবার তৈরি করে খাওয়ানোর বন্দোবস্ত করা ইত্যাদি)।

সহায় প্রক্রিয়া ও কর্মসূচির সুষ্ঠু রূপায়ণের উদ্দেশ্যে প্রতিটি গ্রাম পঞ্চায়েতের মোট খরচের সর্বোচ্চ ৭০%(সত্তর শতাংশ) পর্যন্ত রাজ্য সরকার বহন করবে। তবে, একই সঙ্গে বিশেষভাবে উল্লেখ্য, এই যে কর্মসূচির আওতায় অতি দুঃসহ ও সহায়-সম্বলহীন ব্যক্তিদের অবস্থার উন্নয়নের উদ্দেশ্যে, রাজ্য সরকার প্রদেয় সহায়তার পরিমাণ মাথাপিছু দিন প্রতি সাত টাকার বেশি হবে না।

এ বিষয়ে বিশদ নির্দেশিকা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ওয়েবসাইটে পাওয়া যাবে (WWW.Prd.gov.in/notification সহায় ০৩.১০.২০০৮।

মুক্ত চিড়িয়াখানা গড়ে তোলার পরিকল্পনা

৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪) **শ্রী জানে আলম মিঞা** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার একটি বড় ধরনের মুক্ত চিড়িয়াখানা গড়ে তোলার পরিকল্পনা নিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কোথায় তা গড়ে তোলা হবে ও তার রূপরেখা কীরূপ ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, কেন্দ্রীয় চিড়িয়াখানা কর্তৃপক্ষের মতামত অনুসারে রাজ্য সরকার বর্তমান তালিকার চিড়িয়াখানার একটি স্যাটেলাইট ফেসিলিটি (Satellite Facility) গড়ে তোলার পরিকল্পনা নিয়েছে।

(খ) উক্ত ফেসিলিটি দক্ষিণ চব্বিশ পরগনা জেলার অন্তর্ভুক্ত সোনারপুর থানার অন্তর্গত ভগবানপুর মৌজায় গড়ে তোলার পরিকল্পনা করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে স্থির হয়েছে যে উক্ত ফেসিলিটিতে আলিপুর চিড়িয়াখানার কিছু

বন্যপ্রাণী স্থানান্তরিত হবে; বিশেষত, যে সমস্ত বন্যপ্রাণী জলা জায়গায় পরিবেশ মানিয়ে নিতে পারবে।

পশ্চিম মেদিনীপুর জেলায় বন্যায় ক্ষয়ক্ষতির পরিমাণ

১০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯) শ্রী সেখ জাহাঙ্গীর করিম: বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) বিগত বন্যায় পশ্চিম মেদিনীপুর জেলায় ক্ষয়ক্ষতির পরিমাণ কত ; এবং

(খ) সরকারি সাহায্যের পরিমাণ কত ?

বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বিগত বন্যায় পশ্চিম মেদিনীপুর জেলায় ১৭টি ব্লকের ৬৪১০টি গ্রাম ও ২টি মিউনিসিপ্যালিটি ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়া ৭০,৯৮৮হেক্টর জমির ফসল ক্ষতিগ্রস্ত হয়েছে ৮৭,৩৫৭টি গৃহ পূর্ণ এবং ৯৬,২১২টি গৃহ আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত প্রাইমারি বিদ্যালয় ভবনের সংখ্যা হল ১৮৪টি এবং মাধ্যমিক বিদ্যালয় ভবনের সংখ্যা হল ৮৩টি। মোট মৃত ব্যক্তির সংখ্যা ৮৬জন।

(খ) সরকারি সাহায্যের পরিমাণ নিম্নরূপ :

ক্ষতিগ্রস্ত মানুষদের মধ্যে নিম্নলিখিত তালিকা অনুযায়ী দ্রব্যসামগ্রী ও অর্থ বণ্টন করা হয়েছে।

(১) চাল্ (বিশেষ জি.আর.)—২,৬৯৭ মেট্রিক টন,

(২) রিলিফ কনটিনজেন্সি—১,১৬,১৯,৬২৭ টাকা,

(৩) ত্রিপল—১,৬৩,৪৫০টি,

(৪) শাড়ি—৪০,০০০টি,

(৫) ধুতি—৪০,০০০টি

(৬) লুঙ্গি—৪০,০০০টি

(৭) শিশুদের পোশাক—৪৫,০০০টি

(৮) উলের কম্বল—২৫,০০০টি

(৯) সরকারি অনুদান (এক্সগ্রাসিয়া গ্রান্ট)—৩৬,৪০,০০০ টাকা, গৃহ নির্মাণ (আংশিক এবং পূর্ণ) বাবদ মোট ৭৩,০০,০০,০০০ টাকা বরাদ্দ করা হয়েছে। এছাড়া বিভিন্ন দপ্তরকে বন্যাত্রাণে ২৭,২২.০৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

বন্যায় ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ

১১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১) **শ্রী সেখ জাহাঙ্গীর করিম** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে রাজ্যে বন্যায় ক্ষতিগ্রস্ত পাকা রাস্তাগুলি মেরামত করার জন্য কত পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে সবং, পিংলা ও ডেবরা ব্লকের ক্ষতিগ্রস্ত রাস্তার পরিমাণ কত ও উক্ত বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাস্তা, সেতু, কালভার্ট মেরামতির জন্য পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগ মোট ১০,৬৫,০০,০০০ টাকা(দশ কোটি পঁয়ষট্টি লক্ষ টাকা) পেয়েছে।

(খ) সবং, পিংলা ও ডেবরা ব্লকের মোট ৬০ কি.মি. (প্রায়) রাস্তা গত বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে। ওই সব রাস্তা মেরামতির জন্য ৫০,০০,০০০ (পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।

জেলা শহরগুলির সঙ্গে কলকাতার বিমান যোগাযোগ

১২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০) **শ্রী রামপদ সামন্ত** : পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া, খড়গপুর, কোচবিহার প্রভৃতি স্থানের ছোট ছোট বিমান বন্দরের উন্নতি ও পশ্চিমবঙ্গের জেলা শহরগুলি সঙ্গে কলকাতার বিমান যোগাযোগ স্থাপন করার ক্ষেত্রে সরকার কার্যকরী কোনো পদক্ষেপ নিয়েছে কি ; এবং

(খ) নিয়ে থাকলে তা কিরূপ ?

পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন জেলা শহরগুলির সাথে কলকাতা বিমান বন্দরের যোগাযোগ স্থাপন করার ব্যাপারে সবসময় উদ্যোগী এবং সচেষ্ট আছেন।

(খ) এরমধ্যে কোচবিহার বিমান ক্ষেত্রটি এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া কর্তৃক আধুনিকীকরণ করা হয়েছে। এরমধ্যে পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন আর্থিক এবং পরিকাঠামোগত সহায়তার মাধ্যমে (প্রায় ১২ কোটি টাকার বেশি) বিমান চলাচলের উপযোগী করে তোলা হয়েছে। অদ্যাবধি কোনো বিমান সংস্থা উড়ান চালানোর ব্যাপারে উদ্যোগী না হওয়ায় বিমান চলাচল এখনো শুরু হয়নি। পুরুলিয়া শহরের নিকটে ছড়রাতে একটি পরিত্যক্ত রানওয়েতে

বিমান চলাচলের উপযোগী করে তোলার জন্য অতি সম্প্রতি পশ্চিমবঙ্গ সরকার 'আগ্রহী পত্র' (এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট) আহ্বান করেছে। যার শেষ তারিখ ৮ই ডিসেম্বর, ২০০৮। খড়্গপুরে এক্ষুনি কোনো প্রস্তাব পরিবহণ দপ্তরের কাছে নেই।

রাজ্যে বিদ্যুৎ ঘাটতি

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৯) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক :** বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০০৭ থেকে ৩১শে মার্চ, ২০০৮ পর্যন্ত সময়কালে রাজ্যে মোট কি পরিমাণ বিদ্যুৎ ঘাটতি হয়েছিল ; এবং

(খ) ঘাটতি মেটানোর জন্য উক্ত সময়ে অন্য রাজ্য থেকে মোট কি পরিমাণ বিদ্যুৎ আমদানি করা হয়েছিল ?

বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১লা জানুয়ারি, ২০০৭ থেকে ৩১শে মার্চ ২০০৮ পর্যন্ত সময়কালে রাজ্যে মোট ৭০২.৮৫৩ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ ঘাটতি হয়েছিল।

(খ) উক্ত সময়ে রাজ্যের বাইরে থেকে মোট ৩৩৩.২০ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ আমদানি করা সম্ভব হয়েছিল।

ফুলিয়া হ্যান্ডলুম এক্সপোর্ট মার্ট নির্মাণ প্রকল্প

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৪) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক :** ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার শান্তিপুরে ফুলিয়া হ্যান্ডলুম এক্সপোর্ট মার্ট নির্মাণ প্রকল্পটির কাজ কবে নাগাদ শুরু হবে ;

(খ) এই প্রকল্পটির জন্য এ পর্যন্ত কেন্দ্রীয় সরকার কর্তৃক দেয় অর্থের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত নির্মাণ কাজ শুরু হতে বিলম্বের কারণ কি ?

ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রকল্পটি রূপায়ণের দায়িত্বে আছেন নদীয়া জেলা শাসকের অফিস, প্রকল্পের ব্যয় বর্ধনের জন্য প্রকল্পটির কাজ শুরু করা হয়নি। নদিয়া জেলাশাসকের অফিস-এর ব্যয় বর্ধনের প্রস্তাবটি তৈরি করেছেন এবং পঞ্চায়েত ও

গ্রামোন্নয়ন পরিকল্পনা দপ্তরের প্রয়োজনীয় টেকনিক্যাল ভেটিং-এর জন্য পাঠানো হয়েছে, ফলত প্রকল্পটির কাজ অতি শীঘ্র শুরু করা যাবে, আশা করা যায়।

(খ) এই প্রকল্পটির জন্য কেন্দ্রীয় সরকারের মঞ্জুরিকৃত অর্থের পরিমাণ ৭০০.০০ লক্ষ টাকা। রাজ্য সরকার ৩৭.০০ লক্ষ টাকা দিয়েছে।

(গ) প্রকল্পটির Detailed Project Report-এর চূড়ান্ত পর্যায়ে তৈরির কাজ চলছে।

Tigers entering Human habitation in Sundarban areas

15. (Admitted Question No.182) **Shri Saugata Roy :** Will the Minister-in-Chargae of the Forest Department be pleased to state—

(a) The number of cases of tigers entering Human habitation in Sundarban areas from January 2008 to October 2008 ;

(b) The number of tigers killed ; and

(c) The number of human being killed by tiger therein ?

Minister-in-Charge of the Forest Department :

(a) 9 Nos.

(b) 1 No.

(c) Nil.

Licence to Metro Cash and Carry

16. (Admitted Question No.186) **Shri Saugata Roy :** Will the Minister-in-Chargae of the Agriculture Marketing Department be pleased to state—

(a) Whether a German firm Metro Cash and Carry has been given Licence to start business this year ; and

(b) If so, the terms of the Licence(briefly) regarding retail/ wholesale trade in vegetables ?

Minister-in-Charge of the Agriculture Marketing Department :

(a) The Licence has been given by the South 24 Parganas Regulated Market Committee to M/s. Metro Cash and Carry Pvt.Ltd. on 10.10.2008 for a period of one year.

(b) The terms and conditions of the Licence is given below for kind perusal of the Hon'ble MLA, West Bengal Legislative Assembly.

Terms and conditions of licence under Rule 7 of the West Bengal Agricultural Produce Marketing (Regulation) Rules, 1982.

7 (1) A licence granted or renewed under sub-rule (1) 6 shall be subject to the following terms and conditions, namely :—

(a) the licensee shall abide by the provisions to the Act and the rules, and the buy-laws made by the market committee, and the directions issued by the market committee, for the purpose of carrying out the provisions of the Act and the rules made thereunder,

(b) the licence shall be valid for one year or such lesser period as the market committee may determine, and shall expire unless it is renewed,

(c) the licence may, at the discretion of the market committee be renewed for one year or such lesser period as the market committee may determine,

(d) the licence shall be valid for the person in whose name it is issued and shall not be transferred,

(e) the licence shall carry on business in such capacity only and at such place for which the licence is issued and shall not carray on any other business at such place or places on the same businsess in any other place in the concerned market area,

(f) the licence shall not adulterate or cause any agricultural produce to be adulterate,

(g) the licence shall provide for standard weights and measures, and shall conduct his business honestly according to the principles of fair dealing,

(h) the licence shall help the market committee in preventing evasion of market fees, shall not permit evasion or infringement of any provision of the Act, the rules and bye-laws and shall report to the market committee,

(i) the licence shall not engage the services of any assistant other than those mentioned in the licence, in connection with the business for which the licence is taken and shall not boycott or encourage boycotting of any other licence,

(j) all acts of assistants or agents engaged by the licensee shall be deemed to be the acts done on behalf of the licensee with his express or implied permission.

(k) the licensee shall maintain books, registers and records in manner required by the market committee and shall furnish such information and returns to the maket committee as may be required by it from time to time.

(l) the licence shall render all reasonable faciliaties for inspection, verification and checking of weights and measures and books of accounts, registers and records, maintained by him, by the market committee or its Secretary or any officer duty authorised on that behalf by him.

(m) the licence shall properly inspect the produce before taking delivery, get it weighed and measured and shall not repudiate any deal once made on any account latter on.

(n) the licence shall not solicit or receive any fee or recover any charge other than those he is entitled to receive of recover in accordance with the provisions of the Act and the rules and the bye-laws made thereunder.

(o) the licence shall not make or recover any trade allowance.

(p) the licence shall all transactions in cash, unless he has deposited with the market committee a cash security or bank guarantee and taken permission for credit transaction and shall submit all his dispute to the market committee conciliation.

(q) the licence shall not accept any employment with any other licensee,

(r) the licence shall keep is place of business neat, clean and accessible to the satisfaction of the market committee, and shall not indulge in activities and transaction detrimental to the trade and proper functioning of the market.

(s) the licence, if he is a company or a firm shall inform the market committee of any change in the partnership/board of directors.

(t) the licensee shall be able to be suspended or cancelled in accordance with the provisions of the Act and the rules made thereunder.

(u) in the event of suspension or cancellation of the licence, the licensee shall surrender if forthwith to the market committee.

(v) the licensee shall not cancel or discontinue business except after giving to the market committee one month's notice of his intension of doing so and shall surrender his licence immediately so such suspension or discontinuation of busisnsess.

(w) the licensee, if a broker, shall furnish to the market committee weekly report showing the quantity of agricultural produce purchased or sold by each trader though his mediation of shall not act as a broker or more than one party in a transaction.

(x) the licensee, if a surveyor, measurer or weighman, shall survey, measure and weigh agricultural produce in the presence of the owner, trader or commission agent and correctly record the report of the measure or weighment in the weighment report or slip and get it endorsed by the buyer and seller, shall not take up any service under any trader, buyer or commission agent and shall only use standard and authorised scales and weights and measures.

ডেঙ্গু, চিকুনগুনিয়া ও এনকেফেলাইটিস রোগীদের রক্ত পরীক্ষার ব্যবস্থা

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৪) শ্রী **শোভনদেব চট্টোপাধ্যায়** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে রাজ্যে ডেঙ্গু, চিকুনকগুনিয়া ও এনকেফেলাইটিস রোগীদের রক্ত পরীক্ষার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে বা করছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

ডেঙ্গুর সম্ভাব্য রোগীদের নিম্নলিখিত কেন্দ্রগুলিতে রক্ত পরীক্ষার ব্যবস্থা আছে।

১। আই.সি.এম.আর. ভাইরাস ইউনিট, বেলেঘাটা, কলকাতা ;

২। স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন, কলকাতা ও

৩। রাজ্যের সমস্ত মেডিক্যাল কলেজ।

চিকুনগুনিয়ার সম্ভাব্য রোগীদের নিম্নলিখিত কেন্দ্রগুলিতে রক্ত পরীক্ষার ব্যবস্থা আছে—

১। আই.সি.এম.আর. ভাইরাস ইউনিট, বেলেঘাটা, কলকাতা ; ও

২। স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন, কলকাতা ।

এনকেফেলাইটিস-এর সম্ভাব্য রোগীদের নিম্নলিখিত কেন্দ্রগুলিতে রক্ত পরীক্ষার ব্যবস্থা আছে—

১। আই.সি.এম.আর. ভাইরাস ইউনিট, বেলেঘাটা, কলকাতা ;

২। স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন, কলকাতা ও

৩। বর্ধমান মেডিক্যাল কলেজ, বর্ধমান।

এছাড়াও ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধির সাথে সাথে জেলাগুলিতে ডেঙ্গু শনাক্তকরণের জন্য ‘‘র‍্যাপিড ডায়গোনস্টিক কিট’’ সরবরাহ করা হয়েছে।

ডব্লিউ.বি.সি.এস. অফিসারকে আই.এ.এস. পদে উন্নীতকরণ

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ২১৫) **শ্রীমতী সোনালী গুহ (বোস) :** কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারি, ২০০৮ থেকে ৩১শে অক্টোবর, ২০০৮ পর্যন্ত রাজ্যের কতজন ডব্লিউ.বি.সি.এস. অফিসারকে আই.এ.এস. পদে উন্নীত করা হয়েছে ?

কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

একজনও না।

অজানা জ্বরের প্রাদুর্ভাব

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২২) **শ্রীমতী সোনালী গুহ (বোস) :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, কলকাতা মহানগর সহ রাজ্যের বিভিন্ন জেলায় অজানা জ্বরের প্রাদুর্ভাব ঘটেছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়: যেহেতু প্রায় সব ক্ষেত্রেই জ্বরের নির্দিষ্ট কারণ জানা গেছে তাই কোনো বিশেষ ধরনের অজানা জ্বরের প্রাদুর্ভাব ঘটেছে একথা বলা যায় না।

নন্দীগ্রাম ও সিঙ্গুরে অসুস্থ ও আহত রোগীদের চিকিৎসার জন্য ব্যয়িত অর্থের পরিমাণ

২০। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫) **শ্রী অশোক কুমার দেব :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০০৭ থেকে ৩১শে আগস্ট, ২০০৮ পর্যন্ত সময়কালে নন্দীগ্রাম ও সিঙ্গুরে অসুস্থ ও আহত রোগীদের চিকিৎসার জন্য সরকার কি পরিমাণ অর্থ ব্যয় করেছে ; এবং

(খ) উপরোক্ত জায়গা দুটিতে অসুস্থ ও আহত রোগীর মোট সংখ্যা কত ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এলাকাভিত্তিক অসুস্থ ও আহত রোগীদের চিকিৎসা সংক্রান্ত ব্যয়ের তথ্য কোনো সরকারি হাসপাতালে রাখা হয় না।

(খ) একইভাবে, এলাকাভিত্তিক অসুস্থ ও আহত রোগীর তথ্য স্বাস্থ্য দপ্তরে রাখা হয় না।

ম্যালেরিয়া, ডেঙ্গু, ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া ও ম্যানেনজাইটিস ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যা

২১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭) **শ্রী অশোক কুমার দেব :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০০৭ থেকে ৩১শে সেপ্টেম্বর, ২০০৮ পর্যন্ত সময়কালে রাজ্যে ম্যালেরিয়া, ডেঙ্গু, ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া ও ম্যানেনজাইটিস ম্যালেরিয়া কতজন আক্রান্ত হয়েছে ; এবং

(খ) তন্মধ্যে, কতজনের মৃত্যু হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১লা জানুয়ারি, ২০০৭ থেকে ৩০শে সেপ্টেম্বর, ২০০৮ পর্যন্ত আক্রান্তের সংখ্যা ম্যালেরিয়া-১,৩০,৫০২, ডেঙ্গু-২৮২ এবং ম্যালেরিয়া-৩৩,৩৫৭জন। উল্লেখ করা যায় যে, ম্যালিগন্যান্ট 'ম্যানেনজাইটিস ম্যালেরিয়া' নামে কোনো রোগ বর্তমান জাতীয় কর্মসূচীতে ব্যবহৃত হয় না।

(খ) তন্মধ্যে, ম্যালেরিয়াতে মৃত্যুর সংখ্যা ১৭২ জন এবং ডেঙ্গুতে মৃত্যুর সংখ্যা ৪ জন।

২০০৮ সালে রাজ্যে অগ্নিকাণ্ডের সংখ্যা

২২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩০) **শ্রী অশোক কুমার দেব** : অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ২০০৮ জানুয়ারি থেকে ২০০৮ অক্টোবর পর্যন্ত রাজ্যে অগ্নিকাণ্ডের সংখ্যা কত ;

(খ) রাজ্য সরকার কতজনকে অর্থ সাহায্য করেছে ; এবং

(গ) তার পরিমাণ কত ?

অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২৬৯৪টি।

(খ) অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগ থেকে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণকে অর্থ সাহায্য দেওয়ার কোনো ব্যবস্থা নেই। তবে রাজ্য সরকার কখনও কখনও অর্থ সাহায্য করে থাকে। সোদপুর রেডিমেড সেন্টার অগ্নিকাণ্ডে রাজ্য সরকার ১২জনকে ১ লক্ষ টাকা করে মোট ১২ লক্ষ টাকা অর্থ সাহায্য করেছেন।

(গ) অগ্নি নির্বাপণ ও জরুরি পরিষেবা দপ্তর যেহেতু অর্থ সাহায্য করে না তাই পরিমাণের প্রশ্ন ওঠে না।

চিকিৎসার জন্য সরকারি আর্থিক সাহায্য

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৩১) **শ্রী অশোক কুমার দেব** : মুখ্যমন্ত্রীর সচিবালয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

(ক) ১লা জুলাই, ২০০৭ থেকে ৩১শে অক্টোবর, ২০০৭ পর্যন্ত কতজন চিকিৎসার জন্য সরকারি অর্থ সাহায্য পেয়েছেন ; এবং

(খ) ওই রূপ সাহায্যের পরিমাণ কত ?

মুখ্যমন্ত্রীর সচিবালয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১লা জুলাই, ২০০৭ থেকে ৩১শে অক্টোবর, ২০০৭ পর্যন্ত চার মাসে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে মোট ৪৮৮ জন চিকিৎসার জন্য অর্থ সাহায্য পেয়েছেন।

(খ) সাহায্যের পরিমাণ ৪৯.৩০ লক্ষ টাকা।

সেলফ ফাইনান্সিং কলেজ ও সেলফ ফাইনান্সিং কোর্স

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৮) **ডঃ শ্রুতিনাথ প্রহরাজ :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সেলফ ফাইনান্সিং কলেজগুলি ও সেলফ ফাইনান্সিং কোর্স পরিচালনকারী কলেজগুলির বর্তমান অবস্থা খতিয়ে দেখার জন্য কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, তা কি ধরনের ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) রাজ্য সরকারের পক্ষে পশ্চিমবঙ্গ রাজ্য উচ্চশিক্ষা সংসদকে বিষয়টি যাচাই করতে বলা হয়েছে।

মুসলিম সম্প্রদায়ভুক্ত মানুষদের জন্য আবাসন তৈরির পরিকল্পনা

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৪) **শ্রী মহঃ রেফাতুল্লাহ :** সংখ্যালঘু বিষয়ক এবং মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতার বস্তি অঞ্চলে বসবাসকারী মুসলিম সম্প্রদায়ভুক্ত মানুষদের জন্য আবাসন তৈরির কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

সংখ্যালঘু বিষয়ক এবং মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : কলকাতা পৌরসংস্থার উদ্যোগে কলকাতা শহরে এ যাবৎ মোট ৮৯৮০টি ফ্ল্যাট নির্মাণের প্রকল্প অনুমোদিত হয়েছে। এর মধ্যে ৩২০টি গার্ডেনরিচ অঞ্চলে (ওয়ার্ড ১৩৮), ১১৪০টি ৫৯নং ওয়ার্ডে এবং বাকী ৭৫২০টি ৫৮নং ওয়ার্ড অঞ্চলে অবস্থিত। এসব অঞ্চলের বস্তিগুলিতে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষরা বহুল সংখ্যায় বসবাস করেন। সুতারাং এই প্রকল্পগুলিতে তাঁরাও উপকৃত হবেন বলে মনে করা যেতে পারে। এ ছাড়াও শহরের বিভিন্ন সংখ্যালঘু অধ্যুষিত অঞ্চলেও প্রকল্প.তৈরি করার প্রচেষ্টা চলছে।

বিদ্যালয়গুলির সার্বিক গুণগত মান উন্নয়ন

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৬) **শ্রী মহঃ রেফাতুল্লাহ :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের বিদ্যালয়গুলির সার্বিক গুণগত মান-উন্নয়নে সরকার কী কী ব্যবস্থা গ্রহণ করেছে/করছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(১) সার্বিক গুণগত মান-উন্নয়নের জন্য প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বিশেষ জোর দেওয়া হয়েছে শিক্ষক-শিক্ষিকাদের প্রশিক্ষণের (in-service) উপর। প্রশিক্ষণে যেমন ইংরেজি ভাষা শিক্ষাদানের পদ্ধতি ও প্রকরণ অন্তর্ভুক্ত ; গণিত শিক্ষাদানের উপরও জোর দেওয়া হয়েছে। তেমনি মাধ্যমিক স্তরে বিজ্ঞানও এই প্রশিক্ষণের অন্তর্ভুক্ত হয়েছে।

(২) 'পরিদর্শনকে' শুধু 'উপস্থিতি অনুপস্থিতির' (শিক্ষক-ছাত্র উভয়ের ক্ষেত্রে) যাচাই-এর স্তরে আটকে না রেখে 'শিক্ষাদানের পদ্ধতি, উপযোগিতা, ধারাবাহিক মূল্যায়ন ও বাৎসরিক পরীক্ষার ফলাফলের পর্যালোচনা' এগুলির অন্তর্ভুক্তি ঘটানো হয়েছে।

পাঠ্য বিষয়গুলিকে ভাগ করে পর্ব ভিত্তিক ইউনিট পরীক্ষা চালু করা হয়েছে। প্রশ্নের ধরন, মূল্যায়ন পদ্ধতি এবং সংশোধনী পাঠের মাধ্যমে গুণগত মান উন্নয়নের প্রচেষ্টা চলছে।

এ জন্য 'পরিদর্শন' এর শিক্ষাগত 'উন্নয়ন', উন্নত 'প্রশাসন' ইত্যাদির জন্য ব্লক, মহকুমা ও জেলাস্তরে আলাদা আলাদা 'পরিদর্শক' পদসমূহের নতুন করে সৃষ্টি করা হচ্ছে।

(৩) প্রাথমিকস্তরে প্রথম ও তৃতীয় শ্রেণিতে মূল্যায়নের এবং সংশোধনীর মাধ্যমে গুণগত মান যাচাই করা হচ্ছে, বিদ্যালয় পরিচালন কমিটিকে শিক্ষাগত ক্রমোন্নয়নের দায়িত্ব দেওয়া হচ্ছে।

রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৭১) **ডঃ আশীষ ব্যানার্জী :** শ্রম বিভাগের রাষ্ট্র মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে অক্টোবর, ২০০৮ সাপেক্ষে রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা কত ?

শ্রম বিভাগের রাষ্ট্র মন্ত্রিমহোদয় :

৩১ শে অক্টোবর, ২০০৮ সাপেক্ষে রাজ্যে নথিভুক্ত বেকারের সংখ্যা হল ৫৯,৩৮,৫৬২।

ভূমিহীন মানুষদের পাট্টা প্রদান

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৫) **ডঃ আশীষ ব্যানার্জী :** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০৭-২০০৮ বছরে রাজ্যে কতজন ভূমিহীন মানুষকে পাট্টা দেওয়া হয়েছে ?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০০৭-২০০৮ বছরে রাজ্যে মোট ৫৩,৬০৫ জন ভূমিহীন মানুষকে পাট্টা দেওয়া হয়েছে।

বিলিকৃত পাট্টায় মোট জমির পরিমাণ হল ১০,৯৫২ একর।

বহরমপুরের অসমাপ্ত স্টেডিয়াম

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৮৮) **শ্রী মুকুল মণ্ডল :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার বহরমপুরে নির্মীয়মাণ অসম্পূর্ণ স্টেডিয়ামটি কবে নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কাজটি যাতে দ্রুত সম্পূর্ণ করা যায় সে ব্যাপারে ব্যবস্থা নেওয়া হচ্ছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা চলছে।

নবগ্রাম ব্লক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে উন্নীতকরণ

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২৯২) **শ্রী মুকুল মণ্ডল :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নবগ্রাম ব্লক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ হাসপাতালে উন্নীত করার কোনো পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কিরূপ ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সরকারের গৃহীত নীতি অনুযায়ী সমস্ত ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিকে অন্তত ৩০ শয্যা বিশিষ্ট হাসপাতালে পর্যায়ক্রমে উন্নীত করা হবে। প্রথম পর্যায়ে ৮৩টি ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র উন্নীত করা হয়েছে। দ্বিতীয় পর্যায়ে ৯৩টিকে উন্নীত করার বিষয়টি বিবেচনাধীন। পরবর্তী পর্যায়ে নবগ্রাম ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে উন্নীত করার কথা বিবেচনা করা যেতে পারে।

(খ) উপরোক্ত রূপরেখার সঙ্গে একথা যুক্ত করা প্রয়োজন যে সব ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলি জেলা হাসপাতাল, মহকুমা হাসপাতাল, রাজ্য সাধারণ হাসপাতালের নিকটবর্তী, সেগুলিকে উন্নীত করার ব্যাপারে বর্তমানে বিবেচনা করা হবে না।

মুর্শিদাবাদ জেলার পর্যটন শিল্পের উন্নয়নে গুরুত্ব প্রদান

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৪) **শ্রী মুকুল মণ্ডল :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় পর্যটন শিল্পের উন্নয়নে কোন কোন বিষয়কে গুরুত্ব দেওয়া হয়েছে ; এবং

(খ) কতদিনের মধ্যে উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মুর্শিদাবাদ জেলায় পর্যটন শিল্পের উন্নয়নে নিম্নলিখিত পর্যটনচক্রগুলিকে গুরুত্ব দেওয়া হয়েছে :

(১) ইসলামপুর-লালবাগ-জিয়াগঞ্জ

(২) আহিরণ-সুভাষদ্বীপ-সাগরদীঘি-নবগ্রাম

(৩) কান্দি-কর্ণসুবর্ণ-বহরমপুর।

কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত গঙ্গাবক্ষে ঐতিহ্যবাহী পর্যটনচক্রের অন্তর্গত কলকাতা থেকে আজিমগঞ্জ পর্যন্ত কিছু নির্দিষ্ট ঘাটের পরিকাঠামো উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এই প্রকল্পের আওতায় মুর্শিদাবাদ জেলার লালবাগ, আজিমগঞ্জ-বরানগর ও বহরমপুর এ পর্যটকদের মনোরঞ্জন ও সুবিধার্থে আলোকসজ্জা, শৌচালয়, প্রসাধন কক্ষ, মালপত্র রাখার জায়গা, পর্যটক অভ্যর্থনা কেন্দ্র, স্থান নির্দেশক, গাড়ি রাখার স্থান ইত্যাদি নির্মাণের পরিকল্পনার রয়েছে।

(খ) উপরে প্রথম অনুচ্ছেদে উল্লেখিত প্রস্তাবিত তিনটি পর্যটনচক্র প্রকল্পের খসড়া প্রতিবেদন প্রস্তুত হচ্ছে। প্রতিবেদন চূড়ান্ত হলে কেন্দ্রীয় সরকারের অনুমোদন সাপেক্ষে যত শীঘ্র সম্ভব কাজ শুরু হবে।

অপরদিকে উপরে দ্বিতীয় অনুচ্ছেদে উল্লেখিত কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত গঙ্গাবক্ষে ঐতিহ্যবাহী পর্যটনচক্র প্রকল্পের প্রাথমিক কাজ শুরু হয়েছে।

Number of Small Industries

32. (Admitted Question No.296) **Smt. Sayeda Farhat Afroz :** Will the Minister-in-Charge of the Micro & Small Scale Enterprises and Textiles Department be pleased to state—

the number of small Industries in the State (District-wise break up) :

Minister-in-Charge of the Micro & Small Scale Enterprises and Textiles Department : 1. District-wise registered SSI and total SSI units as reflected in the 3rd Industrial Census is given below :

SL No.	Name of the District	No.of Regd. Units	No.of Total Units
1.	Darjeeling	745	14,856
2.	Jalpaiguri	1,680	24,286
3.	Coochbehar	544	21,306
4.	Uttar Dinajpur	506	19,442
5.	Dakshin Dinajpur	363	21,763
6.	Malda	1,027	24,362
7.	Murshidabad	2,104	73,496
8.	Birbhum	1,395	48,162
9.	Burdwan	3,597	51,970
10.	Nadia	1,792	25,946
11.	North 24Parganas	3,286	83,774
12.	Hooghly	2,631	31,848
13.	Bankura	1,850	17,225
14.	Purulia	1,244	20,413
15.	Midnapur	4,014	1,07,187
16.	Howrah	7,319	55,223
17.	Kolkata	6,411	61,895
18.	South 24Parganas	1,640	68,234
	Total	43,148	7,71,388

2. 4th Industrial Census is going on, details can be available only after publication of Survey Report.

উত্তর দিনাজপুর জেলায় সরকারি লাইব্রেবির সংখ্যা

৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৯) শ্রীমতী সায়েদা ফারহাত আফ্রোজ : জন শিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

উত্তর দিনাজপুরে সরকারি লাইব্রেবির সংখ্যা কত ?

জন শিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

উত্তর দিনাজপুর জেলায় ১টি সরকারি গ্রন্থাগার আছে। গ্রন্থাগারটি রায়গঞ্জ কর্নজোড়াতে অবস্থিত সরকারি জেলা গ্রন্থাগার। এছাড়া উত্তর দিনাজপুর জেলায় নিম্নলিখিত সংখ্যায় সরকার পোষিত গ্রন্থাগার আছে :

শহর গ্রন্থাগার : ৪টি,

গ্রামীণ গ্রন্থাগার : ৪৮টি,

প্রাইমারি ইউনিট গ্রন্থাগার : ৩টি।

স্বনির্ভর গোষ্ঠীর অগ্রগতি ও উৎপাদিত সামগ্রী

৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩০০) **শ্রীমতী চন্দ্রলেখা বাগ** : স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে স্বনির্ভর গোষ্ঠীগুলিতে কোন কোন ধরনের সামগ্রী বেশি পরিমাণে উৎপাদিত হয় ; এবং

(খ) ওই রূপ গোষ্ঠী গঠনে জেলার অগ্রগতি কিরূপ ?

স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) (১) পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ কর্তৃক স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনার অন্তর্গত স্বনির্ভর গোষ্ঠীগুলির মূলত প্রাইমারি সেক্টর যেমন ধান চাষ, ক্ষুদ্র সেচ, ফুল চাষ, ছাগল পালন, মুরগি পালন ইত্যাদির সঙ্গে যুক্ত। বেশী পরিমাণে উৎপাদিত দ্রব্যগুলির মধ্যে পোশাক, জরি, কাঁথা, বাটিক, চামড়ার ব্যাগ, খাদ্য প্রক্রিয়াকরণজাত সামগ্রী, গুঁড়ো মশলা, টেরা কোটা, পাটজাত সামগ্রী, শোলার কাজ, পরচুলা তৈরি, মাছের জাল তৈরি, শাল পাতার থালা, ঝিনুকের গয়না, তুলোর পুতুল ইত্যাদি রয়েছে।

(২) নাবার্ড-এর গোষ্ঠীগুলির অধিকাংশই প্রাইমারি সেক্টরের সঙ্গে যুক্ত।

(৩) পুর বিভাগ কর্তৃক রূপায়িত স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনার অন্তর্গত দলগুলি প্রধানত রেডিমেড পোশাক, শাড়ি, বিছানার চাদর, কুশান কভার ইত্যাদির সূচি শিল্প, চামড়া/ফোম/কাপড় ইত্যাদির সুটকেশ ও ব্যাগ/ফোল্ডার তৈরি, গামছা ও মশারি তৈরি, বুটিক, বাঁধনী, জরি শিল্প, বড়ি, পাঁপড়, আচার, জ্যাম, জেলি, চানাচুর, মুড়ি, নুডলস, তেলেভাজা ইত্যাদি খাদ্যসামগ্রী প্রস্তুত, নিজেদের রান্না করা খাদ্য-সামগ্রী নিয়ে ক্যান্টিন চালানো/বাড়ি বাড়ি সরবরাহ করা, মাশরুম উৎপাদন, পাটজাত সামগ্রী, মাছ ও রঙিন মাছ চাষ, ছাগল পালন, তামা ইত্যাদির গহনা তৈরি, ছাতাতে সূচি শিল্প, হলুদ, জিরা, লঙ্কা,গরম মশলা ইত্যাদি গুঁড়ো মশলা প্রভৃতির সঙ্গে যুক্ত।

(খ) জেলাওয়াড়ি গোষ্ঠীর সংখ্যা নীচে দেওয়া হল :

জেলা ভিত্তিক স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা

ক্রমিক সংখ্যা	জেলার নাম	এস.জি.এস.ওয়াই দলের সংখ্যা	নাবার্ড-এর দলের সংখ্যা
১।	বাঁকুড়া	১২,৯৯৮	২০,৩৬১
২।	পুরুলিয়া	১৭,৪২৮	৯,৫৪৬
৩।	নদীয়া	১১,১৬৯	৩২,৯০৫
৪।	উত্তর ২৪-পরগনা	১৪,০৬৩	৪২,৭৮০
৫।	হুগলি	৬,৩৯৬	৩১,৩৫৬
৬।	দক্ষিণ ২৪-পরগনা	১৩,৩৩৮	২৮,৭৯০
৭।	দার্জিলিং	৪,৭৭০	৪,৯৫৫
৮।	কোচবিহার	১২,৫৪৪	১৫,৫৪৯
৯।	বর্ধমান	১৪,৬৭০	২৭,৩১৭
১০।	মালদহ	১৪,৯৭০	১৮,৬৩৮
১১।	জলপাইগুড়ি	১৯,৩৪১	১৪,৯৮১
১২।	উত্তর দিনাজপুর	৭,৭৭২	১১,২০৯
১৩।	দক্ষিণ দিনাজপুর	৯,২৬৮	৮,৫০৯
১৪।	মুর্শিদাবাদ	১৯,০৪৬	২২,৩৭৪
১৫।	হাওড়া	৬,৬৪৪	১৬,০৪৪
১৬।	বীরভূম	১৫,৭৭২	১৯,২৯৪
১৭।	পূর্ব মেদিনীপুর	১৬,০৪৪	২৬,২১৭
১৮।	পশ্চিম মেদিনীপুর	২২,৪৯৪	১৪,৯৮০
১৯।	কলকাতা	—	—
	মোট	২,৩৮,৭২৭	৩,৬৫,৮০৫

এছাড়া পুর বিভাগের অন্তর্গত স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনার অন্তর্গত থ্রিফট অ্যান্ড ক্রেডিট গ্রুপের সংখ্যা ২৭,০৪৪। সিডবি কর্তৃক গঠিত দলের সংখ্যা ৭১,০৮৬।

বলাগড়ে রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনার কাজ

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৪) **শ্রী ভুবন প্রামাণিক :** বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি জেলায় বিশেষতঃ বলাগড়ে রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনার কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হুগলি জেলার বলাগড় ব্লকের ৯০টি বসতিতে বৈদ্যুতিক নিবিড়করণের কাজ করা হবে। উক্ত কাজ রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনার দ্বিতীয় পর্যায়ের (একাদশ পরিকল্পনা) অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রাথমিক স্তরে দরপত্র আহ্বান, দরপত্রের তালিকা প্রস্তুতি ইত্যাদি বিভিন্ন কাজ সমাপ্ত হয়েছে। এখন এটি গ্রামীণ বৈদ্যুতিকরণ নিগম(আর.ই.সি.), নতুন দিল্লিতে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে।

অনুমোদন পাওয়ার পর, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বণ্টন কোম্পানি লিমিটেড কাজ শুরুর আদেশনামা জারি করবে। আদেশনামা জারির পর কাজ শুরুর তারিখ জানানো যাবে।

পি.পি.এল. কারখানাটি খোলার পরিকল্পনা

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৫) **শ্রী ভুবন প্রামাণিক :** ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বলাগড় বিধানসভা এলাকায় সোমড়াবাজারে বন্ধ Peoples Paper Mill (পি.পি.এল.)কারখানাটি খোলার কোনো পরিকল্পনা সরকারের আছে কী এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বলাগড় বিধানসভা এলাকায় সোমড়াবাজারে বন্ধ Peoples Paper Mill (পি.পি.এল.) কারখানাটি খোলার কোনো তথ্য নেই।

(খ) এ সংক্রান্ত কোনো তথ্য নেই।

কোচবিহার জেলার ২নং ব্লকের অধীন বিদ্যুৎহীন গ্রামগুলিতে বিদ্যুৎ সংযোগ

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৮) **শ্রী দীপক চন্দ্র সরকার :** বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কোচবিহার জেলার ২নং ব্লকের অধীন বিদ্যুৎহীন গ্রামগুলিতে বিদ্যুৎ সংযোগের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায় ?

বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কোচবিহার জেলার ২নং ব্লকের অধীন শতাধিক জনবসতিপূর্ণ পাড়া এবং বসতিতে বৈদ্যুতিক নিবিড়করণের কাজ করা হবে।

উক্ত কাজ রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনার দ্বিতীয় পর্যায়ের (একাদশ পরিকল্পনা) অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রাথমিক স্তরে দরপত্র আহ্বান,

দরপত্রের তালিকা প্রস্তুতি ইত্যাদি বিভিন্ন কাজ সমাপ্ত হয়েছে। এখন এটি গ্রামীণ বৈদ্যুতিকরণ নিগম(আর.ই.সি), নতুন দিল্লিতে অনুমোদন লাভের জন্য পাঠানো হয়েছে।

অনুমোদন পাওয়ার পর, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বণ্টন কোম্পানি লিমিটেড আদেশনামা জারি করবে। আদেশনামা জারির পর কাজ শুরুর তারিখ জানানো যাবে।

বন্যপ্রাণীর আক্রমণে আহত/নিহত মানুষের সংখ্যা

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩১৮) **শ্রী দীপক চন্দ্র সরকার :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০৬-০৭, ২০০৭-০৮ ও ২০০৮-০৯ সালে(৩১শে অক্টোবর, ২০০৮ পর্যন্ত) রাজ্যে কত মানুষ বন্যপ্রাণীর আক্রমণে আহত ও নিহত হয়েছেন(বছরওয়ারী হিসাব) ?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

সাল	আহত	নিহত
২০০৬-০৭	১৮৮	৬৬
২০০৭-০৮	২১৬	৮১
২০০৮-০৯ ৩১শে অক্টোবর, ২০০৮	৫৪	৩৮
মোট	৪৫৮	১৮৫

পুরাতন রেশন কার্ডের পরিবর্তে নতুন রেশন কার্ড প্রদান

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৪) **শ্রী বিশ্বনাথ ঘোষ (নদীয়া) :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরাতন রেশন কার্ডের পরিবর্তে নতুন কার্ড দেওয়ার কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) নতুন রেশন কার্ড দেওয়ার কাজ শুরু হয়ে থাকলে ৩১/১০/২০০৮ পর্যন্ত উক্ত কত সংখ্যক কার্ড দেওয়া সম্ভব হয়েছে ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পুরাতন রেশন কার্ডের পরিবর্তে নতুন রেশন কার্ড দেওয়ার কাজ একটি ধারাবাহিক প্রক্রিয়া। এই প্রক্রিয়া নিরবচ্ছিন্নভাবে চলছে।

(খ) ০১.০১.২০০৮ থেকে ৩১.১০,২০০৮ পর্যন্ত মোট ৩৬,৪১,১২০টি নতুন রেশন কার্ড দেওয়া হয়েছে। ওই সময়ে পুরানো ও ক্ষতিগ্রস্ত কার্ডের পরিবর্তে নতুন রেশন কার্ড দেওয়া হয়েছে ১৭,৪০,৯২২টি, যা ওই সংখ্যার ভিতর অন্তর্ভুক্ত।

স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৫ **শ্রী বিশ্বনাথ ঘোষ (নদীয়া)** : স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০০৮-এর হিসেব অনুযায়ী রাজ্যে স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা কত (জেলাওয়াড়ি); এবং

(খ) তন্মধ্যে, কতগুলি গোষ্ঠী

(১) সমবায় ব্যাঙ্ক ও

(২) রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক-এর সাথে যুক্ত ?

স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) (১) পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ কর্তৃক রূপায়িত স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা (S.G.S.Y.)-এর অন্তর্গত দলের সংখ্যা ২,৩৮,৭২৭।

(২) ন্যাশানাল ব্যাঙ্ক ফর এগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (নাবার্ড) এর অন্তর্গত গোষ্ঠীর সংখ্যা ৩,৬৫,৮০৫।

(৩) পুর বিভাগ কর্তৃক রূপায়িত শহরাঞ্চলে স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনার অন্তর্ভুক্ত থ্রিফট অ্যান্ড ক্রেডিট দলের সংখ্যা ২৭,০৪৪ এবং ডাকুয়া (ডেভেলপমেন্ট অফ উইমেন অ্যান্ড চিলড্রেন ইন আরবান এরিয়াজ) গোষ্ঠীর সংখ্যা ১,৪৫০।

(৪) স্মল ইন্ডাষ্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (সিডবি) কর্তৃক সহায়তাপুষ্ট দলের সংখ্যা ৭১,০৮৬।

উপরোক্ত উত্তরের ১ ও ২নং অনুচ্ছেদ সংক্রান্ত জেলাওয়াড়ি তথ্য অনুবন্ধ ১-এ দেওয়া হল। ৩নং অনুচ্ছেদ সংক্রান্ত জেলাওয়াড়ি তথ্য অনুবন্ধ ২-তে দেওয়া হল।

(খ) (অ) এস.জি.এস.ওয়াই দলগুলির মধ্যে—

(১) ৩,৫৯১টি দল সমবায় ব্যাঙ্কের সঙ্গে যুক্ত ও ৭৭,০৭৩টি দল গ্রামীণ ব্যাঙ্কের সঙ্গে ; এবং

(২) ১,৫৬,১৯৮টি দল রাষ্ট্রয়ত্ত ব্যাঙ্কের সাথে যুক্ত। অবশিষ্ট ১,৮৬৫টি দল কোনো ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলেনি।

(আ) নাবার্ড এর দলগুলির মধ্যে ১,৪৩,৪৬৫টি দল সমবায় ব্যাঙ্কের সঙ্গে, ১,২৪,৫৮৩টি দল রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের সঙ্গে এবং ৯৭,৭৫৭টি দল গ্রামীণ ব্যাঙ্কের সঙ্গে যুক্ত।

(ই) এস.জে.এস.আর.ওয়াই. কর্মসূচিতে থ্রিফট অ্যান্ড ক্রেডিট দলগুলি গোষ্ঠীগত ভাবে কোনো ব্যাঙ্কের সঙ্গে যুক্ত নয়। এই কর্মসূচিতে কেবলমাত্র মহিলাদের নিয়েগঠিত ডাকুয়া গোষ্ঠীগুলি গোষ্ঠীগতভাবে ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে ব্যবসা উদ্যোগ নিতে পারে।

(ঈ) সিডবির অন্তর্ভুক্ত দলগুলি সিডবির সঙ্গেই চুক্তিবদ্ধ মাইক্রো ফিনান্স ইনস্টিটিউশনের মাধ্যমে ঋণ পেয়ে থাকে।

অনুবন্ধ ১

জেলা ভিত্তিক স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা

ক্রমিক সংখ্যা	জেলার নাম	এস.জি.এস.ওয়াই দলের সংখ্যা	নাবার্ড এর দলের সংখ্যা
১।	বাঁকুড়া	১২,৯৯৮	২০,৩৬১
২।	পুরুলিয়া	১৭,৪২৮	৯,৫৪৬
৩।	নদীয়া	১১,১৬৯	৩২,৯০৫
৪।	উত্তর ২৪-পরগনা	১৪,০৬৩	৪২,৭৮০
৫।	হুগলি	৬,৩৯৬	৩১,৩৫৬
৬।	দক্ষিণ ২৪-পরগনা	১৩,৩৩৮	২৮,৭৯০
৭।	দার্জিলিং	৪,৭৭০	৪,৯৫৫
৮।	কোচবিহার	১২,৫৪৪	১৫,৫৪৯
৯।	বর্ধমান	১৪,৬৭০	২৭,৩১৭
১০।	মালদহ	১৪,৯৭০	১৮,৬৩৮
১১।	জলপাইগুড়ি	১৯,৩৪১	১৪,৯৮১
১২।	উত্তর দিনাজপুর	৭,৭৭২	১১,২০৯
১৩।	দক্ষিণ দিনাজপুর	৯,২৬৮	৮,৫০৯
১৪।	মুর্শিদাবাদ	১৯,০৪৬	২২,৩৭৪
১৫।	হাওড়া	৬,৬৪৪	১৬,০৪৪
১৬।	বীরভূম	১৫,৭৭২	১৯,২৯৪
১৭।	পূর্ব মেদিনীপুর	১৬,০৪৪	২৬,২১৭
১৮।	পশ্চিম মেদিনীপুর	২২,৪৯৪	১৪,৯৮০
১৯।	কলকাতা	—	—
	মোট	২,৩৮,৭২৭	৩,৬৫,৮০৫

এছাড়া পুর বিভাগের অন্তর্গত স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনার অন্তর্গত থ্রিফট অ্যান্ড ক্রেডিট গ্রুপের সংখ্যা ২৭,০৪৪। সিডবি কর্তৃক গঠিত দলের সংখ্যা ৭১,০৮৬।

অনুবন্ধ ২

স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনার অন্তর্গত থ্রিফট অ্যান্ড ক্রেডিট গ্রুপ এবং ডাকুয়া (DWCUA) গ্রুপের জেলাওয়াড়ি তথ্য

ক্রমিক সংখ্যা	জেলার নাম	থ্রিফট অ্যান্ড ক্রেডিট গ্রুপের সংখ্যা	ডাকুয়া গ্রুপের সংখ্যা
১।	বাঁকুড়া	৩১৫.	৩
২।	বর্ধমান	২,৫০০	১২৩
৩।	বীরভূম	৭৮৩	১৯৮
৪।	কলকাতা	১,৬৯৩	১৩
৫।	কোচবিহার	৮২০	২০
৬।	দক্ষিণ দিনাজপুর	৬৪৪	৩১
৭।	দার্জিলিং	১,০৭৮	২৭
৮।	হাওড়া	৭২৩	২৮
৯।	হুগলি	২,০৯৬	·৭৩
১০।	জলপাইগুড়ি	৪৬৩	১৫
১১।	মালদহ	৫৫৪	১৪৯
১২।	মুর্শিদাবাদ	১,০৭৬	১৩৯
১৩।	নদীয়া	১,৯৮৮	৫৪
১৪।	উত্তর ২৪-পরগনা	৭,২০৯	১৮০
১৫।	পশ্চিম মেদিনীপুর	৯৩৯	৩৩
১৬।	পুরুলিয়া	২৯২	৯
১৭।	পূর্ব মেদিনীপুর	১,৪৫০	৫৪
১৮।	দক্ষিণ ২৪-পরগনা	১,৪৪২	৬৩
১৯।	উত্তর দিনাজপুর	৯৭৯	২৩৮
	মোট	২৭,০৪৪	১,৪৫০

কৃষিযোগ্য জমির পরিমাণ

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৪) শ্রী অশোক ব্যানার্জী : ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কৃষিযোগ্য ভূমির পরিমাণ কত ;

(খ) ২০০৬-২০০৮ পর্যন্ত সময়ে রাজ্যের শিল্পের জন্য কত পরিমাণ জমি বন্টন করা হয়েছে ; এবং

(গ) বর্তমানে রাজ্যে অকৃষি জমির পরিমাণ কত ?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০৪-২০০৫ পর্যন্ত রাজ্যের কৃষি জমির পরিমাণ ৫৮,১২,৬৮৬ হেক্টর।

(খ) ৪৮৮০.৯২ একর (এপ্রিল, ২০০৬ থেকে মার্চ, ২০০৮ পর্যন্ত)।

(গ) অকৃষি জমির পরিমাণ ২৮,৭৪,৭৬৪ হেক্টর।

বনভুমি — ১১,৭৪,৭৭১ হেক্টর

অন্যান্য — ১৬,৯৯,৯৯৩ হেক্টর

(২০০৪-২০০৫ পর্যন্ত)।

জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন প্রকল্প

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৬) **শ্রী অশোক ব্যানার্জী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন প্রকল্পে কাজের অগ্রগতি কিরূপ ; এবং

(খ) (১) উক্ত প্রকল্পে কেন্দ্রের কাছ থেকে প্রাপ্ত অর্থের পরিমাণ কত, ও

(২) উক্ত অর্থ সময়মতো পাওয়া গেছে কি না ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন প্রকল্পে রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা উন্নতির জন্য যে সমস্ত পরিকল্পনা নেওয়া হয়েছে, যেমন— ধাপে ধাপে প্রতিটি স্বাস্থ্য উপকেন্দ্রের জন্য একজন করে অতিরিক্ত এ.এন.এম.বাছাই করা ও তাঁদের প্রশিক্ষণের ব্যবস্থা করা, প্রতি এক হাজার জনসংখ্যা পিছু ধাপে ধাপে একজন করে "আশা" বাছাই করা এবং তাঁদের প্রশিক্ষণের ব্যবস্থা করা, প্রতিটি স্বাস্থ্য উপকেন্দ্র এবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রপিছু বাৎসরিক যথাক্রমে ১০,০০০ টাকা এবং ২৫,০০০ টাকা মুক্ত তহবিল হিসাবে দেওয়া যার সাহায্যে ওই স্বাস্থ্যকেন্দ্রগুলিতে আরো ভালো পরিষেবা দেওয়া যায়, ধাপে ধাপে রাজ্যের ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিকে অন্তত ৩০ শয্যাবিশিষ্ট গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করা ইত্যাদি এগুলো পরিকল্পনা অনুযায়ী এগোচ্ছে।

(খ) (১) উক্ত প্রকল্পে ২০০৫-০৬ সাল থেকে ২০০৭-০৮ সাল পর্যন্ত ৩৮৫.৭০৪৭ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া গেছে।

(২) হ্যাঁ

জননী সুরক্ষা যোজনা

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৭) শ্রী অশোক ব্যানার্জী : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ১লা এপ্রিল থেকে অক্টোবর ২০০৮ পর্যন্ত সময়কালে জননী সুরক্ষা যোজনার বরাদ্দকৃত অর্থের কত অংশ খরচ হয়েছে ; এবং

(খ) ২০০৭-০৮ আর্থিক বছরে কতজন জননী উক্ত প্রকল্পের অর্থ পয়েছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) জননী সুরক্ষা যোজনায় ২০০৮-০৯ সালের জন্য বরাদ্দকৃত অর্থ ৪০ কোটি টাকা। সেপ্টেম্বর ২০০৮ পর্যন্ত খরচ হয়েছে ১৮.৪৮ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৪৬.২ শতাংশ।

(খ) ২০০৭-০৮ আর্থিক বছরে ঃ

৫,৭২,৬৫২ জন জননী ৫০০ টাকা হারে আর্থিক সহায়তা পেয়েছেন।

৩,৩৭,৪৭০ জন জননী প্রাতিষ্ঠানিক প্রসবের জন্য অতিরিক্ত ২০০ টাকা হারে আর্থিক সহায়তা পেয়েছেন।

বি.ডি.ও.দ্বারা সরকারি গাড়ির অপব্যবহার

৪৪ (অনুমোদিত প্রশ্ন নং ৩৪৫) শ্রী দুলাল বর : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

(ক) বি.ডি.ও. পদাধিকারিগণ সরকারি কাজ নির্বাহের নিমিত্তে তাঁদের জন্য বরাদ্দকৃত সরকারি গাড়িতে লাল আলো লাগাতে পারেন কি না ; এবং

(খ) তাঁদের জন্য বরাদ্দকৃত সরকারি গাড়ি রাত্রে কোথায় রাখার নিয়ম ?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) বিষয়টি গাড়ি ব্যবহারকারী এবং কন্ট্রোলিং অফিসার তথা জেলাশাসকের উপর নির্ভর করছে। সাধারণভাবে গাড়ি প্রধান কার্যালয়ে রাখার নিয়ম।

'দেবেন মাহাতো' হাসপাতালে ক্যানসার চিকিৎসা পরিষেবা

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৬) শ্রী নেপাল মাহাত : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়া জেলায় 'দেবেন মাহাতো' হাসপাতালে ক্যানসার চিকিৎসা পরিষেবা চালু করার জন্য সরকার বিশেষ উদ্যোগ নিয়েছে/নিচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে পরিকল্পনার রূপরেখা কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পুরুলিয়া দেবেন মাহাতো হাসপাতালে সরকার থেকে জেলা ক্যানসার নিয়ন্ত্রণ প্রকল্প চালু করার উদ্যোগ গ্রহণ করা হবে।

(খ) এই প্রকল্পে বিশেষজ্ঞ চিকিৎসকদের সহায়তায় ক্যানসার প্রতিরোধ পরামর্শদান, দ্রুত ক্যানসার নির্ণয় এবং সাধারণ ক্যানসারের ক্ষেত্রে নূন্যতম চিকিৎসার ব্যবস্থা করা হবে।

বন্ধ কারখানার শ্রমিকদের ভাতা

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৭) **শ্রী নেপাল মাহাত :** শ্রম বিভাগের রাষ্ট্র মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বন্ধ কারখানাগুলির শ্রমিকদের ৬০ বছর পর্যন্ত ভাতা দেওয়া হয়ে থাকে ; এবং

(খ) সত্যি হলে, বয়স বৃদ্ধি করার কোনো প্রস্তাব সরকারের আছে কি না ?

শ্রম বিভাগের রাষ্ট্র মন্ত্রিমহোদয় :

(ক) এ রাজ্যে অবস্থিত ১ বছরের অধিককাল বন্ধ আছে এরূপ কলকারখানাগুলির বেকার শ্রমিকদের ৫৮ বছর পর্যন্ত ফাউলাই স্কীমের অধীন প্রতি মাসে ৭৫০ টাকা করে ভাতা কিছু শর্ত সাপেক্ষে দেওয়া হয়।

(খ) এই মুহূর্তে বয়স বৃদ্ধির কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন নেই।

কেরোসিনের বরাদ্দ হ্রাস

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬১) **শ্রী নেপাল মাহাত :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি পুরুলিয়া জেলায় কেরোসিনের বরাদ্দ কমানো হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কি ?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না ।

বি.পি.এল. তালিকা সংশোধনের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট প্রস্তাব

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭১) **শ্রী আশুতোষ মুখোপাধ্যায় :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বি.পি.এল. তালিকা সংশোধনের জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব দিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, প্রস্তাবটি কিরূপ ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) বিগত ১লা আগস্ট, ২০০৭ তারিখে পশ্চিমবঙ্গ বিধানসভায় গৃহীত সর্বদলীয় প্রস্তাব ও বিগত ৬ই সেপ্টেম্বর, ২০০৭, বিধানসভার প্রতিনিধিদল কর্তৃক কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রীর কাছে প্রদত্ত স্মারকলিপির সঙ্গে সাযুজ্য রেখে রাজ্য সরকার এ সম্পর্কে একটি প্রস্তাব দিয়েছিল। কেন্দ্রীয় মন্ত্রীকে দেওয়া ২৮শে আগস্ট, ২০০৭ তারিখের পত্র ও সর্বদলীয় প্রতিনিধিদলের স্মারকলিপির প্রতিলিপি গ্রন্থাগারের টেবিলে রাখা হল।

পরবর্তীকালে গ্রামোন্নয়ন মন্ত্রক দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারগুলির চিহ্নিতকরণের জন্য উন্নততর পদ্ধতি উদ্ভাবনের লক্ষ্যে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করেছেন। রাজ্য সরকার ৪ঠা নভেম্বর, ২০০৮ তারিখের SPRD-1256-08/SGSY/20M-6/2005(Part-III) নং স্মারক মারফত সমস্ত রাজনৈতিক দলকে এ বিষয়ে তাঁদের মতামত জানাতে অনুরোধ করেছেন। বেশিরভাগে দলের মতামত না পাওয়ায় সমস্ত রাজনৈতিক দলগুলিকে তাঁদের মতামত ব্যক্ত করার জন্য আবার অনুরোধ জানানো হয়েছে। এই স্মারক সংখ্যার প্রতিলিপি মাননীয় সদস্যদের অবগতির জন্য গ্রন্থাগারের টেবিলে রাখা হল।

জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প

৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭২) **শ্রী আশুতোষ মুখোপাধ্যায় :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

(ক) ২০০৮-০৯ আর্থিক বছরে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে কেন্দ্রীয় বরাদ্দের পরিমাণ কত ; এবং

(খ) ৩০শে সেপ্টেম্বর, ২০০৮ পর্যন্ত সময়ে উক্ত প্রকল্পে কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ কত ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) যেহেতু জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প চাহিদা ভিত্তিক, সেইহেতু এই প্রকল্পে রাজ্য ভিত্তিক কোনো বার্ষিক বরাদ্দের নির্দিষ্ট পরিমাণ নেই। প্রত্যেক আর্থিক বছরের শুরুতেই প্রতিটি রাজ্যের জেলাগুলির এই প্রকল্পে মজুত অর্থের পরিমাণ এবং অনুমোদিত আনুমানিক চাহিদা পর্যালোচনা করে কেন্দ্রীয় সরকার জেলাগুলিকে প্রথম কিস্তি অর্থ বরাদ্দ করে। মজুত এবং বরাদ্দ অর্থের ৬০ শতাংশ খরচ হবার পর পরবর্তী কিস্তির টাকা মঞ্জুরের আবেদনের ভিত্তিতে কেন্দ্রীয় সরকার পরবর্তী কিস্তিগুলির টাকা মঞ্জুর করে।

(খ) ২০০৮-০৯ আর্থিক বছরে ৩০শে সেপ্টেম্বর, ২০০৮ পর্যন্ত সময়ে এই রাজ্যের সমস্ত জেলাগুলিতে কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ ৫২,৬৮৪.৭২ লক্ষ টাকা।

বাৎসরিক রাসায়নিক সারের চাহিদা

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৪) **শ্রী আশুতোষ মুখোপাধ্যায় :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে চাষের জন্য বাৎসরিক কত পরিমাণ রাসায়নিক সারের প্রয়োজন হয়;

(খ) রাজ্যে সার উৎপাদনের পরিমাণ কত ; এবং

(গ) এ বছর আলু চাষের জন্য আনুমানিক কত পরিমাণ সারের প্রয়োজন হবে ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) খারিফ ও রবি মরশুম মিলে ২০০৭-০৮ সালে রাজ্যে সারের প্রয়োজন ছিল ৩২,৯১,০০০ টন এবং ব্যবহৃত হয়েছে ২৭,৭৮,৬১৫ টন।

(খ) ২০০৭-০৮ সালে রাজ্যে সার উৎপাদন হয়েছিল ৯,৬৯,৫০০ টন।

(গ) ২০০৮-০৯ সালে রাজ্যে আলু চাষের জন্য প্রায় ৬,০০,০০০ টন সারের প্রয়োজন।

পুরুলিয়ার পরিত্যক্ত বিমান বন্দরটি চালুর পরিকল্পনা

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৬) **শ্রী সুভাষ চন্দ্র মাহাত :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ছড়রার পরিত্যক্ত বিমান বন্দরটি পুনরায় চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে কি না ;

(খ) হয়ে থাকলে, তার রূপরেখা কি ; এবং

(গ) কবে নাগাদ কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) অতি সম্প্রতি পশ্চিমবঙ্গ সরকার পরিত্যক্ত বিমানবন্দরটি বিমান চলাচলের উপযোগী করে তোলার জন্য 'আগ্রহী পত্র' (ই.ও.আই. এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট) আহ্বান করেছেন। যার শেষ তারিখ ৮ই ডিসেম্বর, ২০০৮।

(গ) এখনই বলা সম্ভব নয়।

টাটা কোম্পানির প্রস্তাবিত প্রকল্পের সংখ্যা

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৫) শ্রী **পার্থ চ্যাটার্জী** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

(ক) এই রাজ্যে টাটা কোম্পানির প্রস্তাবিত প্রকল্পের সংখ্যা কত ;

(খ) উক্ত প্রকল্পগুলি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(গ) ওই প্রকল্পগুলি রাজ্যের কোথায় গড়ে উঠবে ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) দুইটি।

(খ) (১) পশ্চিম মেদিনীপুরের খড়গপুরে টাটা মেটালিকস লিঃ-এর পিগ আয়রন প্রস্তুত করার কারখানা চালু আছে। কারখানাটি সম্প্রসারণের জন্যকারখানা কর্তৃপক্ষ ডব্লিউ.বি.আই ডি.সি-এর কাছে চার শত একর জমি চেয়েছেন।

(২) টেলকন সংস্থা পশ্চিম মেদিনীপুরের খড়গপুর একটি মাটি কাটা ও খনিবিষয়ক যন্ত্রপাতি প্রস্তুত এবং গবেষণা উন্নয়ন ও প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করবেন। আগামী ৩-৫ বছরের জন্য টেলকন ৫৬৫ কোটি টাকা প্রত্যক্ষ বিনিয়োগ করবেন। এজন্য টেলকনকে ২৫০ একর জমি লিজে দেয়া হয়েছে। নির্মাণ কাজ চলছে।

(গ) উপরোক্ত দুটি প্রকল্প পশ্চিম মেদিনীপুরের খড়গপুরে অবস্থিত।

সিঙ্গুরে টাটা কোম্পানির গাড়ি কারখানা বিষয়ে

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৬) **শ্রী পার্থ চ্যাটার্জী** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

টাটা কোম্পানি সিঙ্গুরে তাদের গাড়ি কারখানাা পরিত্যক্ত করেছেন বা সরিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে সরকারকে লিখিতভাবে কিছু জানিয়েছেন কি না ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : হ্যাঁ।

অনুমোদিত প্রাথমিক শিক্ষক শিক্ষণ কেন্দ্রের সংখ্যা

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৯) **শ্রী পার্থ চ্যাটার্জী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) রাজ্যে কতগুলি প্রাথমিক শিক্ষক শিক্ষণ বেন্দ্র চালু করা হয়েছে ;

(খ) এর ফলে ওই সকল শিক্ষণ কেন্দ্রের ছাত্রছাত্রীরা ক্ষতির সম্মুখীন হয়েছে কি না ;

(গ) হলে, ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের সংখ্যা কত ; এবং

(ঘ) এ বিষয়ে কিরূপ নীতি গ্রহণ করা হয়েছে ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন, ১৯৭৩ অনুসারে রাজ্যে ৬০টি সরকারি, সরকার পোষিত ও সাহায্যপ্রাপ্ত এবং ৮০টি বেসরকারি প্রাথমিক শিক্ষক-শিক্ষণ কেন্দ্র অনুমোদিত হয়। জাতীয় শিক্ষক শিক্ষণ সংসদের (NCTE) অনুমোদন না থাকায় আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে নতুন করে NCTE অনুমোদনের জন্য এই প্রতিষ্ঠানগুলি আবেদন জানিয়েছে। এই প্রতিষ্ঠানগুলিতে ২০০৯-২০১০ থেকে শিক্ষণ চালু করা সম্ভব হবে।

(খ) হ্যাঁ।

(গ) ২০০৪-২০০৫ — ১৫,৩২২জন

২০০৫-২০০৬ — ১৬,২৫৪ জন (পরীক্ষা হয়নি)

সরাসরি ক্ষতিগ্রস্ত ছাত্রছাত্রীদের সংখ্যা — ৩১,৫৭৬ জন

(ঘ) কেন্দ্রীয় সরকারের মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক, জাতীয় শিক্ষক শিক্ষণ সংসদ (NCTE)ও বিদ্যালয় শিক্ষা বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার আলাপ-আলোচনা চালিয়ে একাধিক সমাধান সূত্র/নীতির প্রস্তাবনা করেছেন।

আলুচাষীদের স্বার্থরক্ষা

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪০২) শ্রী **পার্থ** চ্যাটার্জী : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে আলুচাষীদের স্বার্থ রক্ষার্থে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি ;

(খ) করে থাকলে, কী কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ;

(গ) সরকার বর্তমান বর্ষে ক্ষতিগ্রস্ত আলু চাষীদের কোনো ক্ষতিপূরণ দিয়েছে কি ; এবং

(ঘ) দেওয়া হলে, তার **পরিমাণ** কত ?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ বছর আলুর অধিক ফলনজনিত কারণে উদ্ভূত সমস্যা সমাধানকল্পে রাজ্য সরকার যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছেন।

(খ) উদ্ভূত সমস্যা সমাধানকল্পে রাজ্য সরকার নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহণ করেছেন :

(১) আলুর সহায়ক মূল্য ঘোষণা করে আলুচাষীদের কাছ থেকে সরাসরি আলু ক্রয়ের ব্যবস্থা।

(২) ভিন রাজ্য এবং রাষ্ট্রে আলু রপ্তানির সুবিধার্থে আলু পরিবহণ ভর্তুকি প্রদান।

(৩) অধিক উৎপাদনজনিত কারণে ক্ষতিগ্রস্ত আলুচাষীদের ন্যূনতম সহায়তা প্রদানের লক্ষ্যে হিমঘর ভাড়া ভর্তুকি প্রদান।

(গ) আলুচাষীদের সুবিধার্থে রাজ্য সরকার সহায়ক মূল্যে সরাসরি আলুচাষীদের কাছ থেকে আলু ক্রয়ের ব্যবস্থা করেছেন এবং হিমঘর ভাড়া ভর্তুকি প্রদান করেছেন। এছাড়া পরোক্ষভাবে রপ্তানির ক্ষেত্রে পরিবহণ ভর্তুকি প্রদানের মাধ্যমে আলুচাষীদের প্রভূত সাহায্য করেছেন।

(ঘ) (১) ২০০৮ আলু বিপণন বর্ষে, রাজ্য সরকার সহায়ক মূল্যে আলু কেনা বাবদ ৩০ কোটি টাকা মঞ্জুর করেছেন।

(২) পরিবহণ ভর্তুকি বাবদ রাজ্য সরকার ২০ কোটি টাকা মঞ্জুর করেছেন।

(৩) হিমঘর ভর্তুকি বাবদ রাজ্য সরকার ৩১.৮০ কোটি টাকা মঞ্জুর করেছেন।

টেকনিসিয়ান্স স্টুডিওকে বেসরকারি বাণিজ্যিক সংস্থার নিকট লিজ দেওয়ার পরিকল্পনা

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৯) **শ্রী পার্থ চ্যাটার্জী** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকারের পরিচালনাধীন টেকনিসিয়ান্স স্টুডিওটি একটি বেসরকারি বাণিজ্যিক সংস্থাকে লিজ দেওয়ার পরিকল্পনা সরকার গ্রহণ করেছে/করছে ;

(খ) সত্যি হলে, ওই সংস্থাটির নাম কি ; এবং

(গ) লিজের শর্তাবলী কীরূপ ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) জি টেলিফিল্মস লিমিটেড।

(গ) লিজের শর্তাবলী এখনো চূড়ান্ত হয়নি।

পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকে বন্যা

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৯) **ডাঃ মানস রঞ্জন ভুঞ্যাঃ** বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০০৮ সালের জুন মাসের এবং পরবর্তী মাসে বন্যায় পশ্চিম মেদিনীপুর জেলার সবং ব্লকে ব্যাপক ক্ষতি হয়েছিল ও বহু বাড়ি আংশিক ও পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল ; এবং

(খ) (১) উক্ত ব্লকে আংশিক এবং পূর্ণ ক্ষতিগ্রস্ত বাড়ির সংখ্যা কত (পৃথক ভাবে) ;

(২) ক্ষতিগ্রস্তদের তালিকা তৈরিতে ত্রুটি হয়েছিল কি ; ও

(৩) হলে, এ বিষয়ে কি ব্যবস্থা নেওয়া হয়েছে ?

বিপর্যয় ব্যবস্থাপন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) (১) আংশিক ১৫,৬৯১টি, পূর্ণ ৮,৬৬৭টি।

(২) সরকারি নির্দেশনামা ২৫৯১ এফ.আর,তারিখ ২/১০/২০০০ অনুসারে বি.ডি.ও. সবং-এর পত্র নং ১৩৯৫ তারিখ ৮/৭/০৮ পত্র

মতে তিন জনের একটি কমিটি গঠন করে ক্ষতিগ্রস্ত বাড়ির আংশিক/পূর্ণ তালিকা পৃথকভাবে তৈরি করা হয় এবং উক্ত কমিটির তদন্ত রিপোর্ট অনুযায়ী পরে উক্ত তালিকা বিভিন্ন গ্রাম পঞ্চায়েত/পঞ্চায়েত সমিতি অফিসে তালিকা ২৮.৭.০৮ হইতে ১.৮.০৮ এবং পুনরায় ৭.৮.০৮ হইতে ১৪.৮.০৮ জনসাধারণের অবগতির জন্য টাঙানো হয়। তৎসাপেক্ষে ৪,৮৫৫ সংখ্যক দাবিদার/৬০১ সংখ্যক আপত্তি জমা হয় ১৪.৮.০৮তারিখ পর্যন্ত। অতঃপর উক্ত সংখ্যক দাবি ও আপত্তি নিষ্পত্তি করার পর প্রাপকদের তালিকা পৃথকভাবে পূর্ণ ৮,৪৯৮ এবং আংশিক১৩,৬৫৩ ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের তালিকা বি.ডি.ও., সবং-এর পত্র নং ১৭৩০, তারিখ ২৭.৮.০৮ জেলা শাসকের নিকট অনুমোদনের জন্য পেশ করেন এবং উক্ত তালিকা অনুযায়ী মোট ১০,৫৬,০০,০০০.০০ টাকা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের মধ্যে বাড়ি পুনর্নির্মাণের জন্য বরাদ্দ করা হয়।

(৩) পুনরায় বিভিন্ন দাবি ও আপত্তি অনুযায়ী উক্ত পঞ্চায়েত সমিতি পুনরায় তিন জনের একটি কমিটি গঠন করে ৪,৮৫৫ জনের মধ্যে ২,৫৩১ জনের (পূর্ণ ২৯৭, আংশিক ২,২৩৪) দাবি (নারায়ণ বাড় ও সবং গ্রাম পঞ্চায়েত বাদে) এবং ৬০১ সংখ্যক আপত্তির মধ্যে ৩২৪ জনের আপত্তি অনুমোদিত হয় (পূর্ণ ১২৮ এবং আংশিক ১৯৬)।

গ্রাম পঞ্চায়েতে গ্রাম উন্নয়ন কমিটি গঠন

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪২২) **ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা:** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি---

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের পরে এখনও পর্যন্ত বেশ কিছু গ্রাম পঞ্চায়েতে গ্রাম উন্নয়ন কমিটি গঠন করা যায়নি ; এবং

(খ) সত্যি হলে, ৩১/১০/২০০৮ তারিখ সাপেক্ষে এরূপ গ্রাম পঞ্চায়েতের সংখ্যা কত ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি। এখনও রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের পরে সমস্ত গ্রাম পঞ্চায়েতে গ্রাম উন্নয়ন সমিতি গঠন করা যায়নি।

(খ) রাজ্যের মোট ৩,৩৫৪টি গ্রাম পঞ্চায়েতে ৩৭,১১১টি গ্রাম সংসদের মধ্যে ৩১/১০/২০০৮ পর্যন্ত ১৭,৬১৪টিতে গ্রাম উন্নয়ন সমিতি গঠনের কাজ বাকি ছিল।

Ferry Services along Circular Canal

59. (Admitted Question No.449) **Smt. Mala Saha :** will the Minister-in-Charge of the Transport Department be pleased to state—

What is the present status of operation of Ferry Services along the Circular Canal from Chitpur Lock Gate ?

Minister-in-Charge of the Transport Department :

The following is the status of operation of ferry services along Circular Canal from Chitpur Lock Gate up to Rajarhat Point :

(a) WBHIDCO mainly took up the scheme in order to allow fresh Hooghly river water to flow up to Rajarhat, so as to be able to utilize the same as drinking water in New Town, Kolkata.

(b) The operation of ferry services was also considered by WBHIDCO as simultaneous scheme.

(c) WBHIDCO has spent over Rs. 15 crore till date for undertaking the following works.

(i) Chitpur Lock Gate has since been repaired after many years.

(ii) Four vented sluice, improvement/modification work is being done at present.

(iii) Conduit Sluice Gate at Chitpur is being repaired at present.

(iv) Lining of both banks up to Gajnabi Bridge for a length of 1.3 k.m has already been completed.

(v) Remaining improvement of banks has also been taken up to a length of another 4.5 k.m

(vi) Eight jetties have been constructed at different locations for embarkment/disembarkment of passengers.

(vii) Eight bridges have been taken up at different locations across the canal, out of which six completed and the remaining two will be completed by 31.03.2009.

(viii) Desiltation work was once completed and will again be taken up and will be completed by March, 2009.

(ix) Six launches—four wooden bodies and two steel bodies have been purchased at funds provided by WBHIDCO.

(x) It is expected that the ferry services will start before the next rainy season.

[12.00 Noon—12.10 p.m,.]

LEAVE OF ABSENCE

Mr. Speaker : Hon'ble Members, today, I have received an application of Shri Rabindra Ghosh for leave of absence under Clause (4) of Article 190 of the Constitution for permission. I shall read out the application to the House.

"শ্রী রবীন্দ্র ঘোষ, মাননীয় সমবায় মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বিধানসভা, বিধানসভা ভবন, কোলকাতা-১। মহাশয়, সম্প্রতি আমার নিকট আত্মীয়র (ভ্রাতুষ্পুত্র) জীবনাবসান হয়েছে। মার্চ মাসের তৃতীয় সপ্তাহে তার পারলৌকিক ক্রিয়াকর্মাদি অনুষ্ঠিত হবে। এইজন্য আগামী ১৬/৩/০৯ থেকে ২০/৩/০৯-- এই ৫ দিন বিধানসভায় যোগদান হতে আমাকে অব্যাহতি দিলে বাধিত হব। আপনার অনুমতির অপেক্ষায়--বিনীত (রবীন্দ্র ঘোষ)"

Now, I ask whether the Hon'ble Member, Shri Rabindra Ghosh, has the permission of the House asked for by him.

As, there is no dissentient voice heard, I shall declare that Shri Rabindra Ghosh has the permission of the House to remain absent from 16th March to 20th March, 2009.

I have also received an application of Shri Manabendra Mukherjee regarding his leave under clause(4) of Article 190 of the Constitution for permission of the House. I shall read out the application to the House.

From :

Shri Manabendra Mukherjee, Minister-In-Charge,Micro & Small Scale Enterprises and Textiles and Tourism Department., Govt. of West Bengal.

To
The Hon'ble Speaker,
West Bengal Legislative Assembly,
Assembly House,
Kolkata - 700 001.

Respected Sir,

I may bring to the notice of your kind self the fact that I shall have to remain out of station from 17.03.2009 to 21.03.2009(Morning) on account of some extremely urgent work.The 20th March 2009 being a Friday, is fixed for reply of the starred Assembly Question for my departments (Micro & Small Scale Enterprises and Textiles and Tourism).

Since I will be unavailable on 20.3.2009, I would request you to kindly issue necessary instruction so that no Assembly Question is fixed for 20th March, 2009 for my answer. I also take leave from you to remain out of station for the above mentioned period. With regards,

yours sincerely,

(Manabendra Mukherjee)

Now, I ask whether the Hon'ble Member, Shri Manabendra Mukherjee has the permission of the House asked for by him.

As there is no dissentient voice heard, I shall declare that Shri Manabendra Mukherjee has the permission of the House to remain absent from 17/3/09 to 21/3/09.

ADJOURNMENT MOTIONS

Today,I have received two notices of Adjournment Motion. The First one is from Shri Dulal Chandra Bar on the subject of alleged non-payment of compensation etc. to the families of the victims of Nandigram incident and the second one is from Shri Ashok Kumar Deb on the subject of reported lathi charge by police on the P.T.T.I. students at Domkol.

The subject matter of the motions are not such that may call for adjournment of business of the House. Members will get ample scope to raise the matter during the Discussion on Governor's Address which will commence from today. Besides, the Members may also

invite attention of Ministers concerned through Calling Attention, Motion, Question, etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of the party may, however, read the text of the Motion, as amended.

শ্রী অশোক কুমার দেব : স্যার, আমি দিলাম ১ পাতা, এখানে মাত্র ৪ লাইন। তারপর বলতে বলছেন —

মিঃ স্পীকার : অশোক কুমার দেব, এক মিনিট বসুন। মোশান অফ নো কনফিডেন্স ১ লাইন হতেপারে। That is the system. আপনি মোশান এনেছেন ২ পেজের। অ্যাডজর্নমেন্ট মোশান সংক্ষিপ্ত হয়। আমার কাছে ৭ পাতা, ৩ পাতার এসেছে, আমি কারোর নাম বলছি না। তবে সংক্ষেপে বলতে হয়, বিস্তারিত বলতে হয় না।

শ্রী অশোক কুমার দেব : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল ডোমকলে পি.টি.টি.আই.ছাত্র-ছাত্রীদের শান্ত মিছিলের উপর পুলিশের লাঠি চার্জ। আহত হয়েছেন অনেকে। দীর্ঘদিন শিক্ষামন্ত্রী কথা দিয়েও তাদের সমস্যার সমাধান করতে পারেননি। বারবার দেখা করেও তাদের কোনো সুরাহা হয়নি। মুখ্যমন্ত্রী কথা দিয়েও তাদের সমস্যার সমাধান করেননি। দোষী পুলিশদের শাস্তির দাবি জানাচ্ছি।

CALLING ATTENTION (NOTICE)

Mr.Speaker : Today I have received two notices of Calling Attention on the following subject, namely :

	Subject		Name
i)	Acute power crisis in the State	:	Shri Asit Kumar Mal
ii)	Deplorable condition of Garden Reach State General Hospital	:	Shri Abdul Khaleque Molla

I have selected the notice of Shri Abdul Khaleque Molla on the subject of Deplorable condition of Garden Reach State General Hospital.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Sailen Sarkar : Sir, the statement will be made on 18th of March, 2009.

(noise)

GOVERNMENT BUSINESS

LAYING OF ORDINANCE

The West Bengal Government Land (Regulation of Transfer) (Amendment) Ordinance, 2009.

Shri Sailen Sarkar : Sir, with your permission I beg to lay the West Bengal Government Land(Regulation of Transfer) (Amendment) Ordinance, 2009(West Bengal Ordinance No.I of 2009) under Article 213(2) (a) of the Constitution of India.

LAYING OF RULES

The Amendments to the West Bengal Beedi and Cigar Workers(Conditions of Employment) Rules, 1968 along with its Corrigendum.

Shri Anadi Kumar Sahu : Sir, with your permission I beg to lay the amendments to the West Bengal Beedi and Cigar Workers (Conditions of Employment) Rules, 1968 along with its corrigendum,published in the Kolkata Gazette Extraordinary dated the 25th February, 2008 under Labour Department's Notification No.85-LW/2B-01/08 dated the 24th January, 2008.

MENTION CASES

শ্রী অসিত মাল : স্যার, একটি গুরুত্বপূর্ণ কলিং অ্যাটেনশান দিয়েছিলাম, সেটা আপনি অ্যালাউ করলেন না এরজন্য খুব দুঃখ থাকল। যেখানে সারা পশ্চিমবঙ্গের মানুষ চিন্তিত এই ভয়াবহ লোডশেডিংয়ের জন্য এবং যেখানে ছাত্র-ছাত্রীদের পরীক্ষা চলছে, তারাও লোডশেডিংয়ের কবলে পড়েছে, বোরো চাষ বন্ধ হয়ে আছে। হাসপাতালে চিকিৎসা হচ্ছে না কারণ অপারেশন করা যাচ্ছে না লোডশেডিংয়ের জন্য। সেইকারণে আমি এই বিষয়ে কলিং অ্যাটেনশান দিয়েছিলাম। সেই কলিং অ্যাটেনশান আপনি অ্যালাউ করলেন না। যাইহোক আমি আমার মেনশন করবার পূর্বে আপনাকে এবং সভাকে উল্লেখ করতে চাই যে, সারা পশ্চিমবঙ্গে স্বাস্থ্য পরিষেবা সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে। হাসপাতালগুলোতে ওষুধ নেই। বিশেষ করে জেলাওয়াড়ি যে স্টেট হাসপাতালগুলো আছে, সেখানে ডাক্তার থাকলেও ওষুধ নেই। প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র কি উপস্বাস্থ্য কেন্দ্র বলুন কোথাও ওষুধ নেই। এরফলে চিকিৎসা ব্যবস্থা একেবারে ভেঙে পড়েছে।

শ্রী তজমূল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গেঁর বিভিন্ন জেলায় বুথ স্তরে প্রবহমান শিক্ষাকেন্দ্র সত্যিই প্রশংসার দাবি রাখে। এরফলে স্কুল ছুট বহু বয়স্ক পুরুষ নারী উপকৃত হচ্ছেন। বিশেষ করে স্বনির্ভর দলের মহিলারা এর দ্বারা চরম উপকৃত হচ্ছেন। কিন্তু দুঃখের বিষয় এর সঙ্গে জড়িত শিক্ষা কর্মীদের সাম্মানিক ভাতা খুবই কম এবং সময়মত দেওয়া

হয় না। যদি এইসব শিক্ষা কর্মীদের ভাতা একটু সম্মানজনক করা হয় এবং সময়মত প্রদান করা হয় তাহলে তাদের উৎসাহ বৃদ্ধি পাবে এবং এই সুন্দর প্রয়াসটি অকালে বন্ধ হবে না বলে আশা করা যায়। তাই মাননীয় মন্ত্রীর নিকট এইসব প্রবহমান শিক্ষা কর্মীর ভাতা বৃদ্ধির জন্য আবেদন করছি।

[12.10 – 12.20 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন স্যার, পশ্চিমবঙ্গের পি.টি.টি.আই. ছাত্র-ছাত্রীদের দুরাবস্থার কথা। পি.টি.টি.আই.-এর হাজার হাজার ছাত্র-ছাত্রী তাদের ভবিষ্যৎ অন্ধকার। যে সমস্ত ছাত্র-ছাত্রী পি.টি.টি.আই. মালিকদের এক লক্ষ, দেড় লক্ষ টাকা দিয়ে ভর্তি হয়েছিল, তাদের সমস্ত অবৈধ করে দেওয়া হয়েছে। ইতিমধ্যে ১১ জন ছাত্র আত্মহত্যা করেছে। কৌশিক দাস আত্মাহত্যা করেছে। কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার কথা দিয়েছিল যে এটার মীমাংসা হবে। গতকাল ডোমকলে মাননীয় শিক্ষামন্ত্রী গিয়েছিলেন। সেখানে পি.টি.টি.আই. ছাত্র-ছাত্রীদের উপর পুলিশ লাঠি চার্জ করেছে। কয়েকজন আহতও হয়েছেন। যারা এই রকম ভাবে, অন্যায় ভাবে পি.টি.টি.আই ছাত্র-ছাত্রীদের.........(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে মাননীয় অর্থমন্ত্রী বেশ কিছু ভাতা প্রাপকদের অর্থ বাড়িয়েছেন, ভাতা বাড়িয়েছেন। কিন্তু বেশ কিছু ভাতা প্রাপকদের যথা স্বাস্থ্যে নিযুক্ত লিংক পারসন, আশাকর্মী, শিক্ষায় ভি.আর.পি, স্বাক্ষরতার প্রেরক, সহ-প্রেরক এবং গ্রামীণ সমবায় সমিতি(এস.কে.ইউ.এস)- এদের ভাতা বাড়াননি। তাই মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে ওদের ভাতা বাড়ানোর জন্য একটা ব্যবস্থা নেওয়া হোক। ধন্যবাদ।

শ্রী আবুল হাসনাত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিদ্যালয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গোবিন্দপুর মাধ্যমিক বিদ্যালয়টিকে উচ্চমাধ্যমিক বিদ্যালয় করার জন্য আবেদন জানাচ্ছি। কারণ ঐ বিদ্যালয়ে প্রায় ২৪০০জন ছাত্র-ছাত্রী লেখাপড়া করে। যাদের বেশির ভাগই মাধ্যমিক পাশের পরে উচ্চ মাধ্যমিকে ভর্তি না হতে পারার ফলে মাঝপথে তাদের লেখাপড়া ছেড়ে দিতে হয়। সেইজন্য গোবিন্দপুর উচ্চ বিদ্যালয়টিকে উচ্চ মাধ্যমিকে উন্নীত করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানাচ্ছি।

শ্রী দুলালচন্দ্র বর : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রী অনগ্রসর সম্প্রদায়ের, তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি আমি বহুবার বলেছি স্যার, এই মুহূর্তে সারা পশ্চিমবঙ্গে ১ কোটি ২৫ লক্ষ আদিবাসী, তফসিলি মানুষ আছে। অথচ দুঃখের কথা কাস্ট সার্টিফিকেটের জন্য বি.ডি. ও, এস.ডি. ও ডি.এম. অফিসে ঘুরে ঘুরে তাদের জুতোর সুকতলা ক্ষয়ে যাচ্ছে। হাউসের মাননীয় সদস্যরাও বিষয়টি শুনুন। আমার কাছে রেকর্ড আছে যে পাঁচ বছর ঘোরার পরেও সার্টিফিকেট পাচ্ছে না। কয়েকদিন আগে পেপারে দেখলাম যে বামফ্রন্ট সরকার দেড় লক্ষ কাস্ট সার্টিফিকেট খুব তাড়াতাড়ি বিলি

করে দেবেন। কিন্তু কোনো প্রক্রিয়া এখনো শুরু হয়নি। বিভাগীয় মন্ত্রী কি নাকে তেল দিয়ে ঘুমাচ্ছেন, নাকি এই ব্যাপারে আদৌ জানেন না ? আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে দাবি করছি যে আদিবাসী এবং তফসিলি সম্প্রদায়ের ছেলে-মেয়েদের অবিলম্বে কাস্ট সার্টিফিকেট দেওয়ার ব্যবস্থা করা হোক, ধন্যবাদ।

শ্রী প্রদীপ তা : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি বিষয়টি পরিবর্তন করে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলায় ২ নং ব্লকে দামোদরের কাছে একটি ব্রীজ আছে। সেটা সেচ দপ্তরের যে ক্যানেল তার উপরে। এই ব্রীজ দিয়ে, দামোদরের পাশ দিয়ে বিপুল পরিমাণে বালি উত্তোলন করে নিয়ে যাওয়া হয়। গাড়িগুলি ব্রীজের উপর দিয়ে যায়। এই ব্রীজটি একশো বছরের আগের পুরনো। এটি দারুণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। অবিলম্বে ব্রীজটি নতুন করে তৈরি করার প্রয়োজন আছে। সেইজন্য মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে ব্রীজটি নতুন করে তৈরি করা হয়। তার উদ্যোগ নেওয়ার জন্য আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী স্বপন সামন্ত : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষকরা এখন গভীর সংকটে নিমজ্জিত। ধান কেনার জন্য সরকার দাম ঘোষণা করল, কিন্তু ধান কেনার জন্য ক্রয় কেন্দ্র নেই। মিল মালিকরা বলছে, আমরা এই ধান কিনতে পারব না। সংশ্লিষ্ট কো-অপারেটিভ ধান কেনা শুরু করল বেনফেডের মাধ্যমে। কিন্তু সেই ধানও মিল নিতে পারছে না। কারণ সেখানে অহেতুক তাদেরকে হ্যারাস করছে, বলছে এই ধান নিম্নমানের, আমাদের চালে পরতা হবে না। তাই কৃষকরা গভীর সংকটের মধ্যে আছে। তাই আমি এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে সরকারি নির্ধারিত মূল্যে কৃষকরা নির্দিষ্ট জায়গায় ধান বিক্রয় করতে পারে, তারজন্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাচ্ছি।

শ্রী সমর হাজরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি ও সমবায় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জামালপুর বিধানসভা কেন্দ্রে ৯০ ভাগ কৃষক। গত যে আলুর মরসুমে গেল তাতে আলুর নাবি ধ্বসারোগে মারাত্মক আলুর ক্ষতি হয়েছে এবং উৎপাদন কমে গিয়েছে। চাষীরা ব্যাঙ্ক থেকে ঋণ নিয়েছে, সমবায় থেকে ঋণ নিয়েছে এবং বেশ কিছু চাষী মহাজনের কাছ থেকে ঋণ নেয়। ফলে ঋণের ফাঁদে তারা এখন জর্জরিত হয়েছে। তাই সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আমার আবেদন যে, যারা ব্যাঙ্ক থেকে ঋণ নিয়েছে তারা ঋণ মুকুবের ছাড় পাবে কিন্তু মহাজনী ঋণ তাদের সংকটে ফেলেছে। তাই তাদের যাতে স্বল্পমেয়াদী ঋণ দেওয়া যায় এবং আগামী আলুর মরসুমে যাতে তাদের উন্নত মানের বীজ সরবরাহ করা যায় তার ব্যবস্থা করবেন। সরকারের কাছে দৃষ্টি আকর্ষণ করছি যাতে মৌজা ভিত্তিক শস্যবিমা চালু করা যায়।

শ্রী অশোক কুমার দেব : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, নির্বাচন যত এগিয়ে আসছে আমরা দেখতে পাচ্ছি যে, বামফ্রন্ট সরকারের মন্ত্রীরা আইন ভেঙে বেআইনিভাবে কাজ করে যাচ্ছেন। লালবাতির গাড়ি নিয়ে তারা বিভিন্ন জায়গায় মিটিং করছেন।

মিঃ ডেপুটি স্পিকার : এটা ইলেকশান কমিশনের ব্যাপার, হাউসের কিছু করার নেই এই ব্যাপারে।

শ্রী অশোক কুমার দেব : হাউসে আইন আনার পরে আপনার এলাকার মন্ত্রীরা রাজ্যের মন্ত্রীরা আইন ভেঙে মিটিং করছেন। হাউস কি আইনের বাইরে ? আপনি চেষ্টা করুন যাতে আগামী দিনে এই ঘটনা আর না ঘটে, যাতে আমাদের রাজ্যের সম্মান নষ্ট হয়।

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেশপুরে বেশ কিছু দিন ধরে লো ভোল্টেজ এবং লোডশেডিং চলছে। ফলে ওই এলাকায় বোরো চাষে খুব ক্ষতি হয়েছে। প্রায় ৭ হাজার হেক্টর জমিতে বোরো ধান চাষ হয়েছে এবং ১৫৫০ হেক্টর জমিতে সবজি চাষ হয়েছে। গত বন্যার সময় আমন ধানের ব্যাপক ক্ষতি হয়। এই ধান চাষ কৃষকদের প্রধান চাষ। সেই জন্য এই চাষের জন্য বিদ্যুৎ চালিত যে ডিপ টিউবওয়েল আছে, ২৫টি ডিপ টিউবওয়েল, স্যালো টিউব আছে ২৯৩১ এবং মিনি ডিপ আছে ৭৬২টি। এগুলোতে যাতে বিদ্যুৎ সংযোগ নিয়মিত হয় সেটার ব্যবস্থা করবেন এবং কেশপুরে দুটি ৫ এম.ভি.এ জরুরি ভিত্তিতে যাতে দেওয়া যায় তার জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী জগন্নাথ মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এবং পৌরমন্ত্রী দ্বয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যথাসময়ে আমাদের জেলায় পূর্ব মেদিনীপুর জেলাপরিষদ এবং পৌরসভাগুলিতে প্রয়োজনীয় টাকা এসেছে। একমাত্র হলদিয়া পৌরসভা ভিন্ন অন্য কোন পৌরসভা ঠিকমত কাজ করছে না। বিশেষ করে আমাদের শহরে যে তমলুক পৌরসভা, সেই পৌরসভায় শুধু নিয়মমাফিক কাজটুকু ভিন্ন যে উন্নয়নের টাকা কে.এস.ভি-র টাকা, সেই টাকায় কোনো কাজই হচ্ছে না।

[12.20 – 12.30 p.m.]

তাদের আশ্রিত পালিতদের পালন করা হচ্ছে এবং টাকা পয়সা তছনছ করা হচ্ছে। এই কথা এর আগেও এখানে আমি বলেছি। ওই টাকা গাছে গাছে, ডালে ডালে,পাতায় পাতায় শোভা পাচ্ছে। ওই টাকাকে এই ভাবে খরচ করা হচ্ছে। এই ব্যাপারে নজর দেওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী শিবপ্রসাদ বন্দ্যোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলায় লগন ইঞ্জিনিয়ারিং কোম্পানি যা ইতিপূর্বে লগন জুট মেশিনারি কোম্পানি নামে পরিচিত ছিল। এটা একটা বেসরকারি সংস্থা ছিল। ১৯৭৮ সালে এটাকে কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করে। তখন এটা লাভজনক অবস্থায় ছিল। ২০০৪ সালে এটাকে আবার বেসরকারিকরণ করা হয়। প্রায় আড়াই মাস হতে চলল এই সংস্থাটি বন্ধ অবস্থায় পড়ে রয়েছে। গত ২৯শে ডিসেম্বর থেকে এটা সাসপেনশন অফ ওয়ার্কের মধ্যে দিয়ে চলছে। ৩৮২ জন কর্মচারী এতে কাজ করত। এই সংস্থাটি যাতে পুনরায় কাজের মধ্যে ফিরে আসতে পারে, চালু হতে পারে তার জন্য শ্রমমন্ত্রীকে উদ্যোগ নেওয়ার আবেদন জানাচ্ছি।

শ্রী আবদুল খালেক মোল্লা : মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বক্তব্য রাখছি। আমার বিধানসভা কেন্দ্রে ২রা ফেব্রুয়ারি ১৩৮নং ওয়ার্ডে নোংরা জল খেয়ে প্রায় ৫০-৬০জন মানুষ ডাইরিয়াতে আক্রান্ত হয়েছিল। এই নোংরা জলের উৎস হচ্ছে কে.এম.সির যে কাজ হয়েছিল, সেখানে ঠিক মতো মেরামতি না করার জন্য জলের লাইনগুলো ফুটো হয়ে যায়। সেখান দিয়ে নোংরা জল মানুষের বাড়িতে বাড়িতে পৌছে যায়। এর ফলে ব্যাপক হারে মানুষ ডাইরিয়াতে আক্রান্ত হয়ে পড়ে। ১৩৮ নং ওয়ার্ডে মিঠাতলায় তিন জন মানুষ মারা যায়। সেখানে পৌরসভা থেকে কোনো উদ্যোগ নেওয়া হয়নি। পরবর্তীকালে সেখানে রাস্তা অবরোধ হয়। আবার ওই একই ঘটনা ঘটে ১৬.২.২০০৯ তারিখে ১৩৫ নং ওয়ার্ডে। এই ওয়ার্ডে নিধিপাড়ার পাকাড়িয়াতলাতে নোংরা জল খেয়ে প্রায় ২০০-২৫০ জন মানুষ ডাইরিয়াতে আক্রান্ত হয়। ওখানে চার বছরের একটা বাচ্চা সহ চার জন মানুষ মারা যায়। কলকাতা কর্পোরেশনের মেয়র ১৩৫ নং ওয়ার্ডে গিয়েছিলেন কিন্তু সেখানকার মানুষ তাঁকে সেখানে ঢুকতে দেয়নি, প্রত্যাখ্যান করে। মানুষের বাড়িতে বাড়িতে যাতে নোংরা জল যাওয়া বন্ধ হয় তার ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন জানাচ্ছি।

শ্রী ভক্তরাম পান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য মন্ত্রীসভার এবং রাজ্যবাসীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন গোটা রাজ্যে তৃণমূল কংগ্রেস, মাওবাদী সহ অতি বামপন্থী এবং দক্ষিণপন্থীরা আমাদের রাজ্যে এক নৈরাজ্য সৃষ্টি করছে। প্রতিদিন একটা নির্দিষ্ট রাজনৈতিক দলের, সি.পি.এম-এর নেতাদের খুন করা হচ্ছে। কিন্তু সবচেয়ে বীভৎস ব্যাপার হচ্ছে গত ২২ ফেব্রুয়ারি ধনেখালি গ্রামপঞ্চায়েতে আমাদের সি.পি.এম দলের পঞ্চায়েত সমিতির সদস্য লানচো মাণ্ডির বাড়িতে দুষ্কৃতীরা গিয়েছিল তাকে খুন করার জন্য। তখন সে বাড়িতে ছিল না। তখন তার স্ত্রী ঝর্ণা মাণ্ডি তার মেয়ে সুমনা মাণ্ডিকে পড়াচ্ছিল। দুষ্কৃতিকারিরা তাদের গায়ে কেরোসিন তেল ঢেলে আগুন লাগিয়ে দেয়। ঘটনাস্থলেই সুমনা মাণ্ডির মৃত্যু হয়। ঝর্না মাণ্ডিকে প্রথমে চুঁচুড়া হাসপাতালে এবং পরে এস.এস.কে.এমে নিয়ে আসা হয়। ২৭শে ফেব্রুয়ারি তিনি প্রয়াত হয়েছেন।

এই জঘন্যতম কাজ তৃণমূল কংগ্রেস, ঝাড়খণ্ড দেশম পার্টি এবং মাওবাদীরা একজোট হয়ে পশ্চিমবঙ্গে ঘৃণ্য রাজনীতি করছে এবং তৃণমূল কংগ্রেস হল এর পাণ্ডা। এই হত্যাকাণ্ডের প্রতি তীব্র ঘৃণা জানাচ্ছি। রাজ্যবাসী এর জবাব দেবেন। রাজ্য সরকারের কাছে আমার অনুরোধ যে, যারা এই জঘন্য কাজ করছে তাদের বিরুদ্ধে যথাযথ আইন-গত ব্যবস্থা নেওয়া হোক। রাজ্যবাসী এর জবাব দেবেন, তার জন্য তৈরি থাকুন।

ZERO HOUR

শ্রী তজমূল হোসেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। কোনো পাট ব্যবসায়ী ২৫ কুইন্টালের উর্ধ্বে পাট স্টক রাখতে চাইলে তাঁকে দমকল দপ্তর থেকে লাইসেন্স নিতে হয়। এই লাইসেন্স করার জন্য বিশেষ করে মালদা জেলার পাট ব্যবসায়ীদের রাইটার্স বিল্ডিং থেকে

ফর্ম নিতে হয় এবং ফি জমা দিতে হয় শিলিগুড়িতে গিয়ে, তারপর সেই ফর্ম মালদায় জমা করতে হয়। এই অদ্ভুত জটিল প্রক্রিয়ায় লাইসেন্স করতে গিয়ে পাট ব্যবসায়ীরা ভীষণভাবে সমস্যার সন্মুখীন হচ্ছেন। তাই এই প্রক্রিয়াকে সরলীকরণ করার জন্য এবং যাতে এক জায়গায় লাইসেন্স পাওয়া যায় তার জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হয় সেই জন্য এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী দুলাল বর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই শূন্য সময়ে একটি গুরুত্বপূর্ণ বিষয় উপস্থাপনা করতে চলেছি। একটু আগে আমি এস.সি.ও.এস.টি.দের সম্বন্ধে বলেছি। পশ্চিমবঙ্গে বর্তমানে ১ কোটি ২৫ লক্ষ মানুষ এস.সি. এবং এস.টি অন্তর্ভুক্ত। ভারতীয় সংবিধানে এই মুহূর্তে সরকারি চাকরিতে এস.সি. দের-জন্য ২৩.৫ পারসেন্ট এবং এস.টি-দের জন্য ৫ পারসেন্ট রিজারভেশনের ব্যবস্থা রয়েছে। অথচ দুঃখের বিষয় যে, পশ্চিমবঙ্গে চাকরির ক্ষেত্রে এস.সি. এবং এস.টি-দের জন্য মাত্র ৪ পারসেন্ট চাকরিতে রয়েছেন। এস.সি., এস.টি এবং ও.বি.সি.দের জন্য আরও ২৪ পারসেন্ট চাকরিতে সংরক্ষণ থাকা দরকার। অর্থাৎ প্রায় আড়াই লক্ষ সরকারি চাকরি এস.সি, এস.টি এবং ও.বি.সি-দের প্রাপ্য রয়েছে। অবিলম্বে যাতে এস.সি, এস.টি এবং ও.বি.সি-দের জন্য চাকরিতে প্রাপ্য কোটা যাতে পূরণ করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী প্রদীপ তা : (অনুপস্থিত)

শ্রী স্বপন সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে নির্বাচনকে সামনে রেখে একটা অদ্ভুত জোট তৈরি হয়েছে, যত বিচ্ছিন্নতাবাদী শক্তি একটা জায়গায় এসে হাজির হয়েছে। নির্বাচনের দিন যত এগিয়ে আসছে ততই হিংসাত্মক ঘটনা ঘটছে, গণ্ডগোলের পরিবেশ সৃষ্টি করার চেষ্টা হচ্ছে। আমার বিধানসভা এলাকায় দিনের বেলায় প্রকাশ্যে প্রায় শ-চারেক গুণ্ডা একটা গ্রামকে আক্রমণ করেছে, তার ফলে একজন নিহত হয়েছেন এবং একজন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। সেখানে ১২টি ঘর ভাঙচুর করা হয়েছে, কয়েকটি ঘরে আগুন লাগানো হয়েছে। অবিলম্বে যাতে এই জিনিস বন্ধ করা হয় এবং যারা এই কাজের সঙ্গে যুক্ত তাদেরকে যাতে উপযুক্ত শাস্তি দেওয়া হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী অশোক কুমার দেব : স্যার, হাউসে কিছু বললে, আপনি আইনের কথা বলবেন, কখনও ইলেকশন কমিশনের কথা বলবেন, আবার কখনও রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতির কথা বলবেন। আজকে আমার কাছে অনেকে এসেছিলেন। তাঁরা বলছেন যে, যে ভোটার লিস্ট তৈরি হয়েছে তাতে দেখা যাচ্ছে, একজনের ছবিতে অন্য জনের নাম রয়েছে, আবার অন্যের নামের কার্ডে আরেক জনের ছবি রয়েছে। আবার এমনও দেখা যাচ্ছে যে, কোনো ফ্যামিলিতে নাম সবার ঠিক আছে, কিন্তু ছবি আলাদা আলাদা রয়েছে। এই নিয়ে আমরা অনেক বার জানিয়েছি। কিন্তু কোনো কাজ হয়নি। এখন যদি মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়ের ভোটার কার্ডে আমার ছবি থাকে এবং আমার ভোটার কার্ডে যদি মাননীয় ডেপুটি

স্পিকার মহাশয়ের ছবি থাকে, তাহলে কে ডেপুটি স্পিকার, কে অশোক দেব সেটা বোঝা মুশকিল।

[12.30 – 12.40 p.m.]

আমি চাইছি যাতে এইগুলোর সুরাহা করা যায় এবং গ্রামের গরিব মানুষ যাতে হেনস্থা না হয়।

শ্রী আবদুল খালেক মোল্লা : মাননীয় উপাধ্যাক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

এক বছরের বেশি হল সাচার কমিটির রিপোর্ট প্রকাশ হয়ে গেছে, কিন্তু পশ্চিমবাংলায় এখনও সাচার কমিটি নিয়ে কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। এখানো সংখ্যালঘুদের অর্থনৈতিক উন্নতির কথা একবারও উল্লেখ করা হয়নি, তাদের শিক্ষার ব্যাপারে, চাকরি এবং অন্যান্য কোনো ব্যাপারেই রাজ্য সরকার কোনো ভূমিকা নিতে পারেনি। পশ্চিমবঙ্গে প্রায় ২৬ শতাংশ সংখ্যালঘু মানুষ বাস করেন কিন্তু সরকারি কাজে যোগদান বিলো ২ পার্সেন্ট। বিগত সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলেও সরকারি চাকরিতে যোগদান ছিল ৭ শতাংশের উপরে। এখানে নতুন মাদ্রাসা তৈরি হওয়া দূরের কথা, পুরনো ভগ্ন মাদ্রাসাগুলোর উন্নয়নও হয়নি। শিক্ষার দিক থেকে তারা বঞ্চিত হচ্ছে। আমরা দাবি করছি অবিলম্বে সাচার কমিটির রিপোর্ট এখানে ইমপ্লিমেন্ট করা হোক এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের অর্থনৈতিক এবং অন্যান্য উন্নয়নের ব্যবস্থা করা হোক।

শ্রী প্রদীপ তা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দীর্ঘ ৩২ বছর পশ্চিমবাংলায় যে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রয়েছে, সেই পরিবেশকে বিঘ্নিত করার জন্য এই রাজ্যে বিভিন্ন অশুভ শক্তি সাম্প্রদায়িক শক্তিকে, বিচ্ছিন্নতাবাদী শক্তিকে মদত দিচ্ছে। উত্তরবঙ্গে দার্জিলিঙকে বিচ্ছিন্ন করার চেষ্টা করছে। আরও পরিতাপের বিষয়, যারা নিজেদের জাতীয় দল বলে দাবি করে তারাও এই সমস্ত অশুভ শক্তিকে মদত দিচ্ছে। আমরা দেখছি আদিবাসীদের পৃথক করার জন্য এবং আমাদের গুরুত্বপূর্ণ তিনটি জেলাকে বিচ্ছিন্ন করে ঝাড়খণ্ডের সঙ্গে যুক্ত করার জন্য তৃণমূল কংগ্রেস এবং কিছু অশুভ রাজনৈতিক শক্তি-ডান বাম নির্বিশেষে ঐক্যবদ্ধ হয়ে এই শান্তিপূর্ণ পরিবেশকে বিঘ্নিত করার চেষ্টা করছে। আমরা আরও লক্ষ্য করছি, আসন্ন লোকসভা নির্বাচনকে কেন্দ্র করে বিভিন্ন আদিবাসী, সংখ্যালঘু মানুষ, গরিব মানুষদের— অসমে যেমন বিচ্ছিন্নতাবাদী শক্তি ভারতবর্ষের বিপদ ডেকে আনছে—ভুল বুঝিয়ে সেরকম করার চেষ্টা করছে এবং পশ্চিমবাংলার শান্তিপূর্ণ পরিবেশকে টুকরো টুকরো করতে চাইছে। আমি দাবি করছি, এরকম পরিস্থিতিতে দল-মত-নির্বিশেষে সমস্ত রাজনৈতিক শক্তি একত্র হয়ে অশুভ শক্তিকে পরাস্ত করে এখানে শান্তিপূর্ণ পরিবেশকে বজায় রাখুন।

শ্রী শ্রুতিনাথ প্রহরাজ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিঘ্নকারী কুৎসা প্রচার আর তৃণমূল কংগ্রেস আজকে আমাদের রাজ্যে প্রায় সমার্থক শব্দ হয়ে দাঁড়িয়েছে। আপনার দৃষ্টিতে এসেছে কিনা জানি না, গত শনিবার নন্দীগ্রামে তৃণমূল কংগ্রেসের একটা সভার খবর টেলিভিশনে ব্রডকাস্ট করতে গিয়ে দেখিয়েছে, সেখানে তাদের নেতা-নেত্রীদের

উপস্থিতিতে তাদের নেত্রী দাবি করছেন আমাদের দেশের রাকেশ রোশন নামে কেউ চাঁদে গেছেন। এই নামের কেউ চাঁদে পাড়ি দিয়েছে আমি জানতাম না বা এখন ওইদিকে গিয়েছেন কি না জানতাম না।

সে ওরা গল্প গুজব করুন। সেটা জনসভায় ওরা করতেই পারেন কিন্তু যে উদ্দেশ্যে ওরা বললেন, ওরা বললেন সি.পি.এম চাঁদে যেতে চাইছে, ওরা চাঁদে যেতে পারবে না। প্রথম কথা হল তৃণমূল কংগ্রেসকে কে বলল যে সি.পি.এম চাঁদে যেতে চায়। সি.পি.এমের যে কর্মসূচী তা ঘোষিত কর্মসূচী। আমরা কি চাই আমাদের কর্মসূচীতে বলা আছে। আমরা সমাজ পাল্টাতে চাই। শ্রমিক কৃষকের লড়াইয়ের মাধ্যমে রাষ্ট্র দখলের প্রক্রিয়ায় আমরা যেতে চাইছি। ওঁকে কে বলল আমরা চাঁদে যেতে চাই ? তার থেকেও বড় জিনিস আপনার মাধ্যমে আমি রাজ্যবাসীকে জানাতে চাই যে মেধা, এই যে প্রখর স্মৃতি যে দলের নেত্রীর এবং সেই রাজনৈতিক দল তাদের সহযোগী বর্তমান কংগ্রেস দল এর যে অশুভ জোট এদের হাতে পশ্চিমবাংলার মানুষের ভবিষ্যত কি আদৌ নিরাপদ থাকবে ? এটা দেখার জন্য আপনাকে অনুরোধ করছি।

শ্রী নির্মল দাস : স্যার, আপনার মাধ্যমে আমি অগ্নি নির্বাপণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এর আগেও মাননীয় মন্ত্রীকে বলেছি সেটা হচ্ছে রাজ্যের যে সমস্ত অগ্নি নির্বাপণ কেন্দ্র আছে সেগুলো মডার্নাইজ করা খুবই জরুরি। বড় বাজারে যে আগুন লেগেছিল তার প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়েছে বিশেষ করে আমাদের যে ক্যালামিটি রিলিফ ফাণ্ড আছে তার যে অ্যাটেনশন ড্র করে কিছু অর্থ আনা প্রয়োজন। উত্তরবঙ্গে বিশেষ করে আলিপুরদুয়ারে অতি সম্প্রতি একটা আগুন লেগেছিল। সেখানে পরপর তিনবার অগ্নিকাণ্ড ঘটেছে। এক কোটি টাকার বেশি সম্পত্তি ধ্বংস হয়ে গেছে। মাননীয় মন্ত্রীর কাছে আমি অনুরোধ করছি অ্যাটলিস্ট যে অগ্নি নির্বাপণ কেন্দ্রগুলো আছে সেগুলো আধুনিকীকরণ করা দরকার যাতে অগ্নি নির্বাপণ দ্রুত হয়। আরও কয়েকটি অগ্নি নির্বাপণ কেন্দ্র গড়ে তোলা দরকার। ডিজাস্টার ম্যানেজমেন্ট, রিলিফ রিহ্যাবিলিটেশন এবং সোশ্যাল ওয়েলফেয়ার কমিটি থেকে অমরা এই সুপারিশ করেছি। মাননীয় মন্ত্রী এখানে আছেন মডার্নাইজেশনের বিষয়ে তিনি যদি কিছু বলেন, আমি তাঁর কাছে অনুরোধ রাখছি।

শ্রী বাঁশরীমোহন কাঞ্জি : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের একটা রাস্তা ধনপোতা মুদালিয়া তিনটে ব্লকে টাচ করে বেরিয়ে যাচ্ছে। বিভিন্ন পর্যায়ে ছোট ছোট কাজ হয়েছে। এই রাস্তাটা একটা সংযোগকারী গুরুত্বপূর্ণ রাস্তা। রাস্তার দুদিকে ব্যাপক কর্মসংস্থানের পরিবেশ তৈরি হয়েছে। আমরা জেলাপরিষদকে বলেছি, মাননীয় মন্ত্রীকে বলেছি ওই রাস্তাটা পিচ করার জন্য। কিছুটা রাস্তা পিচ হয়েছে কিন্তু অর্ধেকের বেশি কাজ বাকি রয়ে গেছে। সুষ্ঠুভাবে রাস্তাটাকে যদি কমিউনিকেট করে দেওয়া যায় তাহলে তিনটে ব্লক, জয়নগর মগরাহাট দুটো ব্লকই উপকৃত হবে। ধনপোতা, মুদালিয়া রাস্তাটিকে সংস্কার করে কর্মসংস্থানের সুযোগ তৈরি করে দেওয়ার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

(১-৩০ পর্যন্ত সভার বিরতি ঘোষণা করা হয়।)

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1.30-1.40 p.m.] (afternoon)

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী সৌগত রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে তার উপরে আমাদের যে সংশোধনীগুলি আছে, তার সমর্থনে কিছু কথা বলছি। রাজ্যপালের ভাষণ হচ্ছে কিছু দপ্তরের দেওয়া হিসাবের একটি তালিকা। কিন্তু এটাতে পশ্চিমবঙ্গের পরিস্থিতি সম্পর্কে আসল তথ্য গোপন করেছেন। তাই রাজ্যপালের এই ভাষণকে আমরা সমর্থন করতে পারছি না। স্যার, আপনি রাজ্য পালের ভাষণের মধ্যে লক্ষ্য করবেন যে, পুরো ভাষণের কোথাও সিঙ্গুরের কথা লেখা নেই। যে সিঙ্গুর নিয়ে রাজ্যপাল একটা চুক্তি করেছিলেন রাজ্য সরকারের সাথে এবং বিরোধী দলের সাথে।

Mr. Speaker: Shri Saugata Roy, I would like to remind you that the name of the Governor cannot be used to influence the debate. Under the Rule, there is a bar. Please maintain that Rule.

শ্রী সৌগত রায়: স্যার, আমি জানি আমার কথাগুলি সবার পক্ষে প্লেজেন্ট নাও হতে পারে। কিন্তু আমার যা বলার, সেটা বলতেই হবে।

স্যার, আমি যে কথা বলেছিলাম। রাজ্য সরকারের চুক্তির এখানে কোনো উল্লেখ নেই। আজ পর্যন্ত কেউ জানেন না যে, সিঙ্গুরে এই ভুতের মতো টাটা কারখানার জায়গা খালি পড়ে আছে, সেখানে কি হবে। এই নিয়ে রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই। স্যার, এই সিঙ্গুরে নিয়ে সি.এ.জি একটা রিপোর্ট দিয়েছিল। সি.এ.জি বলছে ডবলু.বি.আই.ডি.সি যারা সিঙ্গুঁরে প্রজেক্ট চালাচ্ছিল—The company incurred excess expenditure of Rs.2.99 crore towards payment of avoidable interest and Rs.1.44 crore on delayed consent awards. Further, it subsidises Tata Motors Ltd. by Rs.76.11 crore on leasing 645.67 acores of land at Singur for 99 years. সুতরাং আমরা যেটা বলেছিলাম,সেটাই সি.এ.জি বলছে যে, ৭৬ কোটি টাকা দিয়ে সাবসিডি দিয়ে জমি দিয়ে টাটাকে রাখার চেষ্টা করা হয়েছিল। মুখ্যমন্ত্রী তাদের রাখতে পারে নি। সিঙ্গুর সম্বন্ধে রাজ্যপাল চুপচাপ। স্যার, উনি বলেছেন ক্রাইম ইজ স্যাটিশফ্যাক্টরী। কিন্তু আমি মনে করি এবং বলতে চাই যে, এই রাজ্যের ক্রাইমের ক্ষেত্রে সবচেয়ে বড় বিপদ হচ্ছে সি.পি.এম দল। এখনও এই সেদিন নন্দীগ্রামে আমাদের কর্মাধ্যক্ষ এর উপরে হামলা করেছে সি.পি.এমের লোকেরা হাসপাতালে গিয়ে। স্যার, আমি গতকাল উত্তর ২৪ পরগনার দূর্গানগরে গিয়েছিলাম। সেখানে ২৭শে জানুয়ারী রাত্রি সাড়ে ৮টার সময়ে সি.পি.এমের শম্ভু দাশগুপ্ত এবং সজিৎ দাশগুপ্ত খুন হয়। ওখানে যিনি সাংসদ ছিলেন, তিনি আবার দলের জন্য তিনি গিয়ে বললেন তৃণমূলের

লোকেরা খুন করেছে। পরের দিন ডি.এম বললেন এর সাথে রাজনীতির কোনো সংযোগ নেই। আমরা এর সি.বি.আই তদন্ত চাই এবং সি.পি.এমের আভ্যন্তরীণ লড়াইয়ের জন্য সেই দুই নেতা খুন হয়েছেন। এটা আমি বলতে চাই। আমি দেখলাম যে, সি.পি.এমের লোকেরা একটা পোস্টার দিয়েছে। হাউসে একজন উল্লেখ করলেন, ধনেখালিতে ঝর্ণা মাণ্ডি এবং তার মেয়ে সুমনার মৃত্যুর জন্য নাকি তৃণমূল এবং ঝাড়খণ্ড দিশম পার্টি দায়ী। কিন্তু আমি বলতে চাই, এই মৃত্যুর ঘটনা দুর্ঘটনাজনিত। লম্প থেকে আগুন লেগে দুজন মারা গেছে। (গোলমাল)। আপনারা চিৎকার না করে সি.বি.আই. দিয়ে তদন্ত করান, আপনাদের তদন্তের ওপরে আমাদের ভরসা নেই। পোস্টার ছেপে মিথ্যা কথা বলবেন না। স্যার, আমি বলতে চাই, তাপসি মালিকের আত্মা সি.পি.এম. কে অনেক দিন তাড়া করবে। সি.পি.এম.-এর দুজন জোনাল সেক্রেটারি—তারা এখনও বেকসুর খালাস হয়নি। তারা কেবল বেল পেয়েছে, তাতেই আনন্দে আত্মহারা। এই যে লোয়ার কোর্টে সি.পি.এম-এর দুজন নেতা যাবজ্জীবন কারাদণ্ড পেলেন, তা তো রাজ্যের অবস্থাই তুলে ধরে।

রাজ্যপালের ভাষণে টেররিজমের কথা বলা আছে। সন্ত্রাসবাদ সারা ভারতবর্ষের সমস্যা—

মিঃ স্পীকার : Mr. Saugata Roy, I may again remind you that what is sub-Judice can't be discussed. It has been admitted it is sub-Judice, it can't be discussd. That is a pending appeal-sub-Judice-and can't be discussed. এটা হতে পারে না, আপনি যাবজ্জীবন বলবেন, এটা হবে না।

শ্রী সৌগত রায় : স্যার, খুন হলে খুন বলা যাবে না ?

মিঃ স্পীকার : হ্যাঁ বলা যাবে। কিন্তু যাবজ্জীবন ইত্যাদি যেগুলো আপনি বলেছেন, ওগুলো বাদ যাবে।

শ্রী সৌগত রায় : স্যার, বোম্বেতে এই যে হামলা হল, সেখানে দেখা গেল, যে সিম্‌কার্ডগুলো পাওয়া গেল, সেগুলো কলকাতা থেকে কেনা। এর কারণ কি ? আমরা বলতে চাই, টেরোরিস্ট ঢোকার জায়গা হচ্ছে পশ্চিমবঙ্গ। আর নিরাপদ আশ্রয় হচ্ছে পশ্চিমবঙ্গ। রাজ্যপালের ভাষণে আনন্দ প্রকাশ করা হল এবং বলা হল, এখানে কিছু হয়নি। চোরেরা কখনও নিজের পাড়ায় চুরি করে না। টেরোরিস্টরাও করেনি। কারণ, এখানে তারা থাকছে।

রাজ্যপালের পুরো ভাষণে আদিবাসীদের যে বিক্ষোভ, সেই বিক্ষোভের কথার কোনোও উল্লেখ নেই। আমি শুনলাম, বামফ্রন্টের মিটিং-এও বিক্ষোভ দেখানো হয়েছে। লালগড়ে পুলিশি অত্যাচারের বিরুদ্ধে ছোটপেলিয়া গ্রামে রাস্তা কেটে রাখা হয়েছিল। ওরা বলেছিল এস.পি.কে ক্ষমা চাইতে হবে। আর এই রাজ্যের সরকার বলেছে, আদিবাসীদের ওপরে কোনো অত্যাচার করেনি। রাজ্যপালের ভাষণে এটাও নেই। আমি এর জন্য দুঃখিত।

মাওবাদীদের বিরোধী আমরা সবাই। কিন্তু মাওবাদী ধরার নামে গ্রামে গ্রামে পুলিশের যে অত্যাচার—রাজ্যপালের ভাষণে তারও কোনো উল্লেখ নেই। বুদ্ধবাবুর পুলিশ সেই অত্যাচার করছে। আজকে আরও দুই-একটি কথা বলতে চাই, রাজ্যপালকে দিয়ে বলান হল, ইস্ট-ওয়েস্ট মেট্রো প্রোজেক্ট শুরু হচ্ছে। আমাদের মুখ্যমন্ত্রী যেটা করেছেন, সেটা হল, সল্টলেকে গিয়ে শিল্যান্যাস করেছেন। অনেকে এটাকে বলছেন, 'শ্যাওলান্যাস', কবে হবে, কেউ জানে না। প্রোজেক্ট ইজ ইন দি এয়ার, আকাশে রয়েছে। উনি বলে দিলেন, ইস্ট-ওয়েস্ট মেট্রো করব। এখনও ডি.পি.আর. অর্থাৎ ডিটেইল্ড প্রোজেক্ট রিপোর্ট তৈরি হয়নি। অথচ শিলান্যাস করে দিলেন। এই যে শিলান্যাস এবং সরকারি পয়সা খরচ করে বিজ্ঞাপন দেওয়া, এর আমি তীব্র বিরোধিতা করি। রাজ্যপালকে দিয়ে বলান হল, সিকস্ লেন এলিভেটেকড রোড, র‍্যাপিড লাইট ট্রানজিট সিস্টেম চালু হবে। এইগুলো অ্যাবসার্ড। কোনোও দিনই এই সরকার করতে পারবে না। মানুষকে ধোকা দেওয়ার জন্য এই কথা বলা হয়েছে।

[1.40–1.50 p.m.]

তাই রাজ্যপালের ভাষণে এগুলি ইনক্লুড করা নিয়ে আমি তীব্র নিন্দা করছি। এখন নির্বাচনের আগে নানা রকম স্টান্ট চলছে। ফেব্রুয়ারি মাসে ২ টাকা কেজি চাল দেওয়া হবে বি.পি.এল. মানুষদের। এটা নির্বাচনী স্টান্ট মানুষ বুঝতে পারে, কিন্তু এর থেকে তাঁরা কোনো শিক্ষাই নিচ্ছেন না। নন্দীগ্রামে ৪০ হাজারে হার, বিষ্ণুপুরে ৩০ হাজারে হার এর থেকে শাসকদল কিছুই শিখলো না। আজকে রাজ্যপালের ভাষণে সাচার কমিটির নাম কোথাও উল্লেখ নেই। যেন সাচা একটা অচ্ছুৎ লোক। তিনি কি বলেছিলেন ? তিনি বলেছিলেন যে সব রাজ্য মুসলিমদের চাকরি, শিক্ষার ক্ষেত্রে পিছিয়ে আছে, তাদের জীবনযাত্রার মানের ক্ষেত্রে পিছিয়ে আছে পশ্চিমবঙ্গ তাদের অন্যতম। সাচার কমিটির রিপোর্ট কার্যকরী করবো এই কথা সরকার বলতে চায় না। এখানে মুসলিমরা শিক্ষার ক্ষেত্রে, চাকরির ক্ষেত্রে পিছিয়ে আছে, সরকারি কর্মচারীর ২পারসেন্ট মুসলিম। এর জন্য তারা এই শাসকদলের বিরুদ্ধে বিদ্রোহ করছে। যারা বিরাট বিরাট চেহারা নিয়ে তাদের প্রতিনিধিত্ব করে তাদের কথা মানুষ শোনে, আজকে মুসলিমরা বুঝেছে তারা বঞ্চিত। এই রাজ্যপালের ভাষণে ভালো পানীয় জল পৌঁছে দেওয়ার কথা বলা হয়েছে। পানীয় জলের ব্যাপারে আমি পরে হিসাব দেব। আমাদের পুরো বনগাঁ মহকুমা আর্সেনিক আক্রান্ত। আজ পর্যন্ত কোনো প্রোজেক্ট হয়নি। গত পঞ্চায়েত নির্বাচনের আগে দুটো শিলান্যাস হয়েছিল, সেটা এখন শ্যাওলান্যাস হয়ে গেছে। গৌতমবাবু এখন নিউটাউনের জমি একয়্যারে ব্যস্ত, এখানে এসে তিনি বড় বড় কথা বলেন। ৩ বছর ওঁনার সাথে কথা বলেছি, দেখেছি উনি আরসেনিক আক্রান্ত মহকুমাকে অবহেলা করে গেছেন। রাজ্যপালের ভাষণে বলা আছে ইরিগেশান প্রোজেক্ট হচ্ছে। কোনো ব্যাখ্যা নেই, কেন ৩২ বছর ধরে তিস্তা প্রোজেক্ট হলো না, ইচ্ছামতীর সংস্কার যার উপর পুরো বনগাঁ মহকুমা নির্ভরশীল, তা নিয়ে একটা কথাও বলা হয়নি। ৫ বছর আগে কাজ হয়েছিল, তার পরে ৫ বছর ধরে ইছামতী সংস্কারের কোনো কাজ হয়নি। এটা রাজ্যপালের ভাষণে বলা হয়নি। আজকে রাজ্যপালের ভাষণে বলা নেই যে ৭৪ হাজার পি.টি.টি.আই. ছাত্রদের কি ভবিষ্যত আছে ? পার্থবাবুর জন্য আমি

খুবই দুঃখিত যে উনি যেখানেই যাচ্ছেন ওঁর বিরুদ্ধে পি.টি.টি.আই. ছাত্রদের বিক্ষোভ দেখছি। পুলিশ গতকাল লাঠি চার্জ করেছে ডোমকলে ওদের হাত থেকে মন্ত্রীকে মুক্ত করে নিয়ে যাবার জন্য। আপনার প্রতি আমার সহানুভূতি আছে, আমি জানতে চাই এই অবস্থার কেন সৃষ্টি করলেন ? কেন আপনার পার্টির লোকেরা এত এত টাকা নিয়ে পি.টি.টি.আই খুললেন, দেড় লক্ষ টাকা তাদের কাছ থেকে নেওয়া হল। এই পি.টি.টি.আই ছাত্রদের ভবিষ্যত অন্ধকার। এদের ডিপ্লোমা হাইকোর্ট থেকে বেআইনী বলে দিয়েছে। তা সত্ত্বেও রাজ্যপালের ভাষণে কোনো কথা নেই। রাজ্যপালের ভাষণে প্রাইভেট এন্টারপ্রাইজ সম্বন্ধে বলা হয়েছে, কিন্তু এখানে বলা হয় নি যে বসুমতী প্রাইভেট এন্টারপ্রাইজ সেটা সরকার বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করেছিল, আমরা বসুমতী বাঁচাও কমিটি করে আন্দোলন করেছি, এটা ঐতিহাসিক প্রতিষ্ঠান, রামকৃষ্ণ, গান্ধীজীর নাম এর সাথে যুক্ত। এটা সরকার বন্ধ করে দিলেন। এই রাজ্যপালের ভাষণে নয়াচরে কেমিক্যাল হাবের কথা বলা হয়েছে। আমি আমার দলের তরফ থেকে বলতে পারি নয়াচরে কেমিক্যাল হাব হলে গঙ্গায় দূষণ বাড়বে, এটা দেশের পক্ষে বিপদজনক। আমরা মনে করি এনভায়রনমেন্ট ইমপ্যাক্ট অ্যাসেসমেন্ট না করে নয়াচরে কেমিক্যাল হাব করা যাবে না। স্থানীয় মানুষ সেখানে আন্দোলন করবেন এবং নন্দীগ্রামে যে অবস্থা হয়েছে সি.পি.এমের, নয়াচরে জবরদস্তি করতে গেলে সেই অবস্থাই হবে এটা আমি তাদের মনে করিয়ে দিচ্ছি।

আমি আর একটা কথা বলার আছে, সেটা হচ্ছে যে, এখনই আমাকে ফোন করছিলেন অনেক ও.বি.সি. সম্প্রদায়ের মানুষ। সারা ভারতবর্ষে ও.বি.সি.-দের জন্য উচ্চ শিক্ষায় সংরক্ষণ হয়েছে। কিন্তু এই সরকার সংখ্যালঘুদের অবহেলা করে ও.বি.সি.-দের অবহেলা করে, এই রাজ্যে ও.বি.সি.দের জন্য কোনো সংরক্ষণ হয়নি। আমি দাবি করছি, রাজ্যপাল ও.বি.সি. দের নিয়ে কিছু বলেননি। আমি দাবি করছি যে, ও.বি.সি.-দের জন্য যাতে সংরক্ষণ হয়। আমি আগে বলে শুরু করেছিলাম, যে রাজ্যপালের ভাষণ অর্ধসত্য। এবং পশ্চিমবাংলার অবস্থাটা কোথায়। আমি এরপরে কিছু তথ্য দিয়ে আপনাদের সামনে তুলে ধরবো। এবং সেখানে আপনাদের কাছে পরিষ্কার হয়ে যাবে যে, পশ্চিমবাংলা কত পিছিয়ে আছে বিভিন্ন ক্ষেত্রে। একটা রাজ্যের মানুষ কিরকম আছে তাদের অবস্থা কি তার একটা ইন্ডিকেশান হচ্ছে পার ক্যাপিটা জি. এস. ডি. পি. কত। তার মানে গ্রস স্টেট ডোমেস্টিক প্রোডাক্ট মাথা পিছু কত। আমরা দেখছি যে, পশ্চিমবাংলায় জি. এস. ডি. পি. ২৯,৪৫৭ টাকা। তার মানে মাথা পিছু গড় আয়। তামিলনাডুতে কত ? ৩৫,৩০০ টাকা। মহারাষ্ট্রে কত ? ৪৩,৭২৪ টাকা। এই রাজ্যের র‍্যাংক হচ্ছে ১৮তম। আপনাদের জি এস ডি পি এই রাজ্যের। এবং তা থেকে বুঝতে হবে যে পশ্চিমবাংলায় অসাম্য, আঞ্চলিক অসাম্য আছে এই রাজ্যে। জি.এস.ডি.পি. এমনিতেই কম। আবার সেখানে উত্তর দিনাজপুরের মতো জেলা সেখানে পার ক্যাপিটা জি. এস. ডি. পি. কলকাতার যে জি.এস.ডি.পি. তার থেকে এক-তৃতীয়াংশ। তারফলে একদিকে গরিব অন্য রাজ্যের তুলনায় এবং এই রাজ্যের মধ্যে কিছু জেলা মার খেয়েছে উন্নয়নে সেটা আপনাদের কাছে উল্লেখ করতে চাই। আমি আরো আপনাদের কাছে উল্লেখ করতে চাই, যে দেখা যাচ্ছে, পুরুলিয়া

জেলায় ৭৮ শতাংশ মানুষ দারিদ্র্যসীমার নীচে বাস করে। পশ্চিমবাংলায় তাঁরা দারিদ্র্যসীমার নীচে বাস করে এমন লোকের সংখ্যা ২৪.৭%। কি করেছেন ? এবং পশ্চিমবাংলা ভারতবর্ষের বেশিরভাগ রাজ্যের থেকে এই ব্যাপারে পিছিয়ে আছে। আমরা, বিহার, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ, ছত্তিশগড়, ঝাড়খণ্ড বাকি ভারতবর্ষের ২৭টি রাজ্যের থেকে। পশ্চিমবাংলার ১৭টি জেলার স্বাক্ষরতা কত ? লাস্ট জনগণনায় ৬৮.৬%। সেখানে হিমাচলপ্রদেশ হচ্ছে ৭৬.৫%। আর এই যে পশ্চিমবাংলার মধ্যে লিটারেসি এত কম তারমধ্যে উত্তর দিনাজপুরে হচ্ছে ৪৮.৬%। আমি আপনাকে বলেছি বইটার নাম, বিবেক দেব রায় এবং লাভিস ভান্ডারি এঁরা দুজন বিশিষ্ট, বিবেক দেব রায় হচ্ছেন, ইন্দিরা গান্ধী ইন্সটিটিউট অব কনটেম্পোরারি স্টাডিজ এর ডিরেক্টর, ভারতবর্ষের মধ্যে একজন নাম করা অর্থনীতিবিদ। এবং তাদের সোর্স গভর্নমেন্ট অব ইন্ডিয়া এবং গভর্নমেন্ট ওয়েস্ট বেঙ্গল— সেখান থেকেই। আমি বলছি এই পরিসংখ্যানটা আপনাদের পক্ষে সুখকর নয়। আমি আবার বলছি, পশ্চিমবাংলায় গ্রস এনরোলমেন্ট রেট হচ্ছে ৯৬%। ভারতবর্ষের বেশিরভাগ রাজ্যেই এটা ১০০% ছাড়িয়ে গেছে। এবং শুধু তাই নয়, ড্রপ আউট পশ্চিমবাংলায় ৭৮%। ভারতবর্ষের বেশিরভাগ রাজ্যের থেকে আমাদের রাজ্যে ড্রপ আউটের সংখ্যা বেশি শুধু তাই নয়, পশ্চিমবাংলায় প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক প্রতি ৫৪ জন ছাত্র। হিমাচলে মাত্র ২৪ জন ছাত্র। পশ্চিমবাংলায় এক লক্ষ জনসংখ্যায় ৬৩টি স্কুল আছে।

[1.50 – 2.00 p.m.]

আর আসামে ১৩৭টি স্কুল, যেখানে হিউম্যান ডেভলপমেন্টে আমরা আসামের থেকে পিছিয়ে যাচ্ছি, এটা লজ্জার ব্যাপার। স্যার, পশ্চিমবাংলায় জন্মের ক্ষেত্রে ১ লক্ষের হিসাবে, মায়েদের মরার ক্ষেত্রে সংখ্যাটা হচ্ছে ১৯৪ জন, মহারাষ্ট্রে ১৪৯ জন। ম্যাট্রিমোনিয়াল মর্টালিটি রেট—শিশু মৃত্যুর হার পশ্চিমবাংলায় এক হাজারে ৩৮, ত্রিপুরায় মাত্র ৩১। সুতরাং ত্রিপুরা যা পেরেছে, আসাম যা পেরেছে, হিমাচল যা পেরেছে, পশ্চিমবাংলা হিউম্যান ডেভলাপমেন্ট ইনডেক্স-এর ক্ষেত্রে তা পারেনি। স্যার, আমি আবারও আপনাদের বলছি, ওভারঅল এইচ.ডি.আই পশ্চিমবাংলায় কত .৬১০ এবং এটা ভারতবর্ষের বেশিরভাগ রাজ্যের থেকে কম। এখানে এইচ. ডি. আই. কম, সেখানে .৪৪০ এটা একটা মজার ব্যাপার। লেটেস্ট ন্যাশনাল স্যাম্পেল সার্ভে সিক্সটি ওয়ান রাউন্ডে বলেছে ৪৭.৩ পারসেন্ট পশ্চিমবাংলায় গরিব মানুষের কোনো কার্ড নেই। এবং তাঁরা আরো বলছে, ৪৩.৩ পারসেন্ট কার্ড আছে যারা বি পি এল এবং এ ওয়াই এল। সুতরাং আমরা এখানে গরিবদের কার্ডটা পর্যন্ত দিতে পারছি না। ফিজিকাল ইনফ্রাসট্রাকচারে এখানে রাজ্যপালের ভাষণে দেওয়া আছে রাস্তাঘাট হয়েছে। আমি বলি, ইলেভেনথ ফিনান্স কমিশন যে ইনডেকস অফ ফিজিক্যাল ইনফ্রাসট্রাকচার করেছিল, তাতে পশ্চিমবাংলার স্কোর ছিল ১১১.২৫, পাঞ্জাবে যেখানে ১৮৭, কোথায় ওরা ১৮৭ আমরা ১১১। সবচেয়ে লজ্জার কথা, আমাদের ৫৬ শতাংশ লোক হ্যাবিটেশান—যেখানে লোকে থাকে—সেখানে পশ্চিমবাংলা গ্রাম সড়ক যোজনায় যুক্ত হয়নি। এটা ভারতবর্ষের বেশিরভাগ রাজ্যের ক্ষেত্রের হিসাবে খারাপ।

পশ্চিমবাংলায় ৫০ শতাংশ বাড়িতে ইলেকট্রিক কানেকশান আছে। আমি একটু আগে আইনশৃঙ্খলার কথা বলছিলাম,আইনশৃঙ্খলার ব্যাপারে আমরা দেখছি, হাইকোর্টে ২ লক্ষ ৮৩ হাজার ২৭৩টি কেস ঝুলে আছে। ৭.৫ শতাংশ ব্যাকলগ। আমরা দেখছি এই রাজ্যে ১৪ হাজার ১০৭জন আন্ডারট্রায়াল প্রিজনার ছিল, ২০০৫ সালেতে। ৫ বছরে আরো অনেক আন্ডার ট্রায়াল হয়েছে। আমি আপনাকে বলতে চাইছি, পশ্চিমবাংলায় এখনও ৪৩ শতাংশ শ্রমজীবী মানুষ তাঁরা কৃষিতে আছেন। দারিদ্র্যতার মধ্যে থেকে একটা রাজ্য উন্নীত হওয়া মানে কৃষির উপর নির্ভরশীল লোকের সংখ্যা কমবে, পশ্চিমবাংলা তা করতে পারেনি। পশ্চিমবাংলা আজও কৃষিতে ৪৯ শতাংশ জমির উপর নির্ভরশীল। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী রয়েছেন, রাজ্যপালের ভাষণে, কত টাকা ইনভেস্টমেন্ট হয়েছে তার উল্লেখ নেই। উনি অনেক বড় বড় কথা বলেন, কেন্দ্রীয় সরকারের '০৬-০৭ সালের রিপোর্ট থেকে পাওয়া গিয়েছে ইনভেস্টমেন্ট ইনটেনশান পশ্চিমবাংলায় ছিল ৫১ হাজার ৩৮৬ কোটি টাকা—আপনারা তো কুয়োর ব্যাঙ, বাইরেটা দেখছেন না—আপনারা জানেন, সেই বছরে কর্ণাটকে ছিল ৭২ হাজার ২৫০ কোটি টাকা, ওড়িশায় ৯৬ হাজার ৮৬৯ কোটি টাকা, ছত্তিশগড়ে ১লক্ষ ১৮ হাজার ৭৩৭ কোটি টাকা ; ওড়িশা, ছত্তিশগড় এবং কর্ণাটক এর থেকে ইন্ড্রাস্ট্রিয়াল ইনভেস্টমেন্টে, শিল্পে আমরা পিছিয়ে পড়েছি। পশ্চিমবাংলায় বেকারি সবচেয়ে বেশি তীব্র। আমরা জানি সারা ভারতবর্ষে গ্রাম ও শহর মিলিয়ে শিক্ষিতর হার ৮.৩ শতাংশ, সেখানে পশ্চিমবাংলায় হচ্ছে ৯.৯ শতাংশ বেকারি এবং শিক্ষিত মানুষের বেকারি এখানে তীব্রতম। আমি এটা আপনাকে বলে রাখতে চাইছি, পশ্চিমবাংলায় যে ফিগার আছে, আমি আগে যেটা বললাম এন.এস.ডি.পি., রিজার্ভ ব্যাঙ্ক যে ডাটা রিলিজ করেছে, পশ্চিমবাংলায় এন.এস.ডি.পি. হচ্ছে ১৭৩৮ বিলিয়ন টাকা।

আর সেখানে মহারাষ্ট্রে তিন হাজার ঊনত্রিশ বিলিয়ন টাকা। কত পিছিয়ে গেছি ? ওদের সাথে আমাদের গ্রোথ রেট খুব স্লো। ২০০০-০১ ও ২০০৫-০৬ সালের মধ্যে পশ্চিমবাংলার রেট অফ গ্রোথ ছিল ৫.৮২ শতাংশ, মহারাষ্ট্রের গ্রোথ ছিল ৭.৪২শতাংশ। আমরা সেখানেও পিছিয়ে গিয়েছি। আমরা দেখছি, আমাদের রাজ্য শিল্পে বেশি বিনিয়োগ করতে পারছে না, অর্থনীতি দ্রুত বাড়ছে না। আমরা দেখছি এই রাজ্যে মাথাপিছু যা আয় সেটা অন্য রাজ্যের তুলনায় কম। আমরা দেখছি এই সরকার ৩২ বছর ধরে সম্পূর্ণ ব্যর্থ।

শিল্প শিল্প নিয়ে অনেক কথা হচ্ছে। আমি জানতে চাই-রাজ্যপালের ভাষণে বলা হচ্ছে জিন্দালের কারখানা হবে, শ্যাম স্টিল কারখানা হবে, বালাজী কারখানা হবে। সবে মুখ্যমন্ত্রী শিলান্যাসও করে এলেন। আমি জিজ্ঞেস করতে চাই-৯ বছর তিনি মুখ্যমন্ত্রী আছেন—একটা মেগা প্রজেক্ট তাঁর আমলে হয়নি। লাস্ট মেগা প্রজেক্ট জ্যোতি বাবুর আমলে হয়েছে। এনার আমলে একটাও মেগা প্রজেক্ট হয়নি। এখন লোকসভা নির্বাচনের আগে উনি শিলান্যাস করছেন। ৯ বছর ধরে তিনি করছিলেন কি ? এই প্রশ্ন আমাদের থেকেই যাবে।

স্যার, আমি আরো আপনাদের কাছে বলতে চাই পশ্চিমবাংলায় সব দিক থেকে আমরা দেখেছি জেলায় জেলায় যে অসাম্য-সেটা দূর করা হয়নি। আমরা দেখেছি ভারতবর্ষে দারিদ্র্যের ব্যাপারে সারা ভারতে আমাদের কাছে জনসংখ্যার ৩৫.৯ শতাংশ পুওর যদি ভাগ

করা হয়। পশ্চিমবাংলায় সেখানে ৫৩.৪ শতাংশ পুওর। আমি আগে বলেছি যে পশ্চিমবাংলায় ২৪.৭ শতাংশ দারিদ্র্যসীমার নীচে ছিল। অসমে মাত্র ১৯.৯ শতাংশ দারিদ্র্যসীমার নীচে ছিল। অসমের মত রাজ্য যা করতে পেরেছে আমরা তা করতে পারি নি। এটা আপনাদের উল্লেখ করা দরকার।

ওভারঅল অ্যানুয়াল রেট অফ এমপ্লয়মেন্ট ইন এন্টারপ্রাইজেস-সেটা পশ্চিমবাংলায় টোটাল .৯ শতাংশ।

এমপ্লয়মেন্ট গ্রোথ ইন মহারাষ্ট্র ১.৮ শতাংশ। তামিলনাডু ৪.৬ শতাংশ-এখানে এমপ্লয়মেন্ট বাড়ছে না। এমপ্লয়মেন্ট গ্রোথ স্ট্যাগনেটেড হয়ে আছে। আমরা জানি পশ্চিমবাংলায় ২০০৬ সালে চার লক্ষ সাতানব্বই হাজার লোকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লিখিয়েছিল-মাত্র ১৫ হাজার লোক চাকরি পেয়েছিল। ৭৭ লক্ষ পশ্চিমবাংলায় আন-এমপ্লয়েড হয়েছিল। পরে কায়দা করে এমপ্লয়মেন্ট রেজিস্টার থেকে লেবার ডিপার্টমেন্ট নাম কেটে দিয়েছিল। আমি তাই আপনাদের কাছে বলছি ওরা বড় বড় কথা বলেন, আই.টি-র কথা বলেন যে আই.টি.তে-এগিয়েছে। সারা ভারতবর্ষে সার্ভিস সেক্টরে গ্রোথ ছিল ৮.৯ শতাংশ, পশ্চিমবাংলায় ৬.৮ শতাংশ।

এস.টি.পি-র যে এক্সপোর্ট সেটা অল ইন্ডিয়া অ্যাভারেজে ৭ হাজার ১৭৬ কোটি টাকা। এস.টি.পি. মানে সফটওয়্যার টেকনোলজি পার্ক। পশ্চিমবাংলায় সেটা হচ্ছে আড়াই হাজার কোটি টাকা। অল ইন্ডিয়া কম্পারিজনে পশ্চিমবাংলা ওয়ান-থার্ড। ঈ-রেডিনেস-ডিপার্টমেন্ট অফ ইনফর্মেশান টেকনোলজি-দিল্লি থেকে একটা ডিপার্টমেন্ট করেছে। আমরা দেখেছি কর্ণাটক, তামিলনাডু, চন্ডীগড়, কেরালা, গুজরাট, গোয়া, দিল্লি, হরিয়ানার থেকে সবার নীচে পশ্চিমবাংলা। ঈ-রেডিনেসে কতটা আমাদের হয়েছে ? আমরা সেখানেও নীচে।

স্যার, একটা হিসেব বেরিয়েছে-টাইম অ্যান্ড কস্ট টু স্টার্ট এ বিজনেস ইন ইন্ডিয়া—কতদিন সময় লাগে একটা বিজনেস আরম্ভ করতে ? পশ্চিমবঙ্গে ৫১ দিন, মহারাষ্ট্রে ৩৫ দিন, তামিলনাডু ৪১ দিন ও অন্ধ্রপ্রদেশে ৪৩ দিন। এই ফিগার ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে দিয়েছে-পশ্চিমবাংলায় ব্যবসা করতে বেশি সময় লেগে যাচ্ছে।

সাব ন্যাশনাল র‍্যাঙ্কিংস অন দ্য ইজ অফ ডুয়িং বিজনেস-আমরা দেখছি হায়দ্রাবাদ এক নম্বর ও কলকাতা ১২ নম্বরে।

আমরা আরো বলতে চাই—আগে যেটা বলেছি-মার্ডারস, কিডন্যাপিং, রেপ অ্যাজ পারসেন্ট অফ টোটাল কগনিজেবল ক্রাইম ২০০৬-তে সারা ভারতবর্ষের মধ্যে মহারাষ্ট্র ০.৬শতাংশ। পশ্চিমবাংলায় সেটা হচ্ছে ১.৯ শতাংশ।

এখানে যে cognizable crime হয় তার মধ্যে খুন হচ্ছে সবচেয়ে বেশি। 56.2 percent of West Bengal's habitation were not connected by road. নদীয়া জেলায় 11.9 percent of Habitation are connected by pucca roads. ইলেকট্রিসিটি হচ্ছে একটা রাজ্যের ইনডিকেটর। আমরা জানি পশ্চিমবাংলায় ৪৮%

ইলেকট্রিসিটি কানেকশান রয়েছে। তার মধ্যে কোচবিহারে রয়েছে মাত্র ১৬.৯%। পশ্চিমবাংলায় per capitia consumption হচ্ছে ২৪৮, সেখানে ঝাড়খণ্ডে হচ্ছে ৪০২, তামিলনাড়ুতে হচ্ছে ৭১৩। এখানে per capita consumption of electricity is the lowest in the country। ভারতবর্ষের মধ্যে একমাত্র পশ্চিমবাংলায় ২৭.৯% লোকের নিরাপদ পানীয় জলের সুযোগ আছে। মহারাষ্ট্রে সেটা হচ্ছে ৭৮.৪৯, তামিলনাড়ুতে ৮৪%। তাহলে কোথায় আপনারা ভালো ? শিক্ষায় ভালো নয়, বিদ্যুতে ভালো নয়, শিল্পে ভালো নয়, শিল্প তৈরি করায় ভালো নয়, পানীয় জল দেবার ক্ষেত্রে ভালো নয়,স্বাস্থ্যে ভালো নয় তাহলে কোথায় আপনারা ভালো এই প্রশ্ন আমি আপনাদের কাছে করছি। রাজ্যপালের ভাষণের মধ্যে এইসব কোনো কথায় লেখা নেই। মাননীয় পার্থ দে যখন মন্ত্রী ছিলেন না তখন উনি একটা রিপোর্ট দিয়েছিলেন প্রাইভেট টিউশানির ব্যাপারে। 'প্রতীচী' ট্রাস্ট বলে একটা সংস্থা এই ব্যাপারে সার্ভে করে বলেছে, Percentage of Children who resort to private tutors is between 50 per cent and 73 per cent. 25 per cent of elementary school students in rural India depends on private tuitions, where 80 per cent of middle school children in rural West Bengal resort to private tuition. আপনারা এমনই শিক্ষা দিচ্ছেন বাচ্চাদের, গ্রামে ৮৫ বাচ্চাকেই প্রাইভেট টিউশান নিতে হচ্ছে। এই হচ্ছে পশ্চিমবাংলায় শিক্ষায় অগ্রগতি। আজকে স্কুলেতো পড়াশোনা হয় না, একজন শিক্ষক মিড ডে মিলের রান্নাবান্না দেখেন, আরেকজন শিক্ষক ক্লাস নেন। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় কোনো ক্ষেত্রেই এই রাজ্য এগোতে পারছে না, পারেনি। পশ্চিমবাংলায় কারখানার সংখ্যা ১৩,৪৬৫টি, তামিলনাড়ুতে ২৮,০০০টি, মহারাষ্ট্রে ৩০,৩০০টি। পশ্চিমবাংলায় কারখানায় কাজকরে ৮ লক্ষ ৯৩৪জন, তামিলনাড়ুতে ১২ লক্ষ ৩৮ হাজার জন, মহারাষ্ট্রে ১২ লক্ষ ৫৮ হাজার জন। আমি আগেই বলেছি পশ্চিমবাংলা সব দিক থেকেই পিছিয়ে। এখানকার মানুষ ভালো জল পর্যন্ত পাচ্ছে না, গ্রামের মানুষ পাকা রাস্তা পর্যন্ত পাচ্ছে না,

[2.00—2.10 p.m.]

পার ক্যাপিটিটায় কনসাম্পশান অফ ইলেকট্রিসিটি কম, এখানে সবচেয়ে বেশি মানুষ দারিদ্র্য সীমার নীচে বসবাস করে। রাজ্যপালের এই বক্তৃতাটা হচ্ছে একটা খণ্ডচিত্র। হিন্দিতে 'অর্ধসত্য' বলে একটা সিনেমা হয়েছিল, রাজ্যপালের এই ভাষণটা হচ্ছে 'অর্ধসত্য'। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় এই রাজ্য সবক্ষেত্রে পিছিয়ে আছে। বামফ্রন্ট সরকারের নেতৃত্বে, মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যর নেতৃত্বে আমরা আরও পিছিয়ে যাচ্ছি। মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে আসল চিত্রটা তুলে ধরা হয়নি। আজকে এই রাজ্যে আইন-শৃঙ্খলা বিপর্যস্ত। তাই এই রাজ্যের মানুষ চাই অবিলম্বে এই রাজ্যের সরকারকে সরিয়ে দিতে । যারা বামফ্রন্ট সরকারকে সরাতে চান তাদের সবাইকে আমরা এক জায়গায় আনার চেষ্টা করছি। বাংলার মানুষ আগামী দিনে এর জবাব দেবে। রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে এবং আমাদের সংশোধনীকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : ডাঃ মানস ভুঞ্যা, আপনি কি আগে বলবেন ? আপনার আগে সৌমেন্দ্রনাথ বেরা আছেন। আপনি যদি আগে বলেন, মুখ্যমন্ত্রী আপনার বক্তব্য শুনতে চান। উনি চলে যাবেন।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি নির্দেশ দিয়েছেন, অমান্য করার কোনো পথ নেই। কিন্তু আমি শুনতে চাইছিলাম শাসক দলের অঞ্জন বাবু রাজ্যপালের ভাষণের ওপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব, সেই বিষয়ে তিনি কি মন্তব্য রাখেন। মাননীয় অধ্যক্ষমহোদয়, যখন বিধানসভার অধিবেশন চলছে, সারা ভারতবর্ষে, সারা বাংলায় তখন একটা নতুন রাজনৈতিক প্রেক্ষাপট তৈরি হয়েছে। এই নতুন রাজনৈতিক প্রেক্ষাপটটা কি ? না,উত্তরপ্রদেশে জাত পাতের নেত্রীর চরণতলে মার্কসবাদী কমিউনিস্ট পাটির নেতাদের আত্মসমর্পণ-সাম্যবাদী দল, সমাজবাদী দল, কমিউনিস্ট ডকট্রিন দল যে তকমা নিয়ে এতদিন রাজনীতি করছে সামাজিক ক্ষেত্রে, আর্থ-সামাজিক ক্ষেত্রে। পবিত্র বিধানসভায় ব্যক্তব্য রাখতে উঠে দেখছি মাননীয় মুখ্যমন্ত্রী গালে হাত দিয়ে, তাঁকে ম্লান লাগছে কারণ গতকাল শ্রীমতী মায়াবতীর চরণতলে সি.পি.এমের আত্মসমর্পণ। আমি জানিনা, আমি জানিনা,প্রকাশ কারাটের সঙ্গেঁ...(গোলমাল)...আমাকে শেষ করতে দিন। আমি জানিনা, সর্বভারতীয় মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সম্পাদক তাঁর কমিউনিস্ট ডকট্রিনের সঙ্গেঁ আমাদের রাজ্যের এক নম্বর কমরেড মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের মিল আছে কিনা ! তিনি এটা গ্রহণ করেন কিনা ! তিনি এটা সমর্থন করেন কিনা ! কিন্তু (গোলমাল) আমাকে বলতে দিন স্যার, টাইম চলে যাচ্ছে। আমি জানি, আমি দেখেছি। আমরা স্টাডি করি, বর্তমান প্রজন্মের কমিউনিস্ট নেতারা দিশেহারা। কেরলে সম্পাদক, মুখ্যমন্ত্রীর প্রকাশ্য যুদ্ধ চলছে। কেরলে সি.পি.আই., সি.পি.এমের সংঘর্ষ চলছে। আর দিল্লিতে রাজধানীতে নৈশ ভোজে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির এক নম্বরে নেতা চরণতলে আত্মসমর্পণ করছে না। এত বড় লজ্জা, এত বড় চিন্তা এবং দর্শনের দৈন্যতা আমরা অবাক হয়ে দেখছি। আমরা প্রাক্তন মুখ্যমন্ত্রীকে সাম্প্রদায়িকতার সঙ্গেঁ হাত মিলিয়ে কলকাতাকে অপমান করতে দেখেছি ১৯৮৮-৮৯ সালে। প্রাক্তন মুখ্যমন্ত্রীকে অন্ধ কংগ্রেস বিরোধিতা করতে গিয়ে সাম্প্রদায়িকতার সঙ্গেঁ হাত মিলিয়ে ক্ষমতা ভোগ করতে দেখেছি। কিন্তু এখনকার মুখ্যমন্ত্রী তো সাম্প্রদায়িকতার বিরুদ্ধে চাম্পিয়ান এক নম্বর রাজনীতিক বলে দাবী করেন। তাঁরা যখন জানেন এবং বোঝেন যে কংগ্রেস ছাড়া সাম্প্রদায়িকতাকে আঘাত করা যাবে না। কংগ্রেস ছাড়া ভারতবর্ষে সাম্প্রদায়িকতার বিষময় ফল থেকে রক্ষা করা যাবে না তখন রাজনৈতিক দীনতার শিকার হয়ে শুধুমাত্র অন্ধ কংগ্রেস বিরোধিতা এবং ভারতবর্ষের মাটিতে অস্থিরতা তৈরি করে সাম্প্রদায়িকতাকে জায়গা করে দিতে এই রাজ্যের শাসক সি.পি.এম. দল এবং বামফ্রন্ট দিল্লিতে জাত পাতের নেত্রীর চরণতলে লম্বা হয়ে শুয়ে পড়েছে।

[2.00 – 2.20 p.m.]

আমাদের সামনে ট্রেজারি বেঞ্চের তথাকথিত টগবগ করে ফুটে ওঠা বামপন্থী নেতাদের দেখে খুব কষ্ট হচ্ছে, আমার ভীষণ হচ্ছে, ভয়ঙ্কর কষ্ট হচ্ছে। আপনারা কি

করছেন ? আপনারা অন্ধ ভাবে কংগ্রেসের বিরোধিতা করেন, কংগ্রেসের বিরুদ্ধে রাজনীতি করেন। সংসদীয় গণতন্ত্রকে আপনারা স্বীকার করতেন না। কিন্তু ভারতবর্ষীয় কমিউনিস্টরা বুঝে গেছেন এটা ভারতবর্ষ। ভারতবর্ষের দর্শনে আঘাত করে কমিউনিজমের বীজ রোপন করা যায় না। তাই বিধানসভা, পঞ্চায়েত, পুরসভা, লোকসভায় ঢুকে পড়েছেন সংসদীয় গণতন্ত্রের সংবিধানের সুবিধা নিয়ে। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী আছেন। তিনি পলিটব্যুরোর ১নম্বর নেতা। আমি তাঁকে জিজ্ঞাসা করব আপনারা ডক্টরিন কি বদলাচ্ছেন ? আপনি সময়পোযোগী হতে গিয়ে সংঘর্ষমূলক বাতাবরণে জড়িয়ে পড়ছেন ? নাকি আপনারা সাম্প্রদায়িকতাকে জায়গা করে দিতে প্রকাশ কারাটের একজন গুণমুগ্ধ ভক্ত হয়ে তাঁকে অনুসরণ করছেন ? সেটাই আমি জানতে চাইছি। বাংলার আজকে এই জায়গাটায় দাঁড়িয়ে যে ঐতিহাসিক লোকসভা নির্বাচন হতে চলেছে, ৭১ কোটি ভোটার ভারতবর্ষের ভবিষ্যৎ ঠিক করে দেবে, আমি জানতে চাই। কারণ আমরা বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করছি যে আজকে ভারতবর্ষের সংসদীয় রীতি, সংসদীয় গণতন্ত্রের মধ্যে ঢুকে পড়ে একটা তথাকথিত আদর্শবাদী দল--আদর্শবাদী দল বলে আপনারা দাবী করেন-কিন্তু আমরা মনে করি না, আজ সবচাইতে সুবিধাবাদী, ধান্দাবাজি, রাজনৈতিক দলে আপনারা পরিণত হয়েছেন। এর উত্তর এই সভার নেতা, লিডার অফ্ দি হাউস মুখ্যমন্ত্রী এবং পলিটব্যুরোর ১ নম্বর নেতা নিশ্চিতভাবে দেবেন। আমরা বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করছি আজকে যখন সভায় মাননীয় রাজ্যপালের ভাষণের উপর ধনবাদজ্ঞাপক প্রস্তাব নিয়ে আলোচনা হচ্ছে, তখন একদিকে ভারতবর্ষের ২৮টি রাজ্য এবং কেন্দ্র শাসিত অঞ্চলের কয়েকটি এবং বাংলাকে সামনে রেখে আমি দু-চারটি কথা নিবেদন করতে চাই। মাননীয় রাজ্যপাল তাঁর বক্তব্য পড়েছেন। কি দেখলাম ? রাজ্যপালের ভাষণে 'ধনধাণ্যে/পুষ্প ভরা' গানটি বাজল না। জাতীয় সঙ্গীত যন্ত্রে বাজল না। অর্থাৎ একটা সরকার যে আস্তে আস্তে ভেঙ্গে পড়ছে , কোলাপস করছে, তার সিস্টেম সম্পূর্ণরূপে ধ্বংস হচ্ছে, রাজ্যপালের আগমন, রাজ্যপালের প্রস্থান,তাঁর বক্তব্য, তাঁর নিজে জাতীয় সঙ্গীত গান গাওয়া, আমরা দাঁড়িয়ে একসঙ্গে গলা মেলান, সেটাই কিন্তু প্রতিষ্ঠিত হয়ে গেছে। আমি রবীনবাবুকে বলি 'শেষের সেদিন বড় ভয়ঙ্কর, তার জন্য তৈরি থাকুন।' কমিউনিস্ট পার্টির বিকল্পই বলুন, আপনারা বলেন কমিউনিস্ট পার্টি নাকি উচ্চতর। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব, আপনার সরকার ভাষণ লিখে দিয়েছেন, মাননীয় রাজ্যপাল অনেক কষ্ট করে সেই ভাষণ পড়েছেন। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই বাংলা সত্যি কি এগোচ্ছে ? বাংলা কোথায় দাঁড়িয়ে আছে ? একবার নিজের বিবেককে জিজ্ঞাসা করুন। আপনার অনেক পারিষদ আছে, আপনার সঙ্গে অনেক প্রখ্যাত ব্যাক্তিত্ব আছে, আপনার অনেক ইকোনমিস্ট আছে, অনেক সোস্যাল রিফর্মাস আছে, অনেক সাম্যবাদী মানুষ আছে, গণতান্ত্রিক মানুষ আছেন, আপনার সঙ্গে অনেক লেখক শিল্পী, সাংস্কৃতিক জগতের মানুষ আছে। আপনি তাঁদের সাথে মেশেন। আপনি বলুন বাংলা কোথায় দাঁড়িয়ে আছে ? বাংলা আস্তে আস্তে করে আপনার নেতৃত্বে অন্ধকারে নিমজ্জিত হচ্ছে।

আস্তে অগ্রগতি, উন্নয়নের পথে ভারতবর্ষের সমস্ত রাজ্যের একবারে পিছনের সারিতে চলে যাচ্ছে। একবারে চলে যাচ্ছে। আমি তথ্য দিচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য সৌগতবাবু ডঃ বিবেক দেবরায়ের একটি বই থেকে সাম্প্রতিক কিছু পরিসংখ্যান রেখেছেন। আমি ওই রেফারেন্সে যাচ্ছি না। I am quoting from the national figure from the Government of India. আমি যে কটা ফিগার বলব তা ভারত সরকারের, প্রতিটি দপ্তরের ফিগার, কোনো ইনডিভিজুয়াল বা প্রাইভেট ইনস্টিটিউশনের ফিগার বলছি না। মাননীয় মুখ্যমন্ত্রী আজকে We are facing a economic crisis world-wise. We are passing through a serious economic recession and depression. কিন্তু আমি একজন কংগ্রেসী বিধায়ক হিসাবে, জাতীয় কংগ্রেসের প্রতিনিধি হিসাবে গর্বিত কারণ পৃথিবীব্যাপী যে রিসেশন এবং ডিপ্রেশন তার মধ্যে দাঁড়িয়ে ভারতবর্ষের মাননীয় প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিংহ তাঁর সুচিন্তিত মতামত দিয়ে, আমাদের নেত্রী শ্রীমতী সোনিয়া গান্ধী ইউ.পি.এ-র চেয়ারপারসন তাঁর সুচিন্তিত গাইডেন্স দিয়ে, আমাদের নেতা শ্রীপ্রণব মুখার্জী তাঁর সুচিন্তিত গাইডেন্স দিয়ে, আমাদের মাননীয় অর্থমন্ত্রী তদানীন্তন এবং বর্তমান, তাঁরা ভারতবর্ষের আর্থ-সামাজিক পরিস্থিতিকে রক্ষা করে ভারতবর্ষের মানুষের কাছে, বাংলার মানুষের কাছে একটি ভালো অর্থনৈতিক অবস্থা উপহার দিয়েছেন। এন.ডি.এ-র আমলের ৫ বছরের অর্থনৈতিক পরিস্থিতি এবং ইউ.পি.এর আমলের ৫ বছরের অর্থনৈতিক পরিস্থিতি দেখলে কী দেখা যাচ্ছে ? অশোধিত পেট্রো-জাত দ্রব্যের দাম ছিল ১৪৩ ডলার। আমরা সহ্য করেছি, মোকাবিলা করেছি কিন্তু এক নয়া পয়সাও কেরোসিন তেলের দাম বৃদ্ধি করিনি ভারতবর্ষের গরিব মানুষের কথা বিবেচনা করে। আমরা দেখেছি ১২.৪৫ শতাংশ মূল্যবৃদ্ধি হতে। সারা দুনিয়া কেঁপে উঠেছে। আমেরিকা কেঁপে উঠেছে, ইংল্যান্ড কেঁপে উঠেছে, ইউরোপও ধাক্কা খেয়েছে। আর, চীন যাকে নিয়ে আপনারা গর্ব করেন তারাও ধাক্কা খেয়েছে। কিন্তু তার মধ্যেও ভারতবর্ষ মাথা উঁচু করে রয়েছে। ভারতবর্ষের প্রেক্ষাপটে এতবড় ঘটনার জন্য একটা লাইনও লিখলেন না ! এতবড় একটা ঝোড়ো হাওয়া, এতবড় একটা অধোগতি, কংগ্রেস নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার কী ভাবে মোকাবিলা করল তার জন্য একটা লাইনও লিখলেন না ! কেন্দ্রীয় সরকার কী ভাবে আর্থ-সামাজিক অবস্থাকে, শিল্পকে, এক্সপোর্টকে রক্ষা করেছে, বৃদ্ধি করেছে, কী ভাবে sustain growth of economy-কে রক্ষা করেছে, কী ভাবে sustain growth of gross domestic product-কে মেন্টেন করেছে, কী ভাবে ইন্ডাস্ট্রিয়াল প্রডাক্টকে মেন্টেন করেছে, কী ভাবে এগ্রিকালচারাল প্রডাক্টকে ইনক্রিস করেছে সে ব্যাপারে একটা কথাও তো দেখলাম না ! এটা হচ্ছে চিন্তার দীনতা এবং রাজনৈতিক প্রতিহিংসাপরায়ণতা। এর জন্য কমিউনিস্টদের উপর দুঃখ হয়। আমরা বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করলাম মাননীয় রবীনবাবু মহামান্য রাজ্যপালের ভাষণে পরিপ্রেক্ষিতে যে ধন্যবাদ সূচক প্রস্তাব নেওয়ার কথা বলেছেন সেই মহামান্য রাজ্যপালের ভাষণে উক্ত ব্যাপারে একটা লাইনও লেখা নেই। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জবাবি ভাষণে বলবেন, ১ থেকে শেষ পাতা পর্যন্ত যে কর্মসূচীর কথা বলা হয়েছে মহামান্য রাজ্যপালের ভাষণে

তাতে রাজ্য সরকারের কোনো কর্মসূচি আছে ? Is there any economic programme initiated by the Hon'ble Chief Minister, Shri Buddhadeb Bhattacharjee ? Answer is no, no, no, কার উপর দাঁড়িয়ে আছে ? সমস্তটাই কেন্দ্রীয় সরকারের কর্মসূচি, starting from the historic National Rural Employment Guarantee Programme. পৃথিবীর কোনো গণতান্ত্রিক দেশে আজ পর্যন্ত কাজের অধিকারকে সাংবিধানিক অধিকার দেওয়া হয়নি। ঐতিহাসিক হলেও ভারতবর্ষ দিয়েছে। কাদের নেতৃত্বে ? কংগ্রেস।

[2.20—2.30 p.m.]

পৃথিবীর কোনো গণতান্ত্রিক দেশে এই অধিকার দেওয়া হয়নি। কই সেই কথা তো বললেন না। ভাল জিনিস স্বীকার করা এবং খারাপ জিনিসের সমালোচনা—এটা স্বাভাবিক, কিন্তু করলেন না। আমরা কি দেখছি যখন বিশ্বে আর্থিক মন্দায় ভারত মাথা উঁচু করে দাঁড়িয়ে, বিশ্বের আর্থিক মন্দায় জাতীয়করণ করা এবং বাণিজ্যিক ব্যাংকগুলি মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। পশ্চিমবাংলার গ্রামে ভারত সরকারের ভারত নির্মাণ কর্মসূচি বলুন, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা বলুন ন্যাশানাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারিন্টি প্রোগ্রাম বলুন, ন্যাশানাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারিন্টি প্রোগ্রাম বলুন, রাজীব গান্ধী বিদ্যুৎ যোজনা হোক, রাজীবগান্ধী ওয়াটার মিশন হোক বা আদিবাসীদের জন্য ২০০৫ সালের ডিসেম্বর মাসে ট্রাইবাল ফরেস্ট অ্যাক্ট, তপসলি-জনজাতি মানুষের জন্য স্পেশাল কমপোনেন্ট প্ল্যান বলুন বা মাইনরিটি, মুসলিমভাইদের পিছিয়ে পড়ার জন্য সাচার কমিটির রেকমেন্ডেশান হোক—সেগুলি স্বীকার করলেন না মাননীয় রাজ্যপালের ভাষণে। এটা চিন্তার দীনতা, এটা রাজনৈতিক প্রতিহিংসার প্রতিফলন—উত্তর দেবেন। আমার কাছে কমপ্যারাটিভ স্টাডি আছে, সেটা বিবেক দেবরায়ের বই থেকে নয়। এটা ফ্রম দ্যা মিনিস্ট্রি অফ প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশান অ্যান্ড স্ট্যাটিসটিক্স, গর্ভমেন্ট অফ ইন্ডিয়া-র। আমারা সেখানে কি দেখছি, মাননীয় মুখ্যমন্ত্রী বলবেন। পশ্চিমবাংলা গরিব মানুষের জায়গা। স্যাম্পেল সার্ভে ৬১ ন্যাশানাল স্যাম্পেল সার্ভে বার করেছে রিপোর্টে ১২ মাসের মধ্যে ৩ মাস ৯.৭% গ্রামের গরিব মানুষ দুবেলা খেতে পায় না। ৩১ বছর রাজত্ব করছেন, গরিব মানুষদের প্রতিনিধিত্ব করছেন। গরিব দরদী, গ্রাম দরদী সরকার। এগ্রিকালচার প্রোডাকশান নাকি বেড়েছে তাহলে ১২ মাসের মধ্যে ৩ মাস ৯.৭% গ্রামের গরীব মানুষ কেন পেট ভরে খেতে পায় না জবাব দেবেন মুখ্যমন্ত্রী। রাজ্যপালের ভাষণে এটা এসেছে কৃষিতে এগিয়ে চলেছে আপনার রাজ্য। মুখ্যমন্ত্রী আপনি জানেন, কৃষিমন্ত্রী তাঁর বক্তব্যে পরিষ্কার করে বলেছেন অ্যজ অন ডেট পশ্চিমবাংলায় খাদ্যে ১০ লক্ষ মেট্রিক টন ঘাটতি আছে। তাহলে কোন জায়গায় দাঁড়িয়ে আছি। ১০ লক্ষ মেট্রিক টন খাদ্যে ঘাটতি অ্যজ পার রিকোয়ারমেন্ট। হ্যাঁ, ধান উৎপাদনে এক নম্বর হলেও সমগ্র খাদ্যদ্রব্য উৎপাদনে ১০ লক্ষ মেট্রিক টন পিছিয়ে আছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐতিহাসিক এন আর ই জি এস— গ্রামে গ্রামীণ পরিবার ১ কোটি ৩৩ লক্ষ ৯৩ হাজার ৭২০টি। আজ সারা পশ্চিমবাংলায় ৩৬ হাজার ৮০০ গ্রামের মধ্যে ১ কোটি ৩৩ লক্ষ ৯৩ হাজার ৭২০টি গ্রামীণ পরিবার রয়েছে। তারমধ্যে বি পি এল তালিকাভুক্ত

কত মানুষ—৪৫ লক্ষ। এটা আমার ফিগার নয়। আপনার বিভাগীয় মন্ত্রী তাঁর গ্রামোন্নয়ন দপ্তরের সার্ভের রিপোর্ট করে এই ফিগার দিয়েছেন। মুখ্যমন্ত্রী আপনি নিশ্চয় পড়েছেন ৫ লক্ষ গ্রামীণ পরিবারের মাথার উপর কোনো আচ্ছাদন নেই। No.of homeless people in rural Bengal-5 lacks family. ৩১ বছর রাজত্ব করছেন উত্তর আছে ? ৩১ বছর রাজত্ব ৫ লক্ষ মানুষের মাথার উপর কোনো ছাদ নেই অ্যাজ অন ডেট। এর জন্য কর্মসূচী কি তৈরি হল—ইন্দিরা আবাস যোজনা। ইন্দিরা গান্ধীর নামে কেন্দ্রীয় সরকারের কর্মসূচী।

আপনাদের টার্গেট ছিল গত আর্থিক বছরে ১ লক্ষ ৫২ হাজার পরিবারকে ইন্দিরা আবাস যোজনায় অন্তর্ভুক্ত করার অর্থাৎ আগের থেকে ১৫ হাজার, তারপরে ২০ হাজার, তারপরে ২৫ হাজার এবং এখন ৩৫ হাজর। আর পার হেড এখনো অবধি বাড়ি করেছেন কত— ৭২ হাজার। কে বাধা দিয়েছে কমরেড বুদ্ধদেব বাবু—আপনাদের বিডিও, আপনাদের পঞ্চায়েত, আপনাদের এস. ডি. ও. আপনাদের ডি. এম. এবং আপনার জেলা পরিষদ। আর আপনার বিখ্যাত পঞ্চায়েত মন্ত্রী ডাঃ সূর্য্যকান্ত মিশ্র এবং আপনার পরিষদ গ্রামের গরিব মানুষদের কোনো ইন্দিরা আবাস যোজনায় বাড়ি করে দিতে পারেনি ? সেখানে ভারতবর্ষের কম্পারেটিভ স্টাডি অন্যান্য রাজ্যের ক্ষেত্রে যদি দেখা যায় তাহলে দেখা যাচ্ছে যে, এইক্ষেত্রে পশ্চিমবঙ্গ অন্যান্য রাজ্যের তুলনায় পিছিয়ে আছে। আপনি অন্যান্য রাজ্যের ফিগারটা দেখুন। আসলে আপনি মন্ত্রীকে দুটি দপ্তর দিয়ে রেখেছেন—একদিকে স্বাস্থ্য, অন্যদিকে পঞ্চায়েত, কোনোটারই কাজ হচ্ছে না। আপনি দায়িত্ব ভাগ করে দিন। আজকে কোন জায়গায় দাঁড়িয়ে আছে এই রাজ্য সেটা দেখুন। আপনি আপনার জবাবি ভাষণে এর উত্তর দেবেন। তারপরে আসছি এন.আর.ই.জি.এস. প্রোগ্রামে—সেখানে পশ্চিমবঙ্গে গ্রামীণ এলাকায় ২৩ লক্ষ মানুষকে জব কার্ড দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গে গ্রামীণ মানুষের সংখ্যা কত—৬ কোটি। গ্রামীণ পরিবারের সংখ্যা কত ১ কোটি ৩৩ লক্ষ ৯৩ হাজার ৭২০ জন। সেখানে জব কার্ড দেওয়া হয়েছে ২৩ লক্ষ। কত দিনের কাজ পাওয়ার কথা ১০০ দিনের, ১০০ দিনের, ১০০ দিনের। টাকার কোনো অভাব নেই। প্রচুর টাকা পড়ে আছে। প্রচুর টাকা পশ্চিমবঙ্গে পড়ে আছে। টাকার অভাব নেই। মাননীয় মুখ্যমন্ত্রী আপনি জানেন লেটেস্ট রিপোর্ট বাই দি ডিসেম্বর ২০০৮ যেটা বেরিয়েছে, তাতে কতজন পরিবার কাজ পেয়েছে—কাজ পেয়েছে ৩৩ হাজার পরিবার। সেখানে শুনলে অবাক হয়ে যাবেন যে, একশো দিনের কাজ কতজন পেয়েছে—মাত্র ৩৩ হাজার পরিবার। ওই একশো দিনের কাজের মধ্যে অ্যাভারেজ কতদিনের কাজ হয়েছে পশ্চিমবঙ্গের সব কটি জেলাতে—২২ দিন, ২২ দিন, ২২ দিন। আরও শুনে রাখুন আপনার পঞ্চায়েত মন্ত্রী ডাঃ সূর্য্যকান্ত মিশ্রের জেলার নারায়ণগড় ব্লকে, যেখানে আদিবাসী, লোধা, সবর এবং খেরিয়া সম্প্রদায়ের মানুষের বাস, সেখানে কাজ হয়েছে মাত্র ১৬ দিন। আর আপনার জেলা দক্ষিণ ২৪- পরগনাতে কতদিন কাজ হয়েছে মাত্র—১৩ দিন। ডি পি রায়ের জেলা জলপাইগুড়িতে, এখানে উত্তরবঙ্গের প্রতিনিধি নির্মল বাবু আছেন, তিনিও জানেন কতদিনের কাজ ওখানকার মানুষ পেয়েছে মাত্র—১১ দিনের। কোচবিহারের অবস্থা আরো খারাপ। এখানে প্রহরাজ মহাশয়

খুব আনন্দের সঙ্গে বললেন যে, আমরা তো প্রাইজ পেয়েছি। হ্যাঁ, আপনারা প্রাইজ পেয়েছেন কটি জেলার মধ্যে-৩টি জেলাতে। সেখানে একজন শূন্য, একজন এক এবং একজন তিন। এতেই কি আনন্দ, কি আনন্দ, কি আনন্দ, ধেই ধেই করে নাচুন। সুতরাং এই তো হচ্ছে অবস্থা। আমি তাই সরাসরি প্রশ্ন রাখতে চাই, এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি জানতে চাই যে, কেন আজকে এই বি পি এল তালিকার মানুষ এবং দারিদ্র মানুষ এবং কেন আজকে আদিবাসী, তফসিলি জাতি এবং উপজাতি, সবর, খেরিয়া শ্রেনির এই মানুষগুলো কাজ পাচ্ছে না ? হোয়াট ইজ দি প্রবলেম, হোয়াট ইজ দি বটলনেক অফ দিজ প্রোগ্রাম ? মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বললেন যে এখানে আইন-শৃঙ্খলা খুব ভাল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে জানাতে চাই যে, ১৯৭৭ সালে আপনারা ক্ষমতায় এসেছিলেন, তাতে জ্যোতি বাবুর মুখ্যমন্ত্রীত্বকাল ছিল ২৩ বছর, আর আপনার সাড়ে সাত বছর চলছে। যারা অ্যাস্ট্রোলজি বিশ্বাস করেন তাঁরা জানেন এই সাড়ে সাতি মানে খুব খারাপ সময়। যারা গ্রহ, উপগ্রহ বিশ্বাস করেন তাঁরা এই সাড়ে সাতি সময়টাকে খুব খারাপ মনে করেন। আপনি তো কমিউনিস্ট, আপনি তো নিশ্চয় অ্যাস্ট্রোলজিতে বিশ্বাস করেন না। কিন্তু তবুও আমি আপনাকে অনুরোধ করবো যে, এই যে আপনার সাড়ে সাতি পর্বটা চলছে, আপনি ভালো কোনো অ্যাস্ট্রোলজারকে দেখিয়ে নিন।

[2.30 – 2.40 p.m.]

এক জনের নাম শোনা যায়, সেই অ্যাস্ট্রোলজারের নাম অমৃতলাল। আপনি তার সাথে কনসাল্ট করুন, আপনার এই সাড়ে সাতি পর্ব চলছে কি না সে বিষয়ে। মাননীয় রবীন বাবুও শুনে রাখুন ১৯৭৭ সাল থেকে ২০০৮ সালের ডিসেম্বর—১৯৭৭ সাল থেকে ২০০৮ সালের ডিসেম্বর পর্যন্ত পশ্চিমবঙ্গে খুনের সংখ্যা ৪৮ হাজার, খুনেরে সংখ্যা ৪৮ হাজার। মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চিত স্বীকার করবেন আন ডিটেকটেড মার্ডার—ইউ ডি কেস— ভারতবর্ষের ২৮টি রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গে দ্বিতীয়, দ্বিতীয় ইন ইউ ডি কেস। সেই কেসের ভবিষ্যৎ কি হয়, ইনভেসটিগেশান কি হয় ? মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চিত স্বীকার করবেন—এই রাজ্য ওনার নেতৃত্বে, যেহেতু উনি মুখ্যমন্ত্রী, পুলিশমন্ত্রী। নারি নির্যাতনে ভারতবর্ষের মধ্যে এক নং স্থান দখল করে। তাই ওনাকে গোল্ড মেডেল দিতেই হবে, দিতেই হবে। কারণ ওনার নেতৃত্ব, ওনার রাজত্ব। নারী নির্যাতনে পশ্চিমবঙ্গ এক নং। এটা কি খুব সুখের কথা, আনন্দের কথা ? আমি ব্যথিত একজন বাঙালি হয়ে। নারী পাচারে পশ্চিমবঙ্গ দুই নম্বরে ভারতবর্ষের মধ্যে। .মাননীয় রাজ্যপাল মহাশয়কে দিয়ে অসত্য ভাষণ পড়িয়ে দিলেন যে আইনশৃঙ্খলা কত সুন্দর। মাননীয় মুখ্যমন্ত্রী, পশ্চিম মেদিনীপুরের এস পি কে আপনি বদলি করিয়েছেন। কিন্তু লালগড়ের মানুষের কান্না, চিন্তামণি মুর্মুর চোখের দৃষ্টি, ছোট পেলিয়া বড় পেলিয়া গ্রামের আদিবাসী মানুষ, যারা নিরন্ন, দরিদ্র, হতভাগ্য, সেই মানুষদের মুখে হাসি ফোটাতে পারেননি। লালগড়ের আই সি উন্মত্ত অবস্থায় আদিবাদীদের উপর আক্রমণ করেছিল, যে আদিবাদীরা আজও পর্যন্ত পিঁপড়ের লাল ডিম খায়, ইঁদুর পুড়িয়ে খায়, পানীয় জল, বিদ্যুৎ, রাস্তা নিয়ে হাহাকার, তাদের মুখে হাসি ফোটাতে

পারেননি। প্ল্যানিং কমিশনে গিয়ে তথ্য দেখলাম। ১৮টি জেলার মধ্যে-আপনার রাজ্য থেকে রেকর্ড গেছে—১১টি জেলা পিছিয়ে পড়া। ২৫০ কোটি টাকা নিয়ে এসেছেন কেন্দ্রীয় সরকারের ব্যাকওয়ার্ড রিজিওয়ান গ্র্যান্ট ফান্ডে। ৩১ বছরের রাজত্বে ১৮টি জেলার মধ্যে ১১টি জেলা এখনো পিছিয়ে পড়া জেলা। তার কোনো ইঙ্গিত মাননীয় রাজ্যপালের ভাষণে দেখলাম না। মাননীয় মুখ্যমন্ত্রী আজকে দিন বদলেছে। আজকে মানুষের চিন্তা বদলেছে। ঝড় উঠেছে সারা ভারতবর্ষে। আগামী দিনে কংগ্রেসের নেতৃত্বে আবার সরকার হবে। সেই জায়গায় দাঁড়িয়ে আপনাদের রাজনৈতিক দীনতা, চিন্তা দীনতা, রাজনৈতিক অবস্থান, কমিউনিস্টদের অবস্থান কোথায় বাংলায় এবং ভারতবর্ষে, সেটা একটু জানাবেন অনুগ্রহ করে। তাহাল বুঝতে সুবিধা হবে বাংলার মুখ্যমন্ত্রীর বক্তব্য আর প্রকাশ কারাটের বক্তব্য এক লাইনে, এক সঙ্গে কি না, নাকি ভিন্ন। এই কথাটা জানতে আগ্রহ হয়। তাই ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : মানসবাবু আপনি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করলেন আপনার পার্টি কি মত পরিবর্তন করেছে। অপরদিকে মসী সাহেব জিজ্ঞাসা করলেন আপনি কি মত পরিবর্তন করলেন জোট করে।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : উনি কুপরামর্শ দিয়েছেন হাত দেখাতে যাওয়ার জন্য। এই প্রস্তাবটা আপনি দয়া করে প্রত্যাহার করে নেবেন। আমি ওই কুপরামর্শ মানতে পারব না।

মিঃ স্পীকার : মুখ্যমন্ত্রী, মানস ভুঞ্যা হাত দেখিয়ে চুক্তি সই করলেন—জোটটা ?

ডঃ সৌমেন্দ্রনাথ বেরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসছে, সেই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য রাখছি। ইতিপূর্বে আমাদের দুই বিরোধী বিধায়ক মাননীয় শ্রী সৌগতবাবু এবং মাননীয় শ্রী মানস ভুঞ্যা —তাঁদের বক্তব্য রেখেছেন। তাঁদের এই বক্তব্যগুলি খুব ইন্টারেস্টিং। আমি মূল আলোচনায় যাওয়ার আগে এই সভার জ্ঞাতার্থে জানাতে চাইছি যে, মাননীয় শ্রী সৌগতবাবু—যিনি এই সমস্ত খবরাখবর রাখেন, তিনি যে সূত্র থেকে তথ্যগুলি উদ্ধৃত করলেন, সেই তথ্যগুলির উৎস আপনাদের জানা দরকার। তথ্যের গুরুত্ব তথ্যের সুত্রে। এই পুস্তকটির নাম আমি বলে দিচ্ছি—ট্রান্সফরমিং ওয়েস্ট বেঙ্গল, চেঞ্জিং দি অ্যাজেন্ডা, ফর অ্যান অ্যাজেন্ডা ফর চেঞ্জ। এটা খুব স্পষ্ট করে বলেছেন—তৃণমুলের ফান্ডে এটা রিপোর্ট এটা যিনি করেছেন, একজনের নাম আপনি করেছেন বিবেক দেবরায়। আমি তার সম্পর্কে বিশেষ কিছু বলছি না, শুধু একটা তথ্য জানবেন ইনি এর আগে রাজীব গান্ধী ফাউন্ডেশানের সঙ্গে যুক্ত ছিলেন এবং এর আগে তিনি একটা রিপোর্ট দিয়েছিলেন, সেই রিপোর্টে তিনি বলেছিলেন, ভারতবর্ষের শ্রেষ্ঠ মুখ্যমন্ত্রী নরেন্দ্র মোদী এবং গুজরাটে যখন দাঙ্গা হচ্ছিল সেই সময় তিনি বলেছিলেন ভারতবর্ষের সবচেয়ে সফল রাজ্য কিনা গুজরাট। এই জন্য তাকে রাজীব গান্ধী ফাউন্ডেশান এর ডিরেকটারের পোস্ট থেকে সরিয়ে দেওয়া হয়েছিল। সেখান থেকে সরিয়ে দেওয়ার পর তিনি অন্য কাজের সাথে যুক্ত হয়েছেন। আমি তৃণমূলের কারোর নাম করব না দিল্লির প্রেস কনফারেন্সে একটা প্রেস রিপোর্ট রিলিজ

করেছিলেন সাংবাদিকদের প্রশ্নের উত্তরে ড়ঃ দেবরায়। তৃণমূলের একজন নেতা নাকি এই রিপোর্টটা স্পন্সর করেছিলেন। আমি নাম করলাম না, উনি বুঝতে পারছেন। যাইহোক তথ্যের পিছনে যে সত্যটা আছে, যে বিবেক দেবরায় যিনি তৃণমূল ফান্ডেড রিপোর্ট করেছেন, গুজরাটের ব্যাপারেও রিপোর্ট করেছেন, খেয়াল রাখবেন মানসবাবু, আপনি অনেক বক্তব্য রাখলেন—সি.পি.এম, বামপন্থীরা কোন দিকে, ভারতবর্ষ কি করবে, কোন মোর্চায় যাবে অনেক কিছু বললেন। কিন্তু তিনি একবারও নিকটতম প্রতিবেশী হাউসের মধ্যে তাদের সঙ্গে জোটের ব্যাপারে কিছু বললেন না। আসলে উনি কি নিশ্চিত নন ? আমি জানি না। যে তৃণমূলের সঙ্গে ওরা জোট করেছেন, এখনও সেই গুজরাট কানেকশানে রয়ে যাচ্ছেন, তারা এখনও এন.ডি.এ তে আসছেন কি আসবেন না, তাদের সেই সূত্রতে কতটা নির্ভর করা যাবে, কি যাবে না, সেই জন্য মিঃ দেব রায়ের রিপোর্টের সূত্রটিকে বিশ্বাসযোগ্য বলে মনে করেছিলেন। রাজ্যপালের যে ভাষণ, আমাদের রাজ্যের উন্নয়নের যে রূপরেখা, আমাদের রাজ্যের উন্নয়নের কি পন্থা, কিভাবে আমরা এগোব আমাদের রাজ্য এগোচ্ছে, নিশ্চয়ই এগোচ্ছে এবং আরও এগোবে উনি সেটা চান, বা না চান, ওনারা যতই বাঁধা দিন আমরা এগোব। কিন্তু প্রশ্ন হচ্ছে আমরা এগোতে চাইলে একটা গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে গণতন্ত্রের মধ্যে বিরোধীদের ভূমিকা কি হবে ? আজকে এই সভায় আটারেন্স—আমরা উচ্চারণ লক্ষ্য করেছি যে, রাজ্যের উন্নয়নের সূচক কি ? কত লোক আজকে কৃষি থেকে অকৃষি পেশার দিকে যাচ্ছেন এগুলো অনেকেই বলেছেন। অদ্ভুত সত্যি সত্যিই রাকেশ রোশন মনে হয় চাঁদে গিয়েছিলেন আমি জানি না। যাইহোক উন্নয়ন ওনারা দেখতে বা চাইলেও যে নির্দিষ্ট তথ্যগুলো ওনারা বলেছেন, ওনার এই কথাগুলো শুনতে ভাল নাও লাগতে পারে রাজ্য যে এগোচ্ছে এটা ওনারা হয়ত দেখতে পাচ্ছেন না। রাজ্য কি করে এগোবে ? আজকে নেতিবাচক রাজনীতি, নৈরাজ্যবাদী রাজনীতি, হিংসাত্মক রাজনীতির যাবতীয় প্রতিক্রিয়ার মাধ্যমে ঐতিহাসিক সন্ধিক্ষণের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ এসে দাঁড়িয়েছে। আজকে মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে যে কর্মসূচী, যে উন্নয়নের কর্মসূচী, উন্নয়নের যে দৃষ্টিভঙ্গী, উন্নয়নের যে নীতি, উন্নয়নের যে বিকল্প পথ প্রতিফলিত হয়েছে।

[2.40 – 2.50 p.m.]

উন্নয়নের বিকল্প পথ প্রতিফলিত হয়েছে গোটা ভারতবর্ষের কাছে। মহামন্দার প্রেক্ষাপটে আজকে কেন্দ্রীয় সরকারের যে নীতি, বিশেষ করে এই প্রেক্ষাপটে দাঁড়িয়ে বিচার করলে দেখব বামপন্থী বিকল্প, যা সাধারণ মানুষ, গরিব মানুষ সংখ্যালঘু অংশের মানুষ, আদিবাসী মানুষ, পিছিয়ে পড়া অংশের মানুষ, তার কি করে ক্ষমতায়ন তার কি করে সামর্থ্য বাড়ানো যায়, এই যে বিকল্প উন্নয়নের নীতি-ওনাদের ভালো লাগছে না ঠিকই। পঞ্চায়েতে আমরা দ্বিতীয় হয়েছি, এটা ওনাদের ভালো লাগছে না। হিপোক্রেসি কাকে বলে আমি জানি না। ভারত সরকার বিচার করে দেখেছে পঞ্চায়েতে আমরা দ্বিতীয় হয়েছি। পঞ্চায়েতের কাজকর্ম আপনারা দেখেছেন। আমাদের বিরোধী রাজনৈতিক দল বিশেষ করে তৃণমূল কংগ্রেস, কংগ্রেস, বি.জে.পি-র সঙ্গে মাওবাদীদের যে আঁতাত, নকশালপন্থীদের সঙ্গে তাদের

যে ঘোট, এইসব মিলিয়ে দেখেছেন কি ভাবে গ্রামীণ উন্নয়নের প্রতীকগুলোকে, পঞ্চায়েত অফিস গুলোকে, নন্দীগ্রামকে আপনারা খেয়াল করলে দেখবেন উন্নয়নের যে অন্যতম প্রধান সূচক সড়ক ব্যবস্থা, পঞ্চায়েত অফিস, পঞ্চায়েত সদস্যদের হত্যা করা, পুড়িয়ে মারা এই বীভৎস-গ্রামীণ মানুষের ক্ষমতায়নের যে প্রতীক, ক্ষমতায়নের মাধ্যমে বিকেন্দ্রীকৃত উন্নয়নের যে পথ, সেটাকে আক্রমণ করাটা তাদের রাজনীতি। পশ্চিমবাংলার মানুষকে ওরা যেন বোকা না ভাবে। মাননীয় মানসবাবু বললেন, কিন্তু আমরা জানি গোটা ভারতবর্ষের মধ্যে রেগা যে এন.আর.ই.জি.এ প্রকল্প, তা কেন্দ্রীয় সরকারের উপর বামপন্থীদের চাপে হয়েছে। এটা ভারতবর্ষে আগে ছিল না। সাড়ে চার বছর ধরে বামপন্থীদের চাপে হয়েছে। এই ইউ.পি.এ সরকারকে আমরা বাইরে থেকে সমর্থন করেছিলাম। ন্যূনতম অভিন্ন যে কর্মসূচি, জনস্বার্থের পক্ষে যে পন্থাগুলো ছিল, যে ব্যবস্থাগুলো ছিল, সেগুলোকে কার্যকর করার দাবি জানিয়েছিলাম, সেখানে দাঁড়িয়ে তারা এন.আর.ই.জি-এর মতো প্রকল্প নিয়েছিল। আমরা বলেছিলাম ৩৬৫ দিন হতে হবে কিন্তু কেন্দ্রীয় সরকার বলেছে ১০০ দিন। ঠিক আছে, এর মধ্যে একটা স্বীকৃতি আছে কোনো সন্দেহ নেই। অত্যন্ত সঠিক ভাবে, অত্যন্ত বাস্তব সম্মত ভাবে এটা হয়েছে। আমরা দেখেছি গোটা দেশে মাত্র ১৮টি জেলাকে কেন্দ্রীয় সরকার পুরস্কৃত করেছে। আপনারা নিশ্চয়ই জানেন, এই সভার সদস্যরা জানেন বাঁকুড়া এবং পশ্চিম মেদিনীপুর এই দুটো জেলা কিন্তু ভারতবর্ষের সেরা ১৮টি জেলার মধ্যে রয়েছে। কোন দুটো জেলা ? যে দুটো জেলায় প্রতিদিন হত্যা করা হচ্ছে বামফ্রন্ট কর্মীদের, নেতৃত্ব কে। যে দুটো জেলায় প্রতিদিন পঞ্চায়েতের যে সাফল্য, সাধারণ মানুষের কাজের যে সাফল্য, বিকেন্দ্রীকৃত উন্নয়নের যে সাফল্য সেখানে প্রতিদিন প্রতি মুহূর্তে বুকের রক্ত দিয়ে সেখানকার উন্নয়ন সাফল্যগুলোকে রক্ষা করতে হচ্ছে। সেই দুটো জেলাতে কিন্তু আমরা সবচেয়ে বেশি সাফল্য পেয়েছি। আজকে রাজ্যে বিশৃঙ্খলার কথা বলেছেন। দার্জিলিং-এর বিচ্ছিন্নতাবাদী থেকে শুরু করে লালগড়ের বিচ্ছিন্নতাবাদ এবং তাদের মধ্যে সেতু বন্ধন করছে কারা ? তৃণমূল কংগ্রেস সেতুবন্ধন করছে, এটা আমরা দেখেছি। আজকে বিবেক দেবজয়ের রিপোর্টের যে সূচকগুলো উনি পড়ে গেলেন তার প্রত্যেকটাই রিফিউট করা। এই নিয়ে পাল্টা রিপোর্ট দেখবেন, ওয়েব সাইটে দেখবেন, আমরা বেরিয়ে গিয়েছি। একটা তথ্যের গুরুত্ব হচ্ছে অলয়েজ তার তুলনামূলক হতে হবে। যে হিসেব উনি দিয়েছেন তার সবকটা আমি বলব না। কারণ কাজটা অ্যাকাডেমির দিক থেকে খুব উঁচু মানের কাজ নয়। নির্বাচনে মিথ্যে প্রচার করছেন, অসত্য প্রচার করছেন, এগুলো বানানো হয়েছে মাত্র। এর সূত্র অনেক কনফিউসিং, তার মধ্যে আমি যাচ্ছি না। একটা জিনিস শুধু দেখুন পশ্চিমবঙ্গে দারিদ্র্যসীমার নীচে বাস করা মানুষের সংখ্যা কমছে। রিপোর্টে সেটা বলা আছে। প্ল্যানিং কমিশনের রিপোর্ট ধরে দারিদ্র্যসীমার সূচক-বি.পি.এল নিয়ে ওনারা বললেন, বি.পি.এলের মানদন্ড নিয়ে আমাদের স্পষ্ট বক্তব্য আছে। দারিদ্র্যসীমার সূচক যদি ধরা হয় তাহলে ১৯৭৮ সালের আগে ৭৩ পারসেন্টের বেশি মানুষ গ্রামীণ পশ্চিমবঙ্গে ছিল দারিদ্র্যসীমার নীচে। কিন্তু আজকে সেটা ২০ শতাংশের নীচে নেমে গিয়েছে। এর দ্বারা প্রমাণিত হয় আমরা এগোচ্ছি। ডিস্ট্রিবিউটিস জাসটিস বলে একটা কথা আছে। যখন আয় ও সম্পদের যে বন্টন,

সেই বন্টনের সূচকের দিক দিয়ে দেখলে পশ্চিমবঙ্গ অনেক এগিয়ে গিয়েছে। আজকে ভুমিসংস্কার ছাড়া এটা হতে পারে কি করে, সেই বিষয় এই রিপোর্টের মধ্যে আছে। কিন্তু তার সাফল্য গুলো সেভাবে বলা নেই। সেইগুলো ছাঁটকাট করে দিয়েছে। রিপোর্টের পুরো বয়ান যদি পড়েন তাহলে দেখতে পাবেন গোটা ভারতবর্ষে ভূমিসংস্কার থেকে উপকৃত এই তথ্যটা-আজকে মা-মাটি-মানুষের সস্তা রাজনীতি হচ্ছে। মাননীয় রাজ্যপালের ভাষণের দিন বিরোধী পক্ষ বুকে পোস্টার নিয়ে ঘুরেছিল, সবার পেটে ভাত চাই, আর সবার হাতে কাজ চাই।' সেই জন্য কারখানা করাতে চাই। আর আপনার ম্যাজিকে তো সব হবে না ? হাত আর ভাতের মাঝখানে থাকে মেধা এবং বুদ্ধি। হাত না থাকলে মানুষ ভাতটা মুখে তুলতে পারে না।

ভাতের জন্য শুধুমাত্র জমি থাকলে ভাত হবে তা নয়। মানুষকে বোকা ভাববেন না। কিভাবে পশ্চিমবঙ্গের মানুষের হাতে ভাত আসবে; কিভাবে তাদের হাতে কাজ আসবে, সে ব্যাপারে ২০০৬ সালে বামফ্রন্ট সরকার যখন তার দায়িত্ব গ্রহণ করে, তখন আমরা মূল কথাটা বলেছিলাম যে, কর্মসংস্থান বাড়াতে হবে, আয়ের সুযোগ বাড়াতে হবে, বিকল্প দৃষ্টিভঙ্গিটা দেখুন। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে আমাদের সাফল্যের কথা সবই বলা আছে। আজকে মহামন্দার ক্ষেত্রে স্টিমুলাস প্রোজেক্ট যা বাংলায় করা হচ্ছে উদ্দীপক প্রকল্প-কিভাবে পরিস্থিতি সামলাবে, মার্কিন যুক্তরাষ্ট্র থেকে আরম্ভ করে বড় বড় উন্নত পুঁজিবাদী দেশ এবং মোর ডেভলপিং কান্ট্রি, তাদের সবাইকে আজকে স্টিমুলাস প্রোজেক্ট নিতে হচ্ছে। ক্যাপিটালিজম, বিশ্বায়ন, আজকে যারা বলেছিলেন এর কোনো বিকল্প নেই, তার বিপর্যয় কোথায় গিয়ে দাঁড়িয়েছে ! আপনারা দেখবেন কেন্দ্রীয় সরকারের যে স্টিমূলাস প্রোজেক্ট, তাঁরা প্রথমে বলার চেষ্টা করেছিলেন, এর কোনো প্রভাব পড়ছে না, আমরা বামপন্থীরা বলেছিলাম, পড়ছে এবং সেটা মোকাবিলার জন্য পন্থাটা হচ্ছে কি ? ওদের পন্থা হচ্ছে কর্পোরেট সেক্টরকে কর ছাড় দাও, যারা পুঁজিপতি, যারা ধনী মানুষ, তাদের কিছু করা ছাড় দাও। আমাদের বামফ্রন্ট সরকার যে বিকল্প, যে স্টিমুলাস প্রোজেক্ট রেখেছে সেটা ৫১৬০ কোটি টাকার। আসলে বিরোধ হচ্ছে দৃষ্টিভঙ্গির সঙ্গে। আমরা বলেছি, বামপন্থরীরা বলেছেন যে, এবং এই বামফ্রন্ট সরকার মনে করে যে, সাধারণ মানুষ, গ্রামের মানুষ, গরিব মানুষ, পিছিয়ে পড়া মানুষের ক্রয় ক্ষমতা বাড়িয়ে এই মহামন্দার মোকাবিলা করতে হবে। তার ক্যাপাসিটি বাড়াতে হবে। দুটো মৌলিক ভাবে পৃথক দৃষ্টিভঙ্গির দিক থেকে পার্থক্য। শ্রেণী-দৃষ্টিভঙ্গির যে পার্থক্য, আমাদের প্রকল্পটা আপনারা খেয়াল করবেন, আমাদের বিরোধী নেতা, উনি প্রবীণ সদস্য, অথচ এই বিষয়টাকে ধরতে পারছেন না। বি.পি.এল ছাড়াও বি.পি.এল. তালিকা নিয়ে আমাদের বক্তব্য আছে, আমরা নির্দিষ্ট ভাবে জানিয়েছি এবং স্যাচার কমিটির রিপোর্ট নিয়েও আছে, আদিবাসী উন্নয়ন নিয়েও আছে। পশ্চিমবাংলায় আদিবাসী বৃদ্ধদের পেনশন দেওয়ার যে ব্যবস্থা আছে এবং বনাঞ্চল অধিকার আইন যা ইউ.পি.এ সরকারের কাছ থেকে অনেক দাবি করে, জোর করে চাপ দিয়ে আমরা আদায় করেছিলাম। পশ্চিমবাংলায় কিন্তু এই বনাঞ্চল অধিকার আইনে যে পাট্টা দেওয়া হয়, যদি শতাংশের অনুপাতে ধরা যায়, একটা রাজ্যের কত পারসেন্ট জনসংখ্যা আদিবাসী

মানুষ, তাহলে দেখা যাবে যে, পশ্চিমবাংলা এক নম্বরে আছে। রিপোর্ট আপনারা দেখেছেন, ইতিমধ্যে রেরিয়েছে। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে আছে যে, ৮ হাজারের বেশি দেওয়া হয়েছে। যে ঝাড়খন্ডের ঘটনা বলছেন, সেখানে কিছুই দেওয়া হয় নি, কিছুই এখনও দেওয়া হয়নি। তুলনামূলক আলোচনার মধ্যে ওঁরা যাচ্ছেন না। আমাদের যে স্টিমুলাস প্রোজেক্ট আছে, আপনারা খেয়াল করবেন যে, তার মধ্যে বি.পি.এল. ছাড়াও আছে শহর এবং গ্রামাঞ্চলের গরিব মানুষ, নিম্ন আয়ের মানুষ, তাদের জন্য ১ হাজার কোটি টাকা ব্যয় করা হয়েছে। শুধু কি আবাসন ? আবাসনের যেমন একটা সাপোর্ট দরকার—ইন্দিরা আবাসনের কথা বলেছেন, এটা সত্যি নয়। এই আবাসন শিল্পকে ঘিরে যে বিপুল কর্মসংস্থান হবে, যে শ্রমদিবস সৃষ্টি হবে, তার মাধ্যমে সাধারণ মানুষের কাছে, যারা পিছিয়ে আছে অসংগঠিত অংশে, অসংগঠিত শ্রমিকদের জন্য বামফ্রন্ট সরকারের উদ্যোগ দেখুন। এ থেকে বুঝতে পারবেন যে, আমরা এগোচ্ছি। এটা বাসের মতো পিছন দিকে এগিয়ে যাওয়া নয়। কোন পথে, কোন দৃষ্টিভঙ্গীতে সামনে এগোচ্ছি সেটা আমাদের কর্মসূচী থেকে বুঝতে পারবেন যদি আপনাদের সদিচ্ছা থাকে। আমরা কি বলেছি ? আমরা বলেছি, ২ টাকা কে.জি. দরে চাল দেব। এটার একটা বৈধতা আছে যে, এই চাল আমরা দিতে পারব এবং দেওয়া শুরু হয়েছে। আপনারা যাঁরা এখানে বিধায়ক আছেন, তাঁরা সবাই জানেন যে, এলাকায় এই চাল দেওয়া শুরু হয়েছে। তবে এটা বি.পি.এল-দের মধ্যে দেওয়া হচ্ছে। বি.পি.এল. তালিকা নিয়ে একটা সংশোধন করার চেষ্টা চলছে এবং তার কাজ ইতিমধ্যে চলছে। স্বনির্ভর গোষ্ঠীর ৪ শতাংশ রোল আমরা কৃষির ক্ষেত্রে বলেছিলাম, আমাদের দাবি যে, ১০ শতাংশ হারে ঋণ দিতে হবে। স্বনির্ভর গোষ্ঠীর ক্ষেত্রে ৫ শতাংশ ঋণ যা ব্যাংক নেয় এক্সট্রা, তাতে ব্যাংককে সরকার দিয়ে দেবে ৪শতাংশ। গোটা ভারতে ৯০ লক্ষ স্বনির্ভর গোষ্ঠী-আছে কাজের সুযোগ, চাকরির সুযোগ শুধুমাত্র এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের রিপোর্ট থেকে কি করে বোঝা যাবে ? স্বনির্ভর গোষ্ঠীর মাধ্যমে যে বিপুল কর্মদিবস তৈরি হচ্ছে এবং মানুষকে যেভাবে কাজে এনগেজ করার উদ্যোগ নেওয়া হচ্ছে এবং সরকারের যে দৃষ্টিভঙ্গি এর মধ্যে প্রতিফলিত হচ্ছে, সেটা হল এর মধ্যে ৯০ শতাংশ হচ্ছে মহিলা এবং এই স্বনির্ভর গোষ্ঠীর ২১ শতাংশ হচ্ছে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ। এই সমস্ত তথ্যের ব্যাপারে ওঁনারা এজেন্ডা ফর ট্র্যান্সফরমেশনের মধ্যে স্বভাবতই যাবেন না। কারণ ওঁদের যে ট্র্যান্সফরমেশন, ওঁদের যে রূপান্তর, তা পশ্চিমবাংলাকে নরকের দিকে টেনে নিয়ে যেতে চায়। আমাদের এর মধ্যে দেখেছেন যে, ৫০০ শিক্ষকের জন্য একটা প্রকল্প আছে, এটা আপনারা ডিটেইলস জানেন, আমি তার মধ্যে যাচ্ছি না। ১ হাজার বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠান গঠন করা হবে। এই বিষয়গুলো লক্ষ করার মতো যে, একদিকে যেমন অকৃষি পেশার চাহিদা বাড়ছে, তেমনি ভোকেশনাল ট্রেনিং-এর ব্যবস্থা আরও ১ হাজার বাড়ানো হবে। এই কথাটা স্টিমুলাস প্রোজেক্ট-এর মধ্যে আছে এবং মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে এটা বলেছেন। এছাড়া বন্ধ কল-কারখানা, বন্ধ চা-বাগানের শ্রমিকদের জন্য ৭৫০ টাকা থেকে ১ হাজার টাকা করে দেওয়া হয় এখানে। এটা ভারতবর্ষের কোথায় দেওয়া হয়েছে, যখন আমাদের এখানে দেওয়া শুরু হয়েছে ? এই যে বামফ্রন্টের এই কর্মকান্ডের ফলে, তার যে উন্নয়নের

দৃষ্টিভঙ্গী, আজকে মহামন্দার পর্বে পুঁজিবাদের যখন সংকট অত্যন্ত প্রকট, আজ যখন রাষ্ট্রীয় বিনিয়োগের মধ্যে পুঁজিবাদের সংকট থেকে সামাল দেওয়ার পন্থা খুলতে যাচ্ছে, তখন বামপন্থীদের যে বিকল্প এজেন্ডা, সেই বিকল্প এজেন্ডার তাৎপর্যগুলো অনুধাবন করার জন্য বামপন্থার বাইরেও যারা আছেন, আপনারা আসুন, ভাবুন, দেখুন, এটা একটু বোঝার চেষ্টা করুন। শুধুমাত্র সামনে নির্বাচন আছে বলে, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে, সেই ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের উপর বক্তব্য রাখতে গিয়ে এটাকে নির্বাচনী ভাষণে পরিণত করবেন না। কিন্তু ওনারা তাই করছেন।

[2.50 – 3.00 p.m.]

ওনারা করছেন, কারণ বললাম, গোটা রাজ্য জুড়ে অসত্য ভাষণ দিচ্ছেন শুধুমাত্র ক্ষমতালীপ্সার বশবর্তী হয়ে। তাদের যে জোট তার কোনো নীতি নেই। আমরা ইউ.পি.এ. সরকারকে সমর্থন করেছিলাম একটা কর্মসূচীর ভিত্তিতে, তার কিছু অন্তত যদি রূপায়িত হয় তাহলেও মানুষের জন্য কাজ করা যায়। কিন্তু মানুষ আজকে জানে না এই যে জোট হয়েছে তার এজেন্ডা কি, তাদের কর্মসূচী কি। মানুষ এটা জানতে চায় তাদের বিকল্প কতটা আছে, কি আছে। রাজ্যের উন্নয়নের ক্ষেত্রে দুটি বিষয় বিরোধী দলকে ভাবতে বলব। হিংসাত্মক এবং রাজ্যকে ভাঙার যে ষড়যন্ত্র চলছে দার্জিলিঙ থেকে লালগড় পর্যন্ত, সেখানে ক্ষমতার লোভে এসব করতে যাবেন না। রাজ্যটাই তো তাহলে থাকবে না। পশ্চিমবাংলার মানুষ তাহলে সারাজীবন আপনাদের ক্ষমা করবে না। আমি উন্নয়নের ইনডেক্সের মধ্যে যাচ্ছি না। ২৫ হাজার কোটি টাকার গ্রামীণ পণ্যের অভ্যন্তরীন বাজার তৈরি হয়েছে। উন্নয়নের লজিক কি ? আপনারা তো উন্নয়নের মূলেই কুঠারাঘাত করছেন একটা অসত্য কথার মাধ্যমে। এঁরা নাকি কৃষকদের স্বার্থ রক্ষা করতে চান। কিন্তু উন্নয়নের মৌলিক প্রশ্নেই তো আঘাত করেছেন। গ্রামের মানুষের যে রূপান্তর, তার মৌলিক যে চাহিদা, সেটাকে আঘাত না করতে পারলে এই প্রতিক্রিয়াশীল রাজনীতির স্বপ্ন, লক্ষ্য তো পূরণ করা যায় না। আজকে কিসের ভিত্তিতে কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেসের জোট হয়েছে সেটা ভারতবর্ষের মানুষ জানতে চায় বিশেষ করে কংগ্রেসের কাছে, কেননা তৃণমূল কংগ্রেসকে ভারতবর্ষের মানুষ অত চেনে না। আজকে সাচার কমিটি নিয়ে ওরা উৎসাহ পান। ২০০৭ সালে সাচার কমির্টির রিপোর্ট বের হবার পর বামপন্থীরাই সরব হয়েছিল, সি.পি.এম.ই সুনির্দিষ্ট ভাবে চার্টার্ড অফ ডিমান্ড পেশ করেছিল, আর কোনো দল পেশ করেনি। আপনাদের সময় মাদ্রাসার জন্য আলাদা কোনো ডিপার্টমেন্টই ছিল না, বাজেট ছিল পাঁচ লক্ষ টাকার। আজকে আমরা সাড়ে চারশো কোটি টাকার বাজেট রেখেছি মাদ্রাসার জন্য। ভারত সরকার এক হাজার কোটি টাকা রেখেছিল, দুশো কোটি টাকা খরচ করতে পারেনি। ২২শে জুলাই সংসদে পরমাণু কর্মসূচীতে তৃণমূল কংগ্রেসের একমাত্র সদস্য উপস্থিত থাকেননি। পেট্রোলিয়ামের কর বাতিলের জন্য আমরা বলছি, কি তাদের মত ? ইসরায়েলের কাছ থেকে কেন্দ্রীয় সরকার যত টাকার অস্ত্র কিনছে, ইসরায়েলের প্রতিরক্ষা বাজেটের থেকেও তা বেশি। মার্কিন যুক্তরাষ্ট্র, ইরাক, আফগানিস্তান, আরব, দেশ সম্বন্ধে তাদের বিদেশ নীতি কি তারা বলুক। মানুষ এসব তাদের কাছে জানতে

চায়। বিচ্ছিন্নতাবাদীদের হাত শক্ত করার জন্য যে তৃণমূল সচেষ্ট, তাদের কংগ্রেস সমর্থন করে কিনা বলুক। তৃণমূল কংগ্রেস এখনও বলেনি তারা এন.ডি.এ থেকে বের হয়েছে কিনা। বি.জে.পি.র বড় নেতা এসেছিল, তারা তৃণমূল সম্পর্কে কিছু বলেনি, কিন্তু বামপন্থীদের গালগাল করেছেন। এখনও পরিষ্কার নয় যে তৃণমূল এন.ডি.এ. থেকে বেরিয়েছে কিনা। এখান থেকে ন্যানো কারখানা তাড়িয়ে গুজরাটে পাঠালেন, তবুও আডবানিরা কিছু বলছেন না কেন তৃণমূল কংগ্রেসকে, কংগ্রেস এই প্রশ্ন করেছে কি ? জোটটা কোথায় ? এই জোটটা আসলে ভিজিবল, দৃশ্যমান শরিক কংগ্রেস আর তৃণমূল কংগ্রেস। আর ইনভিজিবল, অদৃশ্য শরিক কারা কারা আছে রাজ্যের মানুষ সেটা জানতে চায়। উন্নয়নের চ্যালেঞ্জের ক্ষেত্রে নলেজ এবং ইনফরমেশন এবং বিরোধী দলের নীতি কি, কারা তার শরিক, পশ্চিমবাংলার মানুষ আজকে তাদের কাছে জানতে চায়। ওরা কি এর উত্তর দেবেন ? দিলে ভালো হত। এই কটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল চন্দ্র দাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৯ই মার্চ মহামান্য রাজ্যপাল এই বিধানসভায় যে অভিভাষণ রেখেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিয়ে যে প্রস্তাব রাখা হয়েছে সেই ধন্যবাদ প্রস্তাবের উপরে আমি আলোচনা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমরা দেখলাম যে বিরোধী দলের মাননীয় সৌগতবাবু যে বক্তৃতা দিলেন সেটা অন্ধ বিরোধিতা। বামফ্রন্ট সরকার যা করছে, যা করবে তার সবটাই বিরোধিতা করার জন্য তৃণমূল কংগ্রেস দলের মুখপাত্র সৌগতবাবু বললেন। আর কংগ্রেস নেতা মানসবাবু যা বক্তৃতা দিলেন তা শুনে মনে হল যে তিনি ভুলেই গিয়েছেন যে এটা পার্লামেন্ট নয়। এটা রাজ্য বিধানসভা। পার্লামেন্টে রাষ্ট্রপতি কেন্দ্রীয় সরকারের নানা প্রকল্পের কথা বলে থাকেন। এখানে রাজ্যপাল বলেছেন। স্বাভাবিক কারণে সবটাই যেন একটা গোলমেলে বিষয়। আমি বলতে চাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নানা সীমাবদ্ধতার মধ্যে আমাদের রাজ্য সরকার যে কাজ কর্ম করার চেষ্টা করেছে সেগুলো যদি বাস্তবায়িত করতে হয় তাহলে প্রয়োজন হচ্ছে বিরোধীদলের সহযোগিতা কিন্তু আমাদের অভিজ্ঞতা হচ্ছে সব সময়ে তারা অসহযোগিতা করে থাকেন এবং বিরোধিতা করে থাকেন। আজকে মানসবাবু কেন্দ্রের প্রকল্পের কথা বলেছেন। আজকে যে আমেরিকায় প্রতি মিনিটে পাঁচজনের কাজ চলে যাচ্ছে এবং গোটা পৃথিবী একটা অর্থনৈতিক বিপর্যয়ের মধ্যে পড়েছে। ভারতবর্ষ সেই বিপর্যয়ের মোকাবিলা করেছে। এই কৃতিত্বের দাবি কংগ্রেস একা করতে পারে না। যে ৬০।৬২ জন বামপন্থী সাংসদ আছেন যাঁরা ইউ.পি.এ সরকারকে কন্ডিশনাল কর্মসূচীর ভিত্তিতে সমর্থন করেছিল, সেই সরকার প্রতিশ্রুতি দিয়েছিল কোনো ক্রমেই তারা আমেরিকার কাছে বিক্রি হবে না। এই প্রতিশ্রুতি তাঁরা দিয়েছিলেন যে "আমরা জনবিরোধী হব না"। এমনকি নবরত্ন আমাদের যে সমস্ত ফিনানসিয়াল ইনস্টিটিউশনগুলো আছে এল.আই.সি থেকে শুরু করে যে সমস্ত আর্থিক সংস্থাগুলো আছে তাদের আমরা বিদেশীদের কাছে বিক্রি করব না, প্রাইভেটাইজেশন করব না। এইভাবে প্রেসার দিয়ে আমাদের যে নির্ণায়ক শক্তি সেই নির্ণায়ক শক্তি সেই নির্ণায়ক শক্তির চাপেই ভারতবর্ষে অর্থনৈতিক বিপর্যয় হচ্ছে না। এই ক্রেডিট কংগ্রেস একা নিতে পারে না। এই ক্রেডিট বামপন্থী সাংসদদের, এই ক্রেডিট বামপন্থী-মনস্ক

মানুষদের। একে কেন্দ্র করে গোটা দেশে উত্তাল মানুষ ভারতবর্ষের মানুষ আন্দোলন করেছে, সংগ্রাম করেছে সেটা তাঁরা দেখেছে। এমনকি বনধ্ পর্যন্ত হয়েছে। ভারত বনধ্ হয়েছে। সেই বনধ্ দেখে ইন দি নেম অব গ্লোবালাইজেশান প্রাইভেটাইজেশন, লিবারালাইজেশন-এর পথে পরিক্রমণের জায়গায় তারা যেতে পারেনি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নানা সীমাবদ্ধতার মধ্যেও রাজ্য সরকার চেষ্টা করছে কিন্তু আরও কিছু চেষ্টা করার আছে। আমাদের যে খামতি রয়েছে সেটা হল গোটা রাজ্যের বিভিন্ন বিভাগের মধ্যে সমন্বয়ের অভাব রয়েছে। একটা ওয়ান গর্ভমেন্ট কনসেপ্ট-এর প্রয়োজন আছে। আমি শুধু বামফ্রন্ট সরকারের আমলের কথা বলছি না। স্বাধীনতার পর থেকেই এই জিনিস চলছে প্রকৃতপক্ষে যে কর্মকান্ড চলছে তাকে যদি জনকল্যাণ রূপায়ণ করতে হয় তাহলে সমন্বয়ের প্রয়োজন আছে যার ভিতর দিয়ে বিভিন্ন দপ্তর এগিয়ে আসবে। সরকারের নীতি বাস্তবায়িত করবে। আমি রাজ্য সরকারের কাছ অনুরোধ করব রাজ্য যে শূণ্য পদগুলো আছে সেই পদগুলো পূরণ করা দরকার। রাজ্য সরকারের যে পলিসি তাকে যদি বাস্তবায়িত করতে হয় তাহলে শূন্য পদ পূরণ করা খুব জরুরি। কারণ আমরা উত্তরবঙ্গের মানুষ দেখেছি একদিকে গোর্খা জনমুক্তি মোর্চা অন্যদিকে আদিবাসী বিকাশ পরিষদ।

[3.00—3.10 p.m.]

এই যে পরস্পর-বিরোধী শক্তি, এই যে হিংসাত্মক ঘটনা আমরা লক্ষ্য করলাম, সেগুলি মোকাবিলা করার জন্য কোনো সঠিক ইনফরমেশান পুলিশ দপ্তর থেকে আসেনি। এই কারণে আমি বলতে চাই যে, বেশ কিছু জায়গাকে ঢেলে সাজানোর প্রয়োজন আছে। এই যে রক্তপাত ঘটছে, হিংসাত্মক ঘটনা ঘটছে, মৃত্যু হচ্ছে, এরজন্য আমি আবেদন করব, অনুরোধ করব গোয়েন্দা দপ্তরকে ঢেলে সাজানো খুবই জরুরি বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে ভারত সরকারের যে প্রতিশ্রুতি ছিল, ভারত সরকার সেই প্রতিশ্রুতি রক্ষা করেনি। এখন বর্তমানে যিনি অসুস্থ আছেন, তিনি সুস্থ হয়ে উঠুন, সেই কেন্দ্রীয়মন্ত্রী শ্রী প্রিয়রঞ্জন দাশমুন্সী বলেছিলেন বন্যা নিয়ন্ত্রণের জন্য আলাদা বোর্ড করবেন। এই বোর্ড তো দূরের কথা, কেন্দ্রীয় সরকার আজ পর্যন্ত বন্যা নিয়ন্ত্রণের জন্য একটি পয়সাও দেননি। একটি মাত্র ব্রহ্মপুত্র বোর্ড, যে বোর্ডের এই উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের জন্য কিছু দায় আছে, তারা কিছু কিছু প্রকল্প স্পনসর করছে। কিন্তু অর্থ বরাদ্দ হচ্ছে একেবারেই সিন্ধুর মধ্যে বিন্দু। সেই কারণে আমরা উত্তরবঙ্গবাসী চাই এই ব্যাপারে রাজ্য সরকার উদ্যোগ গ্রহণ করুক। উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণের জন্য ইন্দো-ভুটান জয়েন্ট নদী কমিশনের ব্যাপারে বহুবার আলোচনা হয়েছে। বহুবার এটা বাস্তবায়িত করার কথা বলা হয়েছে। মাঝে-মধ্যেই ভুটান সরকারের প্রতিনিধিরা এই ব্যাপারটি নিয়ে মিটিং করেন। কিন্তু কমিশন হয়নি। উত্তরবঙ্গের বন্যার মূল কারণ হচ্ছে ভুটান সরকার তাদের ডিনামাইট দিয়ে ডলোমাইট, একে সংরক্ষণের জন্য খাদ নদী ভরাট করে ফেলছে। এরজন্যই বন্যা হচ্ছে। তারা যে পাহাড় বিক্রি করে, সেই পাহাড়টা যদি কেন্দ্রীয় সরকার কিনে নেয়, তাহলে এরা কিনে নিয়ে আমাদের উত্তরবঙ্গের মানুষকে বন্যার হতে থেকে বাঁচাতে পারে। এই দাবি আমরা নিশ্চয় করতে পারি।

স্যার, আমাদের রাজ্য সরকার শিক্ষার সম্প্রসারণের জন্য বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করেছেন। ৩টে বিশ্ববিদ্যালয় করার ব্যাপারে উদ্যোগ নেওয়া হয়েছে এবং কাজও শুরু হয়েছে। কিন্তু আমরা ডুয়ার্সে একটা বিশ্ববিদ্যালয় চাইছি। এখানকার আদিবাসী জনজাতিকে ক্ষেপিয়ে দেওয়া হচ্ছে। আজকে এই পরিপ্রেক্ষিতে বলি যে, ওখানে একটা বিশ্ববিদ্যালয় করলে লোয়ার আসাম এবং ডুয়ার্সের মানুষ উপকৃত হবে। আমরা জানি কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন এবং রাজ্য সরকারও মনে করছেন যে, প্রতি ৫০ লক্ষ মানুষ পিছু একটি করে মেডিক্যাল কলেজ দরকার। কিন্তু উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ছাড়া আর কোনো মেডিক্যাল কলেজ ওখানে নেই। তাই বলি ডুয়ার্স এলাকাতে একটি মেডিক্যাল কলেজ গড়ে তোলার দরকার আছে। জলপাইগুড়ি ইঞ্জিনিয়ারিং কলেজ ছাড়া আর কোনো ইঞ্জিনিয়ারিং কলেজ নেই। তাই ওই এলাকাতে টেকনিক্যাল ইনস্টিটিউট বা ইঞ্জিনিয়ারিং কলেজ গড়ে তোলা দরকার। স্যার, আমি শুধু উত্তরবঙ্গের কথা বলছি না, বা উত্তরবঙ্গের প্রতিনিধি হিসাবে বলব না, একজন বিধানসভার জনপ্রতিনিধি হিসাবে বলব মুর্শিদাবাদের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হোক। আজকে আমার উত্তরবঙ্গের ৬টি জেলাতে প্রায় ২ কোটি মানুষ বাস করে। সেখানকার উন্নয়নের জন্য ৬৬ কোটি টাকার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। সেখানে ৬৬ কোটি টাকা দেওয়া হয়েছে। একটা জেলাতে এর থেকে বেশি টাকা খরচ করা হয়। ন্যূনতম ২০০ কোটি টাকা উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে দেওয়া হোক। এটা করলে ওঁরা যাঁরা অন্ধ বিরোধিতা করছেন, তাঁরাও কেন্দ্রীয় সরকারের কাছে বলবেন। আপনারা যাঁরা অন্ধ বিরোধিতা করছেন, আপনারাও কেন্দ্রীয় সরকারের কাছে বলুন। উত্তরবঙ্গের সহজ সরল মানুষের কাছে, ওখানকার জনজাতি উপজাতির কাছে উন্নয়নের ধারা পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হোক। এরজন্য উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের পরিকাঠামো দরকার, ইঞ্জিনিয়ারিং সেল দরকার।

এখানে যেমন দক্ষিণবঙ্গ উন্নয়ন পর্ষদ আছে, তার ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। আমরা চাইছি ক্যালামিটি রিলিফ ফান্ড আরও ব্যাপকভাবে ব্যবহার করা দরকার। এবং আজকে সকাল বেলায় বললাম, আমাদের রাজ্যে বেশ কিছু জায়গাতে অগ্নি নির্বাপণ কেন্দ্র সেটাকে আধুনিকীকরণ করা দরকার, লোক নিয়োগ করা দরকার। আইন-শৃঙ্খলার পরিপ্রেক্ষিতে যে কথা বলা যায়, তা হচ্ছে, দক্ষিণবঙ্গের সমস্যা একদম ক্রিয়েটেড। উত্তরবঙ্গেও সেই জিনিস করা হচ্ছে। আজকে নির্বাচন আসন্ন। যারা গোর্খা জনমুক্তি মোর্চার নামে গোর্খা ল্যান্ড করবেন বললেন, তাঁরা বি.জে.পি.র দিকে ঝুঁকেছেন, আর আদিবাসী বন্ধুরা বিভ্রান্ত হয়ে কংগ্রেসের দিকে যাচ্ছে। রাজনৈতিক ভাবে তাঁরা বলতে পারছেন না, আমরা গোর্খা ল্যান্ড চাই না, পশ্চিমবঙ্গ ভাগ হবে না। আজকে যে অস্থিরতার সৃষ্টি হচ্ছে, তার বিরোধিতা করুন। এটাই আমরা চাইছি। কিন্তু আমরা লক্ষ্য করছি, যখন নির্বাচন আসে, তখন কাতুকুতু দেওয়া হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এত যে টালমাটাল, এত যে গণ্ডগোল তার মধ্যেও মানুষ ১৯টি জেলার মধ্যে ১৮টি জেলা এবং দার্জিলিংকে বাদ দিলে ১৭টি জেলায় ৪টি বাদে বাকি কোনো জায়গাতেই বিরোধীরা তাঁদের জায়গা করে নিতে পারেনি। এখনও পশ্চিমবাংলার কোটি কোটি মানুষ বামফ্রন্ট সরকারের পক্ষেই আছে।

তাদের আশীর্বাদ আছে। সেই জন্য বামফ্রন্ট সরকারকে তাদের যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, সেটা রক্ষা করতে হবে। যেমন, ডিসেন্ট্রালাইজেশন করবেন এবং সেই ব্যবস্থাপনার ভেতর দিয়ে পরিষেবা দেবেন। সেই কারণে অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটি করা হল। সেই প্রতিবেদনে লক্ষ্য করেছি খবরের কাগজে কিছু কিছু খবর বেরিয়েছে। আমরা চাইছি, এই কমিটি যেভাবে প্রতিবেদন পেশ করেছে, সেই প্রতিবেদন যদি গ্রহণ করা হয়, তাহলে আমাদের রাজ্যের ১৯টি জেলা প্রকৃতপক্ষে ৩০-৪০টি জেলায় উন্নীত হতে পারে। ব্লকগুলো আরও বেশি পরিষেবা পেতে পারে। আমাদের আলিপুরদুয়ার-এ জেলার আন্দোলন দীর্ঘদিনের। এবার দেখলাম, প্রতিবেদনে যে ক্রাইটেরিয়া ঠিক করে দেওয়া হল, আলিপুরদুয়ার জেলা হচ্ছে। যেমন মুর্শিদাবাদ, বর্ধমান। এটা বাস্তবায়িত করা হোক, এই আবেদন করছি।

চা-বাগানের কথা বলা প্রয়োজন। ৭৫০ থেকে ১০০০ টাকা হল। তবে এটা সমস্যার সমাধান নয়। বন্ধ চা-বাগান খোলা হবে, এই প্রসঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী জয়রাম রমেশ আসছেন, বক্তৃতা দিচ্ছেন, ফিরে যাচ্ছেন। এগুলো সবটাই ভাঁওতা। আমরা চাই, টিবোর্ড বাস্তব ব্যবস্থা গ্রহণ করুক। শিলিগুড়িতে একটা অফিস আছে। আমরা চাই, আলিপুরদুয়ারেও একটা অফিস হোক। কিন্তু আজ পর্যন্ত গ্রিন সিগন্যাল পাওয়া গেল না। চা-বাগান খোলার জন্য যে সঠিক পদক্ষেপ সেটা নিতে হবে কেন্দ্রীয় সরকারকে, কেন্দ্রীয় সরকারকেই অগ্রসর হতে হবে। অবিলম্বে সময়সীমা ঘোষণা করে ওইসব এলাকার মানুষকে জমি থেকে শুরু করে কাজের অধিকার ইত্যাদি দিতে হবে। এবং যে ধন্যবাদ সূচক প্রস্তাব রাখা হয়েছে, সেটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ স্যার।

[3.10 – 3.20 p.m.]

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী কোথায় ? আমরা কাকে শোনাবো ? আমরা কার উদ্দেশ্যে বলবো ? আমরা কি দেওয়ালকে শোনাবো ? মুখ্যমন্ত্রী আসবেনতো ?

মিঃ ডেপুটি স্পীকার : মুখ্যমন্ত্রী সব সময় থাকবেন এটা কোন প্রবিশান আছে। আপনি বলে যান, বলুন।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা সভার অবমাননা, মুখ্যমন্ত্রী আজকে অনুপস্থিত থেকে বিরোধীপক্ষ বা সরকারপক্ষের কি বক্তব্য সেই সব শোনার এই বিধানসভার রাখার বা এই অধিবেশন করার প্রয়োজন কি আছে ? আপনি মুখ্যমন্ত্রীকে আসার কথা বলুন।

স্যার, আজকে রাজ্যপালের ভাষণের মাধ্যমে যে সরকারি বক্তব্য এসেছে সেটা আসলে এই রাজ্যের বাস্তব চেহারা নয়, এটা রাজ্যপালের ভাষণ, না পশ্চিমবঙ্গে সি.পি.এম. সরকারের নির্বাচনী ইস্তেহার সেটা বোঝা খুব দুষ্কর, এটা বোঝা যায় না। প্রথমত আমি বলতে চাই আপনি জানেন সম্প্রতি স্বরাষ্ট্র সচিবের মাধ্যমে নির্বাচন কমিশন গত ৯ই মার্চ

একটা আপত্তি জানিয়েছেন যে পূর্ণাঙ্গ বাজেট নয় আংশিক বাজেট, এই নির্বাচনের প্রাক্কালে এটা নির্বাচন কমিশনের নির্দেশ না হলেও তাঁরা আপত্তি জানিয়েছেন। কিন্তু নির্দেশ যাই দিক এখানে আমাদের অর্থমন্ত্রী পূর্ণাঙ্গ বাজেট পেশ করুন আর ভোট অন অ্যাকাউন্ট পেশ করুন, ইতিমধ্যে। তিনি মিনি বাজেট প্লেস করে দিয়েছেন গত ২৩শে ফেব্রুয়ারি মহাকরণে। এখানে রীতি লঙ্ঘন করে তিনি পরিষ্কার বলেছেন এবং যেটা আমরা রাজ্যপালের ভাষণের মাধ্যমে দেখলাম সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হলো গরিব মানুষদের জন্য ২ টাকা কেজি দরে চাল দেওয়ার সিদ্ধান্ত, গরিবদের আবাসন, স্বনির্ভর গোষ্ঠী, গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন, প্রাথমিক স্কুলে ৫০ হাজার শিক্ষক নিয়োগ, আংশিক শিক্ষক, পার্শ্বশিক্ষক এবং শিক্ষক সহায়িকাদের সাম্মানিক বা অনারেরিয়াম বৃদ্ধি এই রকম ৩৩টি প্রকল্পের জন্য ৫১০৬ কোটি টাকার মিনি বাজেট সাংবাদিকদের সামনে গত ২৩ ফেব্রুয়ারি আমাদের অসীমবাবু তিনি ঘোষণা করেছেন। অথচ নির্বাচনের নির্ঘণ্ট প্রকাশ হয়ে গেছে, তাই এটা নির্বাচন বিধির বিরুদ্ধে যায়। যে বক্তব্য এখানে রাখা হয়েছে তা আপনাদের নির্বাচনী ইস্তেহার, নাকি রাজ্যপালের ভাষণ সে সম্পর্কে আমাদের সন্দেহ হয়।

মুখ্যমন্ত্রী কয়েকদিন আগে কেরালায় বক্তব্য দিয়ে এসেছেন যা রাজ্যপালের ভাষণের মধ্যে আছে, তিনি বলেছেন পশ্চিমবাংলা সব কিছুতেই ফার্স্ট, চাল উৎপাদনে ফার্স্ট, মাছ উৎপাদনে ফার্স্ট, সবজি উৎপাদনে ফার্স্ট, আলু উৎপাদনে ফার্স্ট। এমনকি এই রাজ্য চাল উৎপাদনে এত উদ্বৃত্ত, দরকার হলে কেরালাকে উদ্বৃত্ত চাল পশ্চিমবাংলা থেকে দিয়ে সাহায্য করবেন। এই কথা বলার পরে হাততালি হয়। মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই সত্যিই কি পশ্চিমবাংলা চালে উদ্বৃত্ত। আমি তথ্যভিত্তিক বলছি গত ৭ই জুলাই ২০০৮ আমাদের রাজ্যে কৃষিমন্ত্রী নরেন দে মহাশয় বিধানসভায় বলেছেন ২০০৫-০৬ সালে খাদ্য-শস্য উৎপাদনের ক্ষেত্রে ঘাটতি ছিল এই রাজ্যে ১০ লক্ষ ৬৫ হাজার মেট্রিক টন। আমার জিজ্ঞাস্য যদি এতো উন্নয়ন হবে, এতো খাদ্যে প্রাচুর্য্য থাকবে তাহলে পশ্চিম-মেদিনীপুরের আমলাশোলে ৫ জন শবরের অনাহারে মৃত্যু হলো কেন ? এবং এই মৃত্যুর পর এটা সারা পশ্চিমবাংলার চেহারার বিভীষিকা প্রকাশিত হয়ে গেল, এবং তারপরে লালগড়ে, লালগড়ে আন্দোলনের চাপে সেখানেও অনাহারের বিভীষিকা-উন্নয়নের বেলুন সেখানেও ফাঁস করে দিয়েছেন। রাজ্য সরকার নিজে ২০০৪ সালে ঘোষণা করেছিল যে, রাজ্যের ৪৬১২টি গ্রামের মানুষ গরিবের থেকেও গরিব। এটা রাজ্য সরকারের কথা। পশ্চিমবাংলায় আমাদের পঞ্চায়েত গ্রামোন্নয়ন দপ্তর গ্রামীণ পরিবারের একটা সমীক্ষা করেছে। তাতে দেখা যাচ্ছে, পশ্চিমবঙ্গে ৪ লক্ষ ৮০ হাজারের বেশি পরিবার গ্রামাঞ্চলে, যারা সারা বছর যাদের একবেলায়ও খাদ্যের সংস্থান হয় না। গ্রামোন্নয়ন দপ্তর বলছে স্যার। আসলে সরকার যেগুলিতে প্রথম হয়েছে স্যার, সেই কথাগুলো রাজ্যপালের ভাষণে উল্লেখ রয়েছে। কারণ যেগুলিতে প্রথম হয়েছে সেগুলি উল্লেখ না থাকলে রাজ্য সরকারের অপদার্থতা পশ্চিমবঙ্গ তথা রাজ্যের জনগণের সামনে চলে আসবে। এইজন্যই তারা অত্যন্ত সচেতনভাবে এগুলো অনুল্লেখ রেখেছেন। আমি আপনাকে বলছি স্যার, ২০০৮ সালের শেষে ভারত সরকারের

স্বরাষ্ট্র মন্ত্রক তার ক্রাইম ইন ইন্ডিয়া, ২০০৭ যেটা প্রকাশ করেছে সেই পরিসংখ্যানে আছে। সেই পরিসংখ্যানে বলছে, নারী ধর্ষণ, ২০০৬ এর তুলনায় ভারতের সব রাজ্য মিলিয়ে যেটা বেড়েছে ৭.২%। কিন্তু এই রাজ্যে বেড়েছে কত ? এই রাজ্যে বেড়েছে ২১.৭%। দুই নম্বর, ভারতের সব রাজ্য মিলিয়ে নারী ও বালিকা অপহরণ ২০০৬ এর তুলনায় ২০০৭-এ বৃদ্ধি পেয়েছে ১৭.২%। আর এই রাজ্যে কত ? ৩২.৬%। ক্রাইম ইন ইন্ডিয়ার রিপোর্ট। শ্লীলতাহানি বেড়েছে ভারতে ৫.৮%। আর এই রাজ্যে বেড়েছে ২৪.২%। এই সময়ে এই রাজ্যে নারী পাচার বেড়েছে চার গুণ মানে ৪০০ শতাংশ। ফলে এই হচ্ছে আমাদের মুখ্যমন্ত্রীর সব কিছুতে ফার্স্ট হওয়া রাজ্যের চিত্র। এটা অনুল্লেখ রেখেছেন রাজ্যপাল তাঁর ভাষণে সঙ্গত কারণে। এখানে অপরাধ প্রবণতার কথা বলা হয়েছে। আমি এই বিষয়টাতে পরে আসছি। আমি তার আগে কেমিক্যাল হাব, বলা হয়েছে কেমিক্যাল হাব নয়াচরে করা হবে। কেমিক্যাল হাবের আমরা বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণে যে, দূষণ, পরিবেশের ভারসাম্য, জনসাধারণের স্বাস্থ্য নিরাপত্তা এগুলো নিয়ে আজকে যে বিপদ সেই বিপদ থেকেই আমরা এই কেমিক্যাল হাবের বিরোধিতা করছি। কারণ আপনি জানেন স্যার, এমনকি কেমিক্যাল হাবের থেকে যে বর্জ্য বেরোয় সেই বর্জ্য পরমাণু বর্জ্যের থেকে কম বিষাক্ত নয়। এবং এই কেমিক্যাল হাব হলে কি ভয়ঙ্কর পরিণতি হবে তা সারা বিশ্বের দিকে যদি আপনি তাকান দেখবেন, জাপানের মিনিমাটারো, ব্রাজিলের ভ্যালি অব ডেথ্ এই সমস্ত চিত্রগুলো বিশ্বব্যাপি এই কেমিক্যাল হাবের ফলে মানব সভ্যতা নিধনকারী যে ভয়ঙ্কর চিত্র সেটাই আমাদের কাছে তুলে ধরে। সেইজন্য নয়াচরে কেমিক্যাল হাবে ৯২০০০ কোটি টাকায় তারা যেটা করতে চাইছেন আমরা তার বিরোধিতা করছি। আজকে পি.টি.টি. আই ছাত্র, এই পি.টি.টি আই ছাত্র, এই পি.টি.টি. আই ছাত্রদের, স্যার, আপনি জানেন, ৭৪০০০ পি.টি.টি. আই ছাত্র এদের এই সরকার জেনেশুনে বেআইনিভাবে তার নিজেদের পার্টির সমস্ত লোকেদের দিয়ে ইন্সটিটিউশান করে সেই ইন্সটিটিউশানগুলোতে ভর্তি করালো।

[3.20 – 3.30 p.m.]

এক লক্ষ, দেড় লক্ষ টাকা দিয়ে, ঘটিবাটি বন্ধক দিয়ে, সর্বস্ব দিয়ে তারা অ্যাডমিশান নিয়েছিল, এখন অবৈধ বলে ঘোষণা হয়ে যাওয়ার পর ৭৪ হাজার পি.টি.টি.আই.টিচার এদের ব্যাপারে এখানে রাজ্য সরকারের একটা মুখ্য ভূমিকা কেন্দ্রীয় সরকারের মুখ্য ভূমিকা রয়েছে, এখানে পি.টি.টি.আই টিচাররা তারা বারবার বলা সত্ত্বেও হ্যাভিং নো ফল্ট অন দেয়ার পার্ট, তাদের ভবিষ্যৎ জীবন বিপন্ন আর এরা মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে যাচ্ছে। আজ পর্যন্ত ১১জন পি.টি.টি.আই টিচার আত্মহত্যা করেছে। গত ৯ই মার্চ কৌশিক দাস বলে একজন উত্তর ২৪ পরগনার বারাসাতে আত্মহত্যা করেছে, মন্ত্রী কথা দিয়েছিলেন, নির্বাচনের আগে একটা ব্যবস্থা হবে। গতকাল হতাশায় ওরা প্রতিবাদ করতে গেল-আমরাও প্রতিবাদ করেছি ডোমকলে প্রতিবাদ করতে গিয়েছিল, সেখানে নির্বিচারে বেপরোয়া ভাবে পুলিশ লাঠিচার্জ করেছে। যারা এই কাজ করলো, সেই সমস্ত সি পি এম লিডার যারা লক্ষ লক্ষ টাকা, কোটি কোটি টাকা লুঠেছে, তাদের শাস্তি না দিয়ে, ন্যূনতম মানবিকতা না দেখিয়ে,

এদের না নিয়ে ভোটের দিকে তাকিয়ে ৫০ হাজার শিক্ষক নিয়োগ করবেন বলেছেন। আজকে এই পি.টি.টি.আই শিক্ষক, বিশেষ করে ৭৪ হাজার মৃত্যুপথ যাত্রী যারা শিক্ষক তাদের প্রতি এই সরকারের কোনো সহানুভূতি, কোনো দরদ নেই। এতটুকু মানবিকতা নেই। ফলে আমি শিক্ষানীতির তীব্র বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনস্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে। হাসপাতালে বেড নেই, ঔষধ নেই, কোনো কিছু নেই। সরকারি হাসপাতাল গুলিতে যতটুকু সুযোগ-সুবিধা ছিল, সেটুকুও আজকে সরকার শেষ করতে চলেছে। সম্প্রতি ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল সার্ভিসেস কর্পোরেশান লিমিটেড গত নভেম্বর মাসে, কেউ জানে না, ক্যাবিনেট জানে না, শরিকরা জানে না, ১৯৫৬ সালের কোম্পানিজ অ্যাক্টের মধ্যে নিয়ে আসলে গোটা মেডিক্যাল সার্ভিসকে-প্রাইভেটাইজেশান-এর হাতে তুলে দিয়েছে, এন.জি.ও.র হাতে তুলে দিয়েছে এর ফলে সরকারি স্বাস্থ্য পরিষেবার যে শেষ সুযোগটা ছিল, সেটাতে শেষ হচ্ছে না, স্বাস্থ্য পরিষেবার সঙ্গে যুক্ত সরকারি ডাক্তার, নার্স, স্বাস্থ্যকর্মী তাদের জীবন-জীবিকা বিপন্ন হতে বসেছে। এই রকম একটা মারাত্মক অবস্থায় এই সরকার প্রাইভেট পাবলিক পার্টনারশিপ-এর মধ্যে দিয়ে সরকারি হাসপাতালগুলিতে এম.আর.আই. সি.টি.স্ক্যান সমস্ত প্রাইভেট-এর হাতে তুলে দিচ্ছে, বেসরকারিকরণ করছে। এমন কি যাদবপুর কে.এস.রায় যক্ষ্মা হাসপাতাল ভারতবর্ষের মধ্যে একটা বিখ্যাত হাসপাতাল,. সেই হাসপাতালে মাত্র ১ টাকা দামে ৪৮ একর জমি তারা কে.পি.সি.র হাতে তুলে দিচ্ছে বেসরকারি মেডিকেল কলেজ করার জন্য। সেই বেসরকারি মেডিকেল কলেজগুলি এক একটি আসন ২৪.৪০ লক্ষ টাকায় বিক্রি করছে। জনগণকে শোষণ করছে। গোটা স্বাস্থ্য ব্যবস্থাকে শোষণ করছে। ন্যাশানাল রুরাল হেল্‌থ মিশন-এর নামে মেডিকেল কলেজে হাসপাতালে প্রাইমারিতে গ্রামীণ হাসপাতাল, জেলা হাসপাতালে যতটুকু স্বাস্থ্য পরিষেবা ছিল, সেটুকুকে শেষ করে দেবার ব্যবস্থা হয়েছে। সরকারের যে জনস্বাস্থ্য নীতি, সেই স্বাস্থ্যনীতির তীব্র বিরোধিতা করছি এবং জনগণের স্বাস্থ্য রক্ষার জন্য আজকে সামান্যতম কোনো প্রিভেনটিভ ব্যবস্থা নেই, সেই ক্ষেত্রে এন.জি.ও.-দের উপরে নির্ভর করতে হচ্ছে। ডেঙ্গু, ম্যালেরিয়ায়, আন্ত্রিকে যেভাবে মানুষ মারা যাচ্ছে, মানুষের জীবনের কোনো মূল্য নেই, নেতাদের সন্তানরা অসুস্থ হলে নার্সিংহোমে চিকিৎসা করছে, কিন্তু সাধারণ মানুষ আজকে কি অবস্থায় আছে। আজকে এই অবস্থার দিকে তারা নিয়ে যাচ্ছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে আর একটা কথা বলি ই-গভর্ন্যান্স। আমাদের তথ্য প্রযুক্তির খুব উন্নয়ন হচ্ছে তাতে এগিয়ে যাচ্ছে সরকার। ই-গভর্ন্যান্স তথ্য প্রযুক্তিতে অগ্রগতি কি রকম হচ্ছে ? ২৭শে ফেব্রুয়ারি একটা নাটক খোদ মহাকরণের সামনে হয়েছিল। সেখানে মুখ্যমন্ত্রীকে খুব অপদস্থ করা হল। ই-গভর্ন্যান্সের অবস্থাটা দেখুন। তিনি ডেমোনস্ট্রেশান দেবেন সাংবাদিকরা এসেছেন একদম রিমোটেস্ট ব্লক পর্যন্ত কিভাবে তিনি কথা বলবেন ই-গভর্ন্যান্সের মাধ্যমে। একবার বান্দোয়ানের বি.ডি.ও., অন্য জায়গার বি.ডি.ও-র সঙ্গে কথা বলতে গিয়ে এসে গেল চন্দ্রকোনার বি.ডি.ও। তারপরে বলা হল গোসাবা পাওয়া যাচ্ছে না পাথরপ্রতিমা এসে গেল। এরকম করতে গিয়ে সময় যখন কেটে যাচ্ছে তখন মুখ্যমন্ত্রীর একজনের সঙ্গে দেখা হল বললেন গুড মর্নিং মুখ্যমন্ত্রী লজ্জায় পড়ে

গেছেন কারণ তখন হবে গুড ইভনিং বিকেল ৫টা। আর কোথাও যখন আসছে না তখন মুখ্যমন্ত্রী বিরক্ত হয়ে তথ্য প্রযুক্তির মন্ত্রীকে বললেন আর কতক্ষণ বসে থাকবো। এই হচ্ছে ই-গভর্ন্যান্সের চেহারা। আমাদের পশ্চিমবাংলা সব কিছুতে এগিয়ে যাচ্ছে। অপরাধ প্রবণতা, অপরাধের হার এটা নাকি কমেছে ! আইন শৃঙ্খলা পরিস্থিতির ব্যাপারে আজকে আপনি দেখেছেন কিভাবে রেজওয়ানুর রহমান হত্যা ও তারপরে অরিন্দম মান্না হত্যা এবং তারপরে ডোম যাদের দেখা গিয়েছিল তাদেরকে হত্যা অর্থাৎ সবকিছু প্রমাণ বন্ধ করে দেওয়া রেজওয়ানুর হত্যার পেছনে যে একমাত্র সাক্ষী ছিল সেই প্রমাণ লোপ করার জন্য এই হত্যা। এই তাপসী মালিক হত্যাকারী, দেবু মালিক, সুহৃদ দত্ত যারা এই হত্যাকাণ্ডের জন্য শাস্তি পেল তারা পরে আবার জামিনের জন্য গেল। বলছে সরকার নিজে ক্রিমিনাল অফেন্স। সরকার নিজে রাষ্ট্রীয় সন্ত্রাস করছে। নন্দীগ্রামে যেভাবে রাষ্ট্রীয় সন্ত্রাস করে ১৪ই মার্চ, নভেম্বরে যেভাবে তারা গণহত্যা, গণ-ধর্ষণ করল একটা সরকার যারা নিজে রাষ্ট্রীয় সন্ত্রাসের মধ্যে লিপ্ত একটা ক্রিমিনাল অফেন্স, একটা ক্রিমিনাল সরকার সেই বলছে অপরাধের মাত্রা কমিয়েছে। সব শেষে যে কথা বলতে চাইছি ভোটের দিকে তাকিয়ে রাজ্য সরকারি কর্মচারীদের বেতন কাঠামো পরিবর্তন করেছেন সেখানেও বঞ্চনা। সেখানে পঞ্চম বেতন কমিশন ২০০৬ সালের ১লা জানুয়ারি থেকে তাদের এই বর্ধিত বেতন হাতে পাওয়ার কথা, সেখানে ২৭ মাস পরে বকেয়া বেতন বঞ্চিত করে ১লা এপ্রিল, ২০০৮ সাল থেকে দিচ্ছেন। এও সরকারি কর্মীদের বঞ্চনা। সর্বত্র বঞ্চনা, মিথ্যাচার, অসত্য, ভাষণ। সেই কারণে আমি রাজ্যপালের ভাষণের সঙ্গে একমত নই বলে আমার বক্তব্য শেষ করছি।

মি: ডেপুটি স্পীকার : সুহৃদ দত্ত, দেবু মালিকের কেস সাব জুডিস। তাই এইসব নাম এক্‌সপান্‌জ হবে।

শ্রী হরিপদ বিশ্বাস : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের রাজ্যের রাজ্যপাল যে ভাষণ এই হাউসে রেখেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করে বলতে চাই যে আমাদের বিরোধী দলের নেতা ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা অনেকগুলি কথা বলেছেন। তারমধ্যে উনি বলেছেন প্রধানমন্ত্রীর সুচিন্তিত মতামত এবং সোনিয়া গান্ধীর সুপরামর্শ এই দিয়ে শুরু করেছিলেন। এই প্রসঙ্গে বলা যায় এমন একজন লোক আমাদের দেশের প্রধানমন্ত্রী তাঁকে যদি জিজ্ঞেস করা হয় দুই আর দুইয়ে কত হয় উনি বলবেন চার হয়।

[3.30—3.40 p.m.]

লেকিন ম্যাডামের কাছে একবার তাও জিজ্ঞাসা করে নিতে হবে। এই হচ্ছে আমাদের দেশের প্রধানমন্ত্রী। মানস বাবুরা ওনার গুণগান করলেন, এটা ভালো। 'ন্যাশনাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিমে' ১৩ লক্ষ জব কার্ড দেওয়া হবে। এই স্কিমটা কিন্তু আমাদের রাজ্যের বড় ক্ষতি করেছে, এটা আমরা আগে বুঝতে পারিনি। এই স্কিমটা হল সুকুমার রায়ের 'খুড়োর কল'। আরেকটু গোদা বাংলায় বললে বলা যায় 'ভুয়ো নারকেল'। গাছ থেকে নারকেল পড়ল, কিন্তু তার ভেতরে জলও নেই, শাঁসও নেই। এই স্কীমটা হল সেই রকম। এই স্কীমটা প্রথমে যখন শুরু হয়েছিল তখন বলা হয়েছিল ১০০ ফুট মাটি কাটলে

৬৮ টাকা ৮৫ পয়সা দেওয়া হবে। আগেকার দিনের লোকেরা একেবারে এক সের চালের ভাত খেত তারাই ১০০ ফুট মাটি কাটতে পারত। এখন ৫০ ফুটের বেশি মাটি কাটা যায় না, আর ৫০ ফুট মাটি কাটলে ২৯ টাকা দিতে হয়। বিরোধী দলের লোকেরা মানুষকে বলল পঞ্চায়েত টাকা মেরে দিচ্ছে। আবার যদি কোনো পঞ্চায়েত ৫০ ফুট মাটি কাটিয়ে ৬৮ টাকা ৫০ পয়সা দেয় তাহাল বলবে ওই পঞ্চায়েত দুর্নীতি করছে। এই জন্যই এই স্কীমটাকে সুকুমার রায়ের খুড়োর কল আমি বললাম। ডঃ অর্জুন সিং একটা রিপোর্টে বলেছে, ভারতবর্ষের ৮৪ কোটি মানুষ ২০ টাকার নীচে আয় করে। অর্থাৎ এই ৮৪ কোটি মানুষ একশো দিনের কাজ পাবার অধিকারি। এই খাতে কেন্দ্রীয় সরকার ১৬ হাজার কোটি টাকা বরাদ্দ করেছে। এই ১৬ হাজার কোটি টাকার ৪০ শতাংশ হচ্ছে ম্যাটিরিয়াল পারপাস এবং ৬০ শতাংশ হচ্ছে লেবার পারপাসে খরচ হবে। এই ১৬ হাজার কোটি টাকাকে যদি ষাট শতাংশ দিয়ে ভাগ করা যায় তাহলে প্রতিদিন পাওয়া যায় ৩৩ পয়সা। এই জন্যই এই স্কীমটাকে আমি বলছি খুড়োর কল বা ভুয়ো নারকেল। এটাই আমাদের সর্বনাশ করেছে। আমরা এটা আগে বুঝতে পারিনি। আমার এই বক্তব্যের মধ্যে দিয়ে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে জানাতে চাই, যেভাবে কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের মাইনে বেড়েছে তাতে এই একশো দিনের কাজের জন্য ৫০ ফুট মাটি কাটার জন্য মিনিমাম ৩০০ টাকা মজুরি দিতে হবে। গরিব মানুষদের প্রতি আপনাদের যদি এতই দরদ থাকে তাহলে এই টাকা দিতে হবে।

মাননীয় ডেপুটি স্পীকার স্যার, সৌগতবাবু বক্তব্য রাখতে গিয়ে সিঙ্গুর থেকে বোম্বের সন্ত্রাসবাদের জায়গায় চলে গেলেন। বক্তব্য রাখতে গিয়ে তিনি বললেন, দেখা যাচ্ছে পশ্চিমবাংলায় সন্ত্রাসবাদীরা জায়গা করে নিয়েছে। খানিকটা আমি ওনার বক্তব্যকে সমর্থন করে ওনার কাছে জিজ্ঞাসা করতে চাই, সিঙ্গুরে আন্দোলনের নামে কারা সন্ত্রাস করেছিল। সেই সন্ত্রাসের সঙ্গে কিছু কিছু মুখ আমরা দেখতে পেয়েছিলাম। সিঙ্গুরে ন্যানো কারখানার মালিক হচ্ছেন রতন টাটা, আর বোম্বেতে ওবেরয় তাজ হোটেলের মালিকও হচ্ছেন রতন টাটা। আমারা কি তাহলে ধরে নেব, সিঙ্গুরে ন্যানো কারখানা বন্ধ করার জন্য যারা সন্ত্রাস চালিয়েছিল, তাদের সঙ্গে বোম্বেতে তাজ হোটেলে যারা সন্ত্রাস চালিয়েছে তাদের সঙ্গে কোনো যোগসূত্র আছে।

স্যার, 'মা-মাটি-মানুষের' কথা যিনি বলেন, ওনাদের সেই নেত্রীর আসল স্বপ্ন হচ্ছে বাংলার মুখ্যমন্ত্রীর আসন দখল করা। ওনাকে আমি জিজ্ঞাসা করতে চাই, আমাদের রাজ্যের পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর এইসব নিয়ে ঝাড়খণ্ডীদের যারা মদত দিচ্ছে, তারপরে যদি আলাদা ঝাড়খণ্ড রাজ্য হয়ে যায় তাহলে উনি কোন রাজ্যের মুখ্যমন্ত্রী হবেন ?

কামতাপুরিদের যারা মদত দেয়, ওটা যদি আলাদা রাজ্য হয়ে যায়, পাহাড়াকে নিয়ে যদি গোর্খাল্যাণ্ড আলাদা রাজ্য হয়ে যায় তাহাল উনি কোন রাজ্যের মুখ্যমন্ত্রী হবেন ? এটা ওদের জিজ্ঞসা করা দরকার। এটা খুঁজে দেখতে হবে, এটা আমার প্রশ্ন ছিলো। যাই হোক, ওরা কেউ নেই। আমি একটু অন্য প্রসঙ্গে আসি। এটা ঠিক আমাদের রাজ্যের মাননীয়

মুখ্যমন্ত্রী একটি স্লোগান তুলেছেন, ডু ইট নাউ। তিনি সেটা করে দেখানোর চেষ্টা করছেন। একটা বিষয়ে আমার বলার সেটা হচ্ছে আমাদের দেশে ১৯০৭ সালের আগে সেনসাস রিপোর্টে চাঁড়াল বা চণ্ডাল বলে একটি সম্প্রদায় ছিলো। ১৯০৭ সালে গুরুচাঁদ ঠাকুরের নেতৃত্বে আন্দোলনের ফলে এর পরিবর্তে ব্রিটিশ পিরিয়ডে সেটাকে নমশূদ্র করা হয়েছিলো। ওই সময় গুরুচাঁদ ঠাকুরের নেতৃত্বে পরাধীন ভারতে ৩১টা সম্প্রদায়কে ভারতে প্রথম সংরক্ষণের আওতায় নিয়ে আসা হয়েছিলো। সেই গুরুচাঁদ ঠাকুরের নিজ সম্প্রদায় নমশূদ্ররা আজকে ভারতবর্ষের কংগ্রেস, বি.জে.পি. শাসিত রাজ্যে, এরকম ১৪টি রাজ্যে তারা সার্টিফিকেট পায় না, তারা বঞ্চিত। আজকে ওরা থাকলে জিজ্ঞাসা করতাম যে ওরা ১৪টি রাজ্যে বঞ্চিত হচ্ছে কেন ? তাহলে কি তাদের ওই ১৯০৭ সালে যখন চাঁড়াল বা চণ্ডাল থেকে কনভার্ট করা হলো, ওদের কি সেই আগের অবস্থায় ফেরত পাঠিয়ে দেওয়া হবে ? এই বিষয়টি উল্লেখ করলাম। আমাদের রাজ্যেও কাস্ট সার্টিফিকেট পাওয়ার ব্যাপারে টালবাহানা হয় এবং অভিযোগ আসে। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারকে বলতে চাই আমাদের রাজ্যে বার্থ সার্টিফিকেট দেওয়া হয়। সেই বার্থ সার্টিফিকেটের সঙ্গে সঙ্গে এই একই সার্টিফিকেটে উল্লেখ করে দেওয়া হোক তার জাতিগত পরিচয়। আর সে যদি সিড্যুইলড কাস্ট, সিড্যুইলড ট্রাইব বা ব্যাকওয়ার্ড ক্লাস হয় কারণ একটি শিশুর জন্মে তার পরিচয় ঠিক হয়ে যায়। তাহালে বার্থ সার্টিফিকেটের সাথে সাথে আমাদের রাজ্যে কাস্ট সার্টিফিকেট দেওয়া হোক। গোটা দেশে তাতে নতুন দিগন্তের সৃষ্টি হবে। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি বলতে চাই, এই হাউসে আমি বার বার বলেছি, এর আগেও। মাননীয় শিক্ষা মন্ত্রী আছেন। এর আগে তিনটে ইউনিভার্সিটি হলো। আমি হরিচাঁদ ঠাকুরের নামে বিশ্ববিদ্যালয়ের দাবি করেছিলাম। আজকে এখানে শ্রী শ্রী হরিচাঁদ-গুরুচাঁদ ঠাকুরের নেতৃত্বে প্রায় ৫ হাজার স্কুল গড়ে উঠেছিল বাংলায়। অখণ্ড ভারতবর্ষে এই সম্প্রদায় বঞ্চিত এই দাবি যাতে কার্যকর হয় সেই জন্য বলছি। একটি সংবাদ পেলাম যে আগামী ২৪শে মার্চ ঠাকুর নগরে বড় মা বীণাপাণি দেবী, শ্রী শ্রী হরিচাঁদ-গুরুচাঁদ বিশ্ববিদ্যালয়ের লক্ষ্যে ভিত্তি প্রস্তর স্থাপন করবেন। এই সংবাদ পেয়ে আমি মাননীয় ডেপুটি স্পীকার স্যারের মাধ্যমে বলতে চাই আমাদের সরকার যাতে আগামীদিনে এই বিষয়টি সমর্থন করেন। ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই প্রায় কুড়ি থেকে পঁচিশ লক্ষ লোক ঠাকুর নগরে আসেন, এই মাতুয়া মহামেলায় এবং এটি ২৪ তারিখে শুরু হবে। সেজন্য যাতে আরো বেশি বেশি ট্রেনের ব্যবস্থা করা যায়, স্পেশাল ট্রেন, স্পেশাল বাসের ব্যবস্থা যাতে এক্ষেত্রে করা যায় তার জন্য রাজ্য সরকারের উদ্যোগ নেওয়ার প্রস্তাব রাখছি। এখানে বলি, আমাদের হাউসের সামনে যে লবি আছে, সেই লবিতে অনেক মনীষীর ছবি আছে। ১৮১২ খ্রীষ্টাব্দে হরিচাঁদ ঠাকুর জন্মগ্রহণ করেন। তাঁর ছেলে গুরুচাঁদ ঠাকুর এবং তাঁর ছেলে প্রমথরঞ্জন ঠাকুর। তিনি গণ পরিষদের সদস্য ছিলেন, তিনি মন্ত্রীও ছিলেন। এখানে রামকৃষ্ণ দেবের ছবি ও সারদা মায়ের ছবি সহ আরো অনেকের ছবি আছে। বয়সের দিক থেকে রামকৃষ্ণ দেব হরিচাঁদ ঠাকুরের থেকে ছোট, আমি সে বিষয়ে বলছি না। আজকে আমি এই হাউসে মাননীয় ডেপুটি স্পীকারের মাধ্যমে বলতে

চাই শ্রীশ্রী হরিচাঁদ ঠাকুর, গুরুচাঁদ ঠাকুর ও প্রমথ রঞ্জন ঠাকুরের ছবি আমাদের এই লবিতে যাতে রাখার ব্যবস্থা করা যায়।

[3.40—3.50 p.m.]

এর মধ্যে দিয়ে আমাদের দেশের দলিত মানুষ উৎসাহ পাবে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। মাননীয় ডেপুটি স্পীকার স্যার আপনার মাধ্যমে বলতে চাই আমাদের রাজ্যে একটা দল আছে, যার নাম তৃণমূল কংগ্রেস। সেই তৃণমূল কংগ্রেস এই ঠাকুরনগরকে কেন্দ্র করে ঠাকুরনগরের পবিত্রতাকে কলুষিত করতে চাইছেন। আপনারা জানেন মমতা বন্দ্যোপাধ্যায় ঠাকুরনগরে গিয়ে অনেক আজেবাজে কথা বলে এসেছেন। যিনি আমাদের রাজ্যের শুধু নয়, আমাদের দেশের একজন মহীয়সী ব্যক্তি বীণাপাণি দেবী। তাঁকে তিনি বলেছেন আপনি কারোর কাছ থেকে ভিক্ষা নেবেন না। যা দরকার উনি দেবেন। বীণাপাণি দেবী যেন ভিখারি। এই কথা বলার জন্য মথুরা সম্প্রদায় ক্ষোভ প্রকাশ করেছে। কারণ তিনি ভিক্ষা গ্রহণ করেন না। আমরা লক্ষ্য করেছি আমাদের রাজ্যের বামফ্রন্টের চেয়ারম্যান কমরেড বিমান বসু এবং কমরেড বৃন্দা কারাট মথুরা সম্মেলনে হাবড়ার কুমড়ো কাশিপুরে গিয়েছিলেন। সেই সম্মেলনে যাবার পরে এই বিরোধী দল এবং বাজারের কয়েকটি কাগজ অনেক কটাক্ষ করেছে। বিমানবাবু গিয়ে সেখানে মথুরা সম্প্রদায়কে অসাম্প্রদায়িক সংগঠন বলেছেন এবং শ্রদ্ধা জানিয়েছেন। আমাদের যাতায়াত ঠাকুরনগরে মথুরাদের সাথে প্রথম নয়। ১৯৩৭ খ্রীষ্টাব্দে আজকের যেটা কফি হাউস, এই কফি হাউসের নাম ছিল অ্যালবার্ট হল। সেই অ্যালবার্ট হলে গুরুচাঁদ ঠাকুরের স্মরণ সভায় নেতাজী সুভাষচন্দ্র বসুকে আহ্বান জানানো হয়েছিল। আহ্বান জানানো হয়েছিল গান্ধীজীকে। গান্ধীজী সেদিন আসেননি। নেতাজী সুভাষচন্দ্র বসু সেদিন এসেছিলেন। এই সভায় সভাপতিত্ব করেছিলেন জে.সি.গুপ্তা। তিনি সেদিন বক্তব্য রেখেছিলেন। বক্তব্যের মধ্য দিয়ে তিনি দলিত পতিত মানুষের মুক্তিত্রাতা হিসাবে, আন্দোলনের নেতা হিসাবে সেদিন গুরুচাঁদ ঠাকুরের মহাগুরু আখ্যা দিয়েছিলেন। অশোক ঘোষকে দেখতে এসেছিলেন বীনাপানি দেবী। সেটা নিয়েও ব্যঙ্গ হয়েছে। আবার অশোক ঘোষ সুস্থ হয়ে যাওয়ার পর তিনি ঠাকুরনগরে যাওয়ার ফলে তারাও ব্যঙ্গ করেন এবং তৃণমূল ওখানে একটা রাজনীতির আখড়া করার চেষ্টা করছিল। মথুরা সম্প্রদায় ওদের মুখে ঝামা ঘষে দিয়েছে। ওরা গিয়ে মথুরা সম্প্রদায়কে ধ্বংস করার জন্য মথুরা সম্প্রদায়ের যিনি সংঘাধিপতি বড়মা বীণাপাণি দেবী, তাঁর ছেলে মঞ্জুল ঠাকুরকে প্রার্থী করার জন্য চেষ্টা করেছিল। তারা নেমে পড়েছিল, মাটি কামড়ে পড়েছিল। কিন্তু সম্ভব হয়নি। ওদের মুখে ঝামা ঘষে দিয়েছে। আজকে এই অশুভ শক্তি জোটবদ্ধ হয়েছে। আমাদের দেশের দুর্দিনের সূত্রপাত হয়েছিল ১৭৫৭ সালে ২৩শে জুন তারিখে পলাশীর আম্রকাননে সিরাজদৌল্লার পরাজয়ের মধ্যে দিয়ে। তারপর ১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহ, তারপর বিভিন্ন রাজনৈতিক দলের আগমন, নেতাজী সুভাষ চন্দ্র বসু এবং তাঁর আজাদ হিন্দ ফৌজ। শেষের দিকে তাঁর অন্তর্ধানের সময় গান্ধীজিকে দেওয়া শেষ চিঠিতে বলেছিলেন... বাপুজী, অনতিবিলম্বে ব্রিটিশ সাম্রাজ্যের পতন ঘটবে। দেশ বিভাগের মধ্য দিয়ে যেন স্বাধীনতা না নেওয়া হয়। যদি দেশ

ভাগের মধ্যে দিয়ে আমরা স্বাধীনতা নিই, তাহলে আমাদেরকে কুরে কুরে খাবে।...কিন্তু আজকে লক্ষণীয় বিষয় পাকিস্তানে কি হচ্ছে, বাংলাদেশে কি হচ্ছে! প্রতিদিনই আমরা ধ্বংসের মুখোমুখি হচ্ছি। আজকে যে কথার পুনরাবৃত্তি করতে চাইছি, আমরা শুরুটা যেটা দিয়ে করেছিলাম, মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাদের রাজ্যের নেত্রী চান আমাদের রাজ্যের মধ্যে ঝাড়খণ্ড-কয়েকটি জেলা নিয়ে ঝাড়খণ্ড হোক, কয়েকটি জায়গা নিয়ে কামতাপুরী হোক। আজকে পাহাড় আলাদা হয়ে যাক। এই অশুভ শক্তির একসাথে সুর চলেছে। স্বাভাবিকভাবে যাতে রাজ্য ভাগ না হতে পারে, সেই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে এবং রাজ্যপালের ভাষণের উপর দৃষ্টি আকর্ষণ করে আমি আমার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৯ই মার্চ মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণ এখানে দিয়েছেন এবং বাংলার সমস্যাগুলো, বাংলার উন্নয়নের কথা বলেছেন।

আমি তাঁর ভাষণ শুনেছিলাম সেদিন উপস্থিত হয়ে। সেদিন আমাদের সংসদীয় গণতন্ত্র কালিমালিপ্ত হয়েছে। যে জাতীয় সঙ্গীত হওয়া উচিত ছিল তার জন্য মহামান্য রাজ্যপাল মহাশয় কিছুক্ষণ অপেক্ষা করে এবং সংসদীয় মানকে বাঁচাবার জন্য নিজেই উদ্যোগ নিলেন। আমরা পরে খবরের কাগজে বা দূরদর্শনের পর্দায় দেখলাম মাননীয় স্পীকার এই বিপর্যয়ের তদন্তের নির্দেশ দিয়েছেন। যদিও আজ পর্যন্ত আমরা জানতে পারিনি কেন ওই বিপর্যয় ঘটেছিল। মহামান্য রাজ্যপালের ভাষণে দেখছি তিনি শোকপ্রস্তাব পাঠ করেছেন। কিন্তু যে সন্ত্রাসবাদের কথা সবাই বলেছেন, মুম্বাই সন্ত্রাসবাদী হামলার বীর শহিদ, যাঁরা দেশকে রক্ষা করতে গিয়ে শহিদ হলেন, তাঁদের কথা ওই ভাষণে নেই। পৃথিবীময় সবাই মুম্বাইয়ে সন্ত্রাসবাদী হামলার ব্যাপারে ধিক্কার জানিয়েছেন। সন্ত্রাসবাদে যাঁরা বলি হলেন সেই সমস্ত বীর শহিদের পরিবারকে ভারত সরকারের পক্ষ থেকে সম্মানিত করা হল কিন্তু আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে তাঁদের প্রতি কোনো শ্রদ্ধা জানানো হল না, পুরস্কৃত করা হল না। সন্ত্রাসবাদের থাবা থেকে বাংলাও বাদ যায়নি! আমরা দেখলাম সন্ত্রাসবাদের থাবায় আমেরিকার সেন্টার আক্রান্ত হয়েছিল। সেখানে অনেক পুলিশ কর্মী নিহত হয়েছিলেন! কিন্তু পরবর্তীকালে দেখলাম সন্ত্রাসবাদ আর এখানে আক্রমণ করছে না। কী জন্য করছে না ? আসলে তাঁরা এই জায়গাকে করিডোর হিসাবে বেছে নিল। ভারতবর্ষে যাঁরা সন্ত্রাসবাদী কার্যকলাপে ধরা পড়ছেন তাঁদের রুট হিসাবে দেখা যাচ্ছে বাংলার কোথাও না কোথাও যোগসূত্র আছে। আমরা দেখলাম কয়েকদিন আগে একজন নামকরা সন্ত্রাসবাদী ধরা পড়লেন। আবুতাহের। তিনি নাকি দীর্ঘদিন পাকিস্তান এবং বাংলাদেশে সন্ত্রাসবাদী তালিম নিয়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় ছেলেদের সন্ত্রাসবাদী তালিম দিয়ে কাজে লাগিয়েছেন। শুধু তাই নয়, এই সন্ত্রাসবাদী কার্যকলাপের অংশ হিসাবে বাংলার বিভিন্ন বর্ডারে উল্লেখযোগ্য ভাবে এই ধরনের লোকেরা বসবাস করে যাচ্ছেন। বাইরের রাজ্যের পুলিশ দিল্লির পুলিশ, গুজরাটের পুলিশ, বিভিন্ন জায়গায় পুলিশ বিভিন্ন সময়ে এখানে এসে

এই সন্ত্রাসবাদের চক্র ভাঙার চেষ্টা করছে বা তাদের এখান থেকে গ্রেপ্তার করে নিয়ে যাচ্ছে। মহামান্য রাজ্যপালের ভাষণে আমরা দেখছি নকশালদের কথা বলা হয়েছে, যারা নকশাল আক্রমণে নিহত হয়েছেন তাঁদের কথা বলা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এখানে স্মরণ করিয়ে দিতে চাই, কিছুদিন আগে নকশালদের মাইন ব্লাস্ট হয়ে দুজন স্বাস্থ্য কর্মী-ডাক্তার, নার্স মারা যান। ড্রাইভারও ছিলেন। কিন্তু তাঁদের কোনো উল্লেখ এখানে নেই। আপনারা বলেছেন এই নকশালপন্থাকে নির্মূল করতে চান কিন্তু ব্যান করছেন না। নকশালপন্থাকে নির্মূল না করতে পারার জন্য আজকে নতুন লালগড় বিভিন্ন জায়গায় তৈরি হচ্ছে। সন্ত্রাসবাদ মোকাবিলার নাম করে নিরীহ মানুষের উপর অত্যাচার করা হচ্ছে। আদিবাসী রমণীদের উপর অত্যাচার করা হচ্ছে, যুবকদের উপর অত্যাচার করা হচ্ছে। এক-একটা এলাকাকে শ্মশানে পরিণত করা হচ্ছে।

[3.50 – 4.00 p.m.]

তার ফলে কি হচ্ছে ? নতুন নতুন সন্ত্রাসবাদী মত তৈরি হচ্ছে। নতুনভাবে যুবকরা সন্ত্রাসবাদের ফাঁদে পা দিচ্ছে। আপনাদের মার্কসবাদী কমিউনিস্ট পার্টি দার্জিলিংয়ে রাজনৈতিকভাবে মোকাবিলার ব্যাপারে জোর দিয়েছেন। আপনারা একদিন বারবার সোচ্চার হোতেন কংগ্রেস আমলে, সিদ্ধার্থ রায়ের আমলে নকশাল অন্দোলনে বলপ্রয়োগের বিরুদ্ধে। আমরা মেনে নিয়েছি, তার জন্য প্রায়শ্চিত্ত করছি। তারপরেও নকশালের নাম করে যুবকদের বছরের পর বছর বিনা বিচারে বন্দি করে রাখছেন। উত্তরবঙ্গে কামতাপুরিদের বিনা বিচারে বন্দি করে রাখছেন। বিভিন্ন জায়গায় সন্ত্রাসবাদী কার্যকলাপের নাম করে আটক করে রাখছেন। আমি আপনাদের বলবো নিশ্চয় মোকাবিলা করবেন কিন্তু সেটা কেন দার্জিলিংয়ে হতে পারছে না। আপনাদের মন্ত্রী অশোকবাবু দুঃখ করে বলেছেন, দার্জিলিংয়ে ঢুকতে পারছেন না। পার্টি অফিস পুড়িয়ে দিচ্ছে, সেখানে পুলিশের কোন ভূমিকা নেই। দার্জিলিংয়ে গিয়ে গোর্খাদের প্রতিহত করুন। তাদের প্রতিহত করে জবাব দেওয়ার ক্ষমতা আপনাদের নেই। আপনারা আলোচনায় বলছেন, গোর্খা আন্দোলনের সমাধান হয়ে যাবে। কত দিন আলোচনা করবেন। কত দিনে সমস্যার সমাধান হবে। আমাদের এম পি অত্যন্ত দায়িত্ব নিয়ে কাজ করার চেষ্টা করছেন। ঘিসিংকে পুলিশ দিয়ে পপুলারিটি করে এমনভাবে তুলে দিলেন কিন্তু তারপরে মাঝখান থেকে সরে গেলেন। তারফলে কি হল নতুন করে গোর্খা সমস্যা তৈরি হল। সেখানে মোকাবিলা করার ক্ষমতা আপনাদের নেই। আপনারা আতঙ্কিত হচ্ছেন কেন কংগ্রেস-তৃণমূলের জোট নিয়ে। আপনারা ৭৭ সালে জোট করেছিলেন। ভি.পি.সিং, অটলবিহারীর সঙ্গে জোট করলেন, ইন্দিরা গান্ধীকে পদচ্যুত করতে হবে তাই জোট করতে হবে। রাজীব গান্ধীকে হটাতে হবে, তাই জোট করতে হবে। আজ যখন জোট হল তখন আপনাদের মাথা ব্যথা হয়ে গেল। আমরা আপনাদের সাথে রাজনৈতিকভাবে লড়াই করছি। রাজনৈতিক মোকাবিলা না করে হঠাৎ সূর্য দেখতে লাগলেন আতঙ্কিত হয়ে পড়লেন। পশ্চিমবাংলার মানুষ আপনাদের কুশাসন, অপদার্থ প্রশাসন থেকে মুখ ফিরিয়ে নিয়েছে। আপনাদের পঞ্চায়েত নির্বাচনে কি হয়েছে, বাই-ইলেকশানে অবস্থা দেখুন—কোথায় অবস্থা গেছে। মুখ লুকাবার জায়গা নেই। আপনাদের নেতা এমন ভাষণ

দিলেন দূরদর্শনে আক্ষেপ করতে হচ্ছে। আপনারা এটা কাউন্ট করেননি। আমরা গল্প শুনেছিলাম, বনে যখন বাঘ বেরোয় তখন তার সামনে শিয়াল পড়লে শিয়াল হুক্যা হুয়া ডাক ছেড়ে ফ্যাঁও, ফ্যাঁও করে। আজ আপনাদের ডাকও শিয়ালের মতো। আপনারা মানুষের কাছ থেকে সরে যাচ্ছেন। সিঙ্গুর প্রসঙ্গে বলি, মাননীয় রাজ্যপাল দুবার আলোচনা করলেন বিরোধী নেতা-নেত্রীদের সাথে। তাদেরকে তুচ্ছ করে, তাদের কোনো কাউন্ট করলেন না। গভর্নর হাউসে বিরোধী নেত্রীকে কেন ডেকে নিয়ে যাওয়া হল।

রাজ্যপাল বসেছেন, মুখ্যমন্ত্রী বসেছেন, শিল্পমন্ত্রী বসেছেন—আলোচনার পর আলোচনা হয়েছে কিন্তু কোনো ফলশ্রুতি হয়নি। তারপরেও আলোচনা হয়েছে নন্দনে গিয়ে, সেখানেও আলোচনা হয়েছে, কিন্তু সেই আলোচনাও ব্যর্থ হয়ে গেছে। সেখানে ন্যানো গাড়ির প্রতিষ্ঠাতা তো কথা দিয়েছিলেন যে, আমার মাথায় যদি পিস্তলও ঠেকিয়ে বলে বাংলার থেকে চলে যেতে, আমি কিন্তু যাব না। তাহলে আজকে কোন পরিস্থিতির জন্য এই ন্যানো গাড়ির প্রতিষ্ঠাতা বাংলার থেকে চলে গেলেন গুজরাট ? কেন তিনি পিছিয়ে গেলেন ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিদ্যুতের ব্যাপারে আমি দু একটি কথা বলবো। আপনারা শিল্পের কথা বলেছেন, বিদ্যুৎ ছাড়া কি শিল্প হবে ? কোথায় আকাশ থেকে লাইটেনিং যে আসে, সেই লাইটেনিং ক্যাচ করে বিদ্যুৎ করবেন ? সেই লাইটেনিং কি ক্যাচ করবেন ? ১,২,৩ যে এগ্রিমেন্ট হয়েছিল, সেই এগ্রিমেন্টে আপনারা কি করলেন, আপনারা সই করলেন না। ১,২,৩ যে এগ্রিমেন্ট, বিদ্যুৎ আনার জন্য, নিউক্লিয়ার বিল, পরমাণু চুক্তির যে বিল, সেই বিল আপনারা সই করলেন না। আপনারা বললেন ওই বিলে আপনারা সই করবেন না, আপনারা তাই ওই বিলকে আনতে দিলেন না, বিরোধিতা করলেন। সরকার থেকে আপনারা সমর্থন তুলে নিলেন। অনেক ভাল হয়েছে। আমরা গঙ্গা জলে স্নান করে উঠেছি। আগে যে মানুষ বলত যে, সি পি এমের সমর্থন তোমারা বেঁচে আছ তার থেকে মুক্ত হয়েছি। আপনাদের দল সমর্থন তুলে নেওয়াতে আমরা অন্তত বেঁচে গেছি। মানুষ আমাদের দু হাত তুলে অন্তত সমর্থন করবে। আমরা গঙ্গা জলে স্নান করে এসেছি। আমাদের পাপ মুক্তি হয়েছে, আপনাদের কালো হাত থেকে বিদায় নিয়েছি। তারপরে রাজীব গান্ধী বিদ্যুৎ প্রকল্পের জন্য কয়েকশো কোটি টাকা প্রতি বছর কেন্দ্রীয় সরকার যে দিচ্ছে, তার কতটা ব্যবহার হচ্ছে জানি না। আমার যে জেলা, মালদা জেলা, সেখানে আজ পর্যন্ত বিদ্যুতের খুঁটি পড়ল না। কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের সঙ্গে সুনির্দিষ্ট কথা বলেছে এবং এখানে এন এস জি হাব হওয়ার কথা বলেছে। আর রায়গঞ্জে এমস হওয়ার কথাও বলেছে কেন্দ্রীয় সরকার। এইসব তো কিছুই রাজ্যপালের ভাষণে উল্লেখ করেননি। দীর্ঘদিন ধরে তো এমস এখানে করবার জন্য দিল্লিতে দরবার করেছিলেন, এমন কি মাননীয় রাজ্যপাল নুরুল হাসান, তিনিও এই ব্যাপারে উদ্যোগ নিয়েছিলেন, কিন্তু করে উঠতে পারেননি। এখন যে সেটা হতে যাচ্ছে, কই তার কথা তো উল্লেখ করলেন না ? আপনারা ইউনির্ভাসিটি হওয়ার কথা বলেছেন। আমরা নিশ্চয় শিক্ষার প্রগতি চাই। কিন্তু কই গণি খান টেকনোলজি ইনস্টিটিউট যে মালদাতে হওয়ার কথা কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছে, তার কথা তো কোথাও উল্লেখ করলেন না ? তারপরে কলকাতা বিমান বন্দরকে আধুনিকীকরণ করার জন্য কেন্দ্রীয় সরকার অর্থ সাহায্য করতে রাজি হয়েছে এবং পুলিশকে আধুনিকীরণ করবার জন্য যে

টাকা দেওয়া হয়েছে, সেই কথা তো কোথাও উল্লেখ করেননি। কেন্দ্রীয় সরকারের হাত থেকে টাকা নেবেন আর কেন্দ্রীয় সরকারের কথা বলবেন না তা কি করে হয় ? আসলে আপনারা এখন আতঙ্কিত তাই আমরা দেখতে পাচ্ছি সামনে লোকসভার নির্বাচন আপনারা আতঙ্কিত হয়ে পড়েছেন।

আপনাদের দলের কি অবস্থা তা সামনের লোকসভার নির্বাচনেই প্রতিফলিত হবে। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করতে পারছি না, এর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সন্তোষ রাণা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল যে ভাষণ এই সভায় দিয়েছেন এবং তার প্রতি ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব যে এসেছে, সেই প্রস্তাবকে আমি আন্তরিকভাবে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই কারণে যে, তিনি পশ্চিমবঙ্গের একটি বাস্তব চিত্র অত্যন্ত সততার সঙ্গে এখানে হাজির করেছেন যা কি না আমাদের বিরোধী সদস্যরা—সেখানে কংগ্রেস অথবা তৃণমূল বা এস ইউ সি কেউই সমর্থন করতে পারেননি। আমি দেখলাম এই সভাতে কংগ্রেসের দলীয় নেতা মাননীয় মানস ভুঞ্যা মহাশয় তাঁর স্বভাবসিদ্ধ ভঙ্গিমায়, বডি ল্যাংগুয়েজের মাধ্যমে তিনি বুঝিয়ে দিলেন তিনি কি ভাবে কমিউনিস্ট বিদ্বেষী। তিনি আতংকিত, গোটা ভারতবর্ষ জুড়ে যে তৃতীয় শক্তির আর্বিভাব ঘটছে তা দেখে তিনি গভীরভাবে আতঙ্কিত। তাঁর বডি ল্যাংগুয়েজের মাধ্যমে তিনি এই সভায় তাঁর ভয়ের কারণ জানান দিয়েছেন। সারা ভারতবর্ষের কোটি কোটি মানুষের জন্য গত পাঁচ বছর আগে ইউ পি এ সরকার যে কমন মিনিমাম প্রোগ্রামের প্রতিশ্রুতি দিয়েছিলেন, সেই প্রতিশ্রুতি তাঁরা রক্ষা করেননি।

[4.00 – 4.10 p.m.]

সাম্রাজ্যবাদের দালালি করেছে। যে উন্নয়নের কথা বলছে, সেই উন্নয়ন কেবলমাত্র মুষ্টিমেয় শ্রেনির উন্নয়ন। দেশের ৮৪ কোটি মানুষ যারা কুড়ি টাকারও কম আয় করে সংসার পরিচালনা করছে, তারা জন্য প্রকৃতপক্ষেই সারা দেশ জুড়ে একটা ঝড়ের পূর্বাভাস, সেই ঝড় হল বি জে পি পরিচালিত এন ডি এ অথবা কংগ্রেস পরিচালিত ইউ পি এ, তাদেরকে উড়িয়ে দেবে। উড়িয়ে দেবে শুধু তাই নয়, লক্ষণ দেখা যাচ্ছে ইউ পি এ-র যারা শরিক অথবা এন ডি এ-র যারা শরিক, তারা আজ বামপন্থীদের পরিচালিত যে জোট, সেই জোটের কাছে আসবার জন্য আকুল হয়ে আছে। আমরা সেই তৃতীয় বিকল্পকে স্বাগত জানাই। আমাদের মানসবাবু প্রকৃতপক্ষে বলছেন বিশ্বব্যাপী যে মন্দা, সেই মন্দাকে প্রতিরোধ করে দেওয়ার জন্য ক্রেডিট নাকি আমাদের ইউ পি এ সরকারের। ছি ছি, আজকে অর্থনীতিবিদরাও পর্যন্ত বলছেন নবরত্ন, সেই নবরত্নকে বি-রাষ্ট্রীয়করণ করে দেওয়া হত। কে আটকে দিল ? বামপন্থীরা আটকে দিয়েছে পার্লামেন্টের মধ্যে। এই নবরত্নকে বেচে দেওয়া বামপন্থীরাই আটকে দিয়েছে। ব্যাংক এবং বীমাকে বেসরকারিকরণ করা এবং বিদেশিদের হাতে বেচে দেওয়ার যে পরিকল্পনা চিদম্বরমরা নিয়েছিলেন, তাকে আটকে

দিয়েছে বামপন্থীরাই। যার জন্য মন্দা কিছুটা কম। ভারতবর্ষে এই ক্রেডিট করতে পারছে। পারছেন এই কারণে বামপন্থীদের যে লড়াই পার্লামেন্টের মধ্যে ও পার্লামেন্টের বাইরে যে লড়াই, লাখ লাখ মানুষের প্রতিবাদ, প্রভিডেন্ট ফান্ডের টাকা শেয়ার বাজারে খাটানোর যে প্রচেষ্টা, তাকে রুখে দেওয়া। এটা রুখে দেওয়া সম্ভব হয়েছিল বামপন্থীদের প্রতিবাদের জন্য। বামপন্থীরা যখন সমর্থন প্রত্যাহার করেছিলেন, দীর্ঘশ্বাস ফেলে আমাদের প্রধানমন্ত্রী বলেছিলেন বাঁচা গেল। বাঁচা গেল মানে কি ? বাঁচা গেল মানে হল, তিনি ওই পথে যেতে চান। আগামী দিনে খুল্লাম খুল্লা ওই পথে তাঁরা যাবেন। তাই প্রতিরোধ করেছিলেন বামপন্থীরা। আজকে ভারতবর্ষে ততটা মন্দার ধাক্কা লাগছে না। কিন্তু প্রকৃতপক্ষে মন্দা নেই ন্যাকি ? রিপোর্টে প্রকাশিত হয়েছে গত তিন মাসের মধ্যে কম করে হলেও ২০ লক্ষ মানুষ কর্মচ্যুত হয়েছে। উন্নত পুঁজিবাদী দেশগুলিতে যখন লাখ লাখ মানুষ কর্মচ্যুত হচ্ছে, ভারতবর্ষেও সেই কর্মচ্যুতি করছে। যখন অসংখ্য বেকার, কোটি কোটি বেকার, সেই বেকার বাহিনীর সঙ্গে নাম লেখাচ্ছে এরা। সুতারাং স্বাভাবিক ভাবেই আপনার আতংকিত হওয়ার যথেষ্ট কারণ আছে। মাননীয় সম্মানীয় সদস্য সৌগত রায়, তিনি বক্তৃতা করতে গিয়ে বলছেন যে পশ্চিমবঙ্গটি সন্ত্রাসবাদীদের রাজ্য হয়ে গেছে। এমন জায়গায় পৌছেছেন আপনারা। মানুষের প্রতি কোনা বিশ্বাস রাখতে পারছেন না। এখানকার সংগ্রামী মানুষকে বলছেন আপনারা সন্ত্রাসবাদী। হয়, এই রকমই হয়। আপনারা বলছেন শিক্ষকেরা আর শিক্ষকতা করছেন না। শুধুমাত্র মিড ডে মিল রান্না করছেন। হ্যাঁ, শিক্ষকদের কাছে যতই প্রত্যাখ্যাত হচ্ছেন, ততই মনে হচ্ছে আপনাদের চেহারা যখন পরিস্ফুট হচ্ছে মানুষের কাছে আরো বেশি করে, ততই আপনারা ক্রোধে মুখে যা আসছে, তাই বলছেন। এ কথাটা ঠিকই যে পশ্চিমবঙ্গেব মানুষ বলে না ফ্যান দাও, ফ্যান দাও। এটা বলতে ব্রিটিশ আমলে। কংগ্রেসের আমলে বলত ভাই জল দাও ভাই জল দাও। এখন পশ্চিমবঙ্গের মানুষ বলে আমাকে বিদ্যুৎ দাও। হ্যাঁ, ঠিকই বিদ্যুৎ দাও, এই কথাটা বলে। কত ধানে কত চাল হয়, সেটা এখন পশ্চিমবঙ্গের মানুষ বুঝতে শিখেছে। শুধু নেতাদের কথায় চলে না। তাই স্বাভাবিক ভাবে তাদের দাবি আরো বেশি বেশি করে এসে হাজির হচ্ছে। বামপন্থীরাই সেই দাবিকে যথোপযুক্ত মর্যাদা দিচ্ছেন। আরো লক্ষ করছি আমাদের পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার তাদের কাজের ধারাকে আরো কি করে উন্নত করতে পারেন, তার চেষ্টা করছেন। আমাদের রাজ্যপালের যে ভাষণ, সেই ভাষণের ছত্রে ছত্রে আছে এখানকার কৃষি ক্ষেত্রে পুঁজিবাদী ব্যবস্থা, কৃষি ক্ষেত্রে যে সামজতান্ত্রিক ব্যবস্থা, সেই ব্যবস্থাকে ভেঙে ফেলে যে আমরা সেখানেই থেমে গেছি তা নয়, কৃষি ক্ষেত্রে উৎপাদনকে আরো কি করে বৃদ্ধি ঘটানো যায়, কৃষির বৈচিত্র্যকরণ কি করে আনা যায়, কেবলমাত্র চাল উৎপাদনে প্রথম এই বলেই আমরা আত্মশ্লাঘা অনুভব করছি না। আমরা একথাটা মনে করছি না যে পশ্চিমবঙ্গের মানুষ সব সুখে-আছে আমরা একথাটা মনে করছি না। এই কথাটা যদিও একদিন বলেছিলেন এন.ডিএ প্রধান। তিনি বলেছিলেন ভারতবর্ষের লোক নাকি সুখানভূতি করছেন। তার শরিক দল ছিলেন আপনারা তখন। গুড ফিল-সেদিন বলেছিলেন আপনারা। আপনাদের তৃণমূল কংগ্রেস যাঁরা শরিক ছিলেন সেদিন, সেদিন বি.জে.পি একথাটা বলেছিল। আমরা-পশ্চিমবঙ্গের বামফ্রন্ট একথাটা বলে না যে, পশ্চিমবঙ্গের মানুষ খুব সুখে আছে—

সবাই সুখে আছে। আমরা মনে করি আমরা ধাপে ধাপে এগোচ্ছি, আরও এক কদম আমাদের এগোতে হবে, আরও এগোতে হবে, আরও বেশি সংখ্যক মানুষকে কি করে সঙ্গে আনা যায়, আমরা তার পরিকল্পনা নিয়ে এগোচ্ছি। এই এগোনোর অন্যতম পাদানি হল শিল্পায়ন। যার প্রকৃতপক্ষে আপনারা বিরোধিতা করে চলেছেন। কি কান্ডটাই না আপনারা করলেন। আপনারা অনেক কথাই বলেন। মুম্বাই বিস্ফোরণ ঘটেছে, এটা নিন্দনীয়, সবাই নিন্দা করছেন। আর যখন জিন্দাল ভিত্তি প্রস্তর স্থাপন করে আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় মন্ত্রী ফিরে আসছেন, তখন যখন বিস্ফোরণ ঘটল, ল্যান্ডমাইন বিস্ফোরণ ঘটল মেদিনীপুরের উপকণ্ঠে তখন কি বললেন ? একবারের জন্য তখন বলেছেন এই কাজকে নিন্দা করি। পরন্তু বলেছেন, এটা যখন যারা বিস্ফোরণ ঘটিয়েছে এবং তারা যখন স্বীকারও করেছে যে আমরা বিস্ফোরণ ঘটিয়েছি, তার দায় আমাদের, তখনও আপনাদের নেতা, নেত্রীরা বলে চলেছেন যে, এই বিস্ফোরণ গট-আপ। এটা কি ? এটা কি প্রকৃতপক্ষে গণতন্ত্রের প্রতি শ্রদ্ধা দেখানো ? পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীকে হত্যা করার যে চেষ্টা তার বিরুদ্ধে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের-উভয়েরই প্রতিবাদ করা জরুরি ছিল, সেই কাজ কি আপনারা করেছিলেন ? শুধু একটা জিনিস করছেন যে কোনো কিছুরই উন্নয়ন করতে দেব না। যে শিল্প হোক, কৃষি হোক, সেচের উন্নয়ন হোক—কিছুই করতে দেব না। আমাদের পশ্চিম মেদিনীপুরে একটা বৃহত্তর সেচ প্রকল্প—সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্প যার জন্য দীর্ঘ লড়াই হয়েছে। শেষ পর্যন্ত সেই সেচ প্রকল্পের অনুমোদন পাওয়া গিয়েছে। ১ লক্ষ হেক্টর জমিতে সেচ সেবিত হবে। পূর্ব এবং পশ্চিম মেদিনীপুর জেলা সেই সেচ প্রকল্পের দিকে তাকিয়ে আছে। তখন সেই সেচ প্রকল্পের বিরোধিতা ! কি কাণ্ডটাই না আপনারা করেছেন ? শুধুইকি সিঙ্গুর করছেন ? তার বিরোধিতা করছেন। রাস্তা করতে দেব না, তার বিরোধিতা করেছেন। কোথাও বিদ্যুৎতের ট্রান্সফরমার বসাতে দেব না, তার বিরোধিতা করেছেন। সার্বিক একটা বিরোধিতা। এই বিরোধিতা প্রকৃতপক্ষে বামফন্টের শুধু বিরোধিতা নয়, এই বিরোধিতা প্রকৃতপক্ষে পশ্চিমবঙ্গের মানুষের বিরুদ্ধে বিরোধিতা। নির্বাচনের প্রাক মুহূর্তে এই কথাগুলো আরও বেশি করে আপনারা হাজির করতে চাইছেন, জাহির করতে চাইছেন যে, যেনতেনপ্রকারেন মানুষের কাছে মিথ্যা কথা বলে, কিছু সংবাদপত্রের সাহায্যে, কি ইলেকট্রনিক্স মিডিয়ার সাহায্যে মানষের কাছে যদি মিথ্যাবার্তা পৌঁছে দেওয়া যায়, তাহলে হয়তো ভাল হতে পারে। আমরা লক্ষ করছি এখানে-পশ্চিমবঙ্গে কংগ্রেস আর তৃণমূল কংগ্রেস তারা কিভাবে জোটবদ্ধ হয়েছে। আমাদের এক বন্ধু বললেন, এই জোটের জন্য পশ্চিমবঙ্গের বামপন্থীরা নাকি আতংকিত। বামপন্থীরা কিন্তু আতংকিত নয়। বামপন্থীরা ইতিমধ্যেই জোটের মোকাবিলা করেছে ২০০১ সালে। মোকাবিলা করেছে, জোটকে পরাস্ত করেছে-শুধু তাই নয়, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর আসনে অধিষ্ঠিত হওয়ার জন্য যিনি আকুলিবিকুলি করেছেন, তার সেই স্বপ্নকে ভঙ্গ করে দিয়েছে। আমাদের কাছে এটা নতুন কিছু নয়, আমাদের শুধু একটা কথা মনে হচ্ছে যে ১২৫-১৩০ বছরের সেই পুরাতন কংগ্রেস। মানস ভুঞ্যা অনেক বেশি তড়পালেন। আমরা লক্ষ্য করলাম কাগজে কিছু বিবৃতির পর বিবৃতি দিলেন। কংগ্রেসের কি মর্যাদা নেই ? ১৪-২৮শে নাকি সমাধান হয়ে যাবে। দু-চারটি আসন পাব, কি পাব না-এমন অনেক কিছু নিয়ে তড়পালেন! কিন্তু শেষে

আপনাদের কোথায় ঠাঁই হল মানসবাবু ? বামপন্থীদের আপনারা বলেছেন যে, আমাদের ঠাঁই নাকি হয়েছে মায়াবতীর পায়ের তলায়। আপনাদের ঠাঁই কোথায় হল ? তাই স্বাভাবিকভাবেই এই যে বিবৃতি রাজ্যপাল হাজির করেছেন, তাকে ধন্যবাদ জানিয়ে এবং অন্যান্যদেরও সমর্থন করার আবেদন জানিয়ে, বিরোধীদের আহ্বান করব তাকে সমর্থন করার এবং আমিও এর পূর্ণ সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করলাম।

[4.10 – 4.20 p.m.]

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এখানে এসেছে, আমি তাকে সমর্থন করছি। রাজ্যপালের ভাষণে আমাদের পশ্চিমবাংলার উন্নয়ন, অগ্রগতির যে সমস্ত বিষয়গুলো উল্লেখ আছে আমরা জানি এর বাইরেও নানা ধরনের সমস্যা আছে। কারণ আমরা এমন একটা দেশে বসবাস করছি, একটা যুক্তরাষ্ট্রিয় কাঠামোর মধ্যে পশ্চিমবঙ্গ একটা অঙ্গরাজ্য। আমাদের দেশের সরকার, কেন্দ্রীয় সরকার যে নীতি নিয়ে চলছে, বিশেষত আমরা খুব গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করে দেখছি ১৯৯০-১৯৯১ সাল থেকে আমাদের দেশে কাঠামোগত সংস্কারের নামে উদারিকরণ নীতি চালু হয়েছিল। পরবর্তীকালে ১৯৯৪ সালে বিশ্ববাণিজ্য সংস্থার সঙ্গে চুক্তি হয়। শেষমেশ আমরা দেখলাম সাম্রাজ্যবাদের কাছে আত্মসমর্পণ করল পুঁজি। আমরা গভীর উদ্বেগের সঙ্গে দেখলাম আজকে যারা বলেন আমরা দেশে স্বাধীনতা এনেছি, সেই কংগ্রেস এবং কংগ্রেস থেকে বেরিয়ে যারা তৃণমূল কংগ্রেস করছে তারা রাজ্যপালের ভাষণকে কেন্দ্র করে কি কথাই না বললেন! একবারও তারা স্বীকার করলেন না যে, কেন্দ্রীয় সরকারের নীতির জন্য আমাদের দেশে ৪ লক্ষ ৮০ হাজার ছোটো ছোটো কলকারখানা বন্ধ হয়ে গিয়েছে। এর ফলে ৬০ লক্ষ মানুষ কাজ থেকে ছাঁটাই হয়েছে। এটা আমাদের কথা নয়, আমাদের দেশের কেন্দ্রীয় সরকারের ক্রাইমব্যুরোর যে রিপোর্ট যা কৃষি মন্ত্রী পার্লামেন্টে বলেছেন যে, 'আমাদের দেশে ১ লক্ষ ৬৬ হাজার ৪০০ জন কৃষক আত্মহত্যা করেছে।' কেন কৃষকরা আত্মহত্যা করছে ? এর কৈফিয়ত পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার দেবে, না কংগ্রেস, তৃণমূল কংগ্রেস দেবে ? এটা ঠিকই উল্লেখ করা হয়েছে, আমাদের দেশে ৭৭ ভাগ মানুষ যাদের দৈনিক আয় ২০ টাকার নীচে নেমে গিয়েছে। আমরা বামফ্রন্টরা দেশের মানুষের জন্য পার্লামেন্টে দাবি উত্থাপন করেছিলাম সকলের জন্য গণবন্টন ব্যবস্থা চালু করতে হবে। কিন্তু কেন্দ্রীয় সরকার চালাকি করে গরিবদের মধ্যে বিভাজন চালু করে। ১২ পয়েন্টকে ভিত্তি করে গোটা দেশে সমীক্ষা যেটা হয়েছিল, সেই সমীক্ষার মধ্যে আমরা লক্ষ্য করছি যে গরিবদের মধ্যে বিভাজন তৈরি হয়েছে। সেই জায়গায় দাঁড়িয়ে পশ্চিমবাংলার সরকার- গোটা পৃথিবীতে আর্থিক মন্দা হয়েছে। আমেরিকা থেকে শুরু করে ব্রিটেন, ফ্রান্স,জার্মানি, জাপানের পা কাঁপছে। ৯০-এর দশকের শেষে যারা বলেছিল সমাজতন্ত্র শেষ হয়ে গিয়েছে, তারা এখন মার্কসবাদের পথ ধরে আর্থিক মন্দা থেকে বেরিয়ে আসার পথ খুঁজছে। আমরা মনে করি পুঁজিবাদ শেষ কথা বলে না। সেই পুঁজিবাদের ফলে দেশের মানুষের অর্থনীতি ক্রমাগত খারাপ হচ্ছে। কংগ্রেস বলছে আমরা সেকুইলার, ধর্মনিরপেক্ষ। হতে পারে এটা ঠিক। কিন্তু লক্ষ করেছি নিলজ্জভাবে ১৯৯২ সালে ৬ই ডিসেম্বর বাবরি

মসজিদ ভাঙা হয়েছিল। বাবরি মসজিদ ভাঙার আগে সমস্ত বিরোধী দলের পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রীর কাছে গিয়ে ব্ল্যাংক চেক দেওয়া হয়েছিল এবং বলা হয়েছিল 'বাবরি মসজিদ যাতে ভাঙা না হয় তার জন্য যা করা যায় তাই করুন।' প্রধানমন্ত্রী নরসিমা রাও তখন নাকে সরষে তেল দিয়ে ঘুমোচ্ছিলেন। গোটা দেশে দাঙ্গা হল, মিলেটারি ফ্ল্যাগ মার্চ করল। এর পরেও কংগ্রেস যদি বলে আমরা সেকুইলার তাহলে সত্যের অপলাপ হবে। মুম্বাইয়ে যে বিস্ফোরণ হল, দেশের আটটি বড় বড় শহরে বিস্ফোরণ হয়েছে, এতে কংগ্রেস কি ভূমিকা পালন করছে ? শেষমেশ তাজ হোটেলে যে আক্রমণ হয়েছিল তার ফলে কয়েকজন বিদেশি মারা গিয়েছে। দেশের মানুষের নিরাপত্তা দিতে কংগ্রেস পারছে না। এই ধরনের একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে দেশের মধ্যে যারা শুধু দেশটাকে ভালোবাসে।

এই বি.জে.পি.কে বাদ দিয়ে, এই কংগ্রেসকে বাদ দিয়ে একটা তৃতীয় শক্তি তারা গড়ে তুলতে চায়-আর্থিক দিক থেকে মানুষের উন্নয়ন ঘটানোর জন্য, দেশের মানুষের নিরাপত্তার জন্য। এখানে লজ্জার ব্যাপার হল এই যে, ২২শে জুলাই পার্লামেন্টে আস্থা ভোটের দিন যখন দেশটাকে বন্ধক দেওয়া হল, আমি প্রাসঙ্গিক ভাবে এই কথাটা উল্লেখ করতে চাই, পশ্চিমবঙ্গের একজন এম.পি. তিনি ভোট দিতে যাননি। কেন তিনি যাননি ? যেদিন দেশটাকে বন্ধক দেওয়া হয়েছিল সেদিন কেন তিনি যাননি ? কি তাঁর মত ? তিনি কোথায় ছিলেন ? তিনি ঘরে কি ছবি আঁকছিলেন ? এটাও শোনা গেছে যে, এই আস্থা ভোটের দিন বহু টাকার লেন-দেন হয়েছিল এবং অনেকে টাকার জন্য হুইপ না মেনে অন্য জায়গায় ভোট দিয়েছে। উনি কেন ভোট দিতে যাননি ? কি তাঁর অভিপ্রায় ছিল ? কি তাঁর নীতি ? কি তাঁর আদর্শ ? নীতি নেই, আদর্শ নেই, যারা পশ্চিমবাংলার উন্নয়ন, অগ্রগতিকে আটকে দিতে চায়, পশ্চিমবাংলায় নৈরাজ্য কায়েম করতে চায়, এমন কোনো দিন নেই যেখানে বামপন্থীদের রক্ত ঝরছে না। কি অপরাধ ছিল সুমনা মান্ডির ? ৪ বছরের কন্যাকে পুড়িয়ে মারা হল। কয়েকদিন আগে আমাদের বাঁকুড়া জেলায় ১১ই মার্চ রাত ৯টার সময় একজনকে খুন করা হল। কেন খুন করা হল ? কে জবাব দেবে ? খুন, সন্ত্রাসের একটাই পথ— যারা মানুষ থেকে বিচ্ছিন্ন হয় তারাই এসব করে। আমাদের সরকারের একটা বিকল্প দৃষ্টিভঙ্গি নিয়ে আমরা পশ্চিমবাংলায় চলছি। আমাদের এই কর্মসূচীগুলো হচ্ছে ওদের আতংকের কারণ। ওদের পায়ের তলার মাটি সরে যাচ্ছে। সেই জন্য আমি বলতে চাই যে, মাননীয় রাজ্যপাল মহাশয় খুব সঠিকভাবে এটা উল্লেখ করেছেন, আর সৌগত রায় মহাশয় অধ্যাপক লোক, উনি মনে করছেন যে, উনি যেন জন্মলগ্ন থেকে তৃণমূলে আছেন। পশ্চিমবঙ্গে ১৯৭৭ সালের আগে তো কংগ্রেস সরকার ছিল, সেই কংগ্রেস সরকারের আমলে সাধারণ মানুষ, গ্রামের যারা গরিব মানুষ, শহরের যারা গরিব মানুষ, তাদের কি অবস্থা ছিল ? পরিসংখ্যান আছে। তখন ৫৭ ভাগ মানুষ যারা খেতে পেত না,পরতে পেত না, দারিদ্রসীমার নীচে বসবাস করত, এই মানুষগুলো ১৯৫৯ সালের ৩১শে আগস্ট পশ্চিমবাংলায় খাদ্য চাইতে এসেছিল ওঁরা তখন কংগ্রেসে ছিলেন পুলিশ লাঠি-পেটা করে ৮০ জন মা, বোনকে মেরে কলকাতার রাজপথ লাল করে দিয়েছিল, ওদের হাতগুলো রক্তে লাল হয়ে আছে—আজকে তারা কৃষকদরদী সেজে যাচ্ছে ? সেই জন্য আমি যেটা উল্লেখ করতে চাই সেটা হচ্ছে যে,

এই আন্দোলন, সংগ্রামের মধ্যে দিয়ে রক্তস্নাণ পথ দিয়েই সংগ্রাম, আন্দোলনের মাধ্যমে বামফ্রন্ট সরকার তৈরি হয়েছে। এই সরকারের যে শ্রেনি দৃষ্টিভঙ্গী, এই সরকারের যে অভিমুখ, তাতে পশ্চিমবাংলায় এখনও পর্যন্ত গ্রামের ৫৭ ভাগ গরিব মানুষ যারা আজকে খাদ্যের কথা বলে না, যারা আজকে বিদ্যুতের কথা বলে, কিসের জন্য তারা এগুলো বলে ? পশ্চিমবাংলায় আমরা জমিদার, জোতদারদের ১৪ লক্ষ একর জমি ভেস্ট করেছি। আজ সেই জমির মধ্যে ১১ লক্ষ একর জমি আমরা ৩০ লক্ষ মানুষকে পাট্টা দিয়ে চাষ করার অধিকার দিয়েছি। ১৫ লক্ষ লোক যারা যখন-তখন জমি থেকে উচ্ছেদ হত, তাদের একটা সার্টিফিকেট দিয়ে আমরা চাষ করার অধিকার দিয়েছি। শুধু জমি দেওয়া নয়, আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছি। গ্রামের যে মানুষ কখনও মাথা উঁচু করে চলতে পারত না, যাদের কোনো মান-সম্মান, মর্যাদা ছিল না, সেই মানুষ আজকে উন্নয়ণের কাজে যুক্ত হয়েছেন তফসিলি জাতি, তফসিলি উপজাতি এবং সংখ্যালঘু ঘরের মায়েরা, বোনেরা উন্নয়নের কাজে যুক্ত হয়েছেন। এই কাজের মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় আমাদের যে জমি— কংগ্রেস আমলে ২০ ভাগ জমিতে সেচের ব্যবস্থা ছিল, আজকে আমাদের বৃহৎ সেচের ক্ষেত্রে কিছু কাজ হচ্ছে এবং ক্ষুদ্র সেচের মাধ্যমে পশ্চিমবাংলায় ৭৫ ভাগ জমি সেচের আওতায় এসেছে। পরিসংখ্যান হচ্ছে এই যে, কংগ্রেস যখন ক্ষমতায় ছিল তখন এই রাজ্যে ৭২ লক্ষ মেট্রিক টন খাদ্য-শষ্য উৎপাদন হত, আর আজকে আমাদের রাজ্যে ১ কোটি ৫৬ লক্ষ মেট্রিক টন খাদ্য-শস্য উৎপাদন হয়। খাদ্য-শস্য উৎপাদনে আমরা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থানে আছি। ওঁরা বলছেন, আপনারা শুধুই প্রথম। কোথায় প্রথম ? আমরা খাদ্যশস্য উৎপাদনে প্রথম, মৎস্য উৎপাদনে আমরা প্রথম, আলু উৎপাদনে আমরা দ্বিতীয়, বন বৈচিত্র্যের জন্য আমরা আন্তর্জাতিক পুরস্কার পাই। এটাই আমাদের গর্বের জায়গা। আর এই কাজগুলো করার মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় যারা খেতে পেত না, পরতে পেত না, সেই গরিব মানুষ, সেই সংখ্যাগরিষ্ঠ গরিব মানুষের ক্রয়-ক্ষমতা বেড়েছে। আমাদের দেশের ন্যাশনাল স্যাম্পেল সার্ভে এই কথাগুলো বলছে। দেশের গরিব মানুষ, পশ্চিমবাংলার গরিব মানুষ বছরে ২১ হাজার কোটি টাকার শিল্প পণ্য ক্রয় করতে পারে। এই শিল্পের একটা বাস্তব ভিত্তি আমরা তৈরি করেছি এবং সেই জন্য ভারতবর্ষের বাইরের এবং বিদেশের বহু শিল্পপতি, পুঁজিপতি তাঁরা পশ্চিমবাংলায় লগ্নি করতে চান, তাঁরা পশ্চিমবাংলায় কারখানা গড়ে তুলতে চান। কারা গায়ের জোরে, নৈরাজ্যের মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় টাটা থেকে শুরু করে বিভিন্ন জায়গায়....তাদের কথা বিদ্যুৎ করতে দেব না, রাস্তা চওড়া করতে দেব না। পরিকল্পিত ভাবে, গায়ের জোরে নানান উন্নয়নের কাজ তারা আটকাতে চায়। কিন্তু তারা পারবে না। ল্যান্ড মাইন বিস্ফোরণ ঘটিয়ে ছত্রধর মাহাতো, শশধর মাহাতোরা মুখ্যমন্ত্রীকে মেরে ফেলতে চেয়েছিল। রাস্তা কেটে গাছ ফেলে অবরোধ করেছিল লালগড়, ফলে গরিব মানুষ হাসপাতালে যেতে পারছিল না, গরিব মানুষের কাছে কেরোসিন যাচ্ছিল না, ট্রেজারি থেকে টাকা তুলতে পারছিল না, সব কিছু স্তব্ধ করে দিয়েছিল। কিন্তু মানুষের প্রতিরোধের মুখে দাঁড়িয়ে সেই ছত্রধর মাহাতো, শশধর মাহাতোরা ঘরের মধ্যে ঢুকে যেতে বাধ্য হয়েছিল। সাময়িক ভাবে মানুষ ভুল বুঝতে পারে, কিন্তু সত্যিকারের উন্নয়ন মানুষ একদিন বুঝবেই। সেই জন্য লড়াই সংগ্রামের মধ্যে দিয়ে প্রতিদিন আমাদের যেতে হচ্ছে।

ওনারা বলছেন, শিক্ষায় কি হয়েছে ? আগে ২০ লক্ষ ছেলে-মেয়ে প্রাইমারি স্কুলে পড়াশোনা করতে, এখন দেড় কোটি মতো পড়শোনা করে। আজকে সাড়ে ৮ লক্ষ ছেলে মেয়ে মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে, ৫ লক্ষ ছেলেমেয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে, আগে যেখানে ১ লক্ষ ২০ হাজার ২৫ হাজার পরীক্ষা দিত। আগে তো নতুন প্রজন্মের তফসিলি জাতি,উপজাতি, সংখ্যালঘু পরিবারের ছেলেমেয়েরা শিক্ষা পায়নি, আজকে তাদের ছেলেমেয়েরা স্কুল কলেজে পড়ছে, উচ্চ শিক্ষা লাভ করছে। ৮টা ভাষায় সাড়ে ৬ কোটি বই প্রাইমারি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত বিনামূল্যে দেওয়া হয়। কয়েক বছর হল মুখ্যমন্ত্রী গরিব মেধাবী ছাত্র-ছাত্রীদের সাহায্য করছেন, উচ্চ শিক্ষা মন্ত্রী মাসে মাসে মেধাবী ছাত্রদের স্টাইপেন্ড দেয়। এত ছেলেমেয়ে যে পড়াশোনা করছে তারা যাবে কোথায় ? তাদের কর্মসংস্থানের জন্য তো কলকারখানা দরকার। কিন্তু বিরোধীরা সেটা আটকাতে চেষ্টা করছে। তারা বলছে স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়ছে। আগে স্বাস্থ্য পরিষেবার সুযোগ পেতে কত মানুষ হাসপাতালে আসত ? এটা আমাদের কথা নয়, সমীক্ষা রিপোর্ট বলছে, গ্রাম শহরের প্রায় ৭০ভাগ মানুষ আজকে সরকারি হাসপাতালে চিকিৎসার জন্য আসেন। কোনো কোনো জায়গায় হয়তো কিছু কিছু দুর্বলতা আছে, কোথাও হয়তো ডাক্তারের অভাব আছে। কিন্তু ডাক্তার, বিশেষজ্ঞ ডাক্তার তৈরি করার সব কিছু রাজ্যর হাতে নেই। এটা ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল দেখে, তারাই পোস্ট ক্রিয়েট করে, তারাই নতুন করে কলেজ তৈরির অনুমতি দেয়, সব নিয়ন্ত্রণটাই তাদের হাতে। সুতরাং কোনো কোনো জায়গায় সমস্যা থাকতেই পারে। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ একটা রাজ্য। এখানকার গরিব আদিবাসী, তাদের জন্মহার, শিশুমৃত্যু হার কমানোর জন্য প্রত্যেকটা জায়গায় একটা করে সাবসেন্টার করা হচ্ছে, সেখানে এ.এন.এম.রা থাকবে, প্রসবকালীন ব্যাপার সেখানে দেখা হবে যাতে মা এবং শিশু মৃত্যুর হার কমানো যায়। এই ভাবে নির্দিষ্ট পরিকল্পনা নিয়ে পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থার উন্নতির চেষ্টা করা হচ্ছে। প্রত্যেকটা জায়গায় সরকার উন্নয়নের অভিমুখ ঠিক রেখে কাজ করছে, এতেই বিরোধীরা আতঙ্কগ্রস্ত হয়ে পড়ছে, ভয় পাচ্ছে। কাজেই রাজ্যপালের ভষণে সঠিক ভাবেই সমস্ত দিকের মূল্যায়ন করা হয়েছে সঠিক দিকনির্দেশ রয়েছে। তাই রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রামপদ সামন্ত : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, চতুর্দশ বিধানসভার সপ্তম অধিবেশনে গত ৯ই মার্চ মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে উত্থাপন করেছেন, সেই ভাষণকে ধন্যবাদ জানিয়ে মাননীয় বিধায়ক রবীন মন্ডল মহাশয় যে ধন্যবাদ প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। মাননীয় রাজ্যপাল পশ্চিমবঙ্গের উন্নয়ন পরিবেশের একটা সামগ্রিক চিত্র তঁর ভাষেণের মধ্যে তুলে ধরেছেন। বিরোধী বন্ধুরা রাজ্যপালের ভাষণের উপরে খুব একটা বক্তব্য না রেখে পশ্চিমবঙ্গ সম্পর্কে একটা হতাশাজনক চিত্র তুলে ধরার চেষ্টা করেছেন এবং আজকে যে বিশ্ব অর্থনীতির মন্দার পরিপ্রেক্ষেতে ভারতবর্ষ অনেক ক্ষেত্রে সর্বনাশা গ্রাস থেকে কিছু রক্ষা করতে পেরেছে সেই কৃতিত্ব দাবি করছেন। কিন্তু তাঁরা ভুলে গেলেন এই কৃতিত্বের দাবিদার তাঁরা নন। এই কৃতিত্বের দাবিদার ইউ.পি.এ সরকারের সমর্থক হিসাবে যে বামপন্থী গোষ্ঠী দীর্ঘদিন যাবৎ লড়াই করেছেন জনস্বার্থ

বিরোধী নীতিগুলোর পার্লামেন্টের ভিতরে, পার্লামেন্টের বাইরে। তারাই এই কৃতিত্বের দাবিদার। জনসাধারণের মধ্যে তারা বারবার প্রচার করেছেন। সরকারকে বাধ্য করেছেন এবং তারই পরিপ্রেক্ষিতে আজকে বিশ্ব অর্থনৈতিক মন্দার হাত থেকে কিছু হলেও ভারতবর্ষ রক্ষা পেয়েছে। একথা অস্বীকার করার উপায় নেই এই মন্দার প্রভাব কিছুট হলেও আমাদের রাজ্যে পড়েছে। সেই কারণে আমাদের জনকল্যাণকামী সরকার যারা গরিব মানুষ, নিরন্ন মানুষ আছেন। অল্পসংখ্যক হলেও কিছু মানুষ আছে যাদের জন্য দু টাকা দরে তাদের চাল দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। তাকে মনের দিক থেকে আমাদের বিরোধী বন্ধুরা সমর্থন করতে পারেননি। তাদের গায়ে জ্বালা করছে। গরিব মানুষের জন্য এই যে তাদের দরদ এ মেকী দরদ ছাড়া আর কিছু নয়। এ তো তাদের ঐতিহ্যগত ব্যাপার। তারা গরিব মানুষের গলা টিপে ধরেছে, তাদেরকে শোষণ করেছে, জমি থেকে তাদের উৎখাত করেছে। এটাই তো তাদের চিত্র। আমরা ভূমিসংস্কারের মাধ্যমে তাদের জমির অধিকার ফিরিয়ে দিয়েছি। সেখানে তারা বাধা দিয়েছে। আজকে অর্থনৈতিক মন্দার হাত থেকে রিলিফ দেওয়ার জন্য সরকার এগিয়ে আসলে তাদের গোঁসা হচ্ছে। এই তো বিরোধীদের ভূমিকা। রাজ্যপালের ভাষণের মধ্যে সন্ত্রাসবাদের কথা উল্লেখ করা হয়েছে। আজকে বোম্বাই, ব্যাঙ্গালোর, আমেদাবাদ, নতুন দিল্লিতে সন্ত্রাসবাদের প্রস্তাব ব্যাপক আকার ধারণ করেছে সেই তুলনায় পশ্চিমবাংলায় সন্ত্রাসবাদী আক্রমণের ঘটনা ঘটেছে না। কিছুটা ঘটছে। এতে তাদের গোঁসা হচ্ছে। তারা বলছেন সন্ত্রাসবাদী, মাওবাদীরা এখানে তাদের করিডোর করে নিয়েছে। বিচ্ছিন্নভাবে যখন কোনো সন্ত্রাসবাদী কার্যকলাপ ঘটছে যখন শালবনীতে মুখ্যমন্ত্রীর কনভয়ের উপরে বিস্ফোরণের ঘটনা হল তখন তাঁরা কোনো নিন্দা করেননি। শাসনতান্ত্রিক সিদ্ধান্তের জন্য পশ্চিমবঙ্গ সরকার কিছু মানুষকে তল্লাশী করার জন্য গ্রেপ্তার করলে তারা তাঁর আপত্তি জানিয়েছে, তাকে তাঁরা বলছেন পুলিশি নির্যাতন। আর যখন গাছ কেটে দিচ্ছে, গাছ কেটে রাস্তায় ফেলে দিচ্ছে, রাস্তা কেটে দিচ্ছে তখন তাঁরা কিছু বলছেন না। গাছ কাটার ফলে পরিবেশ দূষণ হচ্ছে। অথচ কলকাতার ব্রিগেড মাঠে যখন হাজার হাজার মানুষ বামফ্রন্টের পতাকাতলে জড়ো তখন তাদের গোঁসা হয়, পরিবেশ নাকি দূষিত হয়ে যাচ্ছে। আসলে বামপন্থী চেতনাসম্পন্ন মানুষকে তারা ভয় পায়, শিক্ষকে তারা ভয় পায়। তাদের সময়ে তো শিক্ষার বেহাল অবস্থা ছিল। আমরা দেখেছি যে রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে নির্দিষ্ট ভাবে বলেছেন পশ্চিমবাংলার উন্নয়ন করতে গেলে আমাদের যেমন কৃষির উপর ভিত্তি করে এগিয়ে যেতে হবে তেমনই আমাদের শিল্পায়নেরও দরকার আছে।

[4.30 – 4.40 p.m.]

এই শিল্পায়ন ছাড়া দেশের যুবগোষ্ঠীর বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব নয়। অথচ এরা মানুষের স্বার্থকে ধ্বংস করার জন্য সমস্ত দিক থেকে বাধা দিচ্ছে। যে কোনো ধরনের শিল্পায়নকে তারা বাধা দিচ্ছে। কখনো জমির নাম করে, কখনো পরিবেশের নাম করে, কখনো কৃষকের উপরে অত্যাচার করা হচ্ছে, এইসব কথা বলে তারা নানাভাবে শিল্পায়নকে বাধা দেওয়ার চেষ্টা করছে। আবার তাদের সঙ্গে জোট বাঁধছে। পশ্চিমবঙ্গ সরকারে এই জনদরদী ভূমিকা তারা সহ্য করতে পারছে না বলেই তারা এই আচরণ

করছে। কিন্তু পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সকলের জন্য চিন্তা করবে। আজকে কেন্দ্রীয় সরকার কর্মসংকোচন ঘটাচ্ছে। রেল দপ্তর চতুর্থ শ্রেণির পদকে তুলে দেওয়ার চেষ্টা করছে। অথচ পশ্চিমবঙ্গ সরকার বেতন কমিশনের মাধ্যমে চতুর্থ এবং তৃতীয় শ্রেণীর কর্মচারীকে বেশি গুরুত্ব দিয়েছেন। ওদের গায়ের জ্বালা ধরছে। আমরা দেখতে পাচ্ছি ১৯৯৪ সালের শিল্পনীতির পথ ধরে পশ্চিমবঙ্গ সরকার এগিয়ে চলেছে। আমরা যেভাবে গ্রামের মানুষকে জয় করতে পেরেছি, তারা বুঝতে পারছে যে, তাদের স্বপ্ন পূরণ হবে না। তাদের উদ্দেশ্য পূরণের জন্যই তারা উন্নয়নের কাজে নানাভাবে বাধা দেওয়ার চেষ্টা করছে। কিন্তু যতই বাধা দিক—শিল্পায়নের ক্ষেত্রে দেখুন সিঙ্গুর থেকে ন্যানোকে সরিয়ে দিতে চেষ্টা করেছে, নন্দীগ্রামে যে সন্ত্রাসের রাজত্ব তৈরি করেছিল, নন্দীগ্রামের মানুষ সেই কথা আজও ভুলতে পারেনি। যদিও নির্বাচনের মাধ্যমে দেখেছি এরা ক্ষমতায় এসেছে। কিন্তু যদি আপনারা মানুষের মনে বিচার করেন, তাহলে দেখবেন নির্বাচনী সন্ত্রাসের মাধ্যমে এই ধরনের অবস্থা সৃষ্টি করা হয়েছে। সন্ত্রাসমুক্তভাবে মানুষ যদি ভোট দিতে পারতেন, তাহলে চিত্র কিন্তু আলাদা হত। আমরা দেখতে পাচ্ছি ২০০৭-০৮ আর্থিক বছরে এত বাধা সত্ত্বেও শিল্পায়নের ক্ষেত্রে যে বিরল প্রস্তাব এসেছিল ২০০৮-০৯ সালে তার তুলনায় ৩১ হাজার কোটি টাকা বেশি বিনিয়োগ প্রস্তাব এসেছে। ওরা শিল্পায়নের গতিকে আটকাতে পারেনি। কেন্দ্রীয় সরকার পেট্রোকেম স্থাপনের অনুমোদন দিয়েছেন। ওদের গায়ের জ্বালা ধরছে। এই ব্যাপারে রাজ্যপালের ভাষণে সঠিকভাবে উল্লেখ করা হয়েছে। শুধু তাই নয় এই শিল্পায়ন করতে গিয়ে অ-কৃষিযোগ্য জমি অর্থাৎ যে জমি চাষযোগ্য নয়, এই জমিকে কিভাবে ব্যবহার করা যাবে তার জন্য পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের মধ্যে ৬টি শিল্পভিত্তিক কেন্দ্র গড়ে তোলার ব্যবস্থা করেছেন। প্রত্যেক জেলাতে শিল্প পার্ক গড়ে তোলার পরিকল্পনা করা হয়েছে এবং একে কার্যকরী করার ব্যবস্থা করা হয়েছে। যাদের জমি, তারা যাতে ক্ষতিপূরণ পান, তার ব্যবস্থা করা হয়েছে।

শুধু তাই নয়, সেচের ব্যবস্থা আরও বাড়াবার চেষ্টা করা হয়েছে। এবং বর্তমান আর্থিক বছরে ৯ হাজার হেক্টর জায়গা সেচযোগ্য জমিতে রূপান্তরিত করার চেষ্টা হচ্ছে। এই সমস্ত কিছু আমরা রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে বুঝতে পারছি। আর ইস্ট-ওয়েস্ট করিডর হবেই। কাজ-কর্ম শুরু হয়ে গেছে। শুধু তাই নয়, এলিভেটেড লিংক রোড প্রায় ৬ লেন প্রশস্ত, ৪২ কিলোমিটারের কাজ ধীরে ধীরে শুরু হবে। লাইট র‍্যাপিড ট্রানজিট সিস্টেমের ব্যবস্থা হয়েছে। এইভাবে পশ্চিমবাংলার যে অগ্রগতির চিত্র রাজ্যপালের ভাষণের মধ্যে ধরা পড়েছে, তাই এই ভাষণের ওপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ **নির্ঝরিণী চক্রবর্তী**: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৯ই মার্চ বাজেট অধিবেশনের সূচনার দিন মাননীয় রাজ্যপাল যে ভাষণ দেন এবং তার ওপর যে ধন্যবাদসূচক প্রস্তাব নেওয়া হয়, আমি সেই প্রস্তাবকে সমর্থন করে দুই-চারটি কথা বলব। এই ভ্রষণের একদিকে যেমন আমাদের দেশে যে সন্ত্রাসবাদী হামলা ব্যাঙ্গালোর, আমেদাবাদ, দিল্লি, মুম্বাই—এই সমস্ত অঞ্চলকে উল্লেখ করে যথাযথভাবে বলা আছে এবং এই

পরিপ্রেক্ষিতে আমাদের রাজ্যে ঠিক এই ধরনের বড় হামলা না হলেও কিভাবে তার মোকাবিলা করতে হবে আগামী দিনে যদি হয় বা কি কি সাবধানতা অবলম্বন করা হবে, এর যেমন উল্লেখ আছে, সেই রকমই আমাদের রাজ্যে তথাকথিত নকশালপন্থী যে হামলা, যে আন্দোলন, গোর্খা জনমুক্তি মোর্চার যে বিক্ষোভ আন্দোলন, বিক্ষোভ কর্মসূচী—তারও উল্লেখ আছে এবং রাজ্য সরকার কি ভাবে এলাকার মানুষকে নিয়ে, আদিবাসী মানুষকে নিয়ে এই সমস্ত হামলা, এই সমস্ত আন্দোলন, বিক্ষোভ কর্মসূচীর মোকাবিলা করেছেন, তারও উল্লেখ আছে। অন্যদিকে আমাদের রাজ্যের যে বিভিন্ন সাফল্য, সেটাকে খুব সঠিকভাবে তুলে ধরা হয়েছে। আমি মনে করি, এই সাফল্যের কথা যেহেতু ক্ষুদ্র পরিসর, তাই আর বাড়ানো হয়নি। কিন্তু এই বিষয়ে আরও অনেক বেশি বলার আছে। আমাদের এখানে যে কর্মযজ্ঞ চলছে, শিল্পায়নকে কেন্দ্র করে, কর্ম সংস্থানকে লক্ষ্য করে যে শিল্পায়ন, সেই শিল্পায়নকে কেন্দ্র করে উলুবেড়িয়া, পশ্চিম মেদিনীপুর, নয়াচর, ফলতায় যে সমস্ত কাজ হয়েছে, সেখানে তার সাফল্য কতটুকু এগিয়েছে, কতটুকু করতে হবে, এখানে তারও উল্লেখ আছে। পশুপালন, মৎস্য চাষে যে আমরা প্রথম, তারও উল্লেখ আছে। অন্যদিকে তথ্যপ্রযুক্তির সাফল্য, বিজ্ঞান এবং প্রযুক্তির যে সাফল্য, পানীয় জল সরবরাহের ক্ষেত্রে রাজ্য সরকারের যে উদ্যোগ যতটা সম্ভব এই ক্ষুদ্র পরিষরে বলা সম্ভব, তা বলা হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে একটা ঘটনার আমি অবতারণা করব, কর্মসংস্থান মুখী এবং উৎপাদন বৃদ্ধির বিষয়টাকে সামনে রেখে যে শিল্পায়ন প্রক্রিয়া আমাদের রাজ্যে চলছে, তার অনেকগুলো সাফল্য এখানে আছে। এর চেয়েও বড় সাফল্য হচ্ছে ৯ই মার্চের ভাষণে রাজ্যের প্রত্যেকটা মানুষ আশা করেছিল থাকবে, যেটা শুধু রাজ্য নয়, দেশের প্রতিটি মানুষ তাকিয়ে ছিল পশ্চিমবঙ্গের দিকে; আবার শুধু ভারতবর্ষ নয়, সারা বিশ্ব তাকিয়ে ছিল পশ্চিবঙ্গের দিকে যে, রাজ্য থেকে একলাখি 'ন্যানোর' আত্মপ্রকাশ।

[4.40 – 4.50 p.m.]

কেন এটা ৯ই মার্চ এই প্রতিবেদনে আসার আগে সুযোগ পেল না তার বিশ্লেষণ করা দরকার। তার সাফল্য অবশ্যই এখানে থাকতো। যে শক্তি কৃষকদের স্বার্থের কথা বলে কৃষকদের স্বার্থ বিঘ্নিত করেছে, গণতন্ত্র বিপন্ন বলে সম্পূর্ণ অগণতান্ত্রিক আন্দোলন করেছে, যে শক্তি আমাদের রাজ্যের যুবক-যুবতীদের কর্মসংস্থানকে সম্পূর্ণ ধূলিসাৎ করে দিয়েছে, তাদের সামনে আজকে অন্ধকার পথ দেখা দিয়েছে, যে শক্তি যে সমস্ত রাজ্যে শয়ে শয়ে কৃষকরা আত্মহত্যা করছে, সেই সমস্ত রাজ্য থেকে নেতা-নেত্রী নিয়ে এসে বিদেশীপুষ্ট এন.জি.ও সমাবেশ করে এই ন্যানো গাড়ি আত্মপ্রকাশকে বন্ধ করলো, সেই শক্তি চিহ্নিত হওয়ার প্রয়োজন ছিল। সেই শক্তির নিন্দা হওয়ার দরকার ছিল বলে আমরা মনে করি। আমাদের এটুকু সংযোজন—এখানে এই ক্ষুদ্র পরিসরে সব কিছু বলা যায়নি, কিন্তু আমাদের রাজ্যের যেমন সাফল্যের কথা বলবো, তেমনি আমাদের রাজ্যের সাফল্যকে যারা পিছিয়ে নিয়ে যাবে তাদের বিরুদ্ধে সোচ্চারে প্রতিবাদ করবো। এখানে জঙ্গল মহলের কথা রাজ্যপালের ভাষণের মধ্যে আছে। আন্দোলনের কথা, যা সন্ত্রাসবাদী আন্দোলন নয়, বিচ্ছিন্নতাবাদী আন্দোলন বলবো, সেখানে আমাদের রাজ্যের তৃণমূল কংগ্রেস থেকে সেই

সন্ত্রাসবাদী আন্দোলনকে মদত দেওয়া হয়েছে। কামতাপুরি ও গ্রেটার কোচবিহার, দার্জিলিং মোর্চা আন্দোলন হলো, সমস্ত দিক থেকে এই বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে মদত দেওয়া হয়েছে তাদের তরফ থেকে। এটা সঠিক ভাবেই চিহ্নিত হওয়া উচিত। এর পাশাপাশি আমরা বলবো আমাদের রাজ্য যে সাফল্যরে দিক আছে যেমন ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে, এটা শিল্প সংস্থা বা কর্মী সংস্থান, সংস্থার সংখ্যা বলি এই সমস্ত দিকে ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করে আছে আমাদের এই ক্ষুদ্রকুটির শিল্প। আমি একটা উদাহরণ দিচ্ছি তাঁত শিল্পের আধুনিকীকরণ যত তাড়াতাড়ি হচ্ছে আজকে কমপিউটার ডিজাইনকে সামনে রেখে তাঁত শিল্পীদের ভিতরে যে শিল্পনৈপুণ্য দেখা গেছে সেটা যদি বলা হয় সেটা আমাদের সাফল্যের বিরাট খতিয়ান। এই রকম ক্ষুদ্র শিল্প অনেক কিছু আছে, যার জন্য সংখ্যার দিক থেকে ভারতবর্ষের মধ্যে আমরা প্রথম স্থানে আছি। এর সঙ্গে আমি বলবো সংখ্যালঘু দপ্তরের কথা, এখানে রাজ্য সরকার অনেক কাজ করেছেন, মাদ্রাসা সার্ভিস কমিশন আপনারা সকলেই জানেন মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকা অ্যাপয়েন্টমেন্ট, অশিক্ষক কর্মচারী অ্যাপয়েন্টমেন্ট, গ্রন্থাগারিক অ্যাপয়েন্টমেন্ট যথাযথ ভাবে করার জন্য মাদ্রাসা শিক্ষা কমিশন বা সার্ভিস কমিশন হয়েছে, এখানে ট্রাস্কফার্স গঠন করা হয়েছে, আনুপাতিক হারে সংখ্যালঘুরা যেন সুযোগ-সুবিধাগুলি সমান হারে পায় তার ব্যবস্থা করা হয়েছে। এখানে সংখ্যালঘু যে মহিলারা আছেন তাঁদের ক্ষমতায়নের জন্য বিশেষ প্রকল্প তৈরি করা হচ্ছে। সংখ্যালঘুদের উন্নয়নের জন্য যে বিষয় এখানে বলা হয়েছে তার থেকে আরও বেশি বলার সুযোগ আছে। আমি বলবো পঞ্চায়েতীরাজের কথা, ভারতবর্ষের মধ্যে একমাত্র রাজ্য পশ্চিমবঙ্গ যেখানে পঞ্চায়েতীরাজ যে ভাবে ভাবা হয়েছিল ঠিক সেই ভাবেই পশ্চিমবাংলায় সফল হয়েছে। আজকে আমাদের উৎপাদন বৃদ্ধির জন্য, কর্মসংস্থান বৃদ্ধির জন্য যা কিছু পরিকল্পনা তার সমস্তটা এই পঞ্চায়েত এবং পৌরসভার মধ্যে দিয়ে হচ্ছে সাধারণ মানুষকে পাশে নিয়ে। এ ব্যাপারে আমি দেখতে পাচ্ছি প্রত্যেকবারই আমরা প্রথম স্থানে আছি। শিল্প প্রণয়নে যারা আমাদেরকে পিছিয়ে দিয়েছে এই রকম দু তিনটি জায়গায় কাজ কম হচ্ছে, তার জন্যই আমরা দ্বিতীয় স্থানে। আমাদের অত্যন্ত গর্বের বিষয় যেটা সেটা হলো স্বনির্ভর গোষ্ঠীর, তার কথা আমার আগের বক্তা বলেছেন এই স্বনির্ভর গোষ্ঠীর শুধু সংখ্যার দিক থেকে বলবো না, মানোন্নয়নের দিক থেকে আমি বলবো, বিভিন্ন প্রশিক্ষণ নিয়ে তারা যে পণ্য তৈরি করছে সেই পণ্যের বিপণন ব্যবস্থা সমস্ত দিক থেকে রাজ্য সরকার এই স্বনির্ভর গোষ্ঠীর সঙ্গে আছে এবং এই কাজকর্মকে যথেষ্ট উৎসাহ প্রদান করছে। পাশাপাশি অসংগঠিত শিল্পে যে সমস্ত শ্রমিকরা আছেন তাঁদের কথা বলবো, অসংগঠিত শিল্পের শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের কথা আমরা আগেই জেনেছিলাম। এরসঙ্গে আরো অনেক গোষ্ঠীকে যুক্ত করা তার সঙ্গে তাদের স্বাস্থ্য বীমার ব্যবস্থা করা, বিড়ি শ্রমিক যাঁরা আছেন বিড়ি শ্রমিকদের জন্য বিশেষ ব্যবস্থা করা, নির্মাণ শিল্পে যাঁরা আছেন তাঁদের জন্য বিশেষ আইন তৈরি করা এই সমস্ত কিছু আমাদের রাজ্য সরকার করেছেন এবং এই বিষয়গুলো স্বনির্ভর গোষ্ঠীর কথা বললাম বা এই অসংগঠিত শিল্পে যারা, ক্ষুদ্র শিল্পে যারা বা উন্নয়নে সেটা সারা ভারতবর্ষকে পথ দেখায় বলে আমি মনে করি। এটা আলোকবর্তিকা হিসাবে কাজ করছে। আমি আবার বলবো, যে আমাদের রাজ্যে উন্নয়নকে স্তব্ধ করে দেওয়া যায় না।

স্তব্ধ করে দেওয়া যায় না। কোনো একটা অংশে হয়তো করা যেতে পারে কিন্তু সামগ্রিকভাবে রাজ্যকে পিছিয়ে দেওয়া যায় না। প্রথম থেকে দ্বিতীয় করা যায় এর থেকে বেশি কিছু করা যায় না। আমাদের দ্বিতীয় বক্তা ছিলেন, মানসবাবু বলছিলেন, সারা বিশ্বে মন্দার জেরেও নাকি ভারতবর্ষ মাথা উঁচু করে আছে। ভারতবর্ষে সেই মন্দার স্পর্শ লাগেনি। আমি এখানে বলতে চাই, আমাদের যে সংসদরা ওখানে আছেন, তাঁরা যে বাধা দিয়েছেন বেসরকারিকরণের ক্ষেত্রে সেটা বীমা বলি, ব্যাংক বলি, বিভিন্ন ক্ষেত্রে প্রভিডেন্ট ফান্ডের টাকা শেয়ার বাজারে এই সমস্ত ক্ষেত্রে বেসরকারিকরণের ক্ষেত্রে আমাদের সাংসদরা যদি বাধা না দিতেন তাহলে ভারতবর্ষ ওই আমেরিকার মতো ফ্রান্সের মতো নুইয়ে পড়তো, মাথা তুলে দাঁড়াতো না। তাইজন্য উনি অনেকটা বললেও এই অংশটুকু বাদ দিয়েছেন। উনি বলেছেন, মায়াবতীর কাছে আমাদের সি পি আই এমের নেতার কথা যিনি নাকি পা ধরে পড়ে গেছেন। ওনার বোধ হয় লজ্জা হচ্ছিল যে, এহেন তৃণমূল কংগ্রেস যে সারা রাজ্যের উন্নয়নকে স্তব্ধ করে দিয়েছে, সেই তৃণমূল কংগ্রেসের সঙ্গে নতজানু হয়ে আর দুটো ভাল সিট চাই, আর দুটো ভাল সিট পেলেই আমরা জোট করবো। এই কথাটা যাতে আমরা না বলতে পারি তার জন্য উনি কথা বলছেন। লজ্জা হয় জাতীয় স্তরের একটা দল জাতীয় কংগ্রেস সে এরকম নতজানু হয়ে দুটো ভাল সিটের বিনিময়ে ১৪ সিট হাতে করে নিয়ে চুপ করে থাকা—আমার লজ্জা হয় ভাবতে৷ আমি কংগ্রেস নই তবুও আমার লজ্জা হয়। আমি পাশাপাশি বলব, উনি আমাদের মুখ্যমন্ত্রী‌েক একটা উপদেশ দিয়েছেন। যে অমৃতলাল ব্যানার্জীর কাছে যেতে। নামটা ঠিকঠাক বলছি কিনা জানি না। ওনার তো দশটা আঙুলে ৭টা আংটি আছে। ওনাকে কে এই আংটিগুলো দিয়েছে আমি জানি না। তো ওনাকে ৭টা আংটি নিয়ে যদি নতজানু হতে হয়, তাহলে আমাদের মুখ্যমন্ত্রী উত্তর দিয়ে দিয়েছেন তা না হলে আমরা সবাই নিশ্চই বলতাম এটা যে, আমাদের মুখ্যমন্ত্রীর সেটার দরকার নেই। আপনাদের সাতটা আঙুলের পরেও যদি নতজানু হতে হয় যদি কোনো ব্যানার্জীর কাছে যেতে হয় আমরা বিশ্বাস করি রাজ্যের গরিব মানুষ রাজ্যের মেহনতি মানুষ তাদেরকে নিয়ে যদি আমরা চলতে পারি তবেই আমরা মাথা তুলে থাকবো। পরিশেষে আমি বলবো, আমাদের সরকারের অন্যতম সাফল্য কিন্তু রাজ্যের গণতান্ত্রিক নীতি ও সামাজিক বিকাশ যেখানে সাম্প্রদায়িকতা বলি, মৌলবাদ বলি, জাতপাতের দ্বন্দ্ব বলি এগুলো এখানে সরকারি মদত পায়নি। এখানে অপরাধীরা প্রশাসনিক প্রশ্রয় পায় না। এখানে লিঙ্গ বৈষম্যের বিরুদ্ধে মহিলাদের সামাজিক নিরাপত্তা ও রাজনৈতিক রক্ষার স্বার্থে আমাদের সরকারি অবস্থান যথেষ্ট দৃঢ়।

[4.50 – 5.00 p.m.]

এখানে বিরোধী রাজনৈতিক দল তার সংগঠন এখানে মিডিয়ার স্বাধীনতা, এখানে সর্বোপরি আমাদের রাজ্য সরকারের সহনশীল মনোভাব, এটা গোটা দেশের কাছে একটা পথ দেখাবে, এই কথা বলে আমি আবারও এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনন্দ কুমার বিশ্বাস : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, মাননীয় রাজ্যপাল ৯ই মার্চ, ২০০৯ তারিকে এই মহতী সভায় যে বক্তব্য উপস্থাপিত করেছেন, তার উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, সেই বিষয়ে বলতে গিয়ে আমি কয়েকটি কথা এই মহতী সভায় রাখতে চাইছি। মাননীয় রাজ্যপাল গোটা রাজ্যের সবচেয়ে বড় একটা সার্বিক প্রেক্ষাপট তার ভাষণের মধ্যে দিয়ে তুলে ধরেছেন, যা গোটা রাজ্যবাসীর কাছে একটা নতুন দিশা হিসাবে চিহ্নিত হয়েছে এবং গোটা দেশের কাছে এই বার্তা যাবে। বিরোধী দলের সদস্যরা মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বলতে গিয়ে কিছু কথা, কিছু অসত্য কথা গুছিয়ে বলবার চেষ্টা করেছেন। আমি শুধু বলতে চাই, আমাদের রাজ্যে উন্নয়ন শুধু হয়েছে তাই নয়, আমাদের রাজ্যে পঞ্চায়েত ব্যবস্থা, ভূমিসংস্কার ব্যবস্থা থেকে শুরু করে সমস্ত বিষয়ে মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের মধ্যে দিয়ে গোটা রাজ্যের সামগ্রিক উন্নয়নের একটা চিত্র তুলে ধরেছেন এবং তার উপর অনেক মাননীয় সদস্য আলোচনা করেছেন। আমাদের রাজ্যের বিরোধী দল বিশেষ করে তৃণমূল কংগ্রেস এর পক্ষ থেকে এবং কংগ্রেসের পক্ষ থেকে রাজ্যপালের ভাষণের বিরোধিতা করবার জন্য বিরোধিতা করে কিছু অসত্য তথ্য তুলে ধরার চেষ্টা করেছেন। আমরা দেখছি আইনশৃঙ্খলার প্রশ্নে, গোটা দেশের যে কোনো রাজ্যের তুলনায় বিশেষ করে আমাদের রাজ্যের বিরোধী দল কংগ্রেস এবং তাদের দোসর যারা রয়েছে সেই সমস্ত রাজ্যের তুলনায় আমাদের রাজ্যে আইনশৃঙ্খলার বিষয়ে আমরা অনেক ভাল জায়গায় আছি। আমাদের রাজ্যে আইনশৃঙ্খলার বিষয়ে যেটুকু সমস্যা আছে, আমার মনে হয় সেই সমস্যা তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেসের পরিকল্পিত চক্রান্তের মধ্যে দিয়ে আইনশৃঙ্খলার অবনতি হচ্ছে। আগামী দিনে গোটা রাজ্যের মানুষকে ঐক্যবদ্ধ করে এই বিষয়ে মোকাবিলা করতে হবে। রাজ্য সরকারকে কঠোরভাবে তার মোকাবিলা করতে হবে। বিরোধী সদস্যরা মুম্বাই দাঙ্গার বিষয়ে বলতে গিয়ে গোটা দেশে বিভিন্ন যে সাম্প্রদায়িক দাঙ্গা বিশেষ করে সন্ত্রাসবাদী হামলা সেই বিষয়ে বলতে গিয়ে এই হামলাকারীর প্রতি একবারের জন্যও কোনো নিন্দাসূচক কথা না বলে, এই কথা বলতে গিয়ে ওই হামলাকারীরা পশ্চিমবাংলাকে ব্যবহার করে—এই কথা বলতে গিয়ে আবার এটাও বললেন, চোরেরা চোরেদের পাড়ায় চুরি করে না। একজন দায়িত্বশীল বিরোধী রাজনৈতিক দলের নেতা হিসাবে এই কাণ্ডজ্ঞানহীন কথা কি ভাবে এই মহতী সভায় বলছেন, আমি তাদেরকে ভেবে দেখবার জন্য অনুরোধ করবো।

এটা ঠিক এই সময়কালে গোটা দেশে যেভাবে সন্ত্রাসবাদী হামলা হয়েছে, আমাদের রাজ্য সরকার এবং আমাদের রাজ্যের পুলিশ প্রশাসন আমাদের রাজ্যের সচেতন মানুষের সহায়তায় যেভাবে মোকাবিলা করছে তা উল্লেখযোগ্য এবং তা রাজ্যপালের ভাষণের মধ্যে সুনির্দিষ্ট করে উল্লেখ করা হয়েছে। আমাদের রাজ্যে শিল্পায়নের প্রসঙ্গে এই সময়কালে গোটা রাজ্য জুড়ে সব মানুষের নজর-শিল্পায়নের প্রসঙ্গে বিরোধী তৃণমূল কংগ্রেস যেভাবে বিরোধিতা করছে-গোটা রাজ্যের মানুষ তৃণমূল কংগ্রেসকে এই বিষয়ে এবারেও লোকসভা নির্বাচনে সমুচিত জবাব দেবে। সিঙ্গুরে টাটা মোটরসের কারখানা হলে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বহু বেকারের কর্মসংস্থানের সুযোগ শুধু নয় এই কারখানা হলে তার থেকে যে বার্তা গোটা রাজ্যে চলে যেতে পারত, এই শিল্পের পেছন পেছন আরো শিল্পায়ন দ্রুত

আমাদের রাজ্যে হতে পারত। কিন্তু তৃণমূল কংগ্রেস গভীর চক্রান্ত করে কংগ্রেস, দক্ষিণপন্থী শক্তি, অতি বামপন্থী শক্তি ব্যবহার করে আমাদের রাজ্যের উন্নয়ন, আমাদের রাজ্যের কর্মসংস্থান, আমাদের রাজ্যের শিল্পায়নের বিরোধিতা করছে। এই লোকসভা নির্বাচনে গোটা রাজ্যের মানুষ তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেসের জোট না ঘোঁটকে তার সমুচিত জবাব দেবে। এটা বিরোধী বন্ধুদের খেয়াল রাখা দরকার। আমাদের রাজ্যের বিরোধীরা রাজ্যের বিরোধী দল বললে ভুল হবে, রাজ্যের মানুষের উন্নয়নের বিরোধী দল বললে ভুল হবে- রাজ্যের মানুষের প্রয়োজনে উন্নয়নের যে কর্মসূচি ঘোষিত হচ্ছে, উন্নয়নের কর্মসূচি বাস্তবে রূপায়িত হতে যাচ্ছে-সেখানে তারা বিরোধিতা করছে। বলা হচ্ছে স্বাধীনতার যুদ্ধ। রাস্তা কেটে দেওয়া হচ্ছে, ব্রিজ ভেঙে দেওয়া হচ্ছে, মানুষ খুন করা হচ্ছে, লাইবেরি পুড়িয়ে দেওয়া হচ্ছে, পুলিশের গাড়ি ভেঙে দেওয়া হচ্ছে- এটা নাকি স্বাধীনতা! যেখানে গোলমাল সেখানে আছে বিরোধী দল তৃণমূল কংগ্রেস। বাইরে থেকে কিছু এন.জি.ও মদত যোগাচ্ছে। অনুরাধা তলোয়ার, মেধা পাটেকর বিরোধিতা করছে। আমাদের রাজ্যের মানুষের প্রতি, আমাদের রাজ্যের উন্নয়নের প্রতি, রাজ্যের বামফ্রন্ট সরকার যে কাজ করতে যাচ্ছে সেখানে তার বিরোধিতা করছে। গ্রামে গিয়ে বিদ্যুতের সমস্যার কথা বলা হচ্ছে, কিন্তু বধর্মানে গিয়ে বিদ্যুত উৎপাদনের কারখানা যাতে না করা হয়, মেজিয়ায় বিদ্যুৎ যাতে না হয় সেইজন্য বিরোধিতা করা হচ্ছে। তৃণমূল কংগ্রেস এই দ্বিচারিতা করছে। বলছে আমরা শিল্প বিরোধী নই। তাহলে সিঙ্গুর থেকে কারখানা চলে গেল কেন ? আমরা দেখেছি কলকাতার ধর্মতলায়—ধর্ণা মঞ্চে বিরোধী নেত্রী বসেছিলেন। তখন বি.জে.পি. সর্ব ভারতীয় নেতা কানে কানে কি বললেন ? আমরা দেখছি গুজরাট দাঙ্গায় সন্ত্রাসকে ব্যবহার করে-গুজরাট দাঙ্গার পরে নরেন্দ্র মোদী ক্ষমতাসীন হলে আমাদের রাজ্যের বিরোধী নেত্রী তখন বেদী ভবন নাটকে বেলভিউ নার্সিং হোমে শুয়েছিলেন এবং নরেন্দ্র মোদীকে ফুল পাঠিয়েছিলেন। এবারে তিনি আস্ত ন্যানো কারখানা নরেন্দ্র মোদীকে উপহার দিলেন। এটা মানুষ ক্ষমা করবে না। নন্দীগ্রামে কেমিকেল হাব হওয়ার আগে যখন আলাপ আলোচনা হয়েছিল সেখানে ভূমিরক্ষা কমিটি কৃষিজমি জীবন জীবিকার নাম করে আন্দোলন করেছিল, রাস্তা কেটে দেওয়া হল, নির্মল গ্রাম পঞ্চায়েতের বিষয় নিয়ে সরকারি আধিকারিকদের খুন করা হল, পুলিশের গাড়ি পুড়িয়ে দেওয়া হল। তারপরে আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করলেন ওখানকার মানুষ নন্দীগ্রামের মানুষ শিল্প না চাইলে কেমিকেল হাব হবে না। সেখানে শিল্প কারখানা গড়ে উঠবে না।

[5.00 – 5.10 p.m.]

এই রাজ্যের যারা বিরোধী দল তারা জমি রক্ষা আন্দোলনের নামে বিভিন্ন জায়গায় সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছেন। যখন মুখ্যমন্ত্রী বিবৃতি দিয়ে জানালেন নন্দীগ্রামে কেমিকেল হাব হবে না, এই কথা বলার পরে বিরোধীদের উচিত ছিল সেখানে বিজয় মিছিল করা। কিন্তু সেটা না করে তারা বলতে লাগলেন জমি গেলে মানুষ খাবে কি, এই ধরনের নানা ইস্যুর মাধ্যমে সেখানে জমি রক্ষার আন্দোলনকে জিইয়ে রাখার চেষ্টা করলেন। এখন নয়াচরে কেমিকেল হাব করার কথা বলা হচ্ছে তখনও বিরোধীরা তার বিরোধিতা করছে।

তারা বলছে এতে নাকি পরিবেশ নষ্ট হবে। পরিবেশের ব্যাপারটা কে ঠিক করবে, তৃণমূল নেত্রী না যারা পরিবেশ বিশেষজ্ঞ তারা ? দিল্লি থেকে পরিবেশের ব্যাপারে ছাড়পত্র পাওয়ার পরেই নয়াচরে কেমিকেল হাব হবে বলে ঠিক করা হয়েছে। কিন্তু তৃণমূল কংগ্রেস গোটা রাজ্যের উন্নয়নকে, রাজ্যের শিল্পায়নকে, রাজ্যের ছেলে-মেয়েদের কর্মসংস্থানের ব্যবস্থাকে স্তব্ধ করে দিতে চাইছে। তার সাথে যুক্ত হয়েছে দেউলিয়া কংগ্রেস। এক সময় এই কংগ্রেস দল ভেঙেই তৃণমূল কংগ্রেসের জন্ম হয়েছিল। যে তৃণমূল কংগ্রেসের একজন এম.পি.আছে, আর কংগ্রেসের ছয়জন এম.পি আছে, সেই সর্বভারতীয় কংগ্রেস দল, যারা দিল্লিতে সরকার চালাচ্ছে তারা এখানে জোট করছে। এই হচ্ছে কংগ্রেসের অবস্থা। মানস বাবু এখানে বক্তব্য রাখতে গিয়ে বললেন ভারতবর্ষের প্রধানমন্ত্রী হিসাবে মনমোহন সিং নাকি অনেক ভালো কাজ করেছেন। উনি ভারতবর্ষের প্রধানমন্ত্রী না আমেরিকার প্রধানমন্ত্রী এই প্রশ্ন মানুষের মনে উঠতে শুরু করেছে। ভারতবর্ষের মানুষকে ওরা অসত্য কথা বলছে। গোয়েবেলসের কায়দায় অসত্য কথা বার বার বলে মানুষের মধ্যে ওরা বিভ্রান্তি সৃষ্টি করার চেষ্টা করছে। কিন্তু পশ্চিমবাংলার মানুষ অনেক ত্যাগের বিনিময়ে, অনেক শ্রমের বিনিময়ে, অনেক রক্তের বিনিময়ে এই সরকারকে ক্ষমতায় এনেছে। এই সরকারে একের পর এক গৃহীত কর্মসূচি রাজ্যের উন্নয়নে কাজ করে যাচ্ছে। তাই কংগ্রেস দিশেহারা হয়ে গিয়ে,তৃণমূল কংগ্রেসের সঙ্গে জোট করেছে এবং জোট করে তারা বলছে এবারে আমরা বুঝে নেব। আর বলছে, 'হয় এবার, নয় নেভার'। কিন্তু পশ্চিমবাংলার মানুষের যে চেতনা, তাতে বিরোধীদের এই জোট ভেসে যাবে। পশ্চিমবাংলার মানুষ এদের বরখাস্ত করবে। এইকথা বলে রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অশোক কুমার দেব : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সি পি এমের মন্ত্রী এবং সদস্যদের দেখে আমার খুব কষ্ট হচ্ছে, ওরা না পাগল হয়ে যায়। একটা কবিতা আছে, শয়নে, স্বপনে নিশি জাগরণে, তৃণমূল এবং মমতা ব্যানার্জীর নামেই ওরা পাগল হয়ে যাবেন। ওনারা বলছেন, তৃণমূল কংগ্রেস নাকি শিল্প চায়না। কিন্তু আমি এখানে বলতে চাই, আমরাও শিল্প চাই, তবে কৃষিকে ধ্বংস করে নয়, মানুষকে মেরে নয়। বিধান চন্দ্র রায়ও শিল্প করেছিলেন কিন্তু একজন মানুষও মারা যায়নি। কিন্তু আপনাদের মুখ্যমন্ত্রী শিল্প করতে গিয়ে মানুষকে মারছেন। আজকে আপনারা এখানে বলছেন, আপনাদের করা বাজেট ভালো হবে। কিন্তু গ্রামের মিটিং-এ দাঁড়িয়ে একথা আপনারা বলতে পারবেন না। কারণ মানুষ আপনাদের চিনে নিয়েছে। আপনাদের চরিত্র বোঝা খুব মুশকিল। সাড়ে চার বছর আপনারা কংগ্রেসের সঙ্গে ঘর করেছেন, তখন কংগ্রেস ভালো ছিল, এখন খারাপ হয়ে গেছে। আপনাদের কোনো চরিত্র নেই, আপনাদের কোনো আদর্শ নেই। গত ৯ই মার্চ, মাননীয় রাজ্যপাল এই মহতী সভায় যে ভাষণ দিয়েছেন সেটা আমরাও শুনেছি, আপনারাও শুনেছেন। এই ভাষণকে আমরা কিন্তু সমর্থন করতে পারছি না। আমরা প্রতি বছরই দেখতে পাই আলিমুদ্দিন স্ট্রিট থেকে লিখে দেওয়া বক্তব্য মাননীয় রাজ্যপালের মুখ দিয়ে বলিয়ে নেওয়া হয়।

সেটা ছাপিয়ে দিলে, তাঁকে বলতে হয়, তাই তিনি এখানে বলে যান। তাঁর ভঙ্গিমা, যেটা বলতে চাইলেন এই ভাষণে সেটা কিন্তু ঠিক নয়, সত্য নয়। আজকে আমি বলতে

চাই যাঁরা সামনে বসে আছেন, দু-চারজন মাত্র আছেন। আপনারা বলছেন যে নিরাপত্তা আছে। এই বইয়ে আপনারা লিখেছেন যে নিরাপত্তা আছে। কোথায় নিরাপত্তা আছে আপনারা বলুন। শিয়ালদহের মতো জায়গায় যেখানে লস্কর-ই জঙ্গি ধরা পড়েছে, তারপরে আপনারা বলতে পারছেন যে রাজ্যে নিরাপত্তা আছে। বলুন আপনারা। তাহলে সুরক্ষার কোনো প্রশ্ন আসে বলে আমি মনে করি না। জেলায় জেলায় নিরাপত্তা কর্মী থেকে সাধারণ মানুষ, ইভেন আপনাদের দলের মুখ্যমন্ত্রী, কেন্দ্রীয় মন্ত্রী তাঁরাও কিন্তু মাওবাদী হানার লক্ষ্য হচ্ছেন। রাজ্যে নিরাপত্তা আছে কারা বলছেন ? কারা চিৎকার করছেন ? আমরা একটা কথাই বলি যে নিরাপত্তা থাকা উচিত। আমি বলবো, যা সঠিক সেই কথা বলা দরকার। দেখুন আপনারা এখানে সাচার কমিটি সম্বন্ধে কোনো উল্লেখ নেই। অথচ আমরা প্রায় দিনই কাগজে দেখি মাইনরিটিদের জন্য, বিশেষকরে মুসলিমদের জন্য আপনারা আবেগের কথা বলার চেষ্টা করছেন। তাদের কথা বলার চেষ্টা করেছেন ঠিকই, কিন্তু তাদের জন্য কিছু হয়নি। যাদের সঙ্গে আমার সম্পর্ক আছে, সেই মুসলিম ভাইয়েরা আমাদের বলেন অশোকবাবু কাগজে অনেক কিছু দেখি, কিন্তু আমাদের জন্য ওরা কিছু করেনি। ৩২ বছর ধরে আমাদের ভাঁওতা দিচ্ছে। আমরা এদের সঙ্গে সম্পর্ক রাখতে চাই না। এরা সঠিক কথা বলেনা। একটু আগে একজন বলছিলেন যে আমাদের মাত্র একজন সদস্য এম.পি. আছে। এবার আপনারা বলুন যে ৪২টা এম.পি. সিট আছে, সেই ৪২টার মধ্যে আপনারা কটা পাবেন ? (ভয়েসঃ) আপনারা যে শিক্ষিত তার প্রমান হল, কি বলছেন যে ৪২টার মধ্যে ৫০টা পাবেন। আপনার কি রিগিংয়ে যাবেন ? আমি বলি সেই পরিস্থিতি হবে না। চেষ্টা করেও সেটা করতে পারবেন না। আপনারা ঠিকমতো কাজ করেন না, আমরা কিন্তু যে কথা বলি সেই কাজ করার চেষ্টা করি। আর আপনারা আমাদের কি বলছেন যে আমরা শিল্প চাই না। এখানে বলি সরকার যদি চার আনা কাজ করে তা আমাদের আন্দোলনের ফলে, মমতা ব্যানার্জীর আন্দোলনের ফলে। আমরা যদি আন্দোলন না করতাম, তাহলে আপনারা এক সিকি কাজও করতেন না। আপনারা রাজ্যের মানুষের কথা ভাবেন না। বলুন আপনারা, কোন গ্রামে বিদ্যুৎ গেছে ? বলতে পারবেন,যারা এখানে ভাষণ রেখেছেন বলুন। এখনো রাজ্যের অনেক জায়গায়, অনেক মৌজায় বিদ্যুৎ যায়নি, অথচ এই হাউসে বললেন যে বিদ্যুৎ গেছে। (ভয়েসঃ)। বর্ধমানে কোথায় গেছে ? অনেক জায়গাতেই যায়নি। তাই যদি হয়, এরপরে মেনশানে আর বলবেন না যে আমার এলাকায় বিদ্যুৎ নেই, রাস্তা নেই। আপনারা পরিস্কার জেনে রাখুন বিদ্যুৎ নেই, এখনো হয়নি। এখানে মৃণালবাবু বলেছিলেন যে আমরা রাজ্যে বিদ্যুৎ পৌঁছে দেবো। প্রতিটি মৌজায় বিদ্যুৎ দেবার কথা বললেও আজও পর্যন্ত কিন্তু আপনারা তা করেননি। প্রসঙ্গত বলি, মাধ্যমিক পরীক্ষা হয়ে গেলো, উচ্চমাধ্যমিক পরীক্ষা চলছে। আমরা এও দেখেছি মাননীয় বিধায়কগণ মুখ্যমন্ত্রীর কাছে প্রশ্ন তুলেছেন তাঁদের এলাকায় বিদ্যুৎ নেই বলে। গতকাল দমদমে চার ঘণ্টা বিদ্যুৎ ছিল না। যারা পরীক্ষার্থী তাদের পরিবার ও পাড়ার লোকেরা রাস্তায় নামে যাতে বিদ্যুৎ দেওয়া হয়। পরীক্ষার সময় তারা বলছে বিদ্যুৎ আসেনি। এখানে আমি আর একটা বিষয়ে বলবো, পি.টি.টি.আই-এর ছেলেমেয়েরা তারা আন্দোলন করেছিলো। আপনারা এক্ষেত্রে সেভাবে তাদের কথা কিছু বলেননি। আপনারা শুধু ফয়দা তুলছিলেন, সেখানে পার্থবাবু গিয়েছিলেন,

আমি গিয়েছিলাম। আপনারা কিন্তু তার সমাধান করেননি। মন্ত্রী পার্থ দে থাকলে তাঁকে বলতাম। তাঁর সঙ্গে মিটিং হয়েছে। আপনারা কিন্তু তাদের সমস্যার সমাধানে কিছু করেননি। গতকাল মুর্শিদাবাদের ডোমকলে তাদের মারধোর করা হয়েছে। আসলে আপনারা কাজ করার চেষ্টা কখনোই করেননি। এখানে আরো যেটা আমি বলবো সহায়ক সহায়িকারা ২০০১ সাল থেকে কাজ করছে, তাদের ৫০০ টাকা মাইনে দিচ্ছেন। আর তারা সকাল থেকে রাত্রি পর্যন্ত স্কুলে শিক্ষকতা করছে।

[5.10—5.20 p.m.]

কিন্তু তাদের চাকরি দিচ্ছেন না। অথচ দেখা যাচ্ছে আপনারা বলছেন ৫০ হাজার শিক্ষক নিয়োগ করবেন। তাহলে ওরা পাবে না কেন ? প্যারা টিচারদের নিয়ে আপনারা ছিনিমিনি খেলছেন। তাদের ভবিষ্যৎ নষ্ট করে দিচ্ছেন। সামনেই ইলেকশান। তাই তাদের সমর্থন পাবার জন্য এই কথা বলছেন। তারপর আর তাদের পারমানেন্ট করার চেষ্টা করবেন না। আমরা তাদের জন্য লড়াই করতে চাই। আমরা চাই সরকার যে কথা বলেছিলেন, সেই কাজ অবিলম্বে করার চেষ্টা করুন।

মালদা, মুর্শিদাবাদের এখানে অনেকেই আছেন। গঙ্গা ভাঙন দিনের পর দিন বেড়েই চলেছে। এখানে এসে সুভাষবাবু বলেন গঙ্গার ভাঙন আর হবে না। কিছু করতে পারি কিনা, আমরা চেষ্টা করব। এই বিষয়টা রাজ্যপালের ভাষণে সেই রকম ভাবে বিবৃত করতে পারেননি, সেই রকম ভাবে রেখাপাত করতে পারেননি। আপনারাও চান না যে গঙ্গার ভাঙন রোধ হোক। গঙ্গার ভাঙন রোধ হলে আপনাদের তো ইনকাম বন্ধ হয়ে যাবে। তাই আপনারা চান ভাঙ্গন হোক। মানুষ মরে যাক, রাজ্য যায় যাক, দেশ যায় যাক, শুধু সি.পি.এম. থাকলেই হল, মানুষ থাকার দরকার নেই। সেই কারণে আমরা তাদের জন্য লড়াই করছি।

সর্বভারতীয় শিক্ষার ক্ষেত্রে আমরা পিছিয়ে আছি। স্কুল সার্ভিস কমিশনে যান কিংবা কোনো কম্পিটিটিভ পরীক্ষায় যান, সেখানে দেখবেন আমাদের ছেলেরা ভাল জায়গায় যেতে পারছে না। শিক্ষা জগতে শিক্ষার মান আপনারা কমিয়ে দিয়েছেন। আগে ক্যালকাটা ইউনিভার্সিটির সার্টিফিকেট থাকলে ইন্টারভিউ দিতে হত না। আজ আপনারা ক্যালকাটা ইউনিভার্সিটিকে নষ্ট করে দিয়েছেন। ক্যালকাটা ইউনিভার্সিটির গদিতে আপনাদের দলের এমন একজন লোককে বসিয়েছেন, যে কিছুই করতে পারছেন না। শুধু দল করলে হবে না। শিক্ষা, পুলিশ, হসপিটালের জায়গায় দল করা ঠিক হবে না।

রাজ্যপালের ভাষণে রিজাওয়ানুরের বিষয় কোনো উল্লেখ নেই।

আপনারা বলছেন মাইনরিটি নিয়ে লড়াই করছেন। রাজ্যে নারী পাচার, কিডনি পাচার, কিডন্যাপিং, নারী ধর্ষণ, ডাকাতি দিনের পর দিন বেড়েই চলেছে। আর আপনারা কিছু করতে পারছেন না। মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসেই বলেছেন রাজ্যে আইন-শৃঙ্খলার পরিস্থিতি এখন ভাল। অথচ প্রতিদিনই কোনো না কোনো জায়গা থেকে কিডন্যাপিং হচ্ছে। অনেক সি.পি.এম. এম এল এ এই কিডন্যাপিং বন্ধ করার জন্য মুখ্যমন্ত্রীকে লিখিতভাবে

পাঠিয়েছেন। আজকে আপনারা চিৎকার করছেন ? আমাদের সময় এই রকম পরিস্থিতি হলে আমাদের মুখ বন্ধ হয়ে যেত। কারণ আমাদের লজ্জা আছে। আপনাদের সেই লজ্জাটুকু পর্যন্ত নেই। এখানে তো ম্যাডাম লজ্জার কথা বলছেন। আপনাদের তো দু কান কাটা, তাই লজ্জা বলে কোনো পদার্থ আপনাদের নেই। রাজ্যে এইগুলো বন্ধ করার দরকার আছে।

আপনারা এবং আমরা মিলে শিশু শ্রমিক বন্ধ করার জন্য আইন করেছিলাম। বলা হয়েছিল শিশু শ্রমিক বে-আইনি। অথচ কিছুদিন আগে খবরে প্রকাশিত হয়েছিল মালদার একজন অফিসার তাঁর নিজের বাড়িতে শিশু শ্রমিককে দিয়ে কাজ করাচ্ছিলেন। আপনারা যে কথা বলেন, সেই কাজ করার চেষ্টা করেন না।

আপনারা বলেছিলেন বিভিন্ন সরকারি দপ্তরে কারা অস্থায়ী পদে আছে, তার একটা লিস্ট পাঠান। তাদের স্থায়ী চাকরি দেওয়া হবে। নির্বাচন সামনে। তাই আপনারা এই স্থায়ীকরণ করার চেষ্টা করছেন। কিন্তু আপনারা কি লিস্ট পেয়েছেন ? কতজন অস্থায়ী কর্মচারী আছে এবং আপনারা কবে তাদের স্থায়ী করবেন, সেই ব্যাপার বলবেন? এই বিষয়গুলো নিয়ে ভাবার দরকার আছে। আমরা চাই তাদের অবিলম্বে স্থায়ী চাকরির ব্যবস্থা করা হোক।

উত্তরবঙ্গ, জলপাইগুড়ি, দার্জিলিঙের বিস্তীর্ণ এলাকা জুড়ে বিচ্ছিন্নতাবাদীরা দানা বাঁধছে। এর জন্য কারা দায়ী ? আপনারাই তো এর জন্য দায়ী। আপনারা তো কিছু করার চেষ্টা করছেন না।

আপনারা একটা পরিসংখ্যান দিয়েছেন। কি সেই পরিসংখ্যান ? আপনারা বলেছেন বিনিয়োগ হচ্ছে। তার ফলে অনেক জায়গায় বেকার সমস্যা দূর হবে। কিন্তু বেকার সমস্যা কি আপনারা দূর করতে পেরেছেন ? নয় নয় করে দেশে এখন ৮০ লক্ষ বেকার আছে। আপনারা তো ভয়ে দপ্তর তুলেই দিয়েছেন। আজকে বেকার সমস্যা নিয়ে ভাবার দরকার আছে। কারণ বেকার সমস্যা প্রচণ্ড কঠিন সমস্যা। প্রতিটি বাড়িতে, প্রতিটি দলে বেকার আছে। আপনারা ৩২ বছর ধরে কি করেছেন ? আপনারা কতজন বেকারকে চাকরি দিয়েছেন ?

কজন মানুষকে চাকরি দিয়েছেন ? কজন এস.সি./এস.টি.-কে চাকরি দিয়েছেন ? লিষ্ট বার করুন। দেননি। কারণ আপনারা বেকার সমস্যার সমাধান চান না, সেই মানসিকতা তৈরি করেননি। বার্ড ফ্লু-র ব্যাপারে প্রতি বছরই একটা করে নতুন নিয়ম করেন। এ ব্যাপারে পরীক্ষা কেন্দ্র যদি কলকাতায় করতেন তাহলে ভূপালে পরীক্ষার জন্য পাঠাতে হত না। ওখানে পাঠিয়ে পরীক্ষা করাতে অনেক সময়ও লেগে যাচ্ছে। এটা এখনও এখানে করেননি কেন ? মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন এখানে সব রকম অ্যারেঞ্জমেন্ট আছে। আবার, মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে আপনারা বলছেন সব কিছু ঠিক আছে। লেখাপড়া করেন না জানবেন কী করে! গত কয়েক বছর ধরে মাননীয় মৎস্যমন্ত্রী বলছেন মাছ পাওয়া যাচ্ছে এবং দামও কম। কিন্তু কোথা থেকে আসছে ? কত টাকা

মাছের দাম ? আকাশছোঁয়া দাম। আর, দক্ষিণ ভারতের মাছ না আসলে আমরা বুঝতেই পারতাম না মাছ কী জিনিস। স্বাভাবিক ভাবেই প্রতিটি ক্ষেত্রে আপনারা পিছিয়ে পড়ে আছেন। রাষ্ট্রায়ত্ত শিল্প থেকে শুরু করে শিক্ষা, প্রতিটি ক্ষেত্রেই পিছিয়ে আছেন। আপনারা আবার পরিবেশ ভালো করার কথা বলেন। প্রযুক্তি শিল্পে নাকি দেশ এগিয়ে চলেছে! এক্ষেত্রে আমরা কী কখনও ব্যাঙ্গালোর, হায়দ্রাবাদের জায়গায় যেতে পেরেছি ? না। অথচ আপনারা বলছেন, এগিয়ে যাচ্ছি। কোথায় ? ডানলপ কারখানা খোলার জন্য আমরা লড়াই করছি, আপনারা করছেন না। কারণ আপনারা এলাকার উন্নতি চান না। রাজ্যের বিচার ব্যবস্থা ভেঙে পড়েছে। তাপসী মালিক খুনের মামলায় মূল অভিযুক্ত দেবু মালিক ও সুহৃদ দত্তকে কী ভাবে ছাড়া হল ? আইন তো সবার জন্য সমান হওয়া উচিত। আজকে দেখা যাচ্ছে হাসপাতালের অবস্থা খারাপ হয়ে পড়েছে। চিকিৎসার অভাবে, ওষুধের অভাবে মানুষ মারা যাচ্ছে। ব্লাড ব্যাঙ্কে রক্ত পাওয়া যাচ্ছে না। সবাই তো নার্সিং হোমে যেতে পারে না। তাদের কথা ভাবা দরকার। গরিব মানুষ যাতে হাসপাতালে না গিয়ে নার্সিং হোমে যেতে বাধ্য হয় আপনারা তার ব্যবস্থা করছেন। এটা যাতে না হয় সেটা দেখা দরকার। আপনারা বলছেন এস.সি/এস.টি/ও.বি.সি.-দের জন্য নাকি সব হয়ে যাবে। এদের একটা সার্টিফেকেট পেতে ১ বছর সময় লেগে যাচ্ছে। হ্যান্ডিক্যাপ্ড সার্টিফিকেট পেতে ৬ মাস সময় লেগে যাচ্ছে। এগুলো দেখা দরকার। যেসব কারখানা দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে পড়ে আছে তা খোলা কথা আপনারা বলছেন না কারণ তাহলে আপনাদের চাকরি চলে যাবে, নমিনেশন পাবেন না। আপনারা নন্দীগ্রাম, সিঙ্গুর নিয়ে চিৎকার করছেন। নন্দীগ্রামে কারা জিতেছে ? বিষ্ণুপুরে কারা জিতেছে ? আমরা জিতেছি। রিগিং বলছেন ? যাঁরা গভর্ণমেন্ট সার্ভিস করেন আপনারা তাঁদের টাকা দিতে, ডি.এ দিতে কার্পণ্য করেন। সেন্ট্রাল গভর্ণমেন্টের কর্মচারীদের এক রকম হাউজ রেন্ট আর আমাদের রাজ্য সরকারি কর্মচারীদের অন্য রকম। আবার আপনারা বলছেন 'Do it now.' সারা রাজ্যে রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে, অনেক রেশন দোকানদার মারা গেছেন। কিন্তু সে ব্যাপারে কোনো ব্যবস্থা নেননি। আপনারা এখনও পর্যন্ত ত্রুটিমুক্ত B.P.L.তালিকা তৈরি করতে পারলেন না। এগুলো নিয়ে ভাবা দরকার। আমরা সহযোগিতা করতে চাই। কারণ আমরাও রাজ্যের মানুষ, রাজ্যের সন্তান। কিন্তু আপনাদের মতো মানুষ আছেন বলে কিছু বলতে আমাদের লজ্জা হয়। এই রাজ্যকে আপনাদের হাত থেকে আমরা মুক্ত করতে চাই। তাই মহামান্য রাজ্যপালের ভাষণকে সমর্থন না করে এবং বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

Adjournment

The House was then adjourned at 5-21 p.m. till 11-00 a.m. on Tuesday, the 17th March, 2009 at the Assembly House, Kolkata-700001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 17th March, 2009 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 13 Ministers, 4 Ministers of State and 139 Members.

Starred Questions
(to which oral answers were given)

*Question No. 17. Held Over.

আলু চাষিদের স্বার্থ রক্ষার্থে বিশেষ ব্যবস্থাদি গ্রহণ

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *২) শ্রী জানে আলম মিঞা : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের আলু চাষিদের স্বার্থ রক্ষার্থে বিশেষ (গুচ্ছ) ব্যবস্থাদি গ্রহণ করার পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত ব্যবস্থায় কী কী সুযোগ থাকবে ?

শ্রী নরেন্দ্রনাথ দে :

(ক) আছে।

(খ) (১) আলুর প্রারম্ভিক ক্ষতি মোকাবিলা করার জন্য ক্ষতিগ্রস্ত জেলার ব্লকস্তর পর্যন্ত প্রযুক্তিগত প্রচার-লিফলেট, মাইক ও গণমাধ্যমের সাহায্যে কৃষকদের মধ্যে করা হয়েছে।

(২) ক্ষতিগ্রস্ত আলুচাষিদের জাতীয় কৃষি বীমা প্রকল্পের মাধ্যমে আর্থিক ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা হয়েছে নিয়ম অনুসারে।

(৩) ক্ষতিগ্রস্ত, আলুচাষিদের ফসলের মিনিকিট যেমন তিল ও পাটের বীজ এই বৎসর বিনামূল্যে দেওয়ার ব্যবস্থা হয়েছে।

[11.00–11.10 a.m.]

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আমার যে প্রশ্ন সেই প্রশ্নের যথাযথ উত্তর আমার মনে হচ্ছে এটা নয়। আমি যা জানতে চেয়েছিলাম তারসঙ্গে এটা মিলছে না। আপনি যে বিষয়ে বললেন সেটা বর্তমানে যে বিষয় নিয়ে আলোচনা হচ্ছে তার উপরে বললেন। আমি বলতে চেয়েছিলাম রাজ্যের আলু চাষিদের স্বার্থ রক্ষার জন্য বিশেষ কোনো প্রকল্প গ্রহণ করা হয়েছে কিনা কারণ আমার জানা আছে ইতিমধ্যে রাজ্য সরকার ১৫০০ কোটি টাকার প্যাকেজ আলু চাষিদের জন্য নিয়েছে, সেটা মাঠ থেকে বাজারে আনা, তারপরে বীজ, তার সেচ এবং হিমঘর এবং রোগ প্রতিরোধের ইত্যাদি এইরকম কারণে প্যাকেজের কথা ঘোষণা করেছে কিনা আপনার দপ্তর জানে কি সেটা অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী নরেন দে : না সেটা নিয়ে আলোচনা হচ্ছে। আমরা পটেটো সিড যাতে গুড কোয়ালিটির আনা যায় সিমলা থেকে তার জন্য রাজ্য সরকার এবং সমবায় সঙ্গে কথা বলছি এবং আমাদের সিড কর্পোরেশন তারা যৌথ উদ্যোগে, জয়েন্ট ভেনচারে যাতে সিড প্রোডাকশান হয় এবং সেখান থেকে সিড আসে তারজন্য পরিকল্পনা নিয়েছে। দ্বিতীয়ত কল্যাণী বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় আই.সি.আর-এর উদ্যোগে পটেটো কালচার যাতে করা যায় সেই ব্যাপারে উদ্যোগ নেওয়া হয়েছে।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আলুর ধসা রোগের ফলে আলু উৎপাদন বা আলুর চাষ কমে গেছে। কিন্তু আলুর উৎপাদন মোটামুটি ৮০ লক্ষ টন হয়। এখন এই আলু রাখার যে ব্যবস্থা, সেই রাখার ব্যবস্থার ক্ষেত্রে যে হিমঘর আছে, তাতে ৫০ লক্ষ টন আলু রাখা যেতে পারে। কিন্তু তারপরেও অনেক আলু থেকে যাচ্ছে। যেগুলি রাখার কোনো সুযোগ-সুবিধা নেই। তাই আরো হিমঘর বাড়ানোর জন্য কি ব্যবস্থা নেওয়া হচ্ছে, সেটা একটু অনুগ্রহ করে জানাবেন।

শ্রী নরেন দে : আপনার এই প্রশ্নের উত্তর সঠিকভাবে বলতে গেলে বলতে পারবে কৃষি বিপণন দপ্তর। তবুও আমাদের আলু উৎপাদন মোটামুটি প্রতি বছর যেটা হয়, সেটা ৭৫ থেকে ৭৬ লক্ষ টন হয়। গত বছরের আগের বছরে খুব বেশি উৎপাদন হয়েছিল—৮৪ লক্ষ টন। এবারে আলু কিছু কম উৎপাদন হবে। প্রায় সাড়ে সাত লক্ষ টন কম হবে। যা হিমঘর আছে, তাতে ৫৫ থেকে ৫৬ লক্ষ টন রাখা হয়। বাকিটা বাজারে যায়। অতিরিক্ত হিমঘর করার ক্ষেত্রে কৃষি বিপণন দপ্তরই সঠিক উত্তর দিতে পারবে।

শ্রী জানে আলম মিঞা : আমাদের রাজ্যে আলু চাষ বাড়ছে। আর আলু চাষের জন্য যে বীজ, সেটা ১৫ থেকে ১৬ লক্ষ টন আমাদের রাজ্যে প্রয়োজন হয়। এই বীজের বেশির ভাগটাই বাইরে থেকে আসে। আমাদের রাজ্যে এই বীজ উৎপাদন সম্পন্নভাবে করা যায়

কিনা, তার জন্য চাষিদের কোনো ব্যবস্থার মধ্যে উৎসাহিত করে সেই বীজটিকে সম্পন্নভাবে আমাদের রাজ্যে তৈরি করার ব্যাপারে আপনার দপ্তর কি করছে বা ভাবছে, সেটা জানালে ভাল হয়।

শ্রী নরেন দে : আমাদের রাজ্যে বীজ লাগে প্রায় ৮ লক্ষ টন। বাইরে থেকে যে বীজ আসে, মোটামুটি প্রতি বছরই প্রায় ২ লক্ষ টন, বাকিটা লোকালি হয়। কোয়ালিটি সিড করতে গেলে যে অ্যাগ্রো ক্লাইমেটিক কনডিশান দরকার, তাপমাত্রা দরকার, সেটা রাজ্যে নেই। সেইজন্য সিমলার কথা ভাবা হয়েছে। ওখানে কোয়ালিটি সিড তৈরি হতে পারে। আমাদের যে ব্লক সিড ফার্ম আছে, সেখানে উৎপাদন হয়। তবে সেটা পরিমাণের তুলনায় অনেক কম। কিছু কিছু সমবায় আছে, যারা সিড তৈরি করে। সেক্ষেত্রে ব্রিডার সিড তারা পেতে পারে, ফাউন্ডেশান সিড পেতে পারে। সেই ব্যাপারগুলি করে। কিন্তু কার্যত আমরা উদ্যোগ নিয়েছি সিমলা থেকে বীজ তৈরি করে আনার জন্য। আমাদের সিড কর্পোরেশান জয়েন্ট ভেঞ্চারে হবে। ওখানকার সরকারও কো-অপারেটিভ।

শ্রী জানে আলম মিঞা : আলু চাষে ঢালাওভাবে সেচ দিলে আলু চাষ ভালভাবে হয় না, ফলন কমে যায়। ঝর্ণা সেচ অর্থাৎ অল্প পরিমাণে সেচ আলু চাষের জন্য লাগে। আপনার দপ্তরের সঙ্গে ক্ষুদ্র সেচ দপ্তরের সেচের ব্যাপারে বেঙ্গল সমন্বয় আছে কিনা অনুগ্রহ করে জানাবেন।

শ্রী নরেন দে : আমাদের সরকারের সব দপ্তরের সঙ্গে প্রয়োজনীয় যোগাযোগ, সমন্বয় আছে, এখানে কোনো প্রশ্ন চিহ্ন নেই।

শ্রী শীতল কুমার সর্দার : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন গ্রাম বাংলার মানুষ, যারা গরিব মানুষ, তারা সাধারণত ডাল, ভাত আলুভাতে—এই খেয়ে জীবনধারণ করে। কিন্তু আমরা দেখছি আলু যখন উৎপাদন হল, তখন তার দাম ছিল তিন থেকে চার টাকা। এটা পরে পরে দশ টাকা হয়েছে। এই বিষয়ে সরকার কি কোনো পদক্ষেপ নিয়েছেন ? এই যে আলু তিন-চার টাকা থেকে বেড়ে দশ টাকায় বিক্রি হচ্ছে, তার জন্য কোনো পদক্ষেপ নিয়েছেন কিনা জানাবেন।

[11.10–11.20 a.m.]

শ্রী নরেন দে : আপনি এই যে প্রশ্নটা করলেন, এটা কৃষি বিপণন দপ্তরের প্রশ্ন, এটা কৃষি দপ্তরের নয়। আমাদের প্রোডাকশান যেটা হয়েছে, এবারে যেটা কিছুটা আশঙ্কা করা হচ্ছিল, আমরাও ভেবেছিলাম বোধহয় ২৩-২৪ লক্ষ টন আলু উৎপাদন কম হবে, কিন্তু না, শেষ পর্যন্ত দেখা গেল অতটা নয়—সাত, সাড়ে সাত লক্ষ টন কম হচ্ছে। এখন আপনি দাম সম্পর্কে যে প্রশ্ন করলেন, সেটাও কৃষি বিপণন দপ্তরের ব্যাপার এবং তারা এই ব্যাপারে উদ্যোগও নিচ্ছেন। তবে এ কথার সঠিক জবাব তারাই দিতে পারবেন।

শ্রী দেবেন্দ্রপ্রসাদ বিশ্বাস : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন রাখছি যে, দেখা যায় যে, আমাদের আলুর যা প্রয়োজন, তার চেয়ে অনেক বেশি আলু উৎপাদন হয়। বিশেষত হুগলি জেলায় এই একসেস্ আলু বাইরে রপ্তানি করার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা এবং আলুজাত দ্রব্যের কোনো শিল্প হুগলি জেলাতে তৈরি হয়েছে কিনা, যেগুলোতে বাইরে এক্সপোর্ট করার সুযোগ আছে ?

শ্রী নরেন দে : আলু বাইরে সরকার নিজে রপ্তানি করছে না। তবে রপ্তানি যারা করছেন, তাদের যতটুকু সহযোগিতা সরকারিভাবে করা দরকার সেগুলো আমরা করি। পটেটো বেস্‌ড যে ইন্ডাস্ট্রি, সেটাও ইন্ডাস্ট্রি দপ্তরের উদ্যোগে হচ্ছে। আমার কাছে যেটুকু খবর, হুগলি জেলায় এইরকম একটা ইন্ডাস্ট্রি করার প্রস্তুতি চলছে।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর কাছে প্রশ্ন যে, উনি কতকগুলো পদক্ষেপের কথা বললেন—যে, আগামীদিনে এবং বর্তমানে ক্ষতিগ্রস্ত আলু চাষিদের জন্য কি কি উনি ব্যবস্থা নিচ্ছেন। আমি খুব নির্দিষ্টভাবে জানতে চাই তাঁর কাছে যে, প্রতি বছর আলু চাষিদের ভাগ্য পুড়ছে কিন্তু কৃষি দপ্তর এবং বামফ্রন্ট সরকারের কোনো নির্দিষ্ট নীতি, কোনো পদক্ষেপ, বা কোনো পরিকল্পনা নেই, আমরা জানি না, হাউস জানে না, সরকারও বলে না। কৃষি দপ্তর একটা আছে, সরকার একটা চলছে, আর আলু চাষিদের কপাল প্রতিবছরই পুড়ছে। তাই আপনি নির্দিষ্ট করে বলুন, এ বছর যা ক্ষতি হবার তো হল কিন্তু আগামী আলু চাষের মরসুমের আগে আপনার সরকার নির্দিষ্টভাবে কি কি পদক্ষেপ নেবে এই ধরনের অবস্থার মোকাবিলা করতে ? কম্পেনসেশান তো ক্ষতিগ্রস্ত হলে দিতে হবে, সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের পলিসি। সেটা আপনি কিভাবে পালন করছেন ? হোয়াট আর দি স্টেপস ইউ আর কনটেম প্লেটিং টু অ্যাকসেপ্ট ? যাতে সেভগার্ড হয়। আলু চাষিদের ইন্টারেস্টে এটা আপনি নির্দিষ্ট করে ১, ২, ৩, ৪ করে বলবেন।

শ্রী নরেন দে : ১, ২, ৩, ৪ থাকলে তো বলব।

এই তিল বা জুট সিড বিনামূল্যে দেওয়ার পরিকল্পনা নিয়েছি। সেই সিড পৌঁছেও যাচ্ছে ইতিমধ্যেই সেটা সেন্ট্রাল গভর্নমেন্টের নির্দেশে নয়। দ্বিতীয়ত হল, আলুর যে ধসা রোগ এবারেও হয়েছে সেটার কারণ হচ্ছে, আলু চাষের জন্য যেটা দরকার—লো টেম্পারেচার আর সানসাইন, এবারে দুটোরই অভাব হয়েছে। টেম্পারেচার হাই ছিল, আর আকাশে মেঘ ছিল, কুয়াশা ছিল।

(ভয়েস অফ দি অপজিশান বেঞ্চ—কি করব তাহলে ?)

এইজন্য এই রোগটা এসে গিয়েছে। এখন আমরা যেটা উদ্যোগ নিয়েছি, আগেও বললাম যে, রিগার্ডিং সিড—সিডটা যাতে জেনুইন সিড হয়, তার জন্য একটা ব্যবস্থা, উদ্যোগ অলরেডি নেওয়া হয়েছে—আমি এটা বলেছি। তৃতীয়ত, যেটা করা এবারেও হয়েছে, সেটাও

হবে, কৃষকদের বৈজ্ঞানিক যে কতকগুলো বিষয় আছে, যাতে রোগ থেকে মুক্ত হওয়ার জন্য, বীজ শোধন করার জন্য—সেগুলো আমরা এর আগেও করেছি, এবারেও করেছি—লিফলেট দিয়ে, মাইক বাজিয়ে ইলেকট্রনিক্স মিডিয়ার মাধ্যমে করেছি। এবারেও এটা খুব জরুরি দরকার। আমাদের যে কে.ভি.কে গুলো আছে, আমাদের ওখানে আধিকারিকরা আছে। সমবায়ের মাধ্যমে যাতে চাষটা সায়েন্টিফিক্যালি করা যায়—তাহলে আমরা এটা খানিকটা কমব্যাট করতে পারব।

ডা: মানস রঞ্জন ভুঞ্যা : ক্ষতি হলে কি করবেন ?

শ্রী নরেন্দ্রনাথ দে : প্রতি বছর ক্ষতি হয় না। গত বছর লাভ হয়েছে, সেটাই একটা সমস্যা হয়েছে। গত বছর ৮৪ লক্ষ টন আলু হয়েছিল, ১০ লক্ষ টন বেশি হয়েছিল। এই বেড়ে যাওয়াটাই সমস্যা সৃষ্টি করেছে। গতবারের আগের বার আলুর উৎপাদনে ক্ষতি হয়েছে এবং এবার ক্ষতি হয়েছে। ক্ষতিপূরণের জন্য আমি অ্যানাউন্স করেছি তিলের এক কেজির একটা করে প্যাকেট দেব এবং উত্তরবঙ্গের জলপাইগুড়ি, কোচবিহারে জুট সিড বিনামূল্যে দেব। এছাড়া ইন্সিওরেন্সের টাকা তো আছে, সেটা তারা পাবেন।

শ্রী বংশীবদন মৈত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রীর কাছে আমার প্রশ্ন আমাদের রাজ্যে ৮-১০ লক্ষ মেট্রিক টন আলু বীজ লাগে। পরশুরা, আরামবাগ, বইচিতে সরকারি কৃষি ফার্ম আছে। এছাড়াও রাজ্যের বিভিন্ন জায়গায় সরকারি কৃষি খামার আছে। চাষিদের উপকারের জন্য আলু বীজ যদি এই ফার্মগুলোতে তৈরি করা হয় তাহলে ধসা রোগের আক্রমণ কম হতে পারে। এখন ফুড আলুই বীজ আলু হিসেবে ব্যবহার হচ্ছে। এতে চাষিরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এখন কাঠাতে দেড় থেকে দুই প্যাকেট আলু উৎপাদন হয়, আগে ৬-৭-৮ প্যাকেট আলু কাঠাতে উৎপন্ন হত। সেই জন্য আপনার কাছে প্রশ্ন সরকারের খামারগুলোতে আলু বীজ তৈরি করার জন্য সরকারের কোনো পরিকল্পনা আছে কি না জানাবেন।

শ্রী নরেন্দ্রনাথ দে : আমাদের যে খামারগুলো আছে তাতে মোটামুটি পাঁচ হাজার একরের মতো জমি আছে। আমাদের রাজ্যে টোটাল বীজ করতে গেলে যা জমি দরকার তার ১.৭৫ পারসেন্ট জমি খামারে আছে। কিন্তু সেখানে ধান হচ্ছে, কিছুটা পাট হচ্ছে এবং আলুও হচ্ছে। এছাড়া আমি আগেই বললাম কিছু কিছু সমবায় আছে তারা আলু বীজ তৈরি করে। আমাদের যে ৮-৯ লক্ষ টন বীজ লাগে তার মধ্যে বাইরে থেকে আসে ২ লক্ষ টনের মতো, বাকিটা লোকালি হয়। তবে কোয়ালিটি বীজ তৈরির জন্য আমি সিমলার কথা বললাম।

শ্রী ইন্দ্রজিৎ টাডি : মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন চাল, গম ইত্যাদি জিনিসে যেমন ক্রয় মূল্য ঘোষণা করা হয়, সেই রকম আলুর জন্য ন্যূনতম মূল্য সরকার থেকে ঘোষণা করার কোনো পরিকল্পনা আছে কি না জানাবেন।

শ্রী নরেন্দ্রনাথ দে : কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ধান, চাল বা গমের জন্য যেমন সহায়ক মূল্য বা এম.এস.পি. ঘোষণা করা হয়, আলুর ক্ষেত্রে সেটা হয় না।

নদিয়া জেলায় গঙ্গা নদীর ভাঙন

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭২) **শ্রী কল্লোল খাঁ :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদিয়া জেলার দাদুপুর, উদয়চন্দ্রপুর ও করকরিয়া এলাকা গঙ্গা নদীর ভাঙনে ক্ষতিগ্রস্ত ;

(খ) সত্যি হলে, উক্ত ভাঙন রোধে সরকার কর্তৃক গৃহীত পরিকল্পনাটি কীরূপ : এবং

(গ) গত আর্থিক বছরে (২০০৭-২০০৮) গঙ্গার ভাঙনে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিতে ক্ষতিপূরণ বাবদ কত টাকা করে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে ?

শ্রী সুভাষ নস্কর :

(ক) হ্যাঁ, সত্য।

(খ) নাকাশিপাড়া ব্লকের গঙ্গার পূর্বপারে করকরিয়ার ভাঙন রোধের জন্য একটি প্রকল্প তৈরি করা হয়েছে। প্রকল্পটির আনুমানিক মূল্য ২.৪৪ কোটি (২ কোটি ৪৪ লক্ষ টাকা) এবং উদয়চন্দ্রপুর ও দাদুপুরের ভাঙন রোধের জন্য অন্য একটি প্রকল্প তৈরি করা হয়েছে। যার আনুমানিক মূল্য ৭.৮০ কোটি টাকা (সাত কোটি আশি লক্ষ টাকা)।

উপরিউল্লিখিত প্রকল্প দুটির কাজ দ্রুত শুরু করার চেষ্টা চলছে।

(খ) ক্ষতিপূরণ সংক্রান্ত বিষয়টি সেচ ও জলপথ দপ্তরের অন্তর্গত নয়।

[11.20–11.30 a.m.]

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন—আপনি বলেছেন প্রকল্প দুটির কাজ দ্রুত শুরু করার জন্য চেষ্টা চলছে। এই কাজ শুরু কোন সালে, কোন মাসে হবে সেটা বলবেন কি ?

শ্রী সুভাষ নস্কর : প্রথম প্রকল্প ২ কোটি ৪৪ লক্ষ টাকার—এর জন্য আমাদের টেন্ডারের কাজ কমপ্লিট হয়ে গেছে টুয়েলফ্থ, ফিনান্স কমিশনের টাকাতে এবং দ্বিতীয় প্রকল্পের কাজ ৭ কোটি ৮০ লক্ষ টাকার—এটা স্কিম করা হয়েছে। আমরা এটা ফ্লাড ম্যানেজমেন্ট প্রোগ্রামে রাখব। তবে ইতিমধ্যে নির্বাচন কমিশনের বিজ্ঞপ্তি জারি হওয়ার ফলে এই কাজটার জন্য মাঠে নামা সম্ভব হয়নি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার দ্বিতীয় প্রশ্ন—আপনি প্রকল্প দুটির জন্য ২ কোটি ৪৪ লক্ষ টাকা এবং ৭ কোটি ৮০ লক্ষ টাকা ধরেছেন। আপনি কি মনে করেন এই প্রকল্প দুটি রূপায়ণের জন্য এই টাকা যথেষ্ট ?

শ্রী সুভাষ নস্কর : ইতিপূর্বে আমরা এই ধরনের প্রশ্নের উত্তর দিয়েছি। সাময়িকভাবে যে অংশটুকুর ভাঙন মেজারমেন্ট করে আমরা প্রকল্প তৈরি করি, প্রকল্প রূপায়ণের শেষকাল পর্যন্ত দেখা যায় যে, বিলম্ব হওয়ার কারণে সেই মেজারমেন্ট ছাড়িয়ে যায়। সুতরাং পরবর্তীকালে আরও অ্যাডিশনাল কিছু কাজ ওর সঙ্গে আমাদের করতে হয়। সুতরাং সেই সময় পর্যন্ত যে মেজারমেন্ট বা টাকার অঙ্ক ধরা হয়েছে, তাৎক্ষণিক ক্ষেত্রে সেটুকু সঠিক।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার শেষ প্রশ্ন—আপনি বলেছেন ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর কোনো সংখ্যা আপনার দপ্তর রাখে না। ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর কোনো সংখ্যা আপনার কাছে আছে কিনা এবং আপনার দপ্তর সংশ্লিষ্ট দপ্তরকে এই সংখ্যা বা পরিমাণ জানিয়েছেন কিনা, যাতে ক্ষতিগ্রস্ত পরিবারগুলো ক্ষতিপূরণ পেতে পারেন ? না কি সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে আপনার দপ্তরের সমন্বয় নেই ?

শ্রী সুভাষ নস্কর : প্রশ্নটা ছিল—ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে ক্ষতিপূরণ বাবদ কত আর্থিক সাহায্য দেওয়া হয়েছে ? সেই কারণে এর উত্তরটা আলাদা আছে। পরিবারের সংখ্যা কত—এই ধরনের উত্তর দিয়েছি। আমরা ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর তালিকা তৈরি করে সংশ্লিষ্ট দপ্তরের কাছে পাঠিয়ে দিই এবং সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে আমাদের দপ্তরের সমন্বয়ের কোনো অভাব ঘটেনি।

শ্রী সমর হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই যে, বিভিন্ন নদী যেমন—দামোদর, গঙ্গা, পদ্মা এইসব নদীতে বিভিন্ন জায়গায় পরিকল্পনা নিয়ে নদী বাঁধ মেরামতির কাজ করেছেন কি ? ২০০৭-২০০৮ এবং এই আর্থিক বছরে এই রাজ্যের কত কিলোমিটার বাঁধ মেরামতি করেছেন. সেটা জানাবেন কি ?

শ্রী সুভাষ নস্কর : একসঙ্গে সবটা আমি বলতে পারব না। তবে আমাদের রাজ্যের নদী, নালাগুলোর কত গভীরতা আছে—সেটা গঙ্গা নদী থেকে আরম্ভ করে সমুদ্র উপকূলবর্তী এলাকা সুন্দরবনের প্রায় সব নদীতে এই ধরনের ভাঙন আছে। কিলোমিটার হিসেবে আমরা মেজারমেন্ট করি না। যে এলাকায় যে স্পটগুলো যে বছরে মেরামত করার প্রয়োজন বা আমরা আর্থিক বরাদ্দ করতে পারব যেটুকুর জন্য, সেইটুকু পরিমাপ করে আমরা স্কিম করি। একসঙ্গে সবটা হিসাব করে নথিভুক্ত করার নিয়ম নেই।

শ্রী শিবপ্রসাদ বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন—বলাগড়ের বিস্তীর্ণ এলাকা জুড়ে ভাঙন হচ্ছে এবং তার সঙ্গে হুগলি জেলার চন্দননগরের কিছুটা অংশ এবং চন্দননগরের একটা মিল গোদলপাড়ায় ভাঙন হয়েছে। এই ভাঙন রোধের জন্য কোনো পরিকল্পনা, কোনো অর্থ বরাদ্দ করা হয়েছে কি ?

শ্রী সুভাষ নস্কর : যতটুকু মনে পড়ে মাননীয় বিধায়ক ইতিপূর্বে যোগাযোগ করেছিলেন, আপনার প্রাক্তন বিধায়কও মাঝেমাঝে খোঁজখবর নেন। আমার মনে পড়ছে বলাগড়ে আমাদের দপ্তরের একটা স্কিম আছে।

শ্রী ব্রহ্মময় নন্দ : গত বছর পূর্ব মেদিনীপুর জেলায় যে ভয়ানক বন্যা হয়েছিল, তাতে কেলেঘাই ভেঙে পটাশপুর, ভগবানপুর ১, ভগবানপুর ২, চণ্ডীপুর, পাঁশকুড়া, এই সমস্ত এলাকা জলমগ্ন হয়েছিল। এবার বন্যা প্রতিরোধের জন্য সেই সমস্ত নদীগুলো সারানোর কোনো পরিকল্পনা নিয়েছেন কি ?

শ্রী সুভাষ নস্কর : পূর্ব এবং পশ্চিম দুই মেদিনীপুরেই বিধায়কদের সঙ্গে আলাপ-আলোচনা করে আমরা কিছু গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ হাতে নিয়েছি, তার মধ্যে অন্যতম বৃহত্তম হচ্ছে কেলেঘাই, কপালেশ্বরী। বাঘাই ড্রেনেজ বেসিনের মাস্টার প্ল্যান ইতিমধ্যে ভারত সরকারের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। আমাদের দিক থেকে যতটুকু ঘাটতি ছিল আমরা স্বীকার করেছি। কেন্দ্রীয় সরকারের অধীনস্থ সংস্থাকে দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে এই প্রকল্প তৈরি করার জন্য আমরা পাঠিয়ে দিয়েছি। একই সঙ্গে বলতে পারি ওই জেলায় ঘাটাল মাস্টার প্ল্যান, যেটা নিয়ে দীর্ঘসময় বিধানসভায় আলোচনা হয়েছে, সেই প্রকল্পও হাতে নিয়েছি, হয়তো আগামী অক্টোবর নভেম্বরের মধ্যে ওই প্রকল্পটা পুরোপুরি হয়ে যেতে পারে।

শ্রী তারাপদ চক্রবর্তী : দ্বারকেশ্বর এবং গন্ধেশ্বরী নামে একটা প্রকল্প রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছে। সেই প্রকল্পের বর্তমান অবস্থা কি এবং তাতে আমাদের এলাকার কত একর জমি সেচসেবিত হবে জানাতে পারবেন কি ?

শ্রী সুভাষ নস্কর : যেটুকু বলতে পারি, দ্বারকেশ্বর, গন্ধেশ্বরী প্রকল্পের কাজে আমাদের রাজ্য সরকারের পরিবেশ দপ্তরের ছাড়পত্র যথারীতি পৌঁছে দেওয়া হয়েছে প্রায় এক বছর হয়ে গেল এবং আমরা প্রতিনিয়ত কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা দপ্তরের সঙ্গে যোগাযোগ রাখছি। এই পর্যন্ত যা শুনেছি, কেন্দ্রীয় সরকারের পরিবেশগত ছাড়পত্র পাওয়া গেছে, এইবার শুধু অনুমোদনের বিষয়। এই অনুমোদন পেলে দ্রুত আমরা সেই কাজে হাত দিতে পারব।

শ্রী অজয় দে : নদিয়া জেলায় কি ধরনের কতগুলি প্রকল্প নিয়েছেন বা কত পরিমাণ অর্থ তাতে ব্যয় হবে যদি আলাদা করে বলতে পারেন।

শ্রী সুভাষ নস্কর : অতটা পরিষ্কারভাবে হয়তো বলতে পারব না, যতটুকু মনে পড়ছে আমাদের রাজ্যের বিভিন্ন প্রকল্পগুলো কোথাও ফেলে রাখছি না, তার মধ্যে কেলেঘাই,

কপালেশ্বরী, সুবর্ণরেখা প্রকল্পগুলি মেদিনীপুরের, মুর্শিদাবাদের কান্দি মাস্টার প্ল্যান, মেদিনীপুরের ঘাটাল পরিকল্পনা ইত্যাদি সবগুলোতেই হস্তক্ষেপ করেছি।

[11.30–11.40 a.m.]

এবং নদিয়া মুর্শিদাবাদে মিলিতভাবে যে ভাঙন হয় তার জন্য একটা পৃথক পরিকল্পনা করার জন্য বিশেষজ্ঞ কমিটির মতামত গ্রহণ করছি।

শ্রীমতী সুস্মিতা বিশ্বাস : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, গঙ্গা-পদ্মার ভাঙন রোধে সরকার পরিকল্পনা নিয়েছেন। পাশাপাশি দামোদর নদের ভাঙন ভয়াবহ আকার নিচ্ছে এবং আমাদের বাঁকুড়া জেলার সোনামুখী ব্লক এবং বড়জোরা ব্লক ভাঙনের কবলে পড়েছে। দামোদর নদের ভাঙন রোধে সরকার কোনো পরিকল্পনা নিচ্ছেন কি ?

শ্রী সুভাষ নস্কর : সমস্ত তথ্যাদি এখনই দেওয়া সম্ভব নয়। এইটুকু বলতে পারি যেখানে যতটুকু ভাঙন হচ্ছে তার গুরুত্ব বিবেচনা করে আমাদের দপ্তরের পক্ষ থেকে হস্তক্ষেপ করা হচ্ছে। বড়জোড়ায় ওই ধরনের একটা প্রকল্পে আমরা হাত দিয়েছি। আপনি যদি পৃথকভাবে কিছু জানতে চান আমি পরে ডিটেলস জানাতে পারব।

আলুর জলদী ও নাবি ধসায় ক্ষয়ক্ষতি

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *২২৬) **শ্রী ভক্তরাম পান** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমান মরশুমে আলুর জলদী ও নাবি ধসায় হুগলি জেলায় বহু জমি ক্ষতিগ্রস্ত হয়েছে ;

(খ) সত্যি হলে, ক্ষতিগ্রস্ত জমির পরিমাণ কত ;

(গ) মোট আর্থিক ক্ষতির পরিমাণ কত ; এবং

(ঘ) ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতিপূরণের জন্য সরকারের কোনো পরিকল্পনা আছে কি না ?

শ্রী নরেন্দ্রনাথ দে :

(ক) এটা কি সত্যি যে, বর্তমান মরশুমে গরম আবহাওয়ার কারণে হুগলি জেলায় বহু জমির আলু ক্ষতিগ্রস্ত হয়েছে।

(খ) এই মরশুমে মোট আলু চাষের এলাকা ৮৪,০৫৮ হেক্টর। এর মধ্যে কম বেশি ক্ষতিগ্রস্ত মোট জমির পরিমাণ ৬৭,১৮৭ হেক্টর। পঞ্চাশ শতাংশের নীচে

ক্ষতিগ্রস্ত এলাকার মোট পরিমাণ ৪৬,৭৮১ হেক্টর। পঞ্চাশ শতাংশের উপর ক্ষতিগ্রস্ত এলাকায় মোট পরিমাণ ২০,৪০৬ হেক্টর।

(গ) মোট উৎপাদন ক্ষতিগ্রস্ত ৭;৭৩,৭৬০ মে. টন। মোট আর্থিক ক্ষতির পরিমাণ—১৯,৩৪৪.০ লক্ষ টাকা বা ১৯৩.৪৪ কোটি টাকা।

(ঘ) শুধুমাত্র হুগলি জেলার ক্ষতিগ্রস্ত চাষিদের জন্য ২০,০০০ তিল মিনিকিট দেওয়া হচ্ছে।

শ্রী ভক্তরাম পান : মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন এই যে আলু চাষে ক্ষতি হচ্ছে—এই বছর এটা খুব বেশি হয়েছে, মাঝে মাঝেই ক্ষতি হচ্ছে, এই ক্ষতির কারণ কি ? একটা জিনিস দেখা যাচ্ছে কার্তিক মাসে আলু যেখানে বসানো হয়েছে সেখানে সেইভাবে ক্ষতি হয়নি, আবার দেখা গেছে যে তারপরে যেখানে বসানো হয়েছে সেখানে ক্ষতি হয়েছে। যেখানে জৈব সার ব্যবহার করে আলু চাষ করা হয়েছে সেখানে ক্ষতি কম, আবার যেখানে রাসায়নিক সার ব্যবহার করা হয়েছে সেখানে ক্ষতি বেশি হয়েছে। এই ক্ষতির কারণ কি ?

শ্রী নরেন দে : এর মূল কারণ হচ্ছে ওয়েদার—আবহাওয়া। আলু চাষের জন্য কম টেম্পারেচার দরকার। আমাদের অভিজ্ঞতা বলছে যে এবারের টেম্পারেচার খুব হাই ছিল আলুর পক্ষে যেটা খাপ খায় না। দ্বিতীয়ত, সূর্যরশ্মি পায়নি, মেঘলা আবহাওয়া ছিল, কুয়াশা ছিল। ফলে জার্মগুলো সুযোগ পেয়ে গেছে ক্ষতি করার। আর জৈব সারের ব্যবহার আর রাসায়নিক সারের ব্যবহারের ডিফারেন্স সম্পর্কে বিজ্ঞানীরা এখনও কিছু বলেননি।

শ্রী ভক্তরাম পান : আমি জেলার একটা তথ্য দিতে চাই। হুগলি জেলায় গড়ে হেক্টর প্রতি ২০ থেকে ২৫ মেট্রিক টন আলু হয়। এবারে সেটা কমে গিয়ে ৮ থেকে ১২ মেট্রিক টন হয়েছে। এই যে ক্ষতি হয়েছে এর ক্ষতিপূরণ বাবদ একটা ক্ষতিপূরণ পায় যারা সমবায় থেকে বা ব্যাঙ্ক থেকে ঋণ নিয়েছে। এত যে ক্ষতি হয়েছে, সেই ক্ষতিপূরণ কিভাবে দেওয়া হবে ? এছাড়া অনেকেই ঋণ না নিয়ে নিজেদের উদ্যোগে চাষ করেছে। এই অ-বীমাকৃত চাষিরা কিভাবে ক্ষতিপূরণ পাবে আমাদেরকে এই ব্যাপারে অবগত করবেন কি ?

শ্রী নরেন দে : বীমার নিয়ম হচ্ছে যারা ঋণ করেন কো-অপারেটিভ বা কমার্শিয়াল ব্যাঙ্ক থেকে তারা অটোমেটিক্যালি টাকা পেয়ে যায়। কিন্তু যারা ঋণ নেন না, নিজেদের উদ্যোগে চাষ করেন, তারাও কিন্তু বীমা করতে পারেন। এবারে যারা বীমা করেছেন, তাদের টাকাটা যাতে সঠিকভাবে তাড়াতাড়ি পেয়ে যায়, সেই ব্যাপারে উদ্যোগ নেওয়া হচ্ছে। কিন্তু যারা বীমা করেননি তারা তো আর ক্ষতিপূরণ পাচ্ছেন না। তাদের জন্য আমরা কিছু মিনিকিট দেবার ব্যবস্থা করেছি, যাতে কিছুটা ক্ষতিপূরণ দেওয়া যায়। কিন্তু আমাদের এটাও দেখা দরকার প্রত্যেকেই ঋণ নেননি যারা তারাও বীমাটা করে ফেলুন। এই বীমাটা করে ফেলা ভাল।

শ্রী ভক্তরাম পান : আমরা প্রত্যেক বছরই দেখি কোনো সময়ে আলুর বাজার দর কমে যায়, আবার কোনো সময়ে বাজার দর ওঠে। এই বছর যেমন বাজারটা উঠে আছে। আলু একটা গুরুত্বপূর্ণ অর্থকরী ফসল। এই আলুর ধসা রোগকে প্রতিরোধ করার ব্যাপারে আমাদের রাজ্যের, দেশের, আন্তর্জাতিক ক্ষেত্রে কৃষি বিজ্ঞানীদের সঙ্গে আলোচনা করে তাদের মতামত নিয়ে কোনো ব্যবস্থা নিয়েছেন কি ?

শ্রী নরেন দে : আগের প্রশ্নের উত্তরেই বললাম যে আবহাওয়া একটা মেজর ফ্যাক্টর। তাছাড়া সার্টিফায়েড সিড অর্থাৎ পিওর সিড করার জন্য যে তাপমাত্রা দরকার সেটা পশ্চিমবঙ্গে নেই। এখানে এতো কম তাপমাত্রা থাকে না। এই কারণে আমরা সিমলাতে গিয়ে কথাবার্তা বলেছি। জয়েন্ট ভেঞ্চারে ওখানে সিড তৈরি করার ব্যাপারে একটা উদ্যোগ নেওয়া হচ্ছে। এটা হয়ে গেলে কোয়ালিটির ক্ষেত্রে আমরা নিশ্চিত হয়ে যাবে। আর দ্বিতীয় কথা হচ্ছে আলু চাষের সময়ে যদি কোনো পোকামাকড় থাকে, তার জন্য প্রিকশানারী মেজর আছে, সেগুলিকে প্রয়োগ করতে হবে। আগেই যাতে কিছু ব্যবস্থা নেওয়া যায়, তার জন্য লিফলেট ছাপানো হয়েছে। সেটাকে ব্যাপকভাবে কার্যকরী করতে হবে। তবে এই রোগ হলেও কিছু আটকানো যায়। আর আবহাওয়ার ব্যাপারে কিছু করার থাকে না। ওয়েদার ফেভারে থাকলে এইসবের কিছু দরকার হয় না।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয়, আলুচাষিরা দীর্ঘদিন ধরে ধসা রোগের কারণে বা নানারকমভাবে বিপর্যস্ত হচ্ছে এবং তারা বাজারে ন্যায্যমূল্য পাচ্ছে না। বীমার আওতায় যারা আছেন, তারা সময়মতো টাকা পাচ্ছে না। এর ফলে আলুচাষিরা আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। এই রকম অনেক ঘটনাই আছে। এগুলিকে সরকার স্বীকৃতি দেবেন কি না জানি না। আমার জিজ্ঞাস্য হচ্ছে—এই ধসা রোগ যাতে না হয়, এত আলুচাষি এর সঙ্গে যুক্ত, তারা যাতে আত্মহত্যা করতে বাধ্য না হয়, বাজারে যাতে তারা ন্যায্যমূল্য পান, ডিসট্রেস সেল যাতে বাজারে বন্ধ করা যায়, তার জন্য সরকার থেকে কোনো তৎপরতার সঙ্গে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছেন কি ?

শ্রী নরেন দে : আপনার প্রশ্নের সঠিক উত্তর দিতে পারে কৃষি বিপণন দপ্তর।

[11.40–11.50 a.m.]

এটা আমাদের আলাদা দপ্তর আছে—কৃষি বিপণন দপ্তর—যারা এটা দেখাশোনা করেন। উইদাউট হ্যাভিং কনসাল্টেশন উইথ দ্যাট ডিপার্টমেন্ট আমার না বলাই ভাল।

ডা: মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন রাখছি, কেন্দ্রীয় সরকার ঋণগ্রস্ত, ক্ষতিগ্রস্ত কৃষকদের মুক্তির জন্য প্রায় ৪ কোটি কৃষকের—পশ্চিমবঙ্গ সমেত—৬৫ হাজার কোটি টাকার ঋণ মকুব করেছেন। গত দু'বছর, তিন বছর ধরে ঋণ করছে আলুচাষিরা, নষ্ট হচ্ছে। আপনি ওয়েদার, ওয়েদার, ওয়েদার বলে

সরকারি ভূমিকা এড়িয়ে যাচ্ছেন। সরকারি পাপকে আড়াল করার চেষ্টা করছেন। কৃষকদের বাঁচার কোনো পথ বলছেন না। বিজ্ঞান এত এগিয়ে গেছে, তার ব্যাপক প্রয়োগের কথা বলছেন না। ওয়েদার, ওয়েদার, ওয়েদার। আমার মনে হচ্ছে মধ্যযুগে বাস করছি। আমি প্রশ্ন করছি, এই যে ১৯৩ কোটি ৪ লক্ষ ক্ষতিগ্রস্ত হ'ল, প্রায় ৮৪ হাজার হেক্টর আলু চাষ করে, ৫০ পারসেন্ট, বিলো ৫০ পারসেন্ট, অ্যাভাব ৫০ পারসেন্ট বললেন—অর্থমন্ত্রীর সঙ্গে কথা বলে, মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে—এখন তো ভ্যাটের কারণে রাজকোষ প্রচুর, ইনকামও প্রচুর—এই ক্ষতিগ্রস্ত আলুচাষিদের ঋণ মকুবের টাকা সরকার দেবে কি ? সমবায় ব্যাঙ্ক ঋণ মকুব করবে কি ? যে কারণে তারা আত্মহত্যার পথে যাচ্ছে, সেই ব্যাপারে অর্থমন্ত্রী, মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে টাকা দেবেন কি ?

শ্রী নরেন দে : যারা ঋণ নিয়ে করেছে, তাদের ইনসিওর হয়ে গেছে। তাদের ক্রপ ইনসিওরেন্স হয়ে গেছে। তারা ক্ষতিপূরণ পাবে। ....(ভয়েস : ইনসিওরেন্স নয়, ইনসিওরেন্স নয়) আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে এই ধরনের কোনো প্রস্তাব নেই। .....(ভয়েস : কেন্দ্রীয় সরকার তো ঋণ মকুব করেছে)। ঋণ মকুব করে কেন্দ্র বাহ্বা কিনলে হবে না। স্বামীনাথন বললেন ফার্মার্স কমিশন করতে হবে। ফার্মারদের উন্নতি করতে হবে, রেট অফ ইন্টারেস্ট কৃষি ঋণে ৪ পারসেন্ট হওয়া দরকার। কেন্দ্রীয় সরকার করছে কি ? ঋণ নিয়ে শোধ করতে পারল না, সেই ঋণ মকুব করা হয়নি, সেটা চিন্তা করুক কেন্দ্রীয় সরকার।

রাজ্যে ভয়াবহ বন্যা প্রতিরোধে কর্মসূচী

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের কয়েকটি জেলায় (বিশেষত পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, নদিয়া ও মুর্শিদাবাদ জেলা) প্রায় প্রতি বছর বর্ষার মরশুমে ভয়াবহ রূপে বন্যাকবলিত হয়ে পড়ছে ;

(খ) সত্যি হলে, আগামী বর্ষা মুরশুমে ওই জেলাগুলিতে বন্যা প্রতিরোধের জন্য কোনো কর্মসূচী গ্রহণ করা হয়েছে কি না ; এবং

(গ) হয়ে থাকলে, উক্ত কর্মসূচী অনুযায়ী উল্লিখিত জেলাগুলিতে এখন পর্যন্ত বন্যা প্রতিরোধে কী কী কাজ করা হয়েছে ?

শ্রী সুভাষ নস্কর :

(ক) হ্যাঁ, সত্য।

(খ) পূর্ব মেদিনীপুর ও পশ্চিম মেদিনীপুর জেলাগুলির জন্য কেলেঘাই-কপালেশ্বরী-বাগাই ড্রেনেজ বেসিন-এর মাস্টার প্রকল্প তৈরি করে তা ভারত সরকারের

অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। একই সঙ্গে ঘাটাল এলাকার জন্য বিশদ প্রকল্প তৈরি করা হচ্ছে। নদিয়া ও মুর্শিদাবাদ জেলায় বন্যা নিয়ন্ত্রণের জন্য গঠিত টেকনিক্যাল কমিটির সুপারিশ অনুসারে বিস্তারিত প্রকল্প তৈরি করার কাজ হাতে নেওয়া হয়েছে।

(গ) গতবারের বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে বন্যা প্রতিরোধের জন্য প্রকল্পগুলির প্রস্তুতি চলেছে এবং একটি প্রকল্প কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। এছাড়া গত বছরের বন্যা ক্ষতিগ্রস্ত বাঁধগুলির আংশিক মেরামতি জরুরি ভিত্তিতে সম্পূর্ণ করা হয়েছে। এই সংক্রান্ত কাজের বাকি অংশগুলি অতি সত্বর সম্পূর্ণ করা হবে।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন, একবার সংবাদপত্রে পড়েছিলাম এবং আপনার বিবৃতি দূরদর্শনেও দেখেছিলাম, আপনি বলেছিলেন কোনোভাবেই বন্যা প্রতিরোধ করা সম্ভব নয়। এখন নিয়ন্ত্রণের কথা বলছেন, নিয়ন্ত্রণের জন্য টেকনিক্যাল কমিটি গঠন করেছেন। এই কমিটিতে কাদের নেওয়া হয়েছে, তাঁরা কি এই ব্যাপারে বিশেষজ্ঞ ?

শ্রী সুভাষ নস্কর : বিশেষজ্ঞদের বিশেষ মতামত ছাড়া টেকনিক্যাল কমিটি গঠন করা যায় না। সুতরাং পি.কে. বোস, যিনি অতীতে আমাদের সেচ দপ্তরের চীফ-ইঞ্জিনিয়ার ছিলেন, সচিব ছিলেন এবং তার সঙ্গে বর্তমান দপ্তরে যাঁরা কর্মরত তাঁদেরকে নিয়ে একটা কমিটি করা হয়েছে, সেই কমিটির সুপারিশ করে, যেহেতু তাঁরা এই ধরনের কাজ অতীতে করেছেন। এছাড়াও অনেকগুলি রিপোর্ট অনেক বছর ধরে জমা আছে যেগুলি অতীতে করা হয়েছিল, সেই সব রিপোর্টের পরিপ্রেক্ষিত সামনে রেখে এই ধরনের প্রকল্প তৈরি করা হচ্ছে।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : যে বাঁধগুলি আপনি বলছেন আংশিক মেরামত করা হচ্ছে, সেটা সম্পূর্ণ হতে রুত দিন সময় লাগবে ? আমি ৩টি জেলার কথা বলছি পূর্ব মেদিনীপুর, নদিয়া, মুর্শিদাবাদ। আপনি প্রত্যেকটি বিধানসভাতেই মাস্টার প্ল্যানের কথা বার বার বলেন। এটা কমপ্লিট করা যাচ্ছে না। আপনি বলেন কেন্দ্রীয় সরকারের অনুমোদন আনতে চাইছি। বন্যায় লক্ষ লক্ষ বাড়ি ক্ষতিগ্রস্ত হচ্ছে, মানুষ মারা যাচ্ছে। ২০০৭ থেকে ২০০৮ সালে নদিয়া, মুর্শিদাবাদ, পূর্ব মেদিনীপুর এই তিনটি জেলার কতগুলি বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে, কত মানুষ মারা গেছে ? বাঁধগুলির কাজ কবে শেষ করবেন ?

শ্রী সুভাষ নস্কর : নদিয়ার বিষয়টা আলাদা এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের বিষয়টা আলাদা। বিশেষ করে পূর্ব এবং পশ্চিম মেদিনীপুরের এই কাজগুলি সম্পর্কে উত্তর হল ক্ষতিগ্রস্ত হওয়া বাঁধগুলি আংশিক মেরামতি করা হয়েছে। তার মানে বন্যা যখন হঠাৎ করে ঢুকে যায় তখন বাঁধের কাজ করা যায় না। সেই সময় মাটি পাওয়া এবং কতগুলি

টেকনিক্যাল অসুবিধা আছে, সেই জন্য আংশিক শব্দটা ব্যবহার করা হয়েছে। জল নিকাশী করে দেওয়া হয় এবং যাতে না ভেঙে যায় তার জন্য এইভাবে করা হয়। শুখা মরশুমে যখন মাটি পাওয়া যায় তখন ক্যারেজ করা সম্ভব তখন কাজটা করা হয়। শুখা মরশুমে আগামী বর্ষা আসার আগে পর্যন্ত এটা শেষ করতে হবে, এইভাবে করা হচ্ছে। কত মানুষ মারা গেছে—এর জন্য সম্পূর্ণ আলাদা দপ্তর আছে, এটা আমার পক্ষে বলা সম্ভব নয়। তবে ক্ষতিগ্রস্ত পরিবারের তালিকা আমাদের দপ্তরের আলাদা করে রাখা আছে, আপনি আলাদাভাবে প্রশ্ন করলে আপনাকে বলতে পারব।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : বন্যা হয়, আবার বন্যা হয় না এমনও এলাকা রয়েছে। বন্যা আসতে পারে, ভবিষ্যতে হতে পারে, আশংকা আছে, আমার কনস্টিটিউয়েন্সীতে এই রকম অনেক জায়গা আছে, সেখানে পলি তোলার কাজ কমপ্লিট হল না। এমন অনেক খাল আছে যার নদীর সাথে সংযোগ আছে। আমার কনস্টিটিউয়েন্সীতে এই রকম ১৪টি খাল ছিল, তার মধ্যে ৭টি খালের কোনো ট্রেস নেই, চুরি হয়ে গেছে। ইছামতী, যমুনা নদীর পাড়ের ব্যাপারে আপনার যা ক্ষমতা তাতে আপনি কি প্রিভেনশান নিয়েছেন। প্রিভেনশান ইজ বেটার দ্যান কিওর। আমার দ্বিতীয় কথা আমার এলাকা বলে বলছি ইছামতী নদীর ২৪.৫ কি.মি. জন্য ২৪ কোটি টাকা স্যাংশান করেছেন। আপনি পলি তুলে দুই পাড়ে রাখছেন, পরের বর্ষায় সেই পলিগুলি আবার জলে চলে গেল, অর্থাৎ পুরো টাকাগুলি জলে গেল। মাঝদিয়া, ইছামতীর উৎসমুখে আপনি বারে বারে বলেছেন বড় বড় পাথর আছে, সেগুলি তোলা যাচ্ছে না। এই উৎসমুখের ব্যাপারে আপনার কি পরিকল্পনা আছে ?

শ্রী সুভাষ নস্কর : আপনার কনস্টিটিউয়েন্সীর উত্তরটা আগে দিই, প্রথমত এটা বহু আলোচিত, ইছামতী সংস্কারের বিষয় নিয়ে কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ চেয়েছিলাম আমরা। কেন্দ্রীয় সরকারের মন্ত্রী মহাশয়, তিনি আমাদের রাজ্য সরকারের সঙ্গে আলোচনা হয়েছে, বাংলাদেশ সরকারের প্রতিনিধিদের সাথে এই রাজ্যে এই দেশে তাদের সঙ্গে নিয়ে মিটিং করেছি। দুই দেশের নাগরিকরাও উদ্যোগ গ্রহণ করেছেন।

[11.50–12.00 noon]

যে হ্যাঁ দুই দেশ উদ্যোগ গ্রহণ করেছে, আমরা ইছামতী সংস্কারে বাকি যে অংশটুকু আছে বাংলাদেশের সঙ্গে আমরা সেটা শীঘ্রই করব। এই পরিপ্রেক্ষিতে সেটা দুটি দেশের প্রতিনিধিদের নিয়ে যৌথ বৈঠক হয়েছিল। সেই সময় ওই দেশের সরকারের একটা টালমাটাল অবস্থা ছিল, এ কারণে আমরা, এখন যে সরকার গঠন হয়েছে বাংলাদেশের সেটা মাথায় রেখে আমরা নতুন করে কেন্দ্রীয় সরকারের কাছে আবার বিষয়টা নজরে আনার জন্য যাতে গভর্নমেন্ট চিন্তা-ভাবনা করেন, যাতে সুসম্পর্ক থাকবে এবং পুনরায় আলোচনাটা যাতে চালিয়ে যাওয়া যায়। আশা করি, যদিও সময়টা সংক্ষেপ, কতটা করতে পারবেন জানি না। নতুন সরকার গঠন হলে আবার হবে। এটা গেল ইছামতী। আর ইছামতীর মাটি যেটুকু তোলা

হয়েছে, সব অংশের মাটি ওই প্রকল্পটি করার সময় সংশ্লিষ্ট পঞ্চায়েত এবং প্রশাসনের সঙ্গে প্রকল্পটা করা হয়েছিল। কারণ এই হিপ মাটিটা কোথায় রাখব। তাদের পাশে জায়গা নেই, অন্যের জমি, না হলে সরকারি রাস্তা তাই মাটি রাখার জায়গা নেই। তখন কথা হয়েছিল ওখানকার স্থানীয় প্রশাসন, ইট ভাটা, পঞ্চায়েত তারা তাদের কাজের জন্য মাটিটা সরিয়ে নেবে। আমরা সংশ্লিষ্ট এজেন্সিকে তবু বলেছি যে, একটা নির্দিষ্ট জায়গাতে মাটিটা ফেল, এটা পরবর্তী সময়ে আমাদের নজরে এসেছিল এবং বলেছিলাম যে মাটিটাকে নদী থেকে পিছিয়ে ফেলতে কিন্তু বর্ষা হলে তাতে তো ধুয়ে কিছুটা আসবেই। ওটা যেমন কিছুটা গড়িয়ে পড়ছে, এটার গড়িয়ে পড়ার পরিমাণটা কম। তার চেয়ে বেশি হচ্ছে আমরা একটা অংশে পলিটা তুললাম কিন্তু সমুদ্রের দিকে বা নদীর মোহনার দিকে জোয়ার যখন নদীতে ঢুকছে সেই জায়গাটার নিচু অংশটাতে আরো বেশি জমে যাচ্ছে। এইজন্য ২-৫ বছরে হয়তো দেখা যাবে আগে যে অবস্থাটায় ছিল আবার সেই জায়গাটা ভরে যাওয়ার অবস্থা। আবার সেটা সংস্কার করতে হবে। বাকি যে বিষয়টা বললেন, বন্যা নিয়ন্ত্রণের বিষয়টা। হ্যাঁ এটা ঠিক কথা। এখনো বলছি। একজন বিরোধী সদস্য বলেছিলেন এটা ম্যান মেড। একেবারে অস্বীকার করা যাবে না। ম্যান মেড শব্দটা অন্যভাবে অনেকে ব্যাখ্যা করেন যে, মনুষ্য-সৃষ্ট বন্যা। এটাকে আমি ব্যাখ্যা করে বলি, সত্যিই তো আমরা বন্যা সৃষ্টি করছি বেশি অংশে, যেমন বাঁধের অংশে ঘর করছি, জাল পাতছি, ভেতরে পাটাতন করে বসছি, যত নোংরা জঞ্জাল ফেলছি নদীতে শাখানদীতে। ম্যান মেড তো বটেই। এই বিশাল সারা রাজ্য জুড়ে এই ধরনের অবস্থার সামাল দিতে গেলে এককভাবে কোনো একটা দপ্তরের উদ্যোগে এটা হয় না। এজন্য আমরা টেস্ট কেস হিসাবে ইছামতীকে ধরেছি। এই যে আপনার পাশে বসে আছেন, ওনার দক্ষিণ সরস্বতী আমরা সংস্কার করেছি। আমাদের দামোদরের দুর্গাপুরে ব্যারেজের সামনে থেকে দেখছি যে মাটিটা রাখব কোথায়। টাকাটা ফ্যাক্টর নয় কিন্তু মাটিটা রাখব কোথায়। এই সমাধানটা খুঁজে পেলে আমরা হয়তো যা করছি আগামীদিনে নদী সংস্কারের টাকাটা আরো বেশি বেশি কাজে লাগাতে পারব।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী আপনি নিশ্চয়ই জানেন, আপনাকে অনেকবার বলা হয়েছে, হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত ভালুকাবাজারের কাছে ফুলহরা নদীর যে ভাঙন সেই ভাঙনের কথা আপনাকে বারবার বলেছি। এখনই যদি এই নদীর সংস্কার বা ভাঙন রোধ না করা হয় তাহলে সামনে বন্যায় চাঁচলের সমস্ত গ্রামগুলো প্লাবিত হয়ে যাবে। তার জন্য আপনি এই আর্থিক বছরে কী ব্যবস্থা করেছেন, কত টাকা বরাদ্দ করেছেন দয়া করে জানাবেন কি ?

শ্রী সুভাষ নস্কর : খুব সম্ভবত ফরাক্কার অংশ এটা ফরাক্কার মধ্যে পড়ে, আমার যতদূর মনে পড়ে আমাকে টেলিফোনে যা জানিয়েছিলেন। এই সমস্ত এলাকাতে আমরা প্রথমার্ধে যেটুকু করি, যে আমাদের রাজ্যের মানুষ বিপন্ন হবে, বাড়িঘর ভেসে যাবে এই সমস্ত ধারণা আমাদের চোখে পড়লে, আমাদর দপ্তরের পক্ষ থেকে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে

জানাই, ফরাক্কাকেও আমরা জানাই ব্যবস্থা নেওয়ার জন্য। এতদ্‌সত্ত্বেও কিছু কিছু জায়গায় জনপ্রতিনিধিরা অনেকে আছেন তাদের অবস্থার পরিপ্রেক্ষিতে কিছু কিছু জায়গায় আমরা প্রাথমিক পর্যায়ে কিছু করে থাকি। ভালুকা নিয়ে আমাদের সেই রকম একটা মাথাব্যথা আছে, রাজ্য সরকারের থেকে ওই জায়গাতে কী করা যায়, সেই রকম একটা বিষয় আমরা আলোচনার মধ্যে রেখে দিয়েছি, আমি সবটা জেনে আপনাকে বলতে পারব।

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন করছি। আমাদের মাননীয় মন্ত্রী বামফ্রন্টের একদম যোগ্য প্রতিনিধি ; আশ্বাস ও প্রতিশ্রুতিতে এবং ভদ্রভাবে উত্তর দেওয়ার তুলনা নেই। কিন্তু কাজের কাজ মন্ত্রী মহাশয় কিছু করেননি। আমি মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিয়ে বলব, এই চতুর্দশ বিধানসভায় প্রায় প্রতিটি অধিবেশনে আপনাকে আমি অনুরোধ করেছি, বলেছি, উল্লেখও করেছি, আপনি উত্তর দিয়েছেন ততবার। কিন্তু কাজের কাজ কিছু হল না। দ্বারকা নদীর খুব ছোট্ট একটা জায়গা দু হাজার সালে ভেঙেছে, সেই ভাঙন রোধ করা গেল না। ড্রেজিং হয়নি, কোনো কিছু হচ্ছে না। অথচ একটু জল হলে গ্রামের লোকগুলি ভেসে যাচ্ছে। আমি বলছি, কয়েকটি জায়গায় ৩-৪টি জায়গায় আমার বিধানসভা কেন্দ্রের সংশ্লিষ্ট জায়গাগুলির কথা আপনাকে বলেছি। দ্বারকা নদী তারাপীঠের কাছে ভাঙন হয়েছে। ব্রাহ্মণী নদী, বসুইপাড়া, নোয়াপাড়া, তুরুকডিহি এখানে সাঁওতাল আদিবাসী মানুষরা থাকেন, তারা বন্যায় ভেসে যায়। আপনি যদি ডিপার্টমেন্টকে এই ব্যাপারে উদ্যোগ নিতে বলেন তাহলে এই অবস্থা হয় না, এই কাজ করবেন কি ?

শ্রী সুভাষ নস্কর : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, সাধ আছে সাধ্য নেই। এই প্রচলিত কথাটা কেউ অস্বীকার করতে পারবেন না। এটা আপনারা বলছেন, আমরা চাইছি। সত্যি ভাঙন প্রতিরোধের ক্ষমতা আমাদের নেই। আমরা একদিকে বাঁধ দেবার চেষ্টা করছি, ঠিক তার পার্শ্ববর্তী উল্টোদিকে ভাঙছে। এমন পরিমাণে সিলটেশান হয়েছে, সেটা কোথায় রাখব, বলুন তো ! এখন শুকনো অবস্থা নদীতে কিছু নেই, কোনো প্রশ্ন নেই, চিৎকার নেই, বিক্ষোভ নেই, যখন নদী ফুলে ওঠে তখন সাংঘাতিক অবস্থা হয়।

আপনি তো বলেছেন, আমরা দপ্তরের পক্ষ থেকে চেষ্টা করেছি। সারা বছর যে নদী আমাদেরকে এই ধরনের ক্ষতিগ্রস্ত করে বারেবারে আমাদের সেইদিকে দৃষ্টি একটু বেশি। শুখা মরসুমে আমাদের ভাবতে হয় বেশি। আমাদের দপ্তরের কাজের সময়সীমা ৫ থেকে সাড়ে ৫ মাস আছে। এই সময়কালে অনেকগুলি প্রকল্প আমরা চেষ্টা করেছিলাম, অন্তত ফেব্রুয়ারি মাসের মধ্যে সব কয়টি কাজ একসঙ্গে মাঠে নামিয়ে দিতে। একটা বিশাল জায়গা জুড়ে আছে, একসঙ্গে সব কাজ নামানো যায় না। আমাদের দুইটি পর্যায়ে ব্যবস্থা রাখতে হয়। প্রথম পর্যায়ে হল, বন্যা তো প্রতি বছরে কোনো না কোনো জেলায় হয়, কার্যত দেখা যাচ্ছে সেই সময় প্রত্যেকটি ক্ষেত্রে ভাঙন মেরামতির কাজ করতে হয় ; যেটা আংশিক ক্ষেত্র বললাম। দ্বিতীয় বিষয় হল, তারপরে সবটা শেষ করতে হয়, আমরা পেরে উঠিনি। এই

বছরে মার্চ মাসে ২ তারিখের আগে যেটা শুরু হল, সেটা সঙ্গে সঙ্গে আমাদের একটা নোটিশে বন্ধ করে দিতে হল।

আপনার ওখানে আমাদের কিছু প্রকল্প আছে, সেই বিষয়গুলি আগামীদিনে আমাদের ভাবনার মধ্যে থাকবে।

শ্রী আবুল হাসনাৎ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানাতে চাইছি, মুর্শিদাবাদ জেলায় বন্যা নিয়ন্ত্রণের জন্য টেকনিক্যাল কমিটির রিপোর্টের ভিত্তিতে আপনি যে প্রকল্পের কথা বলেছেন, প্রকল্পটি কী ধরনের এবং প্রকল্পটির কাজ কতদিনের মধ্যে শেষ হবে ?

শ্রী সুভাষ নস্কর : মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে জানাই, প্রকল্পের কাজ কী ধরনের এবং কতদিনের এই প্রশ্নের উত্তর খুব সুদূর।

[12.00–12.10 p.m.]

প্রকল্পটি হচ্ছে এমনই ২৫ বছরে কী কাজ করতে হবে, ৫০ বছরে কী কাজ করতে হবে, ১০০ বছরের মধ্যে কী কাজ করতে হবে—এই ধরনের বিশাল প্রকল্প। সুতরাং সেই প্রকল্প করার সময় আপনাদের, বিধায়কদের কাছ থেকে সুপারিশ চাওয়া হয়েছিল, মতামত চাওয়া হয়েছিল। বিধায়করা যদি মনে করেন তাহলে টেকনিক্যাল কমিটি যেটা আছে—পি.কে. বোস কমিটির উপরে আলাদা করে আপনাদের দুই জেলার প্রতিনিধিদের নিয়ে বিস্তারিতভাবে আলোচনা করব। এটা আমি বলতে পারি।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

রাজ্যে কৃষি খামারের সংখ্যা

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৩) **শ্রী তজমুল হোসেন :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে ৩১শে জানুয়ারি, ২০০৯ পর্যন্ত রাজ্যে কৃষি খামারের সংখ্যা কত ;

(খ) উক্ত খামারগুলির মোট কর্মীসংখ্যা কত ;

(গ) প্রয়োজনীয় বীজের কত শতাংশ ওই খামারগুলি থেকে চাষিরা শস্য উৎপাদনের জন্য পেয়ে থাকে ; এবং

(ঘ) নিষ্ফলা কৃষি খামারগুলিকে উৎপাদনশীল এবং আধুনিকীকরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে (৩১শে জানুয়ারি, ২০০৯ পর্যন্ত) রাজ্যে কৃষি দপ্তরের অধীন কৃষি খামারের সংখ্যা ১৯৬।

(খ) উক্ত খামারগুলি সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য বিভিন্ন পদাধিকারী নিযুক্ত আছেন। খামার পরিচালনায় নিযুক্ত বিভিন্ন পদের কর্মীর অনুমোদিত সংখ্যা ও বর্তমান সংখ্যা নিম্নে বর্ণিত হল—

ক্রমিক নং	পদের নাম	অনুমোদিত সংখ্যা	বর্তমান সংখ্যা
১.	কৃষি উন্নয়ন আধিকারিক (খামার)	৭৫	৭২
২.	সহকারী ক্ষেত্রপাল	১৫৬	১২০
৩.	কৃষি প্রযুক্তি সহায়ক	৫২	৩০
৪.	করণিক	৪৫	২৮
৫.	চৌকিদার/দারোয়ান	১৮৮	১০০
৬.	পশুপালক/পশুরক্ষক	১৮৮	৬৫
৭.	পিওন	১৩	৮
৮.	কৃষি শ্রমিক	৭২০০	৩৯৪৮

(গ) শস্য উৎপাদনের জন্য বর্তমানে রাজ্যে খাদ্যশস্যের বীজের চাহিদা ৩৪,১১,০০০.০০ কুইন্টাল, সেখানে রাজ্যের কৃষি খামারে উৎপাদিত খাদ্যশস্যের বীজের পরিমাণ ২০০৭-০৮ বর্ষে ৫৯,৭৫৯ কুইন্টাল ও ২০০৮-০৯ বর্ষে আনুমানিক ৬০,৪৭৭.১২ কুইন্টাল। অর্থাৎ রাজ্যে খাদ্যশস্য উৎপাদনে প্রয়োজনীয় শস্য বীজের মাত্র ১.৭৫% ২০০৭-০৮ বর্ষে ও ১.৭৮% ২০০৮-০৯ বর্ষে রাজ্যের চাষিদের মধ্যে সরবরাহ করা হয়েছে।

(ঘ) পশ্চিমবঙ্গ সরকারের অধীন কৃষি খামারগুলিতে শস্য নিবিড়তা ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে ২০০৫-০৬ আর্থিক বর্ষ থেকে বিভিন্ন সরকারি প্রকল্পের মাধ্যমে খামারগুলির পরিকাঠামো উন্নয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর পাশাপাশি চুক্তি প্রথায় কৃষি শ্রমিক (অর্থাৎ piece rate farm/field Workers) নিয়োগের সরকারি আদেশনামা ২০০৫-০৬ সাল থেকে লাগু হওয়ার ফলে প্রয়োজনের তুলনায় কম সংখ্যক কৃষি শ্রমিক যুক্ত খামারগুলিতেও শস্যবীজ উৎপাদনের এলাকা বৃদ্ধি পেয়েছে। ২০০৫-০৬ আর্থিক বছর থেকে RIDF-X, 4401-Capital Outlay, State Plan, RIDF-xiv, Macro Mode Work Plan ইত্যাদির সরকারি প্রকল্পের মাধ্যমে খামারগুলির আধুনিকীকরণ প্রক্রিয়ায় কাজ হয়েছে এবং চলছে। ২০০৫-০৬ হইতে ২০০৮-০৯ সালে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৭৬৪০.৭৭৩ লক্ষ টাকা।

Number of Staff engaged in Irrigation and Waterways Department

*23. (Admitted Question No. *249) **Shri Asit Kumar Mal :** Will the Minister-in-Charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) number of Staff being engagd in the Irrigation and Waterways Department in the year 2008 ; and

(b) the details thereof (district-wise) ?

Minister in-Charge of the Irrigation and Waterways Deptt.

(a) 180 (163 & Categories of Gr. D, Tracer, Draftsman, English Typist, L.D. Assistant, L.D. Clerk & Sub-Assistant Engineers ; 17 Assistant Engineers).

(b) Enclosed Categories other than AE (Page 1), AE & Total Strength (Page 2).

Designation

Districts	Sub-Asstt. Engnr.	L.D. Clerk	Eng. Typist	Draftsman	Tracer	L.D. Asstt.	Gr.D	Total
Purulia	2	1						3
Burdwan	12		1		1			14
East Midnapur	5							5
West Midnapur	16							16
Bankura	8	1	4				2	15
Malda	2							2
Darjeeling	14	1						15
North Dinajpur	14	1						15
Jalpaiguri	12	1			1		1	15
Coochbehar	7							7
Kolkata	6					12	2	20
Howrah	3							3
North 24-Pgs.	7	1		4	1		2	15
South 24-Pgs.	2						1	3
Murshidabad	1							1
South Dinajpur	2							2
Hooghly	2							2
Birbhum	9							9
Nadia	—		1					1
Sub Total	124	6	6	4	3	12	8	163

Sub Total of Staff other than Assistant Engineers = 163

Sub Total of Assistant Engineers = 17

Grand Total = 180

Designation

District	Assistant Engineer	Other Staff	Total
Purulia	0	3	3
Burdwan	0	14	14
East Midnapur	1	5	6
West Midnapur	1	16	17
Bankura	4	15	19
Malda	0	2	2
Darjeeling	1	15	16
North Dinajpur	1	15	16
Jalpaiguri	2	15	17
Coochbehar	0	7	7
Kolkata	1	20	21
Howrah	1	3	4
North 24-Parganas	1	15	16
South 24-Parganas	0	3	3
Murshidabad		2	1
South Dinajpur	0	2	2
Hooghly	0	2	2
Birbhum	1	9	10
Nadia	1	1	2
Sub Total	17	1633	180

নলকূপের মাধ্যমে সেচের সুবিধাপ্রাপ্ত জমির পরিমাণ

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৭) **শ্রী স্বপন সামন্ত :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ২০০৮-২০০৯ বছরের ৩১শে জানুয়ারি, ২০০৯ পর্যন্ত নতুন কতগুলি গভীর নলকূপ ও অগভীর নলকূপ স্থাপন করা হয়েছে ;

(খ) কত পরিমাণ জমি উক্ত নলকূপগুলির মাধ্যমে সেচের সুবিধা পাচ্ছে ; এবং

(গ) গত আর্থিক বছর (২০০৭-২০০৮)-এ উক্ত বিষয়ে লক্ষ্যমাত্রা কী ছিল এবং তার কত শতাংশ কাজ সম্পূর্ণ হয়েছে ?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে ২০০৮-২০০৯ বছরের ৩১শে জানুয়ারি, ২০০৯ পর্যন্ত জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের অধীনে নতুন মোট ২১টি গভীর নলকূপ ও ১৮২৫টি অগভীর নলকূপ স্থাপন করা হয়েছে।

(খ) আনুমানিক ২৩,১০০ হেক্টর জমি উক্ত নলকূপগুলির মাধ্যমে সেচের সুবিধা পাচ্ছে।

(গ) গত আর্থিক বছর (২০০৭-২০০৮)-এ উক্ত বিষয়ে লক্ষ্যমাত্রা ছিল।

গভীর নলকূপ	—	২০৩টি
অগভীর নলকূপ	—	৪৫৪৫টি
মোট	—	৪৭৪৮টি

এবং এখন পর্যন্ত কাজ সম্পূর্ণ হয়েছে :

গভীর নলকূপ	—	৭৩টি	
অগভীর নলকূপ	—	২৭১৯টি	
মোট	—	২৭৯২টি	(৫৮.৮০ শতাংশ)

তবে বিদ্যুতায়ন ছাড়া ৬৩.৫০ শতাংশের বেশি কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়ে আছে।

গুচ্ছ সাবমার্শিব্‌ল প্রকল্প চালুকরণ

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩২) **শ্রী প্রদীপ তা** : জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে অসেচ সেবিত এলাকায় একাধিক ফসল উৎপাদনের জন্য ক্ষুদ্র সেচের মাধ্যমে ব্যাপক গুচ্ছ সাবমার্শিব্‌ল প্রকল্প চালু করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্পগুলি রূপায়ণের পদ্ধতি কীরূপ ?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, সত্যি। ক্ষুদ্র সেচের প্রসারে গুচ্ছ সাবমার্শিব্‌ল নলকূপ ছাড়াও বিভিন্ন রকম ক্ষুদ্র সেচপ্রকল্প গ্রহণ করা হয়েছে।

(খ) চাষিরা ক্ষুদ্র সেচপ্রকল্পের প্রস্তাবগুলি পঞ্চায়েত সমিতি / জেলা পরিষদের মাধ্যমে নির্বাহী / সহকারী বাস্তুকারের দপ্তরে জমা করে। প্রস্তাবিত প্রকল্পটি SWID-এর ছাড়পত্র সাপেক্ষে District Site Selection Committee-তে অনুমোদন পাওয়ার পর দপ্তরে বিভিন্ন প্রোগ্রামে (Core Sector, RIDF ইত্যাদি) অনুমোদনের জন্য পাঠায়। অনুমোদন পাওয়ার পর কাজ শুরু করা হয়। এছাড়াও RSVY (Rashtriya Sama Vikas Yojana), RKVY (Rashtriya Krishi Vikas Yojana), BCW

(Backward Class Welfare) ইত্যাদি প্রোগ্রামে ক্ষুদ্রসেচ প্রকল্প রূপায়ণ করা হয়। ADMI (Accelerated Development of Minor Irrigation) প্রকল্পের ৫টি পাইলট জেলাতে প্রকল্পগুলিও প্রায় চূড়ান্ত পর্যায়ে আছে।

রাজ্যে ক্ষুদ্র সেচ প্রকল্পের সংখ্যা

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৮) **শ্রী দীপক চন্দ্র সরকার :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৯ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত রাজ্যে ক্ষুদ্র সেচ প্রকল্পের সংখ্যা কত ;

(খ) উক্ত প্রকল্পগুলির মধ্যে চালু প্রকল্পের সংখ্যা কত ; এবং

(গ) চালু সেচ প্রকল্পগুলির মাধ্যমে রাজ্যে কত পরিমাণ জমিতে সেচের ব্যবস্থা করা সম্ভব হয়েছে (জেলাওয়ারি হিসাব সহ) ?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০০-২০০১-এর তৃতীয় ক্ষুদ্রসেচ শুমারির প্রাপ্ত তথ্য অনুযায়ী রাজ্যে মোট ক্ষুদ্রসেচ প্রকল্পের সংখ্যা ছিল ৮,০৯,৫৫৯ (আট লক্ষ নয় হাজার পাঁচশত ঊনষাট)টি। চতুর্থ ক্ষুদ্রসেচ শুমারির (২০০৬-২০০৭) কাজ চলছে। সম্পূর্ণ হলে বর্তমান তথ্য পাওয়া যাবে।

(খ) সর্বশেষ প্রকাশিত তৃতীয় ক্ষুদ্রসেচ শুমারি অনুযায়ী ক্ষুদ্রসেচ প্রকল্পগুলির মধ্যে চালু প্রকল্পের সংখ্যা ৭,৬৭,৩৭৯ (সাত লক্ষ সাতষট্টি হাজার তিনশত ঊনআশি)টি (প্রায় ৯৪.৭৯ শতাংশ)।

(গ) তৃতীয় ক্ষুদ্রসেচ শুমারির প্রাপ্ত তথ্য অনুযায়ী চালু ক্ষুদ্রসেচ প্রকল্পগুলির মাধ্যমে রাজ্যে সমগ্র সেচ সম্ভাব্য জমির পরিমাণ ছিল ৩৪.২৭ লক্ষ হেক্টর। জেলাওয়ারি ক্ষুদ্রসেচের মাধ্যমে সমগ্র সেচ সম্ভাব্য জমির পরিমাণ নিম্নরূপ :

১.	বাঁকুড়া	—	২.৬৩ লক্ষ হেক্টর
২.	বর্ধমান	—	৪.১৭ লক্ষ হেক্টর
৩.	বীরভূম	—	১.৯১ লক্ষ হেক্টর
৪.	দক্ষিণ দিনাজপুর	—	০.৯৯ লক্ষ হেক্টর
৫.	দার্জিলিং	—	০.৩৩ লক্ষ হেক্টর
৬.	হাওড়া	—	১.৪৮ লক্ষ হেক্টর
৭.	হুগলি	—	২.০২ লক্ষ হেক্টর
৮.	জলপাইগুড়ি	—	১.০৫ লক্ষ হেক্টর
৯.	কোচবিহার	—	১.২২ লক্ষ হেক্টর

১০.	মালদা	—	১.৫৩ লক্ষ হেক্টর
১১.	পশ্চিম মেদিনীপুর	—	২.৭১ লক্ষ হেক্টর
১২.	পূর্ব মেদিনীপুর	—	১.২৭ লক্ষ হেক্টর
১৩.	মুর্শিদাবাদ	—	৩.৬২ লক্ষ হেক্টর
১৪.	নদিয়া	—	২.৪৬ লক্ষ হেক্টর
১৫.	উত্তর ২৪-পরগনা	—	২.১২ লক্ষ হেক্টর
১৬.	পুরুলিয়া	—	১.২৬ লক্ষ হেক্টর
১৭.	দক্ষিণ ২৪-পরগনা	—	১.২৬ লক্ষ হেক্টর
১৮.	উত্তর দিনাজপুর	—	২.২৪ লক্ষ হেক্টর
	মোট	—	৩৪.২৭ লক্ষ হেক্টর

ADJOURNMENT MOTION

Mr. Speaker: Today, I have received two notices of Adjournment Motion. The First one is from Shri Asit Kumar Mal on the subject of problems faced by the P.T.T.I. students in the State and the second one is from Dr. Asish Banerjee on the subject of problems faced by the students due to acute power crisis in the State.

The subject matter of the motions are not such that may call for adjournment of business of the House. Members will get ample scope to raise the matters during the discussion on the Governor's Address which is going on. Besides, the Members may also invite attention of Ministers concerned through Calling Attention, Motion, Question, etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of the Party may, however, read the text of the Motion, as amended.

শ্রী অসিত কুমার মাল : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—সারা রাজ্যে পি.টি.টি.আই.-এর ১২২টি সরকারি ও বেসরকারি কলেজের চল্লিশ হাজার প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ আজ চরম বিপর্যয়ের মুখে। পি.টি.টি.আই. ছাত্রছাত্রীরা রাজ্য সরকারের কাছ থেকে কোনো আশ্বাস না পেয়ে অনেকে আত্মহত্যার পথ বেছে নিয়েছে। এটা ভবিষ্যতে আরো ভয়ঙ্কর আকার ধারণ করতে পারে।

ইতিমধ্যে রাজ্য সরকার ৫০,০০০ প্রাথমিক শিক্ষক নিয়োগের কথা ঘোষণা করেছেন। এই নিয়োগের ক্ষেত্রে পি.টি.টি.আই. ছাত্রছাত্রীদের নিয়োগের বিষয়টি সহানুভূতির সঙ্গে বিবেচনা করার জন্য সরকারকে অনুরোধ করছি।

ডঃ আশীষ ব্যানার্জী : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—রাজ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা চলছে। লক্ষ লক্ষ ছাত্রছাত্রী এই পরীক্ষা দিচ্ছেন। দীর্ঘদিন ধরে এই রাজ্যে বিদ্যুতের বেহাল অবস্থা। মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর আশ্বাস সত্ত্বেও তার কোনো সুরাহা হয়নি। মাধ্যমিক পরীক্ষার সময় ও তার প্রাক্‌কালে লোডশেডিং আরো তীব্র হয়। বেশিরভাগ পরীক্ষা কেন্দ্রেই জেনারেটরের কোনো ব্যবস্থা নেই। এই অসহনীয় অবস্থার মধ্যে দিয়ে ছাত্রছাত্রীদের পরীক্ষা দিতে হচ্ছে। স্নাতকস্তরের ছাত্রছাত্রীদেরও পরীক্ষা প্রস্তুতি চলছে।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received three notices of Calling Attention on the following subjects, namely :

Subject		Name
1. Acute Power Crisis in the State	:	Shri Ashok Kumar Deb
2. Appointment of Lecturers and non-teaching staff in Colleges and Universities on contractual basis	:	Dr. Asish Banerjee
3. Decision taken to condemn old commercial vehicles	:	Shri Sital Kumar Sardar

I have selected the notices of Shri Sital Kumar Sardar on the subject of decision taken to condemn old commercial vehicles. The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Shailen Sarkar : On 23rd March, Sir.

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the 18th, the 19th, the 20th and the 21st Reports of the Committee on Public Accounts (2008-2009)

Shri Gyan Singh Sohanpal : Mr. Speaker Sir, I beg to present

(A) the Eighteenth Report of the Committee on Public Account: (2008-2009) on paragraph 4.2.6 of the Report of the Comptrolle

and Auditor General of India for the year 2002-2003 (Civil) relating to Urban Development Department ;

(B) the Nineteenth Report of the Committee on Public Accounts (2008-2009) on paragraphs 4.1.4 and 4.2.7 of the Report of the Comptroller and Auditor General of India for the year 2006-2007 (civil) relating to Public Works Department ;

(C) the Twentieth Report of the Committee on Public Accounts (2008-2009) on paragraphs 11.2 and 11.3 of the Report of the Comptroller and Auditor General of India for the year 2001-2002 (Revenue Receipts) relating to Housing Department, and

(D) the Twenty-first Report of the Committee on Public Accounts (2008-2009) on paragraph 4.4.12 of the Report of the Comptroller and Auditor General of India for the year 2006-2007 (Civil) relating to Transport Department.

Presentation of the First Report of the Standing Committee on Science & Technology, Information Technology and Bio-Technology (2008-2009)

Shri Ashok Giri : Mr. Speaker Sir, with your kind permission I beg to present the First Report of the Standing Committee on Science & Technology, Information Technology and Bio-Technology (2008-2009) based on the Action taken by the Government on the recommendations as contained in the First Report of the Standing Committee on Science & Technology, Information Technology and Bio-Technology (2007-2008) on Science & Technology Department, Government of West Bengal.

Presentation of the Seventh Report of the Standing Committee on Transport (2008-2009)

Shri Kartick Chandra Bag : Mr. Speaker Sir, with your kind permission I beg to present the Seventh Report of the Standing Committee on Transport (2008-2009) on the Calcutta Tramways Company Limited.

LAYING OF RULES

The West Bengal Prohibition of Child Marriage Rules, 2008

Shri Sailen Sarkar : Mr. Speaker Sir, with your kind permission I beg to lay the West Bengal Prohibition of Child Marriage

Rules, 2008 published in the Kolkata Gazette, Extraordinary dated the 5th December, 2008 under Women & Child Development and Social Welfare Department's Notification No. 4163-SW dated the 11th November, 2008.

The West Bengal Maintenance and Welfare of Parents and Senior Citizens Rules, 2008

Shri Sailen Sarkar : Mr. Speaker Sir, with your kind permission I beg to lay the West Bengal Maintenance and Welfare of Parents and Senior Citizens Rules, 2008 published in the Kolkata Gazette, Extraordinary dated the 12th January, 2009 under Women & Child Development and Social Welfare Department's Notification No. 4347-SW dated the 28th November, 2008.

MENTION CASES

শ্রী প্রভাত মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে বাঘমুন্ডি ব্লক স্বাস্থ্যকেন্দ্রটি অবস্থিত। কিন্তু এই ব্লক স্বাস্থ্যকেন্দ্রটির অবস্থা খুবই শোচনীয়। যদিও এটাকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে উন্নীতকরণ করা হয়েছে, কিন্তু এখনো পর্যন্ত তার কাজ আরম্ভ হয়নি। এলাকায় মানুষের জনসংখ্যা বাড়ছে, এলাকায় পি.পি.এস.পি. টাউনশিপ গড়ে উঠেছে। ফলে স্বাস্থ্য পরিষেবাকে মানুষের কাছে পৌঁছে দেওয়ার জন্য রুরাল হাসপাতালটির কাজ ত্বরান্বিত করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমি অনুরোধ জানাচ্ছি।

[12.10–12.20 p.m.]

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের মাননীয় অর্থমন্ত্রী ঠিক বিষ্ণুপুর নির্বাচনের আগে ঘোষণা করলেন, দরাজ হস্তে তিনি দাতার ভূমিকায় অবতীর্ণ হলেন এবং বহুজনের বহু কথা বললেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এত তাড়াতাড়ি তাঁর স্মরণে ছিল না হয়তো যে কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বামফ্রন্ট দীর্ঘকাল ধরে পার্মানেন্ট না করে স্থায়ী না করে কলেজ শিক্ষক হিসাবে, কলেজের শিক্ষাকর্মী হিসাবে তাদের চুক্তির ভিত্তিতে কনট্রাকচুয়াল টিচার নাম দিয়ে গেস্ট লেকচারার নাম দিয়ে চালিয়ে যাচ্ছিলেন। এবং আপনাদের কনট্রাক্টের ভিত্তিতে বহু শিক্ষাকর্মী রয়েছেন। দুর্ভাগ্যের বিষয় তাদের সম্পর্কে সরকারের কোনো ভাবনার কথা কিন্তু আপনারা জানালেন না। ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে দাবি করব যে যাদের দিয়ে বছরের পর বছর ধরে এই কাজ করিয়ে নেওয়া হচ্ছে তাদের প্রতি এই বঞ্চনা কেন ? সরকার তাদের প্রতি এতটুকু সমহানুভূতিশীল নন কেন ? আজকে হাজার হাজার ভালো ভালো ছাত্র, ছাত্রী যারা এই কাজ করে চলেছেন

দীর্ঘকাল ধরে তাদের সম্পর্কে একটি কথা সরকার উচ্চারণ করলেন না কেন ? তাই আমি আপনার মাধ্যমে এখানে দাবি করব, মাননীয় অর্থমন্ত্রী এই বিষয়গুলো তাঁর ভাবনা-চিন্তার মধ্যে রাখুন। এইসব শিক্ষক ও শিক্ষাকর্মী, অতিথি শিক্ষকদের সম্পর্কে আপনারা ভাবুন, এই আবেদনটুকু আপনার মাধ্যমে আমি জানালাম।

শ্রী দিলীপ সরকার : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, গতকাল বিধানসভায় মহামান্য রাজ্যপালের ভাষণের ওপর আলোচনার সময় আমাদের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় সঠিকভাবেই বলেছেন যে রাজ্যের উন্নয়নের জন্য কৃষির ওপর নির্ভরতা কমানো হবে। তিনি সঠিকভাবেই বলেছেন। এবং আমরাও সেই কথাই বলছি, বামফ্রন্ট সরকার সেই চেষ্টা করে চলেছে যে কৃষিকে ভিত্তি করে শিল্পায়নের মধ্যে দিয়ে রাজ্যের সার্বিক উন্নয়নের জন্য এগিয়ে যাওয়া। আর কৃষির বিকাশের সঙ্গে সঙ্গে সার্বিক উন্নয়নের জন্য রাজ্য সরকার চেষ্টা করে চলেছে। কিন্তু উনি বিধানসভায় এই কথা বলেছেন, কিন্তু তাঁর দল তো সার্বিকভাবে রাজ্য সরকারের উন্নয়ন প্রক্রিয়ায় বাধা দিচ্ছে কেন ? আর একটা বিষয়ে আমি সভার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে উনি বললেন উনি এটা সমর্থন করছেন, কৃষির ওপর নির্ভরতা কমানো দরকার রাজ্যের উন্নয়নের স্বার্থে। কিন্তু ওঁরই দলের আর একজন মাননীয় সদস্য বাইরে বলেছিলেন যে ওটা সৌগতবাবুর ব্যক্তিগত মতামত। আমি এখানে জানতে চাই, আমাদের তৃণমূলের বন্ধুরা এখানে রয়েছেন। এখানে তাঁদের কাছে আমরা জানতে চাই—এটা তাদের স্পষ্ট করা উচিত কার বক্তব্য সঠিক। উন্নয়নের প্রসঙ্গে, শিল্পায়নের প্রসঙ্গে, কৃষির ওপর নির্ভরতা কমানো প্রসঙ্গে তাদের অবস্থান কি এটা স্পষ্ট করে বিধানসভায় বলা প্রয়োজন, জনগণের কাছে এটা বলা প্রয়োজন।

শ্রী তজমুল হোসেন : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখন নতুন নতুন ভ্যারাইটি চাষ হয়। সেগুলো যদি সঠিকভাবে চাষ করা হয় এবং উন্নত প্রথাতে চাষ করা যায়, তাহলে আমি মনে করি সেটা ভালো হবে। এক্ষেত্রে বলব, বিশেষ করে গ্রামাঞ্চলে সার ও কীটনাশক এবং বীজের জন্য যেসব ডিলাররা রয়েছেন, তাদের একটু প্রশিক্ষণ দেওয়া দরকার। কারণ আমরা জানি গ্রামে চাষিরা ডিলারদের পরামর্শ অনুযায়ী সার প্রয়োগ করেন। তাদের কথাকে চাষিরা গুরুত্ব দেন। কৃষকরা সেখানকার মাটি ও আবহাওয়া বিচার করে যদি চাষ করেন তাহলে উৎপাদন ব্যয় কমে যাবে। তাই এক্ষেত্রে আমি বলব সার ও কীটনাশক বীজের ডিলারদের প্রশিক্ষণের পাশাপাশি তাদের লাইসেন্সের বিষয়েও ভাবতে হবে। তাহলে এতে চাষিরাও উপকৃত হবেন। চাষেরও উন্নতি হবে এবং কৃষকরা তাদের ফসলের ন্যায্য মূল্য পাবেন। আমি মাননীয় কৃষি মন্ত্রীকে এই দিকটিতে দৃষ্টি দেওয়ার জন্য বলছি।

শ্রী অনাথবন্ধু মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা ছাতনা। এই ছাতনা বিধানসভা এলাকাটি খরাপ্রবণ। ৫ মাস যাবৎ বৃষ্টিপাত না হওয়ার ফলে

খাল-বিল-পুকুর-নালা সমস্ত শুকিয়ে কাঠ হয়ে গেছে। জলের স্তর অতি দ্রুততার সাথে নীচে নেমে যাচ্ছে। তার ফলে পানীয় জলাধার যেগুলো রয়েছে, নলকূপ, টিউবওয়েল এইগুলো সব শুকিয়ে যেতে শুরু করেছে। এই রকম অবস্থা আগামী গ্রীষ্মের সময় দ্রুত জলের সংকট দেখা দেবে। সেই সময় পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করবে। সেইজন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি অতি দ্রুততার সাথে যেন নিরসনের ব্যবস্থা করা হয়।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহুকাল আগে থেকেই বেথুয়াডহরী একটি গঞ্জ, একটা ব্যবসায়ী কেন্দ্রস্থল। এই বেথুয়াডহরীতে দমকল কেন্দ্র স্থাপনের জন্য মাননীয় মন্ত্রী মহাশয় জমি পেয়েছেন। এই এলাকায় কালিয়াগঞ্জ সহ বিস্তীর্ণ এলাকার সাধারণ মানুষ দমকল স্থাপন হলে উপকৃত হবেন। আমি আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যাতে অতি দ্রুততার সাথে এই দমকল কেন্দ্র স্থাপন করা যায় তার ব্যবস্থা করা হোক।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী এলাকা সহ গোটা জঙ্গিপুর মহকুমায় বিদ্যুৎ ঘাটতি চলছে। এই বিদ্যুৎ ঘাটতি হচ্ছে অন্য কারণে। এখানে যে ব্যবস্থাগুলো থাকা দরকার সেই ব্যবস্থাগুলো সঠিকভাবে নেই। আরো ট্রান্সফরমার বসানো দরকার। আমাদের এখানে যে হাই-টেনশান লাইনগুলো আছে সেইগুলো পুরনো দিনের জি.আই. তার দিয়ে তৈরি। সেই জন্য সেই তার দিয়ে সঠিকভাবে বিদ্যুৎ পাওয়া যাচ্ছে না। সেই সঙ্গে সেন্ট্রাল লোডশেডিং-এর প্রভাব সেখানে পড়ছে এবং ট্রান্সফরমারের অভাবে সেখানে পারসিয়াল লোডশেডিং করা হচ্ছে গত মাধ্যমিক পরীক্ষার সময় একেবারে ঠিক সন্ধ্যার সময় ৩ ঘন্টা করে লোডশেডিং, প্রতিদিন বিদ্যুৎ থাকেনি। এখনও সেই অবস্থা। এই এলাকায় বিদ্যুৎ না থাকার ফলে বোরো চাষে জল দেওয়া যাচ্ছে না। সিস্টেম ইনট্রোডিউসের যে ব্যবস্থাগুলো করা দরকার সেই ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এলাকার মানুষ সঠিকভাবে বিদ্যুৎ পেতে পারে তার জন্য যে সিস্টেম ইনট্রোডিউস করা দরকার সেটা অতি দ্রুততার সঙ্গে করা হয়।

শ্রী আবুল হাসনাৎ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যের সমস্ত এলাকার সাথে সাথে জঙ্গিপুর মহকুমায় ব্যাপক লোডশেডিং-এর ফলে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। মানুষের মধ্যে একটা ক্ষোভ সৃষ্টি হচ্ছে। তার ফলে আগে মাধ্যমিক পরীক্ষার্থী এবং পরে উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। জঙ্গিপুর মহকুমা হাসপাতালে যেখানে জরুরি অস্ত্রোপচারের প্রয়োজন, সেটা ব্যাহত হচ্ছে। এই লোডশেডিং-এর ফলে প্লাস্টিক লোহার ছোট ছোট শিল্পগুলোর উৎপাদন ব্যাহত হচ্ছে।

[12.20–12.30 p.m.]

তাছাড়া যে সমস্ত চাষি বোরো চাষ করেন, বিদ্যুতের অভাব থাকার জন্য তারা ঠিকমতো সেচের কাজ করতে পারছে না। সেইজন্য এলাকায় একটা ক্ষোভের সৃষ্টি হয়েছে।

এলাকার মানুষ যাতে লোডশেডিংয়ের হাত থেকে রক্ষা পায়, তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী চিত্তরঞ্জন মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবনের দ্বীপগুলো অসংখ্য নদী দ্বারা পরস্পর বিচ্ছিন্ন। বামফ্রন্ট সরকার বিদ্যালয়হীন গ্রামগুলোতে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেছেন, এটা ঠিকই। কিন্তু এই দ্বীপগুলোর গঠন বৈচিত্র্যময়। ফলে আয়তন ও আকারের পার্থক্য রয়েছে। এমন অনেক জায়গা আছে, যেখান থেকে ছাত্রছাত্রীরা বিদ্যালয় যেতে পারে না, দূরত্ব অনেক বেশি। অপরদিকে জোয়ার ভাঁটায় নদী পার হয়ে এই সমস্ত ছোট ছোট পড়ুয়াদের অন্য জায়গায় স্কুলে পড়তে যেতে হয়। এই সমস্ত পড়ুয়াদের ক্ষেত্রে এটা অত্যন্ত বিপদজনক। এদের কথা মাথায় রেখে এমন জায়গায় প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হোক, যাতে ছাত্রছাত্রীদের যেতে অসুবিধা না হয়। এই সকল প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অশোক কুমার দেব : সৌগত রায় হাউসে নেই। এখানকার একজন সি.পি.এম. নেতা তাঁর নামে বলেছেন তিনি হাউসে থাকলে ভাল হত। আমরা বরাবর শিল্পের পক্ষে এবং কৃষি জমিতে শিল্প হোক, সেটা আমরা চাই না। আপনারা বিপ্লব করছেন, ভুল রাস্তায় যাচ্ছেন। যাই হোক, মাননীয় ডেপুটি স্পীকার স্যার, গতকাল যখন রাজ্যপালের ভাষণ হয়, আপনি তখন ছিলেন। এই সাইডে যারা বসে আছে, তাদেরই একজন বক্তা বলেছিলেন রাজ্যপালের ভাষণ অদ্ভুত, তার তুলনা হয় না। আর আজকেই বলছেন রাজ্যে বিদ্যুৎ নেই, লোডশেডিং হচ্ছে। তাহলেই বলুন একই দলে দু রকম কথা। মানুষ আর ওদের বিশ্বাস করবে ? তাই আমরা চাই এদের সতর্ক করার চেষ্টা করুন, আরেকটু শিক্ষিত করার চেষ্টা করুন। আমরা দেখতে পাচ্ছি লোডশেডিংয়ের ফলে উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের প্রচণ্ড কষ্ট হচ্ছে। তাদের পরীক্ষা দিতে অসুবিধা হচ্ছে। শুধু তাই নয়, দেখা যাচ্ছে হাসপাতালে অপারেশন হতে হতে লোডশেডিং হয়ে যাচ্ছে। স্কুল, কলেজ, কারখানা, অফিস থেকে শুরু করে বিভিন্ন জায়গায় লোডশেডিং হচ্ছে। অথচ এই হাউসে মৃণালবাবু বারবার বলেছেন আমরা লোডশেডিং হতে দেব না। আমরা চাই অন্ততপক্ষে এর হাত থেকে মানুষ যাতে রেহাই পায়। কালকেই কাগজে দেখলাম দমদম, বেলেঘাটা থেকে আরম্ভ করে সারা রাজ্যে কি অবস্থা দাঁড়িয়েছে ? কখন কি হচ্ছে বলা মুশকিল। যাতে এই লোডশেডিংয়ের হাত থেকে রেহাই পাওয়া যায়, আপনারা সেই চেষ্টাই করুন। মাননীয় মন্ত্রী মহাশয়কে এই হাউসে এসে বলতে বলুন যে তিনি যে কথা বলেছেন, সেটা কবে কার্যকরী হবে এবং বিভিন্ন মৌজায় বিদ্যুৎ যাবে কিনা।

শ্রী ইন্দ্রজিৎ টাঙ্গি : বাঁকুড়া জেলায় খাতড়ায় হীরাবাঁধ বলে একটা ব্লক আছে। সেই ব্লকে মুলিয়ান গ্রাম পঞ্চায়েতে একটা স্বাস্থ্যকেন্দ্র আছে। সেখানে একজন ডাক্তার থাকতেন। কিন্তু বর্তমানে মাঝেমাঝে থাকেন, তবে বেশিরভাগ সময়ই থাকেন না। এই এলাকাটিতে

অত্যন্ত দরিদ্র মানুষ বাস করেন এবং তাঁর উপর নির্ভর করে প্রায় ১০-১২টি গ্রাম চিকিৎসার সুযোগ পায়। সেখানে অনেকদিনের পুরনো ঘর ছিল। সেই ঘরগুলো অকেজো হয়ে গেছে। এই যে অব্যবস্থা চলছে তাতে সেখানকার স্বাস্থ্য পরিষেবা পুরোপুরি ভেঙে পড়েছে। তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন, এই স্বাস্থ্যকেন্দ্র যাতে ভালো করে চলতে পারে এবং স্থানীয় মানুষ স্বাস্থ্য পরিষেবা পায় তার জন্য অবিলম্বে ব্যবস্থা নেওয়া হোক।

শ্রী বিশ্বনাথ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয় নদিয়া জেলার তেহট্ট, কালীয়াগঞ্জ, নাকাশিপাড়া, ধুবুলিয়া, প্রভৃতি অঞ্চলে প্রচুর বোরো ধানের চাষ হয়েছে। কিন্তু সেচের অভাবে ধান সব শুকিয়ে যাচ্ছে। নদিয়ার তেহট্ট সাব-ডিভিশনের বিদ্যুৎ বিভাগের যে অফিস আছে তারা বলছে ৭০টি ট্রান্সফর্মার চুরি গেছে। এর ফলে চাষিরা সমূহ বিপদের মুখে পড়েছে। আমি ওই অঞ্চলে অবিলম্বে ট্রান্সফর্মার দেওয়ার দাবি জানাচ্ছি এবং চাষির ধান যাতে রক্ষা পায় সে জন্য মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী অঙ্গদ বাউড়ি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গরম শুরু হতে না হতে বাঁকুড়া জেলায় পানীয় জলের সংকট দেখা দিয়েছে। দীর্ঘ কয়েক মাস যাবৎ বৃষ্টি না হওয়ার জন্য ২০০-২৫০ ফুট ডিপ টিউবওয়েল রিগ করেও জল পাওয়া যাচ্ছে না। অথচ আমার নির্বাচনী কেন্দ্রের মধ্যেই গঙ্গাজলঘাটির সামনে দিয়ে দামোদর নদী বইছে কিন্তু উপরের দিকের মৌজায় ডিপ-টিউবওয়েল করেও জল পাওয়া যাচ্ছে না। অবিলম্বে যাতে ওখানকার মানুষকে পানীয় জলের সংকট থেকে মুক্তি দেওয়া যায় তার আবেদন রাখছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : (হাউজে অনুপস্থিত)।

ড: মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় উপাধ্যক্ষ মহোদয় আমরা দেখলাম মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সর্বভারতীয় সম্পাদক গতকাল দিল্লিতে সি.পি.এম দলের আগামী লোকসভা নির্বাচনকে সামনে রেখে একটা ইস্তাহার প্রকাশ করে দাবি করেছেন যে, তাঁরা নাকি আগামীদিনে ধর্মনিরপেক্ষতাকে ভারতবর্ষের মাটিতে রক্ষা করবেন এবং ভারতবর্ষের জোট নিরপেক্ষ বিদেশ নীতিকে রক্ষা করবেন। আবার কয়েকদিন আগে জাতপাতের রাজনীতির জনক মায়াবতী বহিনজীর কাছে আত্মসমর্পণ করে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি একটা দিশাহীন, দেউলিয়া রাজনীতির পরিচয় দিয়েছে। ভারতবর্ষের রাজনীতিতে তৃতীয় ফ্রন্ট বলে কিছু নেই, কর্পূরের মতো উবে যায়। এর আগেও গুজরালকে নেতা করে, দেবেগৌড়াকে নেতা করে অনেক পরীক্ষা-নিরীক্ষা হয়েছে। এখন ভারতবর্ষে দুটো ছাতা আছে। একটি আডবানিজীর নেতৃত্বে পদ্মফুল চিহ্নের এন.ডি.এ.-র ছাতা এবং অন্যটি শ্রীমতী সোনিয়া গান্ধীর নেতৃত্বে হাত চিহ্নের ধর্মনিরপেক্ষ ভারত গড়ার, ভারতবর্ষের স্বাধীনতা, স্বয়ম্ভরতা রক্ষা করার, ভারতবর্ষের গোষ্ঠী নিরপেক্ষতার, আগামীদিনের ভারতবর্ষের প্রগতির ছাতা। আজকে কমিউনিস্ট পার্টি এতটাই দেউলিয়া হয়েছে যে তাঁরা অন্ধ কংগ্রেস বিরোধিতা করতে

গিয়ে ভারতবর্ষের রাজনীতিতে আবার সাম্প্রদায়িক বি.জে.পি.-র উত্থানের সুযোগ করে দিচ্ছে। আমরা তীব্র নিন্দা করছি, ধিক্কার জানাচ্ছি সি.পি.এমের এই দেউলিয়া রাজনীতির প্রেক্ষাপটকে। ভারতবর্ষের মানুষ জেনেছে আন্তর্জাতিক রিপ্রেশন এবং ডিপ্রেশনের মধ্যে কংগ্রেস নেতৃত্বাধীন, ড: মনমোহন সিংহের প্রধানমন্ত্রিত্বে এবং শ্রীমতী সোনিয়া গান্ধীর নেতৃত্বে কিভাবে ভারতবর্ষকে রক্ষা করা গেছে। একদিকে পাকিস্তানের আক্রমণ, ক্রশবর্ডার টেররিজম এবং অন্যদিকে আন্তর্জাতিক অর্থনীতিতে মন্দা। আবার জাতীয় কংগ্রেস শ্রীমতী সোনিয়া গান্ধীর নেতৃত্বে সরকার গড়বে।

[12.30–12.40 p.m.]

ড: মনমোহন সিং আবার জিতে এসে প্রধানমন্ত্রী হয়ে কাজ করবেন। এই দেউলিয়া কমিউনিস্ট, এই দেউলিয়া সি.পি.এম. নেতারা এখন মায়াবতীর চরণতলে নিজেদেরকে সমর্পণ করতে রাজি আছেন। সেই কারণে জাতপাত ধর্মান্ধতার সুড়সুড়ি দেওয়ার চেষ্টা করছে। আপনারা জেনে রাখুন পশ্চিমবঙ্গে লোকসভার নির্বাচনে আগেও যেমন কংগ্রেস জিতেছে, তেমনি এইবারও জিতে আসবে।

শ্রী সাধুচরণ বাগদী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় একটি পাকা রাস্তা আছে, সেটি এখন বেহাল অবস্থায় রয়েছে। সাঁইথিয়া থেকে বহরমপুর পর্যন্ত রাস্তাটি, যেটি আমার এলাকার মধ্যে পড়ে, ওই ২৫ কি.মি. রাস্তাটি মেরামতি না করার ফলে গাড়ি চলাচল করতে পারছে না। ওই রাস্তা দিয়ে প্রতিনিয়ত বাস, ট্রাক, ছোট-বড় গাড়ি চলাচল করে। স্কুল কলেজের ছেলেমেয়েরা ওই রাস্তা দিয়ে পড়াশুনা করতে যায়। কিন্তু ওই রাস্তাটির অবস্থা খুবই খারাপ ফলে সময়মতো গন্তব্যস্থলে পৌঁছানো যায় না। আমি এই ব্যাপারে গত অধিবেশনে একই দাবি রেখেছিলাম। কিন্তু রাস্তাটির কোনো সংস্কার হয়নি। এর ফলে ওই রাস্তাতে প্রতিনিয়ত দুর্ঘটনা হচ্ছে। সেই কারণে আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সত্বর ওই রাস্তাটির সংস্কার হয় এবং এই আবেদন আমি রাখছি। ধন্যবাদ।

শ্রীমতী মালা সাহা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে আমার কেন্দ্রে বেলগাছিয়া থেকে কাশীপুর, সেখানে লকগেট থেকে নিউটাউন পর্যন্ত বহু অর্থ ব্যয়ে একটি লঞ্চ-সার্ভিস চালু করার ব্যবস্থা নেওয়া হয়েছিল নির্বাচনী চমক দেবার জন্য। কিন্তু বহু অর্থ ব্যয়ে যে লঞ্চ চালু করার পরিকল্পনা হয়েছিল কার্যক্ষেত্রে সেটা চালু হয়নি। ওই ব্যবস্থাটি মাঝপথেই মুখ থুবড়ে পড়েছে। এর ফলে গঙ্গাকে পরিষ্কার করা তো দূরের কথা, দুর্গন্ধে ভরে গেছে। অথচ লকগেটটি খুলে দিলেই দুর্গন্ধ দূর হতে পারে। লকগেট নিয়মিত না খোলার জন্য ওই এলাকাটি দুর্গন্ধে ভরে গেছে এবং মশার উপদ্রব বেড়েছে। সেই কারণে আমার আবেদন যে, অবিলম্বে লকগেটটি যাতে খোলা হয় এবং ওই এলাকার লকগেট থেকে নিউটাউন পর্যন্ত এলাকাতে লঞ্চ-সার্ভিস চালানোর ব্যবস্থা করা হয়।

শ্রীমতী কল্পনা কোলে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১১ই মার্চ, ২০০৯ আমার বিধানসভা এলাকা উত্তরপাড়া গ্রাম পঞ্চায়েতের সৈয়দ আলি ভুঁইয়া, যিনি ১০ বছর ওই গ্রাম পঞ্চায়েতের প্রধান ছিলেন এবং ৫ বছর জয়পুর পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ ছিলেন। এবং ওনার গ্রামের একটি হাইস্কুলের ম্যানেজিং কমিটির সম্পাদক ছিলেন। ওখানকার সমবায় সমিতির সম্পাদক ছিলেন। সেই বিপুল জনদরদী মানুষটি রাত ৯টার সময় দোকান বন্ধ করে বাড়ি ফেরার সময় একদল তৃণমূল কংগ্রেস জোট রাতের অন্ধকারে ভীরু কাপুরুষের মতো নৃশংসভাবে কশানের ভেতর পরপর দুটি গুলি করে খুন করে পালিয়ে যায়। এই ঘটনার আমি তীব্র নিন্দা করছি। আর মন্ত্রীর কাছে অনুরোধ রাখতে চাই যে, এই সমাজবিরোধী দুষ্কৃতিকারীদের দৃষ্টান্তমূলক সাজা দিয়ে শুধু গ্রাম শহর রাজ্য থেকে নয়, যেন সারা ভারতবর্ষ থেকে বিতাড়িত করে নিশ্চিহ্ন করে দেওয়া যায়। যারা মুখে সাধু কথা বলে আর অসাধু কাজ করে তাদেরকে সমস্ত মানুষ ঘৃণা দিয়ে কোণঠাসা করা যায় তার ব্যবস্থা করুন। ধন্যবাদ।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে অবতারণা করেছি। রাজ্য সরকার ২০০৩ সালে স্টেট হোমিওপ্যাথিক কাউন্সিলের তত্ত্বাবধানে হোমিও ফার্মাসিস্ট তৈরি করার জন্য একটি সার্টিফিকেট কোর্স ইন্ট্রোডিউজ করে। সেই কোর্স পড়াবার জন্য রাজ্যে ৭টি হোমিওপ্যাথি কলেজ গড়ে উঠেছে। ইতিমধ্যে ৭টি কলেজ থেকে ৮০০ জন ছেলেমেয়ে হোমিও ফার্মাসিস্ট হিসাবে পাশ করে বেরিয়ে এসেছে। স্টেট হোমিওপ্যাথ কাউন্সিল তাদের রেজিস্ট্রেশান নম্বর দিয়েছে। উদ্দেশ্য ছিল ওরা বিভিন্ন চিকিৎসা কেন্দ্রে অর্থাৎ সরকারি ও বেসরকারি ক্ষেত্রে ওদের কর্মসংস্থানের সুযোগ হবে এবং পঞ্চায়েতি রাজ্য ব্যবস্থায় যেহেতু সাব-সেন্টারেও হোমিওপ্যাথি চিকিৎসা চালু হয়েছে, সেখানে কর্মসংস্থান হবে। কিন্তু প্রতিবন্ধকতা হয়ে দাঁড়িয়েছে যে রেজিস্ট্রেশান থাকা সত্ত্বেও রাজ্যের ড্রাগ কন্ট্রোলার তাদেরকে লাইসেন্স দিতে কিন্তু প্রস্তুত নয়। আমরা পি.টি.টি.আই. ছাত্রদের নিয়ে আওয়াজ তুলেছি। এন.সি.ই.টি.-র অনুমোদন না পাওয়ার ফলে ৭৫ হাজার ছেলেমেয়ের ভবিষ্যৎ হয়তো অনিশ্চিত হয়ে যাবে। এই ক্ষেত্রে লাইসেন্স দেওয়ার জন্য কিন্তু কেন্দ্রে যাওয়ার দরকার নেই। রাইটার্স বিল্ডিংয়ের যিনি ড্রাগ কন্ট্রোলার, তার হাতেই ক্ষমতা রয়েছে। তিনিই লাইসেন্স ইস্যু করবেন। এই ভাবনা নিয়ে কি এই কোর্স পড়ানো শুরু হয়েছিল ? একদিকে পঞ্চায়েত স্তরে এখনো খালি পদ পড়ে আছে। অন্যদিকে চাকরি প্রার্থীরা লাইন দিয়ে দাঁড়িয়ে আছে। কিন্তু ড্রাগ কন্ট্রোলারের পক্ষ থেকে লাইসেন্স না দেওয়ার ফলে কারুরই কর্মসংস্থান হয়নি কি সরকারি, কি বেসরকারি ক্ষেত্রে। তাই আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী অর্থাৎ যার উদ্যোগে এই কোর্স পড়ানোর সুযোগ হয়েছিল, তাঁর হস্তক্ষেপ দাবি করছি। যাতে করে এই ৮০০ জন ছেলেমেয়েকে অনিশ্চয়তা থেকে নিশ্চয়তার রূপ দেওয়া যেতে পারে। ধন্যবাদ।

শ্রী প্রফুল্ল কুমার ভৌমিক : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, নদিয়া জেলার করিমপুর একটি প্রত্যন্ত এলাকা। এখানে রেল লাইন নেই। বাসই যাতায়াতের একমাত্র রাস্তা। অনেক

বাস সেখানে থাকে। কলকাতা থেকে যায়, বহরমপুর থেকেও আসে। আমি আগেও বলেছি বিষয়টি। এখানে কোনো বাস টার্মিনাস নেই। ওখানে হাঁটা যায় না। অনেক জমি ওখানে খালি পড়ে আছে। সেই খালি জমি নিয়ে ওখানে একটি বাস টার্মিনাস করা হোক। এটাই আমার আবেদন। সেই জন্য আমি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ZERO HOUR

শ্রী দিলীপ সরকার : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি লার্টিন আমেরিকার দেশে—এল সালভাতোরের জনগণকে উষ্ণ অভিনন্দন জানাচ্ছি। গত রবিবার সেখানে রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সেখানে বামপন্থী প্রার্থী মরিসিও ফোনেস বিপুল ভোটে জয়লাভ করেছে। ব্রাজিল আর্জেন্তিনা, ভেনেজুয়েলা, উরুগুয়ে, নিকারাগুয়া, প্যারাগুয়ে এই রকমভাবে আমেরিকার সামনে মাথা তুলে দাঁড়াল। এল সালভাতোর মাথা তুলে দাঁড়িয়েছে। অনেক দেশই মার্কিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে অবস্থান নিয়ে চলছে। তার মধ্যে একটি যুক্ত হল। এইভাবে ধীরে ধীরে ল্যাটিন আমেরিকার দেশের মানুষ আমেরিকার সাম্রাজ্যবাদের বিরুদ্ধে, তাদের অত্যাচারের বিরুদ্ধে, শোষণের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে। অথচ বিভিন্ন বিষয়ে আমাদের দেশের কেন্দ্রীয় সরকার, বিশেে করে ইউ.পি.এ. সরকার, তারা আমেরিকার সাম্রাজ্যবাদের তাঁবেদারি করেছে। এটা খুব দুঃখের, লজ্জার। এই ক্ষেত্রে কি বি.জে.পি.-র নেতৃত্বে এন.ডি.এ. সরকার ও কংগ্রেসের নেতৃত্বে ইউ.পি.এ.-সরকারের কোনো পার্থক্য নেই ? এই তাঁবেদারি করে আমরা কি আমেরিকার সাম্রাজ্যবাদের স্ট্যাটিজিক পার্টনার হবে ? যে চুক্তি করেছিল, পরমাণু চুক্তি—এর ফলে আমাদের দেশের সার্বভৌমত্বকে কোথায় নিয়ে যাচ্ছে, আমাদের দেশকে কোন জায়গায় নিয়ে যাচ্ছে ? দেশের জনগণকে পদদলিত করার চেষ্টা করছে। তার থেকে আমাদের সরকার কি শিক্ষা নিচ্ছে যে কিভাবে নিজের পায়ে দাঁড়াবে ? সেইজন্য আপনার মাধ্যমে পুনরায় এল সালভাতোরের জনগণকে উষ্ণ অভিনন্দন জানাচ্ছি।

[12.40–12.50 p.m.]

শ্রী তজমুল হোসেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখন সাপে কাটা এবং কুকুরে কামড়ানো রোগীর সংখ্যা বাড়ছে। আমাদের সরকারি হাসপাতাল এবং স্বাস্থ্যকেন্দ্রগুলিতে অনেক ওষুধ সরবরাহ করা হয়। আমার দাবি ব্লক ও জেলা হাসপাতালে পর্যাপ্ত পরিমাণে সাপে কাটা এবং কুকুরে কামড়ানো ভ্যাকসিন এবং অন্যান্য জীবনদায়ী ওষুধ সরবরাহ করা হোক। আমরা জানি আমাদের সরকার প্রচুর পরিমাণে ওষুধ নিয়মিত সরবরাহ করছে। আমাদের আরও দাবি—এই বিষয়ে প্রচারের ব্যবস্থা করা হোক যে, কি কি ওষুধ জেলা স্তরে পাঠানো হচ্ছে এবং হসপিটালে কি কি ওষুধ আছে। এটা যদি সঠিকভাবে প্রচার করা হয়, তাহলে মানুষ অনেক রোগের হাত থেকে রক্ষা পাবে। হসপিটালে গেলে ডাক্তারবাবুরা বলেন ওষুধ নেই, অথচ

আমাদের সরকার প্রচুর পরিমাণে ওষুধ সরবরাহ করছে। তাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি, যাতে অবিলম্বে সর্বত্র সাপে কাটা ও কুকুরে কামড়ানো ভ্যাকসিন দেওয়া হয়।

শ্রী প্রভাত মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। ব্যাপারটা হচ্ছে আমার বিধানসভা এলাকার 'আরশা' ব্লকে 'কাঁটাডি' রেল স্টেশনের কাছে একটা রেলওয়ে ক্রসিং আছে। সেই ক্রসিং-এ বরাবরই দুষ্কৃতীরা হামলা চালায়। মাওবাদীরা হামলা চালিয়ে কাঁটাডি রেল স্টেশনের কাছে যে পুলিশ ক্যাম্প ছিল সেখান থেকে অস্ত্র লুঠ করে নিয়ে যায়। এর পরিপ্রেক্ষিতে রেল ক্রসিং-এ যে একটা বিপদ, অঘটন ঘটার অন্তরায় হয়ে দাঁড়িয়েছে, তাই ওই জায়গায় রেলওয়ে ওভার ব্রীজ প্রয়োজন। তার কারণ আন্তঃরাজ্য সড়ক পথ হওয়াতে সেখান দিয়ে ঝাড়খণ্ডে যাওয়ার রাস্তা দিয়ে প্রচুর গাড়ি, ট্রাক, বাস যাতায়াত করে, ফলে সেখানে যানজট সৃষ্টি হয়। সেইজন্য সেই জায়গাটাতে যাতে অবিলম্বে রেলওয়ে ওভার ব্রীজের ব্যবস্থা করা যায় তার জন্য আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর কাছে অনুরোধ করছি, যাতে করে কেন্দ্রীয় সরকারের কাছে, রেলওয়ে বিভাগের কাছে এই বার্তা পৌঁছে দেওয়া যায় যে, এই জায়গাটাতে অবিলম্বে রেলওয়ে ওভার ব্রীজের ব্যবস্থা করা দরকার।

শ্রী বিশ্বনাথ ঘোষ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, বার্ড ফ্লু আমাদের পশ্চিমবঙ্গে মোকাবিলা করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের প্রাণীসম্পদ বিভাগ বিশেষ উদ্যোগ গ্রহণ করে এবং তার পরে প্রাণী-পালকদের পুনর্বাসনের জন্য আর্থিক অনুদান দেওয়ার কাজও চলছে। আমাদের নদিয়া জেলার তেহট্ট ২ নম্বর ব্লকে গোপীনাথপুর গ্রামপঞ্চায়েতে যে অর্থ বিলি করা হয়েছে তাতে দেখা গিয়েছে যে, প্রকৃতপক্ষে ক্ষতিগ্রস্ত যারা, তাদের নামের তালিকা উপেক্ষা করে যাদের কোনোরকম ক্ষতি হয়নি এবং হলেও তারা অবস্থাসম্পন্ন, তাদেরকে একতরফাভাবে সেই অর্থ দেওয়ার ফলে সেখানকার মানুষ গত ৫ তারিখে প্রতিবাদ করে। সংশ্লিষ্ট বি.ডি.ও. গিয়ে এই ঘটনায় হস্তক্ষেপ করে তদন্তের আশ্বাস দেন। আমরা তার পরবর্তীতে দেখলাম যে, সেই প্রতিবাদকারী পরিবারের ১৫ জন মানুষের বিরুদ্ধে মিথ্যা মামলা রুজু করা হয়েছে। আমি দাবি করছি, অবিলম্বে এই ঘটনার তদন্ত করে প্রকৃত ক্ষতিগ্রস্তদের অনুদান দেওয়ার ব্যবস্থা করতে হবে এবং মিথ্যা মামলা প্রত্যাহার করার জন্য বিভাগীয় মন্ত্রী হস্তক্ষেপ করুন—এই অনুরোধ জানাচ্ছি।

শ্রী অশোক কুমার দেব : স্যার, অনেক গ্রামীণ হাসপাতাল এখনও তৈরি হচ্ছে না। দিল্লির একটা গাইড লাইন আছে, সেই গাইড লাইন অনুযায়ী ৫০ লক্ষ মানুষের মধ্যে একটা করে মেডিকেল কলেজ করা দরকার। কিন্তু আমাদের রাজ্যে সেটা হয়নি। ৩৬০ কোটি টাকা খরচ করেও দেখা যাচ্ছে এখনও কোনো কাজ হয়নি এবং এটাও একজন স্বাস্থ্য দপ্তরের অফিসার বলেছেন যে, 'প্রয়োজনীয় ডাক্তার পাচ্ছি না বলে আমরা হাসপাতাল চালু করতে পারছি না।' অনেক জায়গায় বিল্ডিং করে দিয়েও শিলান্যাস করার পরেও দেখা যাচ্ছে যে

সেখানে কোনো হসপিটাল চালু হয়নি। সারা রাজ্যে এই যে ঘটনা ঘটছে এতে আমাদের প্রচণ্ড ক্ষতি হচ্ছে। এই হাউসে আমার আগে একজন বললেন সাপে কামড়ানো ঔষধ পাওয়া যাচ্ছে না। কাজেই স্বাস্থ্য কেন্দ্রগুলোকে যদি বিকেন্দ্রীকরণ করা না যায় তাহলে গ্রামের মানুষের অসুবিধা হবে। গরিব মানুষদের কলকাতায় আসতে হয় ট্রিটমেন্ট করার জন্য। কলকাতায় এসে ট্রিটমেন্ট করা গরিব মানুষের পক্ষে সম্ভব হয় না। হসপিটালের জন্য যে বিল্ডিংগুলো তৈরি হয়েছে, সে কেন্দ্রীয় সরকারের টাকা খরচ করে হোক বা রাজ্য সরকারের টাকা খরচ করে হোক বা ব্যাঙ্ক থেকে লোন নিয়ে হোক, সেগুলো ইমিডিয়েটলি খোলা হোক এবং সেগুলোতে ডাক্তার, নার্স ও স্টাফ নিয়োগ করা হোক। এটা করলে গ্রামের গরিব মানুষদের খুব উপকার হবে। আশা করব আপনাদের শুভবুদ্ধির উদয় হবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : (অনুপস্থিত)

শ্রীমতী কল্পনা কোলে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহোদয়কে অনুরোধ জানাতে চাই আমার বিধানসভা এলাকা ময়নাপুরে কোনো বি.এস.এন.এল.-এর টাওয়ার নেই। এর ফলে বেশিরভাগ বি.এস.এন.এল. ফোনই অকেজো হয়ে পড়ে আছে। যোগাযোগ করার ক্ষেত্রে খুব অসুবিধা হচ্ছে। জেলা আধিকারিক টি.ডি.এম.-কে বলা সত্ত্বেও এখনো কোনো উদ্যোগ দেখতে পাচ্ছি না। তাই আপনার মাধ্যমে আমার বিধানসভা এলাকায় খুব শীঘ্রই যাতে সরকারি উদ্যোগে বি.এস.এন.এল. টাওয়ার তৈরি করা হয়, তার আবেদন জানাচ্ছি।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার পূর্ব মেদিনীপুর জেলায় নরঘাট সমেত গোটা জেলাতে পানীয় জলের সংকট দেখা দিয়েছে। বহুদিন ধরে বৃষ্টি না হওয়ার জন্য ভূ-গর্ভস্থ জলের স্তর নেমে গিয়েছে। এর ফলে টিউবওয়েলগুলো থেকে জল উঠছে না। যুদ্ধকালীন ভিত্তিতে টিউবওয়েলগুলোর মেরামত করা অথবা রিসিংকিং করে নীচে আরও পাইপ দিলে মানুষ পানীয় জল পেতে পারে। এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য আমি জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1.30–1.40 p.m. (after recess)]

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী আশীষ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল শ্রদ্ধেয় গোপালকৃষ্ণ গান্ধী মহোদয় ৯ই মার্চ, ২০০৯ তারিখে এই হাউসে যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণের উপর আমি কয়েকটি কথা নিবেদন করতে চাই। স্যার, আমরা জানি সংসদীয় একটা রীতি আছে যে, রাজ্য সরকার যে ভাষণ লিখে দেবেন, সেই ভাষণ রাজ্যপালকে পাঠ করতে

হবে। মাননীয় রাজ্যপালকে দিয়ে যা বলানো হল তা শ্রদ্ধেয় গোপালকৃষ্ণ গান্ধী মহাশয়ের মনের কথা নয়, তা রীতি অনুসারে লিখিত। একটা প্রখ্যাত উক্তি আছে, সেটা হল—

"শুনেছ মোর মুখের কথা, শোনো নাই অন্তরের কথা।"

যদি তাই হত, তাহলে আমরা রাজভবনে নিষ্প্রদীপ রাজভবন দেখতে পেতাম না। একটা নীরব প্রতিবাদ। সুতরাং যদি তাই হত স্যার, তাহলে নন্দীগ্রামের মানুষকে যখন হত্যা করা হল, তখন মাননীয় রাজ্যপাল মহাশয় সেখানে ছুটে যেতেন না, তাদের চোখের জলের সঙ্গে তিনি নিজের চোখের জলকে মিলিয়ে দিতেন না।

(ভয়েস : ক্রিকেট খেলতে গিয়েছিলেন।)

ব্যঙ্গ করে যা বলা হল সেটা ঠিক নয়। সম্ভ্রম রেখে বলা উচিত ছিল। যদি ক্রিকেট খেলতেই যান, তাহলে হত্যার লীলা দেখে যে শিশুরা আতঙ্কিত হয়, রাতে ঘুম হয় না, সেই শিশু মনে একটা সাহস, শক্তির অনুভূতি জাগানোর জন্য ক্রিকেট খেলতে যান—স্মরণে রাখবেন এটা। আপনারা বেশি কথা বলবেন না। বেশি কথা বলা আপনাদের শোভা পাচ্ছে না। কারণ কিছুদিন আগেও আপনারা গর্ব করে বলতেন যে, নন্দীগ্রামের মানুষ আপনাদের পক্ষে ছিল। তারপর নন্দীগ্রামে যখন উপনির্বাচন হল, তখন এই ফিরোজা বিবি ৪০ হাজারের ধাক্কা দিয়ে এখানে এলেন। এখন নন্দীগ্রামের মানুষ আপনাদের সাথে নেই। হত্যাকারীদের সাথে নেই, অত্যাচারীদের সাথে নেই তারা। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে রাজ্য সরকারের শিল্পনীতির কথা ঘোষণা করেছেন, কিন্তু তাতে কোথাও উল্লেখ করেননি যে রাজ্যে বন্ধ কল-কারখানার সংখ্যা কত। ৫৫ হাজার বন্ধ কল-কারখানা রয়েছে এই রাজ্যে। যদি বলতেন এই ৫৫ হাজার বন্ধ কল-কারখানার মধ্যে এই বছরে আমার সরকার ২ হাজার কল-কারখানা খুলবে সেই ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ, তাহলে বোঝা যেত রাজ্য সরকারের একটা আন্তরিকতা আছে। বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রে যাদের জমি নিলেন, ৩৯টা পরিবারের একজন করেও যদি চাকরি দিতেন, যে ৩০০ পরিবারের কিছু কিছু জমি নিলেন, তাদের পুনর্বাসনের ব্যবস্থা যদি করতেন তাহলে সরকারের সদিচ্ছার কথা বোঝা যেত। তাদের দিলেন না। যারা ওখানে ক্যাজুয়াল লেবার হিসাবে কাজ করছেন তাদের দীর্ঘদিন ধরে রাখলেন। মাননীয় মুখ্যমন্ত্রী অস্থায়ী কর্মীদের স্থায়ী করার কথা বলছেন। আবার একটা ভাঁওতা, আবার একটা ধাপ্পা মানুষের প্রতি। হাজার হাজার অস্থায়ী কর্মীকে স্থায়ী করার কথা সগর্বে ঘোষণা করছেন, কিন্তু দুর্ভাগ্যের বিষয় বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রে যারা দীর্ঘকাল ধরে অস্থায়ী কর্মী হিসাবে কাজ করছেন তাদের একজনকেও স্থায়ী করলেন না। বোলপুরের কাছে একটা শিবপুর মৌজা আছে। সেখানে বড় বড় হোর্ডিং লাগালেন, বললেন শিল্প হবে, শিল্প তালুক গড়ে উঠছে। চাষিদের কাছ থেকে জমি ছিনিয়ে নিলেন, তারকাঁটা দিয়ে বেড়া বাঁধলেন, মানুষকে বোঝালেন যে শিল্পতালুক হচ্ছে। ২০০১ সালের পর থেকে আট আটটা বছর চলে গেল শিল্প তালুকের সাইনবোর্ডটাই রইল, শিল্পতালুক আর হল না। ২০০১ সালে বিধানসভার সদস্য হয়ে আমরা এম.এল.এ.দের প্রতিনিধি দল সেখানে গিয়েছিলাম। আমরা যাচ্ছি সংবাদ পেয়ে রাতারাতি সেই সাইনবোর্ড সাদা রঙ দিয়ে মুছে দেওয়া হল। বোঝানো হল, এখানে শিল্প তালুক-টালুক

করার কথা কিছু বলছি না। তারপর আমরা ফিরে এলাম এবং আমরা ফিরে আসার পরই আবার সেই সাইনবোর্ড উঠল যে শিল্প তালুক হবে। আমরা প্রশাসনকে জিজ্ঞেস করলাম কত দিনে হবে ? প্রশাসন নীরব। চাষিরা বলল, কবে হবে ? আমাদের জমি নিলে, আমাদের চাষ করতে দিলে না, আমরা মাথার ঘাম পায়ে ফেলে অন্ন সংগ্রহ করতাম তা বন্ধ করে দিলে, কবে হবে শিল্প ? চাষিরা বিক্ষুব্ধ হয়ে উঠল। তারা গিয়ে ওই কাঁটা তারের বেড়া হেলিয়ে দিল। নিয়ে নিতে পারবে না জমি সেটা জানে। কাঁটাতারের বেড়া সরিয়ে দিলে চাষিরা জমি নিয়ে নিল তা নয়। এটা আমরা জানি।

[1.40–1.50 p.m.]

আমরা কিন্তু জানি স্যার, হেলিয়ে দেওয়া মানে একটা প্রতিবাদ। বামফ্রন্টের স্তম্ভকে হেলিয়ে দেওয়া। এই হেলিয়ে দেওয়া মানে অন্য কিছু নয়। হেলিয়ে দেওয়া মানে একটা প্রতিবাদ তোমরা শিল্প করবে বলে আমরা আমাদের জমি দিয়েছিলাম, তোমরা আমাদের জমি কেড়ে নিয়েছিলে, আজ পর্যন্ত সেই শিল্প হল না কেন জবাব দাও। মাননীয় শিল্পমন্ত্রী বলেন আমরা শিল্প করব। একটা ইঁটও সেখানে উঠেছে, একটা পাথরও সেখানে গাঁথা হয়েছে একটা চিমনির ধোঁয়াও সেখানে উঠেছে ? এখনো কোনো শিল্প হল না। অথচ শিল্প তালুক গড়ার নামে জমি কেড়ে নেওয়া হল। তখন যদি মমতা ব্যানার্জি প্রতিবাদ করেন অন্যায় হবে ? মমতা ব্যানার্জি যদি বলেন চাষিদের হত্যা করে শিল্প করা চলবে না অন্যায় হবে ? তিনি যদি বলেন চাষিদের রক্ত চোষা চলবে না অন্যায় হবে ? কৃষি নাকি আপনাদের ভিত্তি। সেই ভিত্তি কোথায় ? কৃষককে মেরে, কৃষকের উপর পিস্টন যন্ত্র চালিয়ে, কৃষককে শেষ করে দিয়ে, কৃষককে রক্তাক্ত করে দিয়ে সেই রক্তাক্ত পথে হেঁটে যাওয়ার মধ্যেই আপনাদের ভিত্তি। তাই বলছি শিল্প নিগমের সাইনবোর্ড দিয়ে শিল্পতালুক করব বললেই শিল্প গড়ে ওঠে না। শিল্প গড়তে গেলে চাই পরিকাঠামো, চাই শিল্প গড়ার মানসিকতা। তা তো আপনাদের নেই। হাতে লাল ঝাণ্ডা ধরিয়ে দিয়ে আমরা শিল্প করব বললেই, স্লোগান দিলেই শিল্প হয় না। একদিকে হাতে লাল ঝাণ্ডা অন্যদিকে ৫৫ হাজার শিল্প কারখানা বন্ধ হয়ে গেল। বলুন না এখানে যারা বীরভূমের এম.এল.এ. আছেন আপনারা বলুন মাননীয় উপাধ্যক্ষ মহাশয় স্বয়ং বীরভূমের আমেদপুর চিনি কল বন্ধ হয়ে গেল। আমেদপুর চিনি কল আমাদের একটা গর্ব ছিল। যখন চিমনি দিয়ে ধোঁয়া বেরতো মানুষ বলত আমেদপুরে একটা চিনি কল আছে। আমরা বাল্যকাল থেকে শুনে আসছি। সেই চিনি কল বন্ধ হয়ে গেছে বামফ্রন্ট সরকারের আমলে। আমাদের বর্তমান যিনি শ্রমমন্ত্রী তাঁকে আমি প্রশ্ন করেছিলাম এখন কি করা হবে ? কি করবেন আপনারা। মাননীয় মন্ত্রী থতমত খেয়ে গেলেন। হঠাৎ করে আপনার অনুমোদনে আমি প্রশ্ন করার সুযোগ পেয়েছিলাম। মাননীয় মন্ত্রী বললেন, 'আমরা খুলবার চেষ্টা করছি।' কি খুলবেন ? ধান গজিয়ে গেছে সেখানে। শুধু কি আমেদপুর চিনি কল, রায়নগর সীসা ফ্যাক্টরি বন্ধ হয়ে গেল, পাচড়া কটন মিল বন্ধ হয়ে গেল। বলুন না আপনারা আমেদপুর চিনি কল খোলা আছে। এতবড় একটা শিল্প আপনারা শেষ করে দিলেন, ধ্বংস করে দিলেন। তারপরেও আপনারা বড়বড় কথা বলেন। একটার পর একটা কারখানা বন্ধ হয়ে গেল।

আপনাদের নীরব থাকা উচিত। রাজ্যপালের ভাষণে বলছেন ই-গভর্নেন্সের কথা। দুঃখ হচ্ছে স্যার, ওদের প্রতি করুণা হচ্ছে। বামফ্রন্ট সরকার ই-গভর্নেন্সের কৃতিত্ব দাবি করেন। কয়েকদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী খুব চেষ্টা করেছিলেন যোগাযোগ করতে। তিনি যোগাযোগ করলেন বর্ধমানের ডি.এমের সঙ্গে। সেখানে ফেলিওর হলেন। তিনি যোগাযোগ করলেন পশ্চিম মেদিনীপুরের ডি.এমের সঙ্গে—সেখানে ফেলিওর হলেন। তিনি যোগাযোগ করলেন বাঁকুড়ার ডি.এমের সঙ্গে—সেখানেও ফেলিওর হলেন। সমস্তটাতেই উনি ফেল করলেন। মুখ্যমন্ত্রী কি বলবেন ? তারপরেও আপনারা সরকারের পক্ষ থেকে বক্তব্য রেখে বলছেন যে, ই-গভর্নেন্সের মাধ্যমে আপনারা সংযোগ সৃষ্টি করছেন। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীই যেখানে সংযোগ সৃষ্টি করতে পারলেন না, সেখানে প্রশাসনের সর্বস্তরে ই-গভর্নেন্সের মাধ্যমে সংযোগ স্থাপন করবেন কিভাবে ? এটা আমাদের বিশ্বাস করতে হবে ? এটা আমাদের ধরতে হবে ? হ্যাঁ, ফেলিওর ইজ দ্য পিলার অফ সাকসেস। এই ফেলিওর ৩২ বছর ধরে করে যাচ্ছেন।

মাননীয় সেচমন্ত্রী এখানে উপস্থিত আছেন। পশ্চিমবঙ্গের সেচের উন্নয়নের জন্য, সেচের সুবিধা দেওয়ার জন্য লিখেছেন সেচের কথা। আপনারা ৩২ বছর ধরে ক'মাইল, কত কিলোমিটার এই সেচের খাল কেটেছেন, নতুন সেচ করেছেন, গ্রামে গ্রামে আপনারা কত বাঁধ দিয়েছেন, কত জায়গাতে কত বর্গফুট আপনারা খাল কেটেছেন, সেটা বলবেন কি ? কত ইঞ্চি আপনারা খাল কেটেছেন সেটা বলবেন কি ? চাষিদের জন্য আপনাদের নাকি প্রাণ কাঁদে। সেচের জন্য মানুষ যখন হাহাকার করে, তখন আপনারা সেচ দিতে পারেননি। আমাদের বর্তমান মাননীয় সেচমন্ত্রী খুব সত্যি কথাই বলেন। তিনি বলেই দিয়েছেন, 'ভাঙন প্রতিরোধ করতে পারব না। ওইসব হবে না'। তিনি বলেই দিয়েছেন বন্যা হবেই, ওইটা প্রতিরোধ করতে পারবেন না। এই বন্যা নিয়ন্ত্রণ তিনি করতে পারবেন না। তাহলে সরকার কিসের জন্য ? সরকার যদি কোনো কিছু করতেই না পারলেন, তাহলে সরকার কিসের জন্য ? সরকার বলছেন, 'আমরা পারব না।' সেচ পারবে না। চাষেরও জমি দিতে পারবে না।

ওইদিকে কৃষিমন্ত্রী বলছেন, আলুর ধসা রোগ যাতে না হয়, তার ব্যবস্থা তিনি করতে পারবেন না। কৃষকদের উৎপাদিত ফসল তিনি সংরক্ষণ করতে পারবেন না। মার্কেটিং দপ্তর বলছে আর নতুন কোনো হিমঘর তারা করতে পারবেন না। তাহলে কি করতে পারবেন ? সরকার কিসের জন্য আছেন ? তাহলে সরকার কি শুধুমাত্র তথ্য সংস্কৃতি দপ্তরের জন্য ? টি.ভি.-তে যখন দেখি, তখন মনে হয় ইস এত জল পড়ছে ? পঞ্চায়েতে পঞ্চায়েতে এত বিশুদ্ধ পানীয় জল ? এই ৮ বছর ধরে একটা অসত্য, অনৃত ভাষণ দিয়ে যাচ্ছেন আপনারা। সবাই বিশুদ্ধ পানীয় জল পান করবেন। স্যার, কি রকম বিশুদ্ধ পানীয় জল ? বহুদূরে যেতে হবে না—তারাপীঠের কাছে নোয়াপাড়া বলে একটি গ্রামের কিরকম বিশুদ্ধ পানীয় জল পান করছেন তার নমুনা দেখুন। ফ্লোরাইড মিশ্রিত পানীয় জল মানুষ খাচ্ছে। সেখানে কাদের বাস ? এখানে সাঁওতালদের বাস। হাত বেঁকে যাচ্ছে মানুষের। মানুষের শরীর হলুদ হয়ে

যাচ্ছে। দাঁতগুলি হলুদ হয়ে যাচ্ছে। তারপরেই মানুষ মারা যাচ্ছে। মন্ত্রী একের পর এক দপ্তরে কথা বলছেন, নির্দেশ দিলেন যে হ্যাঁ, ব্যবস্থা নেওয়া হচ্ছে। যতবারই প্রশ্ন করি ততবারই মন্ত্রী বলেন ২ কোটি টাকার প্রকল্প হচ্ছে। ৮ কোটি টাকার প্রকল্প হচ্ছে। ৮ বছর ধরেই শোনা যাচ্ছে ফ্লোরাইড মুক্ত জল উনি দেবেন। আজও হচ্ছে। সেই কৃতিত্বের কথা উনি মাননীয় রাজ্যপালকে দিয়ে বলালেন এটাই হল কৃতিত্ব। ৮ বছর ধরে প্রতিশ্রুতি দেওয়াটাই হচ্ছে মূল কৃতিত্ব। সেটা ফলপ্রসূ হোক বা না হোক, এই প্রতিশ্রুতি আমরা দিয়েই যাব।

[1.50–2.00 p.m.]

এই অমৃত ভাষণে এই অসত্য কথা বলার দরকার কি ? বিধানসভায় দাঁড়িয়ে তিনি বলছেন, আমি আর্সেনিকমুক্ত জল পান করাব। পান করাতে পারলেন কি ? একের পর এক প্রকল্প শুধু উদ্বোধন—স্যার, খুঁজতে হয়, যে সমস্ত শিলান্যাস করেছেন, জঙ্গল সরিয়ে সরিয়ে খুঁজতে হয়, পাথরগুলো কোথায়। কিন্তু জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রী কি করলেন ? তিনি পাথর লাগালেন। শিলান্যাস করে গেলেন। কিন্তু জলের স্যার, কোনো উন্নতি হল না। পানীয় জল পান করতে পারলেন না। আজও দরিদ্র, আদিবাসী মানুষ কাঁদোর বলে একটা জিনিস আছে—অনেকে জানেন, অনেকে জানেন না, সেই কাঁদোরের কর্দমাক্ত জল খায়। যদি এই বিষয়ে কোনো সংশয় থাকে, আমি চ্যালেঞ্জ দিয়ে বলছি, ওখানে সর্বদলীয় প্রতিনিধি কিংবা তৃণমূলকে বাদ দিয়ে আপনারা বামফ্রন্টের প্রতিনিধিদের নিয়ে গিয়ে দেখুন, গরিব, সাঁওতাল আদিবাসী মানুষ, যে মানুষের কোনো উন্নতি নেই, যারা পাথর ভাঙে, ওখানে ক্রাসারের কাজ করে, সেই মানুষকে শুধু পানীয় জলটুকুও দিতে পারেননি। তারা কর্দমাক্ত কাঁদোরের জলই খায়, পুকুরের জল খায়। আর আপনাদের দাবি, ৩২ বছরে শাসনের জয়ধ্বজা তুলে বলছেন, আপনারা দারুণ করেছেন। কি করেছেন ৩২ বছরে ? হ্যাঁ, আপনারা দারুণ করেছেন। কোথায় ? আপনাদের ক্যাডার স্ফীতি হয়েছে। আপনারা দারুণ করেছেন। ওরাও তো জনসাধারণ, ক্যাডাররাও তো জনসাধারণ। সুতরাং তাদের উন্নতি হলেই দেশের উন্নতি। এই উন্নতি আপনারা করে দিয়েছেন। কিন্তু মানুষকে পানীয় জল দিতে পারেননি। রিক বোর বসিয়ে পানীয় জলের ব্যবস্থা আপনারা করতে পারেননি। আমাদের এখানে শ্রীমতী তপতী সাহা বসে আছেন। স্বাস্থ্য ব্যবস্থা দেখতে গিয়েছিলেন বিভিন্ন জায়গায়। উনি বীরভূমে একটা কথা বলে এসেছেন। যারা মেডিকেল রিপ্রেজেন্টেটিভ, তারা অফিসে থাকবে। মেডিকেল রিপ্রেজেন্টেটিভ অফিস চালায়। গোডাউন পুড়ে যায়, ওষুধ পুড়ে যায়। কিন্তু মেডিকেল রিপ্রেজেন্টেটিভরা অফিসে কম্পিউটার খোলে, কাগজপত্র ঘাঁটে—এইসব করে। আপনারা স্বাস্থ্য ব্যবস্থাটা দারুণ রেখেছেন। কাগজে পড়লাম, সত্যি-মিথ্যা আপনারা বুঝবেন। কোটেশনের মধ্যে ছিল, তাই বলছি। এই রকম করে তো বলা যায় না যে এটা কোটেশনের মধ্যে ছিল, তাই বললাম এটা কাগজে পড়েছি। এই স্বাস্থ্য বিভাগের কাজকর্ম দারুণ স্যার। স্বাস্থ্য বিভাগের কাজকর্ম কিরকম ? গরিব মানুষ—তাদের চিকিৎসা হবে না। মহকুমা হাসপাতালগুলোতে আপনারা চার্ট দিয়েছেন, স্বাস্থ্যমন্ত্রী চার্ট দিয়েছেন—১০৫টি ওষুধ পাওয়া যায়। কিন্তু কটা ওষুধ পাওয়া যায় ? ১০৫টার মধ্যে কটা ওষুধ পাওয়া যায় ?

এম.আর.আই.-তে বিনা পয়সায় চিকিৎসা হওয়ার কোনো উপায় নেই। গরিব লোক সুস্থ হবে কিসে ? কি ছাড় দেওয়া হবে ? সরকারের নিয়ম কি স্যার ? সরকারের নিয়ম হচ্ছে লটারিতে যদি পড়ে তাহলে ছাড় হবে। সরকারি নিয়ম হচ্ছে লটারি যার পড়বে সে ছাড় পাবে। এটা কাদের সিস্টেম ? এটা বামফ্রন্টের। তারা ছাড় পাবেন। স্যার, এই সিস্টেমগুলি জানা আছে ? এই রকম অবস্থা চলছে, এটা জানেন স্যার। আমি একটা বিষয় বলছি আজকে গ্রামের বহু গরিব লোক যারা কেমো নিতে আসেন, কেমোর ডেট পান না। ভেলোরে গেলে বলেছিল কেমো দিতে হবে, ২১ দিনের মাথায় কেমো দিতে হবে। এখানে স্টেট হসপিটালে যোগাযোগ করা হলে তারা বললেন কেমো হবে না, কেমোর ব্যবস্থা নেই। কোন হসপিটাল বললেন ? স্টেট হসপিটাল। স্যার, আপনার মাধ্যমে বলছি শিক্ষ; স্বাস্থ্য, শিল্প, কৃষি সমস্ত কিছুতেই ব্যর্থ এই সরকার। তাই এই রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব তাকে স্বাগত জানাতে অপারগ, এর জন্য আমি দুঃখ প্রকাশ করছি। তাঁর এই ভাষণ যা বামফ্রন্টের অনীত ভাষণ, অসত্য ভাষণ, এই ভাষণ তাঁকে দিয়ে পাঠ করানো হয়েছে। আমি এর জন্য দুঃখ প্রকাশ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী কণিকা গাঙ্গুলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব মাননীয় সদস্য রবীন মণ্ডল মহাশয় এনেছেন, আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা সমস্ত সংশোধনী প্রস্তাবকে পরিত্যাগ নিজেও করছি এবং সকলকে পরিত্যাগ করার জন্য অনুরোধ করছি।

স্যার, আমার পূর্ববর্তী বক্তা এখানে বসে যে সমস্ত বক্তব্য রাখলেন তাতে আমার মনে হয় নিশ্চয় তিনি অসুস্থতায় আক্রান্ত হয়েছেন। বিশেষ করে সুগার মিল নিয়ে যে রকম চেঁচাচ্ছিলেন তাঁর মধুমেহ রোগ হয়েছে কিনা আমি তাতে সন্দেহ প্রকাশ করছি। পাশাপাশি উনি কিছু প্রশ্ন করেছেন। ওঁনার ধৈর্য্য নেই শোনবার, উনি যদি এখানে থাকতেন তাহলে বলতাম কতটা সেচ হয়েছে। ৩২ ছিল ১৯৭৭ সালের আগে, এই ৩২ বছরে সেটা ৭৫ গিয়ে দাঁড়িয়েছে। ওঁনার যদি ধৈর্য্য থাকত তাহলে কত শিল্প হয়েছে তার উত্তর দিতাম। স্যার, আমি আপনার কাছে বিনীত অনুরোধ করব এখানে অনেকগুলি বিষয় পাশাপাশি আলোচিত হয়েছে, অনেক কিছু সূচকের প্রশ্নে আলোচিত হয়েছে। স্যার, একটা কথা আছে কারা যেন ধর্মের কাহিনি শোনে না। কিন্তু তাঁদের ধর্মের কাহিনী শোনানোর প্রচেষ্টা আমাদের অবিরত করে যেতে হয়। সেই কারণে আমি কয়েকটি বিষয় এখানে উল্লেখ করছি, দারিদ্র্যসীমার হার—এটা আমার মস্তিষ্কপ্রসূত বা আপন মনের মাধুরী মিশায়ে নয়, ড: দেব রায়ের যে তথ্য গতকাল সৌগতবাবু এখানে উল্লেখ করে গেলেন সে রকম নয়। এটা ইন্ডিয়ান ডেভেলপমেন্ট রিপোর্ট ২০০৮, সেখানে দারিদ্র্যসীমার হার বলছে পশ্চিমবঙ্গে ১৯৭৭ সালের আগে ছিল ৬৩.৪৩%, এখন সেটা হয়েছে ২৭.২৭%, এটা আমার বিষয় নয়। আরেকটা সূচক আমি জানাচ্ছি এটা গ্লোবাল হাঙ্গার ইনডেক্স, উন্নয়নশীল দেশগুলির মধ্যে ১১১টা দেশের মধ্যে ৯৬তম স্থানে রয়েছে ভারতবর্ষ। বিশ্বের মোট জনসংখ্যার মাত্র ১৭% বাস করে এই ভারতে। দুঃখের হলেও এটা সত্যি যে ক্ষুধার্ত মানুষ ২৭% বাস করে এই ভারতবর্ষে। এই যে আক্ষেপগুলি করে গেলেন এইমাত্র......

[2.00–2.10 p.m.]

তাহলে এই যারা আক্ষেপ করে গেলেন এতক্ষণ তাদের তো ভুলে গেলে চলবে না। এই ক্ষুধার রাজ্য ওদের সৃষ্টি করা। আমরা তো দেখেছিলাম ১৯৪৭ সালের পরে এবং ৭৭-এর আগে প্রত্যেকটা বছরে আগস্ট সেপ্টেম্বর মাসে একটা খাদ্যাভাব দেখা গেছে। খাদ্য আন্দোলন হয়েছিল। মানুষ তো ভোলেনি, ১৯৫৯ সালের কথা এই রাজভবনের সামনে যেখানে ৮০ জন মানুষকে বিধান রায়ের পুলিশ পিটিয়ে খুন করেছিল—সেই রক্তাক্ত রাজপথের ইতিহাস মানুষ ভুলে যায়নি। তাদের দাবি ছিল কি ? তারা খাবার চেয়েছিল। এটুকুই দোষ ছিল তাদের। আমরা ভুলিনি। আর আপনারা প্রশ্ন করবেন মরল কারা ? পি.এল. ৪৮ গমের কথা কেউ আমরা ভুলিনি, আমরা মাইলোর কথা ভুলিনি। মানুষও ভোলেননি। মানুষ ভোলেননি বলেই আপনাদের অবস্থান এই জায়গায় দাঁড়িয়ে। আপনাকে এ কথা ভাবতেই হবে। আজকে আমি শুনলাম যে মাননীয় মানসবাবু উনি তার বক্তৃতায় আমাদের মুখ্যমন্ত্রীকে কুপরামর্শ দিচ্ছিলেন। আমি শুধু বলতে চাই মাননীয় মানসবাবুকে যে আপনার দল সম্পর্কে আপনি কিছু সুপরামর্শ নিন। শনির দশা কাটানোর জন্য আপনি কি করছেন ? আপনার তো ৪২-এ ১৪। সে তো গেল। আর দু-দুটো জ্যান্ত বিধায়ক আপনার দল থেকে গলে পড়ে গেল, কলকাতা গেজেটের দুটো টুকরো মাননীয় অধ্যক্ষের জন্য আমার হাতে এসে পৌঁছাল। সেই থেকে আপনার দলের লোকেদের মস্তিষ্কের ঠিক নেই। একটু এদিক ওদিক কথা বলছে। কিন্তু তাহলেও দায়দায়িত্ব নিয়ে কথাগুলো বলুন। আপনি একটু শান্তি স্বস্ত্যয়নের ব্যবস্থা করুন। শনির দশা আপনার খুব ভালোই লেগেছে। আমি যে বিষয়ে বলছিলাম স্যার, আমাদের দেশের আমাদের একটা রাজ্য এই পশ্চিমবাংলায় আমরা বিকল্প পথে হেঁটে আমরা একটা জায়গায় পৌঁছতে পেরেছি। এটা ওই দেবরায়ের সংখ্যাতত্ত্ব নয়। এটা আমাদের ৫৯তম জাতীয় নমুনা সমীক্ষায় বেরিয়েছে। তারই একটা বিশেষ অংশ আমি আপনাদের সামনে উল্লেখ করছি। যে আমাদের ভারতবর্ষে এখন যে মাথাপিছু খাদ্যোৎপাদন হচ্ছে তার পরিমাণ হল, ১৬২ কিলোগ্রাম। এটা ছিল কিছুদিন আগে ১৯৯৫ সালে সেটা ছিল ১৯২ কিলোগ্রাম। এটা বাড়ছে না কমছে ? এই হিসেবটা মাননীয় সদস্যরা জেনে বলছেন কি না জেনে বলছেন স্যার বিষয়টা দেখবেন। এবং পাশাপাশি জনসংখ্যার বৃদ্ধির হার কি হয়েছে ? সেটাও আপনাদের কাছে উল্লেখযোগ্য। আমরা দেখছি এখানে যে খাদ্যের যে ঘাটতি সেটা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। যেটা ৩.২ শতাংশ উৎপাদন ছিল সেটা কমে হয়েছে ১.৭৪ শতাংশ। সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের পশ্চিমবঙ্গের যে অবস্থান এবং সেখানে মাথাপিছু খাবারের প্রশ্নে আমরা এখন এক নম্বরে রয়েছি। এটাও জেনে রাখুন মাথাপিছু মানুষের ক্যালোরির প্রশ্নে আমরা দ্বিতীয় স্থানে আমরা ভারতের মধ্যে অবস্থান করছি। অবাক হবেন না দ্বিতীয়টা নিয়ে। কারণ প্রথম স্থানে যে রাজ্যটি আছে তার নাম কেরালা সেটাও বাম গণতান্ত্রিক শাসনে সেখানে সরকার পরিচালিত হচ্ছে। আমরা এর আগে গতকালের আলোচনায় দেখেছি, এবং আজকে মাননীয় সদস্য দেবুবাবু উপস্থিত নেই তিনিও কালকে বলছিলেন যে, কৃষকরা আত্মঘাতী হচ্ছে। কোথায় কৃষকরা আত্মঘাতী হচ্ছে ? সারা ভারতে কৃষকদের আত্মহত্যা

করার রেটটা নিন। পশ্চিমবঙ্গের একজনেরও নাম নেই। ১৯৭৭ সাল থেকে ২০০১ পর্যন্ত এই সংখ্যাটা ছিল ৭৮,৭৪৭ জন। আর এটা বেড়ে ২০০২ থেকে ২০০৬ সালে কৃষকদের আত্মহত্যার সংখ্যা দাঁড়িয়েছে ৮৭,৫৬৭ জন। প্রতি ৩০ মিনিটে একজন করে আত্মহত্যা করছে। আর এর উপরে যে রাজ্যগুলোর নাম আছে তার নাম মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশ। আমি জানি না, দেবুবাবু চলে গেছেন, বলারও কোনো বিষয় নেই যে, ওনাদের বিধান চ্যাটার্জী কি কারণে আত্মহত্যা করেছেন সেটা আমার পক্ষে বলা সম্ভব নয়। কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে এটাই একটা উন্নয়নের সূচক। এখানে একজন কৃষকের নাম নেই। আর সেই জায়গায় দাঁড়িয়ে যারা এতক্ষণ ধরে কৃষকের দরদে কুম্ভীরাশ্রু বর্ষণ করছিলেন, তাদের উদ্দেশ্যে একটাই কথা, ইতিহাস ভূগোল-এর কোনোটাই পড়ার অভ্যাস তাদের নেই। স্বাভাবিকভাবে চিনির কলে ঘানিতে ঘুরে গেলেন। আমাদের পশ্চিমবাংলায় কৃষি জমির পরিমাণ হল ৬৩ ভাগ, শিল্প শহরাঞ্চলের জমির পরিমাণ হল ২৩ ভাগ, বনাঞ্চল হল ১৩ ভাগ আর অনুর্বর জমি ১ ভাগ। সারাদেশে অনুর্বর জমি যেখানে ১৭ ভাগ, পশ্চিমবাংলা সেই জায়গায় দাঁড়িয়ে মাত্র ১ ভাগ অনুর্বর জমি। স্বাভাবিকভাবে যখন এখানে শিল্প তৈরি করতে হবে, তখন সেই জমির প্রয়োজন আছে। আকাশে বাতাসে শিল্প গড়া যাবে না। সেই শিল্পের আবেদন নিয়ে এখানে বিনিয়োগের প্রশ্ন নিয়ে আমরা বারবার এই আলোচনা করেছি, আমরা এই কথা আপনাদের বলেছি যে আমাদের পশ্চিমবঙ্গে কৃষি জমির পরিমাণ হল ১ কোটি ৩৫ লক্ষ একর। আর এখানে আমাদের যে সমস্ত বিনিয়োগ হয়েছে, প্রস্তাব এসেছে, তাতে সেই বিনিয়োগের সব প্রস্তাব মিলিয়ে ১ লক্ষ একর জমিও হচ্ছে না। সেই জায়গায় দাঁড়িয়ে এই ভাগের পরিমাণ হচ্ছে .৭৪ অংশ। স্বাভাবিকভাবে আপনাদের ভাবতে হবে, সেই উন্নয়নের জন্য এই জায়গা তৈরি করে দেওয়ার ক্ষেত্রে আমাদের ভূমিকা কি হবে ? কোন উপায় ? আপনারা বারবার বলছেন যে পশ্চিমবাংলায় শিল্প হচ্ছে না। কৈ একবারও তো বলছেন না, শিল্প করতে সবচেয়ে বড় বাধা তৈরি করছেন আপনারা। এখন এই তৃণমূল আসনে কোনো সদস্য নেই। কালকে সৌগতবাবু সঠিক কথাই বলেছেন, এখন কৃষি নির্ভরতা কমছে। অন্য পেশায় মানুষ চলে আসছে, এর সংখ্যা ৪০ শতাংশ। দেরিতে হলেও সৌগতবাবু ঠিকই বুঝেছেন পশ্চিমবাংলার উন্নয়নের জন্য জমির প্রয়োজন আছে। শুধু কৃষিতেই উন্নয়ন সম্ভব নয়। আমি সাধুবাদ জানাচ্ছি সৌগতবাবুকে, দুঃখের হলেও এই ঘটনা সত্য, আপনি এতদিন বাদে মেনে নিয়েছেন। পাশাপাশি আপনাদের কাছে উল্লেখ করে দিচ্ছি, আপনাদের নেত্রী স্লোগান দিয়েছে 'নয়াচরে শিল্প হতে দেব না, নয়াচর নো চর'। অর্থাৎ বিরোধিতার জন্য বিরোধিতা। আমরা বারবার বলেছি পশ্চিমবাংলায় উন্নয়নের জন্য দলমতনির্বিশেষে মানুষকে উন্নয়নের পক্ষে কাজ করতে হবে। কিন্তু দুঃখের সঙ্গে হলেও এটা সত্যি যে আজকে সেই ঘটনার পরিপ্রেক্ষিতে দাঁড়িয়ে এই পশ্চিমবাংলার উন্নয়নের জন্য যখনই কোনো কাজ করতে গেছেন তখনই তার বিরোধিতা এসে গিয়েছে। বিরোধী দল কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেস যৌথভাবে বামফ্রন্টের ভাবমূর্তিকে কালিমালিপ্ত করার জন্য ব্যস্ত। ভেবেও দেখছেন না যে আগুন লাগালে নিজেদের ল্যাজেও লাগবে, শেষ পর্যন্ত মুখ পুড়বে। মুখ পোড়া হয়ে থাকতে হবে, তা নাহলে ওইটা বন্ধ করতে হবে। স্বাধীনতার পর থেকে, এই দেশ স্বাধীন হয়েছে কতদিন

৬১ বছর ৭ মাস ২ দিন। এর মধ্যে কংগ্রেস ক্ষমতায় আছে কতদিন, প্রায় ৪৯ বছর ১০ মাস। আজকে কংগ্রেস বলছে পশ্চিমবাংলার উন্নয়ন তারা করবে। আমার দুঃখ হচ্ছে মহিলা হিসাবে এই বিধানসভায় আমরা কয়েকবার আলোচনা করেছি, মহিলা সংরক্ষণ বিল নিয়ে! আমরা দেখেছি কংগ্রেসের পক্ষ থেকে এটাকে সমর্থন করেছেন। এই বিগত ৪৯ বছর ৯ মাসে ওদের একবারও মনে পড়ল না, আজকে নির্বাচনের মুখে দাঁড়িয়ে ওদের নেত্রী খড়গ্রামে গিয়ে বলছে আরো ৫ বছর আমাদের সময় দিন, তাহলে আমরা এই বিধানসভায় ও সংসদে মহিলাদের আসন সংরক্ষণ বিষয়টা দেখব। এটা কি খুড়োর কল ? যার সামনে জিভে গজা লাড্ডু ঝুলিয়ে রাখবে আর আমরা তার পিছনে ছুটে যাব। কংগ্রেস কবে ক্ষমতায় আসবে, যারা এতদিন ক্ষমতায় থেকেও কিছু করল না তারা আজ কাজ করবে ! এই বিষয় নিয়ে আর কতদিন কংগ্রেস ঠেকিয়ে যাবে, কংগ্রেসের ভাবা উচিত তাদের বিশ্বাসযোগ্যতা জনগণের কাছে কমে গিয়েছে, মানুষ তাদের পছন্দ করছে না।

[2.10–2.20 p.m.]

আর সেই পছন্দ না করার জন্য আজকে তাদের তৃতীয় শক্তির কল্পনায় রাতের ঘুম কেড়ে নিয়েছে। তারা সকাল থেকে সন্ধ্যে এই বিধানসভার মধ্যে যতক্ষণ থাকছেন চিৎকার করছেন যে তৃতীয় শক্তি অসম্ভব। নয় বি.জে.পি., নয় কংগ্রেস। আজকে এই তৃতীয় শক্তি অসম্ভব যদি হয় তাহলে এত ভয় কেন তৃতীয় শক্তিকে ? পশ্চিমবাংলায় যখন দু-দুবার যুক্তফ্রন্ট সরকার ভেঙে দেওয়ার জন্য পয়সা খরচ করেছিল সাম্রাজ্যবাদী শক্তি—যা ব্যবহৃত হয়েছিল কংগ্রেসের দ্বারা—সেই কংগ্রেস যখন বলছে যে আমরা ভারতবর্ষের উন্নয়ন সংঘটিত করেছি। ভারতবর্ষে এতক্ষণ ধরে যে সূচকগুলো আমি বললাম সেগুলো তো তাদের সংগৃহীত সূচক—সেগুলো সম্পর্কে তারা একটু মতামত দিক। ভাবতে লজ্জা হয় স্যার এই ভারতবর্ষের বুকে যেখানে দাঁড়িয়ে আমরা একদিন এই ধর্মনিরপেক্ষতার প্রশ্নে দাঁড়িয়ে, কংগ্রেসকে সমর্থন করেছিলাম বাইরে থেকে। কিন্তু এরা বড়দাদার হাত ধরতে গিয়ে নিজেদের পকেট খুইয়ে ফেলেছে। ওরা আমেরিকার কথা শুনে চলবে। এই সংকটের অবস্থানে দাঁড়িয়ে প্রায় ৮০ বছর পরে আবার এই মহামন্দা দেখা দিয়েছে। আমরা বলেছিলাম এই অর্থনীতি, এই উদার অর্থনীতি একটা জায়গায় পৌঁছবে। আজকে সেই জায়গায় দাঁড়িয়ে আমার ভারতবর্ষের বুকে কংগ্রেস পারমাণবিক চুক্তির প্রশ্নে এতবেশি উদ্যোগী হলেন—সেখানে দাঁড়িয়ে একবার বিচার করুন কংগ্রেস যে আমেরিকা বাঁচাবে কি করে ? আমেরিকা তো নিজেই মুখ থুবড়ে পড়েছে। তার হাত ধরে, বড় ভাইয়ের হাত ধরে কি করে ছোটো ভাই বাঁচবে ? সেই বিচার বিবেচনা এখানে একবার রাখতে বলুন। স্যার, আমি এখানে এসে আজকে অনেকবার শুনলাম, কালকেও শুনেছি। এই বিতর্কে অংশগ্রহণ করে কংগ্রেস, তৃণমূল সকলেই ব্যঙ্গ করেছে শিলান্যাসের প্রশ্নে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী শেষদিনে বক্তা থাকবেন—আমি তাঁর কাছে অনুরোধ আবেদন করব যে আপনারা অনেক শিলান্যাস করেছেন, বামফ্রন্ট সরকারও শিলান্যাস করেছে। কিন্তু তার অগ্রগতি কোন পর্যায়ে আছে তার একটা হিসাব তিনি রাখুন। আমি মাত্র দুটি শিলান্যাসের কথা বলব—১৯৭১ সালে আমাদের হাওড়া থেকে আমতা

ন্যারো গেজ লাইনে ব্রড গেজের প্রতিশ্রুতি দিয়ে শিলান্যাস হল। ১৯৮৯ সালে ভি.পি. সিংহ প্রধানমন্ত্রীর সময়কালে তিনি কিছু কাজ করেছিলেন। সেই শিলান্যাসের পরিণতি নিয়ে এখনো কংগ্রেসকে জবাবদিহি করতে হয়। আমতার মাটিতে তারা এখনো পা রাখতে পারে না। এখানে পাশাপাশি আরো একটা কথা বলব, উদাহরণ দেব। সেটা হল ২০০৪ সাল। সেই ২০০৪ সালে এই শিলান্যাস হয়েছিল ই.এম. বাইপাসের পাশে কয়লা শ্রমিকদের হাসপাতালের। কিন্তু সেই শিলটা কোথায় আছে ? একটু খুঁজে দিতে বলব বিরোধীদের। না রইল বাঁশ, না রইল বাঁশি। কয়লা মন্ত্রকও রইল না, হাসপাতালও তৈরি হল না। দিদি এখন নতুন বন্ধু খুঁজে বেড়াচ্ছেন—সেই আনন্দে তারা উল্লসিত। পশ্চিমবঙ্গের মানুষকে ওরা চিনতে ভুল করেছেন। পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলার কথা বলেছেন—ওনারা তো বিশ্বাসই করেন না যে পশ্চিমবঙ্গের পুলিশ আইন-শৃঙ্খলা রক্ষা করতে পারেন। ওনারা কাকে বিশ্বাস করেন স্যার ? সি.বি.আই ! সি.বি.আই. একমাত্র যদি আইন-শৃঙ্খলার কাজে আসে তাহলে উদ্ধার হবে ? সি.বি.আইয়ের ভরসা কে ? সি.বি.আইয়ের সহায় হল পার্থ। সি.বি.আইয়ের অজয় সহায় আর পার্থ সারথি। আমি এখানে দাঁড়িয়ে প্রশ্ন রাখছি এই পার্থ সারথি, অজয় সহায়দের ভরসা কি ? আমরা দেখলাম পাঁচ-পাঁচখানা কেস এবং তার যে পরিণতি হল—কি তাপসী মালিকের কেস, কি নোবেল প্রাইজের কেস, কি নন্দীগ্রামের ঘটনা। যে ঘটনাই তারা হাতে নিলেন সেই জায়গাতেই থাকলেন। আমি একটা প্রশ্ন জিজ্ঞেস করছি কত লক্ষ টাকা দিয়ে তাপসী মালিক খুনের নিষ্পত্তি করার ব্যবস্থা করা হয়েছিল। যদি সাহস থাকে তাহলে তৃণমূলের নেতারা এই বিষয়টা এখানে দাঁড়িয়ে উল্লেখ করবেন। রাজ্যের শান্তি আইন-শৃঙ্খলার প্রশ্নে বিরোধীদেরও একটা ভূমিকা থাকে। আমি দুটো ঘটনার কথা এখানে উল্লেখ করতে চাই এবং ছবি দেখাতে চাই। এই বিধানসভার পাশে হাইকোর্টের কাছে মুনমুন যাদব বলে একজন ট্যাক্সিচালককে পুলিশ মেরেছে বলে তৃণমূল কংগ্রেস একটা যানজট তৈরি করল, একটা বিশৃঙ্খলা সৃষ্টি করল এবং কলকাতাকে স্তব্ধ করে দেওয়া হল। কিন্তু আমরা টি.ভি.-তে দেখতে পেলাম মুনমুন যাদবের চোখে আঘাতের কোনো চিহ্নই নেই। পরের দিন দেখা গেল মুনমুন যাদবের চোখে বিরাট একটা ব্যান্ডেজ। আমার মনে হয় স্যার, তৃণমূলের চোখেই এই ব্যান্ডেজ বাঁধা আছে, তাই ওরা পশ্চিমবাংলায় ভালো কিছুই দেখতে পাচ্ছে না। তাই ওরা পশ্চিমবাংলায় বিশৃঙ্খলা সৃষ্টি করার চেষ্টা করছে। তাই ওরা অস্ত্র পাচারকারীর সাহায্য নিচ্ছে। জানুয়ারি মাসের ২৫ তারিখে একজন অস্ত্র পাচারকারীকে হরিশচন্দ্রপুর থেকে ধরা হল এবং তিনি স্বীকার করেছেন নন্দীগ্রামে তারা মাওবাদীদের অস্ত্র পাচার করেছে। যারা এইভাবে পশ্চিমবাংলায় বিশৃঙ্খলা সৃষ্টি করছে তাদের মুখে আইন-শৃঙ্খলার কথা মানায় না। পরিষ্কারভাবে আমি বলতে চাই, পশ্চিমবাংলায় উন্নয়নের জন্য, কর্মসংস্থানের লক্ষ্যে আমরা যখন এগোচ্ছি, তখন তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে বলা হচ্ছে—'লোকের পেটে ভাত চাই, সকলের জন্য কাজ চাই'। ভাত এবং কাজ কি আকাশ থেকে আসবে ? সিঙ্গুরে যদি টাটাদের কারখানা হত তাহলে লোকে কাজ পেত। কিন্তু আপনারা গুজরাটের মুখ্যমন্ত্রীর কাছে সেটা তুলে দিয়ে আপনারা পুরস্কৃত করলেন। আজকে তাদের মুখোশ খুলে পড়েছে, তাই তারা ব্যতিব্যস্ত হয়ে পড়েছে। গতকাল এই হাউসে সৌগতবাবু বক্তব্য রাখার সময়ে দেখলাম তার

কিছু ভাবের উদয় হয়েছে। তৃণমূল কংগ্রেসের ভাবের উদয় কবে হবে সেটা আমরা জানি না। আপনারা জোট বাঁধুন, একই পালঙ্কে শয়ন করুন, কিন্তু জারজ সন্তান ছাড়া আপনারা বাংলার মানুষকে কিছুই দিতে পারবেন না। তৃণমূল নেত্রী রেল দপ্তরের মন্ত্রী হয়েছিলেন, কিন্তু তার কাছ থেকে পশ্চিমবাংলা কিছুই পায়নি, সারা ভারতবর্ষের লোক উন্নয়নের কিছুই দেখতে পায়নি। এই জায়গায় দাঁড়িয়ে মানুষ আমাদের পাশে রয়েছে এবং আমাদের সমর্থন করবে। এই কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অজয় দে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৯ই মার্চ, আমাদের এই পবিত্র বিধানসভায় মহামান্য রাজ্যপাল যে ভাষণ রেখেছেন এবং সেই ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে সেই আলোচনার আজকে হচ্ছে দ্বিতীয় দিন ও তৃতীয় বক্তা হিসাবে আমি আমার বক্তব্য রাখছি। আমি মনে করি বিরোধী দলের সদস্য হিসাবে বাস্তব কথাটা এখানে বলা প্রয়োজন। সতেরো পাতার এই ভাষণের বিভিন্ন জায়গায় যেটা ব্যাখ্যা করার চেষ্টা করা হয়েছে, একটু ঘুরিয়ে বলি, তাকে দিয়ে যেটা বলানোর চেষ্টা করা হয়েছে তা সত্য নয়। মানুষের দৈনন্দিন জীবনের যেগুলো জ্বলন্ত সমস্যা, এই দীর্ঘ বক্তৃতার মধ্যে তার কোনো উল্লেখ আমরা দেখতে পেলাম না। এই কথা আমরাও জানি, সরকারপক্ষের যাঁরা আছেন তাঁরাও জানেন। সরকারি দলের তকমার পরিপ্রেক্ষিতে বাস্তব কথাটা এখানে না বললেও আড়ালে আবডালে বলেন। আমি মনে করি মানুষের যে কথা, জ্বলন্ত সমস্যার কথা যেখানে আলোচিত হচ্ছে না ; মানুষের একজন প্রতিনিধি হিসাবে তাকে সমর্থন করলে এটাই দাঁড়ায় যে মানুষের সঙ্গে বেইমানি করা। তাই আমি এর প্রতিবাদ করছি, বিরোধিতা করছি, একে আমি সমর্থন করতে পারছি না। গোটা পশ্চিমবাংলার আজকে কি চিত্র ? ৩২ বছরের যে ইতিহাস, সেটা আমাদের কারো অজানা নয়। বাংলার মানুষের অজানা নয়। আমরা সবকিছুতেই পিছোচ্ছি। কণিকা দেবী এখানে খুব উচ্চস্বরে নাটকীয় ভঙ্গিতে অনেক কিছু বললেন। নিশ্চিতভাবে বলবেন। আমি মনে করি আজকে এখানে যে অবস্থা তৈরি হয়েছে শিল্পের ক্ষেত্রে, শিক্ষার ক্ষেত্রে, স্বাস্থ্যের ক্ষেত্রে, কি বেকার সমস্যার সমাধানের ক্ষেত্রে সব জায়গায় পশ্চিমবাংলা একটা অন্ধকারাচ্ছন্ন অবস্থার মধ্যে দিয়ে চলেছে। সবচেয়ে মজার কথা এই ৩২ বছরের শাসনে, বলা যেতে পারে একদলীয় শাসনে সি.পি.আই.এম. পার্টির নেতৃত্বে রাজ্য চলছে। গোটা বাংলাকে ধ্বংস করে দিয়েছে। এখন নির্বাচনের পূর্ব মুহূর্তে ভারতবর্ষকে ধ্বংস করবার পরিকল্পনা নিয়ে তাদের কেন্দ্রীয় কমিটির সম্পাদক দিশেহারা হয়ে ভারতবর্ষের এক প্রান্ত থেকে, এক প্রান্তে ঘুরে বেড়ানোর চেষ্টা করছেন। আজকে কি হচ্ছে ? আমাদের ভারতবর্ষের যে জায়গায় আমরা দাঁড়িয়ে আছি একদিকে জাতীয়তাবাদী স্বয়ম্ভরতা, স্বাধীনতা, দেশরক্ষা, ধর্ম নিরপেক্ষতা এর একমাত্র স্রষ্টা কংগ্রেস, আর বিকল্প কোনো দল নেই। আর এর অপরদিকে কারা ? যারা ধর্মান্ধতার বিষ ছড়াচ্ছে, দেশ বিরোধী কথা বলছে সাম্প্রদায়িক শক্তি বি.জে.পি. এদেরই ছাতার তলায় কিছু দল এসে দাঁড়িয়েছে এন.ডি.এ.-র নামে। তারা ভারতবর্ষের রাজনীতিতে অধিষ্ঠিত রয়েছে। আজকে যখন এই সি.পি.এম. পার্টি ব্যর্থ,

ভারতবর্ষের ৫৪৩টা আসনের মধ্যে ৬০টা জায়গাতে কোনোরকমে নির্বাচনে অংশ নেওয়ার চেষ্টা করছে, তাও তো কেরলে প্রায় গেলো গেলো রব, সেই জায়গায় দাঁড়িয়ে ওঁরা তৃতীয় ফ্রন্টের নামে কাদের হাত ধরছেন ? যাকে জাত-পাতের একদম স্রষ্টা বলা যেতে পারে, সেই মায়াবতীর হাত ধরছেন, তারা বহিনজীর হাত ধরছেন। আজকে শুধু তাই নয়, কাদের সঙ্গে তাঁরা জোট বাঁধার চেষ্টা করছেন ? সেই সংখ্যালঘু যারা, কারো অজানা নয়। বিজু জনতা দল, তারা নাকি তৃতীয় ফ্রন্টকে সমর্থন করছে। কি তাদের ইতিহাস ? ওড়িশার স্কন্ধমালে কি ঘটনা ঘটল ? খ্রিস্টানদের পুড়িয়ে মারার ঘটনা। আপনাদের সঙ্গে তারা দোসর হবেন। নন্দীগ্রামে সাধারণ মানুষ যখন সংঘবদ্ধ হয়ে এর প্রতিবাদ করতে গেল, জমির আন্দোলনকে প্রতিষ্ঠিত করতে গেল সেই মানুষগুলোকে আপনারা কি বললেন ? ওখানে সব মাওবাদীরা আন্দোলন করছে। তাই সাধারণ মানুষের ওপর গুলি চলল। আর সেই গুলি চালানোর মধ্যে দিয়ে এই কথা তো জলের মতো পরিষ্কার তাতে কত শতাংশ সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষজন খুন হয়েছিল পুলিশের গুলিতে। আর আপনারা সেই বি.জে.ডি. দলকে সঙ্গে নিয়ে তৃতীয় ফ্রন্ট গড়ছেন। প্রকাশ কারাট ব্যাঙ্গালোর চলে গেলেন তৃতীয় ফ্রন্ট হবে। কার নেতৃত্বে ? দেবেগৌড়ার নেতৃত্বে। কি তাঁর অতীত ইতিহাস ? কদিন ক্ষমতায় ছিলেন ? আজকে গোটা ভারতবর্ষের রাজনীতিকে একটা ধ্বংসের মুখে নিয়ে যাওয়ার যে খেলা শুরু করেছে সি.পি.এম. পার্টি, ভারতবর্ষের মানুষ কেন, পশ্চিমবাংলার মানুষ কেন কোনো রাজ্যের মানুষ একে সমর্থন করতে পারেন-না।

[2.20–2.30 p.m.]

ইস্তাহার গতকাল বার হয়েছে। কি বলছে ? একটা বড় ধাক্কা খেয়েছেন সিঙ্গুর নন্দীগ্রাম করে। বিগত নির্বাচনে ৩০ হাজার এবং ৪০ হাজার ভোটে হেরেছেন। তাইজন্য এবারে ভেবেছেন অবস্থার পরিবর্তন করতে হবে। কি বললেন আপনারা ? আইন-মাফিক নাকি আপনারা জমি দখল করেছেন। আজকে কি বলছেন ? আজকে কেন আপনারা সেই জায়গা থেকে সরে আসছেন ? আজকে কেন এস.সি. অ্যান্ড এস.টি.-দের জন্য যে সমস্ত সিলিং-এর বাইরে জমি আছে তাদের জন্য বরাদ্দের কথা বলতে হচ্ছে ? তাহলে কি এতদিন নিশ্চিতভাবে করেননি ? আজকে যে মানুষগুলো জমি হারা হয়ে যাচ্ছে তাদের কি বলছেন ? লিখিতভাবে প্রতিশ্রুতির কথা বলছেন যে তাদের দিতে হবে। সিলিং বহির্ভূত জমি বিলি বণ্টনের ব্যবস্থা করার কথা বলছেন তাদের জন্য, এই কথা নির্বাচনী ইস্তাহারে বলছেন। আজকে এই অবস্থা হচ্ছে কেন ? এই অবস্থা হওয়ার কারণ একটাই। আজকে আকাশে বাতাসে যে আবহাওয়া তৈরি হয়েছে পরিবর্তনের সেই তাপ আপনাদের পিঠে এসে লেগেছে। এখানে কণিকা গাঙ্গুলী ঠাণ্ডা ঘরে বসে সোচ্চার হচ্ছেন ভারতবর্ষের বুকে কংগ্রেস কিছু করেনি। কংগ্রেস নাকি কোনো ঘটনার মধ্যে দিয়ে ভারতবর্ষকে এগিয়ে নিয়ে যায়নি। আপনি বলুন না এই যে শিক্ষা ব্যবস্থা চলছে, একটা আপনাদের গভর্নমেন্টের কোনো কর্মসূচী আছে সেন্ট্রাল গভর্নমেন্টকে বাদ দিয়ে ? কোনো পরিকল্পনা, কোনো প্রোজেক্ট আছে যার মধ্যে দিয়ে আপনারা কি শিক্ষা, কি স্বাস্থ্য, কি শিল্পতে অগ্রসর ভূমিকা নিয়েছেন ?

আজকে সর্বশিক্ষা অভিযানের মধ্যে দিয়ে গোটা শিক্ষা ব্যবস্থাটা দাঁড়িয়ে আছে। আজকে এই কথা অস্বীকার করার কোনো জায়গা নেই আপনাদের। আমি ক্যাটিগরিক্যালি বলছি। স্কুল বিল্ডিংগুলোর কি অবস্থা ছিল ? আজকে শুধু সর্বশিক্ষা অভিযানের ফলে এই জায়গায় এসে দাঁড়িয়েছে। আজকে স্কুলগুলোর কি অবস্থা দাঁড়িয়েছে ? আজকে ২০০৮-০৯ সালে ২ লক্ষ ৪৮ হাজার স্কুল বিল্ডিং তৈরি হয়েছে সারা ভারতবর্ষে। এডিশনাল ক্লাসরুম তৈরি হয়েছে ৯ লক্ষ ৩৯ হাজার গোটা ভারতবর্ষে। ড্রিংকিং ওয়াটার ফেসিলিটিজ তৈরি হয়েছে ১ লক্ষ ৯৩ হাজার গোটা ভারতবর্ষে। টয়লেট তৈরি হয়েছে ২ লক্ষ ৬৪ হাজার, টেক্সট বুক সাপ্লাই ফ্রি অফ কস্‌টে হয়েছে ৮ কোটি ৯৭ লক্ষ, টিচার অ্যাপয়েন্টমেন্ট হয়েছে ১২ লক্ষ ২৭ হাজার। কস্তুরবা গান্ধি বালিকা বিদ্যালয় হয়েছে ২৫৯৮টি। এই রাজ্যে ৩২ বছরের শাসনকালে নতুন করে একটাও প্রাইমারি স্কুল স্থাপন করা হয়েছে ? কোনো শিক্ষা কর্মসূচির মধ্যে দিয়ে শিক্ষাকে এগিয়ে নিয়ে যাওয়ার ব্র্যবস্থা করা হয়েছে ? আপনারা বলছেন কংগ্রেস কি করেনি। আজকে এই যে অবস্থা তৈরি করেছেন, ইন্ডাস্ট্রি ইন্ডাস্ট্রি বলে চিৎকার করছেন, আজকে পশ্চিমবঙ্গের অবস্থা কি ? আমি একটা ছোটো স্ট্যাটিসটিক্স দিচ্ছি। ১৯৯১ সাল থেকে ২০০৭ সাল, আপনারা কতগুলো প্রোজেক্ট করতে পেরেছেন ? সেখানে মহারাষ্ট্র, গুজরাট অনেক এগিয়ে গিয়েছে। ১৭ বছরে মাত্র ১৭৩০টির বেশি এগোতে পারেননি। এর চেয়ে একটাও বেশি এগোতে পারেননি। আপনারা ২ লক্ষ ২২ হাজার ৫২৪ জনের বেশি এমপ্লয়মেন্ট দিতে পারেননি। সেই জন্য আমি মনে করি পশ্চিমবাংলার মানুষ ঘুরে দাঁড়িয়েছে। বুদ্ধদেববাবু সল্টলেকে বললেন যে আমি চ্যালেঞ্জ গ্রহণ করছি। কিসের বিরুদ্ধে চ্যালেঞ্জ গ্রহণ করছি ? বিরোধীরা কোনো জোট করেনি, এই জোট হয়েছে মানুষের জোট।

[2.30–2.40 p.m.]

যার প্রতিফলন ঘটবে এই নির্বাচনের মধ্য দিয়ে। আপনারা আজকে আতঙ্কিত হচ্ছেন। আতঙ্কিত হয়ে আজকে আপনারা নিজেদের অবস্থান সঠিকভাবে পরিমাপ করতে পারছেন না। তাই বিভিন্ন জায়গায় নিজেদের ব্যর্থতাকে ঢাকবার জন্য মানুষের দৃষ্টিকে অন্যদিকে ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকার একটার পর একটা আইনের অধিকার দিয়েছে, মানুষকে নিরাপত্তা দিয়েছে, মানুষের জীবনের বিভিন্ন পর্যায়কে সুনিশ্চিত করেছে। করেনি ? পিছিয়ে পড়া মানুষদের জন্য আমাদের এই রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী এখানে বলেছেন—পাঁচ হাজারের উপর গ্রাম চিহ্নিত করেছেন। কেন্দ্রীয় সরকার থেকে আড়াই হাজার কোটি টাকা বরাদ্দ হয়েছে। কিন্তু সেই পিছিয়ে পড়া গ্রামগুলোতে এখনও মানুষ পাতা সেদ্ধ করে এবং পিঁপড়ের ডিম খেয়ে জীবন অতিবাহিত করছে। আর আপনারা বলছেন কংগ্রেস কিছু করেনি। কংগ্রেস আইনের অধিকার দিয়েছে। এন.আর.ই.জি. অ্যাক্টে ৩৬৫ দিনের মধ্যে ১০০ দিনের কাজ সুনিশ্চিত করে দিয়েছে। আপনারা কি করলেন ? গড়ে ২২ দিনের বেশিকাজ দিতে পারছেন না। এই ব্যর্থতা আপনাদের নয় ? শুধুমাত্র একটা আইন করেছে ? রাইট টু ইনফরমেশন অ্যাক্টের মধ্যে দিয়ে ভারতবর্ষের ইউ.পি.এ. গভর্নমেন্ট একমাত্র মানুষের জানার অধিকারকে প্রতিষ্ঠিত করেছে। শুধু এন.আর.ই.জি. অ্যাক্টের মধ্যে দিয়ে নয়, আন-অর্গানাইজড ওয়ার্কার্স সোশ্যাল সিকিউরিটি—কার সৃষ্টি ?

সেন্ট্রাল ইনস্টিটিউশনে রিজার্ভেশন অফ অ্যাডমিশান ফর এস.সি./এস.টি.—কার সৃষ্টি ? জঙ্গলের অধিকার দেওয়া—কার সৃষ্টি ? গ্রাম-ন্যায়ালয়—কার কৃতিত্ব ? এইসব আইনের অধিকারকে সুনিশ্চিত করার ক্ষেত্রে কংগ্রেস ছাড়া বিকল্প দল আর কেউ নেই। আপনারা কি করেছেন ? আপনারা কেন্দ্রীয় প্রকল্পগুলোকে নয়ছয় করছেন। এর ফলে প্রকৃত মানুষগুলো সুযোগ পাচ্ছে না। এতদিন হয়ে গেল, এখনও পর্যন্ত দারিদ্র্যসীমার নীচে থাকা মানুষগুলোর পরিশুদ্ধ বি.পি.এল. তালিকা প্রকাশ করতে পারলেন না। এর ফলে কেন্দ্রীয় সরকারের প্রকল্প থেকে প্রকৃত মানুষ বঞ্চিত হচ্ছে। আপনাদের নিজেদের ব্যর্থতাকে ঢাকবার জন্য আপনারা কি বলছেন ? তৃণমূল কংগ্রেস—কংগ্রেস জোট হয়েছে। আপনারা 'গেল গেল গেল' রব তুলে আপনাদের নিজেদের ব্যর্থতাকে ঢাকবার চেষ্টা করছেন। আমি মনে করি এই অবস্থার মধ্যে থেকে আজকে পশ্চিমবাংলার এই সরকারের যে ব্যর্থতা, তার জবাব সাধারণ মানুষকে দিতে হবে।

বিদ্যুতের কথা আপনারা বারবার বলেন। এখনও রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনার কাজ শুরু করতে পারছেন না। এই কাজ ২০১০ সালে হবে না ২০১২ সালে হবে জানি না। এই কাজ কবে আপনারা করবেন ? কিন্তু এই অবস্থার মধ্যে মিনিমাম ডিউটি থাকার দরকার। এখন পরীক্ষা হচ্ছে ? লোডশেডিংও চলছে। আজকে গভর্নমেন্টের যে সমস্ত পাওয়ার স্টেশনগুলো হচ্ছে, সেখানে যদি ব্রেক ডাউন হয়, তাহলে কোনোরকম ব্যবস্থা নেই। সাধারণ মানুষের উপর বিদ্যুতের মাশুল বাড়ছে। এই রকম অবস্থার জন্য আপনারা বলবেন যে ১৯৭২-৭৭ সালে হয়নি ? তাহলে ৩২ বছরে আমরা কেন করব ? আমরা এখনও সময় চাই, আমাদের সময় দিতে হবে। এই যে আপনাদের দ্বিচারিতা, সমস্যা সমাধানে আপনারা যে ব্যর্থ হয়েছেন, তা আড়াল করবার একটা অপচেষ্টা চালাচ্ছেন। এই নির্বাচনের মধ্য দিয়ে সাধারণ মানুষ নিশ্চিতভাবে এর যোগ্য জবাব দেবেন। সেটা মানুষ ঠিক জায়গায় দেবে বলে আমরা বিশ্বাস করি।

একটু আগে আপনারা মহিলা সংরক্ষণের কথা বলছিলেন। আচ্ছা, বলুন তো, আপনাদের তো এত প্রার্থী। ৪২টি আসনের মধ্যে ২ জনের বেশি আপনাদের জোটে না কেন ? কেন ২ জনের বেশি স্থান পায় না ? বিরোধী রাজনৈতিক দলগুলো প্রার্থী তালিকা তৈরি করে কাজের মধ্যে দিয়ে প্রমাণ করার চেষ্টা করে। শুধু কাজের মধ্যে নয়, আপনাদের কথা এবং কাজের মিল নেই। এই দ্বিচারিতা পশ্চিমবাংলার মানুষ ক্ষমা করবে না।

আপনি এখানে শিলান্যাসের কথা বলছিলেন, ২-৩টি শিলান্যাসের কথা বলছিলেন। আমি দেখিয়ে দিতে পারি আপনাদের ৩০ বছরে এখানে ৩০০ শিলান্যাস হয়েছে কিন্তু কোনো জায়গায় কাজ হয়নি। জঞ্জালের পাহাড় পরিষ্কার করতে করতে শিলা বেরিয়ে এসেছিল। আপনাদের লজ্জা করে না ! পশ্চিমবাংলাকে আপনারা কোথায় নিয়ে যাওয়ার চেষ্টা করছেন ? একটাও প্রোজেক্ট রিপোর্ট তৈরি হল না শুধু নির্বাচনকে সামনে রেখে শিলান্যাস হয়ে গেল। মনে নেই, আপনাদের একজন মন্ত্রীকে প্রায় একমাস ধরে রাইটার্স বিল্ডিংয়ে পাওয়া যায় না। কেন ? না, শিলান্যাস করতে গেছেন। এখানে পানীয় জলের কথা সঠিকভাবেই বলা হয়েছে। নদিয়া জেলার ১৭টি ব্লক আর্সেনিক-প্রবণ। এই ব্লকগুলোতে আর্সেনিক-মুক্ত জল দেওয়ার ক্ষেত্রে আজ পর্যন্ত কোনো সদর্থক ভূমিকা উনি নিলেন না শুধু নির্বাচনের মুখে একটা করে শিলা পুঁতে মানুষের মনকে ঘুরিয়ে দেওয়ার চেষ্টা করছেন।

আপনারা দু'টাকা কিলো দরে চাল দেওয়ার কথা বলছেন। কাদের দেবেন ? সেই লিস্ট তৈরি হয়েছে ? কবে তৈরি হবে ? তাহলে প্রকৃত গরিব মানুষকে দিতে পারবেন না। মাননীয় অসীমবাবু ঘোষণা করলেন দরিদ্রতম মানুষদের জন্য 'সহায় প্রকল্প'। নিরন্ন, দরিদ্রতম মানুষদের রান্না করা খাবার দেওয়া হবে। ১২৬টি পৌরসভায় সার্কুলার চলে গেল। কিন্তু যখন খোঁজ নিলাম দেখলাম বাজেটে কোনো অ্যালোকেশন-ই রাখা হয়নি। আজ পর্যন্ত কী পঞ্চায়েত, কী পৌরসভাকে বাজেট বরাদ্দ করা হ'ল না শুধু নির্বাচনকে সামনে রেখে মানুষকে ধাপ্পা দেওয়ার রাজনীতি চলছে। পশ্চিমবাংলার মানুষ এই ধাপ্পাবাজির জবাব দেবে।

আপনারা বিভিন্ন ব্যাপারে বড়াই করছেন। আচ্ছা বলুন তো আপনারা স্বাস্থ্য ব্যবস্থাকে কোন জায়গায় নিয়ে গেছেন ? কী ব্লক স্বাস্থ্য কেন্দ্রে, কী স্টেট জেনারেল হাসপাতালে, কী গ্রামীণ হাসপাতালে মিনিমাম কোনো পরিষেবা আছে ? সমস্ত পেসেন্টকেই কলকাতায় ছুটে আসতে হয়। কলকাতায়ও একই চিত্র। এক-একটা ঘটনার মধ্যে দিয়ে আমরা প্রতিনিয়ত দেখছি কোন হাসপাতালে গণ্ডগোল হচ্ছে, কোথাও ডাক্তার মার খাচ্ছেন, কোথাও রোগী মারা যাচ্ছেন।

এই অবস্থায় যেভাবে পশ্চিমবাংলা চলছে সেই জায়গায় দাঁড়িয়ে আপনাদের সময় হয়ে এসেছে। শেষের সময়ে আপনারা বিকারগ্রস্ত হয়ে পড়েছেন, আপনাদের প্রকাশ কারাত মহাশয় সারা ভারত ছুটে বেড়াচ্ছেন 'থার্ডফ্রন্ট' করার জন্য। মাননীয় মুখ্যমন্ত্রী ভয় পেয়ে বিভিন্ন জায়গায় বলবার চেষ্টা করছেন কোনো জোট নেই। কিন্তু মানুষ আজকে জোট বেঁধেছে। আমি মনে করি মহামান্য রাজ্যপালের ভাষণে সাধারণ মানুষের জ্বলন্ত সমস্যা স্থান পায়নি। তাই সাধারণ মানুষের প্রতিনিধি হিসাবে একে সমর্থন করার কোনো জায়গা নেই। তাই আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীমতী ডলি রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করা হয়েছে তার পর কিছু বলছি। ইদানীং বিরোধীরা বলছেন মাননীয় রাজ্যপাল মহাশয় সংবেদনশীল। আমরাও মানি। বলা হচ্ছে, মাননীয় রাজ্যপাল মহাশয় লোডশেডিংয়ের প্রতিবাদ করে কিছুক্ষণ অন্ধকারে থাকছেন। আমরা মানি। নন্দীগ্রামের ঘটনায় আমরা সবাই দুঃখ প্রকাশ করেছি, উনিও করেছেন।

[2.40–2.50 p.m.]

তাঁর সংবেদনশীল মন সাড়া দিয়েছে। আজকেই তাঁরা আবার বলছেন এতদিন যাঁরা মহামান্য রাজ্যপালকে সংবেদনশীল বলে এসেছেন, তাঁরাই বলছেন তিনি মিথ্যা ভাষণ এখানে পাঠ করে গেলেন। এখানে বারেবারে বলার চেষ্টা করেছেন যে, এখানে রাজ্যপালের মুখ দিয়ে মিথ্যা কথা বলানো হয়েছে। রাজ্যপাল যদি তাই মনে করতেন যে এই ভাষণ মিথ্যা তাহলে মাননীয় রাজ্যপাল এখানে তার প্রতিবাদ করতেন। তিনি পাঠ করতেন না। যাই হোক

আপনারা বলছেন যে, আপনাদের কেন্দ্রীয় সরকার থেকেই নাকি সব প্রকল্প এসেছে। সর্বশিক্ষার মাধ্যমে স্কুল বাড়ির উন্নয়ন হয়েছে। এতো উন্নয়ন হয়েছে যে, এই অল্প পরিসরে রাজ্যপাল যদি তার সব উল্লেখ করতেন তাহলে তো আপনারা আরো বেশি হৈ চৈ করবেন। আরো অনেক উন্নয়নের কথা আপনারা জানেন এবং আপনারা আপনাদের বক্তব্যের সময়ে তার উল্লেখও করেছেন। সর্বশিক্ষার মাধ্যমে স্কুল বাড়ির উন্নয়ন হয়েছে এবং প্রত্যেকটি গ্রামীণ হাসপাতাল ৩০ শয্যা বিশিষ্ট করার ব্যবস্থা হচ্ছে। তাতে অর্ধেক হয়েছে আরো কিছুর ক্ষেত্রে পরিকল্পনা রয়েছে। এই যে বিভিন্ন উন্নয়ন হচ্ছে তার সবই নাকি কেন্দ্রীয় সরকারের দৌলতে হচ্ছে। গতকালই মানসবাবু তাঁর বক্তব্য রাখতে গিয়ে বলেছেন যে, কেন্দ্রীয় সরকারের দৌলতেই এইসব প্রকল্প চলছে। গ্রামীণ যে প্রকল্পগুলো তার নাম করে করে বললেন যে কেন্দ্রীয় অর্থে এইসব প্রকল্পগুলো চলছে। এমন যেন মনে হচ্ছে ভারতবর্ষের একটি পরিবারের পৈত্রিক সম্পত্তির থেকে এইসব প্রকল্পগুলোতে টাকা ঢালা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের পৈত্রিক সম্পত্তি ব্যবহার করে উন্নয়ন করা হচ্ছে। অথচ ওনারা নিশ্চয় জানেন যে, গ্রামীণ প্রকল্পের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অর্থের সঙ্গে তার ম্যাচিং গ্রান্ট হিসাবে রাজ্য সরকারকেও একটা অংশ দিতে হয়। সেই সম্পত্তির থেকে যে অর্থ ব্যয় হচ্ছে সেখানে রাজ্য সরকারের অর্থও ব্যয়িত হচ্ছে। এই বিষয়টা ভালো করে তাদের মাথায় রাখার দরকার। সবটা পৈত্রিক পারিবারিক সম্পত্তির থেকে আসছে না। এই প্রসঙ্গে একটি উদাহরণ দিয়ে বলছি যে, মানসবাবু তো বারে বারে বলেন এবং গতকালও বললেন যে, এন.আর.ই.জি.এস. প্রকল্পের মাধ্যমে প্রচুর টাকা পশ্চিমবঙ্গে এসেছে। ভারত সরকারের নীতি হচ্ছে ভাত দাও, কাজ দাও। সেই নীতি অনুসারে তারা টাকা পাঠাবেন। এখানে মানসবাবু নেই, নিশ্চয় ঘর থেকে শুনতে পাচ্ছেন। উনি গতকাল বললেন যে, এন.আর.ই.জি.এসের জন্য কোনো টাকার অভাব নেই, যত ইচ্ছা খরচ করতে হয় করবে, যত খরচ করবে তত টাকা আসবে। আমি এই প্রসঙ্গে একটি ছোট্ট উদাহরণ দিচ্ছি—আমার জেলা হাওড়াতে এন.আর.ই.জি.এসের জন্য গত মে মাসে ২০০৮ সালে ২ কোটি ৬০ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছিল আর তার ম্যাচিং গ্রান্ট হিসাবে রাজ্য সরকার ২৮ লক্ষ টাকা দিয়েছিল। সেখানে ৬১ হাজার মানুষ কাজ চেয়েছিল। ওই টাকা খরচ করার পরে কেন্দ্রীয় সরকারের কাছে রাজ্য সরকার ২০ কোটি টাকা চেয়েছিল। কেন্দ্রীয় সরকারের থেকে ওই টাকা আর আসছে না। অথচ মানুষ সেখানে কাজ চাইছে। ফলে রাজ্য সরকার ধার করে ৫ কোটি টাকা আমার জেলাকে দিয়েছিল এন.আর.জি.এস এরজন্য। সেই কাজ করার পরে আবার ৪ কোটি টাকার ইউ.সি. রাজ্য সরকারকে দিতে হয়েছে। অনেকদিন হয়ে গেল, কেন্দ্রীয় সরকার একটি টাকাও দেননি। কবে ওই টাকাটা দিলেন এবং কত টাকা দিলেন—২০ কোটি টাকার মধ্যে মাত্র ৬ কোটি টাকা দিলেন। তাও ওই টাকা কবে দিলেন—মাত্র এক সপ্তাহ আগে, মার্চ মাসে ২০ কোটি টাকার মধ্যে ৬ কোটি টাকা দিয়েছেন। অথচ এখানে তো খুব গলাবাজি করে বলা হল যে টাকার কোনো অভাব নেই। আমরা নাকি কাজ দিতে পারছি না। আমি এই ব্যাপারে চ্যালেঞ্জ করে বলছি আপনারা তো অনেক রিপোর্ট পড়ে শোনান। হাওড়ার ডি.এমের কাছ থেকে রিপোর্টটা নিয়ে নিন। এখন তো পি.এম. টু ডি.এম. হয়েছে এন.আর.ই.জি. প্রকল্পের ক্ষেত্রে, ওখান

থেকে ব্যাপারটা জেনে নিন। তারপরে ইন্দিরা আবাস যোজনার কথা বলেছেন, এটাও কেন্দ্রীয় সরকারের প্রকল্প। এটাও একটা পরিবারের পৈত্রিক সম্পত্তির প্রকল্প। মানসবাবু তো ইন্দিরা আবাস যোজনার জন্য কেন্দ্রীয় সরকার অনেক টাকা দিয়েছে বললেন। অথচ দেখা যাচ্ছে ৫লক্ষ মানুষেরও মাথার উপরে ছাদ নেই। কেন্দ্রীয় সরকারের প্রকল্প তো, আপনারাই দাবি করেন সেটা। কেন আপনারা টাকা দেননি ? এত লক্ষ মানুষের মাথার উপরে ছাদ নেই। আপনারা ঘুমাচ্ছিলেন নাকি ? কেন টাকা আদায় করেননি ? আমি হাওড়া জেলার কথা বলছি। মার্চ মাসের মধ্যে খরচ করার কথা, নিয়ম তো কেন্দ্রীয় সরকারই করেছেন। এই নিয়ম অনুযায়ীই চলছে। টাকা খরচ করলে দ্বিতীয় অ্যালটমেন্টের টাকা আসে, ইনস্টলমেন্টের টাকা আসে। হাওড়া জেলায় এই মুহূর্তে তিন ভাগের দুভাগ পঞ্চায়েত চালাচ্ছে। আপনাদের জোট সঙ্গী, আপনারা একভাগ। আপনাদের ইন্দিরা আবাসনে ২৮শে মার্চ পর্যন্ত খরচ হয়েছে ৫৭ শতাংশ টাকা। কি করে সেকেন্ড ইনস্টলমেন্টের টাকা পাবেন ? আপনারাই বন্ধ করে দেবেন। টাকা আসছে বলছেন, অথচ খরচ করার ক্ষেত্রে আপনারাই বাধা দেবেন। এই ধরনের কথাবার্তা একটু খোঁজ নিয়ে, জেনেবুঝে বলবেন। মাননীয় সৌগতবাবু কাল অনেক কথা বলছিলেন। আজকে হাউসে নেই, ওনাদের কেউ নেই, থাকলে ভালো হত। আপনারা জেনে রাখুন পি.এম.জি.এস.ওয়াই-এর শুরু থেকে পশ্চিমবঙ্গ যাতে এগোতে না পারে তারজন্য চক্রান্ত সব দিক থেকে করেছে দিল্লি। কি রকম ? রাজস্থান, গুজরাট অন্য সমস্ত রাজ্যে পি.এম.জি.এস.ওয়াই-এর ক্ষেত্রে রাস্তার জন্য, ব্ল্যাক টপের টাকা দেওয়া হয়েছে। পাশাপাশি গার্ড ওয়াল, প্রটেকটিভ ওয়াল, ইলেকট্রিক ল্যাম্প-পোস্ট শিফটিং, পাইপ লাইন শিফটিং-এর জন্য সমস্ত টাকা দেওয়া হয়েছে। শুধু দেননি পশ্চিমবঙ্গকে। কেমন পক্ষপাতিত্ব, দ্বৈত ভূমিকায় অভিনয় করেছেন। এই জন্য প্রথম থেকেই পশ্চিমবঙ্গ পিছিয়ে। আমাদের রাজ্য সরকার ম্যাচিং টাকা জোগাড় করার চেষ্টা করেছেন। তবুও আপনারা নাকি দাবি করেন যে সব টাকা দিল্লির। এই কেন্দ্রীয় প্রকল্পগুলির উন্নয়নের জন্য আপনাদের চিন্তা-ভাবনা করা উচিত। একশো দিনের কাজের ক্ষেত্রে—মানুষ কাজ করছে, তাকে মেপেজুপে নাকি পেমেন্ট দিতে হবে। যারা কাজ করবে, তারা নাকি খেতে পাবে। পনেরো দিন, একমাস পরে তারা টাকা পাবে। এতদিন পরে যে টাকা পাবে, ততদিন পর্যন্ত কি তারা না খেয়ে থাকবে ? তারা বাঁচবে কি মরবে সেটা কি দেখার দরকার নেই। পরের দিন যে তারা কাজে আসবে, তারা কি খেয়ে আসবে ? এইগুলি ভাবার দরকার আছে। গাইড লাইন বেঁধে দিয়েছেন দিল্লি, রাজ্য সরকার নয়। বি.পি.এল. তালিকার সূচক নিয়ে সর্বদলীয় টিম দিল্লিতে গিয়েছিল। আমরা, আপনারা, ওনারা সকলেই একসঙ্গে ছিলাম। সেই সূচকের আজ পর্যন্ত কোনো সংশোধন হয়নি, পরিবর্তন হয়নি। যে অবস্থা ছিল, সেই অবস্থায় দাঁড়িয়ে রাজ্য সরকার চেষ্টা করছে কতটা নির্ভুলভাবে কাজটা করা যায়। প্রতি বছরই রাজ্য সরকার একটি সময় নির্দিষ্ট করে দেন। ভোটের জন্য মুখে অনেক কথাই বলেন, কিন্তু কাজের কাজ কিছুই করেন না। যদি ভাবতেন কোনো মানুষ বি.পি.এল. তালিকায় অন্তর্ভুক্ত হতে পারে না, অথচ তার নাম আছে, সেক্ষেত্রে ওই নির্দিষ্ট ব্যক্তির নামে কমপ্লেন করা যেতে পারে। কিন্তু আপনাদের তরফ থেকে কোনো কমপ্লেন জেলায় জমা পড়েনি। তাহলে ওই ব্যক্তির নাম

কেটে অন্য একজনের নাম তালিকায় তোলা যেতে পারে। শুধু ভোটের জন্য, রাজনীতি করার জন্য এই কথা বলেন। ভোটের সময় এলেই এই রাজনীতি সবাই করতে পারেন। আমরা কিন্তু গলাবাজি করে কোনো কথা বলি না। আপনারা মিথ্যা কথা, অসত্য কথা গলাবাজি করে বলেন, আমরা আশ্চর্য হয়ে যাই। আমরা কিন্তু অসভ্য ভাষায় বলতে পারি না। আপনারা কালকে কথা বলছিলেন শুনলাম। আমরা নতুন সদস্যরা কিন্তু শিখতে এসেছি। প্রকাশ কারাটের তৃতীয় ফ্রন্টের নামে আপনাদের গায়ে জ্বালা ধরে গেছে। প্রকাশ কারাট নাকি মায়াবতীর পায়ে পড়েছে। আমরা কিন্তু এই ভাষায় বলি না। পাঁচ বছর আগেও কিন্তু এই কংগ্রেস সরকারকে টিকিয়ে রাখার চেষ্টা হয়েছিল যখন, তখনও এই কাজ করেছিল আপনাদের নেত্রী। আমরা বাজে ভাষায় বলতে পারি না। এই সেম কাজ প্রকাশ কারাটের কাছে আপনাদের দলের নেত্রী করেছিলেন। পার্লামেন্টে যেটা হয়েছিল, সারা দেশের মানুষ দেখেছে সেটা। যখন সমর্থন তুলে নিলাম, সরকার টিকিয়ে রাখার জন্য যে কেলেঙ্কারি, তা দেখেছিল, সেটা ভোলার নয়।

[2.50–3.00 p.m.]

— আর একটা গর্ব করে বলেছিলেন মানসবাবু কালকে যে, বিশ্বে—সারা পৃথিবীর অর্থনৈতিক মন্দায় ব্যাঙ্কগুলি—ভারতীয় ব্যাঙ্ক, ভারতীয় বিমা মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। নিশ্চয়ই আছে। লজ্জা করা উচিত এই দাবি আপনারা কি করে করেন ? এই দাবি আপনারা কি করে করেন ? ১৮ দফা দাবি ছিল আমাদের কমন মিনিমাম প্রোগ্রামে আপনার নবরত্ন বিক্রি করে দিয়েছেন, ব্যাঙ্ক ভেঙে সবই বিক্রি করে দিলেন, আর আজকে বর্তমান প্রাইম মিনিস্টার মনমোহন সিং বললেন যখন আমরা সমর্থন তুললাম—'আমি এতদিন বন্দী ছিলাম। আমি বন্দী মুক্ত হলাম।' তিনি এতদিন চাপে ছিলেন, বামপন্থী এম.পি.-রা তাঁকে চাপে রেখেছিলেন জনবিরোধী কাজগুলো থেকে বিরত থাকতে, সম্পদ বিক্রিতে বাঁধা দিয়েছিলেন প্রতি পদে পদে। সেইজন্য তিনি বন্দী ছিলেন। তাই সমর্থন তুলে নেওয়ার পরে তিনি বন্দী মুক্ত হলেন।

আর একটা কথা বলি—আপনারা এই যে পুঁজিবাদ আর সাম্রাজ্যবাদীদের এই যে জোট হয়েছে বলছেন অনেকে, আপনারাও করেছেন। আজকে দৈনিক একটা পত্রিকায় লিখেছেন আমাদের এই সামনের সারিতে বসা বিধানসভার দুই নেতা, এক নেতা বলেছেন আর এক নেতাকে যে, 'এতদিনে শুভ বুদ্ধির উদয় হয়েছে।' সেটাকেও আপনারা হজম করেছেন, আপনারা অনেক কিছু হজম করছেন, আপনারা অনেক কিছু হজম করেন আমরা জানি। আমরা বলি যে, এটাও সবাই বুঝতে পারছে পুঁজিবাদ আর সাম্রাজ্যবাদীদের চেষ্টাতে আপনারা বাধ্য হয়ে, এই জোটে সাহায্য করছেন। এইজন্য করেছেন যে এইসব সাম্রাজ্যবাদীদের সুবিধার জন্য। বামপন্থীরা একমাত্র সারা পৃথিবীর মধ্যে সাম্রাজ্যবাদীদের প্রতিহত করার জন্য বারেবারে আন্দোলন করে, বারেবারে বাঁধা দেওয়ার চেষ্টা করে। সুতরাং তাদের মাথায় আঘাত তো মারবেনই। সেই কারণে আপনারা মাথা বিকিয়ে যে কোনো কারণে ভেবেছিলেন আপনাদের জোট করা দরকার। আমি আর একটা কথা বলি—আমরা ইদানীং দেখছি, আমাদের ওই একটা বাংলায় প্রবাদ আছে—'লেজ উল্টে না দেখে,

এঁড়ে না দেখে দৌড়নো।' সেটাই আপনারা শুরু করেছেন। সস্তা রাজনীতির মাধ্যমে ফায়দা লুঠবার জন্য আপনারা চেষ্টা করছেন। আমরা জানি, যে কোনো মৃত্যু—সে শিশু হোক, কিশোর হোক, বৃদ্ধ হোক,—যে কোনো মৃত্যুই—রাজনৈতিক সংঘর্ষে হোক বা অন্য সামাজিক যে কোনো ক্ষেত্রেই হোক, যে কোনো মৃত্যুই দুঃখজনক। আমরা তাতে দুঃখ প্রকাশ করি। আমরা ভোটের রাজনীতি করার জন্য ডেডবডি নিয়ে ছোটাছুটি করি না। আমরা ইদানীং দেখছি সারা রাজ্যে একটা অশান্তির বাতাবরণ তৈরি করার জন্য কতকগুলো এই সাম্রাজ্যবাদী, নয়া সাম্রাজ্যবাদীদের হাত ধরে যে নয়া ভোগবাদ, সেই ভোগবাদ থেকে এতো খুন, এতো মানুষের মধ্যে হিংসা, সেই ভোগবাদের পিছনে ছুটতে গিয়ে যে সামাজিক অধঃপতন হচ্ছে, সেই জায়গায় দাঁড়িয়ে যাঁরা এই ভোগবাদ, এই সাম্রাজ্যবাদীদের হাত ধরে আমদানী ঘটাচ্ছেন, তাঁরা রাজনীতি করার চেষ্টা করছেন এই যাঁরা মারা যাচ্ছেন তাঁদেরকে নিয়ে। কি রকম ? আমরা দেখছি একটা শিশু মৃত্যু হচ্ছে, সেখানে দৌড়ে ছুটে চলে গেলেন রাজনীতি করার জন্য। সেটাতেও সি.পি.এম.-এর দোষ, বামফ্রন্টের দোষ, বামফ্রন্টরা মারছে, পুলিশ মারছে। সামাজিক অবক্ষয়ের পরিণতিতে যে খুন-খারাপিগুলো হচ্ছে, সেখানে দৌড়ে গিয়ে রাজনীতির গন্ধ খোঁজা হচ্ছে। আমরা অবাক হয়ে দেখি যে সেখানেও তারা দেখছে অশুভ গন্ধ আছে কি না। এইভাবে একটা অশান্তির বাতাবরণ তৈরি করছে তারা। এটা চলতে থাকলে আমাদের রাজ্যের উন্নয়ন তো দূরের কথা, সামাজিক অপচেষ্টার দ্বারা আমরা দিনে দিনে পিছিয়ে পড়ব। সেই কারণে আমরা শঙ্কিত—আতঙ্কিত যে আপনারা এই রাজনীতি বন্ধ করুন। এতো সস্তার রাজনীতি আপনারা বন্ধ করুন ! এটা করা উচিত নয়। আমরা, কণিকাদি, আমরা সবাই দেখছি এই রকম দৌড়ে যাওয়া—'ল্যাজ উল্টে না দেখে'— ট্যাক্সি চালকের চোখ উপড়ে দেওয়া হয়েছে বলে ধরনায় বসে পড়ে আছে, ঠিক এইরকম জায়গা থেকে সস্তা রাজনীতি করা থেকে সরে আসুন, এই ধরনের রাজনীতি বন্ধ হওয়া দরকার। পশ্চিমবঙ্গের মানুষ আমরা জানি, তারা অনেক সচেতন, তারা উন্নয়ন চায়, পশ্চিমবঙ্গের মানুষ উন্নয়ন দেখেই সেইদিকেই এগোবে। সুতরাং আপনারা এই অপচেষ্টা যতই করুন, যতই শান্তি-শৃঙ্খলা বিঘ্নিত করার চেষ্টা করুন মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে সবাই আসুন গঠনমূলক সমালোচনা করুন। আসুন সবাই সহযোগিতা করুন পশ্চিমবাংলার শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য। আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3.00–3.10 p.m.]

श्री दिनेश बजाज : माननीय उपाध्यक्ष महोदय, मै यहापर महामहीम राज्यपाल ने इस सदन में ९ मार्च को अपना जो वक्तव्य पेश किए है उसके विरोध मे बोलने के लिए खढ़ा हुआ हूँ। मै इस विषय पे कुछ बोलूंगा। आज कलकत्ता में जिस हिसाव से वाटर लोगिंग की समस्या हो रही है रही है इस सम्बन्ध मे इस रिपोर्ट मे कुछ भी नही कहा गया है कुछ भी मेन्सन नही किए है राज्यपाल ने अपने भाषण मे। आज पश्चिम बंगाल में चाहे छात्र हो या बिजनेसमैन उसका किडनेप हो रहा है, मर्डर हो रहा है चाहे वह हावड़ा का लाखोटिया काण्ड रहा हो पुलिस इसमें बिल्कुल व्यर्थ है। आसनसोल रानीगंज जो कोल माइनिंग का

इलाका है वहा इलिगल कोल माइनिंग के कारण भूमि धसान होती है इसे रोकने के बारे मे कुछ भी मेन्सन नही किया गया है। रोज रोड एक्सीडेन्ट हो रहा हैं। कल हावड़ा के सलकिया मे हुआ परसो इक्बालपूर मे एक्सीडेन्ट हुआ। एक्सीडेन्ट मे लोग मर रहे है। लेकिन एक्सीडेन्ट को रोकने की कोई कारगर व्यवस्था नही हो रही है। और रही बात लोडसेडिंग की तो यह हर प्रकार की हद पार कर चुकी है। पहले लोगों को बिजली से करेंट लगता था अब लोगों को बिजली के बिल से करेंट लगता है। इसकी हालत को देखाकर महामहीम राज्यपाल महोदय भी शाम मे एक घण्टा बिजली बन्द कर अपना विरोध प्रकट कर रहे है। और अब आता हूँ माइनोरीटी की बातपर। आपलोगों ने, वामफ्रन्ट सरकार ने माइनोरीटी को बन्धुआ मजदूर समझकर उसका ३२ वर्षो से शोषण किया गया है। उन्हे कोई सुविधा नही प्रदान की गई जो सुविधा भारत के नागरिक के हिसाव से मुहैयया कराई जानी चाहिए थी। मदरसा के लिए कोई डभलपमेन्ट का काम नही हुआ है। मदरसा के बारे मे एक बार मुख्यमंत्री कहे थे कि वहाँ दहशतगर्द पैदा होते है। जहाँ इन्सानियत की सीखापढ़ाई जाती है वहाँ दहशतगर्द कैसे पैदा हो सकते है। जबकि हमारी पार्टी के एम.एल.ए, एम.पी. अपने फण्ड से मदरसा के डभलपमेन्ट मे योगदान देते है जबकि सरकार इस बारे मे बिल्कुल व्यर्थ रही है, विफल रही है। आज जितने भी बन्द कल-कारखाने है उसको खुलवाने के लिए सरकार क्या उपाय कर रही है जबकि नए-नए शिलान्यास हो रहे है। जो पुराने कल-कारखाने बन्द है उनको तो आप खुलवाए आज एस.सी./एस.टी. या ओ.बी.सी. किसी की उन्नति के बारे में कुछ भी नहीं हो रहा है। साचार कमिटि की रिपोर्ट ने आपके चेहरे को आइने के सामने रख दिया है। क्योकि ३२ वर्षो के शाषणकाल मे मुसलमानो के लिए कुछ भी नही किया गया है। आप कागज कलम मे भले बड़े-बड़े वादे करें। मै आपको आमन्त्रण देता हूँ मेरे विधानसभा जोड़ासाकू के केलाबगान, मछुआ के इलाके मे आए आपके आँखों में आँसू आ जाएगे। आज जितनी जुट मिले बन्द पड़ी है उसे खुलवाने के लिए सरकार की ओर से कोई व्यवस्था किया गया है, कुछ भी नहीं। दाउरी डेथ नारी निर्जातन की घटना घट रही है उसे रोकने के लिए कोई व्यवस्था किया गया है। डनलप को तो आप चुनावी मोहरा बना दिया है कम्पनी एलेक्सन के टाइम मे खुल जाती है, चुनाव के समय चालू हो जाती है फिर बन्द हो जाएगी और कहा जाएगा हमें इतने करोड़ रूपये चाहिए चलाने के लिए।

मै जानना चाहता हूँ आज जिस हिसाब से दाम बढ़े हुए है उस बढ़े हुए दामों को रोकने के लिए राज्य सरकार ने क्या किया है। कुछ भी नही। बी.पी.एल. कार्ड सही आदमी के पास नहीं पहुँच रही है। दो रूपये किलो चावल देने की बात हो रही है। जब आप लोगों के पास कार्ड नहीं दे पा रहे है तो यह कैसे संभव है। आज बेकारी हद तक बढ़ रही है। इसपर सरकार का कोई नजर है। मै नन्दराम मार्केट के बारे मे कहना चाहता हूँ। मै व्यापारी वर्ग से आता हूँ, व्यापारी वर्ग का प्रतिनिधी हूँ। नन्दराम मार्केट भीषण अग्निकाण्ड से तबाह हो गया, फूलबाजार जलकर राख हो गया। किन्तु वहाँ पर सरकार की ओर से

रिहेवीलिटेशन पर कुछ नही किया गया। और उलटा कहा जा रहा है इलिगल बिल्डिंग है इसे तोड़ा जाएगा। जिस समय कॉरपोरेशन लाइसेन्स इसू कर रही थी उस समय सरकार सो रही थी। आज व्यापारियों को मदद की आवश्यकता है परन्तु उन्हे परेशान करने की साजिश की जा रही है। कहाँ जाएगे बेचारे व्यापारी।

अभी हमारे दोस्त कह रहे थे तृणमूल कांग्रेस और कांग्रेस के महाजोट के बारे में। मै उन बन्धु से जानना चाहता हूँ थर्ड फ्रन्ट बार-बार इलेकसन के समय क्यो होता है। इलेकसन के बाद फिर समाप्त हो जाता है। अभी कह रहे थे कि कांग्रेस ४९ वर्षो मे कुछ नहीं किया। जब कुछ नही किया तो क्यो साढ़े चार वर्षो तक उनके साथ हनीमून मनाया। आप उनके साथ हनीमून मनाया तो ठीक है और टी.एम.सी. समझोता करती है तो गलत है। ये कैसी बात है। जब यही थर्ड फ्रन्ट के लोग, सी.पी.एम. और वामफ्रन्ट के लोग वी.पी.सिंह की सरकार को ९१ मे मदद करते बी.जे.पी. के साथ तब बी.जे.पी. ठीक है। उस समय आपको पता नही था कि बी.जे.पी. सेकुलर नही है। आज अस्पतालों मे बच्चे मर रहे है। अभी उन्होने कहा कि कही भी कोई घटना घटती है तो वहाँ विरोधी दल की नेत्री पहुच जाती है और सस्ती राजनीति करती है। ये सस्ती और महँगी राजनीति क्या होती है। हम विरोधी दल के है हमारा यह कर्तव्य बनता है कि जनता के साथ उनके दुख-सुख में खड़े हो। सरकार के गलत कामो को तो बोलना ही हमारा काम है। इसमे क्या गलत करती है हमारी नेत्री। और अगर ये सस्ती राजनीति है तो भी हमें मंजूर है। आज हमे तगमा दिया जाता है कि हम उधोग के विरोधी है। हमने विरोध कहा किया सिन्गूर में और नन्दीग्राम में। क्योकि वहाँ किसानो से जबरन जमीन कब्जा किया जा रहा था। हमलोगों ने किसानो के साथ खड़ा हुआ सरकार के अन्याय के विरोध में। यदि ये सही नही है तो क्यो वुद्धदेव बाबू ने राज्यपाल के सामने सेटलमेन्ट के लिए बैठे। क्यो ६० एकड़ और १०० एकड़ कि बात कहाँ से आई क्यो सरकार ने प्रस्ताव दिया फिर मुकर गई हमने उधोगों का कहाँ पर विरोध किया पुरूलिया मे, रघुनाथपुर मे उधोग लगाने का हमने कहाँ विरोध किया। हाँ जहाँ भी सरकार लोगों से जवरदस्ती जमीन कब्जा करेगी तृणमूल कांग्रेस उसके खिलाफ खड़ी है खड़ी रहेगी इसके लिए आप हमे जिस तरह का तगमा दे हमें मंजूर है। अभी कहा जा रहा था मिथ्या, मिथ्या शब्द असंसदीय है, राज्यपाल से असत्य भाषण करवाया गया है। मै और हमारी पार्टी का राज्यपाल के प्रति सम्मान है। वे बड़े ही संवेदनशील व्यक्ति है। एक परम्परा के तहत उनसे असत्य भाषण का पाठ करवाया गया है, मै इसका पूर्ण रूप से विरोध करता हूँ। जय हिन्द।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় চেয়ারম্যান সাহেব, মাননীয় রাজ্যপাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধী মহাশয় গত ৯ই মার্চ, ২০০৯ তারিখে এই হাউসে যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণের উপর মাননীয় বিধায়ক শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি। মানসবাবু চলে গেছেন। কালকে মানসবাবুর আলোচনা শুনছিলাম। তিনি মাননীয় মুখ্যমন্ত্রীকে জ্যোতিষে যাওয়ার কথা বলছিলেন। আমরা

বামপন্থীরা জ্যোতিষে বিশ্বাস করি না, ভাগ্যে বিশ্বাস করি না, কর্মে বিশ্বাস করি। মানসবাবু থাকলে তাঁর কাছে জেনে নিতাম যে, মাচান বাবার কাছে গিয়ে যাঁরা তাঁর পায়ে মাথা ঠেকিয়ে নির্বাচনে অংশগ্রহণ করেন তাঁরা কারা, সেটা বললে ভালো হত। তবে পশ্চিমবঙ্গে ৩২ বছর ধরে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আছেন এবং আরও দীর্ঘকাল বামফ্রন্ট সরকার এখানে ক্ষমতায় থাকবেন। আপনারা যতই শাপ-শাপান্ত করুন, তাতে আমাদের কিছু হবে না। শ্রমজীবী মানুষ আমাদের সঙ্গে আছেন। শ্রমজীবী মানুষের লড়াই, আন্দোলন যতদিন থাকবে, আমরাও ততদিন থাকব।

আপনারা জানেন আমাদের এখানে ভূমি সংস্কারের মধ্যে দিয়ে, পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে ক্ষমতার বিকেন্দ্রীকরণ হয়েছে। সাধারণ মানুষের হাতে প্রশাসনিক ক্ষমতা, অর্থনৈতিক ক্ষমতা গেছে। ২৮/৩০ বছর ধরে আপনারা পশ্চিমবঙ্গকে একেবারে শুকনো জায়গায় নিয়ে গিয়েছিলেন, যেখানে মানুষ আধবেলাও খেতে পেত না। সেখানে বামফ্রন্ট সরকার এসে ভূমি সংস্কারের মধ্যে দিয়ে, পঞ্চায়েতের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের মানুষের দুবেলা খাওয়ার সুবন্দোবস্ত করার একটা চেষ্টা করেছে। অজয়বাবু বললেন, মানসবাবু কালকে বললেন যে, কেন্দ্রীয় প্রকল্পের অর্থেই আমাদের চলছে। পার্থবাবু যে জামাটা পরে আছেন, পকেটে যে কলমটা আছে, চোখে যে চশমাটা শোভা পাচ্ছে, সেইগুলো কিনতে গিয়ে যে করটা দিচ্ছেন সেই করের ৭০ শতাংশই যাচ্ছে দিল্লিতে, রাজ্যগুলো পাচ্ছে ৩০ শতাংশ। সেই টাকা তো পার্থবাবুর টাকা, কিন্তু চলে যাচ্ছে দিল্লিতে। আমরা বারবার বলছি দেশটাকে যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে দিয়ে চালাবার চেষ্টা করুন। যুক্তরাষ্ট্রীয় কাঠামোর যে সংবিধান, সেই সংবিধানকে উপেক্ষা করে দিল্লি এককেন্দ্রিকভাবে তাকে চালায়, কেন্দ্র তাকে চালায়। এবং সেইভাবে চালানোর জন্য আজকে বামফ্রন্ট সরকার যখন রাজ্যের উন্নয়নের কথা বলছে, আপনারা প্রতি পদে সেটা ব্যাহত করছেন। কালকে মানসবাবু খুব চমৎকার কথা বললেন, সারা বিশ্বে যে আর্থিক মন্দা, ইউরোপ আমেরিকার একটা সংকট, সেখানে ভারতবর্ষের প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর জন্যই নাকি সেই সংকটের নিরসন হয়েছে। এত অসত্য কথা ! সাড়ে তিন বছর আমরা বামপন্থীরা ইউ.পি.এ. সরকারকে সমর্থন করেছিলাম। সেই উদারীকরণের ভুল পন্থা, যে পথে মনমোহন সিং-রা চলেছিলেন, প্রতিনিয়ত আমরা সেই পথে যেতে বাধা দিয়েছি। আজকে ভারতবর্ষ এই অর্থনৈতিক সংকট থেকে যে রেহাই পাচ্ছে, সেটা এই বামপন্থীদের সমর্থনের জন্যই, এটা মনে রাখা ভালো। এটা মনে রাখা ভালো যে, কিরকম প্রতারণা কেন্দ্রীয় সরকার, ইউ.পি.এ. সরকার করছে গরিব মানুষের সঙ্গে। কেন্দ্রীয় সরকার যে ইন্দিরা গান্ধী জাতীয় পেনশন প্রকল্প গ্রহণ করেছে, সেই প্রকল্পে কারা উপকৃত হবে ?

[3.10–3.20 p.m.]

যাদের বয়স ৬৫-র বেশি হবে আর কারা পাবে ? শুধু ৬৫ হলেই চলবে না তাকে দারিদ্র্যসীমার নীচে হতে হবে। আর কত টাকা পাবে ? দুশো টাকা পাবে। একজন শিক্ষক ৬০ বছর বয়সে রিটায়ার করেন, একজন সরকারি কর্মচারী ৬০ বছর বয়সে রিটায়ার করেন, একজন পঞ্চায়েত কর্মী ৬০ বছর বয়সে রিটায়ার করেন। রিটায়ার করে তাঁরা পেনশন পান।

আর একজন কৃষক, একজন খেতমজুর, একজন মৎস্যজীবী যারা সমাজকে সেবা দেয় যারা ৫০ বছরে দুর্বল হয়ে যায় তারা পেনশন পাবে ৬৫ বছর বয়সে। এটা বিজ্ঞাপন ছাড়া আর কিছু নয়। এটা কেন্দ্রীয় সরকারের বিজ্ঞাপন। মানুষের প্রকৃত উপকারের জন্য কেন্দ্রীয় সরকার এই পেনশন প্রকল্প চালু করেনি। আমরা এর বিরোধিতা করি। আমরা বলি মানুষকে সেবা দিতে গেলে সমস্ত মানুষ যাদের বয়স ৫৫ হয়ে গেছে, সমস্ত বৃদ্ধ-বৃদ্ধাদের পেনশন প্রকল্পের আওতায় আনতে হবে। এটা ইউ.পি.এ. সরকারকে বলতে চাই। অজয়বাবু পানীয় জলে আর্সেনিকের কথা বলছিলেন, বলছিলেন মানুষ পানীয় জল পাচ্ছে না। যখন এন.ডি.এ. সরকার ছিল সেই এন.ডি.এ. সরকার একটা নতুনতর আইন করেছিলেন—জলধারা আইন প্রকল্প, সজলধারা প্রকল্প আইন তৈরি করেন। সেই আইনে তারা বলেন যে ৯০ শতাংশ টাকা কেন্দ্রীয় সরকার অ্যাট এ টাইম এককালীন দিয়ে দেবে আর বেনিফিশিয়ারীকে ১০ শতাংশ টাকা দিতে হবে। দিয়ে নিজেদের পানীয় জলের প্রকল্প তৈরি করতে হবে। আর সারা বছর বেনিফিশিয়ারীকে মেনটেন্যান্স করতে হবে। এটা চলতে পারে ? তার পরেও বলব পানীয় জলের প্রকল্পের কথা ? এই আইনের বিরোধিতা করার জন্য আমরা বারবার এই বিধানসভার ভেতরে, বিধানসভার বাইরে বলেছি। আমাদের বিধায়কদল কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে বলে এসেছি কিন্তু কিছু হয়নি। পার্থবাবু সেদিন কোনো চেষ্টা করেননি। এর পরে ইউ.পি.এ. সরকার এসেছেন। ইউ.পি.এ. সরকারের কাছে আমরা বারবার তাগাদা দিয়ে দিয়ে দু বছর পরে ইউ.পি.এ. সরকার সেই আইনের পরিবর্তন করেন। ৭৫ শতাংশ কেন্দ্রীয় সরকারের আর ২৫ শতাংশ রাজ্য সরকারের টাকা দিয়ে সারা রাজ্যে প্রকল্প হচ্ছে। অন্ততপক্ষে ১' হাজার ৭শো জল প্রকল্প চলছে। আগামী এক বছরের মধ্যে পাইপলাইনের পরিশ্রুত জল ৬০ শতাংশ মানুষের কাছে পৌঁছে যাবে। এই সরকার সেই চেষ্টা করে যাচ্ছেন। সংবিধানে আছে সমস্ত মানুষের কাছে পানীয় জল পৌঁছে দিতে হবে। কিন্তু সেই শর্ত কেন্দ্রীয় সরকার মানছে না। এই সম্পর্কে কেন বলছেন না ? যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে একটা সরকার চলছে, তাদের যে পাওনা গণ্ডা পাওয়া দরকার সেই কথা কেন বলছেন না। কি বলছেন ? সমস্তটা হচ্ছে ওই কেন্দ্রীয় সরকারের প্রকল্প। এন.আর.ই.জি.এ., পি.এম টু ডি.এম। একটা গভর্নমেন্ট চলছে যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় অথচ রাজ্য সরকারের কাছে যাবে না, রাজ্য সরকার কিছু জানেন না। ডি.এম সাহেব বি.ডি.ও. সাহেবকে দেখিয়ে দিচ্ছেন। বি.ডি.ও. সাহেব বলে দেবেন কোন জায়গাতে কোন কাজ হবে। আপনারা কাজ না করতে দেওয়ার একটা আইন করেছেন। আইনটা সাইনবোর্ড আকারে রেখে দিয়েছেন যে, এটা দিল্লীর সরকার করে দিয়েছেন। এই তো হচ্ছে আইন ? আমরা বামফ্রন্ট সরকার বহু লড়াই সংগ্রাম করেছি। বহু আন্দোলন করেছি। কৃষকসভার পক্ষ থেকে ৩০ দিনের কাজের ব্যবস্থা করার জন্য বহু লড়াই সংগ্রাম করা হয়েছে। এই দীর্ঘদিনের লড়াইয়ের ফসল হিসাবে এখন ১০০ দিনের কাজের চুক্তি হয়েছে। আমরা বামফ্রন্ট সরকারই ওইটা করতে পেরেছি। সারা ভারতের প্রত্যন্ত গ্রাম যে আছে, সেখানে যে সমস্ত গরিব মানুষ আছেন, তাদের জন্য কিন্তু এখনও কোনো কাজের ব্যবস্থা করা হয়নি। আমরা এখনও লড়াই আন্দোলন চালিয়ে যাচ্ছি কাজের ব্যবস্থা করার জন্য। আপনাদের ইউ.পি.এ. সরকার ভারত নির্মাণ প্রকল্প করবেন। সেচের ব্যবস্থা করবেন বলেছেন। কোথায় সেচের ব্যবস্থা ? কোথায় বন্যা প্রতিরোধের ব্যবস্থা ? তিস্তা প্রকল্পের

ব্যাপারে বললেন এটা কার্যকরী হবে। কোথায় সেই ব্যবস্থা ? তার বাস্তবতা কোথায় ? আপনারা যে কথা বলছেন, তার সঙ্গে কাজের কোনো সমন্বয় থাকছে না। সব সময়ই আপনারা লোক ঠকানো কথা বলছেন। অসত্য কথা বলছেন। বাটপাড়ী কথা বলছেন।

স্যার, মুর্শিদাবাদ জেলাতে ৭০ লক্ষ মানুষের বাস। গরিব মেহনতি মানুষ সেই এলাকাতে বাস করে। আমরা চাই ওখানে একটা ইউনিভার্সিটি হোক। ওই এলাকার মানুষের স্বাস্থ্যের জন্য একটা মেডিকেল কলেজ স্থাপন করা হোক। আর একটা কথা বলতে চাই— কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বলা হয়েছিল ওই এলাকাতে একটা আলিগড় মুসলিম ইউনিভার্সিটি স্থাপন করা হবে। আমরা জায়গা চিহ্নিতও করে দিয়েছিলাম। ফরাক্কা ব্যারেজ, সেখানে আড়াইশো তিনশো একর জায়গা পাওয়া যাবে, সেই জায়গাতে ইউনিভার্সিটি স্থাপন করা যেতে পারে। এই ব্যাপারে এখনও পর্যন্ত কোনো প্রস্তাব বা কোনো প্রতিশ্রুতি পাওয়া যায়নি। এটা যাতে পাওয়া যায় তারজন্য আপনারা দৃষ্টি আকর্ষণ করুন। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Pranay Rai : With the permission of the Hon'ble Deputy Speaker and in view of the address delivered by His Excellency Governor of West Bengal on the 9th day of March, 2009 at the 14th Legislative Assembly I would like to at the very outset thank His Excellency for at least mentioning something of the recent updates on the hills though very vague and lack of proper know how as of the ground reality of the wishes of the hill people vide paras 2 and 3, page 3 of His Excellency's speech, and in this context I have a series of queries, rather would like to lay a few words of resentment in view of the blurred picture portrayed in the said paras vis-a-vis in relation to the observation of the aftermath of all talks and recent developments thereof rather than passing the anus of peace and permanent settlement with the tripartite meetings which have been held twice in Delhi and will be held further in future.

My question to His Excellency is what was the outcome of such meetings ? Even though it is a mockery that we as representatives never were a part of the talks but I presume we all have the rights to know what happened and what followed.

To cite an example of such 'No result' aftermath talks, April 9, 2008 is of special mention when the members of the Bharatiya Gorkha Bhutpurba Sainik Morcha, an organization of former Army personnels who had taken out a march at Siliguri to press the

demand for separate State of 'Gorkhaland' where their democratic voice were subdued by denial by the administration and forcibly attacked on person by police personnels who spread their lives in defending the integrity of our nation. They even went to the extent of beating widows of war veterans. After similar peace meetings as mentioned by His Excellency in page 3 a Committee headed by Mr. M.L. Meena Principal Secretary, Disaster Management, Government of West Bengal was formed for enquiring into the matter from the 21st to 23rd of April, 2008 where 20 people were hurt. The second round of enquiry was to effect from the 5th day of May which till date has been kept in cold storage. The prestigious 'Bhanu' Puraskar was surrendered to your Government in protest of the said menace by one prominent poet Shri Nanda Harkim Rai. The incident was condemned worldwide but no result till date. May be, because the said incident did not involve people likewise in Coochbehar-Nandigram, Singur, Malda etc.

To refresh the minds of the Government I would like to cite another such incident where 7 casual workers under the aegis of Asthayee Karmacharee Sangathan has gone into fast-unto-death since June 28th but postponed from the 30th June, 2008 at the behest of the Government of West Bengal. On the 7th June the Administration D.G.H.C., C.P.S. D.G.H.C. in presence of the leadership of the Union at the DGHC Secretariat had announced that it would hike salary by Rs. 1000/- per employee and start inspecting papers of each individual and would offer permanent jobs. My question in this context is, that despite of all the assurances despite of the nation stepping into the 6th Pay Commission, despite 30% pay hike in the State why haven't the said assured words been implemented so far ? Employees of the DGHC should be kept at par with the employees of the plains. Then the Equality Clause of the Indian Constitution shall have much relevance in the hills. To substantiate this, on February 18, 2008 at the Cabinet Meeting what did the Minister-in-Charge for Irrigation Shri Subhas Naskar says or reacts when the Hon'ble Chief Minister made a proposal to absorb 15 casual workers in the Information Department saying. 'Then what about those in my department ?' The Cabinet approved to the Chief Minister's proposal to list out the names of the casual employees in the State. My question is why not the same for DGHC employees ?

When in the year 1996 before Assembly Elections more than 40,000 casual employees could be made permanent why not the same with few 8000 casual workers of the hills.

When the Government is constantly talking of permanent solution for peace for the hill people why the Government is only looking into those problems which are on the highlight ignoring these small problems which also need to be redressed as in the days to come it could gather into a bigger problem like adding fuel into fire.

[3.20–3.30 p.m.]

To mention a few such as the reduction of rates of rice to the BPL level which has been ignored in the hill areas, the supply of sugar the reduction of kerosene oil supply have already piled up ready to burst.

Apart from GORKHALAND agitation the hill is set to ablaze with the denial of hill compensatory allowance and winter allowance in the recent announced pay structure.

An employee posted in the hill was entitled to higher amount because of difficulties one faces while working in the region. Following this revision there will be no difference between the employees serving in the plains and those in the hills. All the hill employees' Unions are demanding H.C.A. hike at the rate of 2% of the revised basic pay without any ceiling along with Rs. 5000/- winter allowance.

When His Excellency says in paragraph 3 last line 'The State has been keeping a close watch on the situation' I suggest it should not only closely watch but create panacea or solutions to every grievance of the hill people. Thank you.

শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি তাকে সমর্থন করছি। স্যার, আজকে কথা বলতে এসে বাংলার কবিদের কথা মনে চলে এল। আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি। আমাদের বিবেকানন্দের কথাকেও আমরা ভুলিনি। আমরা চিরদিন উচ্চারণ করে এসেছি বাংলার সমাজ আমাদের শিশু শয্যা, আমাদের কৈশরের লীলাক্ষেত্র, যৌবনের উপবন এবং বার্ধক্যের বারাণসী। রবীন্দ্রনাথের বাংলা, বিদ্যাসাগরের বাংলা, রামমোহনের বাংলা,

নজরুলের বাংলা। আজ বাংলা মায়ের মুখের দিকে যদি তাকিয়ে দেখে সেই পুরনো কথাটা আবার মনে পড়ে যায়—কেন গো মা তোর রুক্ষ বদন, কেন গো মা তোর মলিন বেশ। তাহলে আমাদের ৭ কোটির সন্তানের বাংলা মা হয়েও, আমরা বাঙালি হয়েও, আমরা সত্যিই কি মানুষ হইনি ? আমাদের ভাববার প্রয়োজন আছে। আজকে বঙ্গজননী রক্তাক্ত, ক্ষত-বিক্ষত। কেবলমাত্র রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য যে কোনো প্রকারে বাংলার ক্ষমতাকে করায়ত্ত করতে হবে, সেই মানসিকতা নিয়ে আজকে আমরা দেখতে পাচ্ছি বাংলার কিছু কাণ্ডজ্ঞানহীন মানুষ বাংলাকে ভাগ করতে, বাংলাকে ক্ষত-বিক্ষত করতে, বাংলা মাকে রক্তাক্ত করতে উদ্ধত সিংহের মতো, শ্বাপদের মতো ঝাঁপিয়ে পড়ছে। স্যার, আমরা দেখছি উত্তরবঙ্গে বাংলাকে ভাগ করার দামামা বাজছে। কেউ কেউ বলেন শুনি যে আমরা বাংলা ভাগের বিরুদ্ধে, কিন্তু আমরা দেখছি যাঁরা বাংলাকে ভাগ করতে চায় তাঁরা আজ বি.জে.পি.-র দ্বারপ্রান্তে ছোটাছুটি করছেন, আবার সেখান থেকে সাহায্য পাবেন কি পাবেন না এই দোভরসায় কংগ্রেসের দ্বারপ্রান্তে ছোটাছুটি করছেন। যদি না গোপন ভাব-ভালোবাসা না থাকে তাহলে কি এটা সম্ভব ? আমার ঘরে কি বিমল গুরুংরা আসবেন ? কখনই আসতে পারেন না। গোপন সংযোগ আছে। আমরা পশ্চিমে দেখছি মানুষের ক্ষোভ, দুঃখ, যন্ত্রণা আছে ঠিকই, সেই যন্ত্রণার প্রতিকার হওয়া উচিত একথাও ঠিক, কিন্তু এটাকে হাতিয়ার করে যাঁরা বাংলাকে ভাগ করতে চাইছেন সে পশ্চিম মেদিনীপুরই হোক, বাঁকুড়াই হোক বা পুরুলিয়াই হোক সেখানে যে ক্ষোভ, সেই ক্ষোভকে হাতিয়ার করে তাকে মদত দিয়ে বাংলাকে যাতে বিভক্ত করা যায় তার চেষ্টা চলছে। আমরা দেখছি গ্রেটার কোচবিহারের নামে সেখানে একটা আন্দোলন চলছে, তার পিছনে সুড়সুড়ি দেওয়া হচ্ছে, মদত দেওয়া হচ্ছে। আমরা আবেদন করেছি আর যাই করুন এই বাংলা আমার আপনার সবার। তাই এই বাংলাকে ভাগ করার যে ঘৃণ্য চক্রান্তে আপনারা লিপ্ত হয়েছেন তাঁরা অন্তত এই সর্বনাশের খেলা থেকে নিজেদেরকে দূরে রাখুন। নাহলে ভবিষ্যৎ প্রজন্ম কখনই আপনাদের ক্ষমা করবে না। যেখানে কোনো একটা বিরোধিতা সেখানেই দেখছি বিরোধীদের আবির্ভাব, এর পিছনে উদ্দেশ্য কি ? যে কোনো প্রকারে বাংলা থেকে বামফ্রন্টকে এই গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে উচ্ছেদ করে কেবলমাত্র ক্ষমতা প্রতিষ্ঠা করা। আমরা বিশ্বাস করি আগামী প্রজন্ম তাঁদের এই ঘৃণ্য ষড়যন্ত্র, চক্রান্তে কখনই নতি স্বীকার করবেন না। তাদের বিরুদ্ধে বলিষ্ঠ প্রতিবাদ করে বলবেন এই বাংলা আমার জন্মভূমি, এই বাংলায় আমরা মরব, কেউ কবরে যাব, কেউ শ্মশানে যাব। এই বাংলাকে কখনই ভাগ করতে দেব না। তাদের এই জঘন্য চক্রান্ত ব্যর্থ হবে এই বিষয়ে সন্দেহ নেই। আমরা জানি আমরা কৃষকের কল্যাণ চাই, কৃষির বিকাশ চাই। আমরা আজকে দেখছে পাচ্ছি কাক ময়ূরের পালক পরে ময়ূর সাজার চেষ্টা করছে, কিন্তু কাক কাকই থাকবে, ময়ূরের পালক পরে ময়ূর হতে পারবে না। আমরা দেখেছি, আমরা নিজেদেরকে সংগঠিত করেছি। সুদূর অতীতে যখন ব্রিটিশ সাম্রাজ্যবাদের শেষ পর্বে, ভারতবর্ষে তখন কংগ্রেস ক্ষমতাসীন, তখন সারা বাংলাতে খাজনা মকুব আন্দোলন শুরু হয়েছিল। কে তার সামনে ছিল ? কে ছিল তার পথিকৃৎ ? তার পরবর্তীকালে আমরা লক্ষ্য করেছি তেভাগা আন্দোলন যখন হয় জোতদারদের ১ ভাগ এবং কৃষকদের ৩ ভাগ, সেই আন্দোলনে কারা ছিল সামনের

সারিতে, কারা প্রাণ দিয়েছিলেন, কারা রক্ত দিয়েছিল ? আজকে যারা কৃষকের কল্যাণের কথা বলছেন, কৃষকের দুঃখে চোখ দিয়ে জল পড়ে গোটা শরীর ভিজিয়ে যাঁরা আজকে বলছেন তাঁদের কিন্তু কাউকে দেখা যায়নি।

[3.30-3.40 p.m.]

কারা প্রাণ দিয়েছিল, কারা রক্ত দিয়েছিল ? তারা কিন্তু আজকে যারা আপনারা কৃষকের কল্যাণের কথা বলছেন, কৃষকের দুঃখে যাদের চোখ দিয়ে জল পড়ছে, গলা শরীরকে ভিজিয়ে ফেলছেন। তাদের কিন্তু কাউকে দেখা যায়নি, লক্ষ্য করেছিলাম আমরা এই ঝান্ডাওয়ালারা, তারাই কিন্তু সেই কৃষকের পাশে সেদিনও দাঁড়িয়ে তাদের অধিকার রক্ষার লড়াইয়ে সামিল হয়েছিল। আমরা যখন স্লোগান দিতাম লাঙল যার, জমি তার। আমরা যখন বলতাম, জমিতে যাদের ঠেকেনা চরণ, জমির মালিক তাহারাই হন। সেই উদ্বৃত্ত জমি জোতদারদের কাছ থেকে কেড়ে নিয়ে উদ্বৃত্ত জমি গরিব লোকেদের মধ্যে আমরা বিলি করেছিলাম। বহুকাল প্রাণ দেওয়া-নেওয়া হয়েছে, জোতদার গুলি করে মেরেছে, মহামুদ্রাঙ্কুর ঘটেছে, অগ্নুশূল ঘটেছে, এরকম বহু ঘটনা। তখনও সেই কৃষকের পাশে দাঁড়িয়েছিল সেই বামপন্থীরা। জান দিয়েছে, জোতদারের জান নিয়েছে। কিন্তু অন্যায়ভাবে লুকিয়ে রাখা জমি, তারা উদ্ধার করেছে এবং কৃষকের হাতে বণ্টন করে দিয়েছে। তারও পরবর্তীকালে ঋণ মুকুবের আন্দোলন। সেই আন্দোলন কারা করেছে ? এই বামপন্থীরাই ঋণ মুকুবের আন্দোলন করেছে। ফসলের দামের লড়াই। এ লড়াই বামপন্থীদের সর্বভারতীয় লড়াই। পার্লামেন্টের ভেতরে পার্লামেন্টের বাইরে, এই আইনসভার ভেতরে আইনসভার বাইরে, কৃষকের ফসলের লাভজনক দামের লড়াইতে এই বামপন্থীরাই লড়েছে। যারা আজকে কৃষকের দরদে চোখ ভিজিয়ে ফেলছেন, কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন। আপনারা কি একটা এরকম কোনো উদাহরণ হাজির করতে পারবেন, পার্লামেন্টের ভেতরে এবং পার্লামেন্টের বাইরে, কৃষকের এই যে জীবন যন্ত্রণা, লাখে লাখে কৃষকের মৃত্যুর মহামিছিল এর জন্য প্রতিবাদ। সেই কৃষকের আত্মহত্যার বিরুদ্ধে আপনাদের জেহাদ, কৃষকের ফসলের দামের দাবিতে পার্লামেন্টের ভেতরে পার্লামেন্টের বাইরে লড়াই—আপনারা দেখাতে পারবেন না। অথচ আজকে আপনারা কৃষকের স্বার্থের কথা বলে বাজার মাতানোর চেষ্টা করছেন। আপনারা কি বলার চেষ্টা করছেন, আমরা শুধু পশ্চিমবাংলার কথাটাই যদি ধরি—আমরা কৃষিতে অনেক পেছনে ছিলাম। যখন আপনারা ক্ষমতায় ছিলেন, মাত্র ২৭-২৮ ভাগ জমিতেও সেচের জল দিতে পারতেন না। আজকে আমাদের জলসম্পদ উন্নয়ন দপ্তর হোক বা সেচ বিভাগ, সেখানে আমরা ৭২ ভাগেরও বেশি জমিতে সেচের জল দিতে পেরেছি। আমাদের লক্ষ্য আগামীদিনে বেশিরভাগ জমিকে সেচের অন্তর্ভুক্ত করা। তার ফলে কৃষির বিকাশ ঘটেছে। খাদ্যের স্বয়ংসম্পূর্ণতা এসেছে। আমরা পেট পুরে খেতে পাই। আমরা খাদ্য রপ্তানি করি, কিন্তু এতে আমরা খুশি নই। এতেও আমরা সন্তুষ্ট নই। আমরা আরো এগোতে চাই, আরো বেশি এলাকাতে আমরা সেচের সম্প্রসারণ ঘটাতে চাই। কৃষক যাতে আরো আধুনিক বৈজ্ঞানিক প্রযুক্তির সুবিধা পায় তার জন্য আমরা লড়েছি। আমরা কৃষির বিকাশ চাই। আমরা কৃষির বিকাশ চাই এ কথা যেমন সত্য এটাও আমরা মনে করি

শুধু কৃষির বিকাশের মধ্য দিয়ে একটা দেশ কখনও স্বয়ম্ভরশীলতার পথে এগোতে পারে না। আমাদের কৃষির উপর নির্ভরশীলতা বাড়ছে। আপনারা ভাবতে পারেন, আমাদের এবারে মাধ্যমিক পরীক্ষা কত লক্ষ পরীক্ষার্থী পরীক্ষা দিয়েছেন ? প্রায় সাড়ে ৮ লক্ষ। উচ্চমাধ্যমিক সাড়ে ৫ লক্ষ। প্রত্যেক বছর ১৩-১৪ লক্ষ করে ছেলে তারা পাশ করে বেরোচ্ছে। তাদেরকে কি তাদের বাবা মা বলবে তোমরা কাদা ঘাটো আর চাষ করো। বিল চষো আর কই খাও। এটা বলতে পারে না। তারা কাজ চায়। তারা কর্মসংস্থান চায়। তারা সৃষ্টি সুখের উল্লাসে মাততে চায়। তাদের কি শুধু যদি বলেন চাষ করো আর খাও এটা হতে পারে না। আগামী প্রজন্ম আমাদের কখনও ক্ষমা করবে না। একটা দায়িত্বশীল বামপন্থীদল হিসাবে দায়িত্বশীল সরকার হিসাবে আমাদের একটা কর্তব্য আছে। কর্মসংস্থানের বন্দোবস্ত করা। নিশ্চিত, আমরা বিশ্বাস করি যে, অবশ্যই এটা হওয়া উচিত। উর্বরা জমিতে নয়, অবশ্যই শিল্প হওয়া উচিত রুক্ষ জমিতে। বলতে পারেন, নয়াচরে কি অপরাধ ? নয়াচর তো একটা গজিয়ে ওঠা একটা জায়গা। এখানে তো স্থায়ীভাবে কোনো লোকজনের বসবাস নেই। হ্যাঁ নিশ্চিতভাবে কিছু মানুষ এখানে গেছেন, এ কথা ঠিকই। তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। এ কথা ঠিকই। কিন্তু এটা তো গজিয়ে ওঠা চর। চরের মালিক তো সরকার। এখানেও বলছেন বিরোধিতা। আমাদের রাজ্যে তাপবিদ্যুৎ চাই। আমরা জানি বিদ্যুতে আমরা এখনও স্বয়ংসম্পূর্ণতা অর্জন করতে পারিনি। তাপবিদ্যুৎ কেন্দ্র হবে জমি নেওয়া যাবে না, রাস্তা হবে, গতির যুগ আরো এগোতে চাই সেখানেও বিরোধিতা। অর্থাৎ যেখানে কিছু এগোনো যায় এগোনোর উত্তরণ হওয়া যায় সেক্ষেত্রেই বিরোধিতা। আমি জিজ্ঞাসা করি শুধু কি চাষের উপর নির্ভর করে এই যে প্রতি বছর এত লক্ষ যুবক পাশ করে বেরোচ্ছেন তাদের জীবন-যন্ত্রণার অবসান ঘটাতে পারবেন ? তাদের বাবা-মার বুকের জ্বালার অবসান ঘটাতে পারবেন ? ওই যুবকদেরকে কি পক্ষাঘাতগ্রস্থ করে রাখছেন না ? তাদের জন্য কর্মসংস্থানে কি বাধা দিতে চান ? আমরা মনে করি ওদের কর্মসংস্থানের দায়িত্ব আমাদের আছে এবং এটা আমাদের কর্তব্য। কেবলমাত্র ক্ষমতা লাভের জন্য আমরা যদি উস্কাতেই থাকি, উন্নয়নের বিরোধিতা করি সাময়িকভাবে তাতে কিছু সুফল ফললেও ফলতে পারে। কিন্তু আগামী প্রজন্ম নিশ্চিতভাবে জেনে রাখুন আসামীর কাঠগড়ায় দাঁড় করিয়ে আপনাদের বিচার করবে, শাস্তি দেবে কোনো সন্দেহের অবকাশ নেই। আমরা তাই বলি আসুন, তবে আর যাই করুন ক্ষমতা দখলের জন্য এইভাবে বাংলার সর্বনাশ করবেন না। বাংলার লক্ষ লক্ষ যুবকের সর্বনাশ ঘটাবেন না, আপনাদের কাছে আমার এই আবেদন রইল। আমি এই কথা বলতে চাই যে অবশ্যই কৃষকের সঙ্গে আলোচনার মধ্যে দিয়ে জমি নিতে হবে। আমাদের মুখ্যমন্ত্রী বারবার বলেছেন, 'হ্যাঁ, কোনো কোনো ক্ষেত্রে ভুল হয়েছে। আমরা বারবার স্বীকার করেছি। কিন্তু সেটা বড় কথা নয়, ভুলগুলি শুধরে নতুনভাবে উত্তরণ হওয়াটা বড় কথা। আমরা সেই উত্তরণ ঘটাতে চাই, সেই পথে এগোতে চাই। আমি আপনাদেরকে সহযোগিতার কথা বারবার আবেদন করেছি, আপনারা সহযোগিতা করেননি।' প্রত্যেকটি ক্ষেত্রে কেবলমাত্র বিরোধিতার কথা বলছেন। আমি আবেদন জানাব কেবলমাত্র ক্ষমতা দখলের স্বার্থে কাজ করবেন না। কিন্তু একটা অদ্ভুত ব্যাপার লাগে আমাদের ভারতবর্ষের প্রাচীনতম দল কংগ্রেসের দুরবস্থা দেখে। যখন কংগ্রেস শিল্পায়নের পক্ষে ছিল, কয়েকদিন আগেও আমাদের মাননীয় মন্ত্রী

প্রণববাবুর মুখ দিয়ে আমরা শিল্পায়নের পক্ষে কথাবার্তা শুনছিলাম। আজকে সেই প্রণববাবুর সঙ্গে যারা শিল্পায়নের বিরোধিতা করছেন তাদের একটা অদ্ভুত ধরনের জোট হয়েছে। আমি জানি না রামধনু জোট না ঘোট, না হাঁসজারু জোট ? কি জোট আমি জানি না। কিন্তু আমরা দেখছি একদল শিল্পের পক্ষে, জয়গান যাঁরা গাইছেন যাঁরা কংগ্রেসের পক্ষে কেবলমাত্র বলছেন তাদের মধ্যে একটা অদ্ভুত ধরনের জোট হয়েছে। পরস্পর বিপরীতমুখী তাঁরা জোট করেছেন। যাঁরা এতদিন ধরে বলছিলেন ওরা নাকি তরমুজ, বাইরেটা সবুজ, ভিতরটা লাল। যাঁরা বলছেন কংগ্রেস মানে সি.পি.এম.-এর দালাল, বামফ্রন্টের দালাল, অদ্ভুতভাবে সেই দালালদের সঙ্গে জোট হয়েছে। কাণ্ডটা কি হয়েছে জানেন। কাণ্ডটা হল এটাই যে শতাব্দীর একটা প্রাচীনতম প্রতিষ্ঠান আজকে নতজানু হয়ে কালীঘাটেশ্বরীর কাছে ধড় নামাচ্ছে। হে কালীঘাটেশ্বরী তুমি আমাদের রক্ষা করো। আমাদেরকে বাঁচাও। বন্ধুগণ আজকে ভয় হয়, ওই অশনি সংকেত, ওই দিকে দিকে বাজছে ডঙ্কা, শঙ্কা নেই তো আর ! কংগ্রেসের পুরনো বন্ধুরা কংগ্রেসের গাঁটছড়া থেকে বেরিয়ে এসেছে, বি.জে.পি.-র পুরনো বন্ধুরা তাদেরকে পরিত্যাগ করে আসছে, নতুন একটা জোটের সম্ভাবনা সূচিত হচ্ছে, যে জোট আগামী দিনে ক্ষমতায় যাবে। তাই কংগ্রেস ভীত সন্ত্রস্ত। অতএব আর যাইহোক, এখন সেই কারণে তারা সমস্ত বিরোধিতা সত্ত্বেও তারা আজকে তৃণমূলের কাছে আত্মসমর্পণ করছে। আমরা আপনাদের কাছে আবেদন জানাব আর যাই করুন বন্ধু শতাব্দীর প্রাচীনতম সংগঠন হিসাবে যারা দেশটাকে পিছিয়ে দিতে চায় সমস্ত উন্নয়নের কাণ্ডের বিরোধিতা করতে চায় আর যাই করুন কেবলমাত্র কয়েকটি এম.পি. হওয়ার স্বপ্নে মশগুল হয়ে তাদের কাছে আত্মসমর্পণ করবেন না। আমাদের বিশ্বাস পশ্চিমবাংলার মানুষ আপনাদের এ হেন ষড়যন্ত্র ধরে ফেলবে, তাঁরা তৃতীয় ফ্রন্টের সমর্থনে এগোবেন। ডঙ্কা বাজছে, সুতরাং যে সংকট দেখা দিয়েছে, কংগ্রেসের আর ক্ষমতায় যাওয়ার দরকারও যেমন নেই, সুযোগও নেই। নতুন তৃতীয় ফ্রন্ট আগামী দিনে রাজনীতিতে ভারতবর্ষের ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে এই বিষয়ে কোনো সন্দেহের অবকাশ না রেখে রাজ্যপালের ভাষণকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

শ্রী আবদুল খালেক মোল্লা : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় রাজ্যপালের পেশ করা ভাষণের বিরোধিতা করে বক্তব্য রাখছি। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণের প্রারম্ভে ভারতবর্ষের যে সমস্ত গুণীজন বিশিষ্ট ব্যক্তিবর্গ পরলোকগমন করেছেন তাঁদের প্রতি শোক প্রস্তাব পাঠ করেছেন। কিন্তু আমরা এর সঙ্গে দেখলাম গত ২৬শে নভেম্বর যাঁরা তাজ করিডরে উগ্রপন্থীদের বিরুদ্ধে লড়াই করতে করতে নিজেদের জীবনকে উৎসর্গ করে দিল, সেই বীর জোয়ানদের কোনো উল্লেখ এখানে নেই। অথচ কেন্দ্রীয় সরকার ইউ.পি.এ. সরকার তাদের মরণোত্তর সম্মান দিয়েছেন বিভিন্নভাবে তাঁদের সম্মানে ভূষিত করেছেন। এটা আমরা মেনে নিতে পারি না যাঁরা দেশের জন্য লড়াই করছেন যাঁরা দেশের অখণ্ডতাকে বজায় রাখতে গিয়ে জীবন উৎসর্গ করেছেন তাঁদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন, এখানে এটা উল্লেখ থাকা উচিত ছিল।

[3.40-3.50 p.m.]

রাজ্যপালের ভাষণের মধ্যে—যদিও এটা তাঁর নিজের ভাষণ নয় সরকারের তৈরি করে দেওয়া ভাষণ তিনি পাঠ করেছেন—সেখানে শিক্ষার ব্যাপারে অনেক গালগল্প করা হয়েছে। নির্বাচনকে সামনে রেখে ৫০ হাজার শিক্ষকের চাকরির প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। যেখানে ৪০ হাজার পি.টি.টি.আই-এর ছাত্রছাত্রীরা দীর্ঘদিন ধরে আন্দোলন করছে এবং তারা আত্মহত্যার পথ বেছে নিতে বাধ্য হচ্ছে—তাঁদের ব্যাপারে এখানে কোনো উল্লেখ নেই। এখানে হাসপাতালের ব্যাপারে বলা হচ্ছে কিন্তু হাসপাতালের বেহাল অবস্থার কথা উল্লেখ নেই। আজকে গোটা পশ্চিমবাংলায় হাসপাতাল নরককুণ্ডে পরিণত হয়েছে। আজকে হাসপাতালে যত্রতত্র কুকুর বেড়াল ঘুরে বেড়াচ্ছে, হাসপাতালে রোগীর সঙ্গে বেড়াল শুয়ে থাকে, সদ্যোজাত শিশুকে কুকুর মুখে করে নিয়ে চলে যায়—কিন্তু দেখার কোনো লোক নেই। হাসপাতালে ওষুধ নেই, ডাক্তার নেই। একজন বিধায়ক হিসাবে আমাদের কাছে বহু মানুষ আসেন, তাঁরা হাসপাতালের জন্য সার্টিফিকেট নিতে আসেন। সেখান থেকে ঘুরে এসে তাঁরা বলেন—হাসপাতালে কোনো ওষুধ আমরা পাইনি, প্রেসক্রিপশান ধরিয়ে দেওয়া হয় এবং ওষুধগুলো বাইরে থেকে কিনতে হয়। এই হচ্ছে পশ্চিমবাংলার হাসপাতালের অবস্থা। ডাঃ বিধানচন্দ্র রায়, প্রফুল্ল সেন, অজয় মুখার্জী, সিদ্ধার্থ শংকর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন হাসপাতালগুলির এই বেহাল অবস্থা ছিল না। হাসপাতালে ওষুধ পাওয়া যেত, পথ্য পাওয়া যেত। ডাক্তারবাবু থাকতেন, অপারেশান থিয়েটার থাকত। হাসপাতালগুলিতে সমস্ত ধরনের পরিষেবা পাওয়া যেত। আমার গার্ডেনরিচ কেন্দ্রের কথা বলছি—এখানে গার্ডেনরিচ স্টেট জেনারেল হাসপাতাল আছে। শুনে আশ্চর্য হবেন যে তিন বছরে হাউসে আমি চারবার কলিং অ্যাটেনশান দিয়েছি এবং আগামীকালও কলিং অ্যাটেনশানে জবাব আছে। দুঃখের সঙ্গে, পরিতাপের সঙ্গে বলতে হয় গার্ডেনরিচ এলাকা সংখ্যালঘু অধ্যুষিত অঞ্চল, গরিব মানুষের অঞ্চল, সেখানে ১০ লক্ষ মানুষের বাস। এই স্টেট জেনারেল হাসপাতালে মাত্র ১৫টি বেড আছে, একজন ডাক্তারবাবু ও দুজন নার্স আছেন। সেখানে কোনো ওষুধ নেই, অপারেশান থিয়েটার নেই, দেড় বছর ধরে কোনো ফার্মাসিস্ট নেই। বারবার মন্ত্রীকে বলার পর সি.এম.ও.এইচ.-কে বলার পরে কয়েকদিন আগে সেখানে ফার্মাসিস্ট জয়েন করেছে। ডেনটিস্ট তিন বছরে নেই। ডেনটিস্ট ডাক্তার যিনি ছিলেন তাঁকে উইড্র করে নেওয়া হয়েছে। এই হচ্ছে হাসপাতালের দুরবস্থা। এখানে রাজ্যপালের ভাষণের মধ্যে হাসপাতালের দুরবস্থার কোনো স্থান পায়নি। গ্রামে গ্রামে বিশুদ্ধ পানীয় জল দেওয়ার কথা বলা হচ্ছে—অথচ ৩২ বছর হয়ে গেল গ্রামে-গঞ্জে সরকার বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করতে ব্যর্থ হয়েছে। এখনো আর্সেনিক জল খেয়ে মানুষ পেটের রোগে ভুগছে, মারা যাচ্ছে। সরকার সেখানে অসহায়, বিশুদ্ধ পানীয় জল দিতে পারছে না। গার্ডেনরিচের ১৩৮নং ওয়ার্ডে গত ২রা ফেব্রুয়ারি নোংরা জল খেয়ে ১০০ থেকে ১৫০ জন মানুষ ডায়েরিয়া রোগে আক্রান্ত হয়েছিলেন। সেখানে কোনো পরিষেবা নেই। ওই হাসপাতালে মাত্র ১৫টি বেড সেখানে রোগীর স্থান হচ্ছে না। পরবর্তীকালে কলকাতার জন্য হাসপাতালে স্থানান্তরিত করা হয়। নোংরা জলের উৎস কলকাতা কর্পোরেশান তারা সম্পূর্ণভাবে ব্যর্থ। এম.আই.সি.-র মৃণাল মণ্ডলের ওয়ার্ড—১৩৩ ও ১৩৫ নং ওয়ার্ড—সেখানে এই ঘটনা ঘটল। গত ১৬ই ফেব্রুয়ারি আবার সেই ঘটনা

কে.এম.পি. যে কাজ করছে সেই পাইপ লাইন ফেটে লাইনের মধ্য দিয়ে জল চলে যাচ্ছে, ফলে গৃহস্থের বাড়িতে বাড়িতে নোংরা জল ঢুকে যাচ্ছে। সেই জল খেয়ে তারা পেটের রোগে ভুগছে। ১৫০ থেকে ২০০ জন মানুষ ডায়েরিয়া রোগে আক্রান্ত হল। কলকাতার মেয়র শ্রী বিকাশরঞ্জন ভট্টাচার্য ১৩৫নং ওয়ার্ডে যেতে পারলেন না—তিনি বিক্ষোভের মুখে পড়ে গিয়েছিলেন। অনেক পুলিশ নিয়ে তারপর মেয়রকে সেখান থেকে বেরিয়ে আসতে হয়েছে। আজকে এই অবস্থা কেন হবে, আপনারা দীর্ঘ ৩২ বছর ধরে এই রাজ্যে ক্ষমতায় আছেন, কলকাতা কর্পোরেশানে ক্ষমতায় আছেন। কলকাতা কর্পোরেশানে জলের যিনি এম.আই.সি. সেই মৃণাল মণ্ডল গার্ডেনরিচ থেকে নির্বাচিত, কিন্তু আজকে সেখানেই ১৩৩, ১৩৫, ১৩৮ নম্বর ওয়ার্ডে জলের হাহাকার। নোংরা জল খেয়ে মানুষ বিভিন্ন পেটের রোগে আক্রান্ত হয়ে পড়ছে, এর কোনো উল্লেখ আমরা মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পেলাম না। আজকে গোটা পশ্চিমবাংলায় এই রকম বহু পৌরসভা আছে, বহু পঞ্চায়েত আছে, যেখানে মানুষ নোংরা জল খেয়ে কলেরা, ডায়েরিয়া রোগে আক্রান্ত হয়ে পড়ছে। এইসব বিষয়গুলি দেখার কেউ নেই।

আজকে পশ্চিমবাংলায় ব্যাপক লোডশেডিং হচ্ছে এটা অস্বীকার করার কিছু নেই। গত কয়েকদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী নিজের দলের বিধায়কদের নিয়ে নৌসের আলি হলে যখন মিটিং করছিলেন, তখন বামপন্থী বিধায়করা মাননীয় মুখ্যমন্ত্রীর সামনে লোডশেডিং নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। আজকে সরকারকে সমর্থন করার জন্য তাঁরা এখানে অসত্য কথা বলছেন, কিন্তু বাস্তব ঘটনা হল সেদিন মুখ্যমন্ত্রীর সামনেই তাঁরা তাঁদের ক্ষোভ প্রকাশ করেছেন লোডশেডিং নিয়ে। এ বি এ গণিখান চৌধুরি, বিধানচন্দ্র রায়, সিদ্ধার্থ শঙ্কর রায় এঁদের পরে আর নতুন কোনো তাপবিদ্যুৎ কেন্দ্র আপনারা তৈরি করতে পারেননি একমাত্র বক্রেশ্বর ছাড়া। আর যে তাপবিদ্যুৎ কেন্দ্রগুলো রয়েছে তার মেইনটেনেন্সও আপনারা ঠিক করে করতে পারছেন না। আজকে মাধ্যমিক পরীক্ষা শেষ হয়ে গেছে, উচ্চমাধ্যমিক পরীক্ষা আরম্ভ হয়েছে, কিন্তু ব্যাপক লোডশেডিংয়ের জন্য ছাত্রছাত্রীরা পড়াশোনা করতে পারছে না। লোডশেডিংয়ের জন্য হাসপাতালে অপারেশান হতে পারছে না, কল-কারখানায় প্রোডাকশান হতে পারছে না। আজকে সেই লোডশেডিং কমানোর কোনো ব্যবস্থা আপনারা গ্রহণ করতে পারছেন না। সরকার অসহায় হয়ে অন্য রাজ্য থেকে বিদ্যুৎ কিনে নিয়ে এসে বিদ্যুৎ ঘাটতি মেটাবার চেষ্টা করছে।

আজকে নির্ভুল বি.পি.এল. তালিকা এখনো পর্যন্ত তৈরি করা গেল না। নির্বাচনী চমক দিয়ে, নির্বাচনী বৈতরণী পার হওয়ার জন্য আজকে সরকার বলছে বি.পি.এল.তালিকার লোকেদেরকে ২ টাকা কেজি দরে চাল দেওয়া হবে। যেখানে রাজ্যে নির্ভুল বি.পি.এল. তালিকা তৈরি করা গেল না, সেখানে কিসের ভিত্তিতে ২ টাকা কেজি দরে চাল বিলি করা হবে সেটা আমরা বুঝতে পারলাম না। এটা ভাঁওতা ছাড়া আর কিছুই নয়। নির্বাচনী বৈতরণী পার হওয়ার জন্য এই গল্প তারা ফাঁদছেন।

গোটা ভারতবর্ষের সংখ্যালঘুদের উন্নয়নের জন্য কেন্দ্রের ইউ.পি.এ. সরকার চার হাজার কোটি টাকার বরাদ্দ করেছেন। সেই টাকা নিয়ে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার

ব্যাপক রাজনীতি করছে। দু বছর হয়ে গেল সাচার কমিটির রিপোর্ট বেরিয়েছে, কিন্তু আজও পর্যন্ত কোনো অ্যাকশান টেকেন রিপোর্ট সরকার তৈরি করতে পারল না। আমাদের নেত্রী সোনিয়া গান্ধী রবীন্দ্র সিং সাচারের নেতৃত্বে ভারতবর্ষের সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের উন্নয়নের জন্য, যারা অবহেলিত তাদের কি করে আপ গ্রেড করা যায় তার জন্য এই কমিটি তৈরি করেছিল। গোটা ভারতবর্ষের মধ্যে একমাত্র পশ্চিমবাংলার সংখ্যালঘুদের অবস্থা খুবই করুণ, অর্থনৈতিক দিক থেকে, শিক্ষার দিক থেকে, চাকরি-বাকরির দিক থেকে তারা পিছিয়ে আছে এটা রিপোর্টের মধ্যে উল্লেখ করা হয়েছে। কিন্তু এ পর্যন্ত কোনো কাজ এই ব্যাপারে সরকার করে উঠতে পারেনি। মাননীয় মন্ত্রী মহাশয় মাঝে মাঝে শুধু গরম গরম বক্তব্য টি.ভি.-তে রাখেন এবং বলেন, এতগুলি জায়গায় কম্পিউটার দেওয়া হয়েছে এবং এত অর্থ বরাদ্দ করা হয়েছে।

[3.50–4.00 p.m.]

ওটা করা হবে, কিন্তু বাস্তবে কিছুই হচ্ছে না। সংখ্যালঘু সম্প্রদায়ের যেটা এডুকেশান সেন্টার, সেই মাদ্রাসা, সেই মাদ্রাসার কোনো উন্নতি হয়নি। মাদ্রাসার আধুনিকীকরণ হয়নি। মাদ্রাসার ঘরগুলো ভগ্ন অবস্থায়, সেগুলোর সংস্কার করার কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। অথচ প্রায়ই বলা হয় যে আজকে বৃত্তি দেওয়া হচ্ছে। হয়তো দু-চারজন কি দশজন ছাত্রছাত্রীকে মুখ্যমন্ত্রীর মাধ্যমে বা সেলিম সাহেবের মাধ্যমে নির্বাচনী বৈতরণী পার হওয়ার জন্য তাদের কিছু আর্থিক সহায়তা দিয়ে এভাবে বিষয়টা দেখানো হচ্ছে। আসলে মুসলিম ছাত্রছাত্রীদের সাহায্য করা হয়নি। এইভাবে তাদের সামনে ললিপপটা বার বার এরা তুলে ধরেন। ওদের এটা ভ্রান্ত ধারণা, এটা দিয়ে কিছু বোঝানো যাবে না। তাদের কোনো অর্থনৈতিক উন্নতি আপনারা কিন্তু ৩২ বছরে করতে পারেননি। একথা আপনারা বলতে পারবেন না। সিদ্ধার্থ শংকর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন এই সংখ্যালঘু সম্প্রদায়ের ৯ শতাংশ মানুষ সরকারি চাকরি করতেন। আর আজকে সেখানে আপনাদের সময়ে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ সরকারি চাকরিতে আছে ২ শতাংশেরও নীচে। পুলিশ, কনস্টেবল, হাবিলদার ছাড়া কোনো মুসলিমকে সেখানে দেখা যাবে না। কোনো আই.পি.এস. অফিসার বা ও.সি.-কে সেখানে দেখতে আমরা পাই না। রেজওয়ানুর ঘটনাকে কেন্দ্র করে যে সমস্ত পুলিশ অফিসার দায়ী তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা আপনারা নিয়েছেন ? সি.বি.আই. বা হাইকোর্টের অর্ডার না হলে জ্ঞানবন্ত সিং সহ তাবড় তাবড় অফিসারদের গায়ে হাত দিতে পারতেন না। প্রসূন মুখোপাধ্যায়কে কায়দা করে সরিয়ে দিলেন। এইসব ক্ষেত্রে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হচ্ছে না। কাটরা মসজিদে নামাজ পড়তে গিয়ে যখন পুলিশের গুলিতে শত শত মানুষ মারা গিয়েছিল, তার জন্য এনকোয়ারি কমিশন হলেও সেই রিপোর্ট আজও পর্যন্ত সাবমিট করা হয়নি। সেই রিপোর্ট সাবমিট করা হয়েছে বলতে পারবেন ? আপনারা শুধু ফায়দা তুলেছেন। ফায়দা ছাড়া আপনারা আর কিছু জানেন না। শুধু মুসলিমদের ভাওতা দিয়েছেন এবং নিজেদের নির্বাচনী বৈতরণী পার হওয়ার জন্য এসব কাজ করছেন। আজকে আপনারা শিল্প শিল্প করছেন। শিল্পের নাম করে আপনারা নন্দীগ্রামে, সিঙ্গুরে যে ঘটনা ঘটিয়েছেন আজকে আপনাদের তার প্রায়শ্চিত্ত করতে হচ্ছে। আজকে পশ্চিমবাংলার সমস্ত কল-কারখানাগুলো

বন্ধ হয়ে গেছে। ৫৫ হাজার কল-কারখানা আজকে বন্ধ হয়ে গেছে। আজকে ৮০ লক্ষ রেজিস্টার্ড বেকার। চা-বাগান বন্ধ, এর ফলে হাজার হাজার মানুষের অবস্থা খারাপ হচ্ছে। প্রসঙ্গত বলি, কেশরাম কটন মিল, সেখানে ১৪ হাজার মানুষ কাজ করত, বাটা সু কোম্পানি, গোটা পৃথিবী বিখ্যাত এই বাটা। যেখানে আগে ১২ হাজার মানুষ কাজ করত, সেখানে এখন ২ হাজার মানুষ কাজ করছে। বাটা সংলগ্ন জমিতে আজকে প্রোমোটারি ব্যবসা হচ্ছে, আবাসন তৈরি হচ্ছে, কমপ্লেক্স তৈরি হচ্ছে। আর এদিকে আপনারা শিল্প, শিল্প করছেন। যে কল-কারখানাগুলো আছে সেগুলোকে আপনারা চালু রাখতে পারছেন না। অথচ আপনার আজকে শিল্পের নাম করে এক-দুই এমনকি চার ফসলি জমিকে অধিগ্রহণ করে, জোর করে তার দখল নিয়ে শিল্পের নামে মানুষের ওপর নির্যাতন করছেন। বন্ধ কল-কারখানা খোলার ব্যাপারে কোনো উদ্যোগ আপনাদের নেই। বন্ধ চা-বাগান বন্ধ হয়ে পড়ে আছে। বন্ধ চা-বাগানের শ্রমিকদের আজকে করুণ অবস্থা। আজকে তারা না খেতে পেয়ে মরছে। বন্ধ যে চা-বাগানগুলো রয়েছে সেগুলো খোলার বিষয়ে কোনো উদ্যোগ আপনারা নিতে পারছেন না। এখানে আমি বলব, আজকে অগ্নি-নির্বাপক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী সম্পূর্ণভাবে ব্যর্থ। আজকে পশ্চিমবাংলায় এ পর্যন্ত যে ঘটনাগুলো ঘটেছে। বড়বাজারে নন্দরাম মার্কেটে আগুন লেগেছিল, সোদপুরের শ্রীনিকেতনে আগুন লেগেছিল। শত শত মানুষ তাতে মারা গেল। কিন্তু তাদের জন্য ক্ষতিপূরণের কোনো ব্যবস্থা আজও নেওয়া হল না। তাদের পুনর্বাসনের ব্যবস্থা করা হল না। নন্দরাম মার্কেট যেটা এশিয়ার মধ্যে সবচেয়ে বড় মার্কেট। সেখানে যখন পুড়ে গেল, তখন বাইরের রাজ্য থেকে রাজস্থান থেকে কয়েকজন এম.পি. সেখানে দেখতে এলেন। আমাদের মন্ত্রী মহাশয় তাঁদের অ্যালাও করলেন না, তাঁদের সেখানে যেতে দিলেন না। আজ পর্যন্ত সেখানে নন্দরাম মার্কেট হল না। আজকে ৩০ বছর পরেও ফায়ার ব্রিগেড মিনিস্টার ল্যাডার সম্বন্ধে চিন্তা-ভাবনা করছেন। আগুন নেভাতে গেলে মই দরকার সেই কথা আজকে তাঁর নতুন করে বোধোদয় হচ্ছে। হবে কি করে তিনি তো টি.ভি. সিরিয়ালে ব্যস্ত, তিনি এখন টি.ভি. সিরিয়াল করছেন তাঁর সময় কোথায় ? আজকে ভেঙে পড়া আইন-শৃঙ্খলা পশ্চিমবাংলায় ভয়াবহ আকার ধারণ করেছে। এখানে সমস্ত রকম অপরাধমূলক কাজ, খুন, রাহাজানি, নারীপাচার আজকে নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। পুলিশ অসহায়, সরকার কোনো ব্যবস্থা নিতে পারছেন না। কারণ সরকার সম্পূর্ণভাবে ব্যর্থ। আজকে ওনাদের একজন বিধায়ক বললেন আজকে নাকি ওনারা পশ্চিমবাংলা নিয়ে চিন্তা করেন, পশ্চিমবাংলার ঐক্য বজায় রাখার চেষ্টা করেন। বিগত দিনে আমরা লক্ষ্য করেছি আমাদের প্রধানমন্ত্রী রাজীব গান্ধী জ্যোতি বসুকে নিয়ে দার্জিলিং গিয়েছিলেন। সুভাষ ঘিসিং দার্জিলিংয়ে গোর্খা ল্যান্ডের দাবিতে আন্দোলন করছিলেন, জ্যোতি বসুর সাহস হয়নি দার্জিলিংয়ে যাবার, রাজীব গান্ধী জ্যোতিবাবুকে নিয়ে দার্জিলিং গিয়ে গোর্খা ল্যান্ডের আন্দোলন বন্ধ করেছিলেন।

আজকে শুধু পশ্চিমবাংলার নয় গোটা ভারতবর্ষ সম্বন্ধে কংগ্রেস চিন্তা করে। সারা দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করার জন্য নিজেদের জীবন উৎসর্গ করেছেন, আত্মবলিদান দিয়েছে। আমাদের নেত্রী ইন্দিরা গান্ধী খালিস্তানি উগ্রপন্থীদের নিজের জীবন উৎসর্গ করেছেন। আমাদের প্রধানমন্ত্রী রাজীব গান্ধী এল.টি.টি.-দের হাতে নিজের জীবন দিয়েছেন।

কংগ্রেসের ইতিহাস হচ্ছে আত্মত্যাগের ইতিহাস, আর সি.পি.এম.-এর ইতিহাস হল পেছন থেকে ছুরি মারার ইতিহাস। আমাদের জাতির জনক মহাত্মা গান্ধী সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করতে গিয়ে নিজের জীবন উৎসর্গ করেছেন। আমরা স্বাধীনতা আন্দোলনে ইংরেজদের বিরুদ্ধে লড়াই করেছি আর সি.পি.এম. ইংরেজদের দালালি করেছে। কংগ্রেসের ইতিহাস হল আত্মত্যাগ আত্মবলিদানের ইতিহাস। ১৯৬২ সালে যখন চীন আক্রমণ করেছিল তখন ওরা চীনের দালালি করেছিল। আজকে যখন সারা ভারতবর্ষে সাম্প্রদায়িক শক্তি মাথাচাড়া দিচ্ছে, তার বিরুদ্ধে আমাদের নেত্রী সোনিয়া গান্ধী এবং তার সঙ্গে মনমোহন সিং এবং প্রণব মুখার্জী লড়াই চালিয়ে যাচ্ছেন। সাড়ে ৪ বছর ধরে হাতে হাত মিলিয়ে গোটা ভারতবর্ষের বুকে কংগ্রেস সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে লড়াই চালিয়ে যাবার চেষ্টা করেছে। তাই আমি রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সুভাষ চন্দ্র মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় গত ৯ই মার্চ মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার উপর আমাদের মাননীয় সদস্য শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল মহাশয় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব উত্থাপন করেছেন সেই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা যে সংশোধনী প্রস্তাব সেই সংশোধনী প্রস্তাবগুলোর বিরোধিতা করছি। প্রাসঙ্গিকভাবে গোটা ভারতবর্ষের বুকে যে বিপদ সেটা হল সন্ত্রাসবাদ, সেই সন্ত্রাসবাদের কথা এখানে উল্লেখ করা হয়েছে। আমরা লক্ষ্য করেছি ব্যাঙ্গালোর, দিল্লি ইত্যাদির মতো জায়গায় বিস্ফোরণ ঘটানো হয়েছে। বাইরে থেকে এসে মুম্বাই শহরে আক্রমণ করা হয়েছে। এই ঘটনায় ২৬ জন বিদেশি সহ ৬৪ জন মারা গেছে। এদের রক্ষা করতে গিয়ে ১৪ জন নিরাপত্তা কর্মী মারা গেছে। স্বাভাবিকভাবেই এই কথা উল্লিখিত হয়েছে। পশ্চিমবাংলার পুলিশ সন্ত্রাসবাদী হামলার মোকাবিলার ব্যাপারে সদা সতর্ক। সেইজন্য এই ঘটনা এখানে ঘটেনি। কিন্তু আশ্চর্যজনকভাবে লক্ষ্য করছি আমাদের দেশের সরকার সন্ত্রাসবাদী মোকাবিলার যে নথিপত্র সেটা সি.আই.এ.-এর হাতে তুলে দিচ্ছে আমরা জানি সারা পৃথিবীতে সন্ত্রাস ছড়াচ্ছে আমেরিকা, তাদের হাতে তুলে দিচ্ছে।

[4.00–4.10 p.m.]

সেই আমেরিকার হাতে তুলে দিচ্ছে। আমরা দেখছি ইউ.পি.এ. সরকার বেশি বেশি করে আমেরিকা সাম্রাজ্যবাদের উপর নির্ভরশীল হয়ে উঠছে—কি সন্ত্রাসবাদ মোকাবিলায়, কি অর্থনৈতিক ক্ষেত্রে আমেরিকার উপর নির্ভরশীলতা বেড়েই চলেছে। আমরা দেখছি এই পুঁজিবাদী অর্থনীতির ফলে ধন বৈষম্য বাড়ছে। তার ফলে আজকে একটা অস্থিরতা দেখতে পাচ্ছি এবং অর্থনৈতিক বৈষম্য বাড়ছে। এই বিচ্ছিন্নতাবাদী আন্দোলন, সন্ত্রাসবাদ, সাম্প্রদায়িকতা সমস্ত বিপদগুলো পুঁজিবাদের গর্ভে নিহিত আছে। সোভিয়েত রাশিয়ার পতনের পর দেখেছিলাম এমন একটা বিশ্ব গঠন হল, যাতে পুঁজিবাদী শেষ কথা বলার চেষ্টা করছে। তারা দাবি করেছিলেন রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ নয়, অথচ তারাই এখন রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ এনে

বাঁচার চেষ্টা চালাচ্ছে। আমরা কি দেখছি। মন্দার প্রকোপের ফলে আমেরিকায় ডিসেম্বর মাসে ৫ লক্ষ ২৪ হাজার শ্রমিক কাজ হারিয়েছেন। ২০০৮ সালে আমেরিকায় ২৬ লক্ষ মানুষ কাজ হারিয়েছেন। বিশ্বের বৃহত্তম অর্থনৈতিক দেশ আমেরিকায় এক তৃতীয়াংশ মানুষ ছাঁটাই হয়েছে। পুঁজিবাদী আমেরিকার এখন ধনতান্ত্রিক এবং রাজনৈতিক ক্ষেত্রে এক গভীর সঙ্কটের মুখে পড়েছে। এখন বলা হচ্ছে ভারতবর্ষ এই সঙ্কট থেকে মুক্ত আছে। এখানে মন্দার প্রকোপ পড়েনি। তারা এটা জোর গলায় বলার চেষ্টা করছে। আজকে যদি আমাদের বামপন্থী সাংসদরা বীমা, ব্যাঙ্ক, পেনশন, বেসরকারিকরণ ইত্যাদি বিষয় লাগাতারভাবে সংগ্রামের মধ্যে না যেত, তাহলে আজকে আমাদের দেশে মন্দার প্রকোপ বেশি পড়ত। এখানে যে একবারেই পড়েনি তা নয়। ব্যাপক প্রভাব আমাদের দেশেও পড়েছে। কিন্তু বামপন্থীদের লাগাতার আন্দোলনের ফলে সেই মন্দার প্রকোপ খানিকটা প্রতিহত করা গেছে। আমাদের প্রতিনিয়ত আন্দোলনের ফলে প্রভিডেন্ট ফান্ড, শ্রমিক কর্মচারীদের কষ্টার্জিত টাকা ফাটকা বাজারে নিয়োগ করার আইন তারা আনতে পারেনি। এখন জোর গলায় বলা হচ্ছে আমাদের দর্শন নাকি পাল্টে গেছে। আমাদের দর্শন, কর্মসূচী পাল্টে গেছে—গতকাল মানসবাবু জোর গলায় বলেছিলেন। কিন্তু আমরা পাল্টাইনি। তবে আমরা বাস্তব পরিস্থিতি অনুযায়ী রণকৌশল করে বি.জে.পি.-কে ঠেকিয়ে ছিলাম। আজকে বলছেন মাত্র ৬০ জন প্রার্থী। এই ৬০ জন সাংসদ না থাকলে ইউ.পি.এ. সরকার গঠন করা যেত না। ৬০ জন প্রার্থীর সমর্থনের ফলেই তা করা গেছে। এখানে এন.আর.ই.জি.এ.-তে ১০০ দিনের কাজ এবং আদিবাসীদের অরণ্যের অধিকার নিয়ে অনেক কথা বলা হচ্ছে। কিন্তু এটা বামপন্থীদের লাগাতার আন্দোলনের ফলেই তা সম্ভব হয়েছে। আগে ঠিক হয়েছিল এন.আর.ই.জি.এ.-তে ১০০ দিনের কাজ কেবলমাত্র দারিদ্র্যসীমার নীচে যারা বসবাস করেন, তাদেরই এর আওতায় আনার চেষ্টা করা হয়েছিল। আমাদের চাপের ফলে এটা সর্বস্তরের মধ্যে বিস্তৃত হয়েছে। আমরা বলেছিলাম যারা কাজ চাইবে তাদের মধ্যেও যেন সম্প্রসারিত করা হয়। অরণ্যের অধিকার আমাদের দাবির ফলেই আনা হয়েছে। আগে বলা হয়েছিল ১৯৮০ সাল পর্যন্ত কিন্তু আমাদের চাপের ফলে সেটা ২০০৫ পর্যন্ত সম্প্রসারিত করা হয়েছে। আমরা দেখছি কমন মিনিমাম প্রোগ্রাম কেন্দ্রীয় সরকার ঠিকমতো পালন করেননি। যদি পালন করতেন তাহলে কৃষিক্ষেত্রে আজকে এই সঙ্কট সৃষ্টি হত না। কৃষকরা ফসলের ন্যায্য দাম না পেয়ে আত্মহত্যা করছে। আমাদের দেশের সরকার চাষিদের কাছ থেকে গম না কিনে বিদেশ থেকে বেশি দামে গম আমদানি করছেন। এই মহাজনী ঋণের ফলে ১ লক্ষ ৬৩ হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। ১৯৯৭ সাল থেকে ২০০৬-২০০৭ সাল পর্যন্ত যত কৃষক আত্মহত্যা করেছেন, তা কেন্দ্রীয় ক্ষমতাসীন সরকার এবং এন.ডি.এ. সরকারের নীতির ফলেই। অপরদিকে পশ্চিমবঙ্গে একজন কৃষকও মারা যায়নি। আমরা কি করছি ? আমাদের শত অসুবিধা থাকা সত্ত্বেও ভর্তুকি দিয়ে কুইন্ট্যাল পিছু ৯০০ টাকা দাম দিয়ে ধান কিনছি। কিভাবে এই কৃষকদের সুবিধা দেওয়া যায়, সেই চেষ্টাই বামফ্রন্ট সরকার প্রতিনিয়ত করে চলেছে। হ্যাঁ, আমরা ইউ.পি.এ.-কে কেন্দ্রে সরকার গড়তে সাহায্য করেছিলাম। কিন্তু যখন দেখলাম তারা কমন মিনিমাম প্রোগ্রাম মানছে না, সাম্রাজ্যবাদীদের উপর নির্ভর করছে, পরমাণু

চুক্তিতে সই করছে তখন আমরা সমর্থন প্রত্যাহার করে নিই। ওঁরা বলছেন 'তৃতীয় বিকল্প কোথায় ?' ওঁরা তৃতীয় বিকল্পের মধ্যে দিয়ে যেন ভূত দেখছেন। তৃতীয় বিকল্প যেভাবে দানা বাঁধছে তাতে ওঁরা আতঙ্কিত। বামপন্থীরা কেন্দ্রে একটি অ-কংগ্রেসী, অ-বি.জে.পি., ধর্মনিরপেক্ষ জনমুখী সরকার গড়ার ক্ষেত্রে সদা-সতর্ক রয়েছে। আপনারা জানেন পরমাণু চুক্তির ব্যাপারে মায়াবতী যখন থেকে বিপক্ষে ভোট দিয়েছেন তখন থেকেই সমমনোভাবাপন্ন দলগুলোকে নিয়ে একটি ধর্মনিরপেক্ষ, জনমুখী তৃতীয় ফ্রন্ট গড়ার চেষ্টা চলছে। এতে আপনারা আতঙ্কিত হচ্ছেন। তাই আমাদের উপর, বিশেষ করে সি.পি.এমের উপর আক্রমণ শানিত হচ্ছে।

এন.আর.ই.জি.-র ব্যাপারে বলা হচ্ছে টাকার অভাব নেই। প্রকৃতপক্ষে যা খরচ হচ্ছে তা গত বছরের থেকে ৬৬৫০ কোটি টাকা কম, বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে। সারা ভারতবর্ষে যে জবকার্ড দেওয়া হয়েছে তাদের সবাইকে কাজ দিতে হলে অনেক কোটি টাকার প্রয়োজন। সেই জন্য আইন করা হয়েছে বেশ শক্তভাবে। বলা হচ্ছে, ব্যাঙ্কে অ্যাকাউন্ট খুলতে হবে, কো-অপারেটিভে, পোস্ট অফিসে অ্যাকাউন্ট খুলতে হবে। কিন্তু পরিকাঠামো নেই। পরিকাঠামোর অভাবে কোনো ব্যাঙ্ক-ই দিনে ১/২/৩টির বেশি অ্যাকাউন্ট খুলতে চাইছে না। পোস্ট অফিসে ১/২ জনের বেশি কর্মচারী নেই অথচ হাজার হাজার কাজ। প্রতিটি পরিবারকে ইনডিভিজুয়াল কার্ড করে তাদের পেমেন্ট দেবার মতো পরিকাঠামো নেই। এর ফলে এন.আর.ই.জি.-র কাজই প্রকৃতপক্ষে ক্ষতিগ্রস্ত হচ্ছে। নামেই ১০০ দিনের কাজ কিন্তু কেন্দ্রীয় সরকার এমনভাবে পরিকল্পনা করেছে যাতে এই কাজ হতে না পারে। পশ্চিমবঙ্গে যে কাজের প্রকল্প দেওয়া হয়েছে তা কী রকম ? সকলেই জানেন পশ্চিমবঙ্গে জমি পড়ে থাকে না, রাস্তায় মাটি দেওয়ার কাজ সব সময় করা যায় না। আর, আজকাল গ্রামের মানুষ মাটির রাস্তা চায় না কারণ আমরা অনেক আগেই মাটির রাস্তা করে ফেলেছি। এখন তারা কংক্রিটের রাস্তা, পিচ-রাস্তা, মোরামের রাস্তা চায়। এই অবস্থায় সঠিকভাবে কাজ দেওয়া সত্যিই অত্যন্ত জটিল হয়ে দাঁড়িয়েছে। এন.আর.ই.জি. প্রোগ্রামের বড়াই করা ছাড়া কাজ দেওয়ার সদিচ্ছা কেন্দ্রীয় সরকারের আছে বলে দেখতে পাচ্ছি না।

আদিবাসীদের অরণ্যের অধিকার দিয়েছে বামফ্রন্ট সরকার। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ৮১৬০ জনকে পাট্টা দিয়েছে। এ ব্যাপারে অন্যান্য রাজ্যের তুলনায় আমরা এগিয়ে আছি। এখানে মন্দার প্রভাবের কথা বলা হয়েছে। রপ্তানির ক্ষেত্রে নেতিবাচক প্রভাব পড়ছে। পোশাক, বস্ত্র, চর্মশিল্প, পরিবহন প্রভৃতি ক্ষেত্রে ব্যাপক মন্দার প্রভাব পড়েছে। আগস্ট ২০০৭ সালে যেটা ছিল ১০ শতাংশ সেটা ২০০৮ সালে ১.৩ শতাংশ নেমেছে। আমরা দেখছি কেন্দ্রীয় সরকারের প্রতিবেদনেও স্বীকার করা হয়েছে। অক্টোবর মাস থেকে ডিসেম্বর মাস পর্যন্ত ৫ লক্ষ শ্রমিক কাজ হারিয়েছেন, বস্ত্র-বয়ন শিল্পে লক্ষ লক্ষ মানুষ কাজ হারাচ্ছেন, হীরা শিল্পে লক্ষ লক্ষ লোক কাজ হারাচ্ছেন, ৭০ শতাংশ আয়রন শিল্পে কাজ হারাচ্ছেন, তামিলনাড়ু-কর্ণাটকে ৫২ হাজার ক্ষুদ্র ও মাঝারি শিল্প বন্ধ। এই অবস্থার মাঝখানে আমাদের কাজ করতে হচ্ছে। আর, ভারত সরকার কী করছে ? যারা কর্পোরেট সেক্টর তাদের কিছু কর ছাড় দিয়ে এতবড় মন্দার মোকাবিলা করার চেষ্টা করছে।

[4.10–4.20 p.m.]

কালকেই বলা হয়েছিল যে চীনও ধাক্কা খেয়েছে, সেখানে ভারতবর্ষ ধাক্কা খায়নি। চীন যতটুকু ধাক্কা খেয়েছে তার জন্য তারা ২৮ লক্ষ টাকা খরচ করে আভ্যন্তরীণ বাজার তৈরি করেছে, পরিকাঠামো কিভাবে তৈরি করা যায় তার চেষ্টা করেছে। সেখানে সামাজিক ক্ষেত্রে ব্যয় করে কর্মসংস্থান বৃদ্ধি করার জন্য চেষ্টা করা হয়েছে। সেখানে আমাদের পশ্চিমবঙ্গ সরকারও ৫.১০৬ কোটি টাকা আপনার আভ্যন্তরীণ বাজার তৈরি করার জন্য এবং পরিকাঠামো নির্মাণের জন্য খরচ করেছেন। আভ্যন্তরীণ বাজার তৈরি করে কর্মসংস্থান সৃষ্টি করার মধ্যে দিয়ে মন্দার মোকাবিলা করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে ২ টাকা কে.জি. দরে চাল বি.পি.এল. তালিকার মানুষদের বিলি বণ্টনের ব্যবস্থা করা হয়েছে। এই বি.পি.এল. তালিকা যে তৈরি হয়েছিল সেটা ১৯৯৭ সালের তালিকা অনুযায়ী। এখনো পর্যন্ত ওই তালিকা অনুযায়ী ফুড ডিপার্টমেন্ট থেকে গ্রামের গরিব মানুষদের ওই ২ টাকা কে.জি. দরে চাল দেওয়া হচ্ছে। এর ফলে গ্রামের গরিব মানুষরা অনেক উপকৃত হয়েছে। তারপরে আবাসনের জন্য ১ হাজার কোটি টাকা দেওয়া হয়েছে। কর্মসংস্থান এখানে অনেক বেশি হয়েছে। পরিকল্পিত স্বনির্ভর গোষ্ঠীর জন্য ৪ শতাংশ হারে সুদের ব্যবস্থা করা হয়েছে। এইভাবে নানা রকম কর্মসংস্থানের প্রকল্প গ্রহণ করা হয়েছে। এর জন্য উল্লেখযোগ্য পদক্ষেপ নেওয়া হয়েছে। গতকালই মাননীয় সৌগত রায় তাঁর বক্তব্য রাখতে গিয়ে বলেছেন যে, শিল্পায়নের দরকার। পশ্চিমবঙ্গে যে আয় হয় তার ২০ শতাংশ কৃষির থেকে আসে, অর্থাৎ ৫৮ শতাংশ মানুষ কৃষিনির্ভর। সেখানে কৃষির উপর চাপ কমাতে হবে। এবং শিল্পায়নের দরকার। সৌগতবাবু একেবারে সত্যি কথাটাই বলেছেন। শিল্পায়ন ছাড়া আমাদের অগ্রগতি হওয়া সম্ভব নয়। তাই আমরা দেখছি গত বছরে ৩১ হাজার ১০০ কোটি টাকা বৃদ্ধি করা হয়েছে এবং এই বছরও ৩৮ হাজার ৬৬ কোটি টাকার প্রকল্পের প্রস্তাব নেওয়া হয়েছে। যেসব প্রকল্প চলছে তার মধ্যে শ্যাম স্টিল এবং বালাজী গোষ্ঠী ইতিমধ্যেই তাদের শিল্পের জন্য শিলান্যাস করেছেন। কাজ এগিয়ে চলেছে। জমি অধিগ্রহণ করা হয়ে গেছে এবং মাত্র ১০ শতাংশ জমি শিল্পের জন্য অধিগ্রহণ করা হয়েছে, বাকি ৩০ শতাংশ জমি খেত-মজুরদের মধ্যে বিলি বণ্টনের ব্যবস্থা করা হয়েছে। কিভাবে খাদ্যে নিরাপত্তা সুনিশ্চিত করা যায় তার চেষ্টা চলছে। আমাদের বাঁকুড়া, পুরুলিয়া এবং পশ্চিম মেদিনীপুরে মাওবাদীদের সন্ত্রাস চলছে। সেখানে বিরোধীরা ওদের মদত দিচ্ছে। বিরোধীরা ওই মাওবাদীদের সঙ্গে হাত মিলিয়েছে এবং তারা একটা আতঙ্কের হুমকি দিচ্ছে। পশ্চিমবঙ্গে গোর্খাল্যান্ডের জন্য দার্জিলিংকে বিচ্ছিন্ন করার জন্য এই বিরোধী শক্তি ওদের মদত দিচ্ছে। আবার উত্তরবঙ্গে কামতাপুরীদের দিয়ে বিচ্ছিন্নতাবাদী আন্দোলনকে চালিয়ে নিয়ে যাওয়ার জন্য এই বিরোধী শক্তি তাদের সঙ্গে হাত মিলিয়েছে যাতে করে উত্তরবঙ্গকে আলাদা করা যায়। তেমনিভাবে পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুরে মাওবাদী শক্তি বিরোধীদের সঙ্গে চক্রান্ত চালাচ্ছে যাতে করে ওই জেলাগুলিকে ঝাড়খণ্ডের মধ্যে নিয়ে যাওয়া যায়। এইভাবে পশ্চিমবঙ্গের শান্ত পরিবেশকে অশান্ত করার চক্রান্ত চলছে। এর ফলে পশ্চিমবঙ্গের উন্নয়নে কিভাবে বাধা দেওয়া যায় তার একটা প্রচেষ্টা চলছে। তারপরে বিদ্যুৎ নিয়ে কথা উঠেছে। সারা ভারতবর্ষে যেখানে সেচে বিদ্যুতের

প্রয়োজন ১৬.৬ ভাগ, সেখানে সমগ্র ভারতবর্ষে বিদ্যুতের ঘাটতি ৯.০৯ ভাগ আর পশ্চিমবঙ্গে সেখানে ৯.০৬ ভাগ। ন্যূনতম যে ঘাটতি সেটাও তামিলনাড়ু, মহারাষ্ট্র, গুজরাটের থেকে কিছুটা কম। বিদ্যুতের ক্ষেত্রে গত আর্থিক বছরে উৎপাদন হয়েছে ১৫৭ হাজার মেগাওয়াট। তারপরে স্বাস্থ্য নিয়ে কথা উঠেছে। বর্তমানে শিশু মৃত্যুর হার অনেক কমেছে। মায়েদের মৃত্যুর হারও কমেছে। গ্রামে পানীয় জল সরবরাহের ক্ষেত্রে অনেক উন্নতি হয়েছে। কংগ্রেস আমলে গ্রামের মানুষ নলবাহিত জল পেতই না। স্বাধীনতার পরে গ্রামীণ এলাকায় মাত্র .০৭ ভাগ মানুষ নলবাহিত জল পেত। সেখানে বামফ্রন্ট সরকার আসার পরে এবং বিশেষ পরিকল্পনা রূপায়ণের ৩৮ শতাংশ গ্রামের মানুষ এখন নলবাহিত জল পাচ্ছে। এই বছরে আরো বেশি পরিমাণে নলবাহিত জল যাতে মানুষ পানীয় জল হিসাবে ব্যবহার করতে পারে তার ব্যবস্থা নেওয়া হচ্ছে। তারপরে আমরা জোর গলায় বলতে পারি ভূমি সংস্কারের সাফল্যের ফলে গ্রামের মানুষের এখন ক্রয় ক্ষমতা বেড়েছে। লোকে দু-বেলা খেতে পাচ্ছে। মানুষকে এখন আর কাজের জন্য অন্যত্র যেতে হচ্ছে না। অন্য জেলায় মানুষকে কাজের জন্য যেতে হয় না। তাই আমি রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী স্বদেশ পাত্র : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই মুহূর্তে এই মহান সভায় বসন্তের আগমন, প্রৌঢ়ত্বের পতন, কচি পাতার সৃজন, কোকিলের কুহু কুহু ডাক—সেই প্রেক্ষাপটে দাঁড়িয়ে মাননীয় রাজ্যপাল মহাশয়ের যে ভাষণ, সেই ভাষণকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে, তার উপরে দু-চার কথা বলতে চাই। স্যার, আমার বক্তব্য হচ্ছে সারা দেশে এবং বিভিন্ন রাজ্যে যে আইন-শৃঙ্খলা ভেঙে পড়েছে, তার তুলনায় পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা অনেক ভাল। সারা দেশে জঙ্গিপনা, হিংসাত্মক ঘটনা, বিস্ফোরণের ঘটনায় বহু মানুষ হতাহত হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা ব্যবস্থা নজিরবিহীন। এই কারণে আমি বলব যে পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক কোনো ঘটনা এ যাবৎ ঘটেনি। কেবলমাত্র ঘটেছে রাজনৈতিক হিংসাত্মক এবং রক্তক্ষয়ী সংগ্রাম। যথারীতি আমাদের সরকার কঠোর হস্তে তা দমন করেছেন। রাজ্যের বিভিন্ন স্তরে গোয়েন্দা দিয়ে ব্যবস্থা করিয়ে আমাদের রাজ্যের আইন-শৃঙ্খলাকে সুন্দর ও মধুর রেখেছেন। রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে কৃষির উন্নয়ন নিয়েও বলেছেন। কৃষিতে যে অগ্রগতি—১৯৭৭ সালের আগে কৃষিতে যে অবক্ষয়, অবিচ্ছিন্ন অবস্থা ছিল, ১৯৭৭ সালের পর থেকে কৃষির অগ্রগতি পাঁচগুণ বেড়েছে। আজকে বিরোধী সদস্য বন্ধুরা অনেক কথাই বলছেন, অসত্য বাণী বলছেন। আশ্চর্য ! শুনতে খুব খারাপ লাগে। আজকে প্রত্যেকটি বিষয়ের উপরে রাজ্য সরকার যেভাবে পরিকল্পনামাফিক, যেভাবে পরিকল্পনামাফিক রাজ্যের উন্নয়নের জন্য, রাজ্যের পিছিয়ে পড়া মানুষের উন্নয়নের জন্য, রাজ্যের তফশিলি উপজাতি সম্প্রদায়ের মানুষের উন্নয়নের জন্য, সংখ্যালঘু মানুষের উন্নয়নের জন্য, সর্বস্তরের মানুষের উন্নয়নের জন্য উঠে পড়ে লেগেছে এবং যেভাবে অগ্রগতি হচ্ছে তা স্বীকার না করে আপনারা প্রতি পদক্ষেপে এই সভাতে মিথ্যা ভাষণ দিচ্ছেন। আমাদের অবাক লাগে শুনতে। ভেতরেও আপনাদের ভাষণ মিথ্যা, আর বাইরেও

আপনাদের ভাষণ মিথ্যা। আজকে শিল্প ক্ষেত্রের যে অগ্রগতি নিয়ে মাননীয় রাজ্যপাল বলেছেন, শিল্পের যে পরিকাঠামো, একটি নির্দিষ্ট পরিমাপ ব্যবস্থা, সরকার তার ব্যবস্থা করছে। যাদের ক্ষতি হয়েছে, তাদের ক্ষতিপূরণ দেওয়া বা পুনর্বাসন দেওয়া—সব কিছু ক্ষেত্রেই সরকার ব্যবস্থা নিয়েছে। শিল্পের অগ্রগতির সঙ্গে সঙ্গে কর্মসংস্থান বা কর্মসৃজন এই সব কিছু নিয়ে আজকে, সারা পশ্চিমবঙ্গে একটি আলোড়ন সৃষ্টি হয়েছে। এই আলোড়নের মধ্য দিয়ে আজকে রাজ্য সরকার সমস্ত পশ্চিমবঙ্গবাসীর কাছ হতে হাততালি কুড়িয়ে নিচ্ছে। আর আপনারা বলছেন এগুলি সমস্ত মিথ্যা। ছি ! এই কথাগুলি আপনারা ভেবে-চিন্তে বলবেন। কথাগুলি আপনাদের ভেবে-চিন্তে বলা উচিত। শুধু তাই নয়, আজকে পশ্চিমবঙ্গের সেচ ব্যবস্থার মাধ্যমে বহু এলাকার, বহু জেলার যে অগ্রগতি ঘটেছে, বহু মানুষের কর্মসংস্থান, কর্মসৃজনের যে ব্যবস্থা ঘটেছে তাতে পশ্চিমবঙ্গে আলোড়ন হয়ে গেছে।

[4.20–4.30 p.m.]

তা আপনারাই সবাই দেখছেন, আমরাও দেখছি। সরকার সেই চিন্তা-ভাবনা নিয়ে এগিয়ে যাচ্ছে। শুধু তাই নয়, আজকে পূর্ত সড়কের যে সমস্ত রাস্তাগুলো হয়েছে, শত শত কিলোমিটার রাস্তা এবং রাস্তার প্রসারণ, ব্রিজ সবই হয়েছে, যার ফলে বাণিজ্যিক ব্যবস্থা এতো সুন্দর, সুঠাম হয়ে উঠেছে। এই রাজ্যের যে অগ্রগতি, যে অবস্থা আজকে দাঁড়িয়েছে তা ৩২ বছরে অকল্পনীয়, তা চিন্তা করা দরকার আপনাদের। সেই চিন্তা-ভাবনা মাথায় রেখে আপনারা প্রতি পদক্ষেপে মিথ্যার পর মিথ্যা, অসত্যের পর অসত্য কথা বলে যাচ্ছেন। আমি একথা বলতে চাই, মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে যে কথা বলেছেন যে, সারা পশ্চিমবঙ্গে পিছিয়ে পড়া মানুষ, তফসিলি জাতি, তফসিলি উপজাতি সম্প্রদায়ের মানুষ, সর্বস্তরের মানুষের উন্নতি, সর্বস্তরের মানুষের কর্মসংস্থান এবং কর্মসৃজন, অর্থনৈতিক পরিকাঠামো ও পরিবেশকে সুন্দর করে আমাদের সরকার সাজানোর চেষ্টা করছেন। শুধু তাই নয়, আজকের সারা রাজ্যের কৃষকদের জন্য আমাদের সরকারের যে চিন্তা-ভাবনা—তাদের জমি কিনে দিয়েছেন, তাদের বাসস্থানের জমি, কৃষির জন্য জমি কিনে দেওয়া এবং সব্জি চাষের জন্য জমি কিনে দেওয়া, এই যে প্রকল্প, এই প্রকল্পের মাধ্যমে পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ গরিব কৃষক, ভূমিহীন মানুষের যে ব্যবস্থা করেছেন, এই ব্যবস্থা কত সুন্দর ও সুঠাম তা সারা রাজ্য জানে। তাতে সারা রাজ্যে একটা সাড়ার সৃষ্টি হয়েছে। তাই রাজ্যপাল আরও বলেছেন যে, শিল্পের ক্ষেত্রে—কিন্তু শিল্প কোথায় হবে ? আপনারা বলছেন, আমাদের সরকার শিল্পে পিছিয়ে। আপনারা চিন্তা করুন তো আজকে শিল্পের জন্য সারা পশ্চিমবঙ্গে যে বিনিয়োগ ব্যবস্থা, যা শিল্পপতিরা করছেন, কোটি কোটি টাকা বিনিয়োগ করছেন। কিন্তু আপনারা বলছেন এখানে শিল্প হবে না, ওখানে শিল্প হবে না, চারিদিকে শুধু না, না বলছেন। হলদিয়ার নয়াচরে ভারত সরকার অনুমোদন দিয়েছেন, তারপরেও আপনারা বলছেন সেখানে শিল্প হবে না। কি আশ্চর্য ব্যাপার ! শিল্প না হলে দেশের অগ্রগতি, কর্মসংস্থান, কর্মসৃজন—এগুলোর যে ব্যবস্থা এবং মানুষের যে অর্থনৈতিক পরিবেশ পরিকাঠামো গড়ে তোলার ক্ষেত্রে আগামিদিনে আপনারা সেদিকে লক্ষ্য রেখে অসত্য কথা না বলে সত্য কথা বলুন। মাননীয় রাজ্যপালের ভাষণে

সারা রাজ্যের যে পরিবেশ, পরিকাঠামো, সারা রাজ্যের যে প্রকল্প, আজকে আমাদের সরকারের যে পরিকাঠামো ও প্রকল্প—যা সুন্দর এবং সুঠাম, তার জন্য তারা সারা পশ্চিমবঙ্গবাসীর কাছে আজকে হাততালি কুড়োচ্ছেন এবং আগামিদিনেও কুড়িয়ে নেবে। আগামিদিনেও আমাদের সরকার আরও নতুন নতুন প্রকল্প আরও নতুন নতুন পরিকল্পনার মাধ্যমে তারা এগিয়ে যাবে এবং রাজ্যপালের যে ভাষণগুলো আছে সেই ভাষণকে আমি স্বাগত ও সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার, ধন্যবাদ।

শ্রী সমর হাজরা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল মহাশয় গত ৯ মার্চ যে ভাষণ বিধানসভায় পাঠ করেছেন, আমি তাঁকে তার জন্য প্রথমেই ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় রাজ্যপাল তিনি তাঁর ভাষণে রাজ্যের উন্নয়ন এবং সাফল্যের দিকটি তুলে ধরেছেন। তাঁর ভাষণের প্রথমেই তিনি আইন-শৃঙ্খলার কথা বলেছেন। কংগ্রেস এবং বিরোধী বন্ধুরা পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলা ভেঙে পড়েছে—এমন অসত্য কথা বারে বারে তারা বলেন। আমাদের বিরোধী বন্ধুদের জিজ্ঞাসা করি—যে কংগ্রেসশাসিত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলো আমাদের রাজ্যের থেকে কি অন্য ? এখানে অবাধে এবং সুষ্ঠু নির্বাচন হয় এবং মানুষও তার গণতন্ত্র প্রয়োগ করতে পারে। আর আপনারা এই পবিত্র বিধানসভায় অসত্য ভাষণ বলে মানুষের মধ্যে একটা বিভ্রান্তির সৃষ্টি করছেন। পশ্চিমবঙ্গের উন্নয়নের সাফল্যের দিকটা মানুষ আজকে জেনেছে। পশ্চিমবঙ্গে আজকে তাই এই সরকারকে তারা ৩২ বছর ক্ষমতায় টিকিয়ে রেখেছে। অর্থনৈতিক মন্দার বাজারে আজকে আমাদের রাজ্যে সঙ্কট দেখা দিয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় রয়েছে, আমাদের রাজ্য থেকে কিছু ছেলে মুম্বাই, সুরাতে সোনার কাজ করতে যেত। আমেরিকা, ইংল্যান্ড যারা সোনার ব্যবহার বেশি করত, তারা আজকে সোনার ব্যবহার না করার ফলে মুম্বাই, সুরাতে ২৫-৩০ জন যারা ছোটো ছোটো সোনার শিল্পের সঙ্গে যুক্ত ছিল, আজকে তারা কর্মচ্যুত হচ্ছেন। মন্দার জন্য আমাদের রাজ্যে সঙ্কট দেখা দিয়েছে। বিরোধী বন্ধুরা গরিব মেহনতি মানুষের কথা বললেন, আমরা ঠিকমতো বি.পি.এল তালিকা তৈরি করতে পারছি না, সে কথাও বললেন। আমরা গরিব মানুষদের মধ্যে বিভেদ আনতে চাইনি। কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের বক্তব্য ছিল রেশনের মাধ্যমে ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিস সমবণ্টন করা। আমরা চাই না বি.পি.এল. মানুষ থাকুক। আজকে আমাদের দেশে শতকরা ২০ ভাগ মানুষ দারিদ্র্যসীমার নীচে বসবাস করে। রাজ্য সরকার ঠিক করেছে দু টাকা কেজি দরে চাল দেবে। আজকে বাজার দর যা তার পরিপ্রেক্ষিতে এটা খুব গর্বের বিষয়। আজকে এক কাপ চায়ের দাম যেখানে দু টাকা, সেই জায়গায় দাঁড়িয়ে রেশনের মাধ্যমে দু টাকা কেজি দরে চাল দেওয়া হচ্ছে, এটা গর্বের বিষয়। আমাদের সরকারের দৃষ্টিভঙ্গি খুবই ভালো। আপনারা বলেছেন আমরা মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছতে পারিনি। এখন মানুষের রোজগার বেড়েছে। সেই জন্য মানুষ আমোদ-প্রমোদ করতে চাইছে। এর জন্য মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছনো দরকার। বিদ্যুৎ তৈরি করার জন্য এবং ট্রান্সফরমার বসানোর জন্য জায়গা দরকার। বহু জমি আমাদের রাজ্যে রয়েছে যেগুলোতে চাষ হত না, সেগুলোকে এখন চাষযোগ্য করা হয়েছে। এখন জমিগুলোকে এক ফসলি থেকে

দু-ফসলি, তিন ফসলি করা হয়েছে। জমির এখন অভাব নেই। বিরোধী বন্ধুরা জমির ক্ষেত্রে বাধা দিচ্ছেন। আপনারা আজকে পঞ্চায়েতের দুর্নীতির কথা বলছেন। আমাদের পঞ্চায়েতে মানুষের জন্য পরিকল্পনা নেওয়া হয় এবং মানুষের কাছে হিসেব নিকেশও দেওয়া হয়। ইদানীং বিরোধীরা যে পঞ্চায়েতগুলো গঠন করেছে, সেই জায়গাগুলোতে গরিব মানুষের জন্য পানীয় জলের ব্যবস্থা করা হচ্ছে না, রাস্তা তৈরি করা হচ্ছে না, সেচের ব্যবস্থা করা হচ্ছে না। ওই সব জায়গায় ভয়ঙ্কর অবস্থা সৃষ্টি হয়েছে। মন্ত্রী মহাশয়দের বলব প্রতিটি মানুষকে আমাদের দেখতে হবে। যাতে ওইসব এলাকায় মানুষের কাজ করা যায় সেটা আমাদের দেখতে হবে। গরিব মানুষ কোনোদিন ভেবেছিল পঞ্চায়েতের মধ্যে দিয়ে তাদের গ্রামের রাস্তাটা লাল মাটি হবে। লাল রাস্তা থেকে পিচ রাস্তার দাবি উঠেছে। গ্রামের মানুষ কোনোদিন ভাবতে পারেনি বিয়ের বাড়ির গাড়িটা গিয়ে তাদের উঠোনে উঠবে। আজকে বামফ্রন্টের ত্রিস্তর পঞ্চায়েতের মাধ্যমে এই সাফল্য এসেছে। আমাদের বর্ধমানের জামালপুরে একজন কৃষক মাটিতে হাত দিয়ে বলে দিতে পারবে ওই মাটিতে কি ফসল হতে পারে। মাকড়শার জালের মতো বিদ্যুতের পোল হয়েছে। এর ফলে এক ফসলি জমি দো-ফসলি, তিন ফসলি হয়েছে। এখন আলু দুবারও হয়। এখন সমস্যা হচ্ছে কৃষির যন্ত্রপাতির দাম বাড়ছে, সেচের জন্য ব্যবহৃত পেট্রোল-ডিজেলের দাম বাড়ছে, সারের দাম বাড়ছে। কৃষকেরা চাষের জন্য সমবায় ব্যাঙ্ক থেকে ঋণ পাচ্ছে ঠিকই কিন্তু ব্যাপক অংশের কৃষক মহাজনি ঋণের ফাঁদে পড়ে যাচ্ছে।

[4.30-4.40 p.m.]

এই ঋণের ফাঁদ থেকে বেরিয়ে আসতে গেলে আমাদের রাজ্য সরকারের কৃষির জন্য একটা সুষ্ঠু পরিকল্পনা করার প্রয়োজন আছে বলে আমি মনে করছি। আমাদের রাজ্য সরকারের লক্ষ্য হচ্ছে, রাজ্যকে সুন্দরভাবে সাজানোর জন্য কৃষি, সেচ, শিল্প এই সব কিছুর ক্ষেত্রে পরিকাঠামো তৈরি করে রাজ্যে একটা সুন্দর পরিবেশ তৈরি করা। আমাদের বিধানসভার বিরোধী দলনেতা বলেছিলেন, 'সিঙ্গুরে টাটা মোটর্স-এর কারখানা হতে দেব না, দেব না, দেব না।' দুর্গাপুর এক্সপ্রেসওয়েতে অনেক শিল্প গড়ে উঠেছিল, সেখানে অসংখ্য কর্মযোগ চলছিল, হাজার হাজার শ্রমিক সেখানে কাজ করছিলেন। সেই দুর্গাপুর এক্সপ্রেসওয়েতে জমির দাম আগে ছিল ৮০ হাজার, ১ লক্ষ টাকা করে কাঠা, এখন সেই জমি বিক্রি হচ্ছে ৫ লক্ষ টাকা, ৭ লক্ষ টাকা করে কাঠা হিসেবে। সেখানে টাটা মোটর্স-এর কারখানা হলে ১ থেকে দেড় হাজার শ্রমিক কাজ পেতেন। কিন্তু সেখানে আনুষঙ্গিক শিল্প হিসেবে অসংখ্য শিল্প তৈরি হত। আপনারা এই যে কর্মকাণ্ডে বাধা দিয়েছেন, মানুষ তার জবাব দেবেন নির্বাচনের মাধ্যমে। কেন্দ্রে তৃতীয় ফ্রন্ট ক্ষমতায় এলে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গের মানুষের সার্বিক উন্নয়ন করা যাবে ভেবে তৃতীয় ফ্রন্টকে সমর্থন জানাবেন। এই কথা বলে মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, আমি সেই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অমিয় কুমার সাহু : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল মহাশয়ের প্রদত্ত ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এখানে এসেছে, আমি সেই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করছি। স্যার, আমি প্রথমে বলতে চাই যে, পশ্চিমবঙ্গ ভারতের একটি অঙ্গ রাজ্য। ভারতবর্ষের অঙ্গরাজ্যে আমাদের যে অধিকার, সেই অধিকার সম্পূর্ণরূপে আমরা প্রয়োগ করতে পারি না। কারণ কেন্দ্র এবং রাজ্যের সম্পর্ক সংবিধান প্রদত্ত। বিশ্বে যে পরিস্থিতি আছে, সেই বিশ্ব পরিস্থিতির বাইরে আমরা নই। স্বাভাবিক কারণে আমরা মঙ্গল গ্রহের বাসিন্দা নই। সমগ্র বিশ্বে যে চাপ, আজকে পরিস্থিতি যেভাবে আছে, সব মিলিয়ে আমাদের রাজ্যে তার প্রভাব পড়ছে। তা সত্ত্বেও আমাদের সরকার যে উন্নয়নমূলক কর্মধারা অব্যাহত রেখেছে, সেই পরিস্থিতিকে মোকাবিলা করতে পারছেন, যেভাবে প্রতিটি ক্ষেত্রে একটা সামঞ্জস্য বিধান করে উন্নয়নের গতিপথ নির্ধারিত হয়েছে, এককথায় তা বলা যেতে পারে এটা একটা বিকল্প কর্মসূচি, সারা দেশের ক্ষেত্রে এটা একটা বিকল্প কর্মসূচি। আমরা জানি আমাদের এখনো অনেক কাজ করার আছে। সেই জন্য আমরা দায়বদ্ধ, সেই কাজ আমরা করে যেতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী বার বার সেই কথা বলেন। বিরোধীদের আমরা কটাক্ষ করছি না। কিন্তু বিরোধীদের জানা দরকার যে, বিশ্বে অনেক ঘটনা ঘটছে এবং সেখানে জয় হচ্ছে বামপন্থার। এর সর্বশেষ ঘটনা হচ্ছে এল সালভাটোর। আর্জেনটিনা, চিলি, ভেনেজুয়েলা, বলিভিয়া, উরুগুয়ে, নিকারাগুয়া, প্যারাগুয়ে এইসব রাষ্ট্রে বিশ্বায়নের বিরুদ্ধে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে, বামপন্থার পক্ষে আস্থাজ্ঞাপন করছেন। এটাই হচ্ছে গোটা বিশ্বের জনগণের প্রকৃত অভিমুখ। সেই অভিমুখকে সামনে রেখে আমাদের সীমিত ক্ষমতায় আমরা উন্নয়নের কাজ করছি। আমাদের স্বাস্থ্য ব্যবস্থা নিয়ে কেউ কেউ বললেন। আমি তাঁদের জিজ্ঞাসা করি, ১৯৭৭ সালের আগে রাজ্যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র বলে কিছু ছিল কি ? ব্লক স্বাস্থ্যকেন্দ্র বলে কিছু ছিল কি ? এখন আমাদের রাজ্যে সেই প্রকল্প বাস্তবায়িত হয়েছে। এখন রাজ্যে প্রতিটি ব্লকে ৩০ থেকে ৬০ বেডের স্বাস্থ্যকেন্দ্র তৈরি হচ্ছে এবং সেখানে যাবতীয় বিভাগ এবং ডাক্তার ইত্যাদি দেওয়া হচ্ছে। এর পাশাপাশি উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলোকে সচল করে ট্রেনিংপ্রাপ্ত নার্স সেখানে নিয়োগ করার কাজ চলছে। আমাদের রাজ্যের কৃষি নিয়ে অনেক কথা হয়েছে। আমাদের দেশে কৃষিনীতি আছে। কিন্তু আজকে আমাদের দেশে কৃষির ক্ষেত্রে বীজের অবস্থা কি ? আজকে সারা দেশে বীজের চাহিদা রয়েছে। কিন্তু বিশ্বায়নের ফলে আজকে যে ভয়ঙ্কর অবস্থা সৃষ্টি হয়েছে, তাতে কৃষকের সর্বনাশ হচ্ছে। যেখানে দেশের একটা কৃষিনীতি নেই, স্বাভাবিক কারণেই তার প্রতিফলন একটা রাজ্যের কৃষিনীতির উপর পড়বেই। ১৯৭৭ সালের আগে রাজ্যে ৩০ শতাংশ জমিতে সেচের ব্যবস্থা ছিল, এখন প্রায় ৭০ শতাংশ। ধান উৎপাদন আমাদের রাজ্যে প্রয়োজনের থেকে উদ্বৃত্ত। মাছে সারা দেশে প্রথম আমরা। আলু উৎপাদনও উদ্বৃত্ত। আমাদের উৎপাদন এবং মানুষের কর্মক্ষমতা দেখার বিষয়। আমাদের দেশীয় পরিস্থিতির চাপ এবং তার সমস্যাগুলোর বাইরে গিয়ে আমরা মনে করি না আমাদের পশ্চিমবাংলায় সব সোনার ফসল ফলবে। মানসবাবু অনেক চড়া গলায় বললেন, বলতেই হবে, কেন না পাশে যে বন্ধু পেয়েছেন সেই বন্ধুত্ব কতদিন টিকবে ? আমরা জানি এই ঐক্য হচ্ছে সাম্রাজ্যবাদী শক্তির কাছে মাথা নত করার জন্য, আগামিদিনে মানুষ এর

জবাব দেবে। যে প্রশ্নটা সবচেয়ে বেশি আলোচিত, আমাদের দেশে বিশ্বায়ন, মহামন্দার প্রভাব কি পড়েনি ? অবশ্যই পড়েছে। রপ্তানি, বস্ত্র শিল্প, তথ্য প্রযুক্তি, অলঙ্কার, রত্ন শিল্প, চা, নির্মাণ, সব ক্ষেত্রেই পড়েছে। তামিলনাড়ু, হরিয়ানা, দিল্লি, উত্তরপ্রদেশ থেকে আরম্ভ করে যাদের সঙ্গে তুলনা করা বলা হচ্ছে পশ্চিমবঙ্গের পার্থক্য কি, দেখবেন সবচেয়ে বেশি ছাঁটাই ওখানে, কর্মহীন ওখানেই বেশি। গাড়ি শিল্প দেখুন, মারুতি সুজুকি, টাটা, হন্ডা, অশোক লেল্যান্ড, সব ক্ষেত্রেই দেখুন তিন শিফটের জায়গায় এক শিফট চালাতে বলছে আর সাতদিনের মধ্যে তিনদিন ছুটি নিতে হবে। সুরাটে অলঙ্কার শিল্পের সঙ্গে যুক্ত সাত লক্ষ শ্রমিক কর্মহীন হয়েছে, তারা এখন অন্য কাজ খুঁজছে। এরকম একটা ভয়ঙ্কর পরিস্থিতিতে আমাদের দেশের ইউ.পি.এ. সরকার কর্পোরেট দুনিয়াকে খুশি করলেন। করতেই পারেন। কিন্তু তার পাশাপাশি শ্রমজীবী মানুষদের জন্য রক্ষাকবচ কি রেখেছেন ? তাদের ছাঁটাই করা যাবে না, তাদের সামাজিক সুরক্ষা অব্যাহত রাখতে হবে, এটা কি করেছেন ? এই সরকার জনগণের সরকার নয়, কর্পোরেট দুনিয়ার সরকার। স্বাভাবিকভাবেই এই সরকারের বিরুদ্ধে মানুষের যে ক্ষোভ তার বহিঃপ্রকাশ ঘটবেই। আমরা দেখলাম এই সময়ের মধ্যে আমাদের শিল্পে উন্নতির হার ১০ শতাংশ থেকে নেমে ১.৩ শতাংশে এসেছে। অনেক বড় বড় কথা বললেন, অনেক নীতির কথা বললেন। আজকে দেখছি গোটা বিশ্ব জুড়ে ব্যক্তিগত মালিকানাধীন ব্যাঙ্ক, বীমা দেউলিয়া হচ্ছে, পুঁজিবাদী সঙ্কটে দাস ক্যাপিটাল পড়ে বাঁচার রাস্তা খুঁজছে। আমরা দেখলাম বীমার ক্ষেত্রে ২৬ শতাংশ বিদেশী বিনিয়োগ যেটা ছিল সেটাকে বাড়িয়ে ৪৯ শতাংশ করা হয়েছে। আসলে এটা মার্কিন প্রেম। মার্কিন যুক্তরাষ্ট্রের জুনিয়ার পার্টনার হলে এটা করতে হবে। আজকে কৃতিত্ব নিচ্ছেন ব্যাঙ্ক, বীমা, নবরত্নে। ১৯৯১ সালে প্রথম চেষ্টা হয়েছিল ব্যাঙ্ক এবং বীমা ক্ষেত্রে বিদেশি লগ্নি এবং বিদেশি বিনিয়োগের সংশোধন এনে। রুখে দাঁড়িয়েছিল ব্যাঙ্ক, বীমা, কর্মচারীরা, রুখে দাঁড়িয়েছিলাম আমরা বামপন্থীরা, সেই জন্য এখনো তাঁরা পারেননি। আমরা এর বিরুদ্ধে লড়াই অব্যাহত রেখেছি। বিশেষ করে সারা দেশের মানুষ এটা বোঝেন, মানুষকে বোঝাতে পারব। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমরা আবেদন করব, আজকে সন্ত্রাসবাদ সন্ত্রাসবাদ বলা হচ্ছে, আসলে সন্ত্রাসবাদটা কোথায় ?

[4.40–4.50 p.m.]

হ্যাঁ, সন্ত্রাসের অন্যতম দিক হচ্ছে ব্যক্তিস্বাধীনতা, গণতন্ত্রকে হত্যা করা। ব্যক্তিস্বাধীনতা এবং গণতন্ত্র হত্যা যদি হয়ে থাকে তাহলে নন্দীগ্রামে তা হয়েছে। সরকার নন্দীগ্রামে এক বিন্দুও জমি অধিগ্রহণের কথা বলেননি, শুধু ঘোষণা করেছিলেন যে, ওখানে প্রকল্প হবে। তৃণমূল নেত্রী এবং তৃণমূল দলের যাঁরা গলা ফাটিয়েছিলেন তাঁদের উদ্দেশ্য হচ্ছে ধ্বংস করা। ১৪ই মার্চ নিয়ে আপনারা বলছেন ? ১৪ই মার্চ সরকার কি করতে গিয়েছিলেন ? সেদিন সরকার ওখানে আইনের শাসন কায়েম করতে গিয়েছিলেন। আর আপনারা কি করেছেন ? আপনারা আইন ভেঙেছেন। আইনের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন। সংবিধানকে অস্বীকার করেছেন। ঠিক আছে। তার বিচারের জন্য তো সি.বি.আই., সি.বি.আই. করেছিলেন। মুখ্যমন্ত্রী তো মেনেই নিয়েছেন। তারপরেও সন্ত্রাস অব্যাহত কেন ? তারপরেও এত মানুষের

প্রাণ গেল কেন ? কারা শহিদ হয়েছেন ? আপনাদের কাছে যদি তুলে ধরি তৃণমূল নেত্রী বার বার নন্দীগ্রামে ছুটে যাচ্ছেন কেন ? কি পেয়েছেন সেখানে ? নন্দীগ্রামে কি দেখলাম আমরা ? পঞ্চায়েত নির্বাচন হল, ফল বেরোল ২১ তারিখে। ২৩শে মে খালেক মল্লিক তাকে রাস্তা থেকে তুলে নিয়ে গিয়ে পায়ের শিরা কেটে তাকে খুন করা হল। ৪ঠা আগস্ট, ২০০৮ জয়দেব পাইক আমাদের পার্টির লোকাল কমিটির সম্পাদক তাকে প্রকাশ্যে গুলি করে তার বাড়ির সামনে হত্যা করার চেষ্টা হয়েছিল। আজও সে হাসপাতালে ভর্তি আছে। নিরঞ্জন মণ্ডল আমাদের লোকাল কমিটির সম্পাদক শিক্ষক ৬ই আগস্ট প্রকাশ্যে খুন হলেন। নন্দীগ্রামে সোনাচূড়া বাজারের কাছে স্কুল থেকে ফেরার পথে। দুলাল গাড়ু দাস প্রতিবাদ মিছিলে সামিল হয়েছিল। সেই মিছিলের মধ্যে তাকে গুলি করে হত্যা করা হয়েছিল। এই নামগুলি বললাম। নামেই ক্ষান্ত হলে চলবে না। এরপরেও অসংখ্য অপহরণ হয়েছে। অসংখ্য মানুষের বাড়ি পুড়েছে। বিভিন্নভাবে গুণ্ডারাজ কায়েম করা হয়েছে। কারা আছে ? যারা এফ.আই.আরের আসামী। পার্থবাবু এখানে নেই, ওঁনার নেত্রীর সঙ্গে উনি অনেকবার মিটিং-এ গেছেন। সেই মিটিং-এ কারা সামনে থাকে ভিডিও ক্লিপিং-এ দেখানো হোক। এই সমস্ত খুনি আসামিদের সামনে রেখে মিটিং হয়। এদের ভয়ে নন্দীগ্রামের মানুষ গণতন্ত্র পায় না। অধিকার পায় না। নন্দীগ্রামে মানুষ আজকে ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে এই সন্ত্রাসের কবলে। এদের এই সন্ত্রাস থেকে মুক্ত করতে হবে। তবেই নন্দীগ্রামের মানুষের আসল কণ্ঠস্বর আপনাদের দিদি শুনতে পাবেন। আপনারা জানেন যে উনি লালগড় গেছেন। কি করতে গেছেন ? লালগড় হচ্ছে আমাদের অবিভক্ত জেলা পশ্চিম মেদিনীপুরের একটি জায়গা। আমরা জানি লালগড়ের একটি জায়গায় উনি গিয়েছিলেন। সেই জায়গাটির নাম ছোট তেলিয়া। লালগড় থেকে দলিলপুর, দলিলপুর থেকে কাঁটাপাহাড় প্রত্যন্ত এলাকা। পাশেই অন্য রাজ্য। ঝাড়খণ্ডী মাওবাদীদের আস্তানা। নিরাপত্তা রক্ষী নেই, পুলিশ নেই। যাওয়া একেবারেই অসম্ভব। উনি যেতে পারলেন কেন ? যেতে পারলেন এই কারণে সেখানে গিয়ে চক্রধর মাহাতোর সঙ্গে হাত মিলিয়ে সভা করলেন, গোপন বৈঠক করলেন। পরিকল্পনা দিয়ে এলেন। তারপরেই আমরা কি দেখলাম ? গোটা এলাকা জুড়ে রাস্তা কাটা হল, গাছ কেটে ফেলা হল। গোটা এলাকা জুড়ে চলল নৈরাজ্য। আর নৈরাজ্যে মদত দেওয়ার জন্য এইগুলির প্রয়োজন। তারপরেও আমরা কি দেখলাম ? রোশন গিরি চলে গেলেন। গিয়ে বৈঠক করে এলেন। সহানুভূতি জানিয়ে এলেন পাশে আছি। বাংলাকে আবার দ্বিতীয়বার ভাগ করা হবে। কারা এই চক্রান্তে লিপ্ত ? কামতাপুরী গোর্খাল্যাণ্ডে কারা যুক্ত ? লালগড়ে আদিবাসী মানুষদের ভুল বোঝানো হচ্ছে। কারা এর সঙ্গে যুক্ত খুঁজে বের করতে হবে। মুখ আর মুখোশ দুটোই আমরা দেখছি। মুখোশ দিয়ে আমরা কি দেখছি ? ভূমি উচ্ছেদ প্রতিরোধ কমিটি। কৃষি জীবন রক্ষা কমিটি, জনগণের সন্ত্রাস বিরোধী কমিটি এইগুলো। এরপর আসল মুখ বেরিয়ে আসবে। সেই আসল মুখগুলোকে আমরা জানি। এই মুখগুলোকে আমাদের খুঁজে বের করতে হবে। আমাদের বাংলার একটা ঐতিহ্য আছে। বাংলার মানুষের অনেক অবদান আছে। অশোকবাবু বাংলার মানুষ সেই ঐতিহ্য প্রমাণ করবে। এখানে শিল্প নিয়ে অনেক কথা বলেছেন। এই সভায় কি বলেছেন ? এক ফসলি

জমি, বসতি এলাকায় করতে দেব না। কি বলেছেন কেন সরকার অন্য কোনো বিকল্প জমি দেখছে না। আজকে যে নয়াচরে সরকারি জমি, বসতি নয়, অনুর্বর জমি, সেখানে কেন্দ্রীয় সরকার প্রকল্প অনুমোদন করল। ১৫টা দপ্তর ঘুরে দেখেছে পরিবেশ দপ্তরসহ, এখানে যারা বড় বিজ্ঞানী জেলার সভাপতি এই বিধানসভার তিনি সদস্য, জল, স্থল, আকাশপথে তিনি যুদ্ধ করবেন। কাদের সঙ্গে করবেন ? মাওবাদীদের নিয়ে ঝাড়খণ্ডীদের নিয়ে সন্ত্রাসবাদীদের নিয়ে নয়াচরে শিল্প হবে। নয়াচরের প্রকল্প মানুষ চায়। বাংলার মানুষ মনে করে লক্ষ লক্ষ মানুষের কর্মসংস্থান হোক। আমরা জানি এই উন্নয়ন বিরোধী শক্তিকে আমরা চিহ্নিত করতে পারব। আমরা জানি ষড়যন্ত্রের আসল কারণ কি। আমরা জানি ২০০৬-এর বিধানসভার নির্বাচনের ফলাফলই হল আসল কারণ, জনগণের রায়েই আমরা একটা বিকল্প কর্মসূচী উপস্থাপিত করতে পেরেছি। তাই পদে পদে গণতন্ত্রের বিরোধিতা। সন্ত্রাসের মধ্যে দিয়ে, বুলেটের মধ্যে দিয়ে ক্ষমতায় আসতে চান। আবার পাঁশকুড়া লাইন, নন্দীগ্রাম মডেল নিয়ে গোটা পশ্চিমবাংলায় আপনারা সন্ত্রাস কায়েম করতে চান। তা হতে দেওয়া যাবে না। আপনারা জানেন আপনাদের দলের একজন তিনি শুধু ঘনিষ্ঠ সমর্থক নন, পঞ্চায়েতের নির্বাচিত, কাগজে দেখেছেন, কাগজে বেরিয়েছে বেআইনি অস্ত্র নিয়ে, গোলাবারুদ নিয়ে ধরা পড়েছে। বারুইপুর-সহ কলকাতার আশেপাশে কয়েকজন। একজনের নাম বেরিয়েছে। নন্দলাল মাইতি। অশোকবাবু তৃণমূলের পঞ্চায়েত সদস্য, আপনাদের দলের বিধায়ক শুভেন্দু অধিকারীর একান্ত আপনজন, তাঁকে খুঁজে পাওয়া যাচ্ছে না। তিনি বেপাত্তা। মুখ্যমন্ত্রীকে আমি বলব যে খুঁজে বার করুন। রাঘব বোয়াল বেরোবে। নন্দীগ্রামের লক্ষ লক্ষ টাকার যে বেআইনী অস্ত্র আমদানী করা হয়েছে তার হোতা হল এই হচ্ছে আপনাদের আসল মুখ। বাংলার মানুষ আপনাদের খুঁজে বের করবে। আমরা উন্নয়ন চাই, আমরা সম্প্রীতি চাই। শান্তি চাই। আমরা নৈরাজ্য সৃষ্টির বিরুদ্ধে। আমরা বাংলা ভাগ হতে দেব না। আমরা জানি ভিয়েতনামের সাম্রাজ্যবাদের বিরুদ্ধে বাংলার মানুষ সমর্থন করেছে, নেলসন ম্যাণ্ডেলাকে সমর্থন করেছে। বাংলার মানুষ ৭২-৭৭ সালকে মোকাবিলা করেছে। এই নৈরাজ্যকেও বাংলার মানুষ মোকাবিলা করবে। এই কথা বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৯ই মার্চ পশ্চিমবঙ্গের রাজ্যপাল বিধানসভায় যে ভাষণ দিয়েছেন আমি সেই ভাষণের বিরোধিতা করছি। বিরোধিতা করে বিরোধীদের আনা কাট-মোশনের সমর্থন করে আমি দু-একটি কথা বলতে চাই। গত দু-বছর ধরে এই রাজ্যে অত্যাবশ্যকীয় পণ্য থেকে আরম্ভ করে ভোজ্য তেল, সব্জি, মাছ, মাংস, শিশু খাদ্য, দুধের দাম আকাশ ছোঁয়া হয়েছে। বত্রিশ বছর ক্ষমতায় থেকে এই মেকি গরিবের সরকার কালোবাজারী, মজুতদারদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়নি। আজকে পশ্চিমবঙ্গ সরকারের তৈরি করা রাজ্যপালের ভাষণ অসত্য, ভুলে ভরা। সেই কারণে এই ভাষণ আমরা মেনে নিতে পারছি না। এই অস্বাভাবিক যে দ্রব্যমূল্য বৃদ্ধি সারা পশ্চিমবঙ্গে চলছে এই অপদার্থ সরকার তার বিরুদ্ধে কোনো উপযুক্ত ব্যবস্থা নেয়নি। এই রাজ্যের মানুষ জানে শুধুমাত্র সরকারি ক্ষমতার অপব্যবহার করে প্রশাসন আর আমলাদের কাজে লাগিয়ে পার্টি

তন্ত্র কায়েম করেছেন। আমরা দেখতে পাই সারা পশ্চিমবাংলার আকাশে বাতাসে মার্কসবাদ, কম্যুনিস্ট পার্টি নামে যে দল সেই দলের নাম হয়েছে কর্পোরেট পার্টি অব ইন্ডিয়া মার্কসিস্ট। বত্রিশ বছরে শিক্ষা বিভাগকে এই সরকার অকর্মণ্য করে দিয়েছে। কখনো প্রাথমিক স্তরে ইংরেজি তুলে দিয়ে আবার কখনো তথ্য প্রযুক্তিকে এই রাজ্যে ঢুকতে না দিয়ে। শিক্ষাকে বাজারীকরণের মাধ্যমে শিক্ষা ব্যবস্থাকে আঠাশটা রাজ্যের মধ্যে পিছিয়ে পড়া রাজ্যগুলোর তালিকায় তালিকাভুক্ত করে দিয়েছেন।

[4.50-5.00 p.m.]

আমরা দেখতে পাচ্ছি, সারা পশ্চিমবাংলায় আজকে যে ৭৮ শতাংশ ড্রপআউট, এই ব্যাপারে শিক্ষা দপ্তর বা রাজ্যপালের ভাষণে এই ড্রপআউটে ছাত্র-ছাত্রীদের কী করে শিক্ষা ক্ষেত্রে আনা যায়, তার রূপরেখা দেখা যায়নি। আমরা দেখতে পাচ্ছি, আমাদের রাজ্যের একজন সাংসদ অমিতাভ নন্দীর ভাগ্নে সুমিত রায় গরিবদের জন্য অ্যাডামাস স্কুল খুলেছে। যেখানে শিশু শ্রেণিতে ভর্তি হতে একটা ছাত্রের জন্য ৫০,০০০ টাকা ডোনেশন দিতে হয়। এর পরেও আপনারা বলেন যে, আপনারা গরিবের সরকার।

স্বাস্থ্যব্যবস্থা নিয়ে আপনারা খুব গর্বের কথা বলেন। সরকারি হাসপাতালগুলো আজকে নরকের চেহারা নিয়েছে। সরকারি হাসপাতালগুলোতে অবাধে চোলাই মদের ব্যবসা চলছে। বিশ্বায়নের যুগে আপনাদের সরকারের অপদার্থতায় মায়ের পাশ থেকে নবজাতক শিশুকে বেড়ালে মুখে করে নিয়ে যায়। চোখ অপারেশনের পরে বৃদ্ধার চোখ পিঁপড়েতে ঠুকরে খায়, ৮০ বছরের বৃদ্ধার ডান পায়ের বদলে বাঁ-পায়ে ডাক্তার অপারেশন করে। আজকে আপনাদের শাসন ব্যবস্থা এমন জায়গায় পৌঁছেছে যে, আপনাদের গর্ব করার কিছু নেই।

৩০ বছর শাসনের পরে আপনাদের সরকারের শীত ঘুম ভাঙল। কী কারণে, না, রাজ্যে শিল্প করতে হবে। ৩২ বছরে রাজ্যে ৫৬ হাজার কলকারখানা বন্ধ করে লক্ষ লক্ষ শ্রমিকের পেটে লাথি মেরে পশ্চিমবঙ্গকে শ্মশানে পরিণত করেছেন। বন্ধ কলকারখানা আজকে শ্রমিকের কবরখানা। তাই হাজার হাজার কলকারখানার চিমনিগুলো বোবার মতো নিশ্চুপ এবং কাঁদছে। শিল্পের জমিতে শিল্প চাই। এই গালভরা স্লোগান আজকে ভণ্ডামিতে পরিণত হয়েছে। শিল্প আমরা চাই। আমাদের নেত্রী বলেছেন, কৃষককে বাঁচিয়ে শিল্প করতে হবে। কিন্তু আজকে ৫৬ হাজার কলকারখানা বন্ধ। আমরা পশ্চিমবাংলায় কী দেখতে পাচ্ছি ? মন্ত্রীর আত্মীয়-স্বজন প্রোমোটার বসিয়ে শিল্পের জমিতে আবাসন গড়ে তুলছে। অবাধে গড়ে উঠছে আবাসন, প্রোমোটারিরাজ।

৩২ বছরে বিদ্যুৎ ব্যবস্থা এমন জায়গায় পৌঁছেছে যে, ২৪ ঘণ্টার মধ্যে ১২ ঘণ্টা পশ্চিমবাংলার মানুষ অন্ধকারে থাকে। এই সভায় মাননীয় বিদ্যুৎ মন্ত্রী বলেছিলেন, 'বিদ্যুতের অভাব হবে না। ২৪ ঘণ্টাই বিদ্যুৎ থাকবে।' কিন্তু মাধ্যমিক পরীক্ষার সময় দেখা গেল বিদ্যুৎ নেই। ডি.পি.এল.-এর ৬টা ইউনিটের মধ্যে ৩টি বিকল। কী কারণে, তা মাননীয় বিদ্যুৎ মন্ত্রী

বিধানসভায় বলেননি বা রাজ্যপালের ভাষণেও আমরা শুনতে পাইনি। আপনারা বুক বাজিয়ে বলেন, প্রত্যেকটা গ্রামে বিদ্যুৎ পৌঁছে গেছে। কিন্তু এখনো ৬০ শতাংশ গ্রামে বিদ্যুৎ পৌঁছায়নি। মুখে আপনারা কর্মসংস্থানের কথা বলেন। কিন্তু আমরা কয়েকদিন আগে কী দেখলাম ? পি.টি.টি.আই.-এর ৬০ হাজার ছাত্রের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলে তাদের অন্ধকারের দিকে ঠেলে দিলেন। প্রতিবাদ করলে পি.টি.টি.আই.-এর ওপর পুলিশ দিয়ে অত্যাচার করা হয়। এই দ্বিচারিতার বিরুদ্ধে বাংলার মানুষ জবাব দেওয়ার জন্য তৈরি হয়ে আছে। আপনারা কৃষি ক্ষেত্রে বলুন, সেচের ক্ষেত্রে বলুন, শিক্ষা ক্ষেত্রে বলুন—সার্বিক যে ব্যর্থতা এবং দুর্নীতি—আগামি নির্বাচনে তার জবাব বাংলার মানুষ দিয়ে দেবে। তাই আমি বলতে চাই গত ৬ বছর আগে পশ্চিমবাংলায় নতুন মুখ্যমন্ত্রী কমরেড বুদ্ধদেব ভট্টাচার্য যখন ক্ষমতাসীন হয়েছিলেন, তখন আপনার কাছে বাংলার মানুষের অনেক প্রত্যাশা ছিল যে দুর্নীতি, অত্যাচার, সন্ত্রাস, বেকারত্বে ঢাকা অন্ধকারাচ্ছন্ন এই বাংলাকে আপনি এক নতুন সকাল উপহার দেবেন। বাংলার মানুষের এই প্রত্যাশাকে পদদলিত করে প্রতারিত করে শিল্পায়নের নামে সরকারি পৃষ্ঠপোষকতায় সন্ত্রাস ও গণহত্যা করে বাংলাকে আরো অন্ধকারে ঠেলে দিয়েছেন। তাই বাংলার মানুষ আপনাকে প্রশ্ন করছেন এ কোন সকাল রাতের চেয়েও অন্ধকার। এটা আপনারা অনুভব করছেন না। সেই কারণে অমাদের নেত্রীর পাশে বাংলার মানুষ আজকে জেগে উঠেছে, তারা মমতা ব্যানার্জীর ভাষায় বলছে সত্যের দীপ চোখে জ্বালিয়ে আঁধারের রাত যাব পেরিয়ে। এটা প্রমাণ হয়ে যাবে আগামিদিনে। আপনারা নিশ্চয়ই দেখেছেন বিগত পঞ্চায়েত নির্বাচন থেকে আজকে নন্দীগ্রাম বলুন, বিষ্ণুপুর (পশ্চিম) বলুন বাংলার মানুষ ভোটের মাধ্যমে বুদ্ধদেববাবুকে তাঁর জবাব সঠিকভাবেই দিয়ে আসছেন। তাই আগামী লোকসভা নির্বাচনের এর জবাব দিতে বাংলার মানুষ প্রস্তুত হয়েই আছে। আজকে আপনারা তৃতীয় ফ্রন্ট তৈরি করছেন কিসের জন্য। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে এই তৃতীয় ফ্রন্টের কোন ভূমিকা ছিল, এই মার্কসবাদীদের কোন ভূমিকা ছিল ? তখন আপনারা নেতাজি সুভাষ বোসকে তোজোর কুকুর বলেছেন। বাংলার কৃষি-সংস্কৃতি আমরা তৈরি করেছি, তাই আজকে আপনাদের যাঁরা ওই পাশে বসে আছেন তাঁদের কাছে বাংলার কৃষ্টি সংস্কৃতি শিখতে চাই না। যাঁরা জাতীয়তাবাদী মানুষ তাঁরা আমাদের শিখিয়েছেন, গণতন্ত্রের উপর দাঁড়িয়ে বাংলার কৃষ্টি সংস্কৃতি কীভাবে হবে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি কোনোদিন শেখাতে চায়নি। বাংলাকে ধ্বংস করে, পিছিয়ে পড়া বাংলাকে আরো পিছিয়ে দেওয়ারই চেষ্টা করেছেন। তাই বলতে চাই আগামিদিনে মানুষ প্রস্তুত হয়ে আছে লোকসভা নির্বাচনে তৃতীয় ফ্রন্ট নয়, আগামিদিনে নতুন সকাল মমতা ব্যানার্জীর নেতৃত্বে আসবে। এই কথা বলে এই রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে এবং আমাদের সংশোধনগুলিকে সমর্থন করে আমরা বক্তব্য শেষ করছি।

Adjournment

The House was then adjourned at 4-58 p.m. till 11 a.m. on Wednesday, the 18th March, 2009 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 18th March, 2009 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASHIM ABDUL HALIM) in the Chair, 12 (Twelve) Ministers, 08 (Eight) Ministers of State and 113 (One hundred thirteen) Members.

Starred Questions
(to which oral answers were given)

"কেমিক্যাল হাব" গড়ে তোলার অনুমতি বা উদ্যোগ

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭) **শ্রী পার্থ চ্যাটার্জী**: গত ০২-০৭-২০০৮ তারিখের বিধানসভা প্রশ্ন নং *১৬৫ (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৩)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ জানুয়ারি, ২০০৯ পর্যন্ত সময়ে রাজ্যে বাণিজ্যিক কারণে ক'টি "কেমিক্যাল হাব" গড়ে তোলার অনুমতি বা উদ্যোগ সরকার দিয়েছে / নিয়েছে ; এবং

(খ) "ক" প্রশ্নের প্রেক্ষিতে ওই "কেমিক্যাল হাব" কোথায় এবং মোট কত একর জমির উপর নির্মিত হবে ?

শ্রী নিরূপম সেন :

(ক) কেমিক্যাল হাব নয়, একটি পেট্রোলিয়াম, কেমিক্যাল ও পেট্রো-কেমিক্যাল বিনিয়োগ অঞ্চল (পি সি পি আই আর) গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে।

(খ) পূর্ব মেদিনীপুরের হলদিয়া এবং নয়াচরে মোট ২৫০.১৯ বর্গকিমি (৬২,৫৪৮ একর) জমির উপর এই পি সি পি আই আর গড়ে উঠবে।

[11.00—11.10 a.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে শুধু জিজ্ঞেস করি যে, আমরা তো বুঝতে পারি না, বোকা মানুষ। এই যে কেমিক্যাল হাবের প্রস্তাব আনার সময় রসায়ন শিল্পের যে সমস্ত কথাগুলো আপনারা মুখ্যমন্ত্রীর চিঠির মাধ্যমে জানিয়েছিলেন। আমাকে একটু জানাবেন কি পি সি পি আই আর এবং কেমিক্যাল হাব এই

দুটোর মধ্যে গুণগত পার্থক্য কি ? কেমিক্যাল হাব হলে কি হত আর পি সি পি আই আর হলে কি হবে ? এটা জানাবেন কি ?

শ্রী নিরূপম সেন : প্রথমত, এটা যখন কেন্দ্রীয় সরকার প্রথম যখন কনসিভ করেন তখন তাঁরা এটা বলেন যে, মেগা কেমিক্যাল ইন্ডাস্ট্রিয়াল এস্টেট—এইভাবে তাঁরা কনসিভ করেছিলেন। পরবর্তীকালে ওনারা যেটা পরিবর্তন করেন সেটা হচ্ছে এই যে, এটা মূলত হবে পেট্রোলিয়াম এবং পেট্রো-কেমিক্যাল এবং তার অনুসারি যে সমস্ত শিল্প সেগুলো গড়ে তোলার জন্য একটা বৃহৎ অঞ্চল তৈরি করা হবে। সেই কারণে কেন্দ্রীয় সরকার তখন এটার নাম দেন সেটা হচ্ছে পেট্রো-কেমিক্যাল পেট্রোলিয়াম ইনভেস্টমেন্ট রিজিয়ন এবং তার থেকে এটাকে পি সি পি আই আর বলে বলা হচ্ছে। আপনি যে বলেছেন যে এটা যেটা মূলত হবে সেটা হচ্ছে যে ক্রুড পেট্রোলিয়াম বা গ্যাস সেটাকে রিফাইন করে রিফাইনারিজের মাধ্যমে তারপরে যে সমস্ত তার সঙ্গে যে অনুসারি পদার্থগুলো রাসায়নিক যে সমস্ত পদার্থ ওর থেকে নির্গত হবে সেগুলোকে বিভিন্নভাবে মিশ্রণ ঘটিয়ে তার অনুসারী শিল্পের বিকাশ ঘটানো হবে। যেমন হলদিয়ায় আপনারা জানেন যে, আই ও সি যে রিফাইনারি আছে, এই রিফাইনারি থেকে আমরা করছি হলদিয়া পেট্রো-কেমিক্যাল। আবার হলদিয়া পেট্রো-কেমিক্যাল করার পর মিৎসুবিসি হয়েছে তারপর এশিয়া পেট্রোন্যাস হয়েছে। এই ধরনের রাসায়নিক শিল্পগুলো হবে। যেহেতু কেন্দ্রীয় সরকার তার নাম পরিবর্তন করে পি সি পি আই আর করেছেন সেই জন্য আমরা পি সি পি আই আর হিসাবে এটাকে ঘোষণা করেছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করেছিলাম এবং তার উত্তর শুনে বুঝলাম যে আপনি এই কেমিক্যাল হাবের ছাতার তলায় যা তৈরি হত সেই ছাতাটার নাম পরিবর্তন করে এখন তাই তৈরি করবেন। মানে আমাদের বুঝতে কষ্ট হচ্ছে। অনেকে বলেন আমরা কেমিক্যাল হাব করতে চাই না আমরা পি সি পি আই আর করতে চাই। বিনিয়োগ অঞ্চল কি করে হাবে পরিণত হল ? এই প্রশ্নটা একবার করেছিলাম বিগতদিনে, আমি আপনাকে প্রশ্নের অংশটুকু বলতে চাই, মুখ্যমন্ত্রী বারবার বলেছেন শিল্প তালুক, আপনি নিজেও বলেছেন শিল্প তালুক, সেই শিল্প তালুকের এখন নাম পরিবর্তন হয়ে বিনিয়োগ অঞ্চল হল, রাজ্য জুড়ে বিনিয়োগ অঞ্চল আছে, নানা ধরনের বিনিয়োগ হচ্ছে যেমন সল্টলেকে বিনিয়োগ হচ্ছে তথ্য প্রযুক্তি। এখন বিনিয়োগ অঞ্চল ও শিল্প তালুকের ফারাকটা কিভাবে হল আমি বুঝতে পারছি না, এটা হচ্ছে এক নম্বর। দ্বিতীয়ত, আপনি বলেছিলেন সিদ্ধান্ত হয়ে গিয়েছিল। আপনি আবার বলেছিলেন গত ২-৭-২০০৮ তারিখে সিদ্ধান্তের জন্য পাঠানো হয়েছে। আমি আপনাকে শুধু স্মরণ করিয়ে দিতে চাই, আপনি সেই সময় বলেছিলেন—আমার প্রশ্নে নয়, রবীন মণ্ডলের প্রশ্নে, হঠাৎ দাঁড়িয়ে গেলেন, সুদীপবাবু তখন এখানে দাঁড়িয়ে বলেছিলেন, আমাকে প্রায় তাচ্ছিল্যের সুরে সরিয়ে দিয়ে, তাঁদের দুজনের উত্তরে বলেছিলেন—কি বলেছিলেন, ৫টি দপ্তর আছে, সেই দপ্তরের অধীনে তারা কি চায়, সেই ওপিনিয়ন কি, সেই ওপিনিয়নকে একত্রিত করে যাবে কমিটির কাছে, কমিটি সেটা অনুমোদন দেবে, তার মধ্যে পরিবেশ বন সারফেস ট্রান্সপোর্ট ফিনান্স আছে। আমি শুধু

আপনার কাছে জানতে চাই, এই ওপিনিয়নগুলি যদি পাওয়া হয়ে থাকে তার কপি কি এই সভায় প্লেস করা যাবে ? দ্বিতীয়ত, সেই ওপিনিয়ন বিশেষ করে পরিবেশ দপ্তর থেকে কি আপনি পেয়েছেন ?

শ্রী নিরূপম সেন : প্রথমত বলি, এই বিনিয়োগ অঞ্চলের যে ধারণাটা, এটা কেন্দ্রীয় সরকারের থেকে বলা হয়েছে। দ্বিতীয়ত, শিল্প তালুক এবং বিনিয়োগ অঞ্চলের মধ্যে একটা পার্থক্য আছে। পার্থক্য হচ্ছে এই শিল্প তালুক বলতে, যেখানে আমরা তৈরি করি, সেখানে কেবলমাত্র শিল্প স্থাপন করা হবে। বিনিয়োগ অঞ্চল বলতে যেটা বলা হচ্ছে বিস্তীর্ণ এলাকা, যার মধ্যে যেমন শিল্প থাকবে, তেমনি শিল্প সংশ্লিষ্ট অন্যান্য যে সামাজিক পরিকাঠামো সেগুলিও সেখানে থাকবে। সেই জন্য একটা বড়ো এলাকাকে নিয়ে পরিকল্পনা কেন্দ্রীয় সরকার করেছিলেন এবং সেই অঞ্চলটা মূলত কনসেনট্রেট করা হবে, টার্গেট করা হবে, পেট্রো-কেমিক্যাল এবং তৎসংলগ্ন পেট্রোলিয়াম সংলগ্ন শিল্প তৈরি করার জন্য। এর জন্য এটা হচ্ছে বিনিয়োগ অঞ্চল হিসাবে ইনভেস্টমেন্ট রিজিওন বলেছেন। আমি তার বাংলা করেছি—বিনিয়োগ অঞ্চল। এইভাবে ওনারা বলেছিলেন ইনভেস্টমেন্ট রিজিওন, এই রিজিওনে সব জায়গায় কিন্তু ইনভেস্টমেন্ট শিল্প হবে না। এর মধ্যে মাত্র ৪০ শতাংশ এলাকাতে যেখানে শিল্প গড়ে উঠবে আর বাকি এলাকাতে যেমন আছে তেমন হবে। কিন্তু সেখানকার সংশ্লিষ্ট পরিকাঠামো রাস্তাঘাট বাড়ি ঘর-দোর অন্যান্য সামাজিক পরিকাঠামো স্কুল-কলেজ বিশ্ববিদ্যালয় রেলওয়ে সংযোগ সমস্ত পরিকল্পনাগুলি তৈরি করা হবে। এটা হচ্ছে সমগ্র পরিকল্পনা। এই পরিকল্পনার ভিত্তিতে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে জানিয়েছিলেন এই পরিকল্পনায় যেন আমাদের রাজ্য হলদিয়াকে চিহ্নিত করে অনুমোদন দেওয়া হয়, এটা অনুমোদন দেওয়ার জন্য আমাদের অ্যাপিল। আপনি যে দ্বিতীয় প্রশ্নটা করেছেন, সেটা হচ্ছে কেন্দ্রীয় সরকার তারা একটা ফর্মাট করেছিলেন অর্থাৎ কীভাবে আমাদেরকে তাদের কাছে আবেদন করতে হবে। কোন কোন বিষয়ে কীভাবে করতে হবে। কোন এলাকায় কীভাবে এটা করতে হবে। সেই কেন্দ্রীয় সরকারের দেওয়া যে প্রোফর্মা বা তার যে নির্দেশ সেই নির্দেশের উপর ভিত্তি করে, আমরা সেই ভিত্তিতে কেন্দ্রীয় সরকারের সার ও রসায়ন দপ্তর—এরা হচ্ছে নোডাল এজেন্সি, এই নোডাল এজেন্সির কাছে আমরা এটা দিই। এর আগে যখন বিধানসভায় আলোচনা হয়েছিল তখন আমরা সেটা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে জানতে পেরেছিলাম, সেটা হচ্ছে এই—এই সার ও রসায়ন মন্ত্রক আমাদের কাছ থেকে যে প্রস্তাব—শুধু আমাদের কাছে নয়, ভারতবর্ষের বেশ কয়েকটি রাজ্য থেকে প্রস্তাব গিয়েছে, তাঁরা সেই প্রস্তাবগুলি বিভিন্ন দপ্তরে পাঠিয়েছেন তাঁদের পর্যবেক্ষণ এবং মতামতের জন্য। তার মধ্যে যেমন বলছিলেন অর্থ দপ্তর আছে, বন ও পরিবেশ দপ্তর আছে।

[11.10 – 11.20 a.m.]

তার মধ্যে যেমন অন্যান্য শিল্প দপ্তর আছে—এইরকম মোট ১২টি দপ্তর আছে। এই ১২টি দপ্তরের জন্য আমাদের যে প্রস্তাব সেই প্রস্তাব পাঠানো হয়েছে। সেই প্রস্তাব প্রত্যেক দপ্তর খতিয়ে দেখে তাঁদের যদি ক্লারিফিকেশান দরকার হয় সেই ক্লারিফিকেশানের জন্য

পুনরায় তাঁরা সার এবং রসায়ন মন্ত্রকের কাছে পাঠান। তাঁরা আবার রাজ্য সরকারের কাছে ক্লারিফিকেশান চান। সেই ক্লারিফিকেশান দেওয়ার পরে তাঁরা কমেন্টস তৈরি করেন। সেগুলো নিয়ে উচ্চ পর্যায়ের যে ১২টি দপ্তরের কথা বললাম সেখানে সচিব পর্যায়ে কমিটি আছে—ক্যাবিনেট সচিবের নেতৃত্বে কমিটি আছে—এই কমিটিতে এই সমস্ত দপ্তরের সুপারিশগুলো-সহ বিষয়টি আলোচনা হয়েছে। যে যে রাজ্য এইভাবে দরখাস্ত করেছে তাঁরা সেখানে গিয়ে তাঁদের প্রেজেন্টেশান দেন। তাঁরা যেসব প্রশ্ন করেছেন তার উত্তর দিয়েছি। আমার কাছে যেটুকু খবর এসেছে সেটা হল—এই যে ১২টি দপ্তরের সচিব পর্যায়ে বা উচ্চ পর্যায়ে সভা হয়েছে সেই সভাতে আমাদের প্রেজেন্টেশান হওয়ার পরে তাঁরা আলোচনা করে আমাদের এই প্রস্তাব অনুমোদন করে ক্যাবিনেটে পাঠিয়েছেন। আমাদের কাছে এখনও পর্যন্ত যে রিপোর্ট এসেছে—এই যে ১২টি দপ্তর আলোচনা করে উচ্চ পর্যায়ে পাঠিয়েছে সেই সংক্রান্ত কাগজপত্র আমাদের কাছে এসেছে—ওরা অনুমোদন করে ক্যাবিনেটে পাঠিয়েছেন। পরবর্তীকালে আমরা জানি ক্যাবিনেট পর্যায়ে একটা মিটিং হয়েছে এবং সেটা আমরা সংবাদ মাধ্যমে দেখেছি যে ক্যাবিনেট অনুমোদন দিয়েছে। তবে সেই অনুমোদনের কোনো লিখিত চিঠি আমরা বা আমাদের রাজ্য সরকারের কাছে আসেনি। এই হচ্ছে সামগ্রিক পরিস্থিতি।

শ্রী পার্থ চ্যাটার্জী : এ তো মহা মুশকিল ! এত শিলান্যাসের ধূম চারিদিকে, অথচ এটা আসেনি ! মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী অদ্ভুত কথা শোনালেন যে, সংবাদপত্রের মাধ্যমে জানতে পারলেন কেমিক্যাল হাব বা পি সি পি আই আর যাই বলুন বিনিয়োগ অঞ্চলের কথা জানতে পেরেছেন, কিন্তু আপনারা জানেন না ! ঢাক-ঢোল পিটিয়ে একবার শিলান্যাসের চেষ্টাও হচ্ছিল। শিল্প সচিব এবং আপনি বললেন—এখন আর কোনোরকম শিলান্যাসের মধ্যে যেও না—হাতে বোধহয় চিঠি আসেনি। এ কথাটা আপনারা বোধহয় সংবাদ মাধ্যমকে জিজ্ঞেস করেননি। আমি সেই প্রশ্নে যাচ্ছি না। আমার পর পর দুটি প্রশ্নের সঠিক উত্তর দিলেন না—এক, কেমিক্যাল হাব হলে কি ধরনের শিল্প বা তার অনুসারি শিল্প হত ? পি সি পি আই আর বা বিনিয়োগ অঞ্চল যেটা বলছেন তা পরিবর্তন কি ? এর উত্তর আপনি দিলেন না। দ্বিতীয় উত্তর আপনি খুব সুন্দরভাবে এড়িয়ে গেলেন—পরিবেশ দপ্তরের ছাড়পত্র পেয়েছেন কিনা ? এই পরিবেশ দপ্তরের ছাড়পত্র পাওয়ার আগে—আমি আপনাকে স্মরণ করিয়ে দিই—আপনি নিশ্চয় জানেন, ইন্দিরা গান্ধী নিজে কোস্টাল রেগুলেশান জোনের উপর কিছু নির্দেশিকা দিয়েছিলেন। লো টাইড লাইন বা ৫০০ মিটার দূরত্বের মধ্যে স্থানীয় মৎস্যজীবী, কৃষিজীবী, ক্ষুদ্র চাষী, ক্ষুদ্র শিল্পী ইত্যাদিরা জীবনধারণের জন্য বসবাস এবং উৎপাদন করতে পারে। এছাড়া এই অঞ্চলে অন্য ধরনের নির্মাণ কাজ চলবে না। ১৯৯১ সালে এই ব্যাপারে বিভিন্ন রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকার এই নির্দেশাবলী দেয়। ২০০৩ সাল পর্যন্ত কিছু সংশোধনও হয়েছে। এই ধরনের বিনিয়োগ অঞ্চল বলুন বা কেমিক্যাল হাব বলুন—আপনাদের জানা আছে কিনা যে, সমুদ্রপৃষ্ঠ থেকে নয়াচরে জমির উচ্চতা মাত্র ১.৫ মিটার। সমুদ্রের জোয়ার-ভাটার সময় নদীর জল ৫ মিটারের বেশি ওঠা-নামা করে এবং যার ফলে দ্বীপগুলির অধিকাংশ এলাকা জলে ডুবে থাকে—আমি

এ কথা বলছি না। সেই সঙ্গে আবার জাতি সংঘের বিজ্ঞানী আবহাওয়াবিদদের রিপোর্ট বলছে—আমি স্মরণ করিয়ে দিই প্রায় ২৫০০ জন শীর্ষস্থানীয় আবহাওয়াবিদরা ১৯৮৮ সাল থেকে কাজ করছেন। তাঁদের বক্তব্য পৃথিবীর গড় তাপমাত্রা প্রতি ১০ বছরে ০.৬ ডিগ্রি হারে বাড়ছে। যার ফলে বরফ গলছে এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বাড়ছে। বঙ্গোপসাগরের উচ্চতা বছরে তিন মিলিমিটার বাড়ে। এই অবস্থার মধ্যে দিয়ে যেখানে আপনারা প্রস্তাবিত বিনিয়োগ অঞ্চল করছেন, সেখানে আপনারা যথেষ্ট সাবধানতা অবলম্বন করছেন না বলেই আমরা জানি। আপনারা কিছু করবার আগেই রামায়ণ রচনা করে ফেলছেন, অনেকটা বাল্মীকির ভূমিকা নিয়ে ফেলছেন। সরকারের কাছে কি কোনো ডেফিনিট কাগজপত্র আছে যে, পরিবেশ দূষণ হবে না, বিশ্বজোড়া মৎস্যবিদদের রক্ষা করা যাবে এবং বছরে বছরে সমুদ্রে জলে ডুবে যাবে না এই উপকূল অঞ্চল ? হঠাৎ যখন সুনামী হয়ে গেল সমুদ্র উপকূলবর্তী অঞ্চলে, তখন ডিজাস্টার ম্যানেজমেন্টের অনেকে বলছেন আমরা ব্যবস্থা নেব। এইরকম একটা অবস্থার মধ্যে দিয়ে আপনারা হঠাৎ নয়াচরে গেলেন কেন ? এর থেকেও বড়ো কথা হচ্ছে, আপনার বক্তব্যের মধ্যে একটা অসঙ্গতি আছে। ২০০৮ সালের রাজ্যপালের ভাষণের উপরে আলোচনার সময় আপনারা জানিয়েছিলেন ৪৪ বর্গকিলোমিটার জমি চিহ্নিত করেছেন এবং এটা রূপায়ণের জন্য ইন্ডিয়ান অয়েলকে দায়িত্ব দেওয়া হয়েছে। আজকে উল্টে গিয়ে আপনি টাকার কথায় চলে গেলেন এবং বলছেন ৯২ হাজার কোটি টাকা বিনিয়োগ হবে এবং গ্যাস রিফাইনারি হলদিয়ায় হবে, সেখানে ৫ মিলিয়ন টনের শোধনাগার স্থাপন করা হবে। এই পুরোটা নিয়ে একটা রিজিউমে তৈরি করার কথা বলছেন। কিন্তু এই যে তথ্যের বিকৃতি আপনি করছেন, এর থেকে বোঝা যাচ্ছে না নয়াচরে এটা করা সম্ভব কিনা। পরিবেশগত দিক থেকেও সম্ভব নয়, সমুদ্রের যে পরিস্থিতি সেই দিক থেকেও সম্ভব নয়। শুধুমাত্র এটা নির্বাচনী চমক নয় তো ?

শ্রী নিরূপম সেন : মিঃ স্পীকার স্যার, সাপ্লিমেন্টারিতে কতগুলো প্রশ্ন ঠিক করা যায় এই ব্যাপারে যদি আপনি কোনো নির্দেশ দেন তাহলে ভালো হয়। যাই হোক, তবু পার্থবাবুকে বলি, আমি আপনার সব প্রশ্নেরই উত্তর দিচ্ছি—(১) ওখানে শিলান্যাস করার কোনো পরিকল্পনা রাজ্য সরকার গ্রহণ করেনি, সুতরাং এই প্রশ্ন ওঠে না। রাজ্য সরকারের কোনো স্তরেই কেউ আলোচনা করেনি। এই ব্যাপারে আপনি নিশ্চিত থাকতে পারেন। (২) আর আপনি যে আইনটার কথা বলছেন সেটা কেন্দ্রীয় সরকারের আইন। কেন্দ্রীয় সরকার যদি মনে করেন আইন লঙ্ঘিত হয়েছে তাহলে এর অনুমোদন দেবেন না। অনুমোদন না দিলে হবে না। আর আপনি যে CRZ-1 আইনের কথা বলছেন সেটা ১৯৯১ সালের আইন। সেই আইন অনুসারেই আমরা দরখাস্ত করেছি। এটা কেন্দ্রীয় সরকারের আইন এবং কেন্দ্রীয় সরকার যদি মনে করেন আইন মোতাবেক নয়াচরে এটা করা যাবে না, তাহলে হবে না। আপনি যেমন বললেন সুনামীর কথা, এতখানি উঁচু ইত্যাদি। তাঁরা যদি মনে করেন এটা হবে না, তাহলে হবে না। তাতে কি আছে। এটা তো ভালো খবর আপনাদের কাছে, পশ্চিমবাংলায় এটা করা গেল না। আপনাদের তো তাতে উল্লসিত হওয়ার কথা।

(ভয়েস : আপনি তো তির্যক মন্তব্য করছেন ?)

এটা তো কেন্দ্রীয় সরকারের আইন এবং সেই ১৯৯১ সালের আইনের কথা আপনি নিজেই উল্লেখ করেছেন। কোস্টাল রেগুলেশান জোনের কথা উল্লেখ করেছেন, এটা রাজ্য সরকারের কোনো আইন নয়, এটা কেন্দ্রীয় সরকারের আইন। অনুমোদন তো কেন্দ্রীয় সরকার দিয়েছে, তাঁরা যদি বোঝেন আইন ভঙ্গ করা হয়েছে তাহলে দেবেন না। আর এখন তো আপনারা ওদের বন্ধু হয়েছেন, সুতরাং আপনারা বিষয়টা ভালো করে দেখে নেবেন। সুতরাং এই প্রসঙ্গে আপনার উদ্বিগ্ন হওয়ার কথা নয়। এটা যদি বাতিল করে দেওয়া হয় তাহলে আপনারা উল্লসিতই হবেন। আর একটা জিনিস আপনি জানতে চেয়েছেন, কি হবে ওখানে। এই ব্যাপারটা আমি আগেও বলেছি, এখনও বলছি। এর দুটো ফিড স্টক আছে। এটার জন্য মূল হচ্ছে Crude Oil এবং আর একটা হচ্ছে Gas।

[11.20 – 11.30 a.m.]

এই ক্রুড অয়েল এবং গ্যাস এটা যখন রিফাইন্ড হয়, তখন একটা ক্র্যাকারের মধ্যে দিয়ে এটাকে রিফাইন করে কতগুলো কেমিক্যালস হয়। ক্রুড অয়েল যখন রিফাইন করা হয় তখন তার থেকে যেটা বেরোয় সেটা ন্যাপথা। এটাকে ক্র্যাক করা হয় ক্র্যাকারের মাধ্যমে এবং এটা করলে কতগুলো কেমিক্যাল প্রোডাক্ট আসে। গ্যাস থেকেও আসে, এটা থেকেও আসে। কি কি কেমিক্যালস আসে ? মিথানাল আসে, ইথিলিন আসে, প্রপিলিন, বেঞ্জিন আসে, বুটাডিন আসে, জাইলিন আসে। এই যে এতগুলো কেমিক্যাল, যে রাসায়নিক পদার্থ বেরোয় এই রাসায়নিক পদার্থগুলোর পারমুটেশান কম্বিনেশান একটার সঙ্গে আর একটা মেলায়, দুটোর সঙ্গে আর একটা মেলায় এরকম করে কতগুলো প্রোডাক্ট তৈরি হয়। কি কি ধরনের প্রোডাক্ট তৈরি হয় ? সেটা বললেই আপনারা বুঝতে পারবেন। গ্যাসোলিন যেখানে তৈরি হয়, সেখানে কনস্ট্রাকশান মেটিরিয়াল যেটাকে পি ভি সি বলে এটা তৈরি হয়। পলিইথিলিন যেটা প্যাকেজিংয়ের জন্য লাগে, সেই জিনিস তৈরি হয়। ইথিলিন গ্লাইকল এটা পলিয়েস্টার ফাইবারের জন্য বা প্লাস্টিকস এটার জন্য তৈরি হয়। এস আর বি এটা সিন্থেটিক রবারের থেকে তৈরি হয়। এখন তো গাছ থেকে তৈরি হয় না। সিন্থেটিক রবার তৈরি হয়। পলিসটাইরিনর থেকে প্যাকেজিং বা ইনসুলেশানের জন্য যে সমস্ত জিনিস ব্যবহার হয়, সেটা তৈরি হয়। এ বি এস বা অ্যাপ্লায়েন্টস অটো কম্পোনেন্ট, অনেকগুলো অটো কম্পোনেন্ট এই মেটিরিয়াল থেকে তৈরি হয়। ক্লদিং, আপনারা জানেন যাকে অ্যাক্রিলিক ফাইবার বলে সেটা থেকে জামা-কাপড় তৈরি হয়। আপনারা যদি জামনগরে যান বা গুজরাটে যান দেখবেন রিলায়েন্স বিপুল এই ধরনের বস্ত্র শিল্প তৈরি করছে। তারপর পলি ইউরিথেনমস ফার্নিচার অটো ইন্সটলেশান এইসব তৈরি হয়। পলি প্রপিলিন এটা অটো মোবাইল কনস্ট্রাকশানে তৈরি হয়। পলি কার্বোনেট তৈরি হয়, ক্লদিং তৈরি হয়। কত কথা বলব। দেখবেন ভবিষ্যতে বিজ্ঞান যত এগোবে, এর মধ্যে দিয়ে আরো অনেক কিছু জিনিস তৈরি হবে। এখন এই সমস্ত জিনিসই বর্তমান সময়ে আমাদের জীবনের প্রতিদিনের চাহিদার একটা বড়ো অংশ এইসব প্রোডাক্ট থেকে তৈরি হয়। আর এটা তো চিরটা কাল আছে, ক্রুড অয়েল তো আমাদের এই

প্রথম রিফাইন্ড হচ্ছে না। ক্রুড অয়েল বা গ্যাস রিফাইন্ড করে কেমিক্যালস এটা তো অনেক দিন আমাদের পশ্চিমবাংলায় আছে। দীর্ঘদিন ধরে অয়েল এবং রিফাইনারি আছে, তারপর আমরা পেট্রো-কেমিক্যাল করেছি। মিৎসুবিসি করেছি। এখন ওনারা যেসব কথা তুলছেন এসব কথা হলে তো আর সারা পৃথিবীতে কোনো শিল্পই করা যাবে না। বিজ্ঞান প্রযুক্তির এত অগ্রগতি তার কোনোটারই সুযোগ আমরা গ্রহণ করতে পারব না। সুতরাং উনি যেটা বলছেন এগুলোই তৈরি হবে, আর এগুলো সবই যেহেতু রাসায়নিক এই রাসায়নিক পদার্থ থেকে এগুলো তৈরি হবে। কিন্তু রসায়নের উদ্ভবটা হচ্ছে ক্রুড অয়েল এবং পেট্রোলিয়াম থেকে, সেই জন্যই পেট্রোলিয়াম পেট্রো-কেমিক্যাল ইনভেস্টমেন্ট রিজিয়ন হিসাবে এটাকে নাম দেওয়া হয়েছে।

শ্রী আশুতোষ মুখোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার বিনীত প্রশ্ন, নয়াচরে প্রস্তাবিত কেমিক্যাল হাবই বলুন বা পি সি পি আই আর বিনিয়োগ অঞ্চলই বলুন যা করার কথা হচ্ছে। সে সম্পর্কে ইতিমধ্যেই আমাদের রাজ্যের প্রধান বিরোধী দল তারা হুঙ্কার ছেড়েছে যে ওখানে কারখানা করতে দেওয়া হবে না। কেমিক্যাল হাব করতে দেওয়া হবে না। এমনকি রক্তগঙ্গা বইয়ে দেওয়া হবে—এরকমও বলা হচ্ছে। কাগজে এসব দেখাটেখা যাচ্ছে। আমাদের তো অভিজ্ঞতা হয়েছে যে সিঙ্গুরে প্রায় হয়ে যাওয়া একটা কারখানাকে তারা তাড়িয়ে দিয়ে পাঠিয়ে দিল গুজরাটে, এতে ওরা আনন্দে আছে। তো রাজ্য সরকার কি এ বিষয়ে অবহিত আছেন যে এখানে এই কারখানা করার ক্ষেত্রে এই ধরনের নৈরাজ্য সৃষ্টিকারীরা আবার গোলমাল পাকাতে পারে এবং সে জন্য তারা কি প্রাক সতর্কতামূলক ব্যবস্থা কিছু নিচ্ছেন কিনা দয়া করে জানাবেন।

শ্রী নিরূপম সেন : না, আমরা এই বিষয়ে শুধু একটাই আশা করতে পারি সেটা হচ্ছে এই, ওনাদের একটু শুভবুদ্ধির উদয় হবে এবং আমাদের রাজ্যের সামগ্রিক কল্যাণে ওনারা সহযোগিতার হাত প্রসারিত করবেন। আমরা শুনেছি ওনারা বিরোধিতা করছেন। তা আমি মাননীয় সদস্যদের কাছে বললাম, যে কারণে ওনারা বিরোধিতা করছেন সে বিষয়ে ওনাদের উদ্বিগ্ন হওয়ার কোনো কারণ নেই। কারণ পরিবেশের সমস্ত দিকগুলো দেখেশুনেই আমাদের দেশের যে আইন আছে এবং আন্তর্জাতিক যে আইন আছে সেই আইন মোতাবেকই যা করার ওখানে তাই করা হবে। সুতরাং যেটা দাঁড়াচ্ছে সেটা হল ওনাদের আর উদ্বেগের কারণ থাকবে না। আমরা যদি ওনাদের উদ্বেগ নিরসন করতে পারি তাহলে আশা করি ওনারা আমাদের সমর্থন করবেন। ওনাদের কাছ থেকে আমি এই আশা করি।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বিস্তারিতভাবে বলেছেন। আমি তাঁর কাছে আপনার মাধ্যমে একটা অতিরিক্ত প্রশ্ন রাখতে চাই। আমরা দেখেছি যে, এই বিষয়ে পি সি পি আই আর বলুন আর কেমিক্যাল হাব বলুন, পরিবেশবিদদের সঙ্গে একটা বিতর্ক আছে। সারা ভারতবর্ষে শুধু নয় আন্তর্জাতিক স্তরে আছে। সিঙ্গাপুরে বলুন, অন্য দেশের ক্ষেত্রে বলুন আর আমাদের দেশের ক্ষেত্রে বলুন। আপনি এটা আশ্বস্ত করেছেন যে, পরিবেশবিদরা ছাড়পত্র না দিলে হবে না। ভালো কথা।

আমি নির্দিষ্টভাবে জানতে চাইছি, প্রতিযোগিতামূলক এই পি সি পি আই আর পাওয়ার ক্ষেত্রে, কেমিক্যাল হাব পাওয়ার ক্ষেত্রে ভারতবর্ষের যে ৩টি রাজ্য চিহ্নিত হয়েছে পশ্চিমবঙ্গ, গুজরাট এবং অন্ধ্রপ্রদেশ, আপনি আইডেন্টিফাই করেছেন নয়াচরকে এবং গুজরাট, অন্ধ্রপ্রদেশে আইডেন্টিফাই করার ক্ষেত্রে একটা কম্পারেটিভ স্টাডি মিনিস্ট্রি অফ এনভায়রনমেন্টের রিপোর্ট ইন রিলেশান টু ওয়েস্ট বেঙ্গল, অন্ধ্রপ্রদেশ, গুজরাট আপনার কাছে অ্যাভেলেভেল থাকে তাহলে সেটা আপনি আলোকপাত করুন।

শ্রী নিরূপম সেন : আমাদের কাছে এই রিপোর্ট থাকার কথা নয়। কেন্দ্রীয় সরকারের রিপোর্ট আমরা জানতে পারি না। সামগ্রিক বিষয় নিয়ে ওনারা যেটা জানতে চেয়েছিলেন সেটা আমরা জানিয়েছি।

শ্রী দীপকচন্দ্র সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। প্রশ্নকর্তা পার্থবাবুকে ধন্যবাদ, উনি যে একজন পরিবেশবিদ সেটা আমি জানতাম না, উনি বললেন এখানে সুনামি হবে। উনি এটা কোথা থেকে পেলেন আমি জানি না। আমার প্রশ্ন যেটা সেটা হল, নয়াচরে প্রস্তাবিত কারখানা সম্পূর্ণ হলে আমাদের রাজ্যের কত মানুষের কর্মসংস্থান হবে সেই বিষয়ে দয়া করে বলবেন কি ?

শ্রী নিরূপম সেন : একচুয়ালি এই বিষয়ে আপনাকে বলি, এখানে যে বিনিয়োগ সেটা একদিনে হবে না বা এক মাসে হবে না, দু মাসে হবে না। একটা বিনিয়োগ অঞ্চলে বিনিয়োগ ধীরে ধীরে আসবে। পরিকাঠামো যেমন যেমন তৈরি হবে তেমন তেমন বিনিয়োগ হবে। এই ক্ষেত্রে একচুয়াল এমপ্লয়মেন্ট ফিগার দেওয়া যায় না, আনুমানিক ধরে নিতে হবে যে এটা হতে পারে। এটা নির্ভর করবে কতগুলো শিল্প এখানে স্থাপিত হবে, কত শিল্পে কত লোক নিয়োগ হবে এবং তার সাথে কত লোক পরোক্ষভাবে হবে কত লোক প্রত্যক্ষভাবে হবে। একটা সিম্পিল উদাহরণ দিতে পারি, যেখান থেকে আপনি অনুমান করতে পারবেন। যেমন হলদিয়া পেট্রো-কেমিক্যাল, অনেকে অনেক রকম বলে, কিন্তু সেইভাবে শ্রমিক নিয়োগ হয়েছে তা নয়। হলদিয়া পেট্রো-কেমিক্যাল, এটা একটা সফিস্টিকেটেড ইন্ডাস্ট্রি, এখানে হাই টেকনোলজি ব্যবহার হয়েছে, এখানে স্বল্প সংখ্যক শ্রমিক নিয়োগ হয়েছে। কিন্তু এইচ পি এল হবার পর সেখানে যে অনুসারি শিল্প হয়েছে পাশাপাশি অঞ্চলে সেখানে প্রায় ২ লক্ষ মানুষের কর্মসংস্থান হয়েছে। এই ধরনের শিল্পে কর্মসংস্থানের বিশাল সুযোগ আছে। সেই কারণে আমি বলি, যেভাবে আমরা ভাবছি সেইভাবে যদি আমরা পুরোটা করতে পারি, সবাই মিলে দায়িত্ব নিয়ে যদি আমরা করতে পারি তাহলে আনুমানিক ১০-১২ লক্ষ লোকের এমপ্লয়মেন্ট হওয়া অস্বাভাবিক নয়। এটা একদিন, দুদিন, তিন দিনে হবে না, আগামীকাল হয়ে যাবে, আগামী পরশু হয়ে যাবে এই কথা বলা যাবে না। পরিকাঠামো নির্মাণ হতে দীর্ঘ সময় লাগবে, নির্দিষ্ট পরিকাঠামো তৈরি করতে অনেক সময় লাগবে। এই দিক থেকে জিনিসটাকে ভাবতে হবে যে ফিউচারে কি হবে। এই ধরনের প্রকল্প অনেক দিন ধরে আমাদের করতে হবে। আজকে আমরা সরকারে আছি, এই জায়গায় আমি আছি, যেদিন এটা সম্পূর্ণ হবে সেই দিন আমি হয়তো এখানে থাকব না, অন্য লোক থাকবে, এমনও হতে পারে পার্থবাবু

এখানে থাকতে পারেন। সেই দিন তাঁকে এখানে দাঁড়িয়ে সব কথা বলতে হবে। সুতরাং এই সব প্রশ্ন নিয়ে বেশি মাথা ঘামানো ঠিক নয়। আমাদের যেটা লক্ষ্য সেটা হল, ভবিষ্যতে দেখতে হবে যে এটাকে কীভাবে গড়ে তুলতে পারি। সেই লক্ষ্য নিয়ে আমরা যদি এটা করতে পারি তাহলে একটা বিশাল সংখ্যক কর্মসংস্থানের সুযোগ এর মধ্যে দিয়ে ঘটতে পারে।

"রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকীকরণ" প্রকল্প

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২) **শ্রী জানে আলম মিঞা :** বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০০৮-২০০৯ আর্থিক বছরে (৩১ জানুয়ারি, ২০০৯ পর্যন্ত সময়ে) রাজ্যের কতগুলি গ্রামে "রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকীকরণ" প্রকল্পের কাজ শুরু হয়েছে (জেলাওয়ারি পরিসংখ্যান) ?

শ্রী মৃণাল ব্যানার্জী :

২০০৮-২০০৯ আর্থিক বছরে (৩১ জানুয়ারি, ২০০৯ পর্যন্ত সময়ে) উত্তর দিনাজপুর জেলায় ১৩৪২টি, মুর্শিদাবাদ জেলায় ১৮৯৮টি, পুরুলিয়া জেলায় ২০১৩টি এবং পশ্চিম মেদিনীপুর জেলায় ৫৮৯৯টি মৌজায় "রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকীকরণ" প্রকল্পের কাজ শুরু হয়েছে।

[11.30 – 11.40 a.m.]

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, আপনি যে সংখ্যাতত্ত্ব দিয়েছেন, ভার্জিন মৌজায় ইলেকট্রিফিকেশান করা ইন্টেন্সিফিকেশান যেসব মৌজায় বিদ্যুৎ গেছে কিন্তু সম্পূর্ণ হয়নি সেখানে ইন্টেন্সিফিকেশানের মধ্যে দিয়ে বিদ্যুতের ব্যবস্থা করা, আর যেখানে পুরনো লাইনগুলো নষ্ট হয়ে গেছে, চুরি গেছে বা কোনোভাবে নষ্ট হয়ে গেছে সেগুলো রিভাইটালাইজেশনের কাজ করা—এই তিন পর্যায় বিদ্যুৎ হবে। কিন্তু আমরা দেখছি যখন সার্ভে করা হচ্ছে, সার্ভে করার সময় দেখা যাচ্ছে দারিদ্র্যসীমার নীচে যে বাড়িগুলো আছে, সেই বাড়িগুলো চিহ্নিত করা হচ্ছে। চিহ্নিত করার ফলে অনেক ইন্টেন্সিফিকেশান বাড়ছে বা রিভাইটালাইজেশনের ক্ষেত্রেও সেটা হচ্ছে না। সেই বিষয়টা নিয়ে আপনার দপ্তর কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রী মৃণাল ব্যানার্জী : আমি যে উত্তরটা দিলাম সেটা কয়েকটি জেলার। কিন্তু পশ্চিমবাংলাব্যাপী অর্ডারগুলো দেওয়া হয়ে গেছে। এই জেলাগুলোতে দেওয়া হয়েছে ৩১ জানুয়ারি, ২০০৭-এ। পশ্চিমবঙ্গ সরকারের পয়সায় যে জেলাগুলোতে হবে সেগুলো দেওয়া হয়েছে ২৯-১-০৯ তারিখে। বাকি জেলাগুলোর ক্ষেত্রে অর্ডার দেওয়া হয়ে গেছে ৭ ফেব্রুয়ারী, ২০০৯ তারিখে। এই টোটাল কাজটা করতে প্রায় একত্রিশশো কোটি টাকা খরচ হবে। রাজীব গান্ধী প্রকল্প মোতাবেক পাওয়া যাবে একুশশো কোটি টাকা। এই যে কাজটা হবে, তার মধ্যে ১০ % রাজ্য সরকার এবং ৯০ % রাজীব গান্ধী প্রকল্প থেকে আসবে।

এছাড়া রাজ্য সরকার প্রায় আটশো, সাড়ে আটশো কোটি টাকার কাজ করবে। সেটা সম্পূর্ণ নিজের টাকাতে করবে। যখন প্রথম সার্ভে করা হয়েছিল, তার ভিত্তিতেই এইগুলো তৈরি হয়েছিল। দেখা যাবে তারপর কিছু নতুন নতুন হ্যাবিট্যান্ট হয়েছে। আর কিছু হয়তো ২০-২৫টি বাড়ি অন্য জায়গায় হয়েছে। সেই কাজগুলো কিন্তু করা হবে। তার জন্য ১০৭ কোটি টাকা আমরা ধরেছি। তার অর্ডারগুলো সঙ্গে সঙ্গে প্লেস হচ্ছে। অর্থাৎ এখন সেখানে রিভাইটালাইজেশন বলুন আর যাই বলুন, বিদ্যুতের পরিকাঠামো তৈরি করে দেওয়ার কাজ শুরু হয়েছে। এই কাজটা সমাধা হয়ে যাবে ২০১২-র মধ্যে। কাজটা নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করার জন্য বলেছি। তবে আমরা চাইছি এই সময়টা আরও এগিয়ে আনতে। তবে এটা নির্ভর করছে সহযোগিতার উপর। কারণ, এখন নিত্য-নতুন আন্দোলন হচ্ছে। টাওয়ার বসানো যাচ্ছে না। টেলিগ্রাফ অ্যাক্ট অনুযায়ী টাওয়ার বসানো, পোল বসানো সরকার করতে পারে। কিন্তু এখন করতে গেলে গোলমাল হচ্ছে, অশান্তি হচ্ছে। যদি এই অশান্তি না থাকে, তাহলে আমার নিশ্চিত বিশ্বাস ২০১২-র অনেক আগেই কাজটা সমাধা হয়ে যাবে। এই কাজগুলো টার্নকি পদ্ধতিতে দেওয়া হয়েছে। যে ঠিকাদারেরা এই কাজগুলো পেয়েছে, তারাই ট্রান্সফর্মার, তার, মিটার, পোল সব কিছু আনবে এবং তারাই কাজটা করবে। আমি আগের যে জেলাগুলোর কথা বললাম সেগুলো মোস্টলি সেন্ট্রাল পাবলিক সেক্টর করছে—এন টি পি সি, এন এইচ পি সি এবং পাওয়ার গ্রিড কর্পোরেশন। পশ্চিম মেদিনীপুরে একটা ঝামেলা আছে। পাওয়ার গ্রিড যাদের কন্ট্রাক্ট দিয়েছিল তাদের মধ্যে 'সত্যমে'র 'ম্যাটায়ার্স' পেয়েছিল। তাদের ব্যাপারে আমরা আপত্তি তুলেছিলাম। সেই কথা চিন্তা-ভাবনা করে পাওয়ার গ্রিড আবার নতুন করে দিয়েছে। কিন্তু এল অ্যান্ড টি, এন টি পি সি পশ্চিম মেদিনীপুরে করছে এবং তাদের কাজ শুরু হয়েছে, কোথাও কোথাও পোল পোঁতা আরম্ভ হয়েছে সারা পশ্চিমবঙ্গ জুড়ে। দ্বিতীয় পর্যায়ে নিবিড়ীকরণের কাজ, অর্থাৎ প্রতিটি গ্রামে, প্রতিটি বাড়ির পাশ দিয়ে পরিকাঠামো গড়ে তোলার জন্য জরিপের কাজ কমপ্লিট হয়ে গেছে, পোল ইত্যাদি পোঁতা শুরু হয়েছে। আর কোনো কোনো জায়গায় কন্ট্রাক্টররা নিজেদের জরিপের কাজ করছেন ; কতটা তার লাগবে, কোথা দিয়ে পোল নিয়ে গেলে সুবিধা হবে ইত্যাদি। সেই কাজ কিছু বাকি আছে, কিছু চলছে। মেদিনীপুরে বা অনেক জায়গায় পোল পোঁতা শুরু হয়েছে। বাকি জেলাগুলো, বাকি গ্রামগুলো হয়ে যাবে।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতিরিক্ত প্রশ্ন। বিদ্যুৎ দেওয়ার দিক থেকে একটা বিরাট এলাকা বাড়ানো হচ্ছে। কিন্তু বিদ্যুতের চাহিদা এবং জোগানের মধ্যে একটা ফারাক আছে। আমাদের যে পুরনো বিদ্যুৎ লাইন আছে, পাওয়ার স্টেশন আছে, ট্রান্সফর্মার আছে তার সিস্টেম ইম্প্রুভভেন্ট ঘটানো দরকার। জি আই তার অনেক পুরনো হাইটেনশন লাইনে আছে। পুরনো পাওয়ার স্টেশনে নতুন ট্রান্সফর্মার বসিয়ে সিস্টেম ইম্প্রুভমেন্ট না করলে বিদ্যুৎ দিলেও তা পাওয়া যাবে না। তাই আমি জানতে চাইছি, সিস্টেম ইম্প্রুভমেন্টের জন্য কী করছেন ?

শ্রী মৃণাল ব্যানার্জী : আপনি ঠিকই বলেছেন, ডিমান্ড বাড়ছে এবং অনেক জায়গায় অপরিকল্পিতভাবে বিদ্যুতের লাইন টেনে নেওয়া হচ্ছে। কিছু মানুষের ক্রয়ক্ষমতা হয়তো বেড়েছে, কিছু অংশের অন্তত। এমনকি গ্রামে-গঞ্জেও এ সি ব্যবহার হচ্ছে। ফলে সিস্টেম কনস্ট্রেইন, একটা অসুবিধা আছে। ধরুন, পশ্চিম মেদিনীপুরের কেশপুরে সিস্টেম কনস্ট্রেইন থাকার জন্য বিদ্যুৎ থাকা সত্ত্বেও অনেক সময় ভোগান্তির মধ্যে পড়তে হয়। অনেক জায়গায় এটা আছে। এটা দুর্ভাগ্যজনক যে, আমরা লেট স্টার্টার। স্বাধীনতার পর ২৭ বছর, ১৯৪৭-৭৪ সালের মধ্যে আমরা ভার্জিন মৌজায়, আমি নিবিড়ীকরণের কথা বলছি না, ২৭ বছরে আমরা করেছি ৮,৭০৮টি মৌজা। পশ্চিমবঙ্গে মোট ৩৭,৯১০টি মৌজা আছে। প্রথম ২৭ বছরে করি ৮,৭০৮টি মৌজা। আর গত ৮ বছরে করেছি ৮,২৮৮টি মৌজা। কিন্তু তাও যথেষ্ট নয়। আমি দাবি করছি না, সবটা হয়ে গেছে। এটা একটা বিরাট কর্মকাণ্ড। আমাদের 11 KV ফিডার আছে আড়াই হাজার। 11 KV লাইন 440, 220—আপনি যেগুলোর কথা বলছেন আমি ধরছি না—সেগুলো কয়েক লক্ষ কিলোমিটার সার্কিটে। কয়েক লক্ষ পোল।

[11.40 – 11.50 a.m.]

আমাদের ট্রান্সফর্মা কয়েক লক্ষ, সাধারণত এই ফিগার মেন্টেন করি। ডিমান্ড বেড়ে যায়, ফিডারে চাপ বেড়ে যায়। তার জন্য আমরা অনেকগুলি পরিকল্পনা নিয়েছি। গত ৭ বছরের মধ্যে নতুন 33 KV সাব-স্টেশন হয়েছে প্রায় ২০০টি এবং হাইটেনশন সাব-স্টেশন হয়েছে গত ১০ বছরে ৬০টি, যেটা আগের বছরগুলিতে হয়নি। আমরা হলাম লেট স্টার্টার নো ডাউট। প্রায় ৩০ বছর কোনো কাজ করতে পারিনি। ১৯৭৪-৭৫ সালে কলকতা, বর্ধমান, মফস্বল এবং কিছু গঞ্জ ছাড়া কোনো গ্রামে বিদ্যুৎ ছিল না। সেখান থেকে শুরু করার পর ৭০-৮০-র দশকে চাহিদা ব্যাপক বেড়ে যায়। লোডশেডিং ৮-১০ ঘণ্টা করে হত। রাজ্য সরকারের ২৫-৩০ ভাগ বাজেটের টাকা খরচ হয়েছে কোলাঘাট, বক্রেশ্বর তৈরি করতে। স্বাভাবিকভাবে যে কথাগুলি হচ্ছে তখন গ্রামে বিদ্যুতের ডিমান্ড তত ছিল না। যে ডিমান্ড গত ১০-১২ বছরে তৈরি হয়েছে। এটাও ঘটনা, তখন আর্থিক অবস্থা ভালো ছিল না। গোটা টাকা ঢালতে হয়েছে কোলাঘাট, বক্রেশ্বর করতে। ইদানীংকালে কাজগুলি হয়েছে। আগের কাজের তুলনায় ব্যাপক পরিবর্তন হয়েছে। আমাদের কিছু সিস্টেম কনস্ট্রেন্ট আছে, সেই কাজগুলিতে হাত দেওয়া হয়েছে এবং এই কাজগুলিতে হাত দেওয়া মানে কালকে হয়ে যাবে না।

11 KV ফিডার ১ লক্ষ ১০ সার্কিট কিমি, 440, 220 ভোল্ট প্রায় কয়েক লক্ষ কিমি। কাজেই এটা একদিনে হবে না। দ্রুতগতিতে এই কাজগুলি করার চেষ্টা হচ্ছে। ট্রান্সফর্মা হাইভোল্টেজ ট্রান্সফর্মা এগুলি পশ্চিমবঙ্গে হয় না। খালি একটি কোম্পানি হাইভোল্টেজ ট্রান্সফর্মা তৈরি করে। এগুলি বাইরে থেকে আনতে হয়। ভারতের বিভিন্ন অঞ্চলে কাজ হচ্ছে। ট্রান্সফর্মা চাইলে কালকে পাওয়া যাবে না। এক-দেড় বছর সময় লাগে সাপ্লাই করতে। ট্রান্সফর্মার দাম ২-৩-৪ কোটি টাকা। হুকিং, ট্রাপিং সাধারণত ৩ নং লাইনে হয়। নীচের লাইনে

হুকিং হলে ইমব্যালেন্স হয় বলে ট্রান্সফর্মা পুড়ে যায়। ঘন ঘন ট্রান্সফর্মা সাবস্টিটিউট করা যায় না, সমস্যা আছে। নিশ্চিত মাথায় রাখা দরকার বিদ্যুৎ দপ্তর এই ব্যাপারগুলিতে সচেষ্ট। আশা করছি, আর কিছু দিনের মধ্যে ভালো জায়গায় পৌঁছতে পারব।

কনজিউমার আরো হয়ে গেলে কি হবে। গ্রামীণ বিদ্যুতের কাজ কপপ্লিট হয়ে গেলে কনজিউমার হয়ে যাবে প্রায় ১ কোটি। বিদ্যুতের চাহিদা মেটানো যাবে, সেই ব্যাপারে সমস্যা নেই। সমস্যা একসঙ্গে যদি ৩-৪টি ইউনিট চলে যায়। অন্যান্য রাজ্যে সিডিউল লোডশেডিং আছে, যেমন—মহারাষ্ট্রে প্রতিদিন ২ ঘন্টা করে লোডশেডিং হবে একটা জায়গায়, তারপরে আর একটা জায়গায় আরো ২ ঘন্টা, কর্ণাটকে ১২ ঘন্টা। রুরাল সেক্টরে লোডশেডিং থাকবে এটা সার্কুলার করে বলে দেওয়া হয়। অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, মহারাষ্ট্রে এটা আছে। আমাদের রাজ্যে এই সমস্যা নেই। আমাদের রাজ্যে সিডিউল লোডশেডিং নেই। ২-৩ বা ৪টি ইউনিট বন্ধ হলে তখন কিছুটা লোডশেডিং হয়। কিছু কাগজপত্র লোডশেডিং হলে বলছে যান্ত্রিক গোলযোগের জন্য, এটা কোথাও হয়নি। কলকাতা শহরে যেটা ব্রেক ডাউন হল সেটা লোডশেডিং। এটাকে যদি লোডশেডিং বলা হয় তাহলে এই লোডশেডিং চলবে, এই লোড শেডিং চলবেই। আগামীদিনেও চলবে, বহু বছর ধরে চলবে। ট্রান্সফর্মার জ্বলে গিয়ে কোথাও বিভ্রাট হয়েছে সেটাও লোডশেডিং। সেই লোডশেডিং আগামী কয়েক যুগ ধরে চলবে। এই ব্যাপারে কেউ বলতে পারবে, আর আমার তো বলার মতো কোনো অধিকারই নেই কারণ, যেখানে আমেরিকা, ইংল্যান্ড, ফ্রান্স এই বিষয়ে কথা বলতে পারছে না এই ধরনের লোডশেডিং হওয়ার কারণ, সেখানে আমার পক্ষেও বলা সম্ভব নয়। তারপরে ৫৭০ মেগাওয়াট যেটা অ্যাড করা যাবে তার সবটাই স্টেবিলাইজ করে গেছে। তাই আরো নতুন ৩ হাজার অর্ডার প্লেস করেছি বা করতে যাচ্ছি। কোথাও কোথাও কাজ শুরু হয়ে গেছে। বাকি অঞ্চলগুলোর কাজও শুরু হবে।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আপনি যে সিস্টেম ইম্প্রুভমেন্টের কথা বললেন এ ক্ষেত্রে এই যে রাজীব গন্ধী ইলেকট্রিফিকেশন বা গ্রামীণ বৈদ্যুতিকীকরণ প্রকল্প তাতে শুধু ডোমেস্টিক ক্ষেত্রে বি পি এল-এর নীচে আছে তাদের ক্ষেত্রে মিটার সরবরাহ করবেন বলেছেন। কিন্তু বাকিরা যারা বি পি এল-এর উপরে আছে তাদের ডোমেস্টিক ক্ষেত্রে কানেকশন, ইন্ডাস্ট্রির ক্ষেত্রে কানেকশন এবং ইরিগেশনের ক্ষেত্রে কানেকশন নিতে চায় তাদের কিন্তু মিটার নেওয়া নিয়ে খুব অসুবিধা হচ্ছে। এ ক্ষেত্রে মিটার বসানোর ব্যাপারে খুব লোকের অভাব হচ্ছে এবং এই অভাব পূরণের জন্য যে ব্যবস্থা নেওয়া হয়েছে তাতে গ্রুপ সাপ্লাই স্টেশনগুলো করা হয়। কিন্তু যে পরিমাণ হ্যাবক কনজিউমার বাড়ছে, সেখানে তাদের পক্ষে সবটা সামলানো সম্ভব হচ্ছে না। সেখানে ছোট ছোট করে আরো মেন্টেন্যান্সের ব্যবস্থা করে সঠিকভাবে পরিষেবা দেওয়ার ব্যবস্থা করা যায় কিনা সেই ব্যাপারে কিছু বলবেন কি ?

শ্রী মৃণাল ব্যানার্জী : আমি এর উত্তর কিন্তু দিয়েছি। আমাদের যে সিস্টেম তাতে যেভাবে ডিমান্ড বাড়ছে, সেই হিসাবে ঘাটতি কোথাও কোথাও অবশ্যই আছে। এই কাজটা করার সঙ্গে শুধু এল টি লাইন টানলেই হবে না। অনেকগুলো 33 KV-র সাব-স্টেশন আছে,

11 KV-র এবং 132 KV-র সাব-স্টেশন করা হয়েছে। আমরা কয়েকদিন আগেই কন্টাই এবং পশ্চিম মেদিনীপুরে দুটি সাব-স্টেশন চালু করতে পেরেছি। ঝাড়গ্রামে 132 KV-র সাব-স্টেশন চালু করতে পেরেছি। 400 KV এবং 229 KV-র সাব-স্টেশনও চালু হতে চলেছে। তার কাজও শুরু হয়েছে। দ্বিতীয়ত, সাব-স্টেশনগুলো ও ছোট ছোট সাব-স্টেশনগুলোর এবং তার ট্রান্সফর্মার তার লোড অনুযায়ী চেঞ্জ করার জন্য তাকে আপগ্রেড বা অগমেন্ট করার জন্য আমরা চেষ্টা করছি। যেখানে ট্রান্সফর্মারের ভালো ব্যবস্থা আছে কিন্তু সাব-স্টেশন এনাফ নয় কোথাও কোথাও। সেখানে সাব-স্টেশন তৈরি করতে হবে। আবার যেখানে ট্রান্সফর্মা্া এনাফ নয়, সেখানে তার ব্যবস্থা করতে হবে। যেমন পশ্চিম মেদিনীপুর এবং কেশপুরে কতগুলো ট্রান্সফর্মার পুরনো হয়ে গেছে। সেখানে আমরা পরিকল্পনা নিয়েছি যাতে ইমিডিয়েটলি সেখানে ওই সব ট্রান্সফর্মার সরিয়ে নতুন ট্রান্সফর্মার সেখানে ইমিডিয়েটলি দেওয়ার ব্যবস্থা হয়েছে। আর বি পি এল লেবেল-এ ৩১ লক্ষ কনজিউমার। তাদেরকে আমরা বিনা পয়সায় তাদের বাড়িতে ওয়ারিং করে দিচ্ছি ২২০০ টাকা খরচ করে। তাদের মিটার, তাদের ওয়ারিং, তাদের সি এফ এল বাল্ব এবং সার্ভিস কানেকশন আমরা আমাদের পয়সা থেকে এই প্রকল্পের মাধ্যমে করতে সক্ষম হয়েছি।

শ্রী জানে আলম মিঞা : আমার প্রশ্ন যে, বাকিরা যারা বি পি এল-এর উপরে এ পি এল তালিকাভুক্ত বা ইন্ডাস্ট্রির ক্ষেত্রে বা ইরিগেশনের ক্ষেত্রে যারা মিটার পেতে চাইছে তাদের ক্ষেত্রে কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রী মৃণাল ব্যানার্জী : এ পি এল বা ইন্ডাস্ট্রির ক্ষেত্রে বা ইরিগেশনের ক্ষেত্রে মিটার দেওয়ার যে প্রবলেম ছিল সেই প্রবলেম অনেকটা কেটে গেছে। কিন্তু সব জায়গায় মিটার পৌঁছে গেছে তাও নয়। এর আগে বেশ কিছু জায়গাতেই সমস্যা হয়। কিছু কার্টেল ফর্মে তাদেরকে সেখানে টেন্ডারে ডাকা হয়েছিল, কিন্তু সেই টেন্ডারও বানচাল হয়ে গেছে।

[11.50 – 12.00 noon.]

তারপরে নতুন টেন্ডার ডাকতে হয়েছে, ফলে কিছুটা দেরি হয়েছে। এটা মাথায় রাখবেন যে, সারা ভারতবর্ষ জুড়ে যেহেতু গত ৫-৬ বছর ব্যাপক কাজ চলছে। ভারতবর্ষের ম্যানুফাকচারের অসুবিধা হলেও অর্ডার দিলেই কাজ দিতে পারছে। এই সমস্যা আছে। এই সমস্যা যদি অস্বীকার করেন তাহলে ক্ষোভ থাকবে। বাস্তব অবস্থা বোঝার ক্ষেত্রে অসুবিধা থাকবে। সব চেষ্টাই চলছে। এইগুলি হয়ে যাবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : অতিরিক্ত প্রশ্ন স্যার, মাননীয় মন্ত্রীকে প্রথমেই ধন্যবাদ জানাচ্ছি। আপনি নিজেই স্বীকার করেছেন আপনি লেট স্টার্টার। ভারতবর্ষের অনেক রাজ্য যখন বাড়ি বাড়ি বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছে, হরিয়ানা, পাঞ্জাব আজ থেকে ৮-৯-১০ বছর আগে বাড়ি বাড়ি বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছে। কিন্তু আপনার নিজের কথার মধ্যেই দুরকম কথা আছে। গত বাজেট বইয়েতে আপনি লিখেছেন যে, ৯৮.৫ শতাংশ মৌজায় আপনি

বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন। এই নিয়ে আমরা প্রশ্নও করেছিলাম। এখানে আপনি বললেন প্রথম ২৭ বছরে আট হাজার সামথিং হয়েছে। তার পরেও আট-নয় হাজার মৌজায় বিদ্যুৎ দিতে পেরেছেন। তাতে কিন্তু ৩৭ হাজার হচ্ছে না। কিন্তু বাজেট বইয়েতে যা বলেছেন তার সাথে আজকের বর্তমান বক্তব্য মিলছে না। তাছাড়া গ্রামীণ বৈদ্যুতিকরণের প্রকল্প আপনি হাতে নিয়েছেন আর বলছেন যে বাধা আছে, প্রতিবন্ধকতা আছে। সাবজেক্ট কমিটির যে রিপোর্ট তাতে কিন্তু এইভাবে বাধা, প্রতিবন্ধকতার কথা বলা হয়নি। আপনি এটাকে রাজনৈতিকভাবে ব্যবহার করছেন কিনা বুঝতে পারছি না। কোনো প্রতিবন্ধকতা হয়নি, কাজে বাধা হয়নি। লাইন নিয়ে যাওয়ার ক্ষেত্রে অথবা পোস্ট পোঁতার ক্ষেত্রে বাধা হয়নি। আমি আপনার কাছে ক্যাটাগরিক্যাল জানতে চাই, এই যে বাধার কথা বলছেন, এটা কি রাজনৈতিক প্রচারের অঙ্গ হিসাবে ব্যবহার করছেন ? প্রথমত, আপনার কথা মিলছে না। দ্বিতীয়ত বলেছেন বাধার কথা। সেটা কিন্তু আমাদের সাবজেক্ট কমিটিতে আলোচনা হয়েছে। তাতে বলা হয়েছে এমন ধরনের সমস্যা নেই যাতে করে সামাজিকভাবে বাধার সৃষ্টি হবে। যার ফলে গ্রামীণ মানুষের কাছে বিদ্যুৎ পৌঁছে দিতে অসুবিধা হচ্ছে।

শ্রী মৃণাল ব্যানার্জী : লেট স্টার্টারে কাউকে দায়ী করিনি। শোভনদেববাবু এটা নিয়ে আমাকে লেট স্টার্টার বলে লাভ নেই। স্বাধীনতার ২৭ বছরে '৪৭ থেকে '৭৪ পর্যন্ত আমি কিন্তু দায়ী না। এই ২৭ বছরের মধ্যে মাত্র ৮ হাজার করে থাকে, তাহলে এই দশকে ৮ বছরে করেছি ৮ হাজার। এই নয় যে মাঝখানে হয়নি। '৭৪ থেকে '৯৯ কাজ হয়েছে। কিন্তু যেহেতু লেটে স্টার্ট করা হয়েছে, অন্য সমস্যার কারণে, আর্থিক কারণে ইত্যাদি কারণে আপনারাই থাকুন বা আমরা থাকি হয়নি কিন্তু। এটা নিয়ে আমাকে লেট স্টার্টার বলে লাভ নেই। পশ্চিমবঙ্গে লেটে স্টার্ট হয়েছে। সেই কংগ্রেস আমলেই হোক বা যে কোনো কারণেই হোক। ২৭ বছর আপনারাই ছিলেন। দ্বিতীয়ত, বাধা যে হচ্ছে না তা নয়। কন্টাই সাব-স্টেশন অনেক আগেই আনতে পারতাম। কন্টাইতে আপনার বিদ্যুতের টাওয়ার নেওয়ার জন্য, খেয়াল করেছেন কিনা জানি না, পত্রিকায় অ্যাপিল করেছি। আপনারা সাহায্য করুন দয়া করে। হয়নি কিন্তু। একেবারে শেষ মুহূর্তে যা হল, এই যে রাজারহাটে 220 KV আমাদের সাব-স্টেশন, সেটা কিন্তু করতে পারছি না তিনটি টাওয়ার আনতে পারা যাচ্ছে না বলে। বারুইপুরেও সমস্যা, টাওয়ার আনা যাচ্ছে না বলে। বাধা হচ্ছে না তা নয়। বলেছি কিন্তু এর আগে, যখন আপনাররা মিটিং-এ ছিলেন। এই জায়গায় এইভাবে হয়েছে। যদি এই প্রশ্ন হয়, আর একদিন বলব কোথায় বাধা হচ্ছে, কেন বাধার জন্য কাজ করা যাচ্ছে না এবং এগুলো কমপ্লিট করতে না পারলে আমরা যদি রুরাল ইলেকট্রিফিকেশনের কাজটা কমপ্লিটও করি, তাহলে আমাদের মাননীয় বিধায়ক যে প্রশ্নটা করলেন—'বিদ্যুৎ গিয়ে পৌঁছবে তো' ? সেখানে আমি নিশ্চিতভাবে বলতে পারি পৌঁছবে না।

(ভয়েস—স্ট্যান্ডিং কমিটির রিপোর্টের সাথে আপনার ভাষা মিলল না।)

সেখানে কোনো প্রতিবন্ধকতার কথা বলা হয়নি।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন—উনি ইনটেন্সিফিকেশন স্কিম ইন দি সেকেন্ড ফেজ—যা রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎতায়ন কর্মসূচিতে শুরু হয়েছে বললেন—আমি আপনার কাছ থেকে জানতে চাই, পাওয়ার গ্রিড কর্পোরেশন—যা পশ্চিম মেদিনীপুরে কাজ করার জন্য এল এন টি সি ম্যাকসিমাম জায়গায় কনট্রাক্টর নিয়োগ করেছে, তারা ইনটেন্সিফিকেশন অফ ডিফারেন্ট মৌজা—যেগুলো ইনকমপ্লিট ইলেকট্রিফায়েড মৌজা, সেগুলোতে সার্ভে করতে গিয়ে দেখল, সবং-এ লাগবে ২০ লক্ষ টাকা অ্যাভারেজ, পিংলাতে লাগবে ১৭ লক্ষ টাকা অ্যাভারেজ, ডেবরাতে লাগবে ১৫ লক্ষ টাকা অ্যাভারেজ। আর মোটাভুটি মঞ্জুর হয়েছে পার মৌজায় ৪ লক্ষ টাকা। এই অবস্থায় কাজ থমকে দাঁড়িয়ে আছে। কেন, এর কারণটা কি হয়েছে ? কারণটা হচ্ছে হ্যাপাজাড়লি ইলেকট্রিফিকেশন করার জন্য গত ৩০ বছরে এক্সটেনসিভ এরিয়াতে কোথাও ৩টি খুঁটি পুঁতে দিয়ে বিদ্যুৎ হয়ে গিয়েছে বলে দিয়েছিলেন। ফলে সবং আজকে বন্যাপ্লাবিত, পিংলা বন্যাপ্লাবিত এবং বোম্বে রোডের ধারে অবস্থিত ডেবরাও বন্যাপ্লাবিত। আজকে পশ্চিম মেদিনীপুরে ২৯টি গ্রাম নিয়ে এই যে তিনটি ব্লক, সেখানে ফেসিং ক্রাইসিস তৈরি হয়েছে। আমার প্রশ্ন, এই যে সার্ভে করার পর ওরা একটা রিপোর্ট তৈরি করেছে, যা আমাদের দিয়েছে, আপনাদের দিয়েছে, চেয়ারম্যান পাওয়ার গ্রিডকে দিয়েছে, রাজ্যের বিদ্যুৎ সচিব ও চেয়ারম্যান এস ই বি-কে দিয়েছে। এই জায়গায় তাহলে যে কাজটা থমকে দাঁড়িয়ে আছে সবং, পিংলা এবং ডেবরাতে, সেখানে এক্সট্রা টাকা দিয়ে কাজটা কমপ্লিট করানোর জন্য তাদের সাথে আলোচনা সাপেক্ষে আপনারা কি সমস্যার সমাধান করবেন ?

শ্রী মৃণাল ব্যানার্জী : ঠিক এক্সজ্যাক্টলি সবং—এইভাবে বলতে পারব না। তবু বলব, পশ্চিম মেদিনীপুরে কাজটা সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে দেওয়া হয়েছে পাওয়ার গ্রিডকে এবং এন টি পি সি-কে। তাদের অর্ডার তারা নিজেরাই করে দিয়েছে। কাজেই সেই ব্যাপারটাতে যদি টাকার কোনো ফারাক থেকে থাকে সেটা আমরা তো রেগুলার মনিটরিং করছি, তার মধ্য দিয়ে যতটুকু কভার করা দরকার তা হচ্ছে। আমার বিশ্বাস, দিল্লি থেকে রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনা মোতাবেক যেহেতু এই কাজটা করা হচ্ছে, ফলে ওই জায়গাটাতে কাজটা ব্যাহত হবে না, তবু কোথাও যদি আটকে যায়, অবশ্যই তা আমার নজরে আনবেন, আমি নিশ্চিতভাবে তা চেষ্টা করব।

শ্রী দীপক সরকার : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন—জানে আলম সাহেবের প্রশ্নের উত্তরে তিনি গোটা রাজ্যের ক্ষেত্রে জেলাওয়ারি পরিসংখ্যান দিয়েছেন। আমার বক্তব্য, কোচবিহার জেলার ক্ষেত্রে দেখছি যে, এই যে প্রকল্প 'রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনা'—এই নামটাই শুধু শুনছি। আদৌ কি কোচবিহার জেলাতে কাজটা শুরু হবে ? কবে হবে ? গোটা রাজ্যে বলা হচ্ছে যে রাজীব গান্ধী বৈদ্যুতিকরণ যোজনার পরিকল্পনা কার্যকরী হবে, সে ক্ষেত্রে কোচবিহার জেলায় আদৌ কি কোনো অগ্রগতি হয়েছে এই ব্যাপারে, দয়া করে বলবেন।

শ্রী মৃণাল ব্যানার্জী : খালি কোচবিহার, বীরভূম না, পশ্চিমবঙ্গের সমস্ত জেলাতে, সমস্ত গ্রামগুলিতে অর্ডার প্লেসড হয়ে গিয়েছে। তাতে লাস্ট অর্ডার দেওয়া হয়েছে ৭ ফেব্রুয়ারি। কাজও অনেক জায়গায় শুরু হয়েছে, পোল পোঁতা শুরু হয়েছে, বাকি জায়গায় জরিপের কাজ চলছে, কাজে একেবারে দ্রুতগতিতে নামার পথে। তাতে খালি কোচবিহার আলাদা না, বীরভূমও আলাদা না।

Starred Questions
(to which answers were laid on the Table)

বেসরকারি, যৌথ উদ্যোগ ও অন্যান্য সংস্থায় কর্মচ্যুতি

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৭) **ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, আর্থিক মন্দার কারণে বিগত এক বছরে রাজ্যের বেসরকারি, যৌথ উদ্যোগ ও অন্যান্য সংস্থায় বহু মানুষের কর্মচ্যুতি হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, (১) কত সংখ্যক মানুষ কাজ হারিয়েছেন ? ও
(২) এ বিষয়ে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে / করছে ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এইরকম অনুমান করা যেতে পারে।

(খ) (১) সাম্প্রতিক আর্থিক মন্দা একটি আন্তর্জাতিক ঘটনা এবং এবৎকালে নির্দিষ্ট তথ্য আমাদের হাতে পৌঁছয়নি। উল্লেখ করা যেতে পারে যে, লেবার ব্যুরো চন্ডীগড় কেন্দ্রীয় শ্রম মন্ত্রকের অধীনে একটি নিরীক্ষা করেন "অর্থনৈতিক মন্থরতার প্রভাবে কর্মসংকোচন এবং তার প্রভাব"। ২০টি কেন্দ্র (কলকাতা ও হাওড়া সমেত) তথা ১১টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে এই নিরীক্ষার আওতায় আনা হয়। খনি, বস্ত্র শিল্প, ধাতব শিল্প, মণিরত্ন ও স্বর্ণালঙ্কার শিল্প, মোটরগাড়ি, পরিবহন, তথ্য প্রযুক্তি, বি পি ও প্রভৃতি ক্ষেত্রে যা ২০০৭-২০০৮ সালে জাতীয় আয়ের ৬০ শতাংশ ছিল। তাদের এই নিরীক্ষায় অন্তর্ভুক্ত করা হয়। এই নিরীক্ষায় প্রাপ্ত তথ্য অনুযায়ী সমস্ত দেশে অক্টোবর ২০০৮ পর্যন্ত সময়ে ৫,০০,০০০ শ্রমিক কর্মচ্যুত হয়েছেন বলে জানানো হয়েছে। কিন্তু এই নিরীক্ষা বা তার প্রাপ্ত তথ্যাদি রাজ্য-ভিত্তিক নয়। সুতরাং পশ্চিমবঙ্গের ক্ষেত্রে আর্থিক মন্দার ফলে কর্মচ্যুত শ্রমিক সংখ্যা এই মুহূর্তে নির্ধারণ করা সম্ভব নয়।

(২) সরকার শ্রমিকদের কর্মচ্যুতিজনিত সমস্যা সম্পর্কে সর্বদাই সজাগ রয়েছে। সুনির্দিষ্ট কিছু পদক্ষেপের মাধ্যমে শ্রমিকদের কর্মচ্যুতির প্রতিকার তথা কর্মসংস্থানের জন্য সরকারি প্রচেষ্টা ও উদ্যোগ সর্বদাই অব্যাহত। পদক্ষেপগুলি এই প্রকার :

(i) কর্মচ্যুত শ্রমিকদের জন্য আর্থিক সহায়তা : লক-আউট বা ক্লোজারের ফলে কর্মহীন হয়ে পড়া শ্রমিকদের "ফিনান্সিয়াল অ্যাসিস্ট্যান্স টু লক-আউট ইন্ডাস্ট্রিজ (ফাউলাই)"-এর মাধ্যমে বন্ধ কল-কারখানার শ্রমিকদের প্রতি মাসে ৭৫০ টাকা করে অনুদান দেওয়া হত। পয়লা ফেব্রুয়ারি ২০০৯ থেকে এই অনুদান বাড়িয়ে ১০০০ টাকা করা হয়েছে।

এছাড়াও রাজ্য সরকার প্রতি শ্রমিককে বছরে একবার দুর্গাপূজা / ঈদ উপলক্ষে ১০০০ টাকা অতিরিক্ত অনুদান দেওয়ার ব্যবস্থা করেছে। বর্তমান আর্থিক বছরে ২৩৯টি বন্ধ শিল্প সংস্থার ৩৪,৭০০ জন শ্রমিককে এই অনুদান বাবদ রাজ্য সরকারের কোষাগার থেকে মোট ৩৭.১৫ কোটি টাকা খরচ হবে।

(ii) দক্ষতা বৃদ্ধি প্রকল্প : বিগত আর্থিক বছরে নথিবদ্ধ কর্মপ্রার্থীদের সুবিধার্থে এই প্রকল্পের সূচনা করা হয়। সরকার নির্বাচিত ৭৯৯টি শিক্ষাকেন্দ্রের মাধ্যমে রাজ্যের কর্মপ্রার্থী যুবকদের জন্য ৩২টি বিভিন্ন বিশেষ বিশেষ পেশা ভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা করেছেন। এই ধরনের প্রশিক্ষণের জন্য নির্দিষ্ট খরচের শতকরা ৫০ ভাগ (সর্বাধিক ৫,০০০ টাকা পর্যন্ত) সরকার প্রদান করে। বর্তমান আর্থিক বছরে ২৫,০০০ কর্মপ্রার্থী ৮০০টি শিক্ষাসূচিতে প্রশিক্ষণ লাভ করছেন।

(iii) উদীয়মান স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প : সরকার পূর্বতন সেসরু (SESRU) প্রকল্পের উন্নতিসাধন করে অতি সম্প্রতি বর্তমান প্রকল্পটি USKP-2008 চালু করেছে। নথিভুক্ত কর্মপ্রার্থীর বয়স ১৮ থেকে ৪৫ বৎসর পর্যন্ত হলে তিনি একক বা যুগ্মভাবে প্রতিজন পিছু ৫০,০০০ টাকা প্রজেক্ট কস্ট হিসাবে নিজস্ব ব্যবসা, শিল্প, পরিষেবা ইত্যাদি স্থাপন করতে পারেন। এই জন্য প্রজেক্ট কস্ট-এর ২৫ শতাংশ, ১২,৫০০ টাকা পর্যন্ত সরকারি অনুদান হিসাবে পাওয়া যাবে। এই ধরনের প্রতিটি প্রকল্পের বিস্তারের জন্য সংশ্লিষ্ট ব্যাংক আরও ৫,০০,০০০ টাকা মঞ্জুর করতে পারে।

পঞ্চায়েত সমিতিগুলিতে বৈদ্যুতিন প্রশাসন চালুকরণ

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৫০) **শ্রী রামপদ সামন্ত** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের পঞ্চায়েত সমিতিগুলিতে বৈদ্যুতিন প্রশাসন চালু করার লক্ষ্যে ব্লক ইনফরম্যাটিক্স অফিসার এবং ডাটা এন্ট্রি অপারেটর পদ সৃষ্টি করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পদগুলি পূরণের ক্ষেত্রে কি পদ্ধতি অবলম্বন করা হয়েছে ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ব্লক ইনফরম্যাটিকস্ অফিসার বি সি এ অথবা বি এস সি (কম্পিউটার সায়েন্সে অনার্স) অথবা 'এ' লেভেল সার্টিফিকেট কোর্স (ডি ও ই এ সি সি) পাশধারী প্রার্থীদের মধ্যে থেকে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচিত হয়।

ডাটা এন্ট্রি অপারেটর মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ, ইংরাজিতে প্রতি মিনিটে ন্যূনতম ৩০টি ও বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০টি শব্দ টাইপ করতে দক্ষ, পার্সোনাল কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে কমপক্ষে তিন মাসের প্রশিক্ষণপ্রাপ্ত এবং বাঞ্ছনীয় যোগ্যতা হিসাবে পার্সোনাল কম্পিউটারে ডাটা এন্ট্রিতে এক বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের মধ্যে থেকে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচিত হয়।

উভয় পদের ক্ষেত্রে নিয়োগকর্তা সংশ্লিষ্ট জেলার জেলা পরিষদের নির্বাহী আধিকারিক জেলাভিত্তিক নির্বাচন কমিটি লিখিত ও মৌখিক পরীক্ষা পরিচালনা করেন এবং সেইমতো মেধাতালিকা তৈরি করেন।

উক্ত পদগুলি পূরণের জন্য বিধি নির্দেশিকাও জারি হয়েছে।

বন্ধ চটকল পুনরায় চালু করার সরকারি উদ্যোগ

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৬২) **শ্রী কল্লোল খাঁ :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ জানুয়ারি, ২০০৯ সাপেক্ষে রাজ্যে মোট কতগুলি চটকল বন্ধ আছে ;

(খ) ওই চটকলগুলি বন্ধ থাকার জন্য মোট কত মানুষ কর্মচ্যুত হয়েছেন ; এবং

(গ) ওই চটকলগুলি পুনরায় চালু করার জন্য সরকার কোনো উদ্যোগ গ্রহণ করেছে / করছে কিনা ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) তিনটি।

(খ) ৫৯৬৯ জন।

(গ) ত্রিপাক্ষিক আলোচনা হয়েছে, কিন্তু বিষয়টি আদালতের বিচারাধীন হওয়ার ফলে এই মুহূর্তে অন্য কোনো ব্যবস্থা নেওয়া যাচ্ছে না।

কৃষি কাজে বিদ্যুৎ সংযোগের জন্য সরকারি নিয়মনীতি

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২২৫) **শ্রী ভক্তরাম পান** : বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের গ্রামাঞ্চলে কৃষি কাজে বিদ্যুৎ সংযোগের জন্য সরকারি নিয়মনীতি কীরূপ ; এবং

(খ) (১) উক্ত বিদ্যুৎ সংযোগের জন্য কৃষকদের কোনো ছাড় / ভর্তুকি দেওয়া হয় কিনা ; ও

(২) ছাড় / ভর্তুকি দেওয়া হলে তার পরিমাণ কত ?

বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কৃষি কাজে ব্যবহৃত অগভীর নলকূপে বিদ্যুৎ সংযোগের জন্য এলাকার গ্রুপ ইলেকট্রিক সাপ্লাই অফিসে নির্ধারিত আবেদনপত্রে আবেদন করতে হয়। এছাড়া ভূগর্ভস্থ জল কৃষি কাজে ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সরকারি দপ্তরের অনুমতিপত্র দাখিল করতে হয়।

(খ) (১) হ্যাঁ, ২০০৭-২০০৮ সালের জন্য ভর্তুকি দেওয়া হয়েছে।

(২) প্রত্যেকটি অগভীর নলকূপে বিদ্যুৎ সংযোগের জন্য ৮০,০০০ টাকা সরকারি অনুদান উক্ত প্রকল্প অনুযায়ী দেওয়া হয়েছে।

ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালে "ক্যান্সার" বিভাগ চালুকরণ

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৩) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালে ক্যান্সার রোগীদের চিকিৎসার জন্য একটি বিশেষ "ক্যান্সার বিভাগ" চালু আছে ;

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে কবে নাগাদ ওই বিভাগটি চালু হয়েছে ; এবং

(গ) বর্তমানে কতজন চিকিৎসক উক্ত বিভাগে কর্মরত আছেন ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এখনও কোনো বিশেষ ক্যান্সার বিভাগ চালু হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

গ্রামীণ হাসপাতালগুলিতে কর্মরত চিকিৎসকদের উপস্থিতি

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৪) শ্রী তজমুল হোসেন : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের গ্রামীণ হাসপাতালগুলিতে কর্মরত চিকিৎসকদের উপস্থিতির হার সন্তোষজনক নয় ; এবং

(খ) সত্যি হলে, এ বিষয়ে সরকারের চিন্তা-ভাবনা কি ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কয়েকটি ব্যতিক্রমী ক্ষেত্র ছাড়া সাধারণভাবে এটি সত্য নয়।

(খ) জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকদের এই বিষয়ে নজরদারি বাড়াতে নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনে এসব ক্ষেত্রে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।

নবদ্বীপ স্টেট জেনারেল হাসপাতালটির আধুনিকীকরণ

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১) শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নবদ্বীপ স্টেট জেনারেল হাসপাতালটির আধুনিকীকরণ ও আধুনিক পদ্ধতিতে সকল প্রকার শল্য চিকিৎসার সুব্যবস্থা করতে সরকারের পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) থাকলে, ওই পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায় ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এখন এই হাসপাতালে আধুনিক শল্য চিকিৎসা হয়। নতুন করে কোনো বিশেষ পরিকল্পনা আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

কলকাতার হাসপাতালগুলিতে ক্লোজ সার্কিট টিভি বসানো

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৮) শ্রী ব্রহ্মময় নন্দ : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতার হাসপাতালগুলিতে ক্লোজ সার্কিট টিভি বসানোর কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কলকাতায় মেডিক্যাল কলেজের সঙ্গে যুক্ত হাসপাতালগুলিতে ক্লোজ সার্কিট টিভি ইতিমধ্যেই বসানো হয়েছে।

জেলা হাসপাতালে ব্লাড ব্যাংক

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭) **শ্রী তাপস পাল** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের প্রতিটি জেলা হাসপাতালে ব্লাড ব্যাংক আছে কিনা ; এবং

(খ) ''ক'' প্রশ্নের উত্তর ''না'' হলে এ বিষয়ে সরকারের ভবিষ্যৎ পরিকল্পনাটি কীরূপ ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমানে এ রাজ্যের প্রতিটি জেলা হাসপাতালে ব্লাড ব্যাংক আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

এন. সি. টি. ই. যোগ্যতাসম্পন্ন শিক্ষক-শিক্ষিকাদের নিয়োগ

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৯) **শ্রী মোঃ রেক্ষাতুল্লাহ** : কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে পরিষেবাগত কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) ওই সকল প্রতিষ্ঠানে এন. সি. টি. ই. যোগ্যতাসম্পন্ন শিক্ষক-শিক্ষিকাদের নিয়োগে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে / করছে ?

কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) (১) এ. আই. সি. টি. ই. (সারা ভারত কারিগরি শিক্ষা সংসদ) রাজ্য কারিগরি শিক্ষা সংসদকে ২০১১-২০০১২ সাল পর্যন্ত রাজ্য প্রবর্তিত কারিগরি শিক্ষা (বৃত্তিমূলক শিক্ষা)-সমূহকে অনুমোদন দিয়েছেন।

(২) পলিটেকনিক সংস্থাগুলি থেকে ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে সাফল্য অর্জিত ছাত্রগণ প্রায় শতকরা ৯০ জন কোনো না কোনো চাকরিতে যোগদান করেছেন।

(৩) ছাত্রদের সংস্থা উন্নয়ন কর্মসূচিগুলি (ই. ডি. পি.) ২০০৮-২০০৯ আর্থিক বৎসরের জন্য স্বনির্ভর এবং স্বনিযুক্তি দপ্তরের আর্থিক সহায়তায় বাস্তবায়িত হচ্ছে।

(৪) সরকারি এবং সরকার পোষিত এবং বেসরকারি পলিটেকনিকগুলিতে ছাত্রসংখ্যা ভর্তির সুযোগ ৮,৮৯০ থেকে ১১,৩৩০-তে বৃদ্ধি পেয়েছে।

(৫) ২৫টি সরকারি পলিটেকনিক প্রতিষ্ঠানে নতুন নতুন বিষয় শিক্ষার প্রবর্তন হয়েছে। যাহা বর্তমান জগতের কারিগরি চাহিদার লক্ষ্য পূরণে সহায়ক।

(৬) পেশাগত উন্নয়ন পরিকল্পনানুসারে (E.D.P.) ৯৫ জন কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণে যুক্ত অধ্যাপককে যুগোপযোগী শিক্ষায় শিক্ষিত হওয়ার লক্ষ্যে উচ্চশিক্ষা গ্রহণের জন্য সাময়িক ছুটি দেওয়া হয়েছে।

(৭) রাজ্যের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ, তার পরিমার্জন এবং বিস্তার সম্পর্কে মানুষকে অবহিত করার লক্ষ্যে তিনটি ওয়েবসাইট চালু করা হয়েছে। যথা : wbdtet.govt.in, w.b.tet.mic.in এবং wbscte.org.

(৮) ২০০৮-২০০৯ আর্থিক বছরে রাজ্যের পলিটেকনিক শিক্ষা প্রতিষ্ঠানগুলির উন্নয়ন এবং সংস্কারের জন্য ১২.৯ কোটি টাকা এবং শিক্ষা পরিকাঠামো উন্নয়নে ৫.০৯ কোটি টাকা অনুমোদন করা হয়েছে।

(৯) রাজ্যের চালু আই টি আই এবং আই টি সি-গুলিতে বৃত্তিমূলক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মোপযোগী দক্ষতা (M.E.S.) এবং S.D.I.S. স্কিমের প্রচলন করা হয়েছে। এছাড়াও প্রচলিত ক্র্যাফ্‌টস্‌ম্যান ট্রেনিং স্কিম এবং অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং স্কিম চালু আছে।

(খ) পলিটেকনিকগুলির অধ্যাপক নিয়োগের ক্ষেত্রে এ আই সি টি ই-এর নিয়মাবলী কঠোরভাবে অনুসরণ করা হয়। আই টি আই-গুলির ইনস্ট্রাকটর নিয়োগের ক্ষেত্রে D.G.E.T.-এর নিয়ম অনুসরণ করা হচ্ছে, উভয়ের ক্ষেত্রেই N.C.E.R.T.-এর কোনো নিয়ম প্রযোজ্য নহে।

নর্থ সুবারবার্ন হাসপাতালটির সংস্কার ও আধুনিকীকরণ

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *২০১) **শ্রীমতী মালা সাহা** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তর কলকাতার নর্থ সুবারবার্ন হাসপাতালটিকে সংস্কার ও আধুনিকীকরণের জন্য সরকার বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে / করছে ; এবং

(খ) সত্যি হলে, পরিকল্পনাটি কীরূপ ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(ক) (১) নর্থ সুবারবার্ন হাসপাতালটিকে আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালের সংযোজন হিসাবে ব্যবহার করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন। নর্থ সুবারবার্ন হাসপাতালের অতিরিক্ত শয্যাগুলি আর জি করের প্রসূতি ও স্ত্রীরোগ বিভাগের শয্যা হিসাবে ব্যবহার করার পরিকল্পনা আছে।

(২) নর্থ সুবারবার্ন হাসপাতালের দোতলার ও.টি. ও সংলগ্ন ওয়ার্ড সংস্কারের জন্য একটি পরিকল্পনা মুখ্য বাস্তুকারের অনুমোদনের জন্য গেছে।

সরকারি / বেসরকারি মেডিক্যাল কলেজের সংখ্যা

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৫) **শ্রী প্রদীপ তা** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১-০১-০৯ তারিখ সাপেক্ষে রাজ্যে সরকারি / বেসরকারি মেডিক্যাল কলেজের সংখ্যা কত (পৃথক পৃথকভাবে) ; এবং

(খ) বর্তমানে নতুন মেডিক্যাল কলেজ (সরকারি / বেসরকারি) স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সরকারি—৯টি, বেসরকারি—১টি।

(খ) হ্যাঁ, আছে।

Number of Tea Gardens closed

*41. (Admitted Question No. *247) **Shri Asit Kumar Mal :** Will the Minister-in-charge of the Commerce & Industries Department be pleased to State–

(a) Number of Tea Gardens closed in the State as on 31st December, 2008 ; and

(b) The steps taken by the Government in this regard ?

Minister-in-Charge of the Commerce & Industries Department :

(a) 14 (12 in Jalpaiguri), (02 in Darjeeling).

(b) i) A Scheme to provide incentive to facilitate re-opening of closed gardens has been launched vide Kolkata Gazette Notification No. 384-CI/O/T-Ind/010/07/PI dated 05.12.2008.

ii) Where legally possible lease of previous owner has been cancelled, in order to facilitate fresh lease to prospective new owners.

iii) Govt. of India was requested to invoke Section 16E of the Tea Act 1953. The State Government is supplementing efforts of Govt. of India in this matter. The State Govt. has participated in the committee set up by Govt. of India under the Chairmanship of Additional Secretary, Deptt. of Commerce Ministry of Commerce & Industry, Govt. of India, for the purpose of opening of closed gardens.

iv) The State Govt. is providing relief and other support to the workers and their families of closed tea gardens, including

- distribution of Starvation G. R ;
- grant of Rs. 750/- per month under FAWLOI Scheme ;
- food for work programme under SGRY ;
- mid-day meal to school students under ICDS Project ;
- health care facilities, etc.

v) The Govt. of India already launched a rehabilitation package for closed tea gardens vide F. No 3/34/2007-AC dated 03.08.2007 of Ministry of Finance, Government of India.

শিল্পে বার্ষিক বিনিয়োগের পরিমাণ

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৪) **শ্রী সামসুল ইসলাম মোল্লা** : শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত পাঁচটি আর্থিক বছরে (৩১-১-২০০৯ পর্যন্ত) রাজ্যে শিল্পে বার্ষিক বিনিয়োগের পরিমাণ কত (পৃথক পৃথকভাবে) ;

(খ) কোন কোন শিল্পক্ষেত্রে বিনিয়োগের প্রবণতা বেশি ; এবং

(গ) ওই সময়কালে এর ফলে কত কর্মসংস্থান হয়েছে / হচ্ছে ?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক)

আর্থিক বছর	বিনিয়োগের পরিমাণ (কোটি টাকায়)
২০০৪-২০০৫	২২৪৩.৮০
২০০৫-২০০৬	২৫১৫.৫৮
২০০৬-২০০৭	৩৪৩৬.১৫
২০০৭-২০০৮	৫০৭২.৪২
২০০৮-৩১.০১.২০০৯ পর্যন্ত	৪২০৫.০৩

(খ) রসায়ন ও সংশ্লিষ্ট শিল্পে বিনিয়োগের পরিমাণ সর্বাধিক। ক্রমান্বয়ে লৌহ ও ইস্পাত শিল্পে, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে বিনিয়োগ হয়েছে।

(গ)

আর্থিক বছর	আনুমানিক কর্মসংস্থান (জন)
২০০৪-২০০৫	২৬০৭০
২০০৫-২০০৬	২৭৫২১
২০০৬-২০০৭	২৫৩৯৪
২০০৭-২০০৮	৪১২১৯
২০০৮-৩১.০১.২০০৯ পর্যন্ত	২০৪০৯

Number of E.S.I. Hospitals in the State

*43. (Admitted Question No. *266) **Shri Krishnendu Narayan Choudhury :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to State–

(a) Number of E.S.I. Hospitals in the State ; and

(b) Number of Medical Officers and Nurses engaged as on 31st January, 2009 ?

Minister-in-Charge of the Labour Department :

(a) 14 (Fourteen).
13 (Thirteen) E.S.I. Hospitals are run by the State Govt.
1 (One) E.S.I. Hospital at Joka is run by E.S.I. Corporation.

(b) Medical Officers 525 (Five Hundred and Twenty Five), Nurses 790 (Seven Hundred and Ninety).

সামাজিক সুরক্ষা প্রকল্প

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৯) **শ্রী সুবিনয় ঘোষ** : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে নির্মাণ শ্রমিকদের জন্য প্রণীত "সামাজিক সুরক্ষা প্রকল্পের" অগ্রগতি কীরূপ ; এবং

(খ) উক্ত প্রকল্পটি রূপায়ণে কোনো বাধার সম্মুখীন হতে হচ্ছে কিনা ?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) জানুয়ারি ২০০৯ পর্যন্ত নির্মাণকর্মী কল্যাণ পর্ষদে মোট ৬৭,৭০৬ (৬৭ হাজার ৭০৬ জন) নির্মাণ-শ্রমিক নথিভুক্ত হয়েছেন।

নির্মাণ শ্রমিকদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্পে দুর্ঘটনাজনিত চিকিৎসা খরচ, গৃহ নির্মাণ অগ্রিম, কঠিন ব্যাধির চিকিৎসা ভাতা, পেনসন, মৃত নির্মাণকর্মীর পরিবারকে এককালীন অর্থ সাহায্য, নির্মাণকর্মীর সন্তানের শিক্ষার জন্য অনুদান ও মহিলা নির্মাণকর্মীর মাতৃত্বকালীন আর্থিক সহায়তার ব্যবস্থা রয়েছে।

এ পর্যন্ত মোট ১৩৭ জন নথিভুক্ত নির্মাণ-শ্রমিক ৪,৮২,২৭৬ (৪ লক্ষ ৮২ হাজার ২৭৬ টাকা) আর্থিক সহায়তা পেয়েছেন।

(খ) উক্ত প্রকল্পটি রূপায়ণে সর্বস্তরে সচেতনতা বৃদ্ধি ও পরিকাঠামো উন্নতির মাধ্যমে বাধা দূর করার চেষ্টা চলছে, যাতে অধিক সংখ্যক নির্মাণকর্মীকে প্রকল্পের আওতাভুক্ত করা যায়।

গার্ডেনরীচ স্টেট জেনারেল হাসপাতালটির উন্নয়নে বরাদ্দকৃত অর্থ

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৪) **শ্রী আব্দুল খালেক মোল্লা** : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০০৮-২০০৯ আর্থিক বছরে গার্ডেনরীচ স্টেট জেনারেল হাসপাতালটির উন্নয়নে সরকার মোট কত টাকা বরাদ্দ করেছে ; এবং

(খ) তন্মধ্যে, ৩১ জানুয়ারি, ২০০৯ পর্যন্ত সময়ে বরাদ্দকৃত অর্থের কত পরিমাণ ব্যয়িত হয়েছে ?

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০৮-২০০৯ আর্থিক বছরে পরিকল্পনা খাতে কোনো টাকা বরাদ্দ করা হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

[12.00 – 12.10 p.m.]

মিঃ স্পীকার : দুটো প্রশ্নই আজকে আধ ঘণ্টা করে হল। কিছু বলার নেই।. যাঁরা জিজ্ঞেস করেন তাঁরাও অনেক কিছু বলেন, আবার মন্ত্রীও প্রশ্নের উত্তর দিচ্ছেন। এটা বাজেটের ডিবেট নয় যে সব কথা বলতে হবে। প্রশ্ন ছিল মেদিনীপুর, উঠছে কোচবিহার।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received four notices of Adjournment motion. The first one is from Shri Asit Kumar Mal on the subject of appointment of Para-teachers on permanent basis in the State. The second one is from Shri Dulal Bar on the subject of alleged non-payment of compensation etc. to the families of the victims of Nandigram incident. The third one is from Shri Ashok Kumar Deb on the subject of non-construction of fly-over near Bagnan Railway Station and the fourth one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of non-revision of Pay Structure of the employees of the State Government Undertakings.

A notice of Adjournment Motion on the subject similar to the second motion was received on the 16th March, 2009 and consent to it was withheld by me. As such the notice is out of order and I reject it.

The subject matter of the remaining motions are not such that may call for Adjournment of business of the House. Members will get ample scope to raise the matters during the Discussion on Governor's Address which is now going on. Besides, the Members may also invite attention of Ministers concerned through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to the Motion.

One Member of the party may, however, read the text of the Motion, as amended.

শ্রী অসিতকুমার মাল : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হল—

রাজ্যে প্রাথমিক পার্শ্বশিক্ষক, উচ্চ-প্রাথমিক পার্শ্বশিক্ষক ও চুক্তিভিত্তিক উচ্চবিদ্যালয়ের আংশিক শিক্ষকদের মেয়াদ ২০১০ সালের ৩১ মার্চ শেষ হয়ে যাচ্ছে। রাজ্যের ৬২,৭৯১ জন পার্শ্বশিক্ষক আতঙ্কে দিন কাটাচ্ছেন। প্রাথমিক পার্শ্বশিক্ষকদের ভাতা ২০০০ টাকা থেকে ৪০০০ টাকা, শিশু শিক্ষা কেন্দ্রে ২০০০ টাকা থেকে ৪০০০ টাকা এবং উচ্চবিদ্যালয়ের আংশিক শিক্ষকদের ভাতা ৩০০০ টাকা থেকে ৬০০০ টাকা করা হয়েছে। কিন্তু উচ্চ প্রাথমিক প্যারাটিচারদের ক্ষেত্রে ৩,৫০০ টাকা থেকে ৫,৫০০ টাকা করা হয়েছে। এমনকি মাধ্যমিক শিক্ষাকেন্দ্রে উচ্চ প্রাথমিক শিক্ষা সম্প্রসারকদের ভাতা ৪০০০ টাকা থেকে ৭০০০ টাকা করা হয়েছে। হিসাব মোতাবেক আনুপাতিক হারে কম। শিক্ষা দপ্তরের নতুন নির্দেশনামায় পার্শ্বশিক্ষকদের নন্‌ফরম্যাল এডুকেশনে নিয়ে যাওয়া হয়েছে, যার ফলে পার্শ্বশিক্ষকদের বিভিন্ন এলাকায় ছাত্র-ছাত্রী সংগ্রহ করে শিক্ষা প্রদান করতে হবে। প্রাথমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিকের হাজার হাজার শিক্ষক পদ খালি পড়ে আছে। শিক্ষা ব্যবস্থার উন্নয়নের জন্য সর্বস্তরের পার্শ্বশিক্ষকদের স্থায়ীভাবে নিয়োগ করে শিক্ষা ব্যবস্থাকে সুন্দরভাবে গড়ে তোলার জন্য রাজ্য সরকারের কাছে অনুরোধ করছি।

মিঃ স্পীকার : মিঃ মাল, এত লেংদি মূলতবী প্রস্তাব ভবিষ্যতে আর আমি অ্যালাউ করব না।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এক সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মূলতবী রাখছেন। বিষয়টি হল—

রাজ্য সরকারি কর্মচারী, শিক্ষক ও পুর কর্মচারী এবং রাষ্ট্রায়ত্ত শিল্প বিভিন্ন বোর্ড ও কর্পোরেশনের কর্মচারীদের বেতন কাঠামো পুনর্বিন্যাস সম্পর্কে সংবাদপত্রে ঘোষণা করা হয়েছিল দুটি ভাগে ভাগ করে একটি পার্ট 'এ' অপরটি পার্ট 'বি'। সরকারি কর্মচারী শিক্ষক

ও পুর কর্মচারীদের বেতন বৃদ্ধি হলেও রাষ্ট্রায়ত্ত শিল্পের কর্মীদের বেতন কাঠামো পরিবর্তন করা হয়নি। লক্ষাধিক কর্মী যাঁরা একই আর্থ-সামাজিক অবস্থায় রয়েছেন তাঁদের জন্য সরকার কিছু করছে না।

Mr. Speaker : Now I call upon the Minister-in-charge of the Health and Family Welfare Department to make a statement on the subject of deplorable condition of Garden Reach State General Hospital.

(Attention called by Shri Abdul Khaleque Molla on the 16th March, 2009.)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : গার্ডেনরিচ রাজ্য সাধারণ হাসপাতাল একটি ১৫ শয্যাবিশিষ্ট হাসপাতাল। এর মধ্যে ৫টি শয্যা প্রসূতিদের জন্য চিহ্নিত আছে। এই হাসপাতালে ৪ জন চিকিৎসক, ১ জন পি এম ও এ, ৬ জন নার্স, ১ জন ফার্মাসিস্ট, ১ জন ল্যাবরেটরি টেকনিসিয়ান, ১ জন করণিক, ৫ জন জি ডি এ, ৩ জন সুইপার, ১ জন ড্রাইভার কর্মরত আছেন।

২০০৭ সালে এই হাসপাতালে বহির্বিভাগে প্রায় ১,০৩,৫৮৭ জন রোগীর চিকিৎসা করা হয়। ওষুধ সরবরাহের কোনো অসুবিধা নেই।

অন্তর্বিভাগে ২০০৬ সালে প্রায় ২,০৫৯ জন রোগী এবং ২০০৭ সালে প্রায় ১,৫২৫ জন রোগী চিকিৎসা লাভ করেছেন। উক্ত দুই বৎসরে প্রসবের সংখ্যা যথাক্রমে ৫ জন ও ১৬ জন এবং বেড অকুপ্যান্সির হার যথাক্রমে ৭০.২ এবং ৩০.৭। বর্তমান পরিকাঠামো পুরোপুরি ব্যবহার হচ্ছে না। বর্তমান পরিকাঠামো পূর্ণতর ব্যবহারের পর হাসপাতালের শয্যা সংখ্যা বৃদ্ধি এবং অন্যান্য পরিকাঠামো তৈরি করার কথা ভাবা হবে। তবে রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হবে।

শ্রী আব্দুল খালেক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন—এই হসপিটালে পার্মানেন্ট জি ও নেই। এখানে পার্মানেন্ট জি ও কবে চালু হবে ? এই হসপিটালে ও টি কবে চালু হবে ?

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এখানে বাড়ি আছে, পি. ডব্লু. ডি. মেন্টেইন করে। আমরা মেন্টেন্যান্সের জন্য ২০০৬-২০০৭ সালে ১৫ লক্ষ ১১ হাজার ৮ শো টাকা দিয়েছিলাম। সেই বছর ১৩ লক্ষ টাকা খরচ হয়েছিল, বাকি টাকা খরচ হয়নি। গত বছর রিভ্যালিডেশন অর্ডার দিয়েছিলাম। এটা খরচ করার পর রক্ষণাবেক্ষণের জন্য যদি আরও টাকা লাগে, তাহলে সেটা আমরা নিশ্চয় দেব। কিন্তু পি ডব্লু ডি বুকে এটা ওঠেনি। ওঁরা কাজ করেন। এটা পি. ডব্লু. ডি.-র পার্মানেন্ট বুকে যাতে অন্তর্ভুক্ত করা হয় তার জন্য আমরা লিখেছি। ও টি-র ব্যাপারে প্রথমে বলেছিলাম এবং আবারও বলছি যে, লেবার রুমে প্রথম বছরে ৫টা ডেলিভারি এবং তার পরের বছরে ১৬টা ডেলিভারি হয়েছে। এগুলো সবই নর্মাল ডেলিভারি হয়েছে। সেখানে ও টি করার মানে হয় না। ওখানে ১০টা বেড ছিল,

আমরা আরও ৫টা বেড বাড়িয়ে ১৫টা বেড করেছি। ২০০৬ সালে ওখানে বেড অকুপ্যান্সি ৭০ পার্সেন্ট হয়েছিল, ২০০৭ সালে এটা ৩০ পার্সেন্টে নেমে এল। ৭০ পার্সেন্ট বেড খালি থাকছে। ওখানে ও টি করে কাজ হবে না। ওখানে যে ফেসিলিটিস আছে সেটা যদি ইউটিলাইজ হয়, আরও বেশি যদি ডেলিভারি হয় তাহলে ধীরে ধীরে এসব করতে পারি। ওই হাসপাতালে ৩ জন স্যাংশন ডাক্তার ছিলেন, আমরা সেখানে ৪ জন ডাক্তার দিয়েছি, ওখানে ৪ জন স্টাফ নার্স ছিলেন, আমরা সেখানে ৬ জন নার্স দিয়েছি। এখানে ডেলিভারি বাড়লে ও টি-র কথা ভাবা যায়।

PRESENTATION OF COMMITTEE REPORTS

(1) **Shri Ashutosh Mukhopadhyay :** Sir I beg to present

(A) The 99th report of the Committee on Public Undertakings (2008-09) based on Audit Para No. 4.14 of Report of the Comptrollar & Auditor General of India (Commercial) for the year 2005-2006 relating to the West Bengal Transport Infrastructures Development Corporation Limited Under the Transport Department Government of West Bengal ; and

(B) The 100th Report of the Committee on Public Undertakings (2008-09) based on Action taken by the Government on the Observations and Recommendations as contained in the 89th Report of the Committee on Public Undertakings (2007-08) relating to the West Bengal Scheduled Castes and Scheduled Tribe Development and Finance Corporation Limited Under the Backward Class Welfare Department, Government of West Bengal.

[12.10 – 12.20 p.m.]

(2) **Srimati Bharati Mukherjee :** Sir, with your kind permission, I beg to present the Thirty-sixth Report of the Committee on Subordinate Legislation (2008-09), West Bengal Legislative Assembly on the West Bengal Private Security Agencies (Regulation) Rules, 2007.

(3) **The Chairperson (Dr. Tapati Saha) :** Sir, I beg to present the Seventh Report of the Standing Committee on Health and Family Welfare (2008-09) on the West Bengal State Dental Service Bill, 21008.

LAYING OF RULES

The West Bengal Unorganized Sector Workers welfare Rules, 2008

Shri Mrinal Banerjee : Sir, I beg to lay the West Bengal Unorganized Sector Workers welfare Rules, 2008 published in the Kolkata Gazette, Extraordinary dated the 10th September, 2008 under Labour Department's Notification No. 971-IR/Eil/IA-11/07(Pt.) Dated the 10th September, 2008.

MENTION CASES

Shri Pranay Rai : सम्माननीय Speaker महोदयको माध्यम द्वारा सम्माननीय Finance Minister महोदयको ध्यान आकर्षण गर्नु चहान्छु। हालमा पश्चिम बंगाल सरकारले यो Budget session मा 30% तलब वृद्धिको कुरा उठाए रहेको छ। जसमा सम्पूर्ण पहाड़वासी कर्मचारीहरूको कुने प्रकारले Mill compensatory allowance, winter allowance हराएको, हुनु हुर्देन। जुन चै Mill employees को Demand छ त्यो हरु Revised Basic pay मा 2% Mill compensatory allowance वढ़ाउने साथै ५ हजार रूपियाँ winter allowance राखी दिया जाहोस भन्ने म मांग राख्न चहान्छु।

শ্রী দুলালচন্দ্র বর : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বাগদা বিধানসভায় গত দু-তিন বছর আগে একটি কলেজ স্থাপিত হয়েছিল। এই কলেজটি শুরু হয়েছিল একটি হাইস্কুলে। কিন্তু অদ্যাবধি সেই কলেজের জন্য কোনো বিল্ডিং গ্র্যান্ট করা হয়নি। অবিলম্বে যাতে ওই হেলেঞ্চা কলেজটির জন্য বিল্ডিং গ্র্যান্ট দেওয়া হয় তার দাবি মাননীয় মন্ত্রীর কাছে রাখছি।

শ্রীমতী সাম্যপিয়ারি মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত ও সড়ক দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মানবাজার পুরুলিয়া জেলার একটি গুরুত্বপূর্ণ ঐতিহাসিক শহর। তৎকালীন মানভূম জেলার সদর শহর। পুরুলিয়া হইতে মানবাজার, মানবাজার হইতে বান্দোয়ান রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি রাস্তা। সেই রাস্তাটির অবস্থা খুব খারাপ। প্রতিদিন ওই রাস্তা দিয়ে বহু কৃষক এবং মালবাহী ট্রাক যাতায়াত করে। এমনকি ১৯টি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্কুলের এবং একটি কলেজের ছাত্র-ছাত্রীরা প্রতিদিন ওই রাস্তা দিয়ে যাতায়াত করে থাকে। তাই অবিলম্বে ওই রাস্তাটি প্রশস্ত এবং মজবুত করার জন্য মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি।

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহরমপুর পৌরসভা ১৩২ বছরের পৌরসভা। ১৮৭৬ সালে এই পৌরসভা স্থাপিত হয়েছিল। তখন এর জনসংখ্যা ছিল ১৪ হাজার ৭ শো। আর ১৩২ বছর পরে এর জনসংখ্যা হল ১ লক্ষ ৮৭ হাজার। তখন এই পৌরসভা সি ক্যাটেগরিভুক্ত

ছিল। এখনও এই পৌরসভা সি ক্যাটেগরিভুক্ত। অবিলম্বে এই পৌরসভাকে বি ক্যাটেগরিভুক্ত করার জন্য আমি দাবি জানাচ্ছি। কারণ এই পৌরসভা যদি বি ক্যাটেগরিভুক্ত না হয় তাহলে প্রতি বছর রাজ্য সরকারের যে ন্যায্য পাওনা—কোটি কোটি টাকা সেই টাকা বহরমপুর পৌরসভা পাচ্ছে না। এই পৌরসভা আজকে ১৩২ বছরে পদার্পণ করেছে এবং এই পৌরসভার সংলগ্ন যে পঞ্চায়েতগুলো আছে তাকে সংযুক্ত করে সি ক্যাটেগরি থেকে বি ক্যাটেগরিতে উত্তীর্ণ করার জন্য আমি মাননীয় মন্ত্রীকে দাবি জানাচ্ছি এবং পরবর্তীতে এই পৌরসভাকে কর্পোরেশনে উত্তীর্ণ করা হোক, এই দাবি রাখছি।

শ্রী ইন্দ্রজিৎ টাঙ্গী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি দাবি করব যে, বাঁকুড়ার ইন্দপুর থেকে পুরুলিয়া জেলার সীমানা বীনপুর পর্যন্ত একটা রাস্তা আছে। এই রাস্তার অর্ধেক শালডিয়া বলে একটা জায়গা আছে, সেখানে একটা কলেজ আছে সেই পর্যন্ত রাস্তাটা হয়েছে। তার পরের যে আট কিলোমিটার রাস্তা সেটা হয়নি। সেখানে যানবাহন চলাচলে অসুবিধা হচ্ছে, যান চলাচল করতে পারছে না। শালডিয়াতে শিক্ষা প্রতিষ্ঠান আছে, হাসপাতাল আছে। এখানে খুবই দুরবস্থা তৈরি হয়েছে। যাতে ওই আট কিলোমিটার রাস্তা পুনরায় সংস্কার করা হয় তার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে উনি খুব গর্বের সঙ্গে বললেন যে, বিদ্যুতের এই বেহাল অবস্থা যুগ যুগ ধরে চলবে, লোড শেডিং চলবে। উচ্চমাধ্যমিক পরীক্ষা চলছে। মাধ্যমিক পরীক্ষা চলাকালীন কলকাতা-সহ গ্রামে-গঞ্জে ব্যাপক লোড শেডিং চলছে। উচ্চমাধ্যমিক পরীক্ষা যেদিন শুরু হয় সেদিন অনেক সেন্টারে লোড শেডিং হয়েছে। সমস্ত সেন্টারে জেনারেটর নেই। তার ফলে পরীক্ষার্থীদের চরম দুরবস্থার মধ্যে পড়তে হয়েছে। তিনি বলছেন গ্রামে মৌজায় মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেবেন। আর এই যে বিদ্যুতের বেহাল অবস্থা চলছে ছেলে-মেয়েরা পড়াশোনা করবে কি করে ? মাননীয় মন্ত্রী শুধু আশ্বাস দিলেই হবে না, কার্যকরী করার জন্য এবং উচ্চমাধ্যমিক চলাকালীন কোথা থেকে কীভাবে বিদ্যুৎ দেবেন জানি না। আমরা জনপ্রতিনিধি, মানুষ আমাদের কাছে ক্ষোভ জানায়। বাম বিধায়করাও মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে ক্ষোভ জানিয়েছেন। বিদ্যুতের এই অবস্থা প্রতিরোধে আরও স্টেপ নেওয়া উচিত।

শ্রী স্বদেশরঞ্জন পাত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি যে, আমার বিধানসভা এলাকায় বোগা গ্রামের সি পি এম-এর একজন সদস্য রাত্রিবেলা সুন্দরপুর অঞ্চলে যাত্রা শুনতে গিয়েছিল। গ্রামের একজন দোকানদারকে সে বলে গিয়েছিল যে, যাত্রা শেষে সে তার সঙ্গে বাড়ি ফিরবে, কিন্তু যাত্রা শেষে কয়েকজন মিলে তাকে ধরে নিয়ে গিয়ে নৃশংসভাবে হত্যা করেছে। আমি ওই জহ্লাদদের শাস্তি দাবি করছি। ওই ঘটনার সি.আই.ডি. তদন্ত দাবি করছি।

[12.20 – 12.30 p.m.]

শ্রী কল্লোল খাঁ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বারবার দৃষ্টি আকর্ষণ করেছি বিগত দিনে। আজকেও দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার বিধানসভা বেথুয়াডহরির এক নম্বর এবং দুই নম্বর গ্রাম পঞ্চায়েতে পৌর বোর্ড গঠনের যে পরিকল্পনা আপনার দপ্তরে এসেছে, আমি আপনার কাছে দাবি জানাচ্ছি, বেথুয়াডহরিকে পৌরসভা করা হোক অতি সত্বর, ধন্যবাদ।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন। আমার বিধানসভা সুতীর অন্তর্গত হাড়োয়া গ্রাম—আমিও সেই গ্রামের বাসিন্দা—এই সপ্তাহের মধ্যে ৮-৯ জন মারা গেছে। জ্বর হচ্ছে, মারা যাচ্ছে। বেশ কয়েকজন জঙ্গিপুর হাসপাতালে ভর্তি আছে। একটা আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়েছে। এই বিষয়টা আমি বিভাগীয় অফিসারদের জানিয়েছি, সি এম ও এইচ-দেরও জানিয়েছি, লোকাল ডাক্তারদেরও জানিয়েছি। তাঁরা কালকে গিয়েছিলেন, আজকে ওই জেলার কর্মাধ্যক্ষ— স্বাস্থ্য দপ্তরের—তিনিও যাবেন। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এই বিষয়ে একটু হস্তক্ষেপ করুন। এই গ্রামে ১০-১৫ হাজার লোক বসবাস করে। যাতে এই আতঙ্কগ্রস্ত মানুষদের সাহস দেওয়া যায়, তার ব্যবস্থা করার জন্য আবেদন করছি।

শ্রী অশোক কুমার দেব : স্যার, নির্বাচন যত এগিয়ে আসছে, আমরা দেখতে পাচ্ছি সি পি এম ততই সন্ত্রাস শুরু করেছে। আজকেও কাগজে দেখবেন, সি পি এম দুটি জায়গায় খুন করেছে। আমরা শান্তিপূর্ণভাবে নির্বাচন করতে চাই। সি পি এম বুঝতে পেরেছে, তাদের পায়ের তলার মাটি সরে গেছে। তাই সন্ত্রাস শুরু করেছে। তাই আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে জানাতে চাই, অন্ততপক্ষে নির্বাচনের সময় যাতে সি পি এম, পুলিশ সন্ত্রাস করতে না পারে, তার জন্য ব্যবস্থা নেওয়া হোক। এখানে চারজন মন্ত্রীও আছেন। তাঁদের আমি অনুরোধ করব, তাঁদের এলাকাতেও দেখা যাচ্ছে বিভিন্নভাবে সন্ত্রাস করছে। মন্ত্রীরা যেন এইসব ব্যাপারে জড়িত না থাকেন এবং ইন্ধন না জোগান।

শ্রী ভক্তরাম পান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, গত ২০০৪ সালে লোকসভা নির্বাচন হয়, তারপর যে সরকার হয়, সেই সরকারের অভিন্ন এক দফা কর্মসূচী ছিল, আমাদের দেশে স্বাধীন বিদেশ নীতি থাকবে। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, কংগ্রেস এবং বি জে পি আজকে মার্কিন সাম্রাজ্যবাদের দোসরে পরিণত হয়েছে। ওয়াশিংটন পোস্টে বেরিয়েছে, ভারতবর্ষ ২১০ কোটি মার্কিন ডলারে ১০ হাজার ৭০০ কোটি টাকার মার্কিন অস্ত্র কিনেছে। এর আগেও গত বছরের জানুয়ারি মাসে চার হাজার কোটি টাকার যুদ্ধ বিমান কেনা হয়েছিল। আসল কথা হল, বিদ্যুৎ, পরমাণু বিদ্যুৎ—এইসব নয়, আমাদের দেশকে মার্কিন সাম্রাজ্যবাদীদের পদানত করার জন্যই এইসব করা হচ্ছে। এন ডি এ এবং ইউ পি এ এই একই নীতিতে চলছে। সাম্রাজ্যবাদ বিরোধী ভারতবর্ষ এর বিরোধিতা করছে, জনগণ এদের শাস্তি দেবে, এটাতে কোনো সন্দেহ নেই।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভক্তরামবাবু বোধহয় কাগজ পড়েন না। আজকের কাগজেই আছে, পশ্চিমবঙ্গের জন্য আমেরিকার যে বিনিয়োগ, তার সুরক্ষা করার জন্য বামফ্রন্ট সরকার চেষ্টা করবে।

কখনও যদি কোনো সন্তান তার মায়ের অস্তিত্বকে অস্বীকার করে সেটা সামাজিক ক্ষেত্রে খুবই দুঃখের, কষ্টের ব্যাপার। স্যার, বসুমতী পত্রিকা বন্ধের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। আর এই বসুমতী পত্রিকা একটা সময় বিবেকানন্দ মুখোপাধ্যায়ের লেখা পড়বার জন্য বামপন্থীরা সকালবেলায় উঠেই বসুমতী পত্রিকা কিনতে যেতেন। আজকে বামপন্থীরা আসার পিছনে বসুমতী পত্রিকার একটা বিশেষ অবদান আছে। এই ব্যাপারে কেউ অস্বীকার করতে পারেন না। সেই বসুমতী পত্রিকাটিকে ২৮ ফেব্রুয়ারি, ২০০৯ সালের পরে বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত হল। একদিকে শিল্পায়ন হবে, একদিকে কল-কারখানা বাঁচবে, আর একদিকে বসুমতী পত্রিকার মতো একটা ঐতিহ্যশালী পত্রিকা যেটা রামকৃষ্ণদেবের ইচ্ছায় হয়েছিল, যেটা বিবেকানন্দ, ঋষি অরবিন্দ, বারীন ঘোষ, মহাত্মা গান্ধী তাঁরা সকলেই গিয়েছিলেন যে পত্রিকার দপ্তরে, যে পত্রিকা দীর্ঘ দিনের ঐতিহ্য বহন করে আসছে, পেঙ্গুইন সিরিজের অনেক আগে এই বসুমতী পত্রিকা পেপার ব্যাকে বই বের করেছিল, যাতে করে বাংলার মানুষ আমাদের দেশের সমস্ত সাহিত্যিকদের লেখা অল্প দামে পেতে পারে। বসুমতী পত্রিকা বন্ধ হয়েছিল ১৯৯৩ সালে। কি কারণের জন্য ? স্যার বসুমতী পত্রিকাকে বলা হয়েছিল গণশক্তি ছাপতে হবে। তারা বলেছিল কোনো রাজনৈতিক দলের কাগজ ছাপতে পারব না। তার জন্যই বুদ্ধদেববাবু তাঁর প্রতিহিংসা চরিতার্থ করার জন্য বসুমতী পত্রিকা বন্ধ করে দিলেন ১৯৯৩ সালে। যা হোক বসুমতী প্রেসটা চলছিল, সেই প্রেসটাকে গত ২৮ তারিখে বন্ধ করে দেওয়ার কথা বলা হল এবং ই আর এস দেওয়া হল। এই যে ই আর এস দেওয়া হল, অত্যন্ত আনন্দের কথা সি পি এম ইউনিয়ন আছে, আমার ইউনিয়ন আছে, কিন্তু একজনও নেয়নি। আমাদের লোকেরাও দেয়নি, সি পি এম-এর লোকেরাও দেয়নি। কোর্ট অর্ডার দিয়ে সরকারকে বলেছে, আপনারা রিপোর্ট দিন একজনও কেন ই আর এস দেয়নি। আমি সরকারের কাছে আবেদন করব, এই যে ঐতিহ্যশালী পত্রিকা যার সঙ্গে আমাদের ইতিহাস জড়িয়ে আছে, সংস্কৃতি জড়িয়ে আছে, সাহিত্য জড়িয়ে আছে এই কাগজটা যাতে বন্ধ না হয়, অন্তত বসুমতী প্রেসটা যাতে চলে—স্যার, সরকারের কাছে মাত্র ৩০ কোটি টাকার কাজ চাইছে। তারা বলছে আমাদের এক টাকাও অনুদান দিতে হবে না, কোনোদিন তারা অনুদান নেয়নি। তারা ঋণ নেয় ১৫% সুদে। তারা বলছে, এক টাকাও ঋণ দিতে হবে না, শুধু ৩০০ কোটি টাকার সরকারের যে কাজ হয় তার মধ্যে ৩০ কোটি টাকার কাজ পেলেই বসুমতী থাকবে। বসুমতীর সঙ্গে জড়িয়ে বাংলার ইতিহাস, সাহিত্য, সংস্কৃতি সব কিছু। এখানে সরকারের মন্ত্রীরা বসে আছেন, তাঁদের মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব, মুখ্যমন্ত্রীর প্রতিহিংসা সাজে না। তিনি রাজ্যের মুখ্যমন্ত্রী, একটু সহানুভূতির দৃষ্টি নিয়ে অন্ততপক্ষে এই ঐতিহ্যশালী পত্রিকা যাতে বেঁচে থাকে, প্রেস যেন বেঁচে থাকে—মাত্র ৩০ কোটি টাকার কাজ পেলেই যারা প্রেসকে চালিয়ে যেতে পারবে তাদের জন্য এই ব্যবস্থা যেন নেওয়া হয়।

শ্রীমতী মাফুজা খাতুন : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনি জানেন রাজ্যে তৃণমূল কংগ্রেস সন্ত্রাস এবং নৈরাজ্য সৃষ্টি করছে তার জ্বলন্ত উদাহরণ গতকাল ভোর রাতে দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর ব্লকের নন্দনপুর গ্রাম পঞ্চায়েতের হাতানিয়া গ্রামে আনসার আলিকে খুন করেছে তৃণমূল দুষ্কৃতকারীরা। তৃণমূলের কুখ্যাত দুষ্কৃতি, সমাজবিরোধীরা ওই হাতানিয়া গ্রামের আলিমুদ্দিন মিঞাঁ এবং ধলু মিঞাঁর নেতৃত্বে প্রায় ৩০/৪০ জন বোমা এবং আগ্নেয়াস্ত্র নিয়ে আনসারের বাড়িতে চড়াও হয়ে আনসারের বাড়িতে খুন করে। আমি এই খুনের তীব্র প্রতিবাদ জানাবো এবং গোটা জেলায় এবং রাজ্যে তারা খুন, সন্ত্রাস এবং নৈরাজ্যের বাতাবরণ সৃষ্টি করছে, পরিবেশ নষ্ট করছে। ১৭ তারিখ রাত্রে খেজুরিতেও হিমাদ্রি পাত্রকে খুন করেছে তৃণমূল আশ্রিত সমাজবিরোধীরা এবং গুণ্ডারা। আমার জেলা দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট লোকসভা কেন্দ্রের তৃণমূলের যিনি প্রার্থী সেই বিপ্লব মিত্র এই সমাজবিরোধী, গুণ্ডাদের, অ্যান্টিসোসালদের পৃষ্ঠপোষকতা করছেন, তাদের মদত দিচ্ছেন, তাদের আশ্রয় দিচ্ছেন। আমাদের বালুরঘাট লোকসভা কেন্দ্রে আমরা লক্ষাধিক ভোটে জিতি। আমাদের জেলা হচ্ছে লালদুর্গ এবং সেখানে যিনি ওদের প্রার্থী হয়েছেন তিনি সেখানে সন্ত্রাস সৃষ্টি করে তার পক্ষে জনসমর্থন আদায় করতে চাইছেন। আমি তৃণমূলের এই খুন, সন্ত্রাস, নৈরাজ্য সৃষ্টি করার জন্য এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং আনসার আলিকে যারা খুন করেছে সেই খুনীদের অবিলম্বে গ্রেপ্তার এবং দৃষ্টান্তমূলক শাস্তি এবং এর পাশাপাশি হিমাদ্রি পাত্রকে খেজুরিতে যারা খুন করেছে সেই খুনীকে গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার জন্য মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.30 – 12.40 p.m.]

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয়েছে যে, তাঁর এবং রাজ্য সরকারের আবেদনে গোর্খা জনমুক্তি মোর্চার নেতারা সাড়া দেওয়াতে আপাতত শান্তি প্রতিষ্ঠিত হয়েছে পাহাড়ে এবং তার জন্য সরকার আনন্দ প্রকাশ করেছে। শান্তি যে শ্মশানের শান্তি সেটা এখন বুঝতে পারা যাচ্ছে, যখন সেখানে ৭০টি চা-বাগান এবং ৭০টি চা-বাগানের সঙ্গে জড়িত ৫৫,০০০ শ্রমিকের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে কারণ, গোর্খা জনমুক্তি মোর্চার নেতারা ফতোয়া জারি করেছে, দার্জিলিং চা-কে গোর্খাল্যান্ড চা বলে চিহ্নিত করে বাজারে না নিয়ে গেলে সেই চা তারা বাজারে যেতে দেবেন না এবং চা-বাগানগুলোতে ফতোয়া দেওয়া হয়েছে যে, গোর্খা জনমুক্তি মোর্চার কর্মীদেরকে চা-বাগান থেকে বেতন দিতে হবে। আজকে তার ফলে ৭০টি চা-বাগান বন্ধের মুখে, ৫৫,০০০ চা-শ্রমিকের ভবিষ্যৎ অনিশ্চিত এবং আপনারা জানেন সরকারও জানে, দার্জিলিং চা বিদেশে কতটা সমাদৃত। দার্জিলিং-এর আম্বুটিয়া চা-বাগানের চা গত বছর বিদেশের বাজারে ৭৬,০০০ টাকা প্রতি কেজি হিসাবে বিক্রি হয়েছে। এই বৈদেশিক মুদ্রা অর্জনকারী সম্ভাবনাময় এবং পৃথিবীব্যাপী যে চায়ের খ্যাতি সেই চা শিল্প আজকে গভীর সংকটের মুখে। সেই সংকট থেকে দার্জিলিং-এর চা-বাগানগুলোকে বাঁচাতে এবং ৫৫,০০০ শ্রমিকের ভবিষ্যৎ সুনিশ্চিত করতে। কারণ এখনও পর্যন্ত ডুয়ার্সের ১৪টি বাগান রাজ্য সরকার খুলতে পারেনি। পাশাপাশি ৭০টি বাগানের ভবিষ্যৎ অনিশ্চিত হওয়াতে উত্তরবঙ্গের আর্থ-সামাজিক পরিস্থিতি

আরো সংকটের দিকে এগিয়ে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে অবিলম্বে রাজ্য সরকার এবং বিশেষত মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি। যাতে সেখানে আজকে সরকার তার ক্ষমতা প্রয়োগ করে এই ধরনের অবৈধ এবং বিরোধী কার্যকলাপ থেকে গোর্খা জনমুক্তি মোর্চার মানুষকে বিরত করতে পারেন এবং স্বাভাবিক অবস্থা ফিরিয়ে এনে ৫৫,০০০ শ্রমিকের ভবিষ্যৎকে অনিশ্চয়তার পথ থেকে নিশ্চয়তার পথে আনতে পারেন। ধন্যবাদ।

ZERO HOURS

শ্রীমতী সোনালী গুহ : স্যার, আমাদের একটা বাংলায় কথা আছে, চোরের মায়ের বড়ো গলা। খুনিরা সব সময় একটু চিৎকার করে বেশি। এই যে খুন করেছে ইমদাদুল হককে, শহিদের মা বসে আছেন, রক্তস্নাত নন্দীগ্রাম। তারাই আবার আমাদের খুনি বলছে স্যার। আজকে 'খবরে প্রকাশ, মিনাখাঁ এলাকায় মনিরুল রহমান মোল্লা, তার বাবার সামনে, তাকে বাড়ি থেকে ডেকে নিয়ে যায় সি পি আই এম দুষ্কৃতিরা এবং ডেকে নিয়ে গিয়ে গুলি করে ছেলেটিকে মেরে ফেলে। সে আমাদের তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি ওই অঞ্চলের। তার রক্তে মিনাখাঁ আজকে লাল হয়ে গেছে। তার দেহটা নিয়ে তৃণমূলের কর্মীরা হয়তো এখন কবরে পৌঁছেছে। তার মায়ের চোখের জল—সারা বাংলা জুড়ে আজকে রক্তস্নাত হচ্ছে। আজকে বিপ্লব মিত্রের নাম করে যারা উল্লাস করে, সেখানে তমলুকের মাননীয় সাংসদ বলছেন, এই নির্বাচন রক্তস্নাত হবে। যারা নির্বাচনকে রক্তস্নাত করতে মানুষকে উৎসাহ দেয় তারা কি করে তৃণমূলকে খুনি বলে ? এই খুনিদের অবিলম্বে ধরা উচিত। আর খুনিদের মুখ্যমন্ত্রীকে অবিলম্বে গ্রেপ্তার করা উচিত। ধন্যবাদ স্যার।

শ্রী দুলাল বর : ধন্যবাদ স্যার। আমি আপনার মাধ্যমে একটা কথা জানাই। আপনি জানেন স্যার, আমার বাগদা এলাকায় প্রায় ৬২ কিলোমিটার এলাকা হচ্ছে ইন্দো-বাংলাদেশ বর্ডার। এখানে অধিকাংশ গ্রামগুলোই বর্ডার সাইডে। কিন্তু এখন সেখানে বি এস এফ-এর এমন উৎপাত যে, এই বি এস এফ-রা বাংলাদেশের দুষ্কৃতিদের ঠেকানো তো দূরের কথা, তারা আমাদের দেশের যারা নাগরিক তাদের প্রতিনিয়ত হ্যারেস করছে স্যার। গত পরশু দিন ১৮-২০ বছরের একজন সংখ্যালঘু সম্প্রদায়ের মহিলা সন্ধেবেলা বাড়ির কলে বাসন ধুতে গিয়েছিল, সেই অবস্থায় বি এস এফ-এর এক জওয়ান তার শ্লীলতাহানি করার চেষ্টা করে। গ্রামের মানুষ সংঘবদ্ধ হয়ে এর প্রতিবাদ করলে, ক্যাম্প থেকে আরো ১০-১২ জন বি এস এফ এসে উল্টোপাল্টা মারধোর করে। এতে ৬০ বছরের বেশি তার শাশুড়ীকে মেরে বাগদা হাসপাতালে ভর্তি করে দিয়েছে। এই ঘটনার জন্য আমি অবিলম্বে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় স্বরাষ্ট্র বিভাগের কাছে ব্যবস্থা নেওয়ার জন্য দাবি জানাচ্ছি। বি এস এফ যেন সিকিউরিটি দেওয়ার কাজটা করে। কিন্তু আমাদের ভারতীয় নাগরিকদের উপরে এইভাবে অত্যাচার করছে, তাই এই ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করছি।

মি ডেপুটি স্পীকার : এটা তো সেন্ট্রাল গভর্নমেন্টকে দৃষ্টি আকর্ষণ করছেন, রাইটলি বলেছেন। রাইটলি সে, এখানে তো কিছু করার নেই।

শ্রী অশোক দেব : স্যার, মুখ্যমন্ত্রীর নিজের এলাকা যাদবপুর ইউনিভার্সিটি। গতকাল রাত্রিবেলায় প্রচণ্ড গণ্ডগোল হয়, হস্টেলের ছেলেদের সাথে পাড়ার। আমরা দেখতে পাচ্ছি, যাদবপুর ইউনিভার্সিটিতে প্রায়ই এইরকম ঘটনা ঘটছে। আমরা নিজেরা একবার গিয়েছিলাম। যাদবপুর ইউনিভার্সিটিতে গিয়ে আমরা দেখে এলাম অবস্থা খুব শোচনীয়। তা ছাড়া মাঝখানে কার্নিস ভেঙে গিয়ে একজন মারাও গিয়েছিলেন। আমি আপনার কাছে বলতে চাই, শিক্ষাক্ষেত্রে যদি এইরকম ঘটনা ঘটে, সেই এলাকার এম এল এ হচ্ছেন মুখ্যমন্ত্রী, তাহলে রাজ্যের অন্য শিক্ষাক্ষেত্রের কি অবস্থা হবে ! আপনারা সহজেই নিশ্চয় সেটা অনুমান করতে পারছেন। আমরা শান্তি চাই। যারা দোষী তাদের গ্রেপ্তার চাই আর এই ধরনের ঘটনা যাতে না ঘটে তার জন্য যিনি ভাইস চ্যান্সেলার বা চ্যান্সেলার আছেন তাঁদের দায়-দায়িত্ব কম নয়। যাতে অবিলম্বে এই ঘটনার সুরাহা হয় তার জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

Shri Pranay Rai : सम्माननीय उपाध्यक्ष महोदयको माध्यम द्वारा सम्माननीय मुख्यमंत्री महोदयको ध्यान आकर्षण गर्नु चहान्छु। गत वर्ष पनि मईले बारम्वार भन्दै आएको छु, विशेष दार्जिलिङ भु-भाग को Legal Status सम्बन्धि 1950 सालको भारत अनि नेपाल बीच दुईपक्षीय संधि धारा 8 सम्बन्धि कुरा राखेको थिए। फेरि पीन....... म भन्नु चहान्छु कि यसको permanent solution निकाली यस भू-भाग लाई Constitutional Recognition गरी दिया जाहोस भन्ने हजुरको मार्फत सम्माननीय मुख्य मंत्री महोदयको ध्यान आर्कर्षित गर्नु चहान्छु।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, বামফ্রন্টের পায়ের তলার মাটি সরে যাচ্ছে, তার জন্য এদের দলের সাংসদ যিনি প্রতিদ্বন্দ্বিতা করছেন তিনি বলেছেন, এবারের নির্বাচন রক্তাক্ত নির্বাচন অর্থাৎ প্রভোকেশানটা শুরু হয়ে গেছে, বামফ্রন্টের পক্ষ থেকে এবং তার পরিণতিতে গত ১৬ মার্চ মিনাখাঁ থানার দরগা গ্রামে। ওখানে মনিরুল রহমান মোল্লাকে বাড়ি থেকে ডেকে এনে সি পি এম-এর হার্মাদবাহিনী খুন করেছে। একইভাবে স্যার, গঙ্গারামপুরে নন্দরপুর গ্রাম আক্রান্ত হয়েছিল। দলে দলে মানুষ যখন তলার লেবেলে সি পি এম ছেড়ে অন্যান্য দলে চলে যাচ্ছেন বা সি পি এম-কে পরিত্যাগ করছেন, তাদের সেই ক্ষমতাকে ধরে রাখবার জন্য এখন সন্ত্রাসের রাস্তায় নেমেছে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এবং তাদের হার্মাদবাহিনী। আমরা দেখেছি হার্মাদবাহিনীর অত্যাচারের বিরুদ্ধে মানুষ রায় দেয়—এখানে ফিরোজা বিবি বসে আছেন। স্যার, সম্প্রতি বিষ্ণুপুর পশ্চিমে যে নির্বাচন হয়ে গেল, সেখানেও আমরা দেখেছি মানুষ কীভাবে সি পি এম-এর বিরুদ্ধে ভোট দেয় এটা দেখতে পাচ্ছি এবং এই যে ইরোশান তলার থেকে মানুষ চলে যাচ্ছে তার জন্য আজকে ওই মার্কসবাদী কমিউনিস্ট পার্টি জেলার হার্মাদবাহিনীকে জেলায় জেলায় সংগঠিত করছে, কত মানুষকে খুন করছে। স্যার, আমি আপনার মাধ্যমে নিবেদন করতে চাই, রাজ্যে নির্বাচন আসছে, এই নির্বাচনের ২ মাস আগে যদি এই ধরনের খুন-খারাপি শুরু হয় তাহলে এর পরিণতিটা কোথায় গিয়ে দাঁড়াবে ! তার জন্যই সরকারের পক্ষ থেকে যাতে যথাযথ ব্যবস্থা নেন তার জন্য বলব। সরকার আর কি করবেন, বুদ্ধদেববাবু উত্তেজক

বক্তৃতা করছেন—মুখ্যমন্ত্রী উত্তেজক বক্তৃতা করছেন—অর্থাৎ তলার লেবেলের মানুষকে তারা আরো ক্ষেপিয়ে তুলছেন, যাতে তারা সর্বনাশের পথ বেছে নেয়। আমি এই সন্ত্রাসের বিরোধিতা করছি এবং যারা সন্ত্রাস করছে যে হার্মাদবাহিনী রাস্তায় নেমে পড়েছে তাদেরকে অবিলম্বে গ্রেপ্তার করার দাবি করছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সভায় মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় আছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। ইতিমধ্যে আপনি ভালো কাজ করেছেন ওই উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলি তাতে সেকেন্ডে এন এম তৈরির জন্য স্থানীয়ভাবে তাদেরকে চয়ন করেছেন এবং ট্রেনিংও করেছেন, ১৮ মাস ট্রেনিং নিয়ে তাঁরা সবাই বাড়ি ফিরেছেন।

[12.40 – 12.50 p.m.]

কিন্তু নিয়োগ দেওয়া যায়নি। অনেক উপ-স্বাস্থ্যকেন্দ্রে স্বাস্থ্যকর্মী নেই। সেই জন্য প্রাথমিক চিকিৎসা হচ্ছে না। তাই আমি বলব অতি সত্বর স্থানীয় ভিত্তিতে সেকেন্ড এ. এন এম ট্রেনিং যারা নিয়ে এসেছে তাদের যুক্ত করা হোক। হাজারখানেক 'আশা' কর্মী চয়ন করা হয়েছে, কিন্তু তাদের ট্রেনিং হয়নি এবং নিয়োগ হয়নি। সেই কারণে অতি সত্বর নিয়োগ করে দেওয়ার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এর ফলে গ্রামীণ স্বাস্থ্য পরিষেবা গ্রামের মানুষ পেতে পারবে।

শ্রী আব্দুল খালেক মোল্লা : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বলব—সম্প্রতি আপনারা জানেন মাধ্যমিক পরীক্ষা শেষ হয়ে গেছে, উচ্চ মাধ্যমিক গত ১৫ তারিখ থেকে আরম্ভ হয়ে গেছে। গোটা পশ্চিমবাংলায় এখন ছাত্র-ছাত্রীরা পড়াশোনার জন্য, পরীক্ষার জন্য তৈরি হচ্ছে। এমতাবস্থায় আমরা দেখছি ব্যাপকভাবে লোডশেডিং কলকাতা-সহ গোটা পশ্চিমবাংলায় চলছে। তার ফলে পড়াশোনার ক্ষতি হচ্ছে। একদিকে যেমন পড়াশোনার ক্ষতি হচ্ছে, অন্যদিকে কল-কারখানার প্রোডাকশনে মার খাচ্ছে। দুঃখের বিষয়, হাসপাতাল সেখানেও লোডশেডিং চলছে। লোডশেডিংয়ের জন্য অপারেশন বন্ধ হয়ে যাচ্ছে, রোগীরা পরিষেবা পাচ্ছে না। আমি তাই দাবি করছি, অবিলম্বে এই লোডশেডিং বন্ধ করার ব্যবস্থা করা হোক। একেবারে বন্ধ হয়তো করা যাবে না, অন্ততপক্ষে লোডশেডিং যাতে কম হয় তার উদ্যোগ নিলে ভালো হয়। ধন্যবাদ।

শ্রীমতী মাফুজা খাতুন : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিগত ৩-৪ মাসের মধ্যে আমাদের রাজ্যে যে কলেজগুলোতে ছাত্র সংসদের নির্বাচন হয়েছে সেখানে বেশির ভাগ কলেজে এস এফ আই দখল করেছে। এস এফ আই-এর জয় অব্যাহত রয়েছে। অতি সম্প্রতি প্রেসিডেন্সি কলেজে ছাত্র সংসদের গণতান্ত্রিক প্রগতিশীল অংশ ছাত্রসমাজের সংগঠন এস এফ আই তারা বিপুল ভোটে রেকর্ড ভোটে জয়লাভ করেছে। বিরোধী দল বি জে পি, তৃণমূল কংগ্রেস বলছে মেধাবী

ছাত্র-ছাত্রীরা এস এফ আই করে না। কিন্তু তার জ্বলন্ত উদাহরণ—তারা ঝামা ঘষে দিয়েছে। প্রেসিডেন্সি কলেজে ছাত্র সংসদ নির্বাচনে বিপুল ভোটে রেকর্ড ভোটে এস এফ আই-এর জয়লাভ। প্রেসিডেন্সি কলেজ-সহ গোটা রাজ্যে এই এফ আই-এর নেতৃত্বাধীন ছাত্র-ছাত্রীদের এই হাউসের মাধ্যমে অভিনন্দন জানাতে চাই।

[At this stage the House was adjourned till 1.30 p.m.]

(After Recess)

[1.30 – 1.40 p.m.]

POINT OF INFORMATION

শ্রী দীপক সরকার : স্যার, আমি অত্যন্ত উদ্বেগের সঙ্গে একটি ঘটনার কথা এই হাউসকে জানাচ্ছি। বিষয়টি খুবই উদ্বেগের। উত্তরবঙ্গের অসম সংলগ্ন এলাকায় জঙ্গিরা খুবই সক্রিয়। উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে কে এল ও জঙ্গিরা সাইকেলে বিস্ফোরণ ঘটিয়েছে এবং তাতে একজন মানুষ মারা গেছেন এবং ১৮ জন মানুষ আহত হয়েছেন। স্যার, আমি মানুষের নিরাপত্তা দাবি করছি এবং এই ব্যাপারে পুলিশকে সতর্ক করার জন্য দাবি করছি। আর রাজ্য সরকারের পক্ষ থেকে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

শ্রী পার্থ চট্টোপাধ্যায় : স্যার, মুশকিল হল, আগে থেকেই দীপকবাবুরা বলে দিলেন এই ঘটনায় দোষী কারা। স্যার, আমি শুধু বলতে চাই, সরকারের তরফ থেকে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এই ব্যাপারে হাউসে একটা বিবৃতি দিন। এই ঘটনার পেছনে কাদের হাত আছে, কারা দোষী, সেই ব্যাপারে আমরা এই হাউসে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর বিবৃতি দাবি করছি। কারণ, নির্বাচনের আগে কি ধরনের প্রোটেকশান আমরা মানুষকে দিচ্ছি সেটা জানা দরকার। এই ঘটনাটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা, এই ব্যাপারে আমরা মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর বিবৃতি দাবি করছি।

মিঃ স্পীকার : আমি পরিষদীয় মন্ত্রীকে বলছি, কালকে মাননীয় মুখ্যমন্ত্রীকে থাকতে বলবেন, কালকে ওনার জবাবি ভাষণ দেওয়ার আছে। এই ব্যাপারটা ওনাকে জানিয়ে দেবেন।

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রীমতী সোনালী গুহ : মিঃ স্পীকার স্যার, মাননীয় রাজ্যপাল গোপালকৃষ্ণ গান্ধী বাজেট অধিবেশনের শুরুতে যে বক্তব্য এই হাউসে রেখেছেন তা অর্ধসত্য। আমি বক্তব্য রাখার আগে বিরোধী দলনেতা এবং সরকার পক্ষের দীপক সরকার সন্ত্রাসবাদের ঘটনার কথা উল্লেখ করেছেন। কিন্তু মাননীয় রাজ্যপালকে দিয়ে বলানো হয়েছে আমাদের রাজ্যে সন্ত্রাসবাদের কোনো ঘটনা ঘটেনি। কিন্তু আজকে আমরা জানতে পারলাম, উত্তরবঙ্গের একটি অঞ্চলে বিস্ফোরণের ঘটনা ঘটেছে। আমরা চাই, এই ঘটনার তদন্ত হোক এবং যারা প্রকৃত দোষী তাদের শাস্তি হোক। আমি দীপকবাবুর বক্তব্যের সঙ্গে একমত, পুলিশী তৎপরতা

আরও বাড়ানো দরকার। কারণ, পুলিশের ইন্টেলিজেন্স ব্রাঞ্চ বারবার ফেল করছে বলেই জঙ্গিরা বিস্ফোরণ ঘটাতে সক্ষম হচ্ছে। যারাই এই বিস্ফোরণ ঘটিয়ে থাকুক, সে কে এল ও হোক বা কে পি পি হোক তাদের যারা এই ঘটনার পেছনে আছে তাদের কঠোরতম শাস্তি দেওয়া হোক। যারা সন্ত্রাসবাদের সঙ্গে যুক্ত তাদের আমরা কখনোই সমর্থন করতে পারি না। আমরা সব সময় শহিদদের সম্মান জানাই। বোম্বেতে সন্ত্রাসবাদী হামলায় নিহত একজন সেনানীর দেহ যখন কেরলে তার বাড়িতে নিয়ে যাওয়া হয়, তখন সেখানকার মুখ্যমন্ত্রী তাঁকে কুকুরের সঙ্গে তুলনা করেন। এসব দেখে আমাদের কষ্ট হয়। আমরা ভারতবর্ষের নাগরিক হিসাবে যখন গান গাই—

মেরে ওয়াতন কি লোগো,
জরা আঁখ ভরালো পানী,
জো শহিদ হুয়ে হ্যায় উনকো,
য্যারা ইয়াদ করো কুরবানী,

যখন সেই শহিদদেরকে কুকুরের সঙ্গে তুলনা করেন কেরলের মুখ্যমন্ত্রী, তখন খুব কষ্ট হয়। এই হচ্ছে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা এবং কেরলের সামগ্রিক চিত্র। স্যার, আজকে যখন আমরা এইখানে দাঁড়িয়ে, আমি অন্তত নিজে একজন তৃণমূল কংগ্রেসের সৈনিক হিসাবে মনে করি। আজকে রাজ্যপালের জবাবি ভাষণের ওপর আমাকে বলার সুযোগ আপনি দিয়েছেন। স্যার, দেখবেন মাননীয় রাজ্যপালের ভাষণের ওপর আমাদের অনেক সংশোধনী জমা পড়েছে। কিন্তু আমি মাননীয় রাজ্যপালের ভাষণের ওপর একটিও সংশোধনী জমা দিইনি। তার একটাই কারণ, রাজ্যপালকে দিয়ে যে বক্তব্যগুলো রাজ্য সরকার বলানোর চেষ্টা করছেন তা আংশিক সত্য, অর্ধসত্য অথবা অসত্য। আমি যখন এখানে বক্তব্য পেশ করছি, তখন আমার পেছনে বসে আছেন একজন শহিদের মা, ইমদাদুল হককে যিনি বলেছিলেন নন্দীগ্রামের জমি বাঁচানোর লড়াইতে, ছেলেকে তিনি বলেছিলেন—বাবা তুমি এগিয়ে যাও। মা-মাটি-মানুষের লড়াইকে তুমি মজবুত করো। ইমদাদুল 'হে আল্লা' বলার সময়টুকু পায়নি। তার বুক এফোঁড় ওফোঁড় করে রাজ্য সরকারের পুলিশের গুলি ঢুকে গিয়েছিল। ইমদাদুল মাটিতে লুটিয়ে পড়েছিল। সেই ইমদাদুলের মা তিনি আমাদের শহিদ দিবসে, ২১ জুলাই বক্তব্য রাখতে এসে গত বছর অজ্ঞান হয়ে গিয়েছিলেন। স্যার, আমি যখন বক্তব্য রাখছি, তখন তাপসী মালিকের মায়ের চোখে জল, কারণ প্রকৃত খুনীরা আজকে ঘুরে বেড়াচ্ছে। তাদের হাতে দায়িত্ব পড়েছে, তারা দলের সম্পদ। কাকে আপনারা দলের সম্পদ করবেন, কাকে আপদ করবেন তা আবু আয়েশ দারা-ই প্রমাণ করে দিয়েছেন তৃণমূল কংগ্রেসে এসে। সে ক্ষেত্রে আমাদের বলার কিছু নেই। আজকে কংগ্রেসের সঙ্গে আমাদের লোকসভায় জোট হয়েছে। আজকে ট্রেজারি বেঞ্চে আমাদের সরকারি সদস্য যাঁরা আছেন তাঁরা অনেক বিদ্রুপাত্মক, তির্যক মন্তব্য করেছেন। স্যার, আজকে যখন আমি বক্তব্য রাখছি, তখন জলপাইগুড়িতে রজতজ্যোতি শর্মা কংগ্রেসের একজন নেতা, তাঁর অস্বাভাবিক মৃত্যু হয়েছে, গ্রেপ্তার হয়েছেন এক সি পি এম-এর সমর্থক। তার নাম অতনু চক্রবর্তী। আজকে যখন আমি আপনাদের সামনে বক্তব্য রাখছি এই সুমহিম সভায়, তখন আজকে মনিরুল রহমান

মিনাখাঁয় তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি, তাঁকে বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে গুলি করে সি পি এম-এর সমর্থকরা, এইভাবে তাঁকে মার্ডার করেছে। তাঁর বাবা মুজিবর রহমান মোল্লা বলেছেন, পঞ্চায়েত নির্বাচনের পর ভাইটাকে মেরে ফেলল আর লোক নির্বাচনের আগে আমার ছেলেটাকে মেরে ফেলল। একটা বাবা, একটা মার, সন্তানহারা পরিবারের যে আর্তনাদ সেটা বুদ্ধদেববাবুর কানে পৌঁছচ্ছে না। স্যার, আজকে যখন আমরা আপনার সামনে বক্তব্য রাখছি, আমার খারাপ লাগল আমি এই সভায় গতকাল অনুপস্থিত ছিলাম। কিন্তু এই সভায় একজন মাননীয়া সদস্যা তিনি আমাদের নেত্রী মমতা ব্যানার্জী সম্বন্ধে বলেছেন যে অংকেই তিনি শয়ন করুন না কেন, তা ছাড়া তিনি একটা বাজে ভাষা প্রয়োগ করেছেন, যা আমাদের রুচিতে লাগে। স্যার, আমরা জানি যে, ডাঃ চন্দন সেন হত্যায় কার হাত ছিল, চন্দন সেন হত্যায় বিশ্বজ্যোতির সঙ্গে সতীপনা করে কীভাবে ওয়ালেস হসপিটালের ডাঃ চন্দন সেনকে হত্যা করা হয়েছে, তার প্রকৃত তদন্ত হল না কেন ? তিনি কোন অংকে মমতা ব্যানার্জীকে শয়ন করাবেন আমি জানি না। তবে বলি যে, ভোটের অংকে তাঁদের এবার শয়ন করাবে। সেটা বুঝতে পেরেই সি পি এম-এর পায়ের তলা থেকে মাটি সরে যাচ্ছে। স্যার, যখন আমি বক্তব্য রাখছি তখন জায়গায় জায়গায় অস্ত্র মজুত হচ্ছে। কেশপুরে অস্ত্র মজুত হচ্ছে, তমলুকে অস্ত্র মজুত হচ্ছে। মহিষাদলে অস্ত্র মজুত হচ্ছে। আবার এই বাগুইআটিতে কলকাতার বুকে বিরাট অস্ত্র ভাণ্ডার পাওয়া গেছে। মুখ্যমন্ত্রী তো তার সি বি আই তদন্তের দাবি করছেন না। আমরা এ ক্ষেত্রে প্রকৃত তদন্তের দাবি জানাই। কোথা থেকে এই অস্ত্র আসছে ? আজকে এখানে মাননীয় সদস্য-সদস্যারা অনেকেই বলেছেন, অমুক জায়গার প্রার্থী সন্ত্রাস করানোর চেষ্টা করছেন। তমলুকের মাননীয় সাংসদ, তিনি এই হাউসের সদস্য নন। তিনি নিজে ভোটে লড়তে নেমে বলেছেন, এই নির্বাচন হবে রক্তাক্ত। এইভাবে যদি সি পি এম নেতারা প্ররোচিত করতে থাকেন, তাহলে সমগ্র পশ্চিমবঙ্গে একটা রক্তাক্ত পরিবেশ দেখা দেবে। তারই পরিকল্পনা আজকে আমরা দেখতে পাচ্ছি। উত্তরবঙ্গে বিস্ফোরণ হল, দীপকবাবু বললেন কে এল ও, আমি বললাম, তুমি কি করে জানলে কে এল ও ? ওরা কি দায় স্বীকার করেছে ? উনি বললেন না, সেটা আন্তর্জাতিক স্তরের, জাতীয় স্তরের সন্ত্রাসবাদী তারা স্বীকার করে। আমি আবার বলছি, আজকে সমগ্র রাজ্যে একটা বেহাল পরিস্থিতির সৃষ্টি হয়েছে। রাজ্যপালের ভাষণে তাই লক্ষ লক্ষ ভুয়ো রেশন কার্ডের কোনো উল্লেখ নেই, রাজ্যপালের ভাষণে ভুয়ো বি পি এল তালিকার কোনো উল্লেখ নেই। রাজ্যপালের ভাষণে কলকাতায় জল নিকাশী ব্যবস্থা যে বিপর্যস্ত হয়ে পড়েছে তার কোনো উল্লেখ নেই। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে প্রশ্ন করেছিলাম, পশ্চিমবঙ্গে অজানা জ্বরে মৃতের সংখ্যা কত ? পশ্চিমবঙ্গে অজানা জ্বরে মৃতের সংখ্যা উনি জানাননি। স্যার, আপনি নিজে আমাকে ব্যক্তিগতভাবে অনেক স্নেহ করেন। আপনি জানেন, আমি নিজে ম্যালিগন্যান্ট ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছিলাম, কালীপুজোর আগে। আমরা বিধানসভার সদস্যরা বিধায়ক হিসাবে বিধানসভা থেকে মেডিক্যাল অ্যালাউন্স পাই। তাই আমরা চিকিৎসা করাতে পারি। কিন্তু গ্রামের অসংখ্য মানুষ ডেঙ্গু জ্বরে, কালা জ্বরে, ম্যালেরিয়াতে মারা গেছেন, তার কোনো হিসাব সরকার পক্ষ থেকে রাজ্যপালের ভাষণে প্রতিফলিত হয়নি। স্যার, তাই বলব, এই সুমহিম সভায় মাননীয় রাজ্যপালকে দিয়ে রাজ্য সরকার যে ভাষণ দেওয়ার চেষ্টা করেছেন।

[1.40 – 1.50 p.m.]

সেই সময় কাগছে বার হয়েছে, মাননীয় বিমান বোস, মাননীয় শ্যামল চক্রবর্তী, মাননীয় বিনয় কোঙার—তিনজনই সি পি এম-এর বর্ষীয়ান নেতা, নন্দীগ্রাম হত্যা মামলার পরের দিন তাঁরা একটা মন্তব্য করেছিলেন, সেই মন্তব্যের শুনানীর দিন পেছিয়ে গেছে ৬ এপ্রিল পর্যন্ত। আমরা স্যার দেখেছি, সি পি এম-এর একজন বর্ষীয়ান নেতা আছেন, তিনি বলেছিলেন, সিঙ্গুর আন্দোলনের সময় মমতা, মেধা এবং মহাশ্বেতা—এরা তিনজন গেলে ওদেরকে আমাদের মহিলারা পশ্চাদপদ দেখাবে। আমি আশা করি ওই কোঙারসাহেব বুঝতে পেরেছেন মানুষ কাদের পশ্চাদপদ দেখিয়েছে। এবারে কিছু দিন আগে শ্যামলবাবু বললেন, কারো মেয়ে হলে মমতা নাম রাখবেন না। যাঁদের মমতা নেই, যাঁদের অন্তরে দরদ নেই তাঁরা এই কথা বলতে পারেন, কিন্তু নন্দীগ্রামের মানুষ মমতার মা-মাটি-মানুষের আন্দোলনকে সমর্থন করেছেন। ইমদাদুলের মাকে ৪০ হাজার ভোটে জিতিয়ে প্রমাণ করেছেন—মমতা ব্যানার্জী তুমি আন্দোলন করো, বাংলার মানুষ তোমার সঙ্গে আছে। তারপর বিষ্ণুপুরের নির্বাচনে কত রকম অপপ্রচার চালানো হল, কত অপবাদ দেওয়া শুরু হল, আমাদের মাননীয় সদস্য মদন মিত্রের নামে ব্যক্তিগত কুৎসা করা হল। বিষ্ণুপুরের মানুষ ৩০ হাজার ভোটে মদন মিত্রকে জিতিয়ে প্রমাণ করল মমতা ব্যানার্জীর লড়াই সার্থক। স্যার, আজকে তাই আমি বলতে চাই, আজকে রাজ্যপালকে দিয়ে অনেক কথা বলানো হয়েছে, কিন্তু সি পি এম-এর অনেক বড় বড় নেতা রাজ্যপালকে নিয়ে অনেক তির্যক মন্তব্য করেছিলেন। বলেছিলেন, রাজ্যপালের তৃণমূল করা করা উচিত। রাজ্যপাল যখন কোনো ইনোজরেশানে যান, কোনো কিছু উদ্‌ঘাটন করতে যান তখন কত টাকা খরচ হয়। রাজ্যপাল জানেন বিদ্যুতের বেহাল অবস্থা। আজকে আমি মেনশানে তুলেছি, আমাদের অনেক সদস্য গতকাল মেনশানে তুলেছেন, বামপন্থী বিধায়করা এই নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে ক্ষোভ প্রকাশ করেছেন, মাধ্যমিক পরীক্ষার সময় বিদ্যুতের বেহাল অবস্থা, উচ্চমাধ্যমিক পরীক্ষার সময়েও বিদ্যুতের বেহাল অবস্থা, পরীক্ষা সেন্টারে বিদ্যুৎ চলে যাচ্ছে। আবার সব সেন্টারে যেহেতু জেনারেটর নেই সেই জন্য পরীক্ষার্থীরা নাকাল। আজকে মাননীয় বিদ্যুৎমন্ত্রী বলছেন, রাজীব গান্ধী বিদ্যুতায়ন যোজনায় ২০১২ সালের মধ্যে গ্রামে গ্রামে মৌজায় মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেবেন। আবার বিদ্যুৎমন্ত্রী বললেন যে, লোডশেডিং যুগ যুগ ধরে চলবে। যুগ যুগ ধরে উনি থাকবেন না, যুগ যুগ ধরে লোডশেডিংও চলবে না। ওনাদের জীবনে লোডশেডিং নেমে আসতে পারে, ওনাদের রাজনৈতিক জীবনে লোডশেডিং নেমে আসতে পারে। উনি আমাদের বিধায়কদের বিভ্রান্ত করেছেন। উনি আমাদের কাউন্সিল চেম্বারে ডেকে নিয়ে গিয়ে বলেছিলেন, আপনার বিধায়করা আপনাদের এলাকার জন্য একটা টাকাও ইলেকট্রিকের জন্য দেবেন না। আমি বলছি বিদ্যুৎমন্ত্রী হিসাবে, রাজীব গান্ধী বিদ্যুতায়ন যোজনায় প্রত্যেক মৌজায় মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেব। একদিন সরকার পক্ষকে ডেকে বলছেন আর একদিন বিরোধী পক্ষকে ডেকে বললেন। এখনও পর্যন্ত কোনো গ্রামে বি এ ইউ পি-র টাকা দিয়ে বিদ্যুৎ দিয়ে বিদ্যুৎ দেওয়া যায়নি, অন্য দিকে রাজীব গান্ধী বিদ্যুতায়ন যোজনায় বিদ্যুৎ দেওয়া যায়নি। স্যার, এখানে আমাদের যে শ্রম দপ্তর আছে সেই লেবার ডিপার্টমেন্টের

ই এস আই হাসপাতাল সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। আপনাদের দল আমাকে লেবার সাবজেক্ট কমিটির চেয়ারম্যান করে পাঠিয়েছেন। আমি টি গার্ডেনে যেতে চেয়েছিলাম। কিন্তু যে কোনো কারণেই হোক আমাকে টি গার্ডেনে যেতে দেওয়া হয়নি। উপস্থিতি কম দেখানো হয়েছে, সদস্যরা বললেন, আমরা যেতে পারব না। আসলে টি গার্ডেনের রিপোর্টটা পেশ করতে দিতে অসুবিধা আছে। কারণ ১৪টি টি গার্ডেন এখনও বন্ধ এবং এখনও ৭০টি টি গার্ডেনের ভবিষ্যৎ হতাশার অন্ধকারে রয়েছে। টি গার্ডেনের যারা শ্রমিক তারা অনাহারে অর্ধাহারে মৃত্যুর মিছিলে হাঁটছে। তাদেরকে নিয়ে আমরা কলকাতার টি বোর্ডে ডেপুটেশন দিয়েছি পার্থ চ্যাটার্জীর নেতৃত্বে। আমাদের সেই ডেপুটেশন দরকার হলে আপনার কাছে দিতে রাজি আছি। ওদের কাজের ব্যাপারে রাজ্য সরকারের তরফ থেকে একটা কথাও বলা হয়নি। বলা হয়নি বেকার যুবক-যুবতীদের কীভাবে কর্মসংস্থান হবে। আমার মনে হয়েছে, একই পৃষ্ঠাকে একটু উল্টে-পাল্টে একের জায়গায় দুই, দুই-এর জায়গায় তিন, তিনের জায়গায় চার করে রাজ্যপালের ভাষণ রাখা হয়েছে। সবচেয়ে দুঃখের স্যার, আপনার উপস্থিতিতে রাজ্যপাল যখন ঢোকেন একটা সুন্দর সংগীত বাজে। তারপর আমরা উঠে দাঁড়াই, রাজ্যপাল ঢোকেন, আসনে বসেন, জনগণমন গান বাজে। জাতীয় সংগীত শেষ হলে রাজ্যপাল বক্তব্য পেশ করেন। আবার জনগণমন গান বাজে, রাজ্যপাল বার হয়ে যান। আমরা বিরোধীরা নিশ্চয়ই তাঁর অসত্য, অর্ধসত্য যেটা তাঁকে দিয়ে পড়ানো হয়, তার বিরোধিতা করি। এবারে রাজ্যপাল অবাক হয়ে গেছেন, এবারে মাইকের অবস্থা সি পি এম-এর মতো, সি পি এম-এর মতো বলেই এবারে জাতীয় সংগীত বাজেনি। তখন রাজ্যপাল বললেন, আসুন, আমরা সকলে একত্রে জাতীয় সংগীত গাই। জাতীয় সংগীত আমাদের সবাইকে গাইতে হয়েছে। আমি সবার মুখের দিকে তাকিয়ে তাকিয়ে দেখছিলাম, ফরোয়ার্ড ব্লক থেকে শুরু করে, আর এস পি থেকে শুরু করে অনেকেই গানে ঠোঁট মিলিয়েছে। ইভেন সুভাষ চক্রবর্তীর মতো বর্ষীয়ান নেতা ঠোঁট মিলিয়েছেন। কিন্তু বুদ্ধদেববাবু জাতীয় সংগীত গাননি। তিনি জাতীয় সংগীত গান না, তিনি গান "নিগ্রো ভাই আমার পল রোবসন, ওরা আমাদের গান গাইতে দেয় না"। বুদ্ধদেববাবু একদিন দুঃসময় নাটক লিখে মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেছিলেন। সেই বুদ্ধদেববাবু আজকে নিজের থুতু নিজে চেটে আজকে সুসময়ে খুনীদের মুখ্যমন্ত্রী হয়ে বসলেন।

সত্যিই মানসদা ঠিকই বলেছেন—বুদ্ধদেববাবুর শনির দশা চলছে। না হলে যেচে চেয়ে কেউ আপনাকে বলে যে, আমি মানসবাবুর বক্তব্য শুনতে চাই। তারপর মানসদা বলেন, 'বুদ্ধবাবু, আপনি কোনো জ্যোতিষীকে দেখান। আপনার শনির দশা চলছে।' বুদ্ধবাবুর শনি, রাহু, কেতু সব এক ঘরে ঢুকেছে। বুদ্ধবাবু যেখানে যাবেন, সেখানেই মানুষকে পর্যুদস্ত করে ছেড়ে দেবেন। মানুষ পরিবর্তন চাইছে স্যার। মানুষের পিঠ আজকে দেওয়ালে ঠেকে গেছে। এই রক্তস্নাত নন্দীগ্রামে নন্দীগ্রাম দিবস পালন করতে মমতা বন্দ্যোপাধ্যায় গিয়েছিলেন। একজন সি পি এম-এর নেতা বলেছেন, 'মমতা বন্দ্যোপাধ্যায় সন্ত্রাস দিবস পালন করতে এসেছেন। তাই এবারের নির্বাচন হবে রক্তাক্ত।' কেশপুর, মহিষাদল, তমলুকে বেসরকারিভাবে অস্ত্র মজুত করা হচ্ছে। নন্দীগ্রামের পর সিঙ্গুর। আপনারা দেখেছেন তাপসী মালিকের মায়ের চোখের জল, রাজকুমার ভোলের মায়ের

চোখের জল, কত চাষী আত্মহত্যা করেছে। আজকে শিল্পমন্ত্রী এখানে অনেক কথা বললেন। বললেন, পরের বারে হয়তো আপনারা এখানে থাকবেন, আমরা নাও থাকতে পারি। আপনি তো সেদিনও ছিলেন, যেদিন মমতা বন্দ্যোপাধ্যায় ২১ দিন সিঙ্গুরে ধর্না দিয়েছিলেন। মাননীয় শিল্পমন্ত্রী, মাননীয় রাজ্যপালের উপস্থিতিতে মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ডেকে পাঠিয়েছিলেন। আমাদের মাননীয় বিরোধী দলনেতা পার্থ চ্যাটার্জীও ছিলেন। সেখানে একটা চুক্তি হয়েছিল, যে চারশো একর কৃষি উর্বর জমি আছে সেগুলো নিঃশর্তভাবে অনিচ্ছুক চাষীদের ফেরত দিতে হবে। মমতা বন্দ্যোপাধ্যায় ধর্না তুলে নিলেন। এইভাবেই সরকার চুক্তি ভঙ্গ করেছেন। যখন মমতা বন্দ্যোপাধ্যায় অনশনে বসেছিলেন, তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন, মমতা বন্দ্যোপাধ্যায়কে অনশন তুলে নিতে বলুন, আমি আপনাদের সঙ্গে আলোচনা করব। মমতা বন্দ্যোপাধ্যায় যেদিন অনশন উইথড্র করলেন, তার পরের দিন থেকেই ১৪৪ ধারা জারি হল। তারপর আমরা হাইকোর্টে কেস লড়ে ১৪৪ ধারা উইথড্র করতে পেরেছি। আবার মমতা বন্দ্যোপাধ্যায় যেদিন ধর্না তুললেন, তার পরের দিন উনি ১৮০ ডিগ্রি ভোল্ট খেয়ে বললেন যে, 'না, এই চুক্তি মানা সম্ভব হচ্ছে না।' আমি জানি না ওদের শনি পরিচালনা করেন, না রাহু পরিচালনা করেন, না কেতু পরিচালনা করেন। কিন্তু আল্টিমেটলি মানুষ যে আর ওদের কথায় পরিচালিত হচ্ছে না, সেটা ওরা বুঝতে পেরে এখন থেকে আগ্নেয়াস্ত্র হাতে তুলে নিয়েছেন। তাই আজকে যখন আমি বক্তব্য রাখছি, তখন মীনাখাঁয় তৃণমূল কংগ্রেসের একজন কর্মী হয়তো কবরে শুয়ে গেছে। তার বাবা হয়তো বুক চাপড়ে কাঁদছেন। আমি যখন বক্তব্য রাখছি, তখন জলপাইগুড়িতে এক কংগ্রেস সমর্থকের অস্বাভাবিক মৃত্যু হয়েছে। আমি যখন বক্তব্য রাখছি, তখন আলিপুরদুয়ারে সন্ত্রাসবাদী হামলা হচ্ছে। আমি যখন বক্তব্য রাখছি, তখন বাংলা আতঙ্কে ফুঁসছে কোথায় হামলা হবে। আর আমি যখন বক্তব্য রাখছি তখন পাকিস্তানের যে আতঙ্কবাদীদের আজকে কেন্দ্রীয় সরকার ধরতে সক্ষম হয়েছেন, তাদের কাছ থেকে যতগুলো সিম কার্ড পাওয়া গেছে, সেগুলো কলকাতা বা পশ্চিমবাংলা থেকে নেওয়া। কাদের প্রশ্রয়ে এই আতঙ্কবাদীরা বাড়ছে, এটা আমার জানতে ইচ্ছা করে। আমি জানি, বুদ্ধবাবুর এই কথা জানানোর ক্ষমতা নেই এবং বুদ্ধবাবুর জানানোর ক্ষমতা নেই বলে আজকে এই অশীতিপর বৃদ্ধ প্রাক্তন মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসুকে দিয়ে কখনও তাঁর রেকর্ড করা ভাষণ পড়ানো হচ্ছে, কখনও তাঁকে দিয়ে বলানো হচ্ছে এবারে যদি আমরা তৃতীয় ফ্রন্ট গড়ি, তাহলে আমরা সরকারে আসব। স্যার, আমি মাননীয় জ্যোতি বসুর এলাকা থেকে নির্বাচিত। সেখানে গতবার যখন নির্বাচনে গিয়েছিলাম, তখন মানুষ ভোট বয়কটের ডাক দিয়েছিল। আজকে মাননীয় বিদ্যুৎমন্ত্রী বলেছেন, '১৯৪৭-৭৪ আপনারা ৮ হাজার মৌজায় বিদ্যুৎ পৌঁছেছেন। জ্যোতিবাবু তো ২৫ বছর ধরে মুখ্যমন্ত্রী ছিলেন। আমি যখন গিয়েছিলাম, তখন মানুষ ভোট বয়কটের ডাক দিয়েছিল। আমি বললাম, 'ভোট বয়কট কেন ভাই'? ওনারা বললেন, 'এখানে বিদ্যুৎ নেই'। আমি বললাম, 'জ্যোতিবাবুর এলাকায় জ্যোতি নেই! আপনারা আমাকে ভোট দিন, আমি বিদ্যুৎ এনে দেব'। স্যার, মানুষের আশীর্বাদে এবং দোয়ায় বিদ্যুৎ আনতে সক্ষম হয়েছি। কিন্তু আজকে গোটা রাজ্যে বিদ্যুতের বেহাল অবস্থা। বছরের পর বছর ভুয়ো রেশন কার্ড, বছরের পর বছর ভুয়ো বি পি এল তালিকা। সব থেকে উদ্বেগের

বিষয় হচ্ছে মেয়েদের উপর ধর্ষণ, নারী পাচার এবং মেয়েদের উপর পণ প্রথা। বিভিন্ন সামাজিক নির্যাতনে আজকে মেয়েরা বলি হচ্ছে। মুখ্যমন্ত্রী নিজে বলেছেন যে, 'মহিলা নির্যাতন নিয়ে আমি উদ্বেগ প্রকাশ করি'। আর মুখ্যমন্ত্রীর আমলে মহিলা নির্যাতনের রেটটা দেখুন, সে সামাজিকভাবে হোক, আর রাজনৈতিকভাবেই হোক। ইমদাদুলের মা আছেন, তিনি হয়তো কালকে আপনাদের সামনে তাঁর বক্তব্য রাখবেন। নন্দীগ্রামে আমরা গিয়েছিলাম সরলা প্রামাণিকের কাছে। ছোট্ট চার মাসের বাচ্চাকে নিয়ে বসে আছে। পার্থ চ্যাটার্জীর নেতৃত্বে মহিলা এম এল এ-দের দল আমরা গিয়েছিলাম। তার হাতে বেবি ফুড তুলে দিয়ে বলেছিলাম, 'তুমি বাচ্চাটাকে ওষুধপত্র খাওয়াও, তুমি নিজে খাও'। সে জানে না তার স্বামী নেই। সে বলল, 'আমার স্বামী কোথায় বলতে পারেন' ? তখনও সে মাথায় সিঁদুর, হাতে শাঁখা-পলা পরে বসে আছে। আমরা জানি তার স্বামীর দেহটাকে টুকরো টুকরো করে সি পি এম-এর হার্মাদ বাহিনী হলদি নদীতে ভাসিয়ে দিয়েছে। আমরা বললাম, 'সরলা, তুমি তোমার বাচ্চাটাকে খাওয়াও'। সরলার দু চোখ দিয়ে বাঁধ ভাঙা জল। জিজ্ঞাসা করেছিলাম, 'কাঁদছো কেন ? তোমার বাচ্চার জন্য বেবি ফুড এনেছি'। সে বলল, 'দিদি, বাচ্চার সব থেকে ভালো খাবার কি বলুন তো' ? আমি বললাম, 'কি' ? বলল—'মায়ের দুধ'। বললাম, 'তো মায়ের দুধই খাওয়াও'। বলল—'না দিদি, আমাকে তো ধর্ষণ করেইছে, স্বামীর কোনো পাত্তাই নেই। যাওয়ার সময় আমার স্তনবৃন্তটা হার্মাদ বাহিনী কেটে দিয়ে গেছে'। রাজ্যপালের ভাষণে তার কি কোনো উল্লেখ আছে স্যার ? তাই আমি এই রাজ্যপালের ভাষণের সংশোধনী দিয়ে আমি আমার নিজের জনপ্রতিনিধিত্বকে খর্ব করতে চাই না। অনেকেই দিয়েছেন। তাঁরা তাঁদের প্রতিবাদকে রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে তুলে ধরতে চেয়েছেন। আমি শুধু বলতে চাই, আমাদের রাজ্যের সামগ্রিক অবস্থার কথা এবং এই রাজ্যে দাঁড়িয়ে আজকে তৃণমূলের দিকে হাত তুলে যাঁরা বলছেন, তৃণমূল খুন করার চেষ্টা করেছে তাঁদের কথা। আজকে রাজ্য সরকার পুরো থানাগুলোকে একনায়কতন্ত্রে কায়েম করেছে।

[1.50 – 2.00 p.m.]

ও সি-র জায়গায়, ও সি হচ্ছেন আসলে ওরিজিনাল কমরেড। ও সি-র চেয়ারের পাশে একটা চেয়ার থাকে, তাঁরা হলেন এল সি। তাঁরা ঠিক করে দেন কোন কেস নেওয়া হবে আর কোন কেস নেওয়া হবে না। স্যার, আপনি নিজেও জানেন, একদিন এই বিধানসভায় আলোচনা হয়েছিল। আমার সঙ্গে একজন আই সি, থানার ও সি থেকে তিনি আই সি হয়েছিলেন, কী খারাপ ব্যবহার করেছিলেন এবং তার পরিপ্রেক্ষিতে আপনাকে কী কথা বলতে হয়েছিল। আপনি সেদিন আমাকে ভর্ৎসনা করেছিলেন। কিন্তু রাজ্য সরকারের তরফ থেকে সেই ও সি বা আই সি-র প্রতি কোনোরকম দৃষ্টান্তমূলক সিদ্ধান্ত নেওয়া হয়নি। আমরা দুঃখিত স্যার ! আমি একজন মহিলা বিধায়ক হয়ে যদি পুলিশের হাতে রাত্রি দেড়টার সময় এভাবে নির্যাতিত হই, তাহলে বাংলার মায়ের সম্মান যে ভূলুণ্ঠিত তা বলা যেতেই পারে। আজকে মানুষ প্রতিবাদ করতে পারবেন না। মানুষ প্রতিবাদ করলেই সি পি এম গুন্ডারা ঝাঁপিয়ে পড়বে। মানুষ প্রতিবাদ করলেই সি পি এম, পুলিশ, গুন্ডারা ঝাঁপিয়ে পড়বে মোটা মোটা ডান্ডা নিয়ে আর লাল ঝান্ডা নিয়ে। প্রতিবাদ করার জায়গা নেই। তাই মানুষের প্রতিবাদ করার জায়গা হিসাবে আমরা এই সুমহান সভাকে বেছে নিয়েছি। আমাদের

বক্তব্যের মাধ্যমে আমাদের প্রতিবাদ প্রতিধ্বনিত হোক। "যাহারা তোমার বিষাইছে বায়ু, নিভাইছে তব আলো তুমি কী তাদের ক্ষমা করিয়াছ, তুমি কী বেসেছ ভালো" ? মানুষ আজকে ভালোবাসতে পারেননি। আজকে কবি সুকান্ত ভট্টাচার্যের ভাইপো বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় নেই। তিনি হয়তো আমার বক্তব্যের উত্তরও দেবেন না, কিন্তু তিনি শুধু শুনে যান। "শোনরে মালিক, শোনরে মজুতদার, তোদের প্রাসাদে জমা হল কত মৃত মানুষের হাড়, হিসাব কী দিবি তার ? প্রিয়াকে আমার কেড়েছিস তোরা ভেঙেছিস ঘর-বাড়ি। সেকথা কী আমি জীবনে-মরণে কখনও ভুলিতে পারি ? আদিম হিংস্র মানবিকতার যদি আমি কেউ হই," বুদ্ধদেববাবু, "স্বজন হারানো শ্মশানে তোমাদের চিতা আমরা তুলবই তুলবই"। রাজনৈতিকভাবে এই চিতা তুলবার জন্য বাংলার মানুষ আজ প্রতিশ্রুতিবদ্ধ। তাই স্যার, সি পি এম যতই চিৎকার করুক "২০০৯ তৃণমূলের হবেই জয়, ২০০৯ সি পি এম-এর হবে ক্ষয়"। সেই প্রমাণ নন্দীগ্রামের মানুষ দিয়েছেন। তাঁদের লাখো সেলাম, হাজারও কুর্নিশ। ২০০৯ বিষ্ণুপুরের মানুষকে লাখো সেলাম, হাজারও কুর্নিশ এবং আসন্ন লোকসভা নির্বাচনে মানুষ এই পরিবর্তনের হাওয়ার দিকে তাকিয়ে আছেন। তাই মহামান্য রাজ্যপাল মহাশয়ের ভাষণের বিরোধিতা করে এবং তাঁকে দিয়ে যে অর্ধসত্য কথা বলানোর চেষ্টা করা হয়েছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

মিঃ স্পীকার : শ্রীমতী গুহ, ভাষণের বিরোধিতা হয় না, ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা হয়। 'জয় হো' কংগ্রেসীরাই গান করেছেন তাতে। আর, সেলিম বিরাট পোস্টার লাগিয়েছেন 'জয় হো'।

শ্রী বিপ্রেন্দুকুমার চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, গত ৯ মার্চ এই মহতী সভায় মহামান্য রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণ দেবার জন্য মাননীয় সদস্য শ্রীরবীন্দ্রনাথ মণ্ডল মহাশয় তাঁকে ধন্যবাদ জানিয়ে সভার পক্ষ থেকে যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি সেই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য উপস্থিত করছি।

গত পরশু থেকে এই ধন্যবাদসূচক প্রস্তাবের উপর বিতর্ক শুরু হয়েছে। বিরোধী দলের অনেক মাননীয় সদস্য এবং সদস্যার বক্তব্য শোনার সৌভাগ্য আমার হয়েছে। তাঁরা মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে কোনো আশার আলো দেখতে পাননি। ঠিকই। তাঁদের পক্ষে দেখাটা অসম্ভব বিষয়। কারণ, এই রাজ্যের মানুষের কোনো শ্রীবৃদ্ধি হোক তা তাঁরা কখনও চান না। বিশেষ করে আমাদের রাজ্যে কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেস, তাঁরা একই দলে ছিলেন, কংগ্রেস থেকে তৃণমূল কংগ্রেসের জন্ম। একই রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে তাঁরা তাঁদের দল পরিচালিত করেন। ভারতবর্ষে স্বাধীনতার পরবর্তী সময় থেকে এই রাজ্য আসলে বঞ্চনার শিকার। তাদের রাজনৈতিক সিদ্ধান্তের ফলে মানুষকে বঞ্চিত হতে হয়েছে। মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে আমাদের রাজ্যের বেশ কয়েকটি ক্ষেত্রে যে অগ্রগতি ঘটেছে তার উল্লেখ করেছেন। বিশেষ করে শিল্প, শিক্ষা, ভূমিসংস্কার, যোগাযোগ ব্যবস্থা—যেগুলি আমাদের বিরোধী সদস্যদের হতাশ করেছে। কারণ তাঁরা চেয়েছিলেন আমাদের রাজ্যে সমস্ত উন্নয়নমূলক কাজ স্তব্ধ হয়ে যাক। আমাদের রাজ্যের মানুষের সমস্ত আকাঙ্ক্ষাকে ধ্বংস করে দিতে চায়। তার জন্য তাদের পরিকল্পনা ছিল ২০০৬ সালের পর থেকে রাজ্যে তাদের সেই

পরিকল্পনা নিয়ে ভয়ঙ্কর নৈরাজ্যের সৃষ্টি করার চেষ্টা করছেন একের পর এক। তাদের কথা আমাদের রাজ্যের মানুষ জানেন। আমি যেটা বলতে চাই, গোটা বিশ্বজুড়ে ভয়ঙ্কর আর্থিক মন্দা চলছে। এই আর্থিক মন্দার প্রভাব বিশ্বের উন্নত ধনতান্ত্রিক দেশ যেগুলি আছে সেখানেও সাংঘাতিকভাবে পড়েছে। আমেরিকা যার নির্দেশে আমাদের কেন্দ্রীয় সরকার ওঠ-বোস করে, তাদের দেশেও আর্থিক মন্দার প্রভাব পড়েছে। '৯০-এর দশকে যারা বলেছিল পুঁজিবাদ সমাজ বিকাশের সবচেয়ে উন্নততর স্তর। যারা বলেছিল, কমিউনিস্ট বিচ্ছিন্নতাবাদী, যারা বলেছিল, পুঁজিবাদ গোটা বিশ্বের ইচ্ছাকে নিয়ন্ত্রিত করবে। তারাও তাদের সংকটের মধ্যে এনে ফেলেছে। আমাদের দেশেও এই মন্দার প্রভাব পড়েছে। গত পরশুদিন কংগ্রেস দলের সদস্য ডাঃ মানস ভুঁইঞা বলছিলেন, মহামান্য রাজ্যপালের ভাষণে প্রধানমন্ত্রীকে কেন ধন্যবাদ জানানো হল না। সারা বিশ্বের উন্নত দেশগুলি যখন এই আবর্তে হাবুডুবু খাচ্ছে তখন ভারতের অর্থনীতি অনেকটা সাবলীল। আমি ডাঃ ভুঁইঞাকে এই কথা বলতে চাই, ভারতেও আর্থিক মন্দার প্রভাব এখনও আছে। ভারতের অর্থনীতি এই জায়গায় দাঁড়িয়ে আছে সেটা মানসবাবুও জানেন, তার দল কংগ্রেসও জানে। তার কারণ যদি তাঁরা বিশ্লেষণ করতেন তাহলে ধন্যবাদটা ভারতের প্রধানমন্ত্রীর দিকে যেত না। ধন্যবাদটা খুব স্বাভাবিকভাবে ভারতের বামপন্থী শক্তির পক্ষে আসতো। কারণ বামপন্থীরা ভারতের অর্থনীতিকে রক্ষা করছে। ইউ পি এ সরকারে সাড়ে ৪ বছর আমরা কংগ্রেসকে টেনে রেখেছিলাম। এক, দেশকে বেচে দেওয়ার হাত থেকে রক্ষা করে। দেশের আর্থিক প্রতিষ্ঠানগুলি বেসরকারি মালিকদের হাতে তুলে দেওয়া যাবে না। যে রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি লাভজনক তাদেরকে রক্ষা করতে হবে। আমাদের এই প্রচেষ্টার ফলে আজকে গোটা দেশের অর্থনীতি এই জায়গায় দাঁড়িয়ে আছে। আমরাও সংকটমুক্ত নই, আমাদের দেশেও মন্দার প্রভাব পড়েছে। এই মন্দা মোকাবিলা করার জন্য কেন্দ্রীয় সরকারের যে পদক্ষেপ গ্রহণ করা উচিত ছিল, সেই পদক্ষেপ তারা গ্রহণ করছে না। আমরা বামপন্থীরা খুব গর্বের সাথে এই কথা বলতে চাই, এই মন্দার মোকাবিলা করার ক্ষেত্রে আমাদের রাজ্য সরকার সীমিত আর্থিক সীমাবদ্ধতার মধ্যে কিছু পরিকল্পনার কথা ঘোষণা করেছি। আমাদের রাজ্যের অর্থমন্ত্রী ঘোষণা করেছেন, এই বিষয়টি এখানে উল্লেখ করতে চাই।

[2.00 – 2.10 p.m.]

সম্মানীয় সদস্য এবং অত্যন্ত প্রাজ্ঞ অধ্যাপক সৌগত রায়, তিনি তাঁর বক্তৃতা করতে গিয়ে অনেক কথাই বলেছেন, তার মধ্যে তিনি একটি জায়গায় হয়তো সত্যি কথাই বলেছেন যে, কৃষিতে একটা অভিনব উন্নতি হয়েছে আমাদের রাজ্য পশ্চিমবঙ্গে। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট রাজত্বকালে কৃষির ক্ষেত্রে ব্যাপক উন্নতি হয়েছে। কিন্তু কৃষির উপরে নির্ভরতা কমাতে হবে কৃষিকে রক্ষা করার স্বার্থে। তিনি আজকে যে কথাটা বললেন, সেই কথা তো আমরা দীর্ঘদিন ধরেই বলে আসছি। আমাদের বিরোধী সদস্যরা যে এটা বোঝে না তা আমি মনে করি না। আমাদের বিরোধী সম্মানীয় সদস্যরা কি বোঝেন না যে, কাজের সুযোগ যদি তৈরি করতে হয় তাহলে শিল্পের বিকাশ ঘটাতেই হবে ? সেখানে শিল্পের বিকাশ ঘটানোর ক্ষেত্রে যে পদ্ধতিতে আমাদের রাজ্যে শিল্পের ক্ষেত্রে বাধার সৃষ্টি করছে এটা নজিরবিহীন ঘটনা। আমি দ্ব্যর্থহীন ভাষাতেই এই কথা বলব যে, সিঙ্গুরই বলুন, নন্দীগ্রাম বলুন আর ভাত ও কাজের

স্লোগানই বলুন, আপনাদের এই সব ক্ষেত্রে যেভাবে এর পেছনে আপনাদের তঞ্চকতা লুকিয়ে আছে তা বলার নয়। সেখানে তঞ্চকতা যে কোনো পদ্ধতিতে করে কীভাবে পশ্চিমবঙ্গের মানুষের মাথায় চেপে বসা যায় তার চেষ্টা করছেন। এইভাবে এগিয়ে যাওয়ার চেষ্টা করছেন। কিন্তু আপনাদের এই প্রচেষ্টা কখনোই সফল হবে না। আপনারা এখন মা-মাটি-মানুষের কথা বলছেন। আপনারা মাটিকে কলসী বন্দী করে নিয়ে এসে ভাবছেন মাটিকে এইভাবে বাঁধা যাবে। আমার ধারণা, হয় আপনারা মাটিকে চেনেন না অথবা তাঁরা পশ্চিমবঙ্গের মানুষকে চেনেন না। আমি যেটা বলতে চাই যে, মা-মাটির স্লোগান যাঁরা দিচ্ছেন তাঁরাই স্বাধীনতার পরবর্তী সময়ে এই রাজ্যে ভূমি সংস্কারের জন্য যখন গ্রামের কৃষকরা লড়াই করেছে, সংগ্রাম করেছে তখন আপনাদের অনুভূতি কোথায় ছিল ? তখন আপনাদের অবস্থান কোথায় ছিল ? আমি আপনাদের পরিষ্কার করে বলতে চাই যে, এই যে আজকে মা-মাটির স্লোগান করছেন তখন আপনারা কোথায় ছিলেন ? আপনারা ভূমিসংস্কারের বিরোধিতা করেছেন, ক্ষেতমজুরদের এবং ভূমিহীন কৃষকদের জমি দেওয়ার যে লড়াই, সেই লড়াইয়ে আপনারা জোতদারদের পক্ষ অবলম্বন করেছিলেন। সেখানে আপনারা লেঠেল বাহিনীর ভূমিকা পালন করেছিলেন। গ্রামে গ্রামে আপনারা লাঠি, গুলি চালিয়ে কৃষকদের রক্ত ঝরিয়েছিলেন। আমি বর্ধমান জেলার লোক, আমি কখনো চৈতন্যপুরের ঘটনা এবং আহ্লাদীপুরের ঘটনা জীবনেও ভুলব না। আপনারা কৃষকদের রক্ত ঝরিয়েছিলেন, সেদিন আপনারা ভূমিসংস্কারের বিরোধিতা করেছিলেন। কি কারণে এই ভূমিসংস্কারের বিরোধিতা করেছিলেন ? আপনারা আমাদের রাজ্যের মানুষের অগ্রগতির বিরোধিতা করতে পারেন না। আপনারা সেদিন যে অবস্থায় ছিলেন আজকেও সেখানেই আছেন। সেখানে আমরা চাই, দরিদ্র থেকে দরিদ্রতম মানুষ তাদের একটা কেনার ক্ষমতা বাড়ুক। প্রান্তিক মানুষেরা একটা উন্নততর জীবনযাত্রার মুখ দেখুক। তার জন্য আমরা ভূমিসংস্কার রাজ্যে করেছি। এই রাজ্যের ভূমিসংস্কারের সাফল্য সারা ভারতবর্ষের কাছে স্বীকৃত। এই সাফল্য আজকে সর্বত্র স্বীকৃত। আজকে শিল্পায়নের প্রশ্নে আপনারা যে বিরোধিতা করছেন সেখানে সিঙ্গুর, নন্দীগ্রামের ব্যাপারে বলতে গিয়ে একটু আগেই মাননীয়া সম্মানীয়া সদস্যা শ্রীমতী সোনালী গুহ বললেন যে, ৪০০ একর জমি দেওয়ার যে চুক্তি হয়েছিল তার কি হল ? আমরা জানি না, রাজ্যপালের সাথে আলোচনা করে, মহামান্য রাজ্যপাল মহাশয় যে প্রেস ব্রিফ করেছিলেন, তার মধ্যে কোথাও এই ৪০০ একর জমির উল্লেখ ছিল কিনা। যদি চুক্তি হয়ে থাকে, তাহলে এই সভার সদস্য মাননীয় রবীনবাবু এবং তৃণমূল কংগ্রেসের নেতা বেচারাম মান্নাকে নিয়ে সরকারের কমিটি করে জমি খোঁজার বা দরকার কি ছিল। একটি জিনিস আমাদের মাননীয় বিরোধী দলের সদস্য-সদস্যাদের আমি ভাবতে বলব—এখনো ভাবার সুযোগ আছে, সময় আছে। আপনারা যে পথে এই গোটা রাজ্যটিকে নিয়ে যেতে চাইছেন, এটা একটা সর্বনাশের পথ। আপনি এইমাত্র উদ্বেগ প্রকাশ করলেন উত্তরবঙ্গের একটি বিস্ফোরণের ঘটনাকে কেন্দ্র করে। আপনার উদ্বেগে আমিও অংশীদার। সভায় উপস্থিত সমস্ত সদস্য-সদস্যারা অংশীদার। কিন্তু আপনারা বলুন তো যেদিন শালবনীতে জিন্দালদের কারখানার ভিত্তি প্রস্তর স্থাপিত হল, মাননীয় মুখ্যমন্ত্রীর কনভয় লক্ষ করে যে ল্যান্ড মাইন বিস্ফোরণ ঘটানো হল, সেদিন কি উদ্বেগ প্রকাশ করেছিলেন ? আপনারা কি প্রতিবাদ করেছিলেন ? আপনারা কি কোনো

নিন্দা করেছিলেন ? আপনারা কাদের সাথে গাঁটছড়া বেঁধেছেন ? আপনারা গাঁটছড়া বেঁধেছেন মাওবাদীদের সাথে, যারা আমাদের রাজ্যে সন্ত্রাস তৈরি করতে চাইছে। আপনারা অনেক কথা বললেন। আপনারা ঝর্ণা মান্ডির কথা বললেন না, বলবেন না। সুনয়া মান্ডি, সুনীতা মণ্ডলের কথা বললেন না। নন্দীগ্রামে ৩২ জন বামপন্থী আন্দোলনের নেতা-কর্মী ওই সময়ে আপনাদের হাতে খুন হয়েছেন। আপনারা বলতে পারেন গণতান্ত্রিক আন্দোলনের সংজ্ঞা কি ? গণতন্ত্রের সংজ্ঞা কি ? সিঙ্গুর নিয়ে যদি আমরা বিতর্ক করি, বেশির ভাগ মানুষ জমি দিয়েছে। অল্প সংখ্যক মানুষ জমি দেওয়ার ক্ষেত্রে আপত্তি করেছে। গণতন্ত্রের সংজ্ঞা হচ্ছে সংখ্যাগরিষ্ঠ মতামতকে মর্যাদা দেওয়া। আপনারা দিলেন না। নন্দীগ্রামে যখন মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে, নন্দীগ্রামের মানুষ না চাইলে নন্দীগ্রামে আমরা শিল্প করব না, আমরা নন্দীগ্রামের মানুষদের কাছ থেকে একটুও জমি নেব না। তার পরেও রাস্তা কাটলেন কেন ? তার পরেও হাজার হাজার বামপন্থী আন্দোলনের নেতা, কর্মীদের বাড়ি-ঘর ভাঙলেন কেন ? কেন ৩২ জন মানুষকে খুন করলেন ? এর জবাব আপনাদের দিতে হবে। সৌগতবাবু বলেছেন কৃষির নির্ভরশীলতা পরিত্যাগ করতে হবে। আপনাদের নেত্রীও বলেছেন "আমি শিল্পায়নের পক্ষে, আমি উন্নয়নের পক্ষে"। আপনি শিল্পায়নের পক্ষে যদি হন, উন্নয়নের পক্ষে যদি হন, তাহলে পশ্চিমবঙ্গে সিঙ্গুর নন্দীগ্রামের মতো কলঙ্কজনক ঘটনা ঘটতো না। ইস্ট-ওয়েস্ট করিডর-এর উদ্বোধনকে কেন্দ্র করে কটাক্ষ করতেন না। রাস্তার জন্য জমি অধিগ্রহণের প্রশ্নে বিরোধিতা করতেন না। আপনারা উন্নয়ন চান না। আপনারা উন্নয়নের বিরোধিতা করতে চান। আপনারা দারিদ্র্যকে শেষ করতে চান না। আপনারা দারিদ্র্যকে রক্ষা করতে, জিইয়ে রাখতে চান। কারণ দারিদ্র্য হচ্ছে আপনাদের ক্ষমতায় টিকে থাকার মূলধন। মানুষকে প্রতারিত করে, প্রভাবিত করে আপনারা ক্ষমতায় টিকে থাকতে চান। আজকে আমি বলতে চাই আর একটি বিষয়। আমাদের গোটা রাজ্যে একটা নৈরাজ্যের বাতাবরণ তৈরি করার চেষ্টা করা হচ্ছে এবং সেই বাতাবরণ তৈরি করার ক্ষেত্রে আমাদের রাজ্যের প্রধান বিরোধী দল তৃণমূল কংগ্রেসের দায় সর্বাধিক—

[2.10 – 2.20 p.m.]

এবং এটাও আমি বলতে চাই যে, আজকে গোটা রাজ্যের মধ্যে—পাহাড়ে যে বিচ্ছিন্নতার আন্দোলন হচ্ছে, রাজ্যকে ভাগ করার যে আন্দোলন হচ্ছে, কংগ্রেসের যে অবস্থান—ওদের একজন এম পি আছেন, তিনি ওই পাহাড়ে বিচ্ছিন্নতার আন্দোলনের পক্ষে। কংগ্রেসের একটা অবস্থান, তৃণমূলের অবস্থান খুব পরিষ্কার, তারা ওই বিচ্ছিন্নতার আন্দোলনকে মদত দিচ্ছেন। ওই পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া—এই ৩টি জেলাকে পশ্চিমবঙ্গ থেকে যারা বিচ্ছিন্ন করতে চাইছে সেই ঝাড়খণ্ডীদের, মাওবাদীদের আপনারা মদত দিচ্ছেন। আপনারা মদত দিচ্ছেন কামতাপুরিদের, আপনারা মদত দিচ্ছেন ওই গ্রেটার কোচবিহারে যারা আন্দোলন করছে তাদেরকে। আজকে আসন্ন নির্বাচনে আপনারা জোট করেছেন, কারা, কাদের সাথে জোট করেছেন ? কোনো নীতি আছে ? এই জোটের কোনো নীতি নেই। নীতি আপনাদের একটাই আছে—'কংগ্রেসের নীতি'—যে হাতে কাজ আছে, সেই হাত থেকে কাজ কেড়ে নাও, আর আপনাদের নীতি যে হাতে কাজ খুঁজছে, সেই

হাতের কাজ খোঁজার স্বপ্নকে চিরতরে কবরে পাঠাও। মানুষ আপনাদের কবরে পাঠাবে। এই নির্বাচনে আপনারা ফলাফল দেখে নেবেন যে মানুষ আপনাদের সমুচিত শিক্ষা দেবে। কিছুক্ষণ আগে উল্লেখপর্বে বলেছেন যে, পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে ছাত্র সংসদের নির্বাচনের ফলাফল আপনাদের কাছে অশনি সংকেত। আপনারা সেটা উপলব্ধি করবেন। আমি আবারও বলব, মহামান্য রাজ্যপাল এই বিধানসভায় যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, তাকে সমর্থন করে আমি আপনাদের কাছে এটাই বলব যে, আপনাদের বোধদয় ঘটুক—সৌগতবাবু যেটা বলেছেন। তাঁর পদাঙ্ক অনুসরণ করে আপনাদের বোধদয় ঘটুক—এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের পরিপ্রেক্ষিতে যে ধন্যবাদসূচক প্রস্তাব, সেই প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আমি আমার প্রতিবেদন পেশ করছি। আলোচনার প্রথম দিনে শাসক দলের পক্ষ থেকে শ্রী অঞ্জন বেরা যখন বক্তব্য রাখছিলেন, তখন তিনি বারেবারে প্রশ্ন করছিলেন—কেন এই জোট ? কংগ্রেস-তৃণমূলের এই জোট কিসের জন্য ? কেন এই জোট ? এই জিজ্ঞাসাটা শাসক দলের প্রত্যেকেরই। তাই আজকে যাঁরা উপস্থিত আছেন, তাঁদের অবগতির জন্য বলি—কিছু আসন বাড়ানোর জন্য এই জোট নয়। পশ্চিমবঙ্গে আসনের উপরে দিল্লির সরকার গঠন নির্ভর করে না। ১৯৮০ সালে পশ্চিমবঙ্গে কংগ্রেস ৫টি আসন পেয়েছিল, দিল্লিতে ইন্দিরাজির সরকার গঠন করতে কোনো অসুবিধা হয়নি। ১৯৯৬ সালে পশ্চিমবঙ্গে কংগ্রেস ৯টি আসন পেয়েছিল, দিল্লিতে স্থায়ী সরকার গঠন করা সম্ভব হয়নি। দিল্লিতে সরকার গঠনের জন্য রাজ্যের আসন অপরিহার্য এবং সেই আসন বাড়ানোর জন্য জোট, এই কথা যাঁরা ভাবছেন, তাঁরা মায়োপিয়া রোগে আক্রান্ত। তাঁদের অবগতির জন্য বলি, একটা রাজনৈতিক দায়বদ্ধতা থেকে এই জোট। যখন দেখি এই রাজ্যের মহামান্য রাজ্যপালকে, সাংবিধানিক প্রধানকে শাসক দলের পক্ষ থেকে বলা হয় যে, আপনি তৃণমূলের পতাকা নিয়ে মিছিল করুন। আপনি তৃণমূলের টিকিটে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করুন—তখন আমরা বুঝি রাজ্যের গণতন্ত্র অসহায়। সেই অসহায় গণতন্ত্রকে সুরক্ষিত করতে আমরা মনে করি জোট বাঁধার প্রয়োজন, তাই আমরা জোটবদ্ধ হয়েছি। যখন আমরা এই রাজ্যে দেখি সাংবিধানিক প্রধান—আদালতের বিচারপতিকে শাসক দলের পক্ষ থেকে বলা হচ্ছে, 'লালা বাংলা ছেড়ে পালা'—আমরা বুঝি এই রাজ্যের গণতন্ত্র বিপন্ন, সেই বিপন্ন গণতন্ত্রকে রক্ষা করতে এই জোট বাঁধার প্রয়োজন, তাই আমরা এই জোট বেঁধেছি। যখন আমরা দেখি নন্দীগ্রামে আন্দোলনরত মানুষকে প্রতিরোধ করতে পাল্টা রাজনৈতিক আন্দোলন নয়, পুলিশের পোশাক পরিয়ে হার্মাদ বাহিনীর দ্বারা মিছিলে গুলি চালিয়ে আন্দোলনকারীদেরকে হত্যা করছে, তখন আমরা বুঝি এই রাজ্যের গণতন্ত্র কলঙ্কিত। সেই কলঙ্কিত গণতন্ত্রকে রক্ষা করতে জোট বাঁধা প্রয়োজন, তাই আমরা জোট বেঁধেছি। যখন আমরা দেখি সিঙ্গুরে আন্দোলনরত মানুষর আন্দোলনকে স্তব্ধ করতে—সি বি আই-এর কাছে স্বীকারোক্তি দিয়ে ধৃত ব্যক্তিরা বলে, বাইরের রাজ্য থেকে দুর্বৃত্ত আনিয়ে গণধর্ষণ করিয়ে তাপসী মালিককে আগুনে পুড়িয়ে মেরে হত্যা করেছে, তখন বুঝি, এই রাজ্যের গণতন্ত্র ভূলুণ্ঠিত। সেই গণতন্ত্রকে পুনরুদ্ধার করতে জোট বাঁধার প্রয়োজন,

তাই আমরা জোটবদ্ধ হয়েছি। আজকে জোট দেখে আতঙ্কিত হয়ে অনেকে বলেছেন, জোট তো নয় ঘোঁট। জোটটা যে কত বড়ো চোট, এটা লোকসভা নির্বাচনে টের পাবেন। লোক্‌সভা নির্বাচনে টের পাবেন তাই আতঙ্কিত হয়ে তাকে ঘোঁট বলতে শুরু করেছেন। আমি আজকে চক্রবর্তী সাহেবের বক্তব্য শুনছিলাম। তিনি বললেন, আমরা নাকি চাই দারিদ্র্য টিকে থাকুক, সেই দারিদ্র্যকে নিয়ে রাজনীতি করতে চাই। সাদা বাংলায় একটা কথা আছে, 'যার প্রতাপে রামের মা, তারেই তুমি চেন না'। গোটা রাজ্যে দারিদ্র্য দূরীকরণ যত কর্মসূচি পঞ্চায়েত স্তরে রূপায়িত হচ্ছে, সবই কংগ্রেস, কেন্দ্রীয় সরকারের। আর আপনি দারিদ্র্যের উপর ভাষণ দিচ্ছেন, আপনারা নাকি দারিদ্র্য দূরীকরণ করতে চাইছেন, আর আমরা দারিদ্র্য ধরে রাখতে চাইছি। আপনি বলেছেন গোর্খাল্যান্ড নিয়ে আমরা কোনো স্পষ্ট ভূমিকা নিইনি। পঞ্চায়েতীরাজ সম্মেলনে প্রণব মুখার্জী ৭ মার্চ শিলিগুড়িতে দ্ব্যর্থহীন ভাষায় বলে এসেছেন, 'কোনো অবস্থায় বাংলাকে ভাগ হতে দেওয়া যাবে না'। তার পরেও আপনি বলছেন গোর্খাল্যান্ড নিয়ে কংগ্রেস কোনো স্পষ্ট ভূমিকা গ্রহণ করেনি। আপনার কথার উত্তর দিতে আমি এখানে দাঁড়াইনি। রাজ্যপালের ভাষণে কিছু কিছু জায়গায় যে যন্ত্রণাগুলো লুকিয়ে আছে, সেই কথা বলতে আমি কংগ্রেস দলের পক্ষ থেকে এখানে দাঁড়িয়েছি। এই সভার সামনে বক্তব্য রাখতে দাঁড়িয়েছি। আপনারা রাজ্যপালকে দিয়ে বলিয়েছেন, 'পাহাড়ে মুখ্যমন্ত্রীর আবেদনে এবং রাজ্যপালের আবেদনে একটা সাড়া সৃষ্টি করেছে বলে, প্রভাব সৃষ্টি করেছে বলে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে এবং সেই শান্তি প্রতিষ্ঠা হওয়ার ফলে স্থিতাবস্থা আছে এবং পরিস্থিতির উপর গভীর নজর রাখা হচ্ছে'। পরিস্থিতি আমরা দেখতে চেয়েছি। পরিস্থিতি আমরা দেখতে চেয়েছি বলে ন্যাশনাল ট্রাইবাল কমিশনের প্রতিনিধিদল নিয়ে ডুয়ার্সের বিভিন্ন জায়গাতে মালবাজার, বানারহাট, বীরপাড়া, কালচিনিতে আদিবাসী মানুষের মাঝখানে গিয়ে জানতে চাওয়া হয়েছিল, যারা চিরকাল গান গেয়েছে, নৃত্য করেছে, অস্ত্র হাতে নিয়ে তারা আজ রাস্তায় কেন ? তারা বলেছে আমাদের বাচ্চাগুলো সাদৃতে কথা বলে মা-বাবার সঙ্গে, আর যখন শিশু শিক্ষা কেন্দ্রে পড়তে যায়, দিদিমণি বাংলায় পড়ায়। না দিদিমণি আমার বাচ্চার ভাষা বোঝে, না আমার বাচ্চা দিদিমণির ভাষা বোঝে। কি শিক্ষা আপনারা দিচ্ছেন ? আমার সন্তানরা মাধ্যমিক শিক্ষা লাভ করে হিন্দি মাধ্যমে পড়ে। পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, নবম, দশম, একাদশ, দ্বাদশ শ্রেণীতে হিন্দিতে পড়বার পরে যখন পরীক্ষায় বসে, তখন তাদের প্রশ্নপত্র দেওয়া হয় ইংরেজি অথবা বাংলায়। তারা প্রশ্নপত্র বুঝতে পারে না। যদিও বা সেই প্রশ্নপত্র বুঝে কেউ কেউ পাশ করে, স্নাতক স্তরে পড়াশোনা করবে কোথায় তারা জানে না। কারণ সমগ্র উত্তরবঙ্গে এতগুলো হিন্দি স্কুলে ছাত্র-ছাত্রীরা পড়বার পরেও আজ পর্যন্ত আদিবাসী সম্প্রদায়ের মানুষের স্বার্থে কোনো হিন্দি কলেজ সেখানে তৈরি করা হয়নি। তারা জানতে চেয়েছে, তারা বলতে চেয়েছে—মালবাজার থেকে আলিপুরদুয়ার, ডুয়ার্সের বিস্তীর্ণ এলাকায় আজ পর্যন্ত একটাও পলিটেকনিক তৈরি করা হয়নি। একটিও ভোকেশনাল ট্রেনিং সেন্টার তৈরি করা যায়নি। মৃণালবাবু, বিদ্যুৎমন্ত্রী প্রশ্ন-উত্তর পর্বে এখানে ছিলেন। তাঁর জানা উচিত তাঁর লেবার ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট, যার সম্পর্কে রাজ্যপালের বক্তব্যতেও কিছু উল্লেখ করা হয়েছে। চার চারটি ভোকেশনাল ট্রেনিং সেন্টার আছে। চালসা,

হাসিমারা, বীরপাড়া, কালচিনিতে কবে যে শেষ সেখানে প্রশিক্ষণ হয়েছিল কেউ মনে করতে পারছে না, বন্ধ হয়ে পড়ে আছে। আর আদিবাসী সন্তানদের কারিগরি শিক্ষা নেবার দরজা খোলবার জন্য আজকে আমরা বলছি। পড়ার জন্য তোমাকে জলপাইগুড়ি আসতে হবে অথবা আলিপুরদুয়ার যেতে হবে।

[2.20 – 2.30 p.m.]

৩৪ লক্ষ জনসংখ্যার ২৮ পার্সেন্ট তারা। আদিবাসী গার্লস হস্টেল কত ? ৩টি। সারা জেলায় আদিবাসী গার্লস হস্টেল ৩টি। যোগেশবাবু মন্ত্রী, তিনি এ ব্যাপারে বলবেন। ৩টি গার্লস হস্টেল, ৪টি হয়নি। আদিবাসী ছাত্র-ছাত্রীদের উচ্চশিক্ষা দেওয়ার জন্য একলব্য বিদ্যালয় করে দিয়েছে কেন্দ্রীয় সরকার, পড়ানোর দায়িত্ব রাজ্য সরকারের। সেখান থেকে এ পর্যন্ত কেউ ইংরেজি মাধ্যমে পাশ করে বেরতে পারেনি। কারণ, যোগ্য শিক্ষক-শিক্ষিকা এখনও পর্যন্ত সেখানে দেওয়া যায়নি। আজকে সেই পরিস্থিতির উপর আপনারা নজর রাখছেন। সেই পরিস্থিতির উপর নজর রাখছেন। কোন পরিস্থিতি ? ১৮৭৪ সালে ব্রুহান সাহেবের তত্ত্বাবধানে যেদিন গাজোলডোবার চা-বাগান সৃষ্টি হয়েছিল, সেদিন সাঁওতাল পরগনা থেকে, রাঁচি থেকে এইসব মানুষরা এই চা-বাগানে শ্রমিক হিসেবে কাজ করতে এসেছিলেন। এই চা-বাগানের শ্রমিকরা ১৯১৬ সালে টানা ভগৎ আন্দোলন করেছিলেন, ১৯৪৭ সালে এঁরা তেভাগা আন্দোলনে যুক্ত হয়েছিলেন এবং এঁদের ১৪ জন এই আন্দোলনে প্রাণ দিয়েছিলেন। আজকে চা-বাগানে তাঁদের কাজ শেষ হয়ে গেলে যখন তাঁরা অবসর পাচ্ছেন, তখন তাঁদের অবসরকালীন পেনশন দিয়ে বলা হচ্ছে, 'বাড়ি চলে যাও'। তাঁরা কোথায় যাবেন ? তাঁরা রাঁচিতে যাবেন ? কোথায় যাবেন তাঁরা ? তাঁরা কি সাঁওতাল পরগনায় ফিরে যাবেন ? কোথায় যাবেন ? ১৫০ বছর আগে তাঁরা চা-বাগানে শ্রমিক হয়ে এখানে এসেছিলেন, তাঁরা স্বাধীনতা আন্দোলনে যোগ দিয়েছেন, তাঁরা তেভাগা আন্দোলনে যোগ দিয়েছিলেন, কিন্তু এখনও পর্যন্ত তাঁরা ভূমিপুত্র হতে পারেননি, তাঁদের ভূমির অধিকার দেওয়া হয়নি। Nowhere in the country the tribals are denied land rights as they are denied in west Bengal. Have you taken note git ? সেদিকে নজর দিয়েছেন ? পরিস্থিতির উপর নজর রাখছেন ! আজ পর্যন্ত তাঁরা জমির অধিকার পাননি। ১৫০ বছর আগে তাঁরা এখানে চা-বাগানের শ্রমিক হয়ে কাজ করতে এসেছিলেন— এই ৩ থেকে ৫ লক্ষ মানুষ আজ পর্যন্ত জমির অধিকার পাননি। আর আপনারা বলছেন পরিস্থিতির উপর নজর রাখছেন। আপনারা নজর রাখছেন ? আপনারা সমৃদ্ধশালী করেছেন বাংলাকে ! নতুন বিদ্যালয়, নতুন বিশ্ববিদ্যালয় সৃষ্টি করেছেন। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে তার উল্লেখ আছে। নতুন অনেকগুলো পি টি টি আই তৈরি করেছেন। এই পি টি টি আই থেকে পাশ করা ৭৫ হাজার ছাত্র-ছাত্রী রাস্তায় কখনও মিছিল করছেন, কখনও তাঁরা অবস্থান করছেন, আবার কখনও তাঁদের কেউ কেউ হতাশাগ্রস্থ হয়ে বিষ পান করে আত্মহত্যা করছেন, নিজের জীবন বিসর্জন দিচ্ছেন। আর আপনারা শুধু প্রতিশ্রুতি দিচ্ছেন—এন সি টি ই-র সঙ্গে কথাবার্তা চলছে, তাদের সঙ্গে আলোচনা চলছে। আপনারা শুধু প্রতিশ্রুতি দিচ্ছেন। এদিকে প্রাথমিক শিক্ষক পদের ৫০ হাজার ভ্যাকেন্সি পড়ে আছে। এর কোনো

সমাধান করতে পারলেন না। এখানে শাসক দল আছেন, বিরোধী দল আছেন, শাসক দলের মন্ত্রী আছেন, আমি সকলের সামনে বলতে চাই যে, এঁদের অনিশ্চিত ভবিষ্যতের হাত থেকে বাঁচান। এডুকেশন কংকারেন্স লিস্টে আছে। তাহলে কেন আপনি অর্ডিন্যান্স পাশ করে বলবেন না যে, 'যারা আমাদের রাজ্যে পি টি টি আই থেকে পাশ করেছে, তাদের আমরা স্বীকৃতি দিলাম। আমাদের রাজ্যে যারা পি টি টি আই থেকে পাশ করেছে, তাদের সার্টিফিকেটকে রাজ্য সরকার গুরুত্ব দেবে'। কংকারেন্স লিস্টে আপনাদের সেই ক্ষমতা আছে। এর আগে ৩ বছর পড়িয়ে আপনারা ডাক্তার তৈরি করলেন। সেই ডাক্তারদের আপনারা পূর্ণাঙ্গ ডাক্তার হিসেবে গ্রামের স্বাস্থ্যকেন্দ্রে চাকরি করাচ্ছেন। তাদের তো ৫ বছর পড়তে হয়নি। আজকে যারা পি টি টি আই থেকে পাশ করেছে, তাদের কেন স্পষ্ট করে বলছেন না যে, তাদেরকে আপনারা স্বীকৃতি দিচ্ছেন। আজকে পি টি টি আই থেকে ট্রেনিংপ্রাপ্ত হয়ে যাঁরা চাকরি করছেন, তাঁরা ভয় পাচ্ছেন যে, তাঁদের মাইনের টাকা ফেরত দিতে হবে। যাঁরা বেসিক ট্রেনিং নিয়ে ২০ নম্বরের অগ্রাধিকার পেয়ে চাকরি পেয়েছিলেন, তাঁরা ভয় পাচ্ছেন যে, হয়তো তাঁদের চাকরি চলে যাবে। যেসব ছাত্র-ছাত্রীরা ডিপ্লোমা পাশ করেছে, তারা ভাবছে যে, ডিপ্লোমার কি মূল্য আছে ? তাদের চাকরি দেবে কেন ? আপনি অর্ডিন্যান্স পাশ করে বলতে পারেন যে, সেন্ট্রাল স্কুলের চাকরির দরকার নেই, রেলের চাকরির দরকার নেই, কেন্দ্রীয় বিদ্যালয়ের চাকরির দরকার নেই, আমাদের রাজ্যে প্রাথমিক স্কুলে ৫০ হাজার ভ্যাকেন্সি আছে, সেখানে আমি তোমাদের চাকরি দেব'

[2.30 – 2.40 p.m.]

তার পরিপ্রেক্ষিতে বলি, আপনারা বলেছেন তিস্তা প্রকল্প আজকে রাজ্যের একটা বড়ো প্রকল্প। আপনাদের কি বলতে কষ্ট হল যে, তিস্তা প্রকল্প জাতীয় প্রকল্প হয়ে গেছে ? বলতে কি কষ্ট হল যে, ৯০ শতাংশ টাকা কেন্দ্র দিতে সম্মত হয়েছে ? বললে কি অসুবিধা ছিল ? আপনারা বলেছেন, মৎস্যজীবীদের জন্য ২৩ হাজার বাড়ি তৈরি করেছেন, ৬০ হাজার মৎস্যজীবীকে পেনশন দিয়েছেন। বলতে কি কষ্ট হল যে, এর ৫০ শতাংশ টাকা কেন্দ্র দিচ্ছে ? বলতে কি অসুবিধা ছিল ?

(গোলমাল)

আমি আপনাদের প্রোৎসাহিত করতে পেরেছি বলে গর্ব অনুভব করছি। যে সময়ে হাউসে একটা ঝিমুনির ভাব এসেছিল, একটা নীরবতার ভাব এসেছিল সেই সময়ে আমি সকলকে সচেতন করতে সক্ষম হয়েছি, সজাগ করতে সক্ষম হয়েছি। আমি মনে করি একটা গল্প শোনালে আপনারা আরও উৎসাহিত হবেন। গল্পটা কি ? গল্পটা হল, একটা বাঙালি বাড়িতে একজন সর্দারজির আসার কথা। সর্দারজিরা বড়ো বড়ো গ্লাসে চা খায় আর কলকাতার বাঙালিরা এই এতটুকু মাটির ভাঁড়ে চা খায়। সেই সর্দারজি আসবেন। ভদ্রলোক বলে গেছেন এলে চা-টা দিও, আমি এসে যাব সময়মতো। ভদ্রলোকের বাড়িতে আসতে দেরি আছে। তাঁর স্ত্রী তাঁকে মাটির খুরিতে চা দিয়েছে। সর্দারজি চা খেয়েছেন। তার পরে ভদ্রলোক এসে তাঁকে বললেন,

ঠিক তাঁর বড়ো গ্লাসে চা খাওয়ার অভ্যাস, তিনি ভেবেছেন এটা তাঁকে স্যাম্পেল দেওয়া হয়েছে। আজকে পরেশবাবু এখানে নেই। তিন মাস ধরে কিছু স্যাম্পেল দিয়ে, সস্তার কিছু খাদ্যদ্রব্য দিয়েছে। সস্তায় কতটা খাদ্যদ্রব্য দেওয়া হয়েছে ? এক মাসে ১ কেজি চাল, ৬০০ গ্রাম ডাল, ৫০০ মিলিগ্রাম তেল। আজকে মানুষ তাই পরেশবাবুকে খুঁজে বেড়াচ্ছে। "আমাদের স্যাম্পেল তিন মাস পেয়েছি, তুমি আসলে তোমাকে একটু দেব।" রাজ্যের মানুষ খুঁজে বেড়াচ্ছে। আজকে ক্ষিতিবাবু এখানে উপস্থিত নেই। তাঁর দপ্তর সম্পর্কে রাজ্যপালের ভাষণে বলা আছে। রাজ্যপালের ভাষণে উল্লেখ করা হয়েছে যে, আমরা সড়ক নির্মাণের কাজকে ত্বরান্বিত করেছি এবং পুণ্ডিবাড়িতে তোর্সা নদীর উপরে সেতু নির্মাণ করেছি। অপশব্দ ব্যবহার করার অভ্যাস আমার নেই। এই কথা শুনলে অতি নির্লজ্জও লজ্জা পাবে। পুণ্ডিবাড়ি সেতু ১৪ কোটি টাকার সেতু। ১৯৮৭ সালে প্রধানমন্ত্রী রাজীব গান্ধী এসেছিলেন, সেখানে মানুষ এসে তাঁর কাছে দরবার করে দাবি করে আমাদের সেতু চাই। সেই সেতুর জন্য ১৪ কোটি টাকা মঞ্জুর হয়েছিল। পি ডব্লু ডি (এন এইচ) সেই ১৪ কোটি টাকা ৩৭ কোটিতে নিয়ে গেলেন। কি তৈরি হল নদীর উপরে ? কয়েকটি শহিদ স্তম্ভ ছাড়া আর কিছু এগোয়নি। শহিদ স্তম্ভের পরে সেতু এগোয়নি মার্টার্স কলাম দেখে দেখে। পাশের সীমান্ত জেলায় আমি গিয়েছিলাম, আমি জিজ্ঞেস করেছিলাম ব্রিজ কবে হবে ? শুনলাম ৩৭ কোটি টাকা এসেছিল শেষ হয়ে গেছে। তারপর এগোনো যাচ্ছে না। টি আর বালু, মুনিয়াপ্পার কাছে দরবার করে রাজ্যকে ওয়ার্নিং দিয়ে ৬৭ কোটি টাকা মঞ্জুর করে সেই সেতুর কাজ সম্পূর্ণ হল। ক্ষিতিবাবু উদ্বোধন করতে গিয়ে বললেন, "দেবপ্রসাদবাবুর নিরলস প্রচেষ্টায় এই অর্থ এসেছে।" সংবাদপত্রে সেটা প্রকাশিত হল। আমরা এই সেতুর কাজ সম্পন্ন করতে পেরেছি। আর সুন্দরভাবে যেমন পরের দ্রব্য মেড ইন ইন্ডিয়া লিখে বিক্রি করা যায়, তেমনই সেতুটির ওপর আজকে দাবি জানিয়ে রাজ্যপালের ভাষণে সেটাকে যুক্ত করে দিলেন। আজকে এখানে বক্তব্য রাখছিলেন নির্মল দাস। তিনি বললেন, জয়রাম রমেশ কতবার এলেন, গেলেন, কিন্তু বন্ধ চা-বাগান তো খুলল না। বন্ধ চা-বাগান খোলেনি। কিন্তু জয়রাম রমেশ এস পি ডি এফ ডি এ দিতে চেষ্টা করেছেন, যাতে ১৪ সংখ্যা ১৫ না হয়। কিন্তু আপনাদের শ্রম সচিব গিয়ে বলে এলেন, 'আমরা অধিগ্রহণ করার কথা ভাবছি'। আর নিরুপমবাবু জবাব দিলেন, 'আমরা চা-বাগান অধিগ্রহণের কথা ভাবছি না। তবে বন্ধ চা-বাগানের মানুষকে বাঁচানোর চেষ্টা করব'। অসীম দাশগুপ্ত বলছেন, 'বিকল্প চাযের উদ্যোগ নিয়ে অর্থ দেব'। ২২ একর জমি আইডেন্টিফাই করে ১১ লক্ষ টাকা প্রয়োজন হল। অসীমবাবুর প্রতিশ্রুতি প্রতিশ্রুতিই থেকে গেল, কিন্তু বন্ধ চা-বাগানে বিকল্প চাযের কাজ শুরু হল না। রামঝোড়া এবং কাঁঠালগুড়ি— এই দুটি চা-বাগানের লিজ বাতিল করে নতুন করে মালিক চাওয়া হল। কিন্তু কেউ দরখাস্ত করেনি। দরখাস্ত করেনি কেউ। কিন্তু ডব্লু বি টি ডি সি-র দুটি বাগান চলছে—হিলা এবং মহুয়া। আপনারা কোনো দরখাস্ত করলেন না। বন্ধ দুটির জায়গায় ৪টি হত। আর চা পর্যটনের জন্য যখন কেন্দ্র ৪ কোটি টাকা দেয়, তখন সেই টাকাটা মহুয়া এবং হিলাতে পরিকাঠামো তৈরি করতে লজ্জা হল। আর যখন নতুন মালিক চাওয়া হল, তখন দরখাস্ত করার সাহস কারও হল না। আর নির্মলবাবু এই সভায় জানিয়েছেন, জয়রাম রমেশ বলছেন ব্রহ্মপুত্র বোর্ড থেকে আমরা কোনো টাকা পাইনি। উনি জানেন না, তিস্তা এবং তার সংলগ্ন

নদীগুলোর জন্য ২৭টি প্রকল্প মঞ্জুর করে ব্রহ্মপুত্র বোর্ড ৯৯ কোটি টাকা মঞ্জুর করেছে। ইতিমধ্যে ১৯ কোটি টাকা পেয়েছে রাজ্য সরকার। আর রবিবাবু বসে বসে ভয় পাচ্ছেন, কখন দেবপ্রসাদ রায় সার্কিট বেঞ্চের প্রশ্ন তোলেন। আমি যেদিন প্রার্থী হয়েছিলাম, সেদিন জলপাইগুড়ি সার্কিট বেঞ্চ যেখানে ছিল, আজ প্রার্থীপদ শেষ হয়ে যাচ্ছে, বিধায়ক পদ শেষ হয়ে যাচ্ছে—এক ইঞ্চিও অগ্রগতি হয়নি। রাজ্য সরকার জেলা পরিষদকে প্রতি মাসে এক লক্ষ টাকা করে বাড়ি ভাড়া দিচ্ছে। যে সমস্ত আসবাবপত্র কেনা হয়েছিল, সেগুলো ধুলোয় ধুলোয় এমন অবস্থা হয়েছে যে, নিলামে তুললে কেউ কিনবে না। কিন্তু সার্কিট বেঞ্চ যেখানে ছিল, সেখানেই দাঁড়িয়ে আছে। আমি জানি না, কবে রবিবাবু সরব হয়ে বলবেন, আপনার কথা আমার কানে পৌঁছেছে, আমি সিদ্ধান্ত নিতে উদ্যোগ নিয়েছি। আপনার যদি উদ্যোগ থাকেও, আমার চোখে কিন্তু সেটা ধরা পড়েনি। কিন্তু আমার মাথার ওপরে ৬ মাসের জেলের খাঁড়া ঝুলছে। সুপ্রিম কোর্ট থেকে স্টে অর্ডার নিয়ে বসে আছি। তবুও সার্কিট বেঞ্চের দরজা খুলতে পারিনি। তাই আমি এই সভার সামনে দাঁড়িয়ে, রাজ্যপালের ভাষণের ওপরে বক্তব্য রাখতে গিয়ে বলি—

সময় যে হল বিন্ধ্যাচল,
ছেঁড় আকাশের উঁচু ত্রিপল।
দ্রুত বিদ্রোহে হান উপল,
শত শত মাথা তোলো আজ বিন্ধ্যাচল।
যে গেল, সে গেল ভেবে কি ফল,
ভোলো ক্ষত।

আজকে নন্দীগ্রামকে ভুলে, সিঙ্গুরের ক্ষতস্থানকে ভুলে দুর্বার প্রতিবাদ গড়ে তুলতে প্রস্তুতি নিচ্ছি। তাই এই ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করছি।

[2.40 – 2.50 p.m.]

শ্রী মেহেবুব মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৯ মার্চ মাননীয় রাজ্যপাল যে বক্তব্য এখানে পেশ করেছেন সেই ভাষণকে সমর্থন করে দু-একটি কথা বলছি। এখানে আমাদের বিরোধী বন্ধুরা অনেক কথা বললেন। আমি পরিষ্কার করে যেটা বলতে চাই সেটা হল, সন্ত্রাসবাদকে আমরা কখনোই সমর্থন করি না। তা সে ব্যাঙ্গালোরেই হোক, আমেদাবাদেই হোক, দিল্লিতেই হোক, বোম্বাইতেই হোক বা পশ্চিমবঙ্গেই হোক—কোনো সন্ত্রাসকে কখনোই সমর্থন করি না। পশ্চিমবঙ্গে সন্ত্রাসবাদকে আমাদের সরকার কঠোর হস্তে দমন করবে। এখানে সন্ত্রাস সৃষ্টি করছে কারা এই ব্যাপারটা দেখা দরকার। এর পেছনে মদত আছে আমেরিকার। আমেরিকার কথা আমি এই কারণেই বলছি, তারা পাকিস্তানকে মদত দিচ্ছে, কখনও ব্রিটিশ সাহায্য নিয়ে ভারত-পাকিস্তানের ভাব করার মধ্যে দিয়ে কাশ্মীরের সমস্যাকে জিইয়ে রেখে সন্ত্রাসবাদ সৃষ্টি করে চলেছে। আজকে আমেরিকায় ডেমোক্রেটিক দল জিতেছে, সেখানে বারাক হোসেন ওবামা বলেছেন পাকিস্তানকে আমরা সব দিক থেকে সাহায্য, সহায়তা করব। ভারতবর্ষের সাথে পাকিস্তানের একটা লড়াই লাগাবার ষড়যন্ত্র চলছে,

পরবর্তীকালে বোম্বাই বোমব্লাস্ট ঘটনায় পাকিস্তানের নাম উঠেছে। এখানে মদত দেওয়ার ক্ষেত্রে এবং সন্ত্রাস সৃষ্টি করার ক্ষেত্রে এর পিছনে যে সাম্রাজ্যবাদীদের হাত আছে এটা পরিষ্কার। আমেরিকার যে সন্ত্রাসবাদের হাত আছে তাকে সমর্থন করছে কারা, আমেরিকার পদলেহন করছে কারা। ওই ওপাশে যাঁরা বসে আছেন সেই বন্ধুরা আজকে আমেরিকার পদলেহন করছেন। কলাইকুন্ডাতে আজকে যৌথভাবে মহড়া হচ্ছে। আমাদের দেশের যে সার্বভৌমত্ব, ভারতের পরমাণু চুক্তি যেটা আছে আমরা বামপন্থীরা যখন এর বিরোধিতা করছি, তখন তাঁরা সেটাকে সমর্থন করছেন। আমাদের দেশের সার্বভৌমত্ব, নিরপেক্ষতাকে বিঘ্নিত করছেন। আজকে সেই কংগ্রেস চলে গেছে তৃণমূল কংগ্রেসের সঙ্গে। সন্ত্রাসবাদকে কংগ্রেস মদত দিচ্ছে, তার সঙ্গে বিচ্ছিন্নতাবাদকেও মদত দিচ্ছে। ২০০১ সালে গ্রেটার কোচবিহারে যে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন, কে এল ও, কামতাপুরী আন্দোলন সেখানেও তৃণমূল কংগ্রেসের মদত আছে। আজকে দার্জিলিং-এ বিচ্ছিন্নতাবাদের সৃষ্টি হয়েছে, আজকে পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুরে যে নকশালরা আছে সেখানে তাদের সাপোর্ট করছে। আজকে রাজ্যে আইন-শৃঙ্খলার যে অবনতি ঘটছে তার মূলে আছে তৃণমূল কংগ্রেস। আজকে তারা পশ্চিমবাংলাকে টুকরো টুকরো করে দিতে চাইছে। নকশালপন্থী যাঁরা আছেন তাঁদের সাপোর্ট করছে তৃণমূল কংগ্রেস এবং তার সঙ্গে দার্জিলিং-এ গোর্খা জনমুক্তি মোর্চা আছে তাদের আন্দোলনকে। সেই আন্দোলনকে যখন আমাদের সরকার ট্রাইপাটাইট আলোচনার মধ্যে দিয়ে সেখানে মেটাবার চেষ্টা করছে, তখন আমরা এখানে দেখলাম যে, ডি জি জে এম অর্থাৎ দার্জিলিং গোর্খা জনমুক্তি মোর্চাকে তার নিজস্ব সিটটা অর্থাৎ লোকসভার সিটটা যাতে জেতে এবং সেই সিটটা পাওয়ার জন্য তাদের নেত্রী দিল্লির নেত্রী বলে পাঠিয়েছেন বিমল গুরুংকে, আপনি আমাদের কাছে আসুন এবং আমরা যাতে ওই সিটটা জিতি। তার মানে কি, তার মানে হচ্ছে, যেন-তেন-প্রকারে সিটটা আমাদেরকে রাখতে হবে। তার জন্য প্রয়োজন হলে বিচ্ছিন্নতাবাদকে মদত দিতে হবে এবং এই বিচ্ছিন্নতাবাদকে মদত দেওয়ার ক্ষেত্রে কংগ্রেসের যারা আছে বিরোধী বন্ধু তারা মদত দিচ্ছে। আর আজকে টি এম সি-র যাঁরা আছেন, তাঁরা বলে গেলেন, টি এম সি-র সঙ্গে কংগ্রেসের জোট হচ্ছে। এখানে টি এম সি-র সঙ্গে কংগ্রেসের জোটের ক্ষেত্রে আমরা বিভিন্ন সময়ে দেখেছি, ১৯৯৮ সালের চিত্রটা যদি আমরা দেখি, ১৯৯৮ সালে বি জে পি-র সঙ্গে টি এম সি-তে জোট ছিল কেন্দ্রে। কিন্তু মমতাদি সমর্থন স্থগিত করেছিলেন দু-দুবার। একবার হচ্ছে টি এম সি-র বি জে পি পরামর্শ শুনছে না বলে। প্রধানমন্ত্রী জর্জ ফার্নান্ডেজ ফোন করায় আবার ওই ৭ দিনের মাথায় প্রত্যাহার করে নেয়। অর্থাৎ তারা একবার সমর্থন তুলে নিল, ফার্নান্ডেজ পরে ফোন করল, করার পর আবার তারা স্থগিতটা প্রত্যাহার করে নিল। এইভাবে এক বছরে দুবার। ১৯৯৮ সালে এবং ২০০৩ সালে রেলমন্ত্রী মমতাদি যখন ছিল, সেই মমতাদি যখন এন ডি এ সরকারের মধ্যে ছিল, তখন পদত্যাগ করেছিলেন [***] একসঙ্গে চিঠি দিয়ে। এক্ষেত্রে এরা তিন-তিনবার কেন্দ্রে যে এন ডি এ সরকারের থেকে পদত্যাগ গ্রহণ করে, তারা এখানে ২০০১ সালে ওই কংগ্রেসের সঙ্গে জোট বাঁধে। ২০০১ সালে কংগ্রেসের সঙ্গে জোট বেঁধেছিল। আমি প্রশ্ন করি, তারা তো বলেছিল বন্ধু কংগ্রেস। বন্ধু কংগ্রেসের সঙ্গে আমরা

*** উপাধ্যক্ষর আদেশক্রমে বাতিল

জোট বেঁধেছি এই কারণে—২০০১ সালে আপনারা জোট বেঁধেছিলেন—জোট বেঁধে আপনারা কংগ্রেসের সঙ্গে ঘর করেছিলেন, তাহলে কেমন ঘর হল ? ২০০১ সালের থেকে আবার কংগ্রেস থেকে চলে গিয়ে আপনাদেরকে এন ডি এ সরকারের মধ্যে যেতে হল। এই প্রশ্ন যদি আপনাদের করা হয় তাহলে আপনাদের সুবিধাবাদী যে জোট, সেই সুবিধাবাদী জোটের জন্য আপনারা যখন প্রয়োজন তখন সেটাকে ব্যবহার করবেন। আমি শুধু এই কথা বলতে চাই যে, এরা আইন-শৃঙ্খলাকে বিঘ্নিত করার জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন রকম কথাবার্তা বলেন। কখনও চমকাইতলায় গিয়ে চমকে দেব, কখনও উল্টে দাও, পাল্টে দাও, পাঁশকুড়া লাইন—এইসব কথা বলছেন। যাঁরা টি এম সি নেতৃত্বে আছেন তাঁরা বলেছেন। কিন্তু আজ পর্যন্ত, আজকেও খবরের কাগজে দেখলাম মমতাদি বলেছেন যে, সি পি এম-কে, বামফ্রন্টকে আমরা বনবাসে পাঠিয়ে দেব। কংগ্রেসের প্রয়াত শ্রদ্ধেয় নেতা গণি খান চৌধুরী বলেছিলেন, সমুদ্রে পাঠিয়ে দেব। কিন্তু আজ পর্যন্ত দিদির ওই যে স্লোগান নাউ অর নেভার, ২০০১ সালে বলেছিলেন, তিনি অনেক সেমি-ফাইনাল খেলেছেন, ফাইনাল খেলার জন্য প্রস্তুত হয়েছিলেন, কিন্তু ফাইনাল খেলতে পারেননি। কারণ এক নয়, একাদশ ইয়ার্ড-এর মধ্যে জগিং করতে করতে শেষে তাকে আর মাঠে নামানো হয়নি। মাঠে না নামায় তিনি গোল করতে পারেননি। আজকে খেলা তো অনেক হয়েছে, নাউ অর নেভার ২০০১ সালে বলেছিলেন। কিন্তু পশ্চিমবাংলার মানুষ তাঁকে সেই সুযোগ দেননি। তিনি দিদি থেকে দিদিমণি হয়ে গেছেন। তিনি বলেলিলেন, বেণী বাঁধব না, কিন্তু এখন তো বেণী বাঁধছেন, ঘরে বসে ছবি আঁকছেন, কবিতা লিখছেন। তাঁর এই আশা পূরণ সম্ভব হবে না। পশ্চিমবঙ্গের মানুষ আছে, পশ্চিমবঙ্গের মানুষ তার জবাব দেবে। সব থেকে আশ্চর্যের বিষয় হচ্ছে, কি হিসাবে লোকে আপনাদের ভোট দেবে ? আজকে গান্ধীবাদ, নেহরুবাদ, আজকে মমতাদি আপনাদের তৃণমূলের, আমাদের তো মার্কসবাদ, লেনিনবাদ কিন্তু আপনাদের কোন নীতি ?

[2.50 – 3.00 p.m.]

আমাদের মার্কসবাদ, লেনিনবাদ আছে। কিন্তু আপনাদের কোনো নীতি আছে ? আপনাদের দলের কোনো নীতি নেই। আপনাদের কি আছে—মমতাবাদ।

(গোলমাল)

(এই সময় মাননীয়া সদস্যা শ্রীমতী সোনালী গুহ মাননীয় ডেপুটি স্পীকারের চেয়ারের দিকে চিৎকার করতে করতে ধাবিত হন এবং উনি বলেন যে, যিনি এই সভার সদস্য নন, তাঁর নাম এখানে উল্লেখ করা যায় না। কাজেই এই নামটা এক্সপাঞ্জ করার জন্য বলেন।)

(ডেপুটি স্পীকার মাননীয়া সদস্যাকে তাঁর সিটে গিয়ে বসতে বলেন। তখন মাননীয়া সদস্যা তাঁর সিটে গিয়ে বসেন।)

তৃণমূল কংগ্রেস এখন কংগ্রেসের সঙ্গে জোট করে ভোটে যেতে চায়। ১৪টি সিট দিয়ে নিজেদের কাছে ২৮টি সিট রেখে এই জোট হয়েছে। কংগ্রেস তৃণমূল কংগ্রেসের কাছে ১৪টি সিট নিয়ে নতজানু হয়েছে। এটা তাদের একটা সুবিধাবাদী জোট। এর আগে টি এম সি একটা জোট থেকে বেরিয়ে গেছে কিছুদিন আগে আমরা দেখেছি। তখন

এন ডি এ-তে তারা গিয়েছিল। যখন যেখানে সুবিধা হয় সেখানে তারা যায়। তখন এন ডি এ-তে সুবিধা হয়েছিল, এখন তারা কংগ্রেসের সঙ্গে জোটে যেতে চান। সুদীপ ব্যানার্জি ও সোমেন মিত্র আগে কোন বেঞ্চে বসেছিলেন ? আর আজকে তাঁরা কংগ্রেস ত্যাগ করে টি এম সি-তে চলে এসেছেন—লোকসভা ইলেকশানে টিকিটের জন্য, তাঁদেরকে আপনারা টিকিট দিলেন। আপনারা কলকাতায় বড়ো বড়ো পোস্টার দিয়েছেন, জনসাধারণকে দেখাচ্ছেন আপনাদের [***] সততাই প্রতীক, এই পরিচয় দিচ্ছেন। আর সুদীপ ব্যানার্জি এবং সোমেন মিত্র কংগ্রেস ছেড়ে টি এম সি-তে যোগ দিলেন, তখন আপনারাই আবার বলছেন তাঁদের ভোট দিতে।

(গোলমাল)

(এই সময় মাননীয়া সদস্যা শ্রীমতী সোনালী গুহ ডেপুটি স্পীকারের চেয়ারের দিকে ধাবিত হন এবং চিৎকার করতে থাকেন।)

মিঃ ডেপুটি স্পীকার : নামটা বাদ যাবে।

শ্রী মেহেবুব মণ্ডল : আপনারা বলছেন শিল্প চাই, কৃষির উন্নয়ন চাই। কিন্তু আমরা এই শিল্পায়নের ক্ষেত্রে আমাদের কৃষির উন্নয়নকে সার্বিকভাবে অব্যাহত রেখে কৃষিতে আমরা উন্নয়ন চাই। আপনারা বলছেন শিল্প চাই। কিন্তু কোথায় চান ? আপনারা শিল্প চান গুজরাটে। আপনারা বাংলায় শিল্প চান না, এখানে শিল্পের বিরোধিতা করছেন। আমাদের রাজ্য সরকারের যা স্ট্যাটিস্টিক্স আছে তাতে জি ডি পি বলছে ২৬ শতাংশ আসে কৃষি থেকে আর ২৪ শতাংশ আসে শিল্প থেকে। তাই এই শিল্প না হলে আপনাদের পরবর্তী প্রজন্মের ছেলে-মেয়েরা চাকরি পাবে না।

(গোলমাল)

তাই এখানে বলব যে, আপনাদের কোনো নীতি নেই। মানসবাবু গত ১৬-০৩-০৯ তারিখে একটা কথা বলেছিলেন যে, সারা পৃথিবীতে যে অর্থনৈতিক মন্দা চলছে সেই আর্থিক মন্দার মধ্যেও আমাদের ভারতবর্ষ নাকি মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। প্রভিডেন্ট ফান্ডের টাকা শেয়ার বাজারে খাটাতে চেয়েছিলেন কেন্দ্রের অর্থমন্ত্রী। বামপন্থীদের চাপে সেটা করা যায়নি। এই কৃতিত্ব কেবলমাত্র বামপন্থীদেরই। এই বামপন্থীরাই একমাত্র বাধা দিয়েছিল। এটা বামপন্থীরা কৃতিত্বের দাবি করে। আমরা যখন ইউ পি এ থেকে সমর্থন তুলে নিলাম। তখন ভারতের প্রধানমন্ত্রী বললেন, আমি চাপমুক্ত হলাম। তাই বলি, কংগ্রেসের হাতে ভারতের যে অর্থনীতি আছে সেটা নিরাপদ নয়। এটা মানসবাবুকে বুঝতে হবে। শেষে বলি, এই যে জোট তৈরি করেছেন পশ্চিমবাংলার মানুষ সেটা মেনে নেবে না। পশ্চিমবঙ্গের সচেতন মানুষ ২০০১ সাল থেকে নো অ্যান্ড নেভার—দিদিকে দিদিমণিতে পরিণত করেছে। ঘরে বসে কবিতা আবৃত্তি করাই সার হবে। আপনারা শুধু সেমি-ফাইনাল খেলবেন, ফাইনাল খেলতে পারবেন না। পশ্চিমবঙ্গের মানুষ সচেতন মানুষ। সব শেষে রাজ্যপাল এখানে যে ভাষণ দিয়েছেন তাকে সমর্থন করছি। ধন্যবাদ।

*** উপাধ্যক্ষর আদেশক্রমে বাতিল

মিঃ ডেপুটি স্পীকার : নাম ধরে অভিযোগ থাকলে সেগুলো এক্সপাঞ্জ হবে।

শ্রী শ্রুতিনাথ প্রহরাজ : স্যার,, আমি একটা পয়েন্ট অফ অর্ডার তুলছি। আপনি যে এক্সপাঞ্জ করার কথা বললেন সেটা নিয়ে প্রশ্ন নেই। কোনো সদস্য যদি কোনো অসংসদীয় মন্তব্য করেন সেটা এক্সপাঞ্জ হবে—এটা নিয়ে দ্বিমত নেই। কিন্তু এটা গোচরে তোলার একটা পদ্ধতি আছে। একজন সম্মানীয় সদস্য তিনবার উল্লেখ করলেন—এক্সপাঞ্জ যদি না করেন তাহলে আপনার চেয়ারে গিয়ে আমি বসে পড়ব। এই ব্যাপারে ওঁকে ক্ষমা চাইতে বলুন। এই হাউসের একটা রীতি আছে। বিরোধী সদস্য হলেও এই হাউসের রীতিনীতি তাঁকে মেনে চলতে হবে।

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৯ মার্চ ২০০৯-এ পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধী মহাশয় যে ভাষণ দিয়েছেন তার পরিপ্রেক্ষিতে আমার বক্তব্য নিবেদন করছি। আমি সেদিন ভাষণটি পুঙ্খানুপুঙ্খরূপে শুনছিলাম। ভাষণটি শুনে একটা কথা মনে হয়েছে যে, আমাদের মাননীয় রাজ্যপাল কি সেই রাজ্যপাল যিনি এক বছর আগে নন্দীগ্রামের হত্যাকাণ্ডটিকে নারকীয় হত্যাকার্য বলেছিলেন ? আমাদের রাজ্যপাল কি সেই রাজ্যপাল যিনি সিঙ্গুরের তাপসী মালিক হত্যার নিন্দা করেছিলেন ? আমাদের রাজ্যপাল কি সেই রাজ্যপাল যিনি সিঙ্গুরে শিল্পায়নের স্বার্থে এবং কৃষিজমির অনিচ্ছুক কৃষকদের স্বার্থে উভয়পক্ষকে ডেকে একটা চুক্তি সম্পন্ন করেছিলেন ? তিনি কি সেই রাজ্যপাল যিনি রিজওয়ানুর হত্যাকাণ্ডে মর্মাহত হয়েছিলেন ? একটার পর একটা ঘটনা যেটা রাজ্যপাল তাঁর ভাষণে কোনোরকম উল্লেখ করলেন না, কিন্তু অতীতে তাঁর মুখনিঃসৃত বাণীর মধ্যে আমরা শুনেছিলাম। আপনারা জানেন, নন্দীগ্রামে হার্মাদ বাহিনী এবং পুলিশের যোগসাজশে গুলি করে হত্যাকাণ্ড চালানো হয়েছিল। তাপসী মালিককে পুড়িয়ে মারা হয়েছিল। রিজওয়ানুরকে ট্রেনের তলায় ফেলে দিয়ে মারা হয়েছিল। এই যে বিভিন্ন রকম ভ্যারাইটিজ আরম্ভ হয়েছিল—আমি জানি না, লোকসভা নির্বাচনে এর কোন পথ অবলম্বন করা হবে ? আপনারা জেনে রাখুন, রিজওয়ানুরের সাক্ষী অরিন্দম মান্নাকে পর্যন্ত ট্রেনের চাকায় ফেলে দেওয়া হয়। আপনারা জেনে রাখুন, রিজওয়ানুরের ভাই রুকবানুর রহমানকেও খুনের হুমকি দেওয়া হচ্ছে। একের পর এক হুমকি দিয়ে পশ্চিমবঙ্গে একটা কলঙ্কিত অধ্যায় স্থাপনের চেষ্টা হচ্ছে। আপনাদের লজ্জা পাওয়া উচিত—চক্রবর্তীবাবু বলেছেন—গরিব গরিবই থাক এটা কংগ্রেস ও তৃণমূল কংগ্রেস চায়। কিন্তু আমি বলছি, আজ পর্যন্ত বি পি এল তালিকায় যাঁরা আছেন তাঁদের রেশন কার্ড দিতে পেরেছেন ? এটা দেশের লজ্জা, সরকারের লজ্জা, আমাদের লজ্জা।

[3.00 – 3.10 p.m.]

আপনারা জেনে রাখুন, কুড়ি-পঁচিশ বছর বয়স হয়ে গেল অনেক ছেলে-মেয়ের, কিন্তু তাঁদের রেশন কার্ড নেই বলে তাঁরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাতে পারছেন না। আপনারা বি পি এল তালিকার কাজ কমপ্লিট করতে পারেননি বলে তাঁদের রেশন কার্ড দেওয়া হচ্ছে না। যাঁরা বিত্তবান, যাঁদের আর্থিক সঙ্গতিসম্পন্ন তাঁদেরকে এ পি এল

তালিকাভুক্ত করেছেন। দু টাকা কেজি দরে চাল দেওয়ার কথা আপনারা ঘোষণা করেছেন বলে আপনারা বি পি এল তালিকাভুক্ত লোকের সংখ্যাটা কম রাখতে চাইছেন। আমাদের রাজ্যে ৩৪ শতাংশ মানুষ বি পি এল তালিকায় রয়েছে। কিন্তু দুঃখ ও পরিতাপের বিষয় হচ্ছে, এই বি পি এল তালিকার মানদণ্ড এক এক জায়গায় এক এক রকম। গোটা রাজ্যে একই মানদণ্ড হওয়া উচিত। কিন্তু দেখা যাচ্ছে হাওড়া জেলায় মানদণ্ড হচ্ছে ২৯, আর অন্য জেলার ক্ষেত্রে এই মানদণ্ড হচ্ছে ৩৩। আজকে বলুন তো এস সি, এস টি, ও বি সি যারা পরীক্ষায় নম্বর কমিয়ে দিয়ে কি তাদের পাশ করানো হয় ? সারা রাজ্যে তো একই নিয়ম থাকা উচিত। কিন্তু কোথাও বিচার পাওয়া যাচ্ছে না। বারবার এই ব্যাপারটা হাউসে বলার চেষ্টা করেছি, কিন্তু কোনোরকম সাড়া পাওয়া যায়নি। শুধুমাত্র সমালোচনার জন্য এই জিনিসগুলো বলছি না, এই জিনিসগুলো ভাববার জন্য আমি বলছি।

আজকে পি টি টি আই ছাত্র-ছাত্রীদের ব্যাপারে আপনারা কিছুই করতে পারলেন না। ১৯৯৫ থেকে ২০০৯ সাল পর্যন্ত, আপনাদেরই নিয়মের বেড়াজালে এন সি ই আর টি-কে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে আপনারা এই পি টি টি আই-গুলো করেছিলেন। আজকে সেই পি টি টি আই ছাত্র-ছাত্রীরা হতাশাগ্রস্ত হয়ে আত্মহত্যা পর্যন্ত করেছে। গরিব পরিবারের এইসব ছেলে-মেয়েদের মনে একটা আশা ছিল এই ট্রেনিং নেবার পরে তারা প্রাইমারি স্কুলে চাকরি পাবে এবং বাবা-মার তারা দুঃখ ঘোচাতে পারবে। আজকে ৭৭,৯০০ ছাত্র-ছাত্রী দিশেহারা হয়ে পথে পথে ঘুরে বেড়াচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী মাঝে মাঝে তাদের স্তোকবাক্য শোনাচ্ছেন এবং মাঝে মাঝে বক্তব্য পেশ করছেন। কিন্তু এই ব্যাপারে কোনো সুরাহা আজ পর্যন্ত হল না। আজকে আপনাদের দেউলিয়াপনা এমনই জায়গায় পৌঁছেছে, রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার উপরে বক্তব্য শেষ করতে হচ্ছে আমাদের নেত্রীর সমালোচনা করে।

আমরা দেখতে পাচ্ছি চারিদিকে শিলান্যাসের ধুম পড়ে গেছে। শিল্পায়নের শিলান্যাস হচ্ছে। একদিকে শিলান্যাস হচ্ছে, অন্যদিকে কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। এই শিলান্যাসের একটি ঘটনার কথা উপমা হিসাবে আমি এখানে বলব। আমাদের বাগনানে একটা উড়ালপুল হয়েছিল গাদিয়াড়ার কাছে। গাদিয়াড়া থেকে হলদিয়া, গাদিয়াড়া থেকে বিষ্ণুপুর, গাদিয়াড়া থেকে হাওড়া, বিভিন্ন রুটের বাস সেখান থেকে যাতায়াত করে। সেই বাগনানে একটি উড়ালপুলের উদ্বোধন করেছিলেন মমতা ব্যানার্জি যখন রেলমন্ত্রী ছিলেন তখন। কিন্তু একটা কন্ডিশান ছিল, রাজ্য সরকার অ্যাপ্রোচ রোডটা করবে, আর বাকি কাজটা কেন্দ্রীয় সরকার করবে। কেন্দ্রীয় সরকারের কাজটা সম্পূর্ণ হয়েছে বলে আমি শুনেছি, কিন্তু রাজ্য সরকার আজও পর্যন্ত অ্যাপ্রোচ রোড তৈরি করতে পারল না। ১৯৯৯ সালে মাননীয় মন্ত্রী ক্ষিতি গোস্বামী এই অ্যাপ্রোচ রোডের উদ্বোধন করেছিলেন এবং সাংসদ হান্নান মোল্লা সাহেবও সেই উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। আজকে দশ বছর হয়ে গেল সেই অ্যাপ্রোচ রোডের জন্য জমি জোগাড় করা গেল না। আপনাদের শিলান্যাস হচ্ছে ভোটের শিলান্যাস। আপনাদের দিশাহীন রাজনীতির জন্যই এই অবস্থা।

যখন সারা রাজ্যে ব্যাপক লোশেডিং হচ্ছে, তখন মাননীয় রাজ্যপাল রাজভবনে দু ঘণ্টা বিদ্যুৎ বন্ধ রেখে তার ক্ষোভ প্রকাশ করেছিলেন। কিন্তু রাজ্যপালের ভাষণের মধ্যে সেই লোডশেডিং-এর ব্যাপারে একটি কথাও আমরা দেখতে পেলাম না। আজও পর্যন্ত মাননীয় রাজ্যপাল রাজভবনে দু ঘণ্টা বিদ্যুৎ বন্ধ রেখে তাঁর প্রতিবাদ জানাচ্ছেন।

রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুৎ যোজনা পরিকল্পনা কোথায় ? কি অবস্থায় আছে ? হাওড়ার এম এম এল এ-রা এখানে আছেন। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, বিভিন্ন জায়গায় বাধার ফলে কাজটা বিলম্বিত হচ্ছে। আমি জানি, হাওড়া জেলার একজন প্রতিনিধি হিসাবে, হাওড়া জেলার নির্বাচিত প্রতিনিধিরা এখানে আছেন, বলুন সেখানে কাজ আরম্ভ হয়েছে ? কোথাও কাজ আরম্ভ হয়েছে ? সার্ভে পর্যন্ত আরম্ভ হয়েছে কোথাও ? হয়নি। শুধু ধাপ্পাবাজি। একবার আপনার সম্মতি হোক। এম এল এ, এম পি-রা রাজটা করুক। বিদ্যুতায়ন করতে দিন। কারণ আমরা জনপ্রতিনিধি, মানুষের কাছে যাওয়াটা আমাদের পক্ষে অসুবিধাজনক হচ্ছে। যখন আমরা এলাকায় ঢুকি, তখন তাঁরা বলেন যে বিদ্যুৎ নেই, আপনি বিদ্যুতের ব্যবস্থা করুন। কিন্তু আমাদের হাত-পা বেঁধে দিয়েছেন, নিজেও করতে পারছেন না। আর বলছেন যে বিলম্ব হচ্ছে। এর ফলে বিদ্যুতায়নের কাজ হচ্ছে না। হাওড়া জেলায় এই কাজ হয়নি। আপনারা মুখে এক কথা বলেন, কাজে কি করেন ? কৃষক এবং কৃষির স্বার্থে আপনরা জল সেচের কথা বলছেন। এদিকে খরচ বেড়েছে, সারের দাম বেড়েছে। সার অনেক সময় বাজারে অপ্রতুল। সরকার থেকে মিনিকীট দেওয়া হচ্ছে। আপনারা খবর রাখেন পঞ্চায়েতে পঞ্চায়েতে মিনিকীট বিতরণ হচ্ছে। সেই মিনিকীট থেকে বীজ রোপণের কুড়ি দিনের মধ্যে শিস বেরিয়ে গেছে। চাষীর এতে মাথায় হাত পড়েছে। এগুলোর খবর তো রাখা উচিত। তলিয়ে দেখা উচিত। এতে চাষীদের নাভিশ্বাস উঠছে। গরিব মানুষ বহু কষ্টে চাষবাস করছে, অপরের জমিতে চাষ করছে, সেখানে তারা কি পাচ্ছে ? চাষীরা পঞ্চায়েত থেকে মিনিকীট নিয়ে গেছে, বীজ রোপণ করছে। আর সেখানে কি হচ্ছে কুড়ি থেকে পঁচিশ দিনের মধ্যে শিস বেরিয়ে যাচ্ছে। বুঝুন অবস্থা। এর ফলে চাষীরা দিশেহারা হয়ে পড়েছে। এইসব বিষয়ে আপনারা সচেতন থাকুন। পঞ্চায়েত পরিষেবা অপ্রতুল, আজকে চাষীরা দিশেহারা হয়ে অভাবে বিক্রি করছে। আপনারা বলছেন যে, ৯ টাকা কেজি দরে সরকারি সহায়ক মূল্যে ধান কেনা হবে। তা কিন্তু হচ্ছে না। সেখানে আপনাদের লোকেরা দাঁড়িয়ে যাচ্ছে, সি পি এম-এর বন্ধুদের কাছে খবর যাচ্ছে আর তাদের মাধ্যমে ধান বিক্রি হচ্ছে। আর এর ফলে দেখা যাচ্ছে চাষীরা কিন্তু দাম পাচ্ছে না, আর তারা দাম না পেয়ে ৭ টাকা কেজি দরে ধান বিক্রি করছে। এইসব চাষীরা গরিব তারা উৎপাদন শুরু করছে, কিন্তু বাজারে তাদের ৭ টাকা কেজি দরে ধান বিক্রি করতে হচ্ছে। আর এদিকে আপনারা কনফেড, বেনফেড কাদেরকে রেখেছেন, আপনাদের লোকেদের মাধ্যমে তারা সেগুলো কিনছে। কিন্তু কৃষক সে তার পণ্য সামগ্রী বিক্রি করতে পারছে না। এই প্রসঙ্গে আমি বলব, অভাবী বিক্রি কিন্তু রোধ করা যাচ্ছে না, এগুলো তো খতিয়ে দেখা দরকার। রাজ্যে তৃণমূল কংগ্রেস কর্মীদের ওপর পুলিশ নির্যাতন করছে, গরিষ্ঠ শাসক দলের পার্টির হামলা দিনে দিনে বৃদ্ধি পেয়েছে। নারী ধর্ষণ বেড়েছে, এতে রেকর্ড করেছে পশ্চিমবঙ্গ। এটা আপনাদের ভাবতে হবে। পুলিশ

প্রশাসন আজকে মদের দোকানে লাইসেন্স দিচ্ছে। এর ফলে তিনটে জিনিস হচ্ছে, এর ফলে রেভিনিউ আদায় হচ্ছে, স্থানীয় প্রশাসন মদের দোকানদারদের সঙ্গে গোপন চুক্তি করছে। আর শিক্ষিত বেকার ছেলেরা এতে দিশেহারা হয়ে মদের দ্বারা আসক্ত হয়ে পড়ছে। এর মধ্যে দিয়ে অনেক রকম অসৎ কাজে তারা যুক্ত হচ্ছে। আপনাদের পুলিশ আপনাদের পক্ষে। আপনারা মদের লাইসেন্স দেবেন, আর বেকারদের উদ্বুদ্ধ করবেন। এতে স্থানীয় প্রশাসনের পকেট ভর্তি হবে। তারা আপনাদের অনুগত হয়ে পড়বে। এইসব বিষয়ে আপনাদের চিন্তা-ভাবনা করা উচিত। স্বাস্থ্য পরিষেবার বিষয়ে বলি, আপনারা সাবসেন্টার করেছেন। সাবসেন্টারগুলো গরিব মানুষদের জন্য বিশেষ করে প্রসূতি মায়েদের পক্ষে ভালো হয়েছে। সেখানে প্রসূতি মায়েরা সন্তানের জন্ম দিতে পারবেন। তাঁদের সুবিধার্থে করেছেন ঠিক কথা।

[3.10 – 3.20 p.m.]

সেখানে ডাক্তার থাকার কথা, অ্যাটেনডেন্ট থাকার কথা। কিন্তু কাদের উপর দায়িত্ব দিলেন ? সেখানে আপনারা দায়িত্ব দিয়েছেন দাইমাদের উপর। এই দাইমা কারা ? আগে যারা বাড়িতে বাড়িতে গিয়ে কিছু অভিজ্ঞতা নিয়ে, হাতুড়ে অভিজ্ঞতা নিয়ে প্রসূতি করাতো তাদের খুঁজে খুঁজে বার করে নিয়োগ করা হয়েছে। এইভাবে স্বাস্থ্যকেন্দ্রের পবিত্রতা নষ্ট করা হয়েছে। তারা সাজেশান দিতে পারে না কখন কোন ডাক্তারের পরামর্শ নিতে হবে সেটা তারা ঠিক সময়ে বলতে পারে না। শুধু পরিকাঠামো পরিষেবার সুযোগ দিলে হবে না, যদি মানুষকে সঠিক পরিষেবা দিতে হয় তাহলে তাদের ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করুন শর্টটার্ম ট্রেনিং দিয়ে নিয়োগ করার ব্যবস্থা করুন। কোনো কোনো জায়গায় দেখেছি এম বি বি এস ডাক্তার নিয়োগ করা হয়েছে। ঠিক আছে। কিন্তু তারা বলছে যে আমরা রোগীদের পরিষেবা দিতে পারছি না, কারণ অ্যাটেনডেন্ট নেই। তারা অ্যাটেনডেন্টের জন্য চিকিৎসা দিতে পারছে না। অ্যাটেনডেন্ট নিয়োগ করার কোনো সরকারি ব্যবস্থা নেই। না থাকার ফলে এম বি বি এস ডাক্তাররা ঠিকভাবে পরিষেবা দিতে পারছে না। এই স্বাস্থ্য পরিষেবার অক্ষমতা সাব-সেন্টারগুলোতে রয়েছে। আমার বক্তব্য হল, তাদের শর্ট কোর্স ট্রেনিং দিয়ে স্বাস্থ্য পরিষেবার কাজে লাগানো হোক।

ভোট এসে গেছে, সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য আপনারা চোখের জল ফেলতে শুরু করেছেন। এবারে মাইনরিটিদের জন্য বিভিন্ন জায়গায় ফর্ম বিলি করা হচ্ছে। তাদের লোন দেওয়া হবে। কিন্তু গ্যারেন্টার ছাড়া মাইনরিটিরা কোনো লোন পাবে না। আজকে বাইরে থেকে গ্যারেন্টার সংগ্রহ করা কঠিন। আজকে যাঁরা ইনকাম করেন, যাঁরা ব্যক্তিগতভাবে, অর্থনৈতিকভাবে সম্পন্ন ব্যক্তি তাঁরা লোন পাবেন, কিন্তু যাঁরা সংখ্যালঘু সম্প্রদায়ের গরিব মানুষ, যাঁরা ব্যবসা করবেন বা অন্য কিছু করবেন টাকা-পয়সা দিয়ে, তাঁদের টাকা পাওয়ার ক্ষেত্রে সুযোগ কম। তাঁদের ক্ষেত্রে এই উন্নয়ন কাজে লাগছে না। শুধু তাই নয় তার সঙ্গে আছে ব্যাঙ্কের অসহযোগিতা। ব্যাঙ্কের সঙ্গে আপনাদের কোনো যোগাযোগ নেই। ব্যাঙ্কের লোন দেওয়ার ক্ষেত্রে অনীহা, ব্যাঙ্ক এই ক্ষেত্রে ইনভেস্ট করতে চাইছে না, তারা বলছে করব না। নামেই লোন দেওয়া হচ্ছে, বেকার ছেলে-মেয়েরা লোন পাচ্ছে না। অনেক ধরনের

লোন রয়েছে, প্রধানমন্ত্রী যোজনার লোন, এস ই পি লোন, মাইনরিটি লোন, বি এস কে পি লোন, নামেই এই সমস্ত লোনের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু ইমপ্লিমেন্টেশানের ক্ষেত্রে দেখা যাচ্ছে পার্সেন্টেজ অনেক কম, আপনারা টার্গেট ফুলফিল করতে পারেননি। ফুলফিল করতে পারেননি তার একটাই কারণ হল, মাইনরিটিরা গ্যারেন্টার পাচ্ছে না, ব্যাঙ্ক ইনভেস্টমেন্ট করতে চাইছে না। এই যে অসুবিধাগুলো রয়েছে, আমি আশা করেছিলাম এই অসুবিধার কথাগুলো রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ থাকবে। আপনাদের বলা হয়েছিল যে, আপনারা রেশন কার্ডের ব্যবস্থা অতি সত্বর করুন, আপনারা সেটা পারেননি। বি পি এল কার্ডে প্রচুর অসঙ্গতি। বি পি এল কার্ডে স্ট্যাম্পিং করার কথা বলা হয়েছিল। কিন্তু বি পি এল কার্ডে এতই ত্রুটি যে প্রধানরা বি পি এল কার্ডে স্ট্যাম্পিং করতে পারছে না, যখনই তারা স্ট্যাম্পিং করতে যাচ্ছে, লোকেরা রে-রে করে তেড়ে আসছে।

ইন্দিরা গান্ধী ওল্ড এজ পেনশান, এখানে বলা আছে বি পি এল-ভুক্ত লোক হতে হবে। ৬৫ বছর বয়সের উপর একই বাড়িতে যত লোক থাকবে তারা সকলে পাবে না। এই ক্ষেত্রে ভুলে ভরা, বি.ডি.ও. কম্পিউটারের অজুহাত দেখাচ্ছে। কমলপুরে ৫৯৮ জন বৃদ্ধ-বৃদ্ধার এই বার্ধক্য ভাতা পাওয়ার কথা। সেখানে শেষ পৃষ্ঠায় যেহেতু ২৮ জনের নাম আছে, সেই জন্য সেই ২৮ জনের টাকা সেখানে পৌঁছেছে। ৫৯৮ জনের মধ্যে ২৮ জনের টাকা পৌঁছেছে, বাকি ৫৭০ জনের টাকা পৌঁছায়নি। এই টাকাও বিলি করা যাচ্ছে না, যেহেতু এই ৫৭০ জনের টাকা আসেনি। সেইরকম খাতুবেড়িয়া গ্রাম পঞ্চায়েতে ১৭৭ জনের টাকা পাওয়ার কথা, সেখানে ৭৭ জনের টাকা এসেছে, বাকি ১০০ জনের টাকা আসেনি।

বিদ্যুৎ আসেনি। এই যে তঞ্চকতা, এই যে বিভ্রান্তি, মানুষ নামেই জানছে, প্রচার হয়ে যাচ্ছে, আর সমস্ত দোষটা স্থানীয় পঞ্চায়েত প্রতিনিধিদের উপর আসছে। আমি বলিনি যে শুধু তৃণমূল কংগ্রেস, বলিনি যে শুধু সি পি এম কিংবা শুধু ফরওয়ার্ড ব্লক, সমস্ত দলের রিপ্রেজেন্টেটিভদের উপর চাপ এসে যাচ্ছে। এর রিমেডি কি ? তা বি.ডি.ও. কিংবা ডি.এম. কিছুই বলতে পারেননি। এই তুঘলকি ব্যাপারগুলো চলছে। এই ব্যাপারে সতর্ক হতে হবে, আরও সচেতন হতে হবে এবং মানুষকে পরিষেবা দিতে হবে। সর্বোপরি বলি, এই যে ঘুষ নেওয়া—এটা ছেয়ে গেছে। এটা একটা আর্ট হয়ে গেছে, একটা কৌশল হয়ে গেছে। আজকে এস.সি./এস.টি. সার্টিফিকেট পয়সা না দিলে পাওয়া যায় না। তারা বছরের পর বছর ঘুরছে। অতএব আমি আবেদন রাখব এই বিষয়ে সরকারের সচেতন হওয়া উচিত। পরিশেষে বলি, আমি রাজ্যপালের ভাষণের ধন্যবাদজ্ঞাপন প্রস্তাবকে সমর্থন করতে পারছি না। যেহেতু রাজ্যপালের ভাষণে প্রকৃত চিত্র একটি দলের চিত্র পরিবেশিত হয়েছে, সেই জন্য আমি সমর্থন করতে পারছি না।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ৯ মার্চ এই বিধানসভায় আমাদের পশ্চিমবাংলার মাননীয় রাজ্যপাল যে মহামূল্যবান বক্তব্য দিয়েছেন, তার উপর মাননীয় সদস্য শ্রী রবীন মণ্ডল আনীত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই। রাজ্যপাল ভাষণের বিতর্কে আজকে নিয়ে প্রায় তৃতীয় দিনে পড়ল। বিরোধী দলের সদস্যদের বক্তব্য এবং সরকার পক্ষের মাননীয় সদস্যদের বক্তব্য শোনার সুযোগ

পেয়েছি। এখানে বিরোধী দলের সদস্য বিশেষ করে মাননীয় সদস্য শ্রী মানস ভুঁইঞা প্রথম দিনই তাঁর ভাষণে বলতে চেয়েছেন—যখন সারা পৃথিবীতে অর্থনৈতিক মন্দা চলছে, তার থেকে ভারতবর্ষ মুক্ত। আজকে মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ রায়ও সেই একই কথা বলতে চেয়েছেন। কিন্তু এটা ভুলে গেলে চলবে না যে, ভারতবর্ষের ইউ পি এ সরকারকে আমরা বামপন্থীরা যতদিন মদত দিয়েছিলাম, সমর্থন করেছিলাম, ততদিন এই সরকার ভারতবর্ষের যে সমস্ত লাভজনক রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলো আছে, সেগুলো বেসরকারিকরণ এবং বিদেশিদের হাতে তুলে দেওয়ার প্রচেষ্টা চালিয়েছিলেন।

[3.20 – 3.30 p.m.]

আমরা বাধা দিয়েছি, হতে দিইনি। ব্যাঙ্কগুলোকে এক সময় শ্রীমতী ইন্দিরা গান্ধী রাষ্ট্রায়ত্তকরণ করেছিলেন। কিন্তু এই কংগ্রেস সরকার তাকে বেসরকারিকরণ করতে চেয়েছিল। বিমানবন্দর থেকে আরম্ভ করে পি এফ, সব কিছু বেসরকারি হাতে দিয়ে দেবার চেষ্টা করা হচ্ছে। কিন্তু আমরা তা করতে দিইনি এবং তার সুফল মানুষ পাচ্ছেন। পরমাণু চুক্তির মধ্যে দিয়ে আমাদের দেশকে বিদেশের হাতে বিক্রি করে দেওয়ার যে প্রবণতা তা আমরা চাইনি। আমরা এ ব্যাপারে বহুবার আমাদের বিরোধিতা প্রকাশ করলেও ওঁরা এটা মানেননি, তাই আমরা সমর্থন প্রত্যাহার করে সরে এসেছি। মানসবাবু তৃতীয় ফ্রন্টের কথা বলছিলেন, মায়াবতীর প্রধানমন্ত্রী হতে চাওয়ার কথা বলছিলেন। বলছিলেন, তৃতীয় ফ্রন্টের কাছে আত্মসমর্পণের কথা। না আমরা তৃতীয় ফ্রন্টের কাছে আত্মসমর্পণ করিনি। আর তৃতীয় ফ্রন্ট ক্ষমতায় এলে কে প্রধানমন্ত্রী হবেন তা আমরা এখনও ঠিক করিনি, নির্বাচনের পরে ঠিক হবে। একবার তৃতীয় ফ্রন্ট তৈরি হয়েছিল ঐতিহাসিক কারণে। আবার হতে যাচ্ছে। বি জে পি ভাঙছে, ইউ পি এ জোট ভাঙছে। আত্মসমর্পণ কংগ্রেস বারবার করেছে মার্কিন সাম্রাজ্যবাদের কাছে। বিদেশি বহুজাতিক সংস্থাকে এ দেশে অবাধে ব্যবসা-বাণিজ্য করতে দেওয়ার জন্য কংগ্রেস গ্যাট চুক্তিতে সই করেছিল। সেই কংগ্রেস পরমাণু চুক্তিতে সই করার মধ্যে দিয়ে আবার মার্কিন সাম্রাজ্যবাদের কাছে আত্মসমর্পণ করেছে। আমরা তার বিরোধিতা করছি। মাননীয় সদস্য দেবপ্রসাদ রায় এবং মানসবাবু বলেছেন, রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের টাকায় সমস্ত উন্নয়নের কাজ করছে। ভুলে গেলে চলবে না, আমরা একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে বাস করছি। সমস্ত রাজ্য থেকে খাজনা, টাকা-পয়সা সব দিল্লিতে গিয়ে জমা হয় এবং তারপর সেখান থেকে উন্নয়নের কাজে খরচ হয়। আমরা বারবার বলেছি, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের প্রতি বঞ্চনা করেছে, ন্যায্য পাওনা দেয়নি, ছিটেফোঁটা দিয়েছে। আমরা যদি কেন্দ্র থেকে ঠিকমতো আমাদের পাওনা পেতাম তাহলে আরও উন্নয়ন করতে পারতাম। আলোচনার সূত্রপাত করে প্রথম দিন মাননীয় সৌগত রায় মহাশয় যে কথা বলছিলেন, উনি খুব অভিজ্ঞ সদস্য, উনি কৃষির উপর নির্ভরশীলতা কমিয়ে শিল্পের উপর বাড়ানোর কথা বলছিলেন। কিন্তু এ ব্যাপারে তাঁর দলের মধ্যে মতভেদ দেখা দিয়েছে। আমরা কৃষিকে ঠিক রেখে শিল্পের দিকে এগোতে চাই। ওঁরা শিল্পের বিরোধিতা করছেন। আমরা দেখছি, আমাদের বিধানসভার একজন প্রবীণ সদস্য, উনি তৃণমূলের সদস্য ছিলেন, কিন্তু নেত্রীর সঙ্গে বিরোধের জেরে পদত্যাগ করে কংগ্রেসে যোগ দিয়েছেন। ওনার এক টেলিফোন

সাক্ষাৎকার শুনছিলাম। তাতে উনি বলছেন, সিঙ্গুর থেকে টাটাদের চলে যাওয়ার ফলে আগামী ১০ বছরে পশ্চিমবঙ্গে আর কোনো শিল্পপতি শিল্প করতে আসবেন না। আমরা তাঁর বক্তব্যের সঙ্গে একমত নই। শালবনীতে জিন্দাল, পুরুলিয়ায় জয় বালাজী, শ্যাম স্টিল কাজ শুরু করেছে। 'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ'। আপনারা জানেন, কৃষির উপর ভিত্তি করে আমরা সারা ভারতবর্ষে এগিয়ে চলেছি। খাদ্যে আমরা প্রথম, অনুচাষে প্রথম। এখন আমরা কৃষি থেকে শিল্পের দিকে এগোতে চাইছি। আমরা শিল্পের দিকে এগোতে চাইছি। কোনো দেশ, জাতি, সম্প্রদায় বড়ো হতে পারে না শিল্প ছাড়া। কৃষির পাশে শিল্প হবে। শিল্প চাই, কিন্তু সেটা কৃষিভিত্তিক হবে। ওনারা পশ্চিমবঙ্গে কৃষির অগ্রগতি দেখতে পায়নি। মহারাষ্ট্রের বিদর্ভে কৃষকরা আত্মহত্যা করেছে। আমাদের প্রধানমন্ত্রীকে ছুটে যেতে হচ্ছে তাদের অনুদান দেওয়ার জন্য। পাঞ্জাব, মহারাষ্ট্র, কর্ণাটক, অন্ধ্রপ্রদেশ ইত্যাদি জায়গায় কৃষকরা আত্মহত্যা করছে, কিন্তু পশ্চিমবাংলায় একজনও কৃষক আত্মহত্যা করেনি। আমরা সেচ ব্যবস্থায় এগিয়েছি। আমাদের ৭০-৭২% সেচের জমি সম্প্রসারণ হয়েছে। আগামী আর্থিক বছরে সেটাকে ৮০ ভাগে নিয়ে যেতে চাই। সেই সব জমিতে সংস্কার করে ড্যাম করা এবং ভূগর্ভস্থ জল যাতে কম ব্যবহার করা যায়। কৃষির সেচের সম্প্রসারণের ফলে এই রাজ্যে এটা হয়েছে। মাননীয় রাজ্যপাল এখানে বলেছেন সিদ্ধেশ্বরী নুন প্রোজেক্টের কথা। দেবগৌড়া যখন প্রধানমন্ত্রী তখন মাননীয় সেচমন্ত্রী ছিলেন দেবব্রত বন্দ্যোপাধ্যায় এবং বিহারের মুখ্যমন্ত্রী লালুপ্রসাদ যাদব সেই সময় দিল্লিতে উনি বলেছিলেন, এই প্রোজেক্ট যাতে হয় সেটা দেখবেন। কিন্তু কেন্দ্রীয় সরকার সেটার অনুমোদন দেয়নি। এটা বিবেচনাধীন আছে। রাজ্য সরকারের কাছে আবেদন, এটার জন্য কেন্দ্রের উপর চাপ সৃষ্টি করা। বর্ষার সময় ঝাড়খণ্ডের দিকে বৃষ্টি হলে কান্দি, মুর্শিদাবাদ হয়ে নদিয়া জেলায় আসে, সেখানে যদি বিকল্প ড্যাম তৈরি করা যায় তাহলে ২ লক্ষ কিউসেক জল ধারণ করা যাবে। ২ লক্ষ কিউসেক জল ধারণ করা হলে ময়ূরাক্ষী, তিলপাড়ার উপর চাপ কমবে। গ্রীষ্মে সেচ ব্যবস্থায় চাষীরা এটাকে কাজে লাগাতে পারবে এই ধরনের কথা বলা হচ্ছে। রাজ্য সরকারকে বলব, এই প্রোজেক্ট অনুমোদন করার জন্য কেন্দ্রে যারা সরকারে আসবে। এখানে বিদ্যুতের ঘাটতির কথা উঠেছে। মাননীয় মন্ত্রী এখানে বলছিলেন, অন্যান্য রাজ্যে লোডশেডিং হয়। মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশ, গুজরাটের কথা বললেন। আমাদের এখানে লোডশেডিং সামান্য হয়, হতে পারে বিদ্যুতের চাহিদা বাড়ছে। মানুষের জীবন যাপনে পরিবর্তন এসেছে, ফলে বিদ্যুতের চাহিদা বাড়ছে। থার্মাল পাওয়ার প্ল্যান্টগুলির আধুনিকীকরণ করা হচ্ছে। ব্যান্ডেলে উন্নত ধরনের পাওয়ার প্ল্যান্ট করা হচ্ছে। কোলাঘাটে নতুন করে ইউনিট বসছে। সাঁওতালডিহিতে ৩০০ মেগাইউনিট প্ল্যান্ট বসছে। ৩টি ইউনিট উৎপাদনের কাছাকাছি জায়গায় চলে এসেছে। বক্রেশ্বরে আরও ২টি ইউনিট বসছে। ২৫০ ইউনিট বিদ্যুৎ সাগরদীঘিতে উৎপাদিত হচ্ছে। একটি চালু হয়েছে, আর একটি চালু হওয়ার পথে। কাটোয়ায় তাপ-বিদ্যুৎ কেন্দ্রের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। একটা সময় বিরোধী পক্ষ থেকে এটাতে বাধা দেওয়ার চেষ্টা হচ্ছিল, কিন্তু এখন চাষীরা জমি-জায়গা দেওয়া শুরু করেছে। তৃণমূলের পক্ষ থেকে বিরোধিতা করা হচ্ছিল। তারা শিল্পের পরিবেশ চায়, শিল্প চায়, কিন্তু কাজে তারা বিরোধিতা করছে। তারা অনৈতিক জোট করছে এইরকম জোট আমরা আগেও দেখেছি।

[3.30 – 3.40 p.m.]

আগে তো কংগ্রেসের একটা দল ছিল ; পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার যখন ১৯৭৭ সালে জয়লাভ করে এখানে প্রতিষ্ঠিত হয়েছিল তখন বিরোধী দল হিসাবে একটি দলই ছিল। তার পরে তো তৃণমূল তৈরি হয়েছে। এখন আবার তৃণমূল-কংগ্রেস জোট হয়েছে, সেই জোট আমরা দেখছি। যদিও সেই জোট ফলপ্রসূ হবে না। এই জোটে আমরা ভয় পাই না। পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ জানে কারা কাজ করে আর কারা কাজ করে না। সেখানে মানুষ এই জোটকে চেনে বলেই আমরা ভয় পাই না। আগামী দিনে কেন্দ্রে তৃতীয় ফ্রন্টের অভ্যুত্থান হবে এবং আমরা সরকার গঠন করব বলে আশা করছি। তারপরে স্বাস্থ্যের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ যথেষ্ট এগিয়ে আছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন। আমরা রাজ্যের স্বাস্থ্যকেন্দ্রগুলোর উন্নতি করতে পেরেছি। প্রাথমিক হেল্‌থ সেন্টারগুলোকে রুর‍্যাল হেল্‌থ সেন্টারে রূপান্তরিত করতে সক্ষম হয়েছি এবং পাঁচ বছরের মধ্যে ব্লক গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে সেগুলো উন্নীত হবে। এখন আমাদের রাজ্যের মানুষ চিকিৎসার জন্য বাইরের রাজ্যে আর যাচ্ছে না। স্বাস্থ্য বিজ্ঞানে অনেক উন্নতি হয়েছে এবং জটিল জটিল রোগের চিকিৎসা হচ্ছে। জটিল রোগের অপারেশন হচ্ছে। তারপরে শিক্ষার ক্ষেত্রেও এগিয়েছে। নতুন নতুন ৩টি বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছে—যথা গৌর বিশ্ববিদ্যালয়, আলিয়া বিশ্ববিদ্যালয় এবং বারাসাত বিশ্ববিদ্যালয়। গৌর বিশ্ববিদ্যালয় মালদাতে অবস্থিত। আরও নতুন নতুন বিশ্ববিদ্যালয় করার কথাও ভাবা হচ্ছে। এই প্রসঙ্গে জানাই যে, আমার জেলা মুর্শিদাবাদে এক সময়ে কলকাতা বিশ্ববিদ্যালয় তৈরির আগে কৃষ্ণনাথ কলেজ বলে বহরমপুরে একটি কলেজ তৈরি হয়েছিল। ওই কলেজটিকে যদি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হয় ভালো হয়, কারণ ওই অঞ্চলে অসংখ্য সংখ্যালঘু মানুষের বসবাস। তাহলে তাদেরকে আর পড়াশুনোর জন্য কলকাতামুখী হতে হয় না। নদিয়া, মুর্শিদাবাদের ছেলে-মেয়েরা ওইখানেই পড়তে পারবে। এই আবেদন রেখে আমি রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মইনুল হক : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। আজকে যে সমস্ত কথাগুলো শুনলাম তাতে একটাই কথার উপরে বিরোধী বন্ধুরা জোর দিয়েছেন—সেটা হচ্ছে জোট। যেহেতু সামনেই নির্বাচন তাই আমরা সবাই এখন মন-প্রাণ দিয়ে নির্বাচনের জন্য ময়দানে নেমে পড়েছি এবং তাই আজকে হাউসের এই অবস্থা। তাই জোট নিয়ে যে কথা হচ্ছে তাতে আমার মনে হচ্ছে, সেখানে সরকারের পার্টি, বিশেষ করে সি পি এম পার্টি এবং তার সহযোগী পার্টি এই জোটের আসন নিয়ে চরমভাবে আতঙ্কিত হয়েছে। যদিও আপনারা বলছেন যে, এই ধরনের জোটের সম্মুখীন বহুবার হয়েছেন তাঁরা, নতুন কোনো কথা নয়, কিন্তু তবুও তাঁরা আতঙ্কিত হয়েছেন। সেখানে অন্তত আমাদের বুঝতে কোনো অসুবিধা নেই যে, এই জোট নিয়ে নেতারা বলছেন যে, এ হচ্ছে একটা ঘোঁট এবং ক্ষমতার দখলের জোট। যদিও আমাদের কংগ্রেসের মাননীয় সদস্য শ্রী ডি পি রায় বললেন যে, জোট নিয়ে আসন বাড়াবার ব্যাপার নয়, কিন্তু আপনাদের যে দাদাগিরি, বিশেষ করে সি পি এম দলের বড়ো দাদাগিরি, সেই বড়ো দাদাগিরি আমরা চাইছি অন্তত কমাতে।

পশ্চিমবাংলায় আপনারা গতবারে মোট ৭টি আসন পেয়েছিলেন, তৃণমূল নিয়ে। সেখানে আমরা জানি যে কংগ্রেসের কিছু যাওয়া, এখানে দু-একটি বেশি বা কম হলেও ব্যাপার নয়। কিন্তু আজকে বিশেষ করে আপনারা যে তৃতীয় ফ্রন্টের কথা বলছেন, আপনারা ভালো করেই জানেন, ত্রিপুরাকে বাদ দিন। সেখানে হয়তো আসন কমবে না। কিন্তু কেরলে ? আজ থেকে এক সপ্তাহ আগে কেরল থেকে ঘুরে এসেছি, যেখানে আপনাদের পার্টির সম্মেলন হল। আমরা কেরলে গিয়ে দেখেছি যে, সেখানে আপনাদের আসন সংখ্যা এইবারে কততে দাঁড়াবে। কারণ গতবারে অনেক বেশি পেয়েছিলেন কংগ্রেসের থেকে। এখানে একটা বাচ্চা ছেলেও বোঝে, এই জোট রাজনীতিতে এটা হয় না। সাধারণভাবে যারা সি পি এম বিরোধী, বাম বিরোধী, তারা জোট করেছে। স্বাভাবিক কারণে আপনাদের আসন সংখ্যা মিলিয়ে নেবেন ১৬ তারিখের পরে। কুড়ির নীচে থাকবেন আপনারা, কুড়ির নীচে। তাই আজকে তৃতীয় ফ্রন্ট করে দিল্লিতে এই মায়াবতী, জয়ললিতাকে নিয়ে দল করেও জানেন তাদেরকে। তারা কখন কে কোথায় ধাক্কা দেবে। আপনারা ভালো করেই জানেন এই সমস্ত তৃতীয় ফ্রন্ট কোথায় দাঁড়াবে, সেটা ১৬ তারিখের পরে বুঝবেন। শুধু আজ আপনাদের কাছে বলে রাখি যে, পশ্চিমবাংলায় বিশেষ করে এই যে আপনাদের মহান অর্থমন্ত্রী ঘোষণা করলেন কদিন আগে। কর্মচারীরা ৩০ শতাংশ মাইনে বাড়ানোর কথা বলল। উনি এতই উদার যে ৩২ শতাংশ মাইনে বাড়িয়ে দিলেন। তাতেও কিছু হবে না, আখেরে লাভ কিছু হবে না। পরে বিষ্ণুপুরে আপনারা দেখলেন, সেখানে ৩০ হাজারের বেশি ভোটে হারতে হয়েছে। তাই আজকে আমরা জানি, আমরা দেখেছি যে সমস্ত গ্রামের মানুষ দিন আনে দিন খায়, যারা ক্ষেতমজুর, যারা শ্রমিক, সেই সমস্ত মানুষ আপনাদেরকে সমর্থন করত। আজকে পঞ্চায়েতে ভোটে দেখেছি, সেই গ্রামে গিয়ে, সেই মানুষ আপনাদের কাছ থেকে সরে গেছে। তার প্রমাণ সিঙ্গুর, নন্দীগ্রামে আমরা পেয়েছি। আজকে খেটে খাওয়া ক্ষেতমজুর, কৃষক বলুন, শ্রমজীবী মানুষ বলুন, তারা আপনাদের সঙ্গে নেই। তাই এই নির্বাচনে আপনাদের একটা বড়ো শিক্ষা হবে। আপনাদের নেতৃত্ব যে লম্ফঝম্প করছেন, মুখ্যমন্ত্রী মহাশয় সেদিন ইণ্ডোরে বক্তব্য রাখলেন। উনি কাকে চ্যালেঞ্জ ছুঁড়লেন ? কাকে চ্যালেঞ্জ গ্রহণ করার কথা বলেছেন ? আজকে এই এত ঔদ্ধত্য। এর জাবাব লোকসভা নির্বাচনে মানুষ দেবে। তাই মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে কথাগুলো বলার দরকার ছিল, আমরা জানি না আপনাদের মহান সরকার কি সেটা মনে করিয়ে দেননি ? সরকারি ভাষণ তো তাঁকে পড়তে হয়। কেন্দ্রীয় সরকারের যে সমস্ত প্রকল্প, আজকে গ্রামীণ এলাকায় দারিদ্র্য দূরীকরণের কথা বলেছেন। আজকে গ্রামীণ যে সমস্ত প্রকল্প, কেন্দ্রীয় সরকারের প্রকল্প, একটাও কোনো প্রকল্পের উল্লেখ নেই। তিস্তা প্রকল্প নিয়ে বহু আলোচনা হয়েছে, বহু কথা শুনেছি। ১৯৭৬ সালে সেই তিস্তা প্রকল্পের কাজ শুরু হয়েছিল। আজ পর্যন্ত কাজ শেষ করতে পারেনি। এখনো অন্তত ৩০ থেকে ৩৫ শতাংশ কাজ অসমাপ্ত।

[3.40 – 3.50 p.m.]

কাজ কমপ্লিট হল না, অথচ আমাদেরও পরে বাংলাদেশ প্রায় ৯০ শতাংশ কাজ কমপ্লিট করে দিয়েছে। আমরা তাই জল বণ্টন নিয়ে লজ্জায় তাদের সঙ্গে আলোচনায় বসতে পারছি না। আজকের এই গঙ্গা, পদ্মার ইরোশান নিয়ে আপনারা এর আগে বহু কথা

বলেছেন, সর্বদলীয় কমিটির কথা বলেছেন, দিল্লিতে দরবার করেছেন, বহু কথা বলেছেন, এটা নিয়ে বহু রাজনীতি হয়েছে। আজকে আমাদেরও পরে বাংলাদেশ, তারা আমার যেখানে বিধানসভা কেন্দ্র ফারাক্কা, তার পাশে ঝাড়খণ্ড, একদিকে পাকুড় পাহাড়, সাহেবগঞ্জ, রাজমহল থেকে বোল্ডার নিয়ে গিয়ে তারা প্রায় ৩০-৩৫ কিলোমিটার পদ্মা ভাঙন প্রতিরোধের কাজ করেছে এবং সাকসেসফুলও হয়েছে। আর আপনারা এই যে সেচমন্ত্রী, তিনি এখনও পর্যন্ত মালদা, মুর্শিদাবাদে সেইভাবে কিছুই করতে পারেননি। আমরা বহুবার, বহুভাবে এই কথা উল্লেখ করেছি। আমরা বহুভাবে বলেছি, কিন্তু সেখানে কাজের কাজ কিছু হয়নি, শুধু বাজনা হয়েছে কাজের নামে, টাকার শ্রাদ্ধ হয়েছে, টাকা লুঠতরাজ হয়েছে। তাই আজকে আমাদের যেদিন কেন্দ্রীয় সরকার—ইউ পি এ সরকার যখন গঠিত হয়, তখন আমরা দাবি করেছিলাম আমাদের কেন্দ্রীয় মন্ত্রী প্রণব মুখার্জীর কাছে, জলসম্পদ মন্ত্রী প্রিয়রঞ্জন দাসমুন্সির কাছে যে, মুর্শিদাবাদ মালদার কাজ, গঙ্গা-পদ্মা ভাঙনের কাজ ফারাক্কা ব্যারেজ প্রোজেক্ট দিয়ে করাতে হবে এবং ২০০৫ সালে আপনারা ১ বছর টালবাহানা করে, আমরা করব, আমরা করব বলেছিলেন। সেখানে আপনাদের ক্যাডার পোষার ব্যাপার আছে, টাকা ভাগের ব্যাপার আছে। সেই কারণে আপনারা ১ বছর পরে নো অবজেকশান দিলেন। আমরা ২০০৫-এর এপ্রিল মাসে নো অবজেকশান পেলাম। আমরা কাজ শুরু করলাম। মালদা জেলার মানিকচক থেকে শুরু করে যে সমস্ত এলাকা ভয়াবহ আকার নিয়েছে, আজকে আপনারা যান, গিয়ে দেখে আসুন, সেখানে কিন্তু ভাঙন রোখা গিয়েছে, ভাঙন প্রতিরোধের কাজ হয়েছে। অথচ আবার ২০০৮ সাল থেকে আপনারা রাজনীতি শুরু করলেন। মুর্শিদাবাদের বহু ক্ষেত্রে যেখানে আমরা পরিকল্পনা গ্রহণ করেছি, ফারাক্কা ব্যারেজ প্রোজেক্টকে দিয়ে প্ল্যান এস্টিমেট করা হচ্ছে, সেখানে রাজ্য সরকার বলছে না, আমরা কাজ করব। এই যে দ্বিচারিতা, একদিকে কাজ করতে পারবেন না, টাকা নেই, কাজের কোনো পরিকল্পনা নেই, কিছু নেই, সেখানে শুধু বাধা দেওয়ার চেষ্টা। আমরা দেখলাম ঠিকই যে, রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনায় আপনাদের জানা উচিত যে, ২০০৫ সালে রাজীব গান্ধীর জন্মদিনে আমাদের দেশের প্রধানমন্ত্রী মনমোহন সিং ঘোষণা করেছিলেন যে, রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিকরণ যোজনার মাধ্যমে গ্রামীণ এলাকায় যে সমস্ত বি পি এল তালিকায় অন্তর্ভুক্ত মানুষ আছে, সেই সমস্ত পরিবারে আমরা বিনা পয়সায় বিদ্যুৎ সংযোগ করে দেব। আমরা দেখলাম, সেদিন আমরা দাবি করেছিলাম যে, আমাদের পাশে এন টি পি সি-কে আমরা এজেন্সি করতে চেয়েছিলাম। আপনারা, আপনাদের রাজ্যের মন্ত্রী—বিদ্যুৎমন্ত্রী সেখানে সেই দাবি আমাদের মানেননি। বহু দেরি করে ২০০৮ সালে শেষ পর্যন্ত তিনি নো অবজেকশান দিলেন। এন টি পি সি কাজ টেকআপ করেছে আপনারা দেখে আসুন। যেহেতু আমার পাশে মালদা, তার পাশে বীরভূম, নদিয়া—সমস্ত জেলায় রাজীব গান্ধী বৈদ্যুতিকরণ যোজনায় এখনও ১ পয়সারও কাজ শুরু করতে পারেনি আপনার সরকার। অথচ এন টি পি সি আমাদের মুর্শিদাবাদ জেলার প্রায় ৫০ শতাংশ এলাকায় তারা কাজ শুরু করে দিয়েছে। সেখানে পোল পোঁতা হচ্ছে, যেখানে পোল পোঁতা আছে সেখানে মিটার দেওয়া হচ্ছে। একটা কর্মযজ্ঞ সেখানে শুরু হয়েছে। অথচ আপনাদের এই সরকার আজকে প্রতিটা কাজে দেখুন কি করছে ? উত্তর দিনাজপুরে এন টি

পি সি সেখানে কাজ করছে, আজকে মেদিনীপুর—পূর্ব মেদিনীপুরে, সেখানে কেন্দ্রীয় সরকারের এজেন্সি কাজ করছে। অথচ রাজ্য সরকারের পরিকল্পনার আমরা শুধু গল্প শুনি, আমরা শুধুই গল্প শুনি।

কোনোটা ইমপ্লিমেন্ট হয় না। ২০০০ সালে যখন এন ডি এ সরকার ক্ষমতায় ছিল তখন রেলমন্ত্রী ছিলেন নীতিশ কুমার। তিনি যেহেতু বিহারের মানুষ ছিলেন সেই জন্য তিনি বিহার থেকে মোকাম হয়ে রাজমহল হয়ে ফারাক্কা পর্যন্ত এন এইচ ৩৪-এর সঙ্গে নতুন একটা জাতীয় সড়ক যুক্ত করেছিলেন এন এইচ ৮০। ২০০০ সালে বিহার সরকার এর কাজ শুরু করেছে। আমাদের এলাকায় মাত্র ১২ কিলোমিটার। এর জন্য টাকা দেবে কেন্দ্রীয় সরকার, কিন্তু কাজ করবে স্টেট হাইওয়ে। আজ পর্যন্ত পূর্তমন্ত্রী এই ১২ কিলোমিটারের কাজ আরম্ভ করতে পারেননি। ২০০৭ সালে বল্লালপুর রেল ব্রিজ যখন ভেঙে পড়ে, ২০০৭ সালে এন এইচ ৩৪-এর উপর ভ্যালি ব্রিজ তৈরি হয়। সেই ভ্যালি ব্রিজের কাজ শেষ হওয়ার পর যখন সেটা উদ্‌ঘাটন করতে প্রণব মুখোপাধ্যায় গিয়েছিলেন, সঙ্গে ক্ষিতিবাবু ছিলেন। ক্ষিতিবাবু সেদিন মঞ্চে দাঁড়িয়ে ঘোষণা করেছিলেন, প্রণববাবু যেদিন সময় দেবেন সেদিন এন এইচ ৮০-র কাজ শুরু হবে। এন এইচ ৮০-র বারো কিলোমিটার রাস্তাতে দুটো ব্রিজ আছে। ২০০০ সালের বন্যায় সেটা ভেঙে গিয়েছে। সেখানে প্রতি বছর ছাই-মাটি দিয়ে ভরাট করে সেই রাস্তা চালু করা হয়। আবার বর্ষার সময় সেগুলো ওয়াশ হয়ে যায়। তখন আমরা ঝাড়খণ্ড থেকে, বাংলা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ি। তাই আমরা জোরালোভাবে দাবি করেছিলাম এই কাজটা করতে হবে। তিনি সেদিন ঘোষণা করেছিলেন, প্রণববাবু যেদিন সময় দেবেন আমি সেদিন কাজ শুরু করে দেব। তিনি এটা বলেছিলেন ২০০৭ সালের জুন মাসে। প্রণববাবু প্রতি মাসে মুর্শিদাবাদ জেলায় দুবার তিনবার করে আসেন, অথচ ক্ষিতিবাবুর সময় হয় না। তিনি আমাকে বলেছিলেন, তোমাকে মিডিয়া হয়ে দুজনের মধ্যে সময় করে নিতে হবে। আজ পর্যন্ত ১২ কিলোমিটারের কাজ তিনি করতে পারেননি। অবাক লাগে যখন বন্যা হয় তখন অর্থমন্ত্রী ছুটে গিয়েছেন কখনও মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যকে নিয়ে, কখনও মুখ্যমন্ত্রী থাকাকালীন জ্যোতিবাবুকে নিয়ে। ১৯৯৮ সালে যখন ভয়াবহ বন্যা হয়েছিল মুর্শিদাবাদ জেলাতে, সেই সময় জ্যোতিবাবু গিয়েছিলেন অর্থমন্ত্রীর সঙ্গে। আমরা এম এল এ-রা ছিলাম, পঞ্চায়েত সমিতির সভাধিপতিরা ছিলেন। কলকাতা বন্দরকে বাঁচানোর জন্য ফারাক্কা ব্যারেজের ফিডারক্যানেল তৈরি হওয়ার পরে জঙ্গিপুর, আহিরিনের কাছে যে বিশাল জলাশয় তৈরি হয় তার জন্য কান্দি মাস্টার প্ল্যান তৈরি করার কথা ঘোষণা করা হয়। প্রতি বছর একদিকে বীরভূমের জল অন্যদিকে ঝাড়খণ্ডের জল এসে প্রলয় ঘটায় জঙ্গিপুর, সামসেরগঞ্জ, কান্দি, সুতি এক এবং দুই-এ। ১৯৯৮ সালে ঘোষণা করা হয় কান্দি মাস্টার প্ল্যান তৈরি করা হবে। তারপর ১৯৯৯ সালে এবং ২০০০ সালে প্রবল বন্যায় এলাকার পর এলাকা শেষ হয়ে যায়। অথচ আজ পর্যন্ত মাস্টার প্ল্যান তৈরি হল না। আমরা জনপ্রতিনিধিরা শুধু বলে যাই। সরকার শুধু বলে হ্যাঁ, ঠিক আছে। সেচ দপ্তর বলে একটা দপ্তর আছে। আমি জানি না এই দপ্তর মানুষ দ্বারা পরিচালিত হয় না ভূতের দ্বারা পরিচালিত হয় ? এই দপ্তর শুধু বোল্ডার নিয়ে ব্যস্ত। বোল্ডারে তারা শুধু কাজ করবে। ফারাক্কা ব্যারেজকে প্রোজেক্টের কাজ দেওয়া যাবে না।

[3.50 – 4.00 p.m.]

এই নিয়ে রাজনীতি করা হচ্ছে। বন্যা নিয়ন্ত্রণের জন্য যে কাজটা সরকারের বহু আগে করা উচিত ছিল, সেই কাজটা এখনও করা হয়নি। এ ব্যাপারে এখনও পর্যন্ত মাস্টার প্ল্যান জমা হয়নি। সেই কারণে প্রতি বছর আমাদের ভুগতে হয়। সামান্য বৃষ্টি হলে মাঠ জলে ডুবে যায় এবং টানা দু-আড়াই দিন বৃষ্টি হলেই গ্রাম প্লাবিত হবে—এটা ধরেই নিতে হয়। তাই বলছি, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ৩২ বছর ধরে ক্ষমতায় থেকেও এই বন্যা নিয়ন্ত্রণের জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারেনি। আমাদের রাজ্যে বহু বাঁধ আছে যেগুলো রক্ষণা-বেক্ষণের অভাবে ভেঙে পড়ছে। সেই বাঁধগুলোকে ঠিক করতে পারছে না, নদী সংস্কার করা হচ্ছে না। এখন কেন্দ্রীয় সরকার একটা বিরাট সুযোগ করে দিয়েছে, সেটা হচ্ছে যে, ১০০ দিনের কাজের মাধ্যমে যে কাজগুলো করা হবে, তাতে নতুন করে টাকা দিতে হবে না। এন আর ই জি এস-এর মাধ্যমে নদী সংস্কার করতে পারবেন। কিন্তু সেখানে আমরা নিজেরা উদ্যোগী হয়েও পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ উদ্যোগ গ্রহণ করলেও জেলাশাসক ও বি.ডি.ও-দের কাছ থেকে সহযোগিতা পাইনি। তাই সেই কাজগুলো আমরা করতে পারিনি। আজকে পশ্চিমবঙ্গে যে অবস্থা তৈরি হয়েছে—এর আগে মুম্বাইতে যে সন্ত্রাসবাদী হামলা হয়েছে, ব্যাঙ্গালোরে, দিল্লিতে যে সন্ত্রাসবাদী হামলা হয়েছে, আজকে সকাল ১১টা ৩০ মিনিটে আলিপুরদুয়ারে যে সন্ত্রাসবাদী হামলা হয়েছে,

(এখানে মাইক অফ হয়ে যায়।)

শ্রী ইন্দ্রজিৎ টাঙ্গি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৯ মার্চ, ২০০৯ তারিখে এই বিধানসভায় মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, সেই প্রস্তাবের উপর যে আলোচনা হচ্ছে, সেই আলোচনায় আমি অংশ নিচ্ছি। মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে যে মূল বিষয়টা তুলে ধরা হয়েছে, তাতে আমার মনে হয় একটা দিশা দেখানো হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গ-সহ ভারতবর্ষের যে কোনো দিক থেকে বিপদ আসতে পারে এবং সেটা এখানে আলোচিত হয়েছে। প্রথমত, সন্ত্রাসবাদের কথা বলেছেন। সন্ত্রাসবাদ শুধু আমাদের ভারতবর্ষকে নয়, সারা পৃথিবীর গণতন্ত্রকে, সারা পৃথিবীর সমাজ, সভ্যতাকে ধ্বংসের দিকে টেনে নিয়ে যাচ্ছে। এই বিপদ সম্পর্কে আমাদের তিনি সচেতন করেছেন, সতর্ক করার জন্য পরামর্শ দিয়েছেন।

[3.50 – 4.00 p.m.]

আমাদের রাজ্য সরকার সচেতন আছেন বলে, যেখানে অন্যান্য রাজ্যে ধারাবাহিকভাবে বিস্ফোরণ ঘটছে, সেখানে আমাদের রাজ্য সরকারের তত্ত্বাবধানে সেটা এখনও পর্যন্ত ঘটতে পারেনি। তবে আমাদের সাবধান থাকতে হবে। পশ্চিমবঙ্গের উপকূলবর্তী এলাকা অন্যান্য রাজ্যের তুলনায় কম হলেও সেখানেও সাবধানতা অবলম্বন করতে হবে। এর পাশাপাশি আমাদের যে আন্তর্জাতিক সীমানা আছে বাংলাদেশের সঙ্গে, সেখানে সতর্ক দৃষ্টি দেওয়ার ফলে নতুন করে ৬টি থানা স্থাপনের একটা পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং নজরদারি করার জন্য অন্যান্য ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে, যাতে উপকূলবর্তী

এলাকা এবং অন্যান্য এলাকাকে সুরক্ষিত রাখা যায়। পশ্চিমবঙ্গে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন মাথাচাড়া দিয়ে উঠেছে। পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়ায় ঝাড়খণ্ডের বিভিন্ন গোষ্ঠী যাঁরা ঝাড়খণ্ড নিয়ে রাজনীতি করে সেই সব গোষ্ঠী, তাঁরা পশ্চিমবঙ্গ থেকে ওই তিনটি জেলাকে ঝাড়খণ্ডে নিয়ে যেতে চায়। যাঁরা এই কাজ করতে চান তাঁদের কাছে আমার বিনীত জিজ্ঞাসা যে, ঝাড়খণ্ড তৈরি হয়েছে, সেখানকার মানুষ কি পশ্চিমবঙ্গের মানুষের চেয়ে সুখে আছে ? গত বছর পঞ্চায়েত নির্বাচনের সময় সেখানকার একজন মানুষ, যিনি জামসেদপুর থেকে এসেছিলেন, আমি তাঁকে জিজ্ঞাসা করেছিলাম। আমি তাঁকে বললাম, আপনাদের এখানে পঞ্চায়েতের কি অবস্থা ? পঞ্চায়েত থেকে আপনারা কি পান। তিনি বললেন, এখানে পঞ্চায়েতের কোনো ব্যবস্থা নেই। আমি বললাম, তাহলে আপনাদের উন্নতি কি করে হয় ? তিনি বললেন, টাটারা যেরকম করে তেমন করে হয়। স্বাভাবিকভাবেই ঝাড়খণ্ডের মানুষের অর্থনৈতিক উন্নতি কিছুই হয়নি। সামাজিক উন্নতি যেরকম ছিল সেরকমই আছে বরং আরও কমে গেছে। তাই আমি আপনাদের কাছে বলতে চাই, বিচ্ছিন্নতার উপরে নির্ভর করে গোটা রাজ্যকে ভেঙে কোনো এলাকায় কি অর্থনৈতিক, কি রাজনৈতিক, কি সামাজিক উন্নতি কখনও হতে পারে না যদি না সেই দেশের, সেই রাজ্যের একটা বিকল্প অর্থনৈতিক দর্শন থাকে। আজকে গোর্খা মুক্তি মোর্চা যে আন্দোলন তৈরি করেছিল, সুখের কথা, স্থানীয় মানুষ সেই আন্দোলনকে প্রতিরোধ করেছেন, এটা আমাদের পশ্চিমবাংলার একটা ভালো দ্বিক এবং আমাদের সরকার অতন্ত বিচক্ষণতার, অত্যন্ত ধৈর্যের পরিচয় দিয়েছেন। এই বিচক্ষণতার ফলে যে রক্তাক্ত অবস্থা তৈরি হতে পারত, যে রক্তের হোলিখেলা চলতে পারত সেটা হয়নি। রাজ্যপালের ভাষণে আমাদের শিক্ষার ক্ষেত্রে, স্বাস্থ্যের ক্ষেত্রে, কৃষির ক্ষেত্রে, গ্রামীণ অর্থনীতির ক্ষেত্রে একটা সুস্পষ্ট দিক্‌দর্শন দেখিয়েছেন। তার জন্য পুনরায় এই ভাষণকে সমর্থন করছি। কংগ্রেসি আমলে আমাদের জেলায় দেখেছি, বিশেষ করে ভাদ্র-আশ্বিন মাসে গরিব মানুষ ডালের মাড়ি আর খুদের চাল ঘেঁটে খেত। সেটা এখন দেখি না। পুরুলিয়ার বেশির ভাগ মানুষ চাষের সময়ে, ধান কাটার সময়ে, ধান রোয়ার সময়ে হুগলি, বর্ধমানে মানুষকে আসতে হত। এখনও আসে কিন্তু সেটা সংখ্যায় খুবই অল্প। আমাদের জেলাতে অনেক অগ্রগতি হয়েছে, পশ্চিমাঞ্চলে এখনও উন্নতির অবকাশ আছে। সেইভাবে পরিকল্পনা নেওয়া হয়েছে। সঠিকভাবে যদি এই পরিকল্পনার রূপায়ণ করতে পারা যায় তাহলে এই নাবাল খাটা বা পুবে খাটা বন্ধ হয়ে যাবে। কৃষি ক্ষেত্রে অগ্রগতির ফলে আজকে আমাদের পশ্চিমবাংলায় যে খাদ্যের ঘাটতি ছিল সেটা পূরণ হয়ে গেছে। বিশেষ করে, এই বছর যে ধান উৎপাদন হয়েছে তার জন্য অনেক জায়গা দরকার, দু মাস পরে আবার বোরো ধান উৎপাদন হবে, তাই সেই জায়গা খুঁজতে আমাদের সরকারের তরফ থেকে চেষ্টা করা হচ্ছে, এটা অগ্রগতির লক্ষণ। খাদ্যে স্বয়ম্ভরতার লক্ষণ। আমাদের চাষে অনেক বৈচিত্র্য এসেছে আরও বৈচিত্র্য আনতে হবে। কৃষির বিকাশের ফলে আমাদের গ্রামীণ অর্থনীতি অনেক স্বনির্ভর হয়েছে। তার ফলে মানুষের চাহিদা বেড়েছে। ছেলে-মেয়েরা লেখাপড়ার দিকে এগিয়ে এসেছে। প্রাইমারি স্কুলে জায়গা দিতে পারছে না। মানুষ আমাদের এম এল এ-দের কাছে এসে বলেন, আমাদের একটা ক্লাসরুম করে দাও। জলের ব্যবস্থা করে দাও। প্রতি বছর মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক স্তরে পরীক্ষার্থী বাড়ছে। কলেজ স্তরে, ইউনিভার্সিটি স্তরে যেসব ছেলে-মেয়েরা পড়াশোনা

করছেন তাঁরা চাইছেন আগামী দিনের জন্য তাঁদের শক্তিকে সমাজের উন্নয়নের কাজে লাগাতে। কিন্তু সেটা করতে গেলে আমাদের দেশের বিশেষ করে, পশ্চিমবাংলায় যে জমি আছে সেই সেই জমির উপরে শিক্ষিত ছেলে-মেয়েদের নিযুক্ত করে দেখালেই বেকার সমস্যার সমাধান করা যাবে না। তাই শিল্প অপরিহার্য।

[4.00 – 4.10 p.m.]

পশ্চিমবাংলায় যেখানেই শিল্পের কথা, উন্নয়নের কথা বলা হচ্ছে, সেখানেই বিরোধীরা কারণে-অকারণে বিরোধিতা করে যাচ্ছে। এই বিরোধিতার মূল কারণ ক্ষমতার লোভ। আমরা জানি, কোনো একটা দেশ কেবল কৃষির উপর নির্ভর করে উন্নতি করতে পারে না, ওনারাও এটা জানেন। প্রতি বছর যে লক্ষ লক্ষ ছেলে-মেয়ে লেখাপড়া শিখে তাদের জীবনকে উন্নত করতে চাইছে, তাদের জন্য শিল্প অপরিহার্য। এই জন্য আমাদের সরকার গ্রাম এবং শহরের অর্থনীতিকে বাড়াতে চাইছে, দুটোর মধ্যে সমন্বয় করে বেকারত্বের সমাধান করতে চাইছে। আর এই জন্য শিল্প অপরিহার্য। এটা ঠিকই, সব জায়গায় শিল্প করা যায় না। যেমন বাঁকুড়াতে শিল্পের মূল প্রতিবন্ধক জল। সেখানে গন্ধেশ্বরী, দ্বারকেশ্বরকে নিয়ে একটা প্রকল্প করা হচ্ছে। সেটা হলে জল ধারণের ক্ষমতা যদি বেশি হয় তাহলে আগামী দিনে হয়তো বাঁকুড়া, পুরুলিয়ার মতো জায়গায় বড়ো শিল্প করা যাবে। যদিও পুরুলিয়াতে কিছু কিছু হয়েছে। তাই শিল্প স্থাপন সর্বত্র সমানভাবে হতে পারে না। তার পরিকাঠামো যেখানে যেখানে আছে, যেখানে যেখানে সম্ভব সেইভাবেই এগোতে হবে এবং আমাদের সরকার সেইভাবেই এগোচ্ছে। কিন্তু বিরোধীরা সেখানে একটা অস্থির, বিভ্রান্তিকর, নৈরাজ্যের বাতাবরণ তৈরি করতে চাইছে। আজকে উত্তরবঙ্গে মূল যে রাস্তা, হাইওয়েগুলো এবং পশ্চিমের হাইওয়েগুলোতে যেভাবে কাজ হচ্ছে, সেখানে রাস্তা চওড়া করতে গেলে জমি দরকার। সেখানেও জমি নিয়ে রাজনীতি চলছে—জমি আমরা দেব না। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমরা জানি জার্মানিতে হিটলার অনেক খারাপ কাজ করেছে। কিন্তু আমরা জানতে পেরেছি সেখানে হিটলারের অবদান, সেখানকার চওড়া ও সোজা রাস্তা সেখানকার অর্থনীতিকে এখনও সাহায্য করছে। তাই সড়ক যেমন চওড়া দরকার, তেমনি যাতে বেশি ভার বহন করতে পারে, যানবাহন দ্রুত যেতে পারে তারও ব্যবস্থা করতে হবে। যতই বাধা আসুক, আমাদের সরকার সেই বাধাকে কাটিয়ে উঠবে।

পুনরায় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে, সেই প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধী মহাশয় পশ্চিমবঙ্গের চতুর্দশ বিধানসভার সপ্তম অধিবেশনে যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য রাখছি।

কবিগুরু রবীন্দ্রনাথ বলেছিলেন, তোমারেই করিয়াছি জীবনের ধ্রুবতারা'। ১৯৭৭ সালের ২১ জুন। তার থেকে প্রায় দুশো বছর পিছিয়ে গেলে আমরা দেখতে পাব সেই ২১ জুন কলকাতাতে ইংরেজ প্রভু হলওয়েল সিরাজউদ্দোলার সৈন্যবাহিনীর কাছে পরাজিত হয়েছিল এবং তার পরাজয় সেদিন তিনি স্বীকার করেছিলেন। অর্থাৎ ২১শে জুনটা এমন একটা দিন, যা সাম্রাজ্যবাদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করবার দিন। তার ২২১ বছর পরে ১৯৭৭ সালের ২১ জুন বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে শপথ গ্রহণ করে। তাদের অন্তরের যে কথা, সাম্রাজ্যবাদ-বিরোধী, অর্থনীতি, কৃষিনীতি, শ্রমনীতি আজ পর্যন্ত অক্ষুণ্ণভাবে এই সরকার তা মেনে চলেছে। রাজ্যপালের ভাষণে আইন-শৃঙ্খলার কিছু কথা আছে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে আইন-শৃঙ্খলার যা অবস্থা, পশ্চিমবঙ্গ সেক্ষেত্রে মরূদ্যান। এই কথা স্বীকার করতে আমাদের বিন্দুমাত্র দ্বিধা নেই, সংকোচ নেই। উত্তরবঙ্গের দার্জিলিং-এ গোর্খাল্যান্ডের আন্দোলন, কোচবিহারে কামতাপুরির আন্দোলন, দক্ষিণবঙ্গে পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়ায় এবং বাঁকুড়ায় ঝাড়খন্ডী ও মাওবাদীদের আন্দোলন গোটা রাজ্যের মানুষের কাছে আজ বিপজ্জনক। আবার এই আন্দোলনের মধ্যে বেশ কিছু জায়গায় তৃণমূল কংগ্রেস ওদের ইন্ধন দিচ্ছে। এটাও খুব বিপজ্জনক। আমাদের এই রাজ্য বহু মহাপুরুষের শিক্ষা, রামকৃষ্ণ, বিশ্বকবি রবীন্দ্রনাথ, কাজী নজরুল ইসলাম—এঁদের চিন্তাধারায় পুষ্ট। সেই রাজ্যে আতঙ্কবাদ, সন্ত্রাসবাদীদের যে মুহূর্তে হানা আসবে, আমরা আশা করব, 'বিচ্ছিন্নতাবাদকে যেভাবে আমরা ঠেকাচ্ছি, ঠিক তেমনই এ ক্ষেত্রেও আমরা এক অন্তঃকরণে, এক মনে এর বিরোধিতা করব। এই রাজ্যকে কিছুতেই বিপথগামী হতে দিতে পারব না। রাজ্যপালের ভাষণে আমরা সেই কথা পেয়েছি। আমাদের এই রাজ্যে শিক্ষা জগতের বর্তমান যে অবস্থা, তাতে প্রাথমিক বিদ্যালয়—সেই বিদ্যালয়ের সংখ্যা, ছাত্র-ছাত্রীর সংখ্যা, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, তার বিদ্যার্থীর সংখ্যা, মাদ্রাসার সংখ্যা এবং শিক্ষার্থীর সংখ্যা দিন দিন বাড়ছে। আর আমরা দেখতে পাচ্ছি, বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে একটা বিরাট সম্ভাবনা আমাদের কাছে এসে দাঁড়িয়েছে। ২০০৮-০৯ শিক্ষাবর্ষে বারাসাতে পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়, মালদায় গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় এবং আলিয়া বিশ্ববিদ্যালয় নামে ৩টি বিশ্ববিদ্যালয়ের কাজ শুরু হয়েছে। পশ্চিমবঙ্গে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ১৯। আমার সরকারের কাছে অনুরোধ থাকবে, মেদিনীপুর জেলা ভাগ হয়, পূর্ব মেদিনীপুর জেলায় একটা নতুন বিশ্ববিদ্যালয় গড়ে তুলবেন দেশপ্রাণ বীরেন্দ্রনাথ শাসমলের নামে। এটা আমরা আশা করছি। যে বীরেন্দ্রনাথ শাসমল আমাদের এই রাজ্যের মানুষকে মাথা উঁচু করে দাঁড়াতে শিক্ষা দিয়েছেন, সেই দেশপ্রাণের নামে পূর্ব মেদিনীপুর জেলায় আশা করব, আগামী বছর রাজ্যপালের ভাষণে এটা থাকবে যে, দেশপ্রাণ বীরেন্দ্রনাথ শাসমলের নামে একটা নতুন বিশ্ববিদ্যালয় আপনি গড়বেন। আর আমরা দেখতে পাচ্ছি যে, বর্তমান বছরে একটা ইঞ্জিনিয়ারিং কলেজ-সহ আর্থিকভাবে স্বনির্ভর মোট ১০টি ইঞ্জিনিয়ারিং কলেজ ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়েছে। ফলে বিশ্ববিদ্যালয় এবং ইঞ্জিনিয়ারিং কলেজ-সহ আমাদের রাজ্যে ইঞ্জিনিয়ারিং কলেজের মোট সংখ্যা ৭২-এ পৌঁছেছে।

[4.10 – 4.20 p.m.]

এটা আমাদের রাজ্যে খুব গৌরবের, আমাদের রাজ্যের ছেলে-মেয়েদের অন্যত্র যেতে হবে না ইঞ্জিনিয়ারিং পড়তে, এই রাজ্যেই তাদের অভাব মিটবে যেভাবে ইঞ্জিনিয়ারিং কলেজের সংখ্যা বাড়ছে। তবে কৃষক বাড়ির ছেলে, শ্রমিক বাড়ির ছেলে বা বি পি এল অন্তর্ভুক্ত সেই বাড়ির ছেলেরা যখন এই ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি হবে তাদের যাতে সুবিধা দেওয়া হয় সেই বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি। একজন বিড়ি শ্রমিকের ছেলে আমার পশ্চিম মেদিনীপুর জেলায় ৬৮ র‍্যাংক করেছে মেডিকেলে, আমার বাড়িতে তার বাবা এবং সেই ছেলেটি এসেছিল এবং তার বাবা খুব কান্নাকাটি করে বলছিল, আমাদের বাড়িতে এইরকম ছেলে কি করে জন্মালো, কি করে ওকে পড়াব। আমি তাকে বললাম, আপনারা শান্ত হোন, আপনারা সরকারের উপরে আস্থা রাখুন। আপনাদের পাশে বামফ্রন্ট সরকার আছে। তার পরে আমি চিঠি লিখে দিলাম আমাদের জনদরদী মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে। তিনি বললেন, তাদের দরখাস্ত করতে বলুন, ভর্তি হতে হবে এবং ভর্তির সব কাগজপত্র নিয়ে যেন আমার কাছে বা দপ্তরে আসে। সেই ছেলেটি এখন একটা হস্টেলে আছে, প্রতি বছর তাঁর দপ্তর থেকে ২ হাজার করে টাকা সে পায় এবং গ্রামগঞ্জের কিছু মানুষও তাদের সাহায্য করে। সেই ছেলেটি এখন মেডিকেল কলেজে পড়ছে। এইরকম বহু উদাহরণ আছে, রাজ্য সরকারের এইরকম গৌরব ঐতিহ্য আছে বলেই আজকে ৩২ বছর ধরে বামফ্রন্ট সরকারকে তারা রেখে দিয়েছে। গত ২০০৬ সালের নির্বাচনে অনেক আইন-কানুন, অনেক বাঁধন দিয়ে এই সরকারকে ফেলে দেওয়ার চেষ্টা হয়েছিল, কিন্তু সেই সময় সেই সমস্ত বাঁধন ছিঁড়ে জনগণের সহযোগিতায় তাদের অত্যুৎসাহে আবার বামফ্রন্ট সরকার ফিরে এসেছে। তাই এই বিরোধী দল ভাবছে, এই সরকারকে কিছুতেই তো ফেলা যাচ্ছে না, কি করে ফেলা যাবে। তাই এই সরকারের যে সমস্ত উন্নয়নমূলক কাজ হচ্ছে সেখানে বাধা দিয়ে উন্নয়নের কাজকে স্তব্ধ করে দিতে হবে, এই হচ্ছে তাঁদের পরিকল্পনা। যার ফলে আমরা দেখলাম সিঙ্গুরের ন্যানো গাড়ি চলে গেল গুজরাটে, ওরা তখন হাততালি দিয়েছিল। ন্যানো চলে গেছে, তার পরে কেমিক্যাল হাব নন্দীগ্রামে হবে। সেই জায়গার মানুষকে দূষণ বাড়বে বলে ভুল বুঝিয়ে ভিতরে ভিতরে নানা রকম পরিকল্পনা করেছে। আমরা এটা বুঝতে পারিনি, সেখানে গিয়ে আমরা যে বোঝাব সেই সুযোগ পাইনি। সেই জায়গায় নানা প্রকারের মানুষকে সঙ্গে নিয়ে যারা ধ্বংসলীলায় মাতে, তাদেরকে ডেকে নিয়ে এসে এই কাণ্ড হল। আমরা দুঃখিত নন্দীগ্রামে এত মানুষ মারা গেছে, কৃষিজীবী মানুষ, শ্রমজীবী মানুষ মারা গেছে পুলিশের গুলিতে বা অন্য কারোর গুলিতে, এটা দুঃখজনক ঘটনা। ওঁরা মদত দিয়েছেন, দিনের পর দিন তাদের ভুল বুঝিয়ে তাদের সমর্থন পেয়েছেন। কিন্তু ভবিষ্যতে মানুষ ওদের ক্ষমা করবেন না। নয়াচরে যাতে কেমিক্যাল হাব না করা যায় তার জন্য ওঁরা উঠেপড়ে লেগেছেন। মাননীয় মন্ত্রী বললেন, কেন্দ্রীয় সরকার সমস্ত বিষয়টা খতিয়ে দেখে যদি অনুমোদন দেয় তবেই আমরা করব। জানি না তাঁরা কি করবেন। ওদের বাড়া ভাতে ছাই দিয়ে কেমিক্যাল হাব হবে এবং সেখানে লক্ষ লক্ষ মানুষের রুটিরুজির ব্যবস্থা হবে। ৭০ লক্ষ মানুষ বাংলায় বেকার, সেই বেকার ছেলেদের যথাযথভাবে তাদের চাকরির ব্যবস্থা হবে। তাদের বোঝাব যে, তোমাদের কাছে কারা আছে।

এই বামফ্রন্ট সরকার আছে। ওরা এখন হিসাব করতে বসেছে কতগুলি সিট ওরা পাবে, কতগুলি পাবে না বলে। আমি বলি, ৪২ সিটের মধ্যে ৪২টি সিটেই আমরা জিতব, এতে আমরা বদ্ধপরিকর। এই কথা বলে এই রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অশোক ব্যানার্জী : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদসূচক প্রস্তাবকে আমি সমর্থন করছি। সমর্থন করে আমি কয়েকটি কথা বলব। তথ্য কথা বলে। আমি কয়েকটা তথ্য দিচ্ছি। জমি বিলি করা হয়েছে পশ্চিমবাংলায় ১১ লক্ষ ২৬ হাজার একর। সারা দেশের মধ্যে সব থেকে বেশি। সারা দেশে মোট খাস জমি পেয়েছে ৫৫ লক্ষ ৭৪ হাজার ২০৬ আর পশ্চিমবাংলায় তার ৩০ লক্ষ। কোনো রাজ্য আছে ? সব ফাস্ট। কৃষি ঋণ, এই দেখুন তথ্য কথা বলে, ১৯৭৪-৭৫ সালে কৃষি ঋণ দেওয়া হয়েছিল ২০০ কোটি টাকা। ২০০৭ সালে ২৯ শত ৬৯.৮২ কোটি টাকা। এবার সারা ভারতের যে তথ্য আছে সেখানে জনসংখ্যা বৃদ্ধি হয়েছে ১.৯%। আর কৃষিতে খাদ্য উৎপাদন বৃদ্ধি হয়েছে ১.৫৩%। তথ্য বলছে, দুর্ভিক্ষ আসন্ন। পশ্চিমবাংলায় জনসংখ্যা বৃদ্ধির হার ১.৫৩%। কৃষিতে উৎপাদন বৃদ্ধির হার হচ্ছে ৩.৬৪%। আমি কৃষকের সঙ্গে কাজ করি। আমি আপনাদেরই তথ্য থেকে বলছি যে, সারা ভারতে প্রতি ৩ সেকেন্ডে একজন করে আত্মহত্যা করে। এর উত্তর দিতে হবে আপনাদেরকে। বিরোধীদের এর জবাব দিতে হবে, শুধু চেঁচাবেন না। এবার নাকি উল্টে পাল্টে যাবে..... পায়ে হাওয়াই চটি, এটা বুদ্ধদেব ভট্টাচার্য নয়, জ্যোতি বসু নয়। চলে গেল। চন্দ্রা বলল আমাকে পুড়িয়ে মারবে। পরের দিন বেরলো—'না পুড়াও রাধা অঙ্গ না ফেলিও জলে মরিলে টাঙায়ে দিও বিধানসভার হলে'। কাগজে বেরিয়েছিল। আমি একবার পুরনো দিনের কথা স্মরণ করিয়ে দিই। তার সঙ্গে বলি যে, ১৯৯৭ সাল থেকে ২০০৭ পর্যন্ত ভারতে মোট আত্মহত্যা যা হয়েছে তা হল ১ লক্ষ ৮২ হাজার। কৃষক এবং কৃষি আজ সঙ্কটের মুখে একটা কি বিভীষিকা অবস্থা ! পশ্চিমবাংলায় কৃষির সঙ্কটে কোনো কৃষক আজ পর্যন্ত মারা যায়নি। তথ্য কথা বলে। দারিদ্র্যসীমার নীচে ১৯৭৪-৭৫ সালে সেই সময়টায় আমরা জেলে। সেই সময় দারিদ্র্যসীমার নীচে ছিল ৬৩.২%। খালি মাইলো আর ভুট্টা। ২০০৭ সালে পশ্চিমবাংলায় দারিদ্র্যসীমার নীচে আছে ২১.৭%। তথ্য কথা বলে। আমি কৃষকদের কাছে গিয়ে জিজ্ঞেস করেছি, আত্মহত্যা করছে, এইরকম ব্যাপার। তাদের বাড়িতে রাতে শুয়ে গল্প করেছি যে, কি ব্যাপার ? বলল, কদিন আগে যে গম ছিল ৮ টাকা কিলো দরে বাজারে বিক্রি করেছি, আর এখন দোকানে এক কিলো আটার দাম হল ১৬ টাকা। ভারত সরকার আমেরিকার কাছে পদলেহন করছে। গ্রামের মানুষ, কৃষকের সঙ্গে কাজ করি। আমেরিকা থেকে গম আসছে ১৫০০ টাকা প্রতি কুইন্টাল। আর বলছেন ভাবের ভাব হচ্ছে। প্রেম কোথায় যেতে পারে মানুষই তার বিচার করে। আমি আপনাদের কাছে কয়েকটি তথ্য দিতে পারি। আজকে পশ্চিমবাংলার পরিস্থিতি বিপজ্জনক। সারা ভারতে যত লোক বাস করে তার ৮% লোক পশ্চিমবাংলায় বাস করে। সারা ভারতে যত জমি আছে তার ৩% জমি আছে পশ্চিমবাংলায়। পরিস্থিতিটা দেখে নিন। যে লড়াই এই সরকার দিয়েছে আমাদের সঙ্গে নিয়ে, বিরোধীদেরও ভালো পরামর্শ দিয়েছে লড়াই করার, কিন্তু তার ফলাফল হচ্ছে এই।

[4.20 – 4.30 p.m.]

আমি আর একটা তথ্য দিই ২০০৭ সালে শিল্পে বিনিয়োগ ৬৩ হাজার ৯০০ কোটি টাকা, ২০০৮ সালে ৯৫ হাজার কোটি টাকা বৃদ্ধি। শিল্পের বিকাশ ছাড়া কখনো কোনো দেশকে এগিয়ে নিয়ে যাওয়া যায় না। ব্যাখ্যা চাইলে আমি ব্যাখ্যা করব, কিন্তু সময় পরিসর কম। এমনিতে দিদিমণি চলে গেলেন সিঙ্গুরে। সেখানে গিয়ে অবস্থানে ওড়না দিয়ে সেজদা দিচ্ছেন। সেজদা আপনারা জানেন কিনা জানি না। সেজদা দিয়ে অবস্থানে মাথা ঠেকাচ্ছেন আবার তুলছেন, টিভি-তে দেখলাম। কি করছেন, উনি ঘাসফুল আঁকছেন। জিজ্ঞাসা করেছিলাম কি করছেন দিদিমণি, দাবি তুলেছেন, কারখানা তুলে দিতে হবে। আর মুসলিমদের সঙ্গে এই সময় ইফতার খাচ্ছেন। সিঙ্গুরের কারখানা চলে গেল গুজরাটে। গুজরাটে কারখানা চলে গেল ! এখন আর কথা বলছেন না দিদিমণি। কোথায় গেল দিদিমণি ? শান্তিপূর্ণ পরিবেশ এখানে আছে। এখানে একটা বাজার সৃষ্টি হয়েছে, এখানে স্থিতিশীল সরকার রয়েছে, কথা বলছেন না কেন দিদিমণি ? গাঁয়ের লোকেরা বলছে দিদিমণি কথা বলছেন না। কারণ ওখানে গুজরাটে নরেন্দ্র মোদীর সরকার রয়েছে, ওখানে কারখানা গেলে দিদিমণি কথা বলবেন না। কোথায় গেল তোমার সেই সুশীল সমাজ ! দিদিমণি অনুরাধা তলোয়ার কোথায় ? এক এক সময় পাটেকার আসে—মেধা পাটেকার। মেধা কই ? মমতা কই ? কোনো কথা নেই। গুজরাট যেন আমাদের ভারতবর্ষের বাইরে, কোনো কথা নেই। আমি জিজ্ঞাসা করেছিলাম, বলছে না কেন, বলছে ভাসুরের নাম করতে নেই। গাঁয়ের লোকেরা বলে কিছু মনে করবেন না। আমি গাঁয়ের মানুষ, গাঁয়ের লোকেরা বলছে ভাসুরের নাম করতে নেই। আমি আপনাদের কাছে বলি, একটা প্রশ্ন মনে হচ্ছে, আমরা বলি এখনও সতর্ক হোন। যাঁরা এ সমস্ত করছেন, এখনো সতর্ক হোন। মানুষ যা ব্যবস্থা নেওয়ার নিয়ে নেবে। পঞ্চায়েতের সাফল্যের কথা তুলছেন, আমি বলি, আমি যে এলাকায় বাস করি একটা পঞ্চায়েত সমিতির সভাপতির স্বামী এসেছে তার কলার চেপে ধরে সহ-সভাপতি বাগড়া দিচ্ছে কনট্রাক্টরের কাছ থেকে সভাপতির স্বামী টাকা নিচ্ছে বলে অভিযোগ তুলেছে। জিজ্ঞাসা করেছিলাম কি হয়েছে, বলল, পঞ্চায়েতে বিরোধী যাঁরা জিতেছে ১০ মাস গর্ভ যন্ত্রণা শুরু হয়েছে। শুনলাম শার্ট ছিঁড়ে হাওয়াই শার্ট করে দিয়েছে। পঞ্চায়েত নিয়ে জিজ্ঞাসা করেছিলাম ডি এম-কে, কি হল—বলল, তছরূপ হয়ে গেছে সাড়ে ৮ লক্ষ টাকা। নপাড়া ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের কথা বলছি, কংগ্রেস, টি এম সি, বি জে পি মিলেছে। নীতিবিহীন ঐক্য থাকে না। আমি আপনাদের কাছে এই জন্য বলতে চাইছি, সারা ভারতবর্ষের সব রাজ্যগুলির মধ্যে যদিও পশ্চিমবাংলা পঞ্চায়েতের উন্নয়নে দ্বিতীয় হয়েছে। আর আমি বলি, দক্ষিণ ২৪ পরগনার সেই পুলিশ অফিসার কই ? দক্ষিণ ২৪ পরগনায় কাজ হচ্ছে না। বিরোধীরা যেখানে দাঁড়িয়েছে কাজ হচ্ছে ! আমি টোটালটা বলতে পারব না, কারণ সময়ের অভাব। না হলে আমার কাছে সমস্ত তথ্য আছে। এক একটা করে দেখিয়ে দেব, কি বিবৃতি, কি অপরিসীম মানুষের প্রতি বঞ্চনা ! মানুষ অভিজ্ঞতার মধ্যে দিয়ে নিয়ে এসেছে, মন্দার মোকাবিলায়। আমি আবার তথ্য দিই, ৫ হাজার ১০৬ কোটি টাকা আয় বৃদ্ধি কর্মসংস্থান লক্ষ্যে ব্যয় করেছে। স্যার, এটা কোন্ রাজ্যে আছে ? আমি সাম্প্রদায়িকতার ব্যাপারে একটু

বলব, বিস্ফোরণ সন্ত্রাসবাদ মিশে গিয়েছে। দেখেছেন কাগজে, আমার কথা নয়। এ আর আন্তুলে বিষয়টা তুলেছিলেন লোকসভায়, ধরা পড়েছে কে—সাধ্বী প্রজ্ঞা। সাধ্বী বটে ! আর ধরা পড়েছে কে শ্রীকান্ত পুরোহিত। কে সে ? কর্নেল—মিলিটারিতে ট্রেনিং দেয়, আর এশিয়ায় হিন্দু রাষ্ট্র তৈরি হবে বলে রাজধানী হবে ইজরায়েল। এরা কারা ? আমি বিশাল বিষয়ের মধ্যে যাচ্ছি না। আমি বলতে চাই কাশ্মীর জ্বলছে, কথা নেই কেন কংগ্রেসের ? কর্ণাটকে দাঙ্গা, কথা নেই কেন টি এম সি-র ? কোনো কথা নেই। পশ্চিমবাংলার মতো কোন্ রাজ্য আছে ? সংখ্যালঘুদের কথা তুললেন কোথায়, নিজেরটা ভাবলেন, আমি সংখ্যালঘু তাই। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা—টগর বোস তুমি কে ? যখন জিজ্ঞাসা করা হয়, তুমি অমুকের ঘর করো ? তখন বলল, আমি ঘর করি কিন্তু হেঁসেলে ঢুকতে দিইনি। এক সময় তৃণমূল কংগ্রেস বি জে পি-র সঙ্গে ঘর করেছে, এখন কংগ্রেসের সঙ্গে ঘর করছে।

মাদ্রাসা শিক্ষায় ৩১৩ কোটি টাকা তার জন্য দেওয়া হয়েছে। সংখ্যালঘু উন্নয়ন তহবিল থেকে ৮০ কোটি টাকা দেওয়া হয়েছে। অন্য কোনো প্রদেশ—একটা বলুন, জবাব দিতে পারবেন না। আমি আপনাদের কাছে বলছি—আইন-শৃঙ্খলার প্রশ্নে চলে এলেন দিদিমণি—মিটিং করতে মাওবাদীদের সঙ্গে বসে পড়লেন। কে জানে না ? তথ্য আমার কাছে আছে। আমি তথ্য ছাড়া একটা কথাও বলি না। আমার কাছে সব তথ্য আছে। মাওবাদীদের সঙ্গে মিটিংয়ে বসে পড়লেন তৃণমূল নেত্রী নিজে। আর চলন কি—তার যেমনি চলন তেমনি বলন। আমি আপনাদের কাছে বলছি—দার্জিলিং, ডুয়ার্স সেখানে একটা রাজ্য হবে। এই দিকে তিনটি জেলা চলে যাবে—শিবু সোরেন নিয়ে যাবে। শিবু সোরেনের কি হয়েছে জানেন ? গাঁয়ের লোককে জিজ্ঞেস করলাম কি হয়েছে খবর পেয়েছো ? চিতিয়ে গিয়েছে। চিতিয়ে যাওয়া কাকে বলে সেই ব্যাখ্যা দিচ্ছি না। আমি আপনাদের কাছে শেষে বলতে চাই, উপ-নির্বাচনে জিততে ৬ লক্ষ টাকার অস্ত্র কিনেছে তৃণমূল। কে নন্দ মাইতি—টি এম সি-র পঞ্চায়েতের মেম্বার এই নন্দ মাইতি। সে কোথায়, হাজির করুন তাকে। আমি বলব—অশোক মণ্ডল কে ? অ্যাম্বুলেন্সে করে অস্ত্র নিয়ে গিয়ে হাজির। আমি গতকালের রিপোর্ট বলছি, খবর নিয়েছি এই কথা বলব বলে। ৫৬টি বুথ দখল হয়েছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব, ভালো করে দেখা দরকার। সামনে লোকসভা নির্বাচন—যে এই জিনিস করছে তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। টেলিকম কেলেঙ্কারি—মন্ত্রী সুখরাম ১০ হাজার টাকা দিয়ে ইজরায়েল থেকে অস্ত্র কিনেছিল। আমরা দেখেছি, গোলি গোলি মে শোর হ্যায়, রাজীব গান্ধী চোর হ্যায়। গ্রামে গ্রামে শুনছি কেলেঙ্কারি আজ সারা ভারতবর্ষের বিভিন্ন জায়গায়। কিন্তু পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের গায়ে কোনো কেলেঙ্কারি নেই। আমি গর্বের সঙ্গে বলতে পারি—২০০১ সালের ঘটনার কথা—এবার নয় নেভার। কংগ্রেস, তৃণমূল কংগ্রেস এক হয়েছিল— তেহেলকা ডট কম থেকে পালানোর জন্য এক হয়েছিল। তারা জিতেছিল ? আমি বলছি ভাগাভাগি হয়েছিল ১৪ ফ্রম ওয়েস্ট বেঙ্গল, ৩ ফ্রম বিহার। ওদিকে আবার তৃতীয় শক্তি আসছে—পারবেন না। রাজ্যপালের ভাষণকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দুলাল বর : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের বিধানসভায় চলতি বাজেট অধিবেশন উপলক্ষে পশ্চিমবাংলার মাননীয় রাজ্যপাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধী মহোদয় প্রদত্ত ভাষণ বিতর্কে অংশগ্রহণ করার প্রাক্কালে আমাদের জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রের প্রথিতযশা তথা বিশিষ্ট ব্যক্তিবর্গের প্রয়াণে গভীর দুঃখের সঙ্গে তাঁদের স্মরণ করছি। মনে পড়ছে—শস্য শ্যামলা বাংলার মাটিতে অনাহারে অপুষ্টিজনিত কারণে মৃত্যুবরণকারী শত শত আমলাশোলের মা-ভাই-বোনেদের—চোখের সামনে ভেসে উঠছে নন্দীগ্রাম দখল করার জন্য সরকারি মদতে সি পি এম-এর অতি বিপ্লবী আক্রমণে নিহত ভরত মণ্ডল, সেখ সেলিম, বিশ্বজিৎ মাইতি, শ্যামলী মান্না, সেখ রেজাউল-সহ ১৬ জন—ধর্ষিতা মা-বোনেদের করুণ প্রতিচ্ছবি ভুলতে পারছি না। সিঙ্গুরে জমি রক্ষার জন্য লড়াইয়ে অগ্নিকন্যা তাপসী মালিকের কথা তথা নিহত রাজকুমার দে-র কথা ভুলতে পারছি না। তাদের প্রত্যেককে আমি বেদনাহত চিত্তে স্মরণ করে ভারাক্রান্ত হৃদয়ে মাথা নত করে শ্রদ্ধা জ্ঞাপন করি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, একটু আগে বামপন্থী বন্ধুরা এখানে রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদসূচক বক্তব্য রাখার সময় প্রকৃত তথ্যকে আড়াল করতে গিয়ে আষাঢ়ে গপ্প তৈরি করলেন। শুধু তাই নয়, মাননীয় মুখ্যমন্ত্রী বসে থাকাকালীন এখানে বামপন্থী বিধায়করা হুমকিও দিলেন।

[4.30 – 4.40 p.m.]

তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস বিধায়কদের তিনি সাবধান করলেন। প্রত্যক্ষভাবে তিনি কি এর মাধ্যমে ভীতি প্রদর্শন করতে চাইছেন ? ভুলে যাবেন না, ১৯৭৭ সাল পশ্চিমবাংলার বুকে আর ঘুরে আসবে না, এটা হচ্ছে ২০০৯ সাল। কোনো হুমকির কাছেই আমরা মাথা নত করব না। আমরা মমতা ব্যানার্জীর নেতৃত্বে লড়াই আন্দোলন করতে শিখেছি। আমরা বাংলার রুক্ষ মাটিতে দাঁড়িয়ে লড়াই করতে শিখেছি এবং এই লড়াই শেষ হবে ২০১১ সালে। কোনো হুমকিতেই এই লড়াই শেষ হবে না।

পশ্চিমবঙ্গের অনুন্নত শ্রেণিভুক্ত এস সি ২৩.৬ শতাংশ, এস টি ৫.৬ শতাংশ, তথা ও বি সি ৪১ শতাংশ অর্থাৎ সর্বমোট ৬৯.২ শতাংশ। অতি গুরুত্বপূর্ণ এই বাজেট অধিবেশনের সূচনা করতে এসে মাননীয় রাজ্যপাল মহোদয় এই ৬৯.২ শতাংশ মানুষের সম্পর্কে একটি শব্দও উচ্চারণ করেননি। পশ্চিমবঙ্গের দুর্বলতম শ্রেণির প্রায় ৫ কোটি ৫৫ লক্ষ মানুষের অনাহারে মৃত্যু, অপুষ্টিতে মৃত্যু, চিকিৎসাভাবে মৃত্যু, নজিরবিহীন ধর্ষণ, কারণ-অকারণে পুলিশি অত্যাচারে মৃত্যু, শিক্ষা ক্ষেত্রে অনগ্রসরতা, বেকারত্ব মোচন তথা সার্বিক বিষয়ে এই সরকারের বিগত এক বছরের সাফল্যের কোনো তথ্য রাজ্যপালের ভাষণের মধ্যে স্থান পায়নি। সরকারি ক্ষেত্রে এ রাজ্যে এস সি, এস টি-দের ২৮ শতাংশ সংরক্ষণ থাকা সত্ত্বেও শিক্ষা ও জীবিকার ক্ষেত্রে বর্তমান অবস্থান ৫ শতাংশেরও নীচে। রাজ্য সরকারের চাকরিতে এই মুহূর্তে, কম পক্ষে আড়াই লক্ষ এস সি, এস টি বেকার যুবক-যুবতীদের নিয়োগ করার ব্যাপারে কোনো কথা রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা

দেখতে পেলাম না। আজকে পশ্চিমবঙ্গে দলিত দলন চলছে। জঙ্গলমহলের বিদ্রোহ একদিনে হয়নি, তেত্রিশ বছর ধরে আদিবাসীদের বঞ্চনা করা হয়েছে। সেই তুষের আগুন ধিকি ধিকি করে জ্বলতে জ্বলতে অগ্ন্যুৎপাত হয়েছে। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী জঙ্গলমহলে যেতে পারছেন না। জঙ্গলমহলের সেই সব আদিবাসীদের কথা মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা দেখতে পেলাম না। আজকে দলিত দলন হচ্ছে, তাদের উপরে অত্যাচার হচ্ছে। অনেকেই জানেন না, ১৯৮৯ সালে "দি সিডিউল্ড কাস্টস অ্যান্ড সি সিডিউল্ড ট্রাইবস্" (প্রিভেনশান অফ অ্যাট্রোসিটিজ অ্যাক্ট) বা "পোয়া আইন" চালু করা হয়। বিগত ১৯ বছরে এ রাজ্যের অত্যাচারিত বা ধর্ষিতা একজন এস সি, এস টি মানুষও ন্যায়বিচার পাননি। মাননীয় মুখ্যমন্ত্রীই এ রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী, অথচ এই রাজ্যের পুলিশ প্রশাসন এবং জেলাশাসক ও তদূর্ধ্ব আধিকারিকবৃন্দের কাছে এস সি, এস টি নাগরিকদের সুস্পষ্ট অভিযোগ থাকা সত্ত্বেও পোয়া আইন আদৌ প্রয়োগ করা হয়নি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি ঘটনার কথা আমি উল্লেখ করছি, "এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়া এস সি, এস টি এমপ্লয়িজ ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন"-এর অল ইন্ডিয়া এমপ্লয়িজ ইউনিয়নের সম্পাদক সজলকুমার মল্লিক। এই সম্প্রদায়ের ১ কোটি ২৫ লক্ষ মানুষের সংগঠন করার কোনো অধিকার এই পশ্চিমবাংলায় নেই। অথচ তাদের আশীর্বাদেই আপনারা এখানে ৩৩ বছর ধরে রাজত্ব করছেন। সেই সজলকুমার মল্লিককে ১৮-৩-২০০৮ তারিখে কর্মরত অবস্থায় ওখানকার বর্তমান সাংসদ অমিতাভ নন্দী মহাশয় কিছু সমাজবিরোধীকে লেলিয়ে দেয়। তারা যথেচ্ছভাবে তাঁকে মারতে শুরু করে এবং বলে [* * *] ইত্যাদি অকথ্য ভাষায় গালিগালাজ করে।

(নয়েজ—এই ধরনের অশ্লীল কথা হাউসে বলা যায় না।)

স্যার, এটা আমার ভাষা নয়, এটা আপনাদের সাংসদের ভাষা। তিনি এই কথা বলেছেন এবং বলেছেন এয়ারপোর্টে জাত-পাতের কথা বললে গুলি করে মেরে দেব। এয়ারপোর্টে কোনো এস সি, এস টি অর্গানাইজেশন করতে দেওয়া হবে না, এটা বলেছেন। আর রাজ্যপাল তিনি বলেছেন, চরম বামপন্থী, নকশালপন্থী আক্রমণে, তাঁর ভাষণে তিনি কী বলছেন, না তিনি জনগণের সাহায্য কামনা করছেন। কিন্তু শুনুন কমরেড, সেই নকশালপন্থীদের আক্রমণে নিহতদের প্রতি রাজ্যপাল সমবেদনা জ্ঞাপন করছেন। কিন্তু আপনারা বলুন, পুলিশ যে বর্বরোচিতভাবে আক্রমণ করেছে আদিবাসীদের ওপর, সেই আদিবাসীদের প্রতি কিন্তু রাজ্যপালের কোনো সহানুভূতি নেই। তিনি সহানুভূতি জানানোর ভাষা হারিয়ে ফেলেছেন। রাজ্যপাল মহোদয় তিনি বলতে ভুলেই গেছেন, নন্দীগ্রাম এবং সিঙ্গুরের ধর্ষিতা মা-বোনের কথা। তিনি স্মরণ করতে ভুলে গেছেন গত ৫-১২-২০০৮ তারিখে মধ্য রাত্রে পশ্চিম মেদিনীপুরের ছোটপেলিয়া গ্রামের গোরাচাঁদ মুর্মুর ঘরের দরজা ভেঙে পুলিশ তাণ্ডব চালাল এবং গোরাচাঁদ মুর্মুর স্ত্রীর শ্লীলতাহানি করল। তাঁর চোখ নষ্ট হয়ে

* * * উপাধ্যক্ষর আদেশক্রমে বাতিল

যেতে বসেছে, মস্তিষ্কে সাংঘাতিক আঘাত লেগেছে। পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর জুড়ে বিগত কয়েক বছরে নকশাল দমনের নামে আদিবাসী এবং বিরোধীদের ওপর পশ্চিমবঙ্গের পুলিশ নারকীয় যে অত্যাচার চালিয়েছে, যার ফলে শত শত আদিবাসী তারা আজকে চরমভাবে অত্যাচারিত এবং তাদের ঘোর অন্ধকারে ফেলে দেওয়া হয়েছে। সে বিষয়ে রাজ্যপালের ভাষণে কিন্তু একটি কথাও উল্লেখ করা হয়নি। মাননীয় রাজ্যপাল তিনি ভুলে গেলেন, ছোটপেলিয়া গ্রামে পুলিশের সেই বর্বরোচিত আক্রমণের কথা। সেই কারণে বলব, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকারের আমলাগণ তাঁদেরকে বলব, একটু ক্ষুধার জ্বালা নিয়ে আদিবাসীদের সেই ক্ষুধার জ্বালা অনুভব করার জন্য যান লালগড়, যান আমলাশোল, যান জঙ্গলমহলে। কেন সেই জঙ্গলমহলের আদিবাসী, যারা ছিল শান্তিপ্রিয় তারা আজকে এরকম হয়েছে। আজকে সেখানে ভীষণ খাদ্যের অভাব এবং বেকারত্ব রয়েছে। এখানে দিনমজুর, খেতমজুর, কৃষক, শ্রমিক-সহ ক্ষুদ্র চাষীরা কর্মহীন। একশোদিনের কাজ, আজকে তাদের জন্য পশ্চিমবঙ্গ সরকার সেই কাজের কোনো ব্যবস্থা করতে পারেনি। দলে দলে লোক আজকে দেশের বিভিন্ন প্রান্তে চলে যাচ্ছেন। পুষ্টিকর খাদ্যের অভাবে এবং মদ্যপানজনিত বদ অভ্যাসের কারণে আজকে প্রাণঘাতী রোগে আদিবাসীরা আক্রান্ত। রাজ্যের রাজপালের সেদিকে দৃষ্টি নেই। সমীক্ষা করে দেখা গেছে, আদিবাসী মা-বোনেরা ৬৫ থেকে ৭০ শতাংশ অপুষ্টিজনিত কারণে লিউকোরিয়ায় আক্রান্ত। আদিবাসীরা আজকে কুষ্ঠ, ক্যান্সার রোগে আক্রান্ত। শিশুদের অবস্থা আরও শোচনীয়। ক্ষুধা, তৃষ্ণা, ঝড়-ঝঞ্ঝা, রোগ-ব্যাধির সঙ্গে নিরন্তর লড়াই করে আজকে আদিবাদীরা ক্লান্ত, দিশেহারা, হতাশাগ্রস্ত। স্বাধীনতার ৬০ বছর পরেও অন্ন, বস্ত্র, বাসস্থানের ন্যূনতম ব্যবস্থা আদিবাসীদের জন্য হয়নি। তাদের জন্য অন্ন, বস্ত্র, বাসস্থানের ব্যবস্থা হয়নি, প্রতিদিন তাদের পেট ভরে খাওয়া জোটে না। ক্ষুধার জ্বালা নিয়ে তারা রাত্রে শুতে যায়, আবার ক্ষুধার জ্বালা নিয়েই তারা সকালে ঘুম থেকে ওঠে। তাদের কাছে ন্যায়-অন্যায়, ভালো-মন্দ, শিক্ষা-সাহিত্য-সংস্কৃতি এগুলো চিন্তা করাটা মূর্খামি ছাড়া কিছু নয়। ওদের জন্য আমাদের ভাবতে হবে, না হলে হাজার চেষ্টা করেও পশ্চিমবঙ্গের জঙ্গলমহলকে শান্ত করা যাবে না।

[4.40 – 4.50 p.m.]

নইলে হাজার চেষ্টা করেও পশ্চিমবঙ্গে কোনো মতেই গণতন্ত্রবাবুকে, বুদ্ধদেববাবুকে বাঁচানো যাবে না। মিষ্টি জলের উৎস, তাপমাত্রা, উর্বর মাটি তথা সবুজের স্পন্দন সৃষ্টির সার্বিক অনুকূল প্রাকৃতিক পরিবেশের বিচারে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে সর্বশ্রেষ্ঠ। অফুরন্ত কৃষিজ, বনজ, জলজ তথা খনিজ সম্পদে ভরপুর এই রাজ্যের মাত্র ২১ শতাংশ অভ্যন্তরীণ উৎপাদন কৃষিলব্ধ। অথচ এখানে কৃষিভিত্তিক কোনো শিল্প গড়ে তোলার প্রস্তাব রাজ্যপালের ভাষণে নেই।

মিঃ ডেপুটি স্পীকার : মিঃ দুলাল বর, পুরোপুরি রিডিং পড়ে দেওয়া কনভেনশন নয়।

শ্রী দুলাল বর : আজকে পশ্চিমবাংলার শিল্প তালিকায় স্থান পেয়েছে মোটর গাড়ি কারখানা, কেমিক্যাল হাব, ইস্পাত শিল্প, ফ্ল্যাটবাড়ি নির্মাণ শিল্প, শপিং মল, হোটেল ব্যবসা, যৌন ব্যবসা, মদ তৈরি এবং বিক্রির ব্যবসা। সেই জন্য তৈরি হয়েছে শত শত আমলাশোল এবং তার ফলে অনাহারে, অর্ধাহারে এবং অপুষ্টিতে ভুগতে হচ্ছে গরিব মানুষকে। রাজ্যে কৃষিভিত্তিক শিল্প করার কোনো প্রচেষ্টা রাজ্য সরকারের নেই। এই রাজ্যে শতকরা ৬০ ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল, অথচ সরকার কোনো ব্যবস্থা করছে না। আজকে শিল্পায়নের নাম করে, বুদ্ধদেববাবু শিল্পায়নের গল্প ফেঁদে সোনার বাংলাকে টাটাদের হাতে বিক্রি করে দেবার চেষ্টা করছে। এইভাবে ৩৩ বছরে রেকর্ড সৃষ্টি করেছেন এই গরিব-দরদী বামফ্রন্ট সরকার। এই ব্যাপারে একটা কথাও রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। এই রাজ্যে ৫৮ শতাংশ মানুষ অনুন্নত কৃষির উপরে নির্ভরশীল, সেই কারণে রাজ্যের গড় উৎপাদন আয় এবং মানুষের ক্রয় ক্ষমতা ভালো হতে পারে না। স্প্রিংক্লার ও হাইড্রাম জাতীয় উন্নত প্রযুক্তি-নির্ভর সেচ ব্যবস্থা চালু করে দেশের মহারাষ্ট্র-সহ বিভিন্ন রাজ্য সরকার যখন বহু আগে থেকেই কৃষিতে সাফল্য এনে দিতে পেরেছে, সেখানে পশ্চিমবাংলা উন্নতি করতে পারেনি। আজকে খুব দুর্ভাগ্যের বিষয় হল, আমাদের এখানে কৃষি কমিটির আমি একজন সদস্য, আজ পর্যন্ত একটা সুস্পষ্ট কৃষি-রীতি এই সরকার সাবমিট করতে পারেনি। বলুন, এই রাজ্যে কৃষিজমির বংশানুক্রমিক ক্ষুদ্র ক্ষুদ্র ভূমিখণ্ডে পরিণত হওয়াকে আটকাতে পেরেছেন ? বলুন, ৩০ বছরের বামফ্রন্ট সরকারের আমলে এই ব্যাপারে কোনো বিকল্প ব্যবস্থা করতে পেরেছেন ? বলুন, সিংহভাগ জমিতে বারো মাস সেচের জল দেবার ব্যবস্থা করতে পেরেছেন ? বলুন, উন্নত বৈজ্ঞানিক প্রথায় চাষবাসের ব্যবস্থা করতে পেরেছেন ? উন্নত সার বীজ পশ্চিমবাংলার কৃষককে পৌঁছে দিতে পেরেছেন ? রাজ্যপালের ভাষণে এই সমস্ত প্রশ্নের উত্তর নেই। চাষীদের জমির মাটি পরীক্ষা করা একটা অত্যন্ত প্রয়োজনীয় জিনিস। কৃষকরা জানে, মাটি পরীক্ষা করে সুষম সার জমিতে না দিলে ভালো ফসল হয় না। বলুন, কৃষকদের জন্য প্রতিটি ব্লকে মাটি পরীক্ষা কেন্দ্র তৈরি করে দিতে পেরেছেন এই সরকার ? বলুন, চাষীদের সুদখোর মহাজনদের খপ্পর থেকে রক্ষা করতে পেরেছেন ? পশ্চিমবাংলায় যে ন্যাশনালাইজ্‌ড ব্যাঙ্ক আছে সেখান থেকে কোনো লোন পাওয়া যাচ্ছে না। বলুন, তার জন্য এই বামফ্রন্ট সরকার কী ব্যবস্থা নিয়েছেন ? কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। যার জন্য চাষীদের মহাজনদের খপ্পর থেকে রক্ষা করা যায়নি। বলুন, কৃষকদের উৎপাদিত ফসলের প্রকৃত বিপণনের ব্যবস্থা করতে পেরেছেন ? যার জন্য কৃষকরা উৎপাদিত ফসলের ন্যায্য দাম পায় না। চাষীরা ফসলের ন্যায্য দাম পাওয়ার ব্যাপারে রাজ্যপালের ভাষণের মধ্যে কোনো কথা উল্লেখ নেই। সমবায় নিয়ে আপনারা গালভরা বক্তব্য রাখেন। সমবায় সমবায় করে নানা কথা বলেন। আজকে এই মুহূর্তে পশ্চিমবাংলায় ২৩ হাজার সমবায় সমিতির কী অবস্থা ? আজকে সমবায় সমিতিগুলো এবং তার ব্যাঙ্কগুলো ধুঁকছে। আজকে লোন দিতে পারছেন না। সেন্ট্রাল গভর্নমেন্ট কৃষিঋণ মকুব করেছে। সেই কৃষিঋণ মকুবের সুযোগ বামফ্রন্ট সরকার দিতে পারেননি—এই কথাটা পৃথিবীর সবচেয়ে মূর্খও জানেন। পশ্চিমবাংলার জলজ-বনজ-কৃষিজ সম্পদ, বায়ু, তাপমাত্রা, বৃষ্টিপাতজনিত অফুরন্ত মিষ্টিজল সম্ভার সমগ্র

বিশ্বের বিস্ময়। যখন বৃষ্টি হয়, সেই বৃষ্টির জলকে সঠিকভাবে ধরে রেখে কৃষিক্ষেত্রে ব্যবহার করা এবং এর মাধ্যমে কৃষির কাজে খেতমজুর, ক্ষুদ্র চাষীদের সাহায্য করার কোনো ব্যবস্থাই পশ্চিমবঙ্গ সরকার করতে পারেননি। বৃষ্টির জলের সন্তুলিত বৈজ্ঞানিক জলাধার তৈরি করে বৃষ্টির জলকে ধরে রেখে শুখা মরশুমে সেচের কাজে সেই জল ব্যবহার করার কোনো ব্যবস্থা আপনারা করতে পেরেছেন ? বন্যা এবং খরা পশ্চিমবঙ্গের দুই কন্যা। হয় বন্যা, না হয় খরা। শুধু গালভরা কথা বললে হবে না। আপনারা কি বন্যা নিয়ন্ত্রণের বিষয়ে কোনো ব্যবস্থা করেছেন ? আপনারা কোনো দিশাই দেখাতে পারছেন না। রাজ্যপালের ভাষণে বন্যা নিয়ন্ত্রণের বিষয়ে কোনো উল্লেখ নেই। এখন রাজ্যে বিলি-বণ্টনযোগ্য খাসজমি কত আছে ? প্রকৃতপক্ষে সেই খাসজমি ভূমিহীন কৃষকদের হাতে তুলে দিতে পেরেছেন কি ? আপনারা পারেননি। আপনারা স্বনামে, বেনামে কিছু কমরেড আত্মীয়-স্বজনদের নামে সেই জমিগুলো আটকে রেখেছেন। আপনারা কৃষকদের সাথে বেইমানি করেছেন। বলা হয়েছিল, ৪ একর পর্যন্ত জমির খাজনা মকুব করা হবে। কিন্তু সেই খাজনা মকুব করা হয়নি। এখানে নাটক হচ্ছে ? ৪ একর পর্যন্ত জমির খাজনা মকুব করার বিষয় রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই। ৪ একর পর্যন্ত জমির খাজনা মকুব করার সুফল আপনারা কেন কৃষকদের কাছে পৌঁছে দিতে পারেননি ? কৃষিজমির খাজনা অস্বাভাবিক হারে বৃদ্ধি করে, গরিব চাষীদের অস্তিত্ব বিপন্ন করা হয়েছে। কৃষকদের কাছ থেকে জমির খাজনা আদায় করার জন্য পুলিশ পাঠানো হচ্ছে। এই পশ্চিমবঙ্গের বুকে শিল্পপতিরা—টাটা, বিড়লা, গোয়েঙ্কার মালিকেরা কারখানার জন্য কোটি কোটি টাকা ব্যাংক থেকে নিয়েছেন এবং মেরেও দিয়েছেন। কিন্তু তা আদায়ের কোনো ব্যবস্থাই আপনারা করতে পারেননি। আপনারা নিজেদের জনদরদী বলে দাবি করেন। আমি নিজে কৃষি স্ট্যান্ডিং কমিটির মেম্বার। কিন্তু ন্যায্য মূল্যে কৃষকদের কাছে সার পৌঁছে দেওয়ার কোনো ব্যবস্থাই আপনারা করতে পারেননি। এটা আমাদের দুর্ভাগ্য। পাশাপাশি রাজ্য মহারাষ্ট্রই বলুন, কর্ণাটকই বলুন, আর অন্ধ্রই বলুন, তারা একবারে বিনা পয়সায় কৃষকদের কাছে বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছেন। পশ্চিমবঙ্গের একজন কৃষককেও এই সুযোগ দিতে পেরেছেন ? পারেননি। একবার নিজেদের বুকে হাত দিয়ে বলুন তো, কৃষিক্ষেত্রে আপনারা তাদের জন্য কী সুযোগ দিয়েছেন ? আপনারা দিতে পারেননি এবং পারবেনও না। আপনারা দাবি করেন, আমরা নাকি খাদ্যে স্বয়ংসম্পূর্ণ। কৃষিক্ষেত্রে সেচের জল তোলার জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ আপনারা পৌঁছে দিতে পারেননি। আপনারা জানেন এখন বোরো চাষ হচ্ছে। কিন্তু শহুরে অনেক বাবুই জানেন না, সেই বোরো চাষ করতে গিয়ে জলের অভাবে সেটা খড় হয়ে যাচ্ছে। যেখানে এখনও রাজ্যে কৃষকদের কাছে বিদ্যুৎ পৌঁছে দিতে পারেননি, তাহলে কীভাবে বলেন যে, এই রাজ্যের কৃষিতে একটি বিশেষ স্থান আছে। এই রাজ্য কীভাবে কৃষিতে প্রথম স্থান অধিকার করে ? প্রতিটি মৌজায় আপনারা বিদ্যুৎ পৌঁছে দিতে পেরেছেন ? আমি এই বিষয়ে ছোট্ট একটা উদাহরণ দিচ্ছি। বিদ্যুৎ, ডিজেল, পেট্রোলের দাম অনেক বেড়ে গেছে। খেতমজুরদের কাছে আপনারা বিদ্যুৎ পৌঁছে দিতে পারেননি, কেন পারেননি ? ছোট ছোট কৃষকদের বাড়িতে আপনারা বিদ্যুৎ পৌঁছনোর কোনো ব্যবস্থাই

করতে পারেননি। আজকে সকালে বিদ্যুৎমন্ত্রী মাননীয় মৃণাল ব্যানার্জী কোন আমলে ঘি মেখে ভাত খেয়েছেন, তিনি সেই আমলের গল্প শোনালেন। এখনও পর্যন্ত তিনি কৃষিক্ষেত্রে বিদ্যুতের ব্যবস্থা করতে পারেননি। আপনারা লেনিন, স্তালিন, বুলগানিন, মাও-সে-তুং-দের বাণী, ভাষণ এবং গোয়েব্‌লসীয় প্রচার করে, বিশেষ করে শুধুমাত্র সংখ্যাতত্ত্বের মিথ্যাচারিতা প্রচার করে পশ্চিমবঙ্গের মানুষ তথা ভারতবর্ষের মানুষকে বোকা বানিয়ে রাখার চেষ্টা চালাচ্ছেন। কিন্তু এই সব প্রচার করে আপনারা শত চেষ্টা করেও এই মানুষদের আর বোকা বানিয়ে রাখতে পারবেন না। এখন মানুষ জাগছে। বলতে লজ্জা হয়, নন্দীগ্রামের একজন বিধায়ক মাত্র ১০ হাজার টাকার লোভ সামলাতে পারলেন না। ঘুষ কাণ্ডে তিনি জড়িয়ে পড়লেন এবং তিনি তাঁর সদস্যপদ হারালেন। আপনাদের লজ্জা করে না ? কথায় আছে না ঠাকুর যা করেন ভালোর জন্যই করেন। নন্দীগ্রামের মানুষ তাকে চিনতে পেরেছে। বাংলার মানুষ বুঝতে পেরেছে। তাই তো নন্দীগ্রামের মানুষ বিপুল ভোটে আমাদের জয়ী করেছেন। আমরা ৪০ হাজার ভোটে এই ঘুষখোরের জায়গা থেকে জিতে এসেছি।

[4.50 – 5.00 p.m.]

বিষ্ণুপুরের মানুষ আমাদের প্রার্থী মদন মিত্রকে ৩০ হাজার ভোটে জিতিয়ে দিয়েছে। এর পরেও আপনারা মিথ্যার বেসাতি করছেন। আপনাদের সরকারের প্রগতি অনেক কম, প্রচারের ঢক্কানিনাদই শুধু বেশি। তাই মহামান্য রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

POINT OF ORDER

শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটা পয়েন্ট অফ অর্ডার রাখছি। আপনি একজন সুসভ্য, সম্মানিত মানুষ এবং একটি গুরুত্বপূর্ণ চেয়ারে বসে আছেন। আমরা যাঁরা নিজেদের সুসভ্য নাগরিক হিসাবে দাবি করি এবং এই সভায় যে বক্তব্য রাখি তা আগামীদিনে দলিল হিসাবে, রেফারেন্স হিসাবে ব্যবহৃত হয়। তাই আমাদের বক্তব্যের মধ্যে এমন কোনো অভব্য, অশালীন, রুচিহীন বক্তব্য থাকা উচিত নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমার অনুরোধ, আপনি এই বক্তব্য রিকল করুন, শুনুন এবং এর মধ্যে অসাংবিধানিক, রুচিহীন থাকলে এক্সপাঞ্জ করুন ভবিষ্যৎ দলিলের স্বার্থে এবং সভার মর্যাদার স্বার্থে।

শ্রী অশোককুমার দেব : স্যার, মাননীয় রবীনবাবু যে কথা বলেছেন তার পরিপ্রেক্ষিতে আপনার অনুমতি নিয়ে বলছি। মাননীয় সদস্য দুলাল বর এখানে একজন মাননীয় মেম্বার অফ দি পার্লামেন্টের উক্তি তুলে ধরেছেন, ওনার নিজের বক্তব্য নয়। তবে কী রাখবেন আর রাখবেন না সেটা আপনাদের ব্যাপার। ওনাদের দলের একজন এম পি এটা বলেছেন। সেটাই উনি তুলে ধরেছেন।

মিঃ ডেপুটি স্পীকার : হাউসের সকল মেম্বারই সম্মানিত। আমি এর আগেও মাননীয় সদস্য মেহবুব মণ্ডলের বক্তব্য থেকে কিছু এক্সপাঞ্জ করেছি। আবার একই কথা বলছি যে, যেগুলো রুলসে পারমিট করে না সেগুলো এক্সপাঞ্জ হবে।

Adjournment

The House was then adjourned at 4.52 p.m. till 11.00 a.m. on the Thursday, the 19th March, 2009 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 19th March, 2009 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI HASIM ABDUL HALIM) in the Chair, 20 Ministers, 09 Ministers of State and 190 Members.

[11.00 – 11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

*Question No. 46 : Held over.

নতুন থানা স্থাপন

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১) **শ্রী জানে আলম মিঞা** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে অপশক্তির মোকাবিলা ও শান্তি স্থাপনের উদ্দেশ্যে ২০০৮-২০০৯ আর্থিক বর্ষে (৩১শে জানুয়ারি, ২০০৯ পর্যন্ত) বেশ কিছু নতুন থানা স্থাপন করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে,

(১) ৩১.০১.২০০৯ পর্যন্ত ওইরূপ কতগুলি থানা স্থাপিত হয়েছে ; ও

(২) কোথায় কোথায় (জেলাভিত্তিক তথ্য) ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :

(ক) হ্যাঁ।

(খ) (১) ১টি।

(২) দার্জিলিং জেলায় বাগডোগরা থানা।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, প্রতিদিন অপশক্তি এবং প্রতিক্রিয়াশীল শক্তি সারা রাজ্যে তাদের শক্তি বাড়াচ্ছে, খুন-খারাপ বাড়ছে। আলিপুরদুয়ারে আমরা দেখলাম ভয়ংকরভাবে সাইকেল বোমায় ৪ জন মারা গেছে এবং ১২ জন মৃত্যুর সাথে লড়াই করছে। এই রকম অবস্থায় সারা পশ্চিমবঙ্গ জুড়ে অপশক্তি লাগিয়ে রেখেছে। এর কারণে কত সংখ্যক থানা আগামী দিনে করা হবে এবং কোথায় করা সেটা অনুগ্রহ করে জানাবেন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় সদস্য যে নির্দিষ্ট সময়ের জন্য প্রশ্ন করেছিলেন সেটা জানিয়ে দিয়েছি। আমি বললাম ১টি থানা হয়েছে দার্জিলিং জেলার বাগডোগরায়। আপনার অবগতির জন্য জানাচ্ছি গত পাঁচ বছরে এই রাজ্যে ১৯টি থানা স্থাপন করা হয়েছে, ২০০৪ থেকে ২০০৮ সাল পর্যন্ত ১৯টি থানা। তার মধ্যে ৬টি কোস্টাল পুলিশ স্টেশন, কলকাতাতে ৩টি নতুন থানা হয়েছে, এই গত ৫ বছরে হয়েছে। আর যেটা প্রস্তাবিত বললেন তার কটা করা হবে, এর বিশাল তালিকা। আপনি আসলে দিয়ে দিতে পারি। সব জেলার থেকেই হবে। এখানে প্রতিটি জেলা যেমন নর্থ ২৪-পরগনায় আমাদের নতুন থানা করার কথা আছে। ইলেকট্রনিক্স কমপ্লেক্সে একটা, তারপরে পেট্রো পোলে, তারপরে মধ্যমগ্রামে আরেকটা। এইভাবে হবে সব মিলিয়ে। এর বিশাল তালিকা, সব কটি জেলাতেই ২, ৩টি করে করা হবে। সর্বমোট ১০০টি থানা হবে। কিন্তু এক বছরের মধ্যে কনস্ট্রাকশন হবে কিনা। কিন্তু অ্যাভারেজ আমরা চেষ্টা করছি ২, ৩টে করে নতুন থানা তৈরি করার।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রীর কাছে আমার দ্বিতীয় প্রশ্ন যে, থানাগুলো স্থাপন হয় প্রয়োজনকে সামনে রেখে যেমন লোকসংখ্যা, নতুন বসতি এইসব দেখে করা হয়। কিন্তু অপশক্তি মোকাবিলার জন্য যে থানা করতে হচ্ছে এবং তার জন্য যে খুব ভালো পরিমাণের টাকাও খরচ হচ্ছে এবং ওই টাকা দিয়ে আরো বেশি উন্নয়ন করা যেতে পারে, আরো যাতে গরিব মানুষ সহায়তা পেতে পারে, যদি ওই টাকা এই কাজে ব্যয় না হত। সেখানে এই অপশক্তির বিরুদ্ধে যে মোকাবিলা করা হবে সেটা কিভাবে করা হচ্ছে একটু অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এটা একটা বড় মাপের প্রশ্ন করলেন। রাজ্যের বিভিন্ন অঞ্চলকে চিহ্নিত করা—যেমন ধরুন এই মুহূর্তে পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়া অর্থাৎ ঝাড়খণ্ডের সীমান্তবর্তী অঞ্চল, এই অঞ্চলের থানাগুলোকে আরো স্ট্রেনদেন করা হচ্ছে। জলপাইগুড়ি, কোচবিহারে কিছু যে ঘটনার কথা আপনি উল্লেখ করলেন, সেখানে গতকালই আলিপুরদুয়ারে যে ঘটনা ঘটেছে। ওখানে আলফা এবং কে এল ও গোষ্ঠী যে ধরনের কাজ করতে চাইছে, তার জন্য এই এলাকাগুলোকে চিহ্নিত করা হয়েছে এবং তার তালিকাও আগে করা আছে। সেখানে কত পুলিশ থাকবে, কত ফায়ার আর্মস ইত্যাদি থাকবে আমরা তার পরিকল্পনা করেছি, সেই বিষয়ে কোনো সন্দেহ নেই। এই মুহূর্তে বলতে পারি সমস্ত ফুলপ্রুফ ঠিক যা হওয়া উচিত, তা নেই। কিন্তু যতটা হওয়া সম্ভব সেটা আমরা এলাকাগুলোকে করেছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় মন্ত্রীর কাছে আমার তৃতীয় প্রশ্ন যে, আন্তঃরাজ্য সীমান্ত এলাকায় থানাগুলো স্থাপনের কথা যেটা বললেন বিশেষ করে কোস্টাল এরিয়ায়, এর মধ্যে ৬টি থানা স্থাপিত হয়েছে প্রয়োজন ভিত্তিতে। সীমান্তবর্তী এলাকায় বাংলাদেশ সীমান্ত এবং ভুটান সীমান্ত এলাকায় আরো থানা করার প্রয়োজন আছে। এইসব সীমান্ত এলাকায় আরো কত থানা হবে এবং মুর্শিদাবাদ সীমান্ত এলাকায় যে সংখ্যা সেখানে কত হবে অনুগ্রহ করে জানাবেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আপনার তৃতীয় প্রশ্নের উত্তরে জানাই যে, আপনি ঠিকই বলেছেন সন্ত্রাসবাদ এলাকা—সে মাওবাদী এলাকা হোক বা কে এল ও এলাকা হোক, এই

এলাকা ছাড়াও আমরা সীমান্তবর্তী এলাকার থানাগুলোর উপরে জোর দিচ্ছি। আপনি মুর্শিদাবাদের বিষয়ে প্রশ্ন করেছেন। মুর্শিদাবাদে আমাদের একটা নতুন সেট আপ, নতুন পুলিশ স্টেশন আহিড়নে হবে, আপনি সেটা জানেন। আহিড়নে একটা পুলিশ স্টেশন করা হচ্ছে। আরেকটা পুলিশ স্টেশন জলঙ্গিকে বাই ফার্কেট করে সাগরপাড়ায় করা হচ্ছে। ওখানে আরেকটা থানা হচ্ছে। মুর্শিদাবাদের জঙ্গিপুরকেও ভাগ করে জঙ্গিপুরের রঘুনাথগঞ্জে আরেকটি থানা হচ্ছে। আর রাঙামাটির চান্দাপাড়ায় আরেকটি থানা হচ্ছে বহরমপুর পুলিশ স্টেশন বড় হয়ে গেছে, সেই জন্য ওখানে আরেকটা থানা করার চেষ্টা হচ্ছে। বহরমপুর পুলিশ স্টেশন বড় এলাকা নিয়ে হয়ে গেছে। সেই জন্য সেখানে আরেকটি থানা করার চেষ্টা হচ্ছে। আর রানিনগরের শক্তিপুরে পুলিশ স্টেশন করার চেষ্টা হচ্ছে। এই কটাই মুর্শিদাবাদের থানা করা নিয়ে প্রস্তাব। তার মধ্যে ৫, ৬টি হবে। আগে আছে আহিড়ন, আপনার এলাকার মধ্যে। এগুলো ১, ২ করে আস্তে আস্তে হবে।

[11.10 – 11.20 a.m.]

শ্রী অশোক কুমার দেব : মাননীয় স্পীকার স্যার, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমি জানতে চাইছি, আপনি হাউসে বলেছিলেন যে মহেশতলা থানার একটি অংশকে ভেঙে সরশুনা থানার মধ্যে ইনক্লুড করে একটি থানা তৈরি হবে। থানার জন্য বাড়ি তৈরি হয়েছে, থানার নামও লেখা হয়েছে। কিন্তু বিগত দু বছর ধরে আজ পর্যন্ত ওটা চালু হয়নি। তার কারণ কি ? আপনি বলেছিলেন থানা তৈরি হবে। সব পুলিশও নিয়োগ হয়েছে। এ ব্যাপারে যদি জানান ভালো হয়।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : দক্ষিণ ২৪-পরগনার মধ্যে পাঁচটির প্রস্তাব আছে। আপ গ্রেডেশন অফ পূজালি—বজবজ ভেঙে এর প্রস্তাব আছে। কিন্তু প্রস্তাব থাকলেও আমাদের আর্থিক অবস্থা, থানা নির্মাণ করতে যা সময় লাগে, তাতে আপনার জায়গার ক্ষেত্রে আর একটু সময় লাগবে। আমাকে অন্য জেলায় বেশি জোর দিতে হচ্ছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—মালদা জেলায় হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্গত ভালুকা ফাঁড়ি আছে। সেই ফাঁড়ির কর্মচারীরা দুষ্কৃতীদের অত্যাচার আটকাতে পারছেন না। আটকানো তাদের পক্ষে সম্ভব হচ্ছে না। সেখানে নতুন থানা করার জন্য অনেকবার বলেছি। সেটা করার পরিকল্পকনা আছে কিনা জানালে ভালো হয়।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এইগুলির জন্য আগে নোটিশ দিতে হয়। মালদা জেলাতে আমাদের নতুন পুলিশ স্টেশনের জন্য এক নং-এ নাম আছে পুকুরিয়া-রতুয়াকে ভাগ করে। দ্বিতীয় বাসুলদুয়ারি-হরিশ্চন্দ্রপুর পুলিশ স্টেশনকে ভেঙে। তারপরে ইংলিশবাজারকে ভেঙে আর একটি করার প্রস্তাব আছে। এই তিনটি আপাতত আছে। এই তিনটি নিয়ে এগোচ্ছি।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—মুম্বাই হামলার পরে কেন্দ্রীয় সরকার আপনাদের সকলকে নিয়ে

মিটিং করেছিল। সারা ভারতবর্ষে যত বর্ডার এলাকা আছে, স্থলপথ ও জলপথ, সেই সব এলাকা মডার্নাইজড করার জন্য বিপুল অর্থ প্রত্যেকটি রাজ্যকে দেওয়া হয়েছে। পুলিশকে মডার্নাইজড করার জন্য, এন এস জি হাব করার জন্য।

সীমান্তবর্তী এলাকায় যেমন জলপথ ও স্থলপথের জন্য পশ্চিমবঙ্গ সরকার কি এই ধরনের উদ্যোগ নিয়েছেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : প্রাথমিক আলোচনাগুলি কেন্দ্রীয় সরকারের সঙ্গে হয়েছে। কি কি করা দরকার, আমাদের নানা দিক আছে। তার মধ্যে আমি যাচ্ছি না। আপনি বললেন সীমান্তবর্তী এলাকা—আমি আগেই বলেছি ৬টি উপকূলবর্তী এলাকা চিহ্নিত করা হয়েছে। এটা হচ্ছে কি কোস্ট—রিভারসাইড বর্ডার, নদী সীমান্ত আছে, সেখানে নয়। উপকূলবর্তী সীমান্ত যেখানে আছে, সেখানে। দীঘা, তালপট্টি, হলদিবাড়ি, মূলত সাগর ঘেঁষা যে এলাকাগুলি আছে, সেখানে। তার পরবর্তীতে অন্য দিকে আস্তে আস্তে যাব।

শ্রী রবীন মণ্ডল : এই প্রশ্নটি হল, আপনারা সকলেই লক্ষ্য করবেন। প্রশ্নটি এই রকম ছিল রাজ্যে অপশক্তি মোকাবিলায় কি শান্তি স্থাপনের উদ্দেশ্যে ? আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই, রাজ্যের প্রতিটি দিনের দিনলিপি—এটা লক্ষ্য করবেন সন্ত্রাসের পথে নৈরাজ্যের শক্তি। বহরমপুরে পাঁচ মাসের মধ্যে খুন তিন নেতা। ডুয়ার্সের বাজারে বিস্ফোরণে জখম ৬০। কয়েক ঘন্টার ব্যবধানে পাঁচ পার্টি কর্মী খুন। বহরমপুরে কংগ্রেসের আক্রমণে নিহত পার্টি নেতা। মাওবাদীদের গুলিতে ভুলাভেদায় মৃত দুই। রায়নার প্রতিবাদের মিছিলে তৃণমূলী হামলায় হত এক। আলিপুরদুয়ারে উগ্রপন্থীদের বোমা বিস্ফোরণে মৃত দুই। 'কুপিয়ে খুন খেতমজুর', 'রাতের খবর টিটাগড়ে খুন যুবকর্মী।' আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই এইরকমভাবে এই ধরনের নৈরাজ্য শক্তি, অপশক্তি, গুণ্ডামি শক্তি, খুনের শক্তি, মাওবাদী শক্তি, বিশৃংখলার শক্তি সারা রাজ্যকে প্রতিদিন একটা খুনের জায়গাতে নিয়ে যাচ্ছে। আপনার পুলিশ প্রশাসন সি.পি.আই.এম. কর্মী, বামফ্রন্টের কর্মীদের রক্ষা করার ক্ষেত্রে কি প্রতিশ্রুতি আপনি দিচ্ছেন—এটা আমি আপনার কাছে জানতে চাই। এটা বন্ধ হবে, কি হবে না ? এই জিনিস নিয়ে যাচ্ছে আগামী নির্বাচনের দিকে। এই পরিস্থিতি পশ্চিমবঙ্গে পালটাবে কি পালটাবে না—আজকে সারা রাজ্যের মানুষ এই অপশক্তির বিরুদ্ধে। রাজ্যের মানুষ শান্তি-শৃঙ্খলার মধ্যে থাকতে চায়। তাই আমি আপনার কাছে নির্দিষ্টভাবে জানতে চাই পার্টি-কর্মীদের রক্ষা করার দায়িত্ব পুলিশ প্রশাসন নেবে, কি নেবে না ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় সদস্য আপনার উদ্বেগ আমি বুঝতে পারছি। আমি শুধু বলতে পারি যে কটি ঘটনার কথা আপনি উল্লেখ করলেন—কালকে সারাদিন ধরে যা হয়েছে, তার মধ্যে রায়না এবং বহরমপুরে সমস্ত অপরাধীকে কাল রাতেই গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত আমরা টিটাগড়ে যে মারা গিয়েছে সেখানে এখনও কিছু করতে পারিনি, আর বেলপাহাড়ীতে সময় লাগছে। বেলপাহাড়ীর অবস্থা তো আপনারা জানেন যে সেখানে কি অবস্থা। বেলপাহাড়ীতে খুন করে তারা সীমান্ত পেরিয়ে ঝাড়খণ্ডে চলে যায়।

তবে শুধু এটুকু বলতে পারি—অপরাধ হলে, খুন হলে, সে যেই করুক, তার বিরুদ্ধে প্রয়োজনীয় পুলিশী ব্যবস্থা নেওয়া হবে।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী, তথা মুখ্যমন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করছি—মাননীয় সদস্য শ্রী জানে আলম মিঞার প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী জানালেন যে, তিনি বাগডোগরায় শান্তি স্থাপনের জন্য একটা নতুন থানা স্থাপন করেছেন এবং আরও কিছু থানা স্থাপনের তার পরিকল্পনা আছে। বাগডোগরা এমন একটা অঞ্চল সেটা মুখ্যমন্ত্রীর অজানা নয়, আমাদের কারোরই অজানা নয়। সেখানে কখনও কখনও গোর্খাল্যাণ্ড যে আন্দোলন বা এই যে ওদের নতুন করে যে গ্রুপ তৈরি হয়েছে তাদের 'জনমুক্তি মোর্চা'—তাদের যে আন্দোলন, সেটা কখনও কখনও সমতলে এসেও প্রভাবিত করে। সেই আন্দোলনকারীদের মধ্যে দেখা যায় বেশ কিছু সংখ্যক মহিলা থাকে। আপনি থানা স্থাপন করেছেন নিঃসন্দেহে ভালো কথা। কিন্তু ওই মহিলা আন্দোলনকারীদের নিরস্ত্র করার জন্য আপনি কতজন মহিলা কনস্টেবল ওই নতুন থানায় নিয়োগ করেছেন, তা দয়া করে জানাবেন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : বাগডোগরা থানা সবে শুরু হচ্ছে। সাধারণভাবে বলতে পারি দু-তিনজন কনস্টেবল থাকবে কিন্তু আপনি যে সমস্যার কথা বলেছেন, সেই সমস্যা যখন হয়, তখন আমাদের অন্য জায়গা থেকে মহিলা কনস্টেবল মোবিলাইজ করা হয়। শুধু বাগডোগরা থানায় বেশি মহিলা কনস্টেবল দেওয়া—এটা বোধহয় সম্ভব হবে না। কিন্তু যে বিষয়টি আপনি বললেন, এটা ঠিকই যে, পাহাড়ে যাঁরা আন্দোলন করছেন, তাঁরা মহিলা ও বাচ্চাদেরকে সামনে এগিয়ে দিচ্ছেন, একটা সমস্যার সৃষ্টি করছেন। সেখানে কি করে তাদেরকে সামলানো যায়—এই ক'মাসে আমাদের যে অভিজ্ঞতা হয়েছে, সেখানে অন্য জায়গা থেকে মহিলা কনস্টেবল এনে দিতে হচ্ছে।

আগ্নেয়াস্ত্র উদ্ধার

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩) **শ্রী কল্লোল খাঁ** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য পুলিশ প্রশাসন ১.৪.২০০৮ থেকে ৩১.১.২০০৯ তারিখ পর্যন্ত রাজ্যের বিভিন্ন বেআইনি মজুত করা অস্ত্র ভাণ্ডার থেকে বিভিন্ন ধরনের আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত ঘটনায় মোট কতজন দোষীকে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :

(ক) হ্যাঁ। একটি জায়গা থেকে।

(খ) ২ জন।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার প্রশ্ন—ওই অস্ত্রগুলি কি কারণে ওইখানে মজুত করা হয়েছিল এবং ওই অস্ত্রগুলি রাজ্যের কোন কোন অঞ্চলে পাঠানো হয়েছিল—তার কোনো তথ্য আপনার দপ্তরের বা সরকারের কাছে আছে কিনা ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এই ঘটনাটা ঘটেছিল আপনি জানেন। এটা হচ্ছে রাজারহাটে হয়েছিল। সেই ঘটনায় দুজনকে গ্রেপ্তার করা হয়েছে, কিন্তু তিনজন এখনও অ্যাবস্কনডিং। যে তিনজন অ্যাবস্কনডিং তাদের দুজন হলেন অনুপম চৌধুরী, আর নিমাই দাস। এদের বাড়ি থেকে প্রচুর অস্ত্র পাওয়া গিয়েছে।

[11.20 – 11.30 a.m.]

অর্থাৎ এটা একটা অস্ত্রভাণ্ডার বলতে পারেন। আপনার যদি উৎসাহ থাকে তাহলে সেই অস্ত্র তালিকা আপনাকে আমি দিয়ে দেব। প্রচুর অস্ত্র পাওয়া গিয়েছে। দুজন গ্রেপ্তার হয়েছে, বাকি কয়েকজন অ্যাবস্কনডিং। আমরা তাদের ধরার চেষ্টা করছি। যারা অ্যাবস্কনডিং আছে, বিশেষ করে তিনজন প্রত্যক্ষভাবে এর সঙ্গে যুক্ত, তাঁরা হলেন নিমাই দাস, নন্দ মাইতি এবং দীপঙ্কর বাগ। দুজনের সঙ্গে ইনটারোগেট করে যা পাওয়া গিয়েছে, তিনজনকে ধরতে পারলে সব পাওয়া যাবে। পাঁচটা জায়গায় কোথায় কোথায় কি অস্ত্র ছিল সব পাওয়া গিয়েছে।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন ওই অস্ত্রগুলো কোথায় কোথায় তৈরি হয়েছিল এবং যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের কোনো রাজনৈতিক রং লাগানো আছে কিনা ? এই সব তথ্যগুলো আপনার দপ্তরে আছে কি না জানাবেন।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : সবই আছে, এখন যেহেতু অ্যাবস্কন্ড করে আছে তাই সব কিছু বলার দরকার নেই। যারা অ্যাবস্কন্ডার তাদের ধরব। তাদের ধরতে পারলে তারা কোথা থেকে অস্ত্র কিনেছে সব জানতে পারব। সব কিছু জেনেছি। তাদের রাজনৈতিক পরিচয় সব আমার জানা আছে।

শ্রী কল্লোল খাঁ : এই অস্ত্রগুলো কোথায় তৈরি হয়েছিল সেই বিষয়ে কোনো তথ্য আপনার কাছে আছে কিনা ? লোকসভা ভোট এগিয়ে আসছে। আরও কোথায় কোথায় অস্ত্রভাণ্ডার আছে সেগুলো খুঁজে বের করার জন্য কি সি বি আই-কে দায়িত্ব দেবেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : সি.বি.আই.-কে দায়িত্ব দেওয়ার কোনো ইচ্ছা নেই। সি.বি.আই.-কে আপনারা মনে করতে পারেন ভগবান, দেবদূত, আমরা মনে করি না। যা করার রাজ্যের পুলিশ করবে। আপনি জানেন এটা একটা রুটিন ব্যাপার। আমি স্পেসিফিক উত্তর দিচ্ছি। অস্ত্রভাণ্ডার উদ্ধারের জন্য রাজ্য পুলিশ এবং কলকাতা পুলিশ নিয়মিত রেট করে। নিয়মিত রেট করে প্রতি মাসে অস্ত্র উদ্ধার হয়। তার পুরো তালিকা আছে। রাজ্য পুলিশ গত এক বছরে ১ হাজার ৯৯০ জনকে গ্রেপ্তার করেছে আর্মস সহ। কি কি আর্মস

পাওয়া গিয়েছে কোন কোন থানা থেকে তার লিস্ট আছে। কলকাতা পুলিশও রুটিন মাফিক নিয়মিত রেট করে। স্পেসিফিক খবরের ভিত্তিতে রেট করা হয়। এটা চলবে। লোকসভা নির্বাচন যত এগিয়ে আসবে এটাকে আরও জোরদার করা হবে যাতে আরও বেশি অস্ত্র উদ্ধার করা যায়।

শ্রী সুবিনয় ঘোষ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী বলেছেন অশোক মণ্ডল অ্যারেস্ট হয়েছে। আমরা পেপারেও দেখেছি অশোক মণ্ডল আরেস্ট হয়েছে বেআইনি অস্ত্র মজুত রাখার জন্য। নন্দ মাইতি নন্দীগ্রামে তৃণমূলের পঞ্চায়েত সদস্যকে ৬ লক্ষ টাকার অস্ত্র সাপ্লাই দিয়েছেন। গত নির্বাচনের আগে সেই নন্দ মাইতিকে তৃণমূলের বিধায়ক এবং লোকসভার ক্যান্ডিডেটের সঙ্গে ঘোরাফেরা করতে দেখা গিয়েছে। সেই তৃণমূলের যিনি পঞ্চায়েত সদস্য তাকে পুলিশ অ্যারেস্ট করতে পেরেছে কিনা ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমি বললাম মরিশদার জি.পি. সদস্য নন্দ মাইতিকে পুলিশ এখনও গ্রেপ্তার করতে পারেনি। গ্রেপ্তার করব।

শ্রী আবদুল খালেক মোল্লা : মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্টমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা আপনি নতুন থানার কথা বলেছেন। কিন্তু আমার গার্ডেনরিচে নাদিয়া নতুন থানা স্থাপন করা হয়েছে। সেটা স্টেট জেনারেল হসপিটালের একটা অংশ দখল করে চলেছে। এই থানাটা স্থানান্তরের কোনো পরিকল্পনা আপনার আছে কিনা ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : উনি বাস মিস করেছেন, আগের বাস চলে গিয়েছে।

মিঃ স্পীকার : মিঃ মোল্লা, আপনি কি লেট লতিফ ?

শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল : বেআইনি মজুত অস্ত্র সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী বললেন দুজন ধরা পড়েছে, তিনজন ধরা পড়েনি। স্যার, আমার কাছে খবর আছে, যেহেতু রাজারহাটের কথা উঠল,.....।

আমি যতদূর খবর নিয়েছি সেটা হল যে, এখান থেকে অস্ত্র মাওবাদীদের কাছে গিয়ে নন্দীগ্রামে তৃণমূল এবং মাওবাদীদের হাতে দেওয়ার পরে, তারা সেই অস্ত্র দিয়ে আমাদের মানুষজনকে খুন করেছে। আপনার দপ্তরের পক্ষ থেকে এই যে ধরা পড়েনি বা ধরা পড়েছে—এই অস্ত্র যে নন্দীগ্রামে গেছে, এগুলো আমরা অনেক ক্ষেত্রে জেনেছি—সেগুলো সম্পর্কে আরেকটু নির্দিষ্টভাবে খবর নিয়ে যথাযথ ব্যবস্থা করবেন কি ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : আমি তো বললাম ২ জনকে ধরা হয়েছে, ৩ জন এখনও অ্যাবস্কনডিং। যে টি.এম.সি. জি.পি. মেম্বারের নাম উঠেছে, তিনিও অ্যাবস্কনডিং। ধরা না পড়া পর্যন্ত সেই অস্ত্র নিয়ে তিনি কোথায় গিয়েছিলেন, কি করেছেন সেটা এখন বলা ঠিক নয়। আমি ধরতে পারলে নিশ্চয় জানতে পারবেন, সেই অস্ত্র নিয়ে তিনি কোথায় গিয়েছিলেন।

শ্রী দুলাল বর : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা প্রশ্ন—স্যার, গত ১৭ তারিখে আমরা দেখলাম কলকাতা মহানগরীর বুকে ২১৫ নম্বর বাসে, যেটা সল্ট লেকে যায়, সেই বাসের মধ্যে ১৬টি জিলেটিনের স্টিক পাওয়া গেছে। আপনাদের একজন মাননীয় সদস্য জানিয়েছেন যে, কলকাতা হচ্ছে আইন-শৃঙ্খলার মরূদ্যান। এর আগে আমরা বহুবার দেখেছি যে, কলকাতার বুকে বহু নাশকতা ঘটে গেছে। এই যে জিলেটিন স্টিক পাওয়া গেল, এই বিষয়ে কোনো অপরাধী ধরা পড়েছে কিনা বা আপনি এ ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন যদি আমাদের একটু বলেন তাহলে একটু ভালো হয়।

শ্রী বুদ্ধদেব ভট্টচার্য : প্রাথমিক শুধু খবরটা এসেছে। জিলেটিন স্টিকগুলো পুলিশ পেয়েছে, সেগুলো নিয়ে এসেছে। কিন্তু তাকে কেন্দ্র করে সেটা কে বহন করেছিলেন ইত্যাদি সেটাও বোঝা যায়নি এবং কাউকে গ্রেপ্তারও করা যায়নি।

শ্রী দীপক চন্দ্র সরকার : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন রাখছি। অস্ত্র উদ্ধারের ব্যাপারে আপনি বিবৃতি দিলেন। এটা ঠিক যে, অস্ত্র বহু উদ্ধার হচ্ছে এবং অস্ত্র উদ্ধার করতে গিয়ে পুলিশবাহিনী আক্রান্ত হচ্ছে সমাজবিরোধীদের দ্বারা। এতে আমরা বহুক্ষেত্রে দেখছি যে, পুলিশের হাতে যে অস্ত্র আছে, ক্রিমিনালদের হাতে তার চেয়ে বেশি শক্তিশালী অস্ত্র ব্যবহার করছে। আপনার কাছে আমার প্রস্তাব যে, আমাদের রাজ্যের এই যে পুলিশবাহিনী, যাঁরা অস্ত্র উদ্ধার করতে যান বা অভিযান চালাচ্ছেন, তাঁদের আরও শক্তি বৃদ্ধির জন্য আরও আধুনিক অস্ত্র, আরও আধুনিক যোগযোগ ব্যবস্থা দেওয়ার জন্য আপনার সরকার কি উদ্যোগ গ্রহণ করেছেন ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এটা অবশ্যই ঠিক কথা বলেছেন। পুলিশবাহিনীতে যেমন ট্রেনিং, প্রশিক্ষণ বাড়াতে হচ্ছে, তেমনি তার যে অস্ত্র তারও গুণগত মান বাড়াতে হচ্ছে। আধুনিকতম অস্ত্র বাড়াতে হবে। যারা সমাজবিরোধী, সন্ত্রাসবাদী, তারা যেসব অস্ত্র ব্যবহার করে, তার জন্য তাদের মোকাবিলা করতে হলে পুলিশের মধ্যেও আধুনিকতম অস্ত্র আসা দরকার। আমরা চেষ্টা করছি। আমরা আর্থিক ক্ষমতা অনুযায়ী চেষ্টা করছি।

সংখ্যালঘু উন্নয়নে সরকারি উদ্যোগ

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭) **শ্রী রামপদ সামন্ত** : সংখ্যালঘু বিষয়ক এবং মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সংখ্যালঘুদের উন্নয়নে সরকারের উদ্যোগ জাতীয় সংখ্যালঘু কমিশনের প্রশংসিত হয়েছে ;

(খ) সত্যি হলে, ওইরূপ উন্নয়নে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে ; এবং

(গ) (১) উক্ত উন্নয়নে বর্তমান আর্থিক বছরে রাজ্যে কত টাকা ব্যয় করা হয়েছে (৩১.১.০৯) ; ও

(২) বর্তমান আর্থিক বছরে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ছিল ?

শ্রী আবদুস সাত্তার :

(ক) হ্যাঁ।

(খ) ১। 'রাজ্যের কর্ম পরিকল্পনা' (State Action Plan for Minorities) তৈরি হয়েছে। এতে গুরুত্বপূর্ণ বিষয়গুলি হল :

(ক) সংখ্যালঘুদের শিক্ষা, বিশেষত মেয়েদের শিক্ষা।

(খ) চলতি অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পে সংখ্যালঘুদের প্রাপ্ত অংশ সুনিশ্চিত করা।

(গ) নতুন প্রকল্পের মাধ্যমে উন্নয়ন ত্বরান্বিত করা।

(ঘ) আর্থ-সামাজিকভাবে পিছিয়ে পড়াদের সরকারি সাহায্য পৌঁছানো এবং সম-সুযোগ সৃষ্টি করা।

(ঙ) সংখ্যলঘুদের বাসস্থানের পরিকাঠামো ও মানবিক উন্নয়নের দিকে মনোযোগ দেওয়া।

২। রাজ্য সংখ্যালঘু দপ্তর ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের উদ্যোগ :

(ক) **সংখ্যালঘুদের উন্নয়ন ও কল্যাণ তহবিল প্রকল্প** : বরাদ্দকৃত ২২ কোটি টাকাই বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পে খরচ করা সম্ভবপর হয়েছে।

(খ) **গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল** : নাবার্ডের ঋণের সাহায্যে এই প্রকল্প রূপায়ণ করা হয়ে থাকে। বরাদ্দকৃত ৫ কোটি টাকা মধ্যে মাত্র ৫৬.২৫ লক্ষ টাকা নাবার্ডের ছাড়পত্র পেয়েছে। অন্য প্রকল্পগুলি নাবার্ডের অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

(গ) **মাল্টি-সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম** : ৬টি জেলার জন্য ৪৮.৬৮ লক্ষ টাকা প্রদান করা হয়েছে, আগামী বছরের জন্য ৫৬ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। অবশিষ্ট আরো ৬টি জেলার প্রকল্প এর সঙ্গে যুক্ত হবে। অনুমোদনপ্রাপ্ত জেলাগুলি হল—মালদা, মুর্শিদাবাদ, নদিয়া, বর্ধমান, বীরভূম, হাওড়া। এছাড়া উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, কোচবিহার ও কলকাতার প্রকল্প তৈরির কাজ চলছে।

(ঘ) **সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের সম্প্রসারণ** : ১১টি জেলায় সংখ্যালঘু বিষয়ক জেলা অফিস চালু করা হয়েছে। জেলগুলির জন্য মোট ২১০টি বিভিন্ন পদ সৃষ্টি করা হয়েছে।

(ঙ) **সংখ্যালঘু উন্নয়নে কর্মরত বেসরকারি প্রতিষ্ঠানগুলিকে সহায়তা দান** : ৩৬টি উপযুক্ত সংস্থাকে মেট ৫৬ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।

(চ) **কবরস্থানের সুরক্ষা প্রকল্প** : সর্বসাধারণের ব্যবহার্য কবরস্থানগুলি ৮ প্রাচীরবেষ্টিত করার জন্য বরাদ্দ ২ কোটি টাকার খরচ অনুমোদন দেওয়া হয়েছে। মোট ৬৯টি কবরস্থান-প্রাচীরের কাজ হয়েছে।

(ছ) **উর্দু ভাষার উন্নয়ন** : রাজ্য উর্দু অ্যাকাদেমি এই কাজে রত। গবেষণামূলক পুস্তক, পাঠ্যপুস্তক, পত্রিকা ইত্যাদি প্রকাশন, পুস্তক রচনার জন্য পুরস্কার, শিক্ষাভাতা প্রদান ও পাঠাগার পরিচলন ও অন্যান্য কর্মসূচির মাধ্যমে এই প্রকল্প রূপায়িত হয়। বরাদ্দকৃত ১ কোটি টাকার মধ্যে ৭৩.৪৭ লক্ষ টাকা খরচ হয়েছে।

(জ) **দ্বিতীয় হজ হাউস নির্মাণ** : ৭৯৩৪ হজযাত্রী চলতি বছরে পশ্চিমবঙ্গ থেকে হজে গেছেন। তাঁদের থাকা ও যাতায়াতের সকল ব্যবস্থাই রাজ্য হজ কমিটিকে করতে হয়। হজযাত্রীদের সুবিধার্থে দ্বিতীয় হজ হাউসটির নির্মাণকাজ শুরু হয়েছে, এটি প্রশিক্ষণ কেন্দ্র হিসাবেও ব্যবহৃত হবে। নির্মাণ করতে খরচ হবে প্রায় ৬ কোটি টাকা। এই অর্থ বর্ষে ১.৫ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

(ঝ) **ওয়াকফ সম্পত্তির উন্নয়ন** : নির্বাচিত ওয়াকফ সম্পত্তির উন্নয়ন ও পরিবর্ধনের মাধ্যমে প্রাপ্ত বর্ধিত আয় মুসলিম সম্প্রদায়ের কল্যাণের কাজে লাগানো হয়। ওয়াকফ বোর্ডের সহায়েতায় এই উদ্দেশ্যে একটি প্রকল্প রচনা চলছে। ওয়াকফ সার্ভের জন্য ২০ লক্ষ টাকা ডি.এল.আর.এস.-কে দেওয়া হয়েছে। কর্মরত মুসলিম মহিলাদের জন্য আবাস তৈরির কাজ শুরু হয়েছে। নির্মাণ করতে খরচ হবে ১ কোটি ১০ লক্ষ টাকা। বরাদ্দ হয়েছে ৪৪ লক্ষ ১৬ হাজার ১১৫ টাকা।

(ঞ) **মুসলিম ছাত্রীনিবাস নির্মাণ** : ১০টি ছাত্রীনিবাসের পরিষেবা চালু আছে। ছাত্রীনিবাস পরিবর্ধনের কাজে ৪৪ লক্ষ টাকা চলতি বছরে খরচ হয়েছে। ১০টি চালু ছাত্রীনিবাসের জন্য ১২৮টি কর্মিপদ সৃষ্টি করা হয়েছে।

বু'আলি মুসলিম ছাত্রাবাস নির্মাণের কাজ শুরু হয়েছে। খরচ হবে ৫ কোটি ৯৯ লক্ষ টাকা। বরাদ্দ হয়েছে ৫০ লক্ষ টাকা।

বীরভূমের সিউড়ি শহরে ছাত্রাবাস নির্মাণের কাজ চলছে। বরাদ্দ হয়েছে ৪৪ লক্ষ টাকা।

(ট) **দক্ষতা বৃদ্ধি প্রকল্প** : এই প্রকল্পে আলিয়া বিশ্ববিদ্যালয়কে ৪.৫৮ কোটি টাকা প্রদান করা করা হয়েছে ২৩টি পোয় প্রশিক্ষণ দেওয়ার জন্য। ৩৩০০ শিক্ষার্থী এতে প্রতি পর্বে শিক্ষা নিতে

পারবে। প্রশিক্ষণের মেয়াদ ২ মাস থেকে ২ বছর পর্যন্ত। বিভিন্ন বিখ্যাত সংস্থার মাধ্যমে এই প্রশিক্ষণ হবে। এই প্রশিক্ষণ প্রকল্পের ৯০ শতাংশ খরচ বহন করবে রাজ্য সরকার, মাত্র ১০ শতাংশ দিতে হবে প্রার্থীকে।

(ঠ) **মেধা ও পেশাভিত্তিক বৃত্তি :** টেকনিক্যাল ও প্রফেশনাল স্নাতক কোর্সে পড়ার জন্য ৩৩৪৬ জনকে এই বৃত্তি দিতে ৮ কোটি ৬২ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

(ড) **মাধ্যমিকোত্তর বৃত্তি :** মোট ৩২৩.৩৮ জনকে মোট ৭ কোটি ৭২ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

(ঢ) **প্রাক মাধ্যমিক বৃত্তি :** ৭০ লক্ষের অধিক ছাত্রছাত্রী এই বৃত্তি পাবে। কোনো বরাদ্দ ছিল না।· ৬.৩১ কোটি টাকার ছাড়পত্র দেওয়া আছে।

(ণ) **মেধাবীদের জন্য বৃত্তি :** ৬৯৩৫ জনকে এই বৃত্তি দেওয়া গেছে। ৪.৯৯ কোটি টাকা খরচ হয়েছে।

(ত) **সংখ্যালঘু মহিলাদের ক্ষমতায়ন :** এটি নতুন প্রকল্প। ২০-৪৫ বছর বয়সের মহিলাদের অনধিক ৪০.০০০ টাকা পর্যন্ত ঋণদান করা হবে। মোট প্রাপ্ত ঋণের অর্ধাংশ অনুদান হিসাবে পেতে পারে। তবে এক্ষেত্রে অনুদানের সর্বোচ্চ সীমা হল ১৫ হাজার টাকা। কোনো গ্যারান্টারের প্রয়োজন নেই। ২০ কোটি টাকার মূলধন দেওয়া আছে। আগামী বছর আরো ১০ কোটি টাকা মূলধন যোগ করা হবে। সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের মাধ্যমে লোন পাওয়া যাবে।

(থ) **আলিয়া বিশ্ববিদ্যালয় :** ৫ বছরের আরবি কোর্স, কথ্য আরবি প্রশিক্ষণ চলছে এবং ৫ বছরের এম.বি.এ. এম.সি.এ., এম.এস.সি. (কম্প্যুটার বিজ্ঞান), ৫ বছরের এম.এস.সি. (মিডিয়া বিজ্ঞান) কোর্স চালু হয়েছে। এছাড়া বি. টেক ও বি.এস.সি. কোর্সও চালু হবে। ভাঙ্গড়ে ৬৫ একর জমি অধিগ্রহণের জন্য ১৬.৩৬ কোটি টাকার ছাড়পত্র দেওয়া হয়েছে।

১। বিশ্ববিদ্যালয়ের ২৮টি ফ্যাকাল্টির জন্য ২৯৭টি অধ্যাপক পদ ও ৪২টি আধিকারিক ও শিক্ষাকর্মী পদ সৃষ্টি করা হয়েছে।

২। ভাঙড়ে ৬৫ একর জমি অধিগ্রহণের কাজ শুরু হয়েছে।

৩। গোরাচাঁদ রোডে ১৪ কোটি টাকা মূল্যে ১৪০ কাঠা জমি KIT থেকে নেওয়া হয়েছে।

৪। সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠানের মর্যাদা-দান করা হয়েছে।

(ন) মাদ্রাসা শিক্ষা :

১। বীক্ষণাগারের জন্য ৬০ লক্ষ টাকা খরচ করা হয়েছে।

২। গ্রন্থাগারের জন্য ৬০ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

৩। মাদ্রাসায় কম্প্যুটার দেওয়ার জন্য ১ কোটি ২০ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

৪। কমনরুম, শৌচাগার ও পানীয় জলের জন্য ২ কোটি ৭০ লক্ষ টাকা খরচ করা হয়েছে।

৫। আসবাব ও যন্ত্রপাতির জন্য ১ কোটি ৫ লক্ষ টাকা খরচ হয়েছে। ১ কোটি ৫ লক্ষ টাকার বরাদ্দ বাড়িয়ে ২ কোটি করা হয়েছে।

৬। শারীর শিক্ষায় ১০ লাখ টাকা, কোচিং ক্যাম্পে ১৮ লাখ টাকা এবং কেন্দ্রীয় কোচিং ক্যাম্পে ৭ লক্ষ টাকা খরচ করা গেছে।

৭। মাদ্রাসা বোর্ডের দ্বিতীয় অফিসবাড়ির জন্য এ পর্যন্ত ৩ কোটি টাকা দেওয়া হয়েছে। খরচ হবে ৬.৫ কোটি টাকা।

৮। বর্তমান অর্থ বর্ষে ১২৫টি মাদ্রাসা শিক্ষা কেন্দ্র অনুমোদন পেয়েছে এবং ৬০টি অনুমোদনের অপেক্ষায়। ৩২০০ পদ সৃষ্টি করা হয়েছে।

৯। ৬৬টি নিউ সেট আপ জুনিয়র হাই মাদ্রাসার অনুমোদন দেওয়া গেছে, আরো অনুমোদনের প্রয়াস চলছে। মোট ২৪০০ শিক্ষক ও অশিক্ষক কর্মীর পদ সৃষ্টি করা হয়েছে।

১০। **জুনিয়র থেকে হাই মাদ্রাসায় উন্নীতকরণ** : মোট ১১০টি উন্নীত করা গেছে, ১৯টি অবশিষ্ট আছে। এর জন্য পদ সৃষ্টি হয়েছে ১০৩২।

১১। **দশম থেকে দ্বাদশ শ্রেণীতে উন্নীতকরণ** : এই অর্থ বর্ষে ৪০টি দ্বাদশ শ্রেণিতে উন্নীত হয়েছে। এই লক্ষ্যে শিক্ষক ও শিক্ষাকর্মীসহ মোট ৪০০টি পদ সৃষ্টি করা হয়েছে।

১২। মোট ৫৬২টি মাদ্রাসায় ছাত্র-শিক্ষক অনুপাত উন্নত করার জন্য অতিরিক্ত ১২৭০টি নতুন পদ দেওয়া হয়েছে।

(প) **পশ্চিমবঙ্গ মাদ্রাসা সার্ভিস কমিশন** : ১৪৫৬ জন শিক্ষকের নিয়োগের সুপারিশ করা গেছে চলতি বছরে। কমিশনের কাজ

সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সভাধ্যক্ষসহ মোট ১৭টি পদ সৃষ্টি করা হয়েছে।

(ফ) **সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম :**

১। বিত্ত নিগমের অফিস বাড়ি নির্মাণের জন্য বরাদ্দ ১ কোটি ৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। খরচ হবে ৪ কোটি ৫ লক্ষ টাকা।

২। ৩৭২ জনকে বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

৩। বিত্ত নিগমের সাফল্য :

প্রকল্প	পুঃ	মহিলা	মোট উপভোক্তা	মোট খরচ
মেয়াদী ঋণ	৩৯৯০	১০০১	৪৯৯১	২৯.৩৪ কোটি
গুচ্ছ ঋণ	৬১০	২০৭	৮১৭	১.৫৯ কোটি
ক্ষুদ্র ঋণ	১১৩০	৯৯১	২১২১	১.১৪ কোটি
শিক্ষা ঋণ	৬০৬	৫১০	১১১৬	৩.৬৬ কোটি
	৬৩৩৬	২৭০৯	৯০৪৫	৩৫.৭৪ কোটি

এই অর্থ বর্ষে মোট ৩৫ কোটি ৭৪ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়েছে।

জাতীয় ক্ষেত্রে সাফল্যের নিরিখে পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম প্রথম স্থান অর্জন করেছে। এই শংসাপত্র প্রদান করেছে জাতীয় সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম।

(গ) (১) পরিকল্পনা খাতে মোট ব্যয় : ১৭৬,০৭,৪৫,৩৩৭ টাকা

(২) মোট বরাদ্দ ১৭৮,৯০,০০,০০০ টাকা।

এই অর্থ বর্ষে রাজ্য পরিকল্পনা খাতে বরাদ্দ ছিল ১১০ কোটি টাকা। এখন পর্যন্ত ব্যয় হয়েছে ১১১ কোটি ৩৪ লক্ষ ৮৬ হাজার ৫৫ টাকা অর্থাৎ ১ কোটি ৩৪ লক্ষ ৮৬ হাজার ৫৫ টাকা বেশি ব্যয় করা সম্ভবপর হয়েছে। অন্যদিকে কেন্দ্রীয় বরাদ্দ ছিল ৬৮ কোটি ৯০ লক্ষ টাকা। এর মধ্যে কেন্দ্রীয় বরাদ্দ পাওয়া গেছে ৬৪ কোটি ৭২ লক্ষ ৫৯ হাজার ২৮২ টাকা। প্রসঙ্গত উল্লেখ্য, পরিকল্পনা ও পরিকল্পনা বহির্ভূত খাতে রাজ্য সরকারের মোট ব্যয় হয়েছে ৪৭৬ কোটি টাকা—যা যে কোনো রাজ্যের তুলনায় সর্বাধিক।

দ্বিতীয়ত সংখ্যালঘু উন্নয়নে সরকার কর্তৃক যে গৃহীত গুচ্ছ পদক্ষেপগুলো নেওয়া হয়েছে সেটা আমি বিস্তারিত পড়ছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা আমি রেখেছি। হেড লাইনগুলো পড়ছি—আমরা রাজ্য অ্যাকশন প্ল্যান ফর স্টেট অ্যাকশন প্ল্যান ফর মাইনোরিটিস আমরা করেছি। কারণ সব প্ল্যান মাননীয় মুখ্যমন্ত্রী দীর্ঘ সময় ধরে কেন্দ্রীয়

সরকারের কাছে দাবি করে আসছিলেন। কারণ যোজনা কমিশনের অনুমতি না পেলে সাব-প্ল্যান করা যায় না। এই কারণে আমরা আমাদের রাজ্যে স্টেট অ্যাকশন প্ল্যান ফর মাইনোরিটি করেছি। সংখ্যালঘু উন্নয়ন ও তহবিল প্রকল্প আমরা তৈরি করেছি, যা ভারতবর্ষে কোথাও হয়নি, যেটা আমরাই প্রথম করেছি। গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল থেকে আমরা সাহায্য দিয়েছি। মাল্টি সেক্টর ডেভেলপমেন্ট প্ল্যান প্রোগ্রাম করেছি। ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গই প্রথম যেখানে জেলাভিত্তিক সংখ্যালঘু মাদ্রাসা শিক্ষা দপ্তরের অফিস করেছে। তার জন্য আমরা ২১০টি পদ সৃষ্টি করেছি। রাজ্যে দুটো ডাইরেক্টরেট তৈরি করেছি। সংখ্যালঘু উন্নয়ন ও কর্মরত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে আমরা সহায়তা দান করেছি, এই প্রকল্প নতুন দিয়েছি। কবরস্থানের ক্ষেত্রে বাউন্ডারি ওয়াল দেওয়ার প্রকল্প আছে। ভারতবর্ষে বহু রাজ্যে ১টা হজ হাউস দেখা যায় না। আমাদের রাজ্যে আমরা দ্বিতীয় হজ হাউস নির্মাণ করছি। তার কাজ চলছে। এখানে ওয়াকফ সম্পত্তির উন্নয়নের লক্ষ্যে একটা কর্মপদ্ধতি নির্ধারণ করেছি। মুসলিম মেয়েদের ক্ষেত্রে ভারতবর্ষের কোনো রাজ্যের সরকার এত ব্যাপকভাবে করে না—আমরা এখানে তাদের জন্য ছাত্রীনিবাস নির্মাণ করেছি। ছাত্রাবাস নির্মাণ করে দিচ্ছি। কর্মরত মুসলিম মহিলাদের জন্য এও ভারতবর্ষের কোথাও নেই সেটা হচ্ছে,

[11.30 – 11.40 a.m.]

কর্মরত মুসলিম মহিলাদের জন্য আমরা আবাস নির্মাণ করছি। দক্ষতা বৃদ্ধির প্রকল্প নিয়েছি আলিয়া বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে, প্রায় ২৬টি ট্রেড নিয়ে ছেলে-মেয়েদের জন্য এই প্রকল্প শুরু করেছি। এই প্রকল্পের মূল বৈশিষ্ট্য হচ্ছে এই, এই ভোকেশনাল ট্রেনিং প্রোগ্রামের ক্ষেত্রে ৯০ শতাংশ অর্থ বহন করবে রাজ্য সরকার, ১০ শতাংশ দিতে হবে প্রার্থীকে। মেধা ও পেশাভিত্তিক বৃত্তি আমরা চালু করেছি। তার সংখ্যাও অনেক। মাধ্যমিক বৃত্তি, প্রাক্ মাধ্যমিক বৃত্তি, মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি এবং সংখ্যালঘু মহিলাদের জন্য ক্ষমতায়ন প্রকল্প যা ভারতবর্ষের কোথাও নেই সেটা নিয়েছি। এখানে কোনো গ্যারান্টার লাগবে না। কেননা এন.এম.ডি.সি., জাতীয় সংখ্যালঘু বিত্ত নিগম যে টাকাটা দেয়, সেখানে বলা হয়েছে ৫০ হাজার টাকার বেশি যদি কাউকে ঋণ দিতে হয় সেখানে দুটো গ্যারান্টার লাগবে, আমাদের রাজ্যে বলেছি একটার বেশি গ্যারান্টার দেব না। আর যেহেতু এটা রাজ্যের প্রকল্প, সংখ্যালঘু মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প, এখানে কোনো গ্যারান্টার লাগবে না, ৩ শতাংশ সুদের হারে ৩ বছরে দিতে হবে, ৪০ হাজার টাকা পর্যন্ত ঋণ পেতে পারে আর মোট ১৫ হাজার টাকা পর্যন্ত সবসিডি পেতে পারে। এটা ভারতবর্ষে কোথাও নেই। আমরা আলিয়া বিশ্ববিদ্যালয় তৈরি করেছি। মাদ্রাসা শিক্ষার জন্য ল্যাবরেটরি গ্রান্ট ৬০ হাজার টাকা দিয়েছি, লাইব্রেরি গ্রান্ট ৬০ হাজার টাকা, কম্পিউটার এডুকেশনের জন্য ১ কোটি ২০ লক্ষ টাকা, কমনরুম ও শৌচাগারের জন্য ২ কোটি ৭০ লক্ষ টাকা দিয়েছি, আসবাবপত্র, যন্ত্রপাতির জন্য ১ কোটি ৭০ লক্ষ টাকা দিয়েছি। শারীর শিক্ষার জন্য ১০ লক্ষ টাকা, ক্যাম্পের জন্য ১৮ লক্ষ টাকা, সেন্ট্রাল কোচিংয়ের জন্য ৭ লক্ষ টাকা দিয়েছি। মাদ্রাসা বোর্ডের দ্বিতীয় অফিস বাড়ি

সল্টলেকে হচ্ছে, তার জন্য ইতিমধ্যে ৩ কোটি টাকা বরাদ্দ হয়েছে। বর্তমান অর্থ বর্ষে ১২৫টি মাদ্রাসা শিক্ষা কেন্দ্রের অনুমোদন দেওয়া হয়েছে, আরও ৬০টি অনুমোদন পাবার অপেক্ষায় আছে। এর জন্য ৩০২২টি পদ সৃষ্টি করেছি। ৬৬টা নিউ সেট আপ জুনিয়র মাদ্রাসার অনুমোদন দেওয়া হয়েছে। এর জন্য ৪০০ শিক্ষক, শিক্ষাকর্মীর পদ সৃষ্টি করেছি। জুনিয়র হাই থেকে হাই মাদ্রাসাতে উন্নীত করেছি ১১০টি। এর জন্য ১০৩২টি পদ সৃষ্টি করেছি। দশম থেকে দ্বাদশ শ্রেণিতে যেতে এই অর্থ বর্ষে ৪০টির অনুমোদন দেওয়া হয়েছে। এর জন্য ৪০০ শিক্ষক শিক্ষাকর্মীর পদ সৃষ্টি করেছি। মোট ৫৬২টি মাদ্রাসায় ছাত্র-শিক্ষক অনুপাত ঠিক রাখার জন্য ১২৭০টি অতিরিক্ত শিক্ষক পদ দেওয়া হয়েছে। নতুন মাদ্রাসা সার্ভিস কমিশন সৃষ্টি হয়েছে। গত বছর মাদ্রাসা সার্ভিস কমিশন থেকে ১৪৫৬ জন শিক্ষক নিয়োগের সুপারিশ করা গেছে। এর সঙ্গে চেয়ারম্যান সহ ১৭টি পদ সৃষ্টি করতে পেরেছি যাতে করে মাদ্রাসা সার্ভিস কমিশন প্রপারলি রান করতে পারে। যার জন্য সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগমের অফিস বাড়ি নির্মাণের কাজ শুরু হয়েছে সল্ট লেকে সিটি সেন্টারের কাছে ২২ কাঠা জমির উপর। এর জন্য ১ কোটি ৫ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। সার্বিক খরচ হবে ৪ কোটি ৫ লক্ষ টাকার মতো। ৩৭২টি ভোকেশনাল ট্রেনিং এই সময়ের মধ্যে জাতীয় সংখ্যালঘু বিত্ত নিগমের মাধ্যমে দিতে পেরেছি। মেয়াদী ঋণ, গুচ্ছ ঋণ, ক্ষুদ্র ঋণ, শিক্ষা ঋণ, সব বাবদ এই বছরে প্রায় ৩৫ কোটি ৭৪ লক্ষ টাকা ঋণ দেওয়া সম্ভব হয়েছে। এই প্রসঙ্গে উল্লেখ করা ভালো যে, ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গেই একমাত্র সংখ্যালঘু বিত্ত নিগম যারা জাতীয় সংখ্যালঘু বিত্ত নিগমের কাছ থেকে ১নং শংসাপত্র পেয়েছে।

এই বছর পরিকল্পনা খাতে মোট ব্যয় হয়েছে ১৭৬ কোটি ৭ লক্ষ ৪৫ হাজার ৩৩৭ টাকা। বর্তমান আর্থিক বছরে পরিকল্পনা খাতে বরাদ্দ ছিল ১৭৮ কোটি ৯০ লক্ষ টাকা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই অর্থবর্ষে রাজ্য পরিকল্পনা খাতে আমাদের বরাদ্দ ছিল ১১০ কোটি টাকা। এখানে উল্লেখ করা ভালো, ৩১শে জানুয়ারি পর্যন্ত আমরা ব্যয় করেছি ১১১ কোটি ৩৪ লক্ষ ৮৬ হাজার ৫৫ টাকা। ১১১ কোটি ৩৪ লক্ষ ৮৬ হাজার ৫৫ টাকা। অর্থাৎ পরিকল্পনা বাবদ আমাদের যে বাজেট বরাদ্দ ছিল তার থেকে ১ কোটি ৩৪ লক্ষ ৮৬ হাজার টাকা আমরা বেশি খরচ করেছি। কেন্দ্রীয় বরাদ্দ ছিল ৬৮ কোটি ৯০ লক্ষ টাকা। এর মধ্যে আমরা কেন্দ্রীয় বরাদ্দ পেয়েছি ৬৪ কোটি ৭২ লক্ষ ৫৯ হাজার ২৮২ টাকা। প্রসঙ্গত আরও একটু উল্লেখ করি পরিকল্পনা এবং পরিকল্পনা বহির্ভূত খাতে রাজ্য সরকারের মোট ব্যয় হয়েছে এখনও পর্যন্ত ৪৭৬ কোটি টাকা, যে কোনো রাজ্যের তুলনায় সর্বাধিক। আমার সাব হেডিং-এ আমি সব বলেছি।

শ্রী রামপদ সামন্ত : সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নের জন্য কি কি করেছেন তা আপনি বিশদভাবে বলেছেন। এই বক্তব্যের মধ্যে থেকে আমরা বুঝতে পারছি সংখ্যালঘুদের জন্য পশ্চিমবঙ্গ সরকার যথেষ্ট দরদ অনুভব করেন। আপনি অনেক ক্ষেত্রে বলেছেন, কোন কোন ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকার প্রথম, কতগুলো ক্ষেত্রে কি পদক্ষেপ গ্রহণ করেছেন, সেটাও আপনি জানিয়েছেন। পরিকল্পনা এবং পরিকল্পনা বহির্ভূত খাতে মোট ব্যয় ৪৭৬ কোটি

টাকা, যে কোনো রাজ্যের তুলনায় সর্বাধিক। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি কোন কোন রাজ্য সংখ্যালঘুদের জন্য কোন কোন ক্ষেত্রে কি ব্যয় করেছেন, কত বরাদ্দ করেছেন ? এর একটা তুলনামূলক চিত্র দিলে আমাদের রাজ্যে যে উন্নয়নমূলক পরিকল্পনা নেওয়া হয়েছে সেই চিত্রটা পরিষ্কার হয়ে যেত।

ডঃ আবদুস সাত্তার : আপনি নোটিশ দিলে আমি আরও বিস্তারিতভাবে জানাতে পারতাম। শুধু একটা তথ্য দিই। সাচার কমিটির রিপোর্ট প্রকাশিত হওয়ার পরে কেন্দ্রীয় সরকার সারা ভারতের জন্য বাজেট বরাদ্দ করেছিলেন ১ হাজার কোটি টাকা। আপনারা দয়া করে দেখে নেবেন এখনও ইন্টারনেটে অ্যাভেলেবল আছে। মাননীয় অর্থমন্ত্রীর বাজেট স্পিচটাও পড়বেন। এক হাজার কোটি টাকা। রাজ্যসভায় মাননীয় সাংসদ শ্রী সীতারাম ইয়েচুরি মাননীয় কেন্দ্রীয় সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রী শ্রী এ আর আন্তুলেকে প্রশ্ন করেছিলেন তিনি বলেছেন ১ হাজার কোটি টাকাও তিনি খরচ করতে পারেননি সারা ভারতবর্ষের জন্য, ৮শো কোটি টাকার একটু বেশি তিনি খরচ করেছেন। তিনি রাজ্যসভায় দাঁড়িয়ে বলেছেন। অন্যান্য রাজ্যে মাদ্রাসা শিক্ষকদের কোথাও কোনো বেতন দেওয়া হয় না। কেন্দ্রীয় সরকারের একটা পরিকল্পনা আছে মর্ডানাইজেশন অব মাদ্রাসা এডুকেশন স্কিম। এই স্কিমে পরিকল্পনায় কেন্দ্রীয় সরকারের বরাদ্দ মাত্র ৪৪ কোটি ৪৪ লক্ষ টাকা। কৃষ্ণেন্দুবাবুকে বলি এই ৪৪ কোটি টাকা সার্বিকভাবে ভারতবর্ষের জন্য। এই স্কিমে মাত্র ১৮শো টাকা দেওয়া হয় টিচারদের, কনট্রাক্ট বেসিসে দুজন করে টিচারকে। পশ্চিমবাংলায় কেউ এই পরিকল্পনা গ্রহণ করতে চায়নি।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন তিনি আমাদের এই পবিত্র বিধানসভায় দীর্ঘ ভাষণ রাখলেন যেটা নির্বাচনী ভাষণ হয়ে গেছে। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই মাননীয় প্রধানমন্ত্রী সংখ্যালঘু মানুষের উন্নয়নের জন্য ৪ হাজার কোটি টাকা বরাদ্দ করেছেন এবং মাননীয় প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিং তিনি আরও বলেছেন, তিনি ঘোষণা করেছেন যে এলাকায় সংখ্যালঘু মানুষ বাস করেন তাদের উন্নয়নের জন্য আরও পরিকল্পনা গ্রহণ করবেন। মাননীয় মন্ত্রী এখানে যে রকম ভাষণ দিলেন, এইরকম ভাষণ সুজাপুরে দিয়েছিলেন। ২১ হাজার ভোটে সংখ্যালঘু মানুষ তার জবাব দিয়েছেন।

[11.40 – 11.50 a.m.]

ডঃ আবদুস সাত্তার : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের জ্ঞাতার্থে জানাই যে সংখ্যাটা বলছেন, সেটা সঠিক নয়, আর একটা যে কথা বলেছেন, বাজেট সেটাও সঠিক নয়। বাজেট হচ্ছে ১০০০ কোটি টাকা। যে কথাটা উনি বলেছেন, আমি উল্লেখ করেছি মাল্টি-সেকটোরাল-ডেভেলপমেন্ট প্ল্যান। আমি উল্লেখ করেছি কেন্দ্রীয় বরাদ্দ ৮০০ কোটি টাকা দেওয়ার কথা ছিল, দিয়েছে ৬৪। ওটা হচ্ছে টোটাল ফাইভ ইয়ার ডেভেলপমেন্ট প্ল্যানে রাখা আছে ৩৭৬০ কোটি টাকা—৫ বছরের। এই অর্থ বছরের জন্য নয়। এই অর্থ বছরে কেন্দ্রীয়

সরকারের সংখ্যালঘুদের জন্য বাজেট হচ্ছে ১০০০ কোটি টাকা। এটা আপনি মনে রাখুন। ওটা ফাইভ ইয়ার প্ল্যানে আছে—৩৭৬০ কোটি টাকা।

আর একটা কথা যেটা প্রধানমন্ত্রী বলেছেন সংখ্যালঘুদের উন্নয়নের ব্যাপারে—তার প্রথম হচ্ছে প্রধানমন্ত্রীর ১৫ দফা কর্মসূচী ঘোষিত হয় ইন্দিরা গান্ধীর আমলে—যখন তিনি প্রধানমন্ত্রী ছিলেন। আর আজকে মাননীয় প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিং-এর আমলে নতুন কথাটি যুক্ত হয়েছে। ১৫ কিছু হয়নি। এখন স্কিম হচ্ছে—'নতুন ১৫ দফা কর্মসূচী'। তাহলে পুরানোটা কোথায় গেল ? পুরানোটাতে কিছু হল না, আবার নতুন চুক্তি করতে হচ্ছে কেন ?

শ্রী ইউনুস সরকার : আমাদের রাজ্য সরকার সংখ্যালঘুদের জন্য আলাদাভাবে সাব-প্ল্যান করার কথা বলেছেন। মুখ্যমন্ত্রীর নেতৃত্বে টাস্ক ফোর্স দপ্তরভিত্তিক করার কথা বলা হয়েছে। এই রকম সরকার পক্ষ থেকে কেন্দ্রীয় একাদশ অর্থ কমিশনের কাছে দাবি করা হয়েছিল কি এই সাব-প্ল্যান করার ব্যাপারে অর্থ বরাদ্দ করার ব্যাপারে ? এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার কি কোনো অর্থ বরাদ্দ করেছে ?

ডঃ আবদুস সাত্তার : যদিও এই সবটা বিষয়ই হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রীর। তিনিই এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী। তিনি কথা বলেছেন। আমি তাঁর হয়ে ৩টি উত্তর দিচ্ছি। সাচার কমিটির রিপোর্ট প্রকাশ হওয়ার আগে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্সের শিলান্যাস অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী এসেছিলেন। প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিং তখন রাজ্যের মুখ্যমন্ত্রীকে তিনি সাব-প্ল্যানের কথা বলেন। তিনি তখন দুটো কথা বলেন। একটা হচ্ছে দেশভাগে সবথেকে বেশি ক্ষতিগ্রস্ত পশ্চিমবঙ্গ এবং এখানকার সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষিত মধ্যবিত্ত সম্প্রদায় বাংলাদেশে চলে যান এবং এই সময়ের মধ্যে পিছিয়ে পড়াটা ব্যাপক হয়েছে। তফসিলি জাতি ও উপজাতিদের জন্য এই প্রস্তাবনা আছে। এই সাব-প্ল্যান সংখ্যালঘুদের জন্য হলে ভালো হয়—ওটা তিনি শোনালেন। দ্বিতীয়টা হচ্ছে—যখন এখানে উত্তর-পূর্বাঞ্চলের মাননীয় মুখ্যমন্ত্রীদের সভা হয় আই.টি.সি. সোনার বাংলা হোটেলে সেখানে আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী ছিলেন, প্রধানমন্ত্রী ছিলেন, অর্থমন্ত্রী ছিলেন। সেখানে আর একবার বলা হয়। তারপরে দিল্লিতে ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিং-এ লিখিতভাবে রাজ্য সরকারের পক্ষ থেকে বলা হয় যে, এই সাব-প্ল্যান আমরা চাই। কিন্তু তারা বললেন এটা দরকার। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর পরিভাষা ব্যবহার করছি—'তারা বলছেন এর প্রয়োজনীয়তা আছে, কিন্তু পশ্চিমবাংলায় তারা তা করছে না।'

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন—আমাদের পশ্চিমবাংলাতে যেগুলি খারিজি মাদ্রাসা, সেইসব মাদ্রাসাতে বাংলা, ইংরাজি, ভূগোল সমস্ত কিছু পড়ানো হয়। সেই সমস্ত ছাত্রছাত্রীদের জন্য, তাদের উন্নয়নের জন্য আপনার দৃষ্টিভঙ্গী কি সেটা আমাদেরকে অবগত করবেন কি ?

ডঃ আবদুস সাত্তার : রাজ্যের শিক্ষা ক্ষেত্রে শুধু মাদ্রাসা নয়, সার্বিক শিক্ষা ক্ষেত্রে আমরা ম্যাপিং করেছি। অর্থাৎ মানচিত্র প্রস্তুত করেছি। এই মানচিত্র অনুযায়ী প্রাথমিক দিকটা এবং ভর্তির ক্ষেত্রে যে হিসাবটা আছে, সেগুলি থাকবে। মাননীয় রাজ্যপাল যে ভাষণ

এখানে রেখেছেন সেখানে বলা হয়েছে ৯৯ শতাংশের অধিক ছাত্রছাত্রী যারা বিদ্যালয় অথবা মাদ্রাসাতে আসছে এখন বহু জায়গায় যে মাদ্রাসার কথা বললেন—সকালবেলাতে সেইসব মাদ্রাসাতে কোরান, হাদিশ। কায়দা, আমপারা পড়তে যান এইসব ছাত্রছাত্রীরা, আর দুপুরবেলাতে প্রাইমারি স্কুলে পড়তে যায়। এই রকম কত বাচ্চা বাইরে আসছে, তাদের নিয়ে এই রকম একটা পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে বিদ্যালয় শিক্ষা দপ্তরের সার্বিক এই লক্ষ্য সর্বশিক্ষা অভিযান মিশন কিছুটা এগিয়ে নিয়ে চলছে। এর ফলে সকালবেলাতে কোরান, হাদিশ, কায়দা, আমপারা পড়ছে, আর দুপুরবেলাতে প্রাইমারি স্কুলে ইংরেজি, বাংলা সবই পড়ছে।

শ্রী আবদুল খালেক মোল্লা : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রীকে একটি প্রশ্ন করতে চাই। পশ্চিমবাংলায় সংখ্যালঘুদের সরকারি চাকরিতে পার্সেন্টেজ কত ?

ডঃ আবদুস সাত্তার : সব তথ্য আমি এখনও পাইনি। কিছু ক্ষেত্রে বলতে পারি। বিদ্যালয়ে শিক্ষার ক্ষেত্রে পার্সেন্টেজ হচ্ছে ১১ পার্সেন্টের বেশি। এই মহতী সভায় একটি প্রশ্ন রাখা হয়েছিল, মাননীয় শিক্ষামন্ত্রী তার উত্তর দিয়েছিলেন। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে মুর্শিদাবাদ জেলায় সংখ্যালঘুরা কত চাকরি পাচ্ছে। আমার যতটা মনে আছে, সেটা হচ্ছে ৫২ পার্সেন্টের অধিক। পুলিশের রিপোর্ট আমার কাছে আছে। সেখানে পশ্চিমবঙ্গ পুলিশে ৮.৭৯ পার্সেন্ট এবং কলকাতা পুলিশে হচ্ছে ৯.১৩ পার্সেন্ট। সব তথ্য আমরা জোগাড় করছি। আমরা এই তথ্য রাখাতে অভ্যস্ত নই, উচিতও মনে করি না। সপ্তম বামফ্রন্ট সরকারের অভিমুখ হচ্ছে, পিছিয়ে পড়া মানুষের উন্নতি। সেই অভিমুখ আমরা রাখতে চাই। কোথাও বলছে, তুমি রাজবংশী, তুমি আলাদা, কোথাও তুমি মুসলমান, তুমি আলাদা, আবার কোথাও বলা হচ্ছে, তুমি গোর্খা, তুমি আলাদা—এই সার্বিক উন্নয়নের লক্ষ্যে বামফ্রন্ট সরকার কাজ করছে।

শ্রী প্রদীপ তা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, মাননীয় সদস্য কৃষ্ণেন্দুবাবু বললেন, কেন্দ্রীয় সরকার হাজার হাজার কোটি টাকা দিচ্ছে। আমি জানতে চাইছি, ১৯৭৭ সালের আগে যে মন্ত্রীসভা ছিল কংগ্রেসের, সেই মন্ত্রীসভা কত টাকা বরাদ্দ করেছিল মাদ্রাসা শিক্ষার জন্য ? আর এখন বামফ্রন্ট সরকার এই বর্ষে কত টাকা বরাদ্দ করেছেন, দয়া করে জানাবেন কি ?

ডঃ আবদুস সাত্তার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাই—তখন মাদ্রাসা শিক্ষার বাজেট ছিল ৫ লক্ষ ৬০ হাজার টাকা, ১৯৭৭ সালে। আর আজকে তার পরিমাণ হয়েছে ৩০০ কোটি টাকারও বেশি।

নিরুদ্দিষ্ট মানুষের সংখ্যা

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৮২) **শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০০৫ থেকে ৩১শে ডিসেম্বর, ২০০৮ পর্যন্ত রাজ্যে মোট কতজন মানুষ নিখোঁজ হয়েছেন ;

(খ) তন্মধ্যে, শিশু ও মহিলা সংখ্যা কত ; এবং

(গ) ৩১শে জানুয়ারি, ২০০৯ পর্যন্ত নিখোঁজ হওয়া কতজন মানুষের সন্ধান পাওয়া সম্ভব হয়েছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :

(ক) ৬০,৩৭৪ জন।

(খ) মহিলা = ১৮,৬৯৬ জন

শিশু = ১১,৪০৮ জন

(গ) ২০,৬৮১ জন।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন, আপনি বলেছেন ২০০৫ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত ৬০ হাজার ৩৭৪ জন নিখোঁজ হয়েছেন এই রাজ্যে। আপনি অবহিত আছেন, বহু মানুষের মৃতদেহ পাওয়া যায়, অনেকে আবার খুন হন। এটা আপনার পুলিশের ব্যর্থতা। ৪০ হাজার ব্যক্তি আজও নিখোঁজ। সরকার নিখোঁজ ব্যক্তিদের সন্ধান করার জন্য কি কি ব্যবস্থা নিচ্ছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় সদস্যের এই বিষয়টা বোঝা দরকার যে, এটা শুধু এই রাজ্যের সমস্যা নয়। ট্র্যাফিকিং ইন ওম্যান অ্যান্ড চিল্ড্রেন—পুরো পৃথিবী জুড়ে এই সমস্যা আছে। ইউরোপে আছে, পূর্ব ইউরোপ থেকে পশ্চিমে যায়, ল্যাটিন আমেরিকার মেকসিকো থেকে আমেরিকায় যায়। এইভাবে অনেক মানুষ উধাও হয়ে যায়।

[11.50—12.00 Noon]

এর পিছনে মূল কারণ হচ্ছে দারিদ্র্য, জেন্ডার ডিসক্রিমিনেশন বা লিঙ্গ বৈষম্য এই সব কারণও আছে। এই কারণগুলি কি করে হচ্ছে, কেন হচ্ছে—এটা শুধু পুলিশি ব্যবস্থাতে হবে না, এটা নিয়ে আমরা চেষ্টা করছি, আমাদের সি.আই.ডি.-র একটা সেল আছে, ট্রাফিকিং সেল বলে, ইউ.এন.ও. তাদের একটা সেল করেছেন—সারা দুনিয়ায় কি করে এর সমাধান হবে—ভারতবর্ষকেও তারা সাহায্য করছেন। আমরা কয়েকটা ওয়ার্কশপ করে বোঝার চেষ্টা করছি কোন কোন জায়গায় হচ্ছে, কি কি কারণে হচ্ছে এবং এর শিকড় বা মূল সমস্যাকে কি করে আটকানো যায়। এই সব দিক থেকে উদ্যোগ না হলে—আপনি বলছেন সিম্পিল এই ৪০ হাজার লোক কোথায় গেল। এদের খুঁজে পাওয়া যাবে না, এদের বেশির ভাগ দেশেই নেই। অন্য দেশে চলে গেছে। আমাদের দেশ থেকে কোন কোন জায়গায় যায় তার একটা তথ্য পেয়েছি ইউ.এন.ও-র মাধ্যমে। এর একটা সর্বাঙ্গীণ চেষ্টা দরকার, এর উৎস কি, কি কারণে হচ্ছে ? উৎসটা আমি বললাম

বেশির ভাগ ক্ষেত্রেই হচ্ছে দারিদ্র্য এবং লিঙ্গ বৈষম্য। ক্লাস ৭, ৮-এর পরে মেয়েদের আর পড়ানো হয় না, জোর করে বিয়ে দিয়ে দেওয়া হয়। তার পরে পণপ্রথা, এর থেকে বেরিয়ে আসা কঠিন কাজ। এর থেকে বেরিয়ে আসতে গেলে একগুচ্ছ আর্থসামাজিক কর্মসূচী চাই, সেটা রূপায়িত করতে পারলে এই ধরনের ট্রাফিকিং বা ইমমরাল ট্রাফিকিং বন্ধ করা যাবে। কিন্তু এখনও পর্যন্ত বলতে পারেন ঠিকই, ৬০ হাজারের মধ্যে ২০ হাজার ফেরত পেয়েছেন, ৪০ হাজারকে এখনও আনতে পারছি না। এর উৎসমুখ বন্ধ না করতে পারলে এই সমস্যা পৃথিবীর অন্যান্য দেশেও আছে, বাংলাদেশে, পাকিস্তানে, নেপালে এই উপমহাদেশে, ওদিকে আফগানিস্থানেও ছড়িয়ে গেছে, পূর্ব ইউরোপে গেছে, সেখান থেকে পশ্চিম ইউরোপেও গেছে। সুতরাং এর জন্য সর্বাঙ্গীণ চেষ্টা হচ্ছে, শুধু পুলিশ নয়, সোস্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টও চেষ্টা করছে। আমরা ৩টি ইউনির্ভাসিটিকেও নামিয়ে ছিলাম ফ্রি সার্ভে করার জন্য কেন হচ্ছে দেখবেন। সব চেয়ে উপরে নাম আর সংখ্যা হচ্ছে উত্তর ২৪-পরগনায়, তার পরে দক্ষিণ ২৪-পরগনা। কেন এই সব এলাকায় বেশি হচ্ছে আমরা এই সবটা মিলিয়ে চেষ্টা করছি, আমরা হাত গুটিয়ে বসে নেই।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : এই নিখোঁজ ব্যক্তিদের মধ্যে অপহৃত ব্যক্তির সংখ্যা কত ? যদি অপহরণ হয়ে থাকে, তার কতগুলি মামলা রুজু হয়েছে এবং কতগুলি চার্জশীট দেওয়া হয়েছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : এই নিখোঁজ সংক্রান্ত মামলা যতগুলি হয় তার বেশির ভাগ ক্ষেত্রে কে করছে ধরাই যায় না। যেমন ধরুন, মুর্শিদাবাদ থেকে অনেকগুলি মেয়েকে নিয়ে চলে গেল সৌদি আরবে। এটা অনেক দিন আগের কথা, তখন স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন ইন্দ্রজিৎ গুপ্ত, উনি আমাকে ফোন করে মুম্বাই এয়ারপোর্টে এই মেয়েরা এসেছে, আপনারা নিয়ে যান। কি করে তারা গেল, কে তাদের নিয়ে গেল। যাই হোক মুর্শিদাবাদে নিয়ে যাওয়া হল। কিন্তু কারা করল ধরতেই পারলাম না। আরও দুর্ভাগ্য যখন বাড়িতে নিয়ে যাওয়া হল তখন বাড়ির লোকেরা বলছে কেন নিয়ে এলেন ? কি মুশকিল !

আপনি যখন বলছেন আমি তথ্যটা বলছি ২০০৭ সালে গ্রেপ্তার হয়েছে ২০৫৮ জন, মামলা হয়েছে ১৫৬৯, ২০০৮ সালে গ্রেপ্তার হয়েছে ২১৫০ জন এবং মামলা হয়েছে ১৬৭৮। বেশির ভাগ ক্ষেত্রে কে এটা করছে ধরাই যাচ্ছে না। এটা হচ্ছে আরও সমস্যা।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : এই সমস্যা আপনি যখন বলছেন বর্ডার এলাকায় সব থেকে বড় সমস্যা—আপনি ফেন্সিং করতে পারছেন না। আজকে আপনাকে শুধু ছোট জেলার একটা এগজাম্পল দিচ্ছি, উত্তর ২৪-পরগনায় আপনি প্রায় ১৫০ গজ ফেন্সিং করতে পারেননি। কারণ হচ্ছে সি.পি.ডব্লু.ডি.-র কন্ট্রাক্টররা যারা ফেন্সিং করার জন্য অ্যাপয়েন্ট হয়েছিল তারা জিরো থেকে ১৫০ গজকে মেন্টেন করছে না কোথাও। যার জন্য গ্রামবাসীরা উদ্যোগ নিয়ে ফেন্সিং আটকে দিচ্ছে। জিরো থেকে ১৫০ গজ ইউ.এন.ও. রুলস্, সমস্ত জায়গায় ফেন্সিং করা হয়েছিল। এই বর্ডার এলাকায় না করার জন্য এটা আরো বেশি

হচ্ছে ওখানে। সেই জন্য ফেন্সিং করা দরকার আছে। এই বিষয়ে সরকার, আপনার দপ্তর এই বর্ডারে ফেন্সিং-এর জন্য, আপনি বলবেন এটা ভারত সরকারের ব্যাপার, সেখানে সি পি ডব্লু ডি ইনভল্‌ভ্‌ড, কন্ট্রাক্টর ইনভল্‌ভ্‌ড। কিন্তু পশ্চিমবঙ্গ যখন, আমাদের রাজ্যের উপর দিয়ে বর্ডার আছে, তখন আমাদের দায়িত্ব আছে। সেই জন্য আপনার দপ্তরের থেকে কিছুটা দায়িত্ব নেওয়া উচিত।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : ফেন্সিংটা অন্যতম এটা রক্ষা হতে পারে। ফেন্সিং করলে একটু কমতে পারে। কিন্তু সমাধান না। আপনারা জানেন, উত্তরবঙ্গে ফেন্সিং সম্পূর্ণ, মধ্যবঙ্গে হয়েছে, দক্ষিণবঙ্গে শতকরা ৭০ ভাগ ফেন্সিং আমাদের হয়ে গেছে। কিন্তু আপনি যে অঞ্চলের কথা বলছেন সেখানে হয়নি। এখানে ফেন্সিং করলে একটা রক্ষাকবচ হতে পারে। কিন্তু ওটা পুরোটা না। কারণ এরা যারা এই পাচারকারী এদের বিরাট লম্বা হাত। এরা এপার-ওপার, বাংলাদেশ দুই দিকেই তাদের পরিকাঠামো আছে কি করে পাচার করবে। তাই জন্য ফেন্সিং অন্যতম কারণ। আমি চেষ্টা করছি যত দ্রুত, ফেন্সিং ৭০ শতাংশ হয়েছে যাতে ১০০ শতাংশ করে দেওয়া যায়। দিল্লি টাকা দিচ্ছে না এটা বলব না। সি পি ডব্লু ডি করে, আমাদের সাহায্য করছে এমনিতে। ফেন্সিং করলে খানিকটা হয়তো ঠেকানো যাবে কিন্তু পুরোটা না।

শ্রী মহম্মদ রেফাতুল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে একটা প্রশ্ন জানতে চাইছি সেটা হচ্ছে, আপনি সঠিকভাবে বলেছেন যে এই পাচার ব্যাপারটা একটা আন্তর্জাতিক ব্যবস্থার সঙ্গে জড়িত। আমার অতিরিক্ত যে, যারা পাচার হচ্ছে, যাদেরকে নিয়ে যাওয়া হচ্ছে। এই চক্রের মধ্যে আমাদের পূর্বদিকে এবং পশ্চিম দিকে এই দুইয়ের মধ্যে সংখ্যার পার্থক্যটা কিরকম ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : পূর্ব এবং পশ্চিম বলতে কি বলছেন বুঝতে পারলাম না।

শ্রী মহম্মদ রেফাতুল্লা : বাংলাদেশ এবং আমাদের পশ্চিম-এর বিভিন্ন রাজ্যগুলো।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : অবশ্যই বাংলাদেশের সীমান্তবর্তী জেলাগুলোতে সমস্যা বেশি কোনো সন্দেহ নেই। তবে তুলনামূলকভাবে অন্যান্য জেলা যাদের সঙ্গে বাংলাদেশের যোগাযোগ নেই সেখানে অপক্ষোকৃত কম।

শ্রী দীনেশ বাজাজ : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীকে একটা অতিরিক্ত প্রশ্ন করব। জানুয়ারি মাসে হাওড়ায় যশ লাখোটিয়া নামে একটি শিশুকে অপহরণ করা হল, খুন করা হল, সেই তদন্তের গতিপ্রকৃতি কি বা কেউ গ্রেপ্তার হয়েছে কিনা ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : একটা চিঠি আপনি লিখে দেবেন, বিকালে আমার হাতে দেবে, আর কাউকে জানাতে হবে না। কি ব্যবস্থা করা যায়, দেখছি। বিকালের মধ্যে আমি আপনার চিঠিটা আশা করছি।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

ডানকুনি থানার নিজস্ব ভবন নির্মাণ

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৯) শ্রী ভক্তরাম পান : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডানকুনি থানার নিজস্ব ভবন নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকলে, প্রকল্পের আনুমানিক ব্যয় কত ; এবং

(গ) কবে নাগাদ ওই প্রকল্পের কাজ শুরু হবে বলে আশা করা যায় ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

কিডনি পাচার চক্র

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯) শ্রী পুণ্ডরীকাক্ষ সাহা : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সম্প্রতি আন্তঃরাজ্য কিডনি পাচার চক্রের কোনো হদিস সরকার পেয়েছে কিনা ;

(খ) পেয়ে থাকলে, উক্ত চক্রের সঙ্গে জড়িত কতজন ব্যক্তিকে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে ; এবং

(গ) বেআইনি কিডনি পাচার রোধে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে/করছে ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :

(ক) হ্যাঁ।

(খ) ১৭ জন।

(গ) কিডনি প্রতিস্থাপন হয় এমন হাসপাতাল ও নার্সিং হোমগুলিতে নজর রাখা হচ্ছে। দালালদের গোপন আস্তানায় নিয়মিতভাবে অভিযান চালানো হচ্ছে।

মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে চিকিৎসায় অর্থ সাহায্য

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৫) **শ্রী তজমুল হোসেন** : মুখ্যমন্ত্রীর সচিবালয় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০০৭ থেকে ৩১শে জানুয়ারি, ২০০৯ পর্যন্ত সরকার মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে চিকিৎসার জন কতজনকে অর্থ সাহায্য করেছে ; এবং

(খ) উক্ত সময়ে অর্থ সাহায্য আবেদনকারীর সংখ্যা কত ছিল ?

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :

(ক) ৩,২৩০ জন।

(খ) ৬,১৪৮ জন।

কে.আই.টি.-র ভাড়া দেওয়া আবাসনের সংখ্যা

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪) **শ্রী তাপস পাল** : নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কে.আই.টি.-কে ভাড়া দেওয়া আবাসনের মোট সংখ্যা কত ;

(খ) ওই আবাসনগুলির ভাড়াটিয়া আবাসিকদের মধ্যে বিক্রি করে দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(গ) থাকলে, বিক্রয়ের শর্তগুলি কিরূপ ?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) কে.আই.টি-র ভাড়া দেওয়া ২৫টি আবাসনের মোট ফ্ল্যাটের সংখ্যা ৭১০৮টি।

(খ) হ্যাঁ।

(গ) নিম্নোক্ত শর্তসাপেক্ষে ফ্ল্যাটগুলি বিক্রয় করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে—

১। যে ফ্ল্যাটে যিনি বসবাস করেন সেই ফ্ল্যাটটি কেনার জন্য নির্দিষ্ট বিজ্ঞপ্তির ক্ষেত্রে তার সম্মতিসাপেক্ষে তাকে ফ্ল্যাটটি বিক্রয় করা হবে।

২। কলকাতার উন্নয়ন সংস্থার অনুমোদিত ভাড়াটিয়াদের স্বল্পমূল্যে বিভিন্ন তলের জন্য প্রতি বর্গফুটভিত্তিক বিভিন্ন হারে বিক্রয় করা হবে।

৩। এছাড়া অন্যান্য বসাবাসকারীদের নির্দিষ্ট শর্তসাপেক্ষে বিক্রয় করা হবে।

তেহট্ট থানা এলাকার বিভাজন

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৬) শ্রী **বিশ্বনাথ ঘোষ** (নদিয়া) : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

তেহট্ট থানার অন্তর্গত এলাকাকে ভাগ করে ১টি থানায় রূপান্তরিত করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হ্যাঁ আছে।

চিকিৎসাজাত বর্জ্য ধ্বংসের ব্যবস্থা

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৬) শ্রী **সুব্রত বক্সী** : পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের সকল হাসপাতাল, নার্সিংহোম ও চিকিৎসাকেন্দ্রের চিকিৎসাজাত বর্জ্য পদার্থের পরিশোধন/ধ্বংস করার নিজস্ব কোনো ব্যবস্থা আছে কি না ; এবং

(খ) না থাকলে, উক্ত বর্জ্য পদার্থসমূহের সঠিক বৈজ্ঞানিক উপায়ে পরিশোধন/ধ্বংস করার জন্য সরকার কি ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে/করছে ?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যের অধিকাংশ স্বাস্থ্য কেন্দ্রগুলি আইনানুগ জৈব বর্জ্য (ক্লিনিক্যাল ওয়েস্টস) ধ্বংস সাধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে।

(খ) যে সকল হাসপাতাল, নার্সিংহোম ও চিকিৎসাকেন্দ্রের নিজস্ব চিকিৎসাজাত বর্জ্য পদার্থের পরিশোধনের ও ধ্বংসের ব্যবস্থা নেই, তাদের উক্তরোক্ত 'সাধারণ বায়োমেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট ফেসিলিটি'-তে যুক্ত হওয়া বাধ্যতামূলক করা হয়েছে।

এছাড়া চিকিৎসাজাত বর্জ্য পদার্থের সঠিকভাবে পৃথকীকরণ, ব্যবহৃত হওয়ার পরে ইঞ্জেকশনগুলিকে কেটে ফেলা এবং নির্দিষ্ট রঙের ব্যাগে ওই বর্জ্য পদার্থগুলিকে রাখাও বাধ্যতামূলক করা হয়েছে।

এই সকল ব্যবস্থা গ্রহণ না করলে চিকিৎসাকেন্দ্রগুলির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। যথা—শুনানিতে হাজির দিতে বলা, জরিমানা ধার্য করা ও ক্ষেত্র বিশেষে বন্ধের নির্দেশও দেওয়া হয়ে থাকে। ২০০৮ সালে দুটি সরকারি হাসপাতাল ও সাতটি বেসরকারি নার্সিংহোমের বিরুদ্ধে বন্ধের নির্দেশ দেওয়া হয়েছিল।

চিকিৎসাজাত বর্জ্য পদার্থ বৈজ্ঞানিক উপায়ে পরিশোধন/ধ্বংস করার জন্য সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপগুলি নিম্নরূপ :

- চিকিৎসাজাত জৈব বর্জ্য (ব্যবস্থাপনা ও পরিকল্পনা) নিয়মাবলী, ১৯৯৮-এর ৫নং ধারা অনুসারে হাসপাতাল, নার্সিংহোম ও অন্যান্য চিকিৎসাকেন্দ্র থেকে উৎপন্ন চিকিৎসাজাত বর্জ্য পদার্থ পরিশোধন করা বাধ্যতামূলক এবং এই দায়িত্ব সকল স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রগুলির উপর ন্যস্ত। এই পরিশোধন করার ব্যবস্থা স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রগুলি নিজেরাই করতে পারে বা সাধারণ বর্জ্য পরিশোধন কেন্দ্রের মাধ্যমে করতে পারে।
- চিকিৎসাজাত বর্জ্যের সঠিক ব্যবস্থাপনার জন্য রাজ্যের মোট পাঁচটি স্থান (যথা—হাওড়া, হলদিয়া, আসানসোল, কল্যাণী ও শিলিগুড়িতে) 'সাধারণ বায়োমেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট ফেসিলিটি' স্থাপন করা হয়েছে। কলকাতাতে আরো একটি এই ধরনের ব্যবস্থা স্থাপন করার জন্য পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ অনুমতি প্রদান করেছে এবং কল্যাণী মিউনিসিপ্যালিটি, ডায়মণ্ডহারবার মিউনিসিপ্যালিটি ও রাজ্যের স্বাস্থ্য দপ্তরের সহযোগিতায় কল্যাণী জহরলাল নেহরু মেডিক্যাল হাসপাতালে ও ডায়মণ্ডহারবার মহকুমা হাসপাতালে দুটি 'ফেসিলিটি' আছে। এই দুটি 'ফেসিলিটি'-তে অটোক্লেভ/মাইক্রোওয়েভ আছে। আরো ৪টি ছোট সাধারণ বায়োমেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট ফেসিলিটি উত্তরবঙ্গের বিভিন্ন মিউনিসিপ্যালিটিতে করার প্রস্তাব করা হয়েছে।
- এই সকল সাধারণ বায়োমেডিক্যাল ওয়েস্ট ম্যানেজমেন্ট ফেসিলিটিতে কঠিন জৈব বর্জ্য পরিশোধন, ধ্বংস প্রভৃতি করার জন্য দুই কক্ষবিশিষ্ট ইনসিনারেটর, অটোক্লেভ, স্রেডারের ব্যবস্থা আছে। এছাড়া তরল বর্জ্যের পরিশোধনেরও ব্যবস্থা আছে।
- রাজ্যের মোট পনেরটি সরকারি হাসপাতালে অটোক্লেভ বা মাইক্রোওয়েভ মেশিন দ্বারা চিকিৎসাজাত বর্জ্য পদার্থ পরিশোধন করা হয়।

জাতীয় সড়ক ৪১-এ পথ দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৬) **শ্রী ব্রহ্মময় নন্দ** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারি, ২০০৭ থেকে ৩১শে জানুয়ারি, ২০০৯ পর্যন্ত পূর্ব মেদিনীপুর জেলার অন্তর্গত জাতীয় সড়ক ৪১-এ পথ দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা কত ?

স্বরাষ্ট্র (আরক্ষা) ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

১৩২।

মল্লিকদের মার্বেল প্যালেস

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২) **শ্রীমতী মালা সাহা** : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতার মুক্তারামবাবু স্ট্রীটের ঐতিহাসিক "মল্লিকদের মার্বেল প্যালেস" ভবনটি হেরিটেজ ভবন হিসাবে তালিকাভুক্ত করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, ওই বাড়িতে দর্শনার্থীদের প্রবেশের ক্ষেত্রে নিয়মাবলী কিরূপ ?

তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিহোদয় :

(ক) ভবনটি গ্রেড-I হেরিটেজ ভবন হিসেবে তালিকাভুক্ত করা হয়েছে।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন অধিকারের উপ-অধিকর্তা অথবা ভারত সরকারের পর্যটন দপ্তরের অন্তর্গত কলকাতাস্থিত আঞ্চলিক অধিকর্তার দপ্তর কর্তৃক প্রদত্ত অনুমতিপত্র সংগ্রহপূর্বক প্রতিদিন (বৃহস্পতিবার বাদে) সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত দর্শনার্থীরা ভবনটি দর্শন করতে পারেন।

রাজ্যে থানার সংখ্যা

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮১৬) **শ্রী তারাপদ চক্রবর্তী** : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারি, ২০০৯-এর হিসাব অনুযায়ী রাজ্যে মোট থানার সংখ্যা কত (কলকাতা পুলিশ ও রাজ্য পুলিশ পৃথক পৃথকভাবে) ;

(খ) বর্তমানে পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায় থানার সংখ্যা বাড়ানোর কোনো পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) থাকলে, পরিকল্পনাটির রূপরেখা কিরূপ ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিহোদয় :

(ক)

রাজ্য পুলিশ	৪৩১টি
কলকাতা পুলিশ	৪৮টি
মোট	৪৭৯টি

(খ) হ্যাঁ।

(গ) পশ্চিম মেদিনীপুরে ৫টি (পাঁচটি), বাঁকুড়াতে ৩টি (তিন) ও পুরুলিয়ায় ৫ (পাঁচটি) নতুন থানা তৈরির প্রস্তাব আছে।

মল্লিকঘাট ফুলবাজার সংস্কার

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *২৬০) শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় অবস্থিত মল্লিকঘাট ফুলবাজারটি সম্প্রসারণ, আধুনিকীকরণ ও উন্নতি সাধনে সরকারের পরিকল্পনা কিরূপ ; এবং

(খ) ওই ফুলবাজারে মোট কত সংখ্যক ফুল ব্যবসায়ী আছেন ?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিহোদয় :

(ক) কলকাতায় অবস্থিত মল্লিকঘাট ফুলবাজারের সম্প্রসারণ ও আধুনিকীকরণের উদ্দেশ্যে প্রায় ৩৪০০ স্কোয়ার মিটার এলাকার উপর গাড়ি রাখার জায়গাসহ চতুর্থতলবিশিষ্ট একটি আধুনিক ফুলবাজার ও ফুল নিলাম কেন্দ্র গড়ে তোলা হবে। প্রস্তাবিত ফুল বাজারে নিম্নলিখিত সুযোগ-সুবিধার ব্যবস্থা থাকবে :

(১) দৈনিক ২০০০-৩০০০ জন ফুল ব্যবসায়ীর বসার ব্যবস্থা।

(২) বর্তমান ২৪৪টি দোকান ঘরের পুনর্বাসন এবং অতিরিক্ত ৪০টি নতুন দোকান ঘর নির্মাণ।

(৩) ভূমিতলে গাড়ি রাখার ব্যবস্থা।

(৪) এছাড়া প্রস্তাবিত ফুলবাজারে হিমঘর, ফুল ঝাড়াই-বাছাইয়ের ব্যবস্থা, নিলাম ঘর, আলোচনা কক্ষ, নিলামদারদের থাকার ব্যবস্থা, অতিথি নিবাস, ব্যাঙ্ক, রেস্টুরেন্ট, প্রশাসনিক অফিস ইত্যাদির ব্যবস্থা থাকবে।

(৫) প্রকল্পটির অনুমোদিত ব্যয় প্রায় কুড়ি কোটি টাকা।

(৬) প্রকল্পটি নির্মাণের জন্য কলকাতা পৌরনিগম ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার অনুমোদন ইতিমধ্যে পাওয়া গেছে।

প্রকল্পটি রূপায়িত হলে সমগ্র পূর্ব ভারতের ফুল চাষী এবং পুল ব্যবসায়ী ও রপ্তানিকারকরা সবাই বিশেষভাবে উপকৃত হবেন এবং এই বাজারটিকে কেন্দ্র করে এই অঞ্চলের উৎপাদিত ফুলের আন্তর্জাতিক বাণিজ্যের আরো বৃদ্ধি পাবে।

(খ) মল্লিকঘাট ফুলবাজারে বর্তমানে মোট ২৪৪টি দোকানঘর আছে এবং খোলা বাজারে তিনটি শিফ্‌টে প্রায় গড়ে ২০০০-২৫০০ জন ফুলচাষী/ব্যবসায়ী প্রতিদিন বসেন।

স্বনিযুক্তি ক্ষেত্রে ব্যাঙ্ক ঋণ

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬৩) শ্রী শিবপ্রসাদ (রতন) বন্দ্যোপাধ্যায় : স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ২০০৮ থেকে ৩১শে ডিসেম্বর, ২০০৯ পর্যন্ত স্বনিযুক্তি ক্ষেত্রে রাজ্যের কতজন যুবক-যুবতী ব্যাঙ্ক ঋণ পেয়েছেন (নির্দিষ্ট প্রকল্পভিত্তিক) ; এবং

(খ) উক্ত ঋণের ক্ষেত্রে রাজ্য সরকার কর্তৃক প্রদেয় অনুদানের পরিমাণ কত ?

স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিহোদয় :

(ক) এই বিভাগ শুধুমাত্র বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প (বি.এস.কে.পি.) নামক স্বনিযুক্তি প্রকল্পের রূপায়ণের দায়িত্বপ্রাপ্ত। উক্ত প্রকল্পে ওই সময়কালে ১২,৫৫৪ জন যুবক-যুবতী ব্যাঙ্ক ঋণ পেয়েছেন।

(খ) উক্ত ঋণের ক্ষেত্রে রাজ্য সরকার কর্তৃক প্রদেয় অনুদানের পরিমাণ ৫০ কোটি ৯২ লক্ষ টাকা।

Death due to Road accidents

*62. (Admitted question No. *246) **Shri Asit Kumar Mal:** Will the Minister-in-Charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of people died in road accidents in the State during 2008 ; and

(b) the details thereof (district-wise) ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিহোদয় :

(a) ৫২৯৪ জন।

(b)

উত্তর ২৪-পরগনা	—	৪৪৬
দক্ষিণ ২৪-পরগনা	—	৩৫৮
হাওড়া	—	৪০৪
নদিয়া	—	২৭০
মুর্শিদাবাদ	—	২৮৯
বর্ধমান	—	৬৭৩
হুগলি	—	৩৮৯
বীরভূম	—	২০২
পশ্চিম মেদিনীপুর	—	৩১০
পূর্ব মেদিনীপুর	—	২৮০

বাঁকুড়া	—	১৩৯
পুরুলিয়া	—	১২৭
মালদা	—	২০৭
উত্তর দিনাজপুর	—	২১০
দক্ষিণ দিনাজপুর	—	৮৩
জলপাইগুড়ি	—	২৪১
দার্জিলিং	—	১৪৫
কোচবিহার	—	১০০
কলকাতা	—	৪২১
মোট	—	৫২৯৪ জন

মালদা জেলায় জাল নোট চক্র

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৬১) **শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী :** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১.১.০৮ থেকে ৩১.১২.০৮ পর্যন্ত মালদা জেলায় জাল নোট ছড়ানোর অভিযোগে মোট কত জনকে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিহোদয় :

৭ জন।

রাজনৈতিক সংঘর্ষের সংখ্যা

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬২) **শ্রী অশোককুমার দেব :** বিগত ১৭.৭.০৮ তারিখে উত্থাপিত বিধানসভা প্রশ্ন নং *৩৭৬ (অনুমোদিত প্রশ্ন নং *১৭২)-এর পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা ফেব্রুয়ারি, ২০০৮ থেকে ৩১শে ডিসেম্বর, ২০০৮ পর্যন্ত কত সংখ্যক রাজনৈতিক সংঘর্ষ হয়েছে ; এবং

(খ) ওই সংঘর্ষের ফলে (১) কতজন মানুষ প্রাণ হারিয়েছেন ; ও

(২) উক্ত ঘটনায় জড়িত কতজনকে গ্রেপ্তার করা হয়েছে ?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিহোদয় :

(ক) ১১৪২টি।

(খ) (১) ৬০ জন (২) ২৭৩৯ জন।

মাদ্রাসা শিক্ষক/শিক্ষিকার শূন্য পদের সংখ্যা

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮০১) ডঃ আশীষ ব্যানার্জী : সংখ্যালঘু বিষয়ক এবং মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১ শে জানুয়ারি, ২০০৯-এর হিসেব অনুযায়ী রাজ্যের মাদ্রাসাগুলিতে শিক্ষক/শিক্ষিকার শূন্য পদের সংখ্যা কত ?

সংখ্যালঘু বিষয়ক এবং মাদ্রাসা শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিহোদয় :

জনুয়ারি ৩১, ২০০৯ পর্যন্ত রাজ্যের মাদ্রাসাগুলিতে শূন্য পদের সংখ্যা ২০০৫।

[12.00 – 12.10 p.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day, I have received three notice of Adjournment Motion. The First one is from Shri Dulal Bar, Shri Jyoti Priya Mallick, Shrimati Sonali Guha (Bose), Shri Kallol Khan and Shri Kalipada Mandal on the subject of alleged non-payment of compensation, etc. to the families of the victims of Nandigram incident. The Second one in from Shri Ashok Kumar Deb on the subject of reported incident of attack on the workers of Trinamool Congress Party and the Third one is from Shri Asit Kumar Mal on the subject of urge for maintaining law and order situation in the State.

A Notice of Adjournment Motion on the subject similar to the first motion was received on the 15th March, 2000 and consent to it was withheld by me. As such the notice is out of order and I reject it.

The subject matter of the remaining motions are not such that may call for adjournment of business of the House. Members will got angle scope to raise the matters during the discussion on Governor's Address which is going on. Besides, the Members may also invite attention of Ministers concerned through Calling Attention, Mention, Question, etc.

I, therefore, withhold my consent to both the Motions.

One Member of the Party may, however, read the text of the Motion, as amended.

শ্রী অসিতকুমার মাল : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

গতকাল জলপাইগুড়ি জেলায় আলিপুরদুয়ারে বোমা বিস্ফোরণে দুজনের মৃত্যু হয়েছে ও অনেকে আহত হয়েছেন। বীরভূম জেলার ঝাড়খণ্ড সীমান্তে ৭ জন ডাকাতকে হত্যা করা হয়েছে। তাছাড়া প্রায় কোনো না কোনো জেলায় রাজনৈতিক সংঘর্ষে মানুষ মারা যাচ্ছেন। রাজ্যের আইন-শৃঙ্খলার চরম অবনতি ঘটছে। রাজ্যের গোয়েন্দা বিভাগ সম্পূর্ণভাবে ব্যর্থ। বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থী হিসাবে যারা লোকসভার নির্বাচনে অংশগ্রহণ করতে চলেছেন, তাঁরা আতঙ্কিত। এ ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীকে আইন-শৃঙ্খলা বজায় রাখার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি।

শ্রী অশোক কুমার দেব : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

লোকসভা নির্বাচনের আগে গরিষ্ঠ শাসকদলে বিভিন্ন স্থানে হামলা চালাচ্ছে। আমাদের বহু কর্মী এলাকায় ঢুকতে পারছেন না। প্রশাসনকে জানিয়ে কোনো লাভ হচ্ছে না। গতকাল বারাসাতে তৃণমূলের প্রার্থীর উপরে গরিষ্ঠ শাসক দলের সমর্থকরা হামলা করে , প্রার্থী হাসপাতালে ভর্তি আছেন।

POINT OF INFORMATION

Mr. Speaker : What is your information, Shri Srutinath Praharaj.

শ্রী শ্রুতিনাথ প্রহরাজ : স্যার, এ এক অদ্ভুত পরিস্থিতি তৈরি করেছে আমাদের রাজ্যের বিরোধী দলের লোকেরা। বাইরে সি পি এম কর্মীদের খুন করে, বিধানসভায় এসে আইন-শৃঙ্খলার অবনতি কেন হচ্ছে জানতে চাইছেন। একটা অদ্ভুত দ্বিচারিতা শুরু করেছে। গতকালকে বহরমপুরে আঞ্চলিক কমিটির সম্পাদক কমঃ গোপাল মণ্ডল খুন হয়েছেন। বেলপাহাড়ী আঞ্চলিক কমিটির সদস্য কমঃ দুর্গা দেশোয়ালি খুন হয়েছেন। রায়না এবং বহরমপুরে খুন হওয়ার ঘটনার প্রতিবাদে আলিপুরদুয়ারে যে মিছিল হচ্ছিল সেই মিছিলের মধ্যে আমাদের একজন খেতমজুর কর্মী সোহরাব দেওয়ান, তাঁকে টাঙ্গি বল্লম দিয়ে খুন করা হয়েছে। টিটাগড়ে ডি ওয়াই এফ আই-এর তিন নম্বর ইউনিটের যুবকর্মী বিজয় সাউকে গুলি করে খুন করা হয়, মিটিং চলাকালীন। নদিয়ার পলাশীপাড়ায় তৃণমূলের আক্রমণে শ্রমিক নেতা সুনীল বিশ্বাস আহত হয়েছেন, মৃত্যুর সঙ্গে পাঞ্জা কষছেন। ধনেখালিতে সুমনা মাণ্ডি, ঝর্ণা মাণ্ডিকে মধ্যযুগীয় কায়দায় পুড়িয়ে মারা হয়েছে।

স্যার, আমার একটা প্রশ্ন আপনার কাছে—বহরমপুরে গত পাঁচ মাসে আমাদের তিনজন লোকাল কমিটির সম্পাদক খুন হলেন। প্রকাশ্যে, সবাই জানেন বহরমপুরের সাংসদ

এই খুনিদের নেতৃত্ব দিচ্ছেন। অবিলম্বে এই সাংসদকে গ্রেপ্তার করতে হবে, তৃণমূলের নেতাদের গ্রেপ্তার করতে হবে। ওরা বাইরে খুন করে এসে এখানে সাধু সেজে ঘুরে বেড়াচ্ছে। তৃণমূলের সদস্যরা অস্ত্র মজুত করে গোটা রাজ্যে হিংসার বাতাবরণ তৈরি করতে চাইছে। আমরা মাওবাদীদের রাজনৈতিকভাবে মোকাবিলা করব। কিন্তু এই কংগ্রেস, তৃণমূল কংগ্রেস রাতের অন্ধকারে মাওবাদী সেজে একের পর এক সি পি আই (এম) কর্মীদের খুন করছে। ওদের জনগণ শাস্তি দেবে, আস্তাকুঁড়ের আবর্জনায় এদের ছুঁড়ে ফেলে দেবে মানুষ। সেইদিনের জন্য অপেক্ষা করুন।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received one notice of Calling Attention from Dr. Asish Banerjee on the subject of steps for a new Industrial Hub at Shibpur Mouza near Bolpur. I admit it. The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Sailen Sarkar : Sir, on 25th March.

PRESENTATION OF REPORT

Fourth Report of the Standing Committee on Irrigation & Waterways and Water Investigation & Development (2008-2009)

Shri Saktipada Khara : Sir, with your permission, I beg to present the Fourth Report of the Standing Committee on Irrigation & Waterways and Water Investigation & Development (2008-2009) on the Subarnarekha Barrage Project.

Fourteen Report of the Standing Committee on Public Works and Public Health Engineering (2008-2009)

Shri Jane Alam Mian : Sir, with your permission I beg to present the Fourteenth Report of the Standing Committee on Public Works and Public Health Engineering (2008-2009) on the action taken by the Public Works Development on the recommendations as contained in the Third Report of the Standing Committee on Public Works and Public Works and Public Health Engineering (2006-2007).

LAYING OF RULES

The West Bengal Town & Country Planning (Development of Township projects) Rules, 2008.

Shri Ashok Bhattacharya : Sir, I beg to lay the West Bengal Town & Country Planning (Development of Township Projects) Rules, 2008 published in the Kolkata Gazette, Extraordinary dated the 31st October, 2008 under Urban Development Department's Noticification No. 2255-T & CP/C-2/1C-3/2005(II) dated the 27th October, 2008.

MENTION CASE

শ্রী ইউনুস সরকার : স্যার, আমি আপনার মাধ্যমে গুরুত্বপূর্ণ একটি বিষয় উল্লেখ করতে চাই—আমরা নিরাপত্তার অভাব বোধ করছি। গতকাল ঘটনার কথা সবাই জানেন এবং সবাই দেখেছেন। গতকাল গোপাল মণ্ডল পার্টির নেতা—লোকাল কমিটির সম্পাদক তাকে দিনের বেলা প্রকাশ্যে গুলি করে খুন করা হল। এই ঘটনা প্রথম নয়। নির্বাচন আসলে এই খুনি বাহিনীর নেতা তার নির্দেশে একেবারে পরিকল্পিতভাবে গোটা মুর্শিদাবাদ জেলায় বিশেষ করে বহরমপুর কেন্দ্রে যেখানে সাংসদ [***] আছেন—সেই জায়গায় সেই কেন্দ্রে পরিকল্পিতভাবে খুন করার চেষ্টা হচ্ছে। স্যার আমি পরিষ্কারভাবে বলতে চাই গত ১২ই নভেম্বর পার্টির লোকাল কমিটির সম্পাদক আবদুল মজিদ সেখ—নিমতলা লোকাল কমিটির সম্পাদক তাঁকে খুন করা হয়েছে। ২০শে নভেম্বর পার্টি কমিটির সদস্য শ্বেতকণ্ঠ মণ্ডল জজান লোকাল কমিটির সম্পাদক তাঁকে খুন করা হয়। গতকাল গোপাল মণ্ডলকে খুন করা হয়। যাতে কেউ অন্ততপক্ষে কংগ্রেসের বিরুদ্ধে রাস্তায় না বেরোয়, ভোট দিতে না বেরোয়—তার জন্য ভয় ও সন্ত্রাস সৃষ্টি করছে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

মিঃ স্পীকার : যে লোক মেম্বার নয় হাউসে তার নাম নেওয়া যায় না—নাম বাদ যাবে।

[12.10 – 12.20 p.m.]

শ্রী মহাদেব পাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ইন্দাস বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ইন্দাস ব্লকে দুই বছর যাবৎ কোনো এ.ডি.ও. নেই। সেখানে দুজন মাত্র কে.পি.এস. আছেন। এই ইন্দাস ব্লকটি কৃষিজ দ্রব্য উৎপাদনে এক নম্বর জায়গা দখল করে আছে। কিন্তু এ.ডি.ও. না থাকার জন্য কৃষকরা তাদের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। বিগত দিনে আলু চাষে ধসা রোগ দেখা

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

দেওয়ার ফলে চাষিরা ক্ষতিগ্রস্ত হয়। ওইখান একজন এ.ডি.এ. অবিলম্বে যাতে নিয়োগ করা হয় তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের অধীন তুলসীহাটা থেকে বারদুয়ারী ভায়া সায়রা, কুশোল, সুলতাননগর পর্যন্ত রাস্তাটি বেহাল অবস্থায় রয়েছে। এই রাস্তাটি প্রত্যন্ত এলাকার একমাত্র যোগাযোগ ব্যবস্থা। এই এলাকায় প্রায় ২০টি গ্রামই সংখ্যালঘু ও তপশিলি অদিবাসী মানুষের বাস। এই অনুন্নত যোগাযোগ ব্যবস্থার জন্য এই এলাকার মানুষজন বিভিন্ন উন্নয়ন থেকে বঞ্চিত হচ্ছেন। বিগত দিনেও এই রাস্তাটির কথা বারবার আমি এই বিধানসভায় বলেছি, কিন্তু অদ্যাবধি কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এর ফলে এলাকার মানুষের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে এবং তারা চরম আন্দোলনের হুমকি দিচ্ছে। অবিলম্বে এই রাস্তাটি নির্মাণ করার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী শীতল সর্দার : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র সাঁকরাইল। হুগলি নদীর উত্তর পার্শ্বে রাজগঞ্জ থেকে সারেঙ্গা পর্যন্ত দীর্ঘ পাঁচ কিলোমিটার এলাকায় নদীর ভাঙ্গন দেখা দিয়েছে। শুধু এখানেই নয়, এর আগেও এই ব্যাপারটা আমি বিধানসভায় বলেছি, কিন্তু আজ অবধি কোনো কাজ সেখানে হয়নি। আজকে রাজগঞ্জে একটি রাস্তা নির্মাণ নদীগর্ভে চলে যেতে বসেছে। সারেঙ্গার মালিকপুরে একটা মিল আছে, যেখানে পাঁচ-ছয় হাজার কর্মচারী কাজ করে। সেই মিলটি আস্তে আস্তে নদীগর্ভে চলে যেতে বসেছে। ওই মিলটির পাশেই একটা শিব মন্দির নদীগর্ভে চলে গিয়েছে। সারেঙ্গার একটি জায়গায় রাসমেলা হয়, সেই জায়গাটিও নদীগর্ভে চলে গিয়েছে। এই হাউসে মালদহ, মুর্শিদাবাদ, নদিয়ার নদী ভাঙনের কথা বলা হয়। কিন্তু হাওড়া জেলায় সাঁকরাইলে যেভাবে নদী ভাঙন দেখা দিয়েচে তাতে শুধু পাঁচ কিলোমিটার এলাকায় নয়, আস্তে আস্তে ২৫ কিলোমিটার এলাকা নদীগর্ভে চলে যাবে। অবিলম্বে সেখানে যুদ্ধকালীন ভিত্তিতে নদী ভাঙন রোধ করার জন্য ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় সেচমন্ত্রীর কাছে অনুরোধ করছি।

শ্রীমতী কল্পনা কোলে : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে জানাতে চাই, আগে আমরা খবরের কাগজ পড়ার জন্য সকালবেলায় উদগ্রীব হয়ে থাকতাম। বিজ্ঞানের আশীর্বাদস্বরূপ দেশের উন্নয়নের টাটকা তাজা খবরগুলো আমরা খবরের কাগজে দেখতে পাব। আর আজ আমাদের খবরের কাগজ খুলতেই ভয় হচ্ছে। খবরের কাগজ খুললেই আমরা দেখতে পাচ্ছি স্বজন হারানো মায়ের কান্না, স্ত্রীর আর্তনাদ, ছেলে-মেয়ের সর্বহারার উদাস দৃষ্টি। আমরা দেখতে পেলাম বহরমপুরের পূর্ব আঞ্চলিক কমিটির সম্পাদক কমঃ গোপাল মণ্ডল, বেলপাহাড়ির কমঃ সন্তোষ মাহাতো, কমঃ দুর্গা দেশোয়ালীর মৃত্যুর খবর। বিরোধীদের হাতে এদের খুন

হতে হয়েছে। ডুয়ার্সের বাজারে বিস্ফোরণে ৬০ জন জখম হয়েছে। স্যার, এই বিরোধীরাই আবার ১৯৭২ থেকে ১৯৭৭ সালের মতো রাতের অন্ধকারে চোরের মতো খুন করে পালিয়ে যাওয়া শুরু করেছে। তাই অবিলম্বে এদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার দাবি জানাচ্ছি। খেটে-খাওয়া গরীব মানুষ যেন এদের ক্ষমা না করে।

শ্রী জগন্নাথ মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি এবং উদ্যান পালন বিভাগের মন্ত্রী মহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করছি। আমি খুব জরুরি কারণে তাঁদের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, যদিও চারদিকে খুন জখম হচ্ছে, তা সত্ত্বেও আমাদের জেলার এই সমস্যাটির কথা আমাকে এখানে তুলে আনতে হচ্ছে। এই প্রসঙ্গে বলি, ঠাণ্ডা হঠাৎ কমে গেল। আর এই ঠাণ্ডা কমে গেলেও রাতের দিকে কিন্তু ঠাণ্ডাটা আছে, অথচ দিনের বেলায় উত্তাপটা বেশি থাকার জন্য গরম হচ্ছে। আমাদের পূর্ব মেদিনীপুর জেলার চাষিদের মূল আর্থিক ভরসা, পান চাষ। সেই পানে হঠাৎ করে একটা রোগের সংক্রমণ ঘটেছে। পূর্ব মেদিনীপুরের সব ব্লকগুলোতে এটা হয়েছে। বিশেষ করে তমলুক মহকুমার ব্লকগুলিতে এবং মাতঙ্গিনীতে। জৈব কারণে এটা হয়েছে, এটা চাষিদের মেরুদণ্ড ভেঙে দেবে। কয়েক মাস আগে এই পান ভিন জেলাতে চলে যাওয়ার যে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছিল, সে সময় মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে সেই সমস্যার মোকাবিলা করা হলেও বর্তমানে হঠাৎ করেই এই সংক্রমণের ফলে পানের বরোজগুলি ধ্বংসের মুখে পড়েছে এতে চাষিদের মেরুদণ্ড ভেঙে যাবে। এই বিষয়টি গুরুত্ব দিয়ে দেখার জন্য আমি আবার মাননীয় মন্ত্রিমহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী চিত্তরঞ্জন মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তপশিলি জাতি, উপজাতি কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যারা আর্থিক এবং শিক্ষাগত দিক থেকে অনগ্রসর, যাদের জন্মগত কোনো প্রমাণপত্র নেই বা শংসাপত্র নেই এদের শংসাপত্র পাওয়াটা খুবই কঠিন। সম্প্রতি জেলার জেলাশাসকরা নতুন একটি নির্দেশিকা পাঠিয়েছেন। তাদের সমর্থনে যারা শংসাপত্র দেবে বা তাদের সাহায্য করবে তাদেরকে সশরীরে ব্লক অফিসে হাজির হতে হবে। এটা আইনগত দিক থেকে ঠিক আছে বা একে সঠিক মনে হলেও এরকম কেউ কিন্তু যেতে চান না। ফলে এইসব অনগ্রসর শ্রেণির মানুষজনের সার্টিফিকেট পাওয়াটা জটিল হয়ে গেল। অনিশ্চিত হয়ে গেল। এই আইনটা সংশোধন করা দরকার। এই দিকে দৃষ্টি দেওয়ার জন্য মাননীয় মন্ত্রীকে বিশেষভাবে বলব এবং এক্ষেত্রে সরলীকরণের দাবি জানাব। ধন্যবাদ।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি গতকাল মুর্শিদাবাদ জেলায় বহরমপুর পূর্ব লোকাল কমিটির সম্পাদক গোপাল মণ্ডল কংগ্রেস মদতপুষ্ট সমাজবিরোধীদের দ্বারা দিনের বেলায় খুন হয়েছেন। এই পাঁচ মাসে বহরমপুরে তিনজন আঞ্চলিক কমিটির সদস্যকে খুন করা হল। মজিদ শেখ, শীতকণ্ঠ মণ্ডল, দেবাশিস ঘোষালকে। এর ফলে আমরা খুবই

নিরাপত্তাহীনতায় ভুগছি। এছাড়াও গোটা পশ্চিমবাংলায় বেলপাহাড়ি, টিটাগড়, বর্ধমানে কংগ্রেস, তৃণমূল কংগ্রেস, মাওবাদীরা যৌথভাবে চক্রান্ত করে নৈরাজ্য সৃষ্টি করছে। আমরা মনে করি তারা আবার সেই ১৯৭২-৭৭ সালকে ফিরিয়ে আনার চেষ্টা করছে। আমরা এর বিরুদ্ধে সোচ্চার হচ্ছি। এবং এ বিষয়ে বিশেষভাবে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দোষী ব্যক্তিদের শাস্তির দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী দুলাল চন্দ্র বর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় আইনমন্ত্রীর কাছে একটি আবেদন করছি। আজ থেকে ১৯ বছর আগে ভারত সরকার দ্য সিডুইলড কাস্ট সিডুইলড ট্রাইব প্রিভেনশন অফ অ্যাট্রোসিটিস অ্যাক্ট। সংক্ষেপে 'পোয়া' এই আইনটা চালু করেছিল

[12.20 – 12.30 p.m.]

তপশিলি জাতি এবং উপজাতিদের উপর খুন ধর্ষণ এবং নানাবিধ অত্যাচারের বিচার করার জন্য। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি, ১০ বছর আগে ভারত সরকার যে আইনটি চালু করেছিল এবং প্রতিটি রাজ্যকে বলেছিল এই আইনটি চালু করার জন্য, অথচ পশ্চিমবঙ্গ সরকার এই আদিবাসী এবং তপশিলি জাতি এবং উপজাতিদের উপর অত্যাচারের বিচারের জন্য আইন চালু করেনি। অবিলম্বে যাতে এই আইনটি পশ্চিমবাংলায় চালু হয় তার জন্য আবেদন জানাচ্ছি। এই পোয়া আইনের মাধ্যমে যাতে তপশিলি জাতি, উপজাতি এবং আদিবাসীদের উপর অত্যাচারের বিচার হয় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

শ্রী মুকুল মণ্ডল : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার মধ্যে বিলভোসিয়া অঞ্চলে ১২ হাজার একর জমি চাষ হয় তিলপাড়া ব্যারেজের জল থেকে। সেখান থেকে জল না পাওয়ার ফলে নবগ্রাম খড়গ্রাম সহ গোটা মুর্শিদাবাদ জেলা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। অতি সত্বর সেচমন্ত্রী মহাশয় যাতে জলের ব্যবস্থা করেন তার জন্য দাবি জানাচ্ছি।

শ্রী ব্রহ্মময় নন্দ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার পূর্ব মেদিনীপুর জেলার নরঘাট বিধানসভা কেন্দ্রের অন্তর্গত নন্দকুমার ব্লকে মেচেদা পুরসুরাঘাট রুটে ঠেকুয়া থেকে পুরসুরাঘাট এই ৫ কিলোমিটার রাস্তা পাকা রাস্তা একেবারে নষ্ট হয়ে গেছে, ব্লাকটপ দেখা যায় না। একেবারে মাটির সঙ্গে মিশে গেছে। বারে বারে বলছি কিন্তু সংস্কার হচ্ছে না। পান পরিবহনের অসুবিধা হচ্ছে, নিত্যযাত্রীদের অসুবিধা হচ্ছে। ন্যাবার্ড স্কীমের মধ্যে নিয়ে এসে রাস্তাটি যাতে সংস্কার করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদিয়া জেলা পরিষদ ৩.১২.২০০৮ তারিখে একটা

সিদ্ধান্ত নিয়েছে যে ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধি, প্রধান, পঞ্চায়েত সমিতির সভাপতি, জেলা পরিষদের সভাধিপতি, সহ-সভাধিপতি, এদের ক্ষেত্রে যারা পার্শ্বশিক্ষকের কাজ চলে গিয়েছে তাদের আর পুনর্নবিকরণ হবে না। আমাদের যে সার্কুলার দেওয়া হয়েছে তাতে পুনর্নবিকরণ হবে না এই কথা বলা নেই। সেই কারণে যারা জনপ্রতিনিধি, সে বিধায়ক হোক আর ত্রিস্তর পঞ্চায়েত জনপ্রতিনিধি হোক তাদের পুনর্নবিকরণ করা যাবে কি যাবে না সেটা পরিষ্কার করে জানানো হোক।

শ্রী প্রদীপ তা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলা শহরে যে রেল স্টেশন আছে তার উপরে একটা রেলওয়ে ওভারব্রীজ আছে, সেটা ১০০ বছরের পুরনো, জীর্ণ অবস্থা। এখানে যান নিয়ন্ত্রণ করা হচ্ছে, ভারী যান যেতে দেওয়া হচ্ছে না গত ২ বছর ধরে। এই ব্রীজ তৈরি করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে রেলওয়ে দপ্তরের সঙ্গে যোগাযোগ করে অবিলম্বে এই ব্রীজ নতুন করে নির্মাণের ব্যবস্থা তিনি যেন করেন। দুটি মহকুমা, কালনা, কাটোয়া এবং বিভিন্ন জেলা নদিয়া, বীরভূম এবং মুর্শিদাবাদের একমাত্র যোগাযোগকারী এই ওভারব্রীজ। অবিলম্বে রেলওয়ে দপ্তরের সঙ্গে যোগাযোগ করে এই ব্রীজ নতুন করে নির্মাণের উদ্যোগ যাতে পূর্ত দপ্তর করেন তার জন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী সাম্য পিয়ারী মাহাতো : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মানবাজার থেকে বাঁকুড়া রাস্তাটি মানবাজার পায়রাচারী রাস্তা, এর মাঝে কংসাবতী নদী। এখানে ২-৩ মাস প্রায় যোগাযোগ বন্ধ থাকে। বাঁকুড়ার মেডিকেল কলেজ এবং ইঞ্জিনিয়ারিং ডিগ্রি কলেজের সাথে ওই রাস্তা দিয়েই পুরুলিয়া জেলার দক্ষিণাংশের মানুষ যোগাযোগ করে থাকে। পায়রাচালী নদীর উপর একটি ব্রীজ তৈরি হচ্ছে। সে ব্রীজটি যাতে অনতিবিলম্বে শেষ করা হয়, তার জন্য দাবি জানাচ্ছি। কারণ কেন্দ্রীয় সরকারের অনুসৃত নীতির ফলে দিন দিন দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে। সুতরাং ওই ব্রীজের জিনিসপত্রের দামও বৃদ্ধি পাবে। তাই পুরুলিয়া জেলার দক্ষিণাংশের বহু মানুষের স্বার্থে বলছি, তারা যাতে যোগ্য পরিষেবা পায় এবং বাঁকুড়ার মেডিকেল কলেজের পরিষেবা পায়, সেই জন্য আমি আপনার মাধ্যমে পূর্ত, সড়ক এবং সেতু নির্মাণ দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে অনতিবিলম্বে এই ব্রীজের কাজ শেষ করার দাবি জানাচ্ছি।

শ্রীমতী উমারাণী বাউড়ি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে গুরুত্বপূর্ণ জরুরি বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি না এই দেশে তথা রাজ্যেও পঞ্চদশ লোকসভা নির্বাচন অনুষ্ঠিত হতে চলেছে। এই নির্বাচনের আগে সাধারণ মানুষ শান্তিপূর্ণভাবে তাদের কৃষ্টি সংস্কৃতি নিয়ে শান্ত পরিবেশের জন্য গণতান্ত্রিক আন্দোলনের মিছিলে সামিল হচ্ছেন। এমতাবস্থায় তৃণমূল কংগ্রেস, দুষ্কৃতীদের নাম নিয়ে, মাওবাদীদের নাম নিয়ে নিরীহ মানুষদের উপর অত্যাচার চালিয়ে, অতর্কিত আক্রমণ চালিয়ে খুন করছে। আমি বলি ওনারা যতই ষড়যন্ত্র করুন, ২০০১ সালের নির্বাচনে মানুষ যে রকমভাবে জবাব দিয়েছিলেন, সেই রকম নিশ্চিতভাবে এই নির্বাচনেও পশ্চিমবাংলার

গণতান্ত্রিক প্রিয় মানুষ তার জবাব দেবেন। রায়নায় নিরীহ মানুষদের উপর অত্যাচার চালিয়ে খুন করা হল এবং যারা খুন করেছিল, তাদের গ্রেপ্তারও করা হল। আমি সেই নারকীয় ঘটনার তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং ধিক্কার জানাচ্ছি। স্যার, আমি এই পবিত্র বিধানসভায় মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, সেখানে অবিলম্বে যাতে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। যারা দোষী, তাদের এমন দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা হোক, যাতে ভবিষ্যতে আর যেন নিরীহ মানুষদের উপর অত্যাচার না করতে পারে। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ ডেপুটি স্পীকার : আমি মাননীয় সদস্যদের বলছি, হাউসের ভেতরে থেকে সাংবাদিক্‌দের সাথে কথা বলা বা পেপার আদান-প্রদান করা ঠিক নয়।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু দুর্ভাগ্যের বিষয় রাজ্য সরকার যেন কুম্ভকর্ণের মতো ঘুমোচ্ছেন। এমনই ঘুম যে ভাঙছে না। যেন কোনো ভাল কাজ করছেন। কারণ আমাদের মাননীয় অর্থমন্ত্রী এর আগের সালে বলেছিলেন এক হাজার উচ্চবিদ্যালয়কে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হবে। যখন আমি ওনাকে জিজ্ঞাসা করলাম, তখন তিনি বললেন এইগুলো হবে, তবে এগুলো সব পাইপ লাইন আছে। স্যার, দুর্ভাগ্যের বিষয় যে পাইপ লাইন জ্যাম হয়ে গেছে। আর পাইপ লাইন থেকে বেরোচ্ছে না। কিছুতেই এই উচ্চ বিদ্যালয়গুলোকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত হচ্ছে না। আপনি তো বীরভূম জেলার মানুষ। আপনি জানেন বীরভূম জেলায় কত আদিবাসী লোকের বাস। কুসুম্বা উচ্চবিদ্যালয়গুলোকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হোক। শিক্ষা ক্ষেত্রে যে নৈরাজ্য চলছে, সেই নৈরাজ্যের হাত থেকে বাঁচান—এই আবেদন করছি।

[12.30 – 12.40 p.m.]

শ্রীমতী সৈয়দা ফারহাত আফরোজ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনারা সকলেই জানেন, পঞ্চায়েত ইলেকশনের পরে গোটা রাজ্য জুড়ে কংগ্রেস-তৃণমূল যে খুনের রাজনীতি শুরু করেছেন তাতে আমাদের অনেক কমরেড, কর্মীকে ওঁরা খুন করছেন। তার মধ্যে আমাদের উত্তর-দিনাজপুরের গোয়ালপুকুরের দেবীগঞ্জ গ্রাম পঞ্চায়েতের ২১ বছরের মনসুর আলম নামে একজন কর্মীকে বাঁশ দিয়ে পিটিয়ে খুন করেছেন। তাঁর অসুস্থ মা আজও বিচারের আশায় বসে আছেন। আমি আপনার মাধ্যমে এই হাউজের সকল শুভবুদ্ধিসম্পন্ন মানুষের কাছে ওই খুনের ব্যাপারে প্রতিবাদ জানাতে অনুরোধ করছি। মনসুর আলম প্রায় ৫ মাস হয়ে গেল খুন হয়েছেন কিন্তু আজ পর্যন্ত অপরাধী গ্রেপ্তার হয়নি। স্যার, এই হাউজে আপনার মাধ্যমে মনসুর আলমের খুনী যাতে অবিলম্বে গ্রেপ্তার হয় তার দাবি জানাচ্ছি।

শ্রী ভক্তরাম পান : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের হুগলি জেলার একটা গুরুত্বপূর্ণ পরিবহন ব্যবস্থা ছিল মার্টিন রেলের হাওড়া থেকে শিয়ালদা লাইন। কিন্তু ১৯৭০ সালের সেটা উঠে যায়। ১৯৭২ সালে প্রয়াত প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ওই লাইন

ব্রডগেজে পরিণত করার জন্য শিলান্যাস করেন। কিন্তু আজ পর্যন্ত সেই কাজ হয়নি। কেন্দ্রীয় সরকার এটা করবেন তাই রাজ্য সরকারের কাছে আবেদন হাওড়া থেকে ফুরফুরা শরিফ ভায়া শিয়াখালা রেল যোগাযোগ চালু করা হোক। আপনারা জানেন ফুরফুরা শরিফ মুসলমান সম্প্রদায়ের একটি প্রসিদ্ধ তীর্থস্থান। এই রেল যোগাযোগ যদি চালু করা যায় তাহলে বহু মুসলমান তীর্থযাত্রীর সাথে সাথে এলাকার বিপুল সংখ্যক মানুষও উপকৃত হবেন।

শ্রী অশোক কুমার দেব : স্যার, এই চারদিন ধরে মহামান্য রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের পক্ষে কেউ বিপক্ষে বক্তব্য রাখছেন। যাঁরা পক্ষে বক্তব্য রাখছেন তাঁরা বার বার বলবার চেষ্টা করছেন পশ্চিমবাংলায় সব কিছু ঠিক-ঠাক আচে, সুন্দর আছে, কোনো সন্ত্রাস নেই। কিন্তু এখন পাল্টে বলার চেষ্টা করছেন, সন্ত্রাস হচ্ছে এবং তার সাথে বিরোধীদের টেনে আনছেন। আসলে যাঁরা ভক্ষক তাঁরাই যদি ভক্ষক হন তাহলে কিছু করার থাকে না। বিগত নির্বাচনগুলিতে ওঁদের পায়ের তলায় মাটি সরে গেছে তাই এইভাবে চিৎকার-চেঁচামেচি করার চেষ্টা করছেন। আমরা ওই পাঠশালায় যেতে চাই না। নির্বাচন যাতে সুষ্ঠুভাবে হয় সেটা আমরা চাই। এটা আমরা আগে বলেছি, এখনও বলছি। যাইহোক, গতকাল পি.টি.টি.আই.-এর ছেলেরা প্রচণ্ড মার খেয়েছে। তাঁদের সমস্যার সুরাহা করবেন বলে স্বয়ং মাননীয় মুখ্যমন্ত্রী এবং পার্থ দে মহাশয় কথা দিয়েছিলেন। ওঁরা দেখাও করেছিলেন কিন্তু কাজ হয়নি। আমরা বলেছি, যতদিন পর্যন্ত ওঁদের সমস্যার সমাধান না হবে ততদিন পর্যন্ত শিক্ষা ক্ষেত্রে নিয়োগ বন্ধ রাখতে হবে। অন্তত ওঁদের অ্যাবজর্ভ করার একটা পদ্ধতি নিতে হবে। স্বয়ং মাননীয় মুখ্যমন্ত্রীর এলাকায়, যাদবপুর ইউনিভর্সিটিতে তিনদিন ধরে তাণ্ডব চলছে। এটা যদি বন্ধ না হয় তাহলে আগামীদিনে শিক্ষার অবস্থা প্রচণ্ড খারাপ হবে। এমনিতেই শিক্ষাক্ষেত্রে প্রায় একটা অচলাবস্থা চলছে। আমার অনুরোধ এ ব্যাপারে সমস্যার সমাধানের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে এগিয়ে আসুন নতুবা আগামী নির্বাচনে অবস্থা আরো খারাপ হবে। আমি আশা করব অবিলম্বে এই পি.টি.টি.আই.-এর ছেলেদের উপর যে নির্যাতন চলছে তা বন্ধ করার চেষ্টা করবেন।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী এলাকায় গত পরশুদিন রাতে ভয়ংকর ঝড় এবং বৃষ্টি হয়। তার ফলে বহু ঘরবাড়ি ভেঙে গেছে। পাকা গম বিঘের পর বিঘে নষ্ট হয়ে গেছে। এই অবস্থায় চাষীদের চাষের ক্ষতি হয়েছে এবং ঘরবাড়ি ভেঙেছে তাদেরকে সহায়তা দেওয়ার জন্য ত্রাণ এবং ডিজাস্টার ম্যানেজমেন্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী লক্ষ্মীকান্ত রায় : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে দাবি জানাচ্ছি। গতকাল জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার শহরে বেলা ১১টার সময় চৌপথি মোড়ে সাইকেল বোমা বিস্ফোরণের সাথে সাথে একজনের মৃত্যু হয়েছে এবং হাসপাতালে আরো একজনের মৃত্যু হয়েছে। ১৭ জন মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে। পুরানো কায়দায় কে.এল.ও. এবং আলফা জঙ্গি সংগঠন

লোকসভা ভোট যত এগিয়ে আসছে বেশ কিছু রাজনৈতিক দল এই সমস্ত জঙ্গি দলগুলির সাথে যোগাযোগ রেখে নির্বাচনে লড়াই করতে চায়। ভোট যত এগিয়ে আসছে এই জঙ্গি সংগঠনগুলি সাধারণ মানুষের মনে সন্ত্রাস সৃষ্টি করছে। বামপন্থী কর্মী এবং নেতাদের খতম করার ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে। আলিপুরদুয়ার আসাম বর্ডার এলাকায় তাই মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি আসাম সীমান্তে পুলিশি তৎপরতা বাড়ানোর জন্য এবং আই.বি. ডিপার্টমেন্টের প্রশাসনকে জোরদার করার দাবি জানাচ্ছি।

শ্রী অসিত মাল : স্যার, আপনি জানেন সকালে মুলতুবি প্রস্তাব এনেছিলাম আইন-শৃঙ্খলার ব্যাপারে। আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, লোকসভা নির্বাচন যত কাছে আসছে সরকারি দলের সমর্থকরা তত অত্যাচার চালাচ্ছে। স্যার, আউসগ্রাম থানার ভেদিয়া অঞ্চলে বৈকন্ঠপুর গ্রামে কংগ্রেস-তৃণমূলের ফ্ল্যাগ, ফেস্টুন সি পি এম-এর কর্মীরা কেড়ে নিয়ে প্রকাশ্য দিবালোকে পুড়িয়ে ফেলেছে। জ্যোতির্ময় চ্যাটার্জী এফ.আই.আর. লজ করেছে। সারা পশ্চিমবঙ্গে নির্বাচনে এই ধরনের সন্ত্রাস সৃষ্টি হয় তাহলে অবাধ নির্বাচন হওয়া মুশকিল। গত ৫ বছর এরা যা করেছে—সরকার, সি পি এম পার্টির লোকেরা নির্বাচনের সময় এই ধরনের অত্যাচার করে থাকেন। এই অবস্থায় অবাধ এবং সুষ্ঠু নির্বাচন করা সম্ভব নয়। তাই এই ব্যাপারে আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করতে চাই।

ZERO HOUR

শ্রী মহাদেব পাত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ইন্দাস বিধানসভা কেন্দ্রে দ্বারকেশ্বর নদীর উপর সামরোঘাট ব্রীজটি ৫ বছর ধরে অর্ধসমাপ্ত অবস্থায় পড়ে আছে। জানতে পেরেছি রি-এসটিমেট হয়ে টাকা স্যাংশান হয়েছে কিন্তু আজ পর্যন্ত কাজ আরম্ভ হয়নি। অতি সত্বর যাতে এই অর্ধ সমাপ্ত ব্রীজের কাজ শুরু হয় তার জন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.40 – 12.50 p.m.]

শ্রী তজমুল হোসেন : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের দুটি ব্লকে একজন মাত্র বি.এল.আর.ও. কাজ চালাচ্ছেন। একজন মাত্র অফিসার থাকার ফলে ওখানে কাজ খুবই বিঘ্নিত হচ্ছে। মানুষ অত্যন্ত প্রয়োজনীয় কম্পিউটার চালিত পর্চা পাচ্ছে না। অথচ অফিসে কম্পিউটার রয়েছে, কিন্তু পরিচালনা করার কোনো লোক নেই। যার ফলে দিনের পর দিন মানুষ অহেতুক হয়রানির স্বীকার হচ্ছে। তাই জনগণের মধ্যে অফিস ঘেরাও করে চরম অশান্তির সৃষ্টি করছে এবং যে কোনো মুহূর্তে উত্তেজনামূলক ঘটনা ঘটে যেতে পারে। অবিলম্বে সেখানে একজন বি.এল.আর.ও. এবং দক্ষ কম্পিউটার পরিচালক নিয়োগ করা হোক এই বিষয়ে আমি আপনার মাধ্যমে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী প্রণয় রাই : (নট কল্ড)

শ্রী দুলাল বর : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আবার ফিরে এল ১৪ই মার্চ, দেখতে দেখতে ৩ বছর হয়ে গেল। সেই ২০০৭ সালে রক্তাক্ত ভয়ংকর দিন আবার ফিরে এল।

মিঃ ডেপুটি স্পীকার : গতকালই বলা হয়েছে সাবজেক্ট not·mentioned এইভাবে স্লিপ দেবে না।

শ্রী দুলাল বর : স্যার, আমি তো নন্দীগ্রামের উপরেই বলছি। আমি তো দুটো ইস্যু নিয়ে আসিনি। আমি তো নন্দীগ্রামের উপরেই বলছি। ওই নন্দীগ্রামে ১৭৯ জন মানুষ এখনও নিখোঁজ। ১৬ জন মহিলা ধর্ষিতা। সেখানে মহামান্য রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, পশ্চিমবঙ্গের নিহত এবং আহত মানুষদের ক্ষতিপূরণ দেবেন এবং ধর্ষিতা মহিলাদেরকে ক্ষতিপূরণ দেওয়া হবে। তাদের ছেলে-মেয়েদের শিক্ষা এবং স্বাস্থ্যের ব্যবস্থা করবেন। কিন্তু এখনও পর্যন্ত সেই ব্যবস্থা রাজ্য সরকার করতে পারেনি। তাই অবিলম্বে নন্দীগ্রামে আহত, রক্তাক্ত এবং ধর্ষিতা মহিলাদের এবং যাদের বাড়িঘর লুঠ হয়েছে তাদের ক্ষতিপূরণ দেওয়া হোক এবং উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা করা হোক। সরকার সেখানে ক্ষতিপূরণের কথা ঘোষণা করলেও তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা করা হয়নি। সুতরাং অবিলম্বে তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা করা হোক এই দাবি আমি রাখছি। ধন্যবাদ।

শ্রী অশোক কুমার দেব : স্যার, মানুষ হাসপাতালে গেলে চিকিৎসা পাচ্ছে না। এই ব্যাপারে আমি একটা উদাহরণ দিচ্ছি। আজকের কাগজেই দেখলাম আশালতা সাউ নামে এক মহিলাকে দিনের পর দিন বিভিন্ন হাসপাতালে ঘুরতে হচ্ছে। ওকে একটা দপ্তর থেকে অন্য দপ্তরে যেতে হচ্ছে রোগ নির্ণয়ের জন্য, কিন্তু কাজের কাজ কিছুই হচ্ছে না। আগে অন্তত মেডিকেল বোর্ড তৈরি করে রোগীর রোগ নির্ণয় করা হত এবং তার উপরে ট্রিটমেন্ট করা হত। কিন্তু এখন সরকারি হাসপাতালের ডাক্তাররা সেইভাবে রোগ নির্ণয় না করেই রোগীদের বলে দিচ্ছে যে, এখানে চিকিৎসা হবে না রোগীকে নিয়ে নার্সিং হোমে চলে যান। এইভাবে গরিব মানুষদের বললে পরে তারা চিকিৎসা পাবে কোথায় ? সুতরাং হাসপাতালের ডাক্তাররা যাতে হাসপাতালেই চিকিৎসার ব্যবস্থা করেন তার দিকে দৃষ্টি দিতে বলুন। মানুষ যাতে বিনা চিকিৎসায় মারা না যায় সেটা দেখতে হবে।

শ্রী প্রদীপ তা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বর্ধমান জেলার রায়না থানায় আমাদের কর্মী সোহরাব দেওয়ানকে নৃশংসভাবে খুন করা হয়েছে। কালকে পাঁচজন পার্টির কর্মীকে খুন করা হয়েছে। বহরমপুরে গোপাল মণ্ডল লোকাল কমিটির সামনে খুন হয়েছেন। আমরা দেখেছি বেলপাহাড়িতে দুর্গা দেশোয়ালী, সন্তোষ মাহাতো, টিটাগড়ে যুব কর্মী বিজয় সাউ এবং আরো উদ্বেগজনক ঘটনা বারাসাত কেন্দ্রের প্রার্থী সুদিন চট্টোপাধ্যায়ের উপর আক্রমণ করেছে তৃণমূলীরা। আমরা দেখেছি আলিপুরদুয়ারে বোমা বর্ষণ হয়েছে। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যে কথা বলেছেন, আমি তাতে সন্তুষ্ট নই। এই সমস্ত উগ্রপন্থী এবং মাওবাদী, তৃণমূল কংগ্রেসীরা যে মহাঘোঁট করেছে, তাতে পশ্চিমবঙ্গে পায়ের তলা থেকে সব

মাটি সরেছে। তাতে ক্ষিপ্ত হয়ে আমাদের পার্টির কর্মীদের, বামপন্থী কর্মীদের খুন করেছে। যে বেআইনি অস্ত্র আছে, সেগুলিকে উদ্ধার করা হোক। এই সমস্ত সশস্ত্র বাহিনীকে উপযুক্ত শাস্তি দেওয়ার জন্য বিভিন্ন যে ব্যবস্থা, সরকারের তা নেওয়া প্রয়োজন। তা না হলে আগামী দিনে মানুষ ক্ষমা করবে না। মানুষকে রাস্তায় নামতে হবে। তাই এই সমস্ত দুষ্কৃতীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নিতে হবে। সেজন্য আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি।

শ্রী জানে আলম মিঞা : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা এলাকা সুতি এক নং ব্লক, ওখানে দুই লক্ষ মানুষ বাস করেন। ওখানে ব্লক হাসপাতালে ১০টি বেড আছে। পাশাপাশি মহকুমা হাসপাতাল আছে, তার দূরত্ব ৩০ থেকে ৩৫ কিলোমিটার। মহকুমা হাসপাতাল রোগীদের নিতে পারছে না। সেজন্য আমি বারবার বলেছি, এলাকার মানুষেরও দাবি যে আহিরন ব্লক হাসপাতালটিকে রুর‍্যাল হাসপাতালে পরিণত করা হোক। এলাকার দুই লক্ষ মানুষের সুচিকিৎসা এবং পরিষেবা দেওয়ার ব্যবস্থা যাতে সঠিকভাবে হয়, তার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী আব্দুল খালেক মোল্লা : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বক্তব্য রাখছি। আমার গার্ডেনরিচ এলাকায় গার্ডেনরিচ স্টেট জেনারেল হাসপাতালের উন্নয়নের জন্য আমি বারবার বিধানসভায় মেনশান এবং গতকাল কলিং অ্যাটেনশান দিয়েছিলাম। সেখানে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর যে রিপোর্টটি দিলেন, তিনি সম্পূর্ণভাবে অসত্য রিপোর্ট দিলেন। সেখানকার সমস্ত পরিষেবা নিয়ে তিনি গতকাল বলে গেলেন যে ওই হাসপাতালে ৬ জন ডাক্তার ও ৬ জন নার্স আছে। কিন্তু প্রকৃতপক্ষে ২ জন ডাক্তার আছে। তিনি অসত্য রিপোর্ট পরিবেশন করলেন ! প্রকৃতপক্ষে ওই হাসপাতালে কোনো পরিকাঠানো নেই। দীর্ঘদিন ধরে কোনো অপারেশন থিয়েটার নেই। সিজারিয়ান ডেলিভারি করার ব্যবস্থা নেই। সবচেয়ে দুঃখের বিষয় যে পেপারে দেখলাম আজকাল পত্রিকায় বলা হয়েছে যে ওই হাসপাতালে পরিকাঠামো আছে, কিন্তু রোগী নেই। আমি সমস্ত রিপোর্টারদের অনুরোধ করতে চাই, আপনারা যেগুলি সত্য ঘটনা, সেগুলি পরিবেশন করুন। দীর্ঘদিন ধরে এই নিয়ে আমি চেঁচিয়ে আসছি। ওখানে ৪০০ থেকে ৫০০ জন রোগী প্রতিদিন আউটডোরে আসে। ১০০ থেকে ১৫০ জন রোগী ইন্ডোরে আসে। ওখানে মাত্র ১৫টি বেড আছে। রোগী ভর্তি হতে পারেন না। আমি এই প্রথম দেখলাম যে বলা হয়েছে হাসপাতালের পরিকাঠামো আছে কিন্তু রোগী আসে না। কিন্তু আমার কথা হচ্ছে যে রোগী আছে কিন্তু হাসপাতালের পরিষেবা নেই, ডাক্তার নেই, ওটি নেই, ওষুধ নেই। শুধু মিথ্যা ভাষণ দিচ্ছেন মন্ত্রী মহাশয়। আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং হাসপাতালের পরিষেবা যাতে উন্নত হয়, তার জন্য দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

মিঃ ডেপুটি স্পীকার : স্টেটমেন্টের উপর প্রতিবাদ জানানোর অ্যাপ্রোপ্রিয়েট ফোরাম আছে।

[12.50 – 1.00 p.m.]

শ্রী নিরঞ্জন পণ্ডিত : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে দৃষ্টি আকর্ষণ করছি এবং সরকারি হস্তক্ষেপ দাবি করছি। বিষয়টি হচ্ছে, হাওড়া থেকে তারকেশ্বর রেল লাইন আছে। সেটি শেওড়াফুলি থেকে তারকেশ্বর পর্যন্ত সিঙ্গেল লাইন। আমরা হুগলি জেলার মানুষের অনেক দিনের দাবি-আন্দোলন এবং এছাড়া বাঁকুড়া জেলার একটা অংশের মানুষের দাবি-আন্দোলন যে, আমাদের এই শেওড়াফুলি থেকে তারকেশ্বর লইনটা ডবল করতে হবে অবিলম্বে এবং তারকেশ্বর থেকে বিষ্ণুপুর পর্যন্ত রেল লাইনের সংযোগ করতে হবে। কারণ এটি খুব গুরুত্বপূর্ণ জায়গা। আমাদের তারকেশ্বর একটা তীর্থস্থান। তারপরে তারকেশ্বর থেকে বিষ্ণুপুর পর্যন্ত যে লাইন আছে যেটা দিয়ে কামারপুকুর ও জয়রামবাটি যাওয়া যায়। কামারপুকুর শ্রীশ্রীরামকৃষ্ণের জন্মস্থান এবং জয়রামবাটি শ্রী সারদা মায়ের জন্মস্থান। এছাড়া আমাদের বিষ্ণুপুর থেকে বিদেশে যাত্রা মানুষ করতে পারবে। তাই এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। ডবল লাইনের কাজ হচ্ছে। সেটা বিষ্ণুপুর লাইনের কাজ হচ্ছে। কিন্তু কাজটা একটু ধীর গতিতে হচ্ছে। আমি শুধু এই এটাই আবেদন করে এবং এলাকার মানুষেরও আবেদন যে, কাজটা যেন খুব ত্বরান্বিত হয়। অবিলম্বে তারকেশ্বর লাইন ডবল করা এবং বিষ্ণুপুর লাইনের সংযোগ-এর কাজটা ত্বরান্বিত করতে হবে। ধন্যবাদ।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটু আগে প্রদীপ তা খুব বলছিলেন অনেক কথা। স্যার, ওনাকে ওনার এলাকার লোক দুর্নীতিগ্রস্ত র‍্যাশন দোকানের মালিককে প্রোটেকশন দিতে গিয়েছিলেন বলে ওনাকে মারতে গিয়েছিল—তারা কি তৃণমূলের লোক ছিল ? স্যার, বিষয়টা আমার সেটা নয়। বিষয়টা হচ্ছে, স্যার, এই যে আজকে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় নানান ধরনের সংঘর্ষ শুরু হয়ে গিয়েছে—মানুষের মৃত্যু হচ্ছে। কোনো কারণে কোনো মৃত্যুই অভিপ্রেত নয়। সে যে দলের কর্মী মরুক না কেন। আমরা মনে করি না যে এই মৃত্যুটা ভাল হচ্ছে। আমরা চাই শান্তিপূর্ণভাবে পশ্চিমবঙ্গে নির্বাচন হোক। কিন্তু কি করে হবে স্যার ? সি পি এম-এর একজন সাংসদ যিনি এবারেও নির্বাচনে দাঁড়াচ্ছেন, তিনি আগাম বললেন যে, পশ্চিমবঙ্গে এবারে রক্তাক্ত নির্বাচন হবে। কি করে তিনি বুঝলেন যে এবারে রক্তাক্ত নির্বাচন হবে ? তার হার্মাদ বাহিনী চারিদিকে প্রস্তুতি নিচ্ছে। স্যার, যে লড়াইগুলো হচ্ছে, আপনি দেখুন অধিকাংশ ক্ষেত্রে সি পি এম-এর উপর বীতশ্রদ্ধ হয়ে মানুষগুলো বেরিয়ে গিয়েছে তাদের সঙ্গে সি পি এম-এর লড়াই হচ্ছে অধিকাংশ জায়গায়। এবং তার জন্য এই মৃত্যুগুলো ঘটছে—একথা আমি চ্যালেঞ্জ করে বলছি—এখানে যত ঘটনা ঘটেছে। আজকে বাংলার মানুষ আপনাদের বর্জন করেছে। তাদের উপর আপনার হার্মাদ বাহিনী দিয়ে নিয়ন্ত্রণ করার জন্য আজকে এই সংঘর্ষগুলো ঘটছে। যেটা কিনা লক্ষণ শেঠের মতো সাংসদ আগাম জানিয়ে দিয়েছেন যে, পশ্চিমবঙ্গে এবারে রক্তাক্ত নির্বাচন হবে। বাংলার মানুষ এই ঔদ্ধত্যকে মুখের মতো জববে দেবে সামনের লোকসভা নির্বাচনে।

[At this stage the House was adjourned till 2 p.m.]

(After recess)

[2.00–2.10 p.m.]

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : সংবিধানের ১৭৬ নং ধারা অনুযায়ী রাজ্যপাল গোপালকৃষ্ণ গান্ধী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন এই বিধানসভায়, আমি সেই বিবৃতির উপর আলোচনায় অংশগ্রহণ করছি। স্যার, রাজ্যপাল যে বিবৃতি দিয়েছেন আমি সেটা পড়েছি। এই বিবৃতির ছত্রে ছত্রে যেসব কথা লেখা আছে, তার অনেকটাই সত্যি ঘটনা নয়। তার অনেকটাই জীবনের যে বাস্তব, সেই বাস্তবের সঙ্গে কোনো মিল নেই। রাজ্যপালের যে কনস্টিটিউশনাল অবলিগেশন, যে সাংবিধানিক দায়বদ্ধতা, সেই দায়বদ্ধতার জন্য সরকার যে কথাগুলো লিখে দেবেন, সেই কথাই তাকে পড়তে হবে এই বিধানসভায়। কিন্তু আমরা জানি রাজ্যপালের মানসিকতা কি। আমরা জানি বিভিন্ন সময়ে এই সরকার সম্পর্কে তাঁর বক্তব্য কি। আমরা জানি তাঁর একটা উক্তি শুধু পশ্চিমবঙ্গে নয়, সারা ভারতবর্ষে স্মরণীয় হয়ে আছে। তিনি নন্দীগ্রাম নিয়ে একটা উক্তি শুধু করেছিলেন, 'এটা একটি হাড় হিম করা ঘটনা।' বক্তব্যের মধ্যে সেগুলোর কোনো উপস্থিত ঘটছে না। কারণ সরকার যেটা লিখে দেবে সেটা তাঁকে পড়তে হবে। তার যে অন্যান্য সিদ্ধান্তগুলো, সেই সিদ্ধান্তগুলোও সরকারের বিরুদ্ধে। সরকারের অপদার্থতাকে তিনি সুন্দরভাবে মানুষের কাছে তুলে ধরতে পেরেছেন। যদিও সেখানে তার কোনো বিরোধিতা ছিল না, কোনো ভাষা ছিল না। কিন্তু সরকার যখন মানুষকে বিদ্যুৎ দিতে ব্যর্থ হয়, যখন ব্যাপক লোডশেডিং-এ পরীক্ষার্থীরা পড়াশোনা করতে পারে না, তখন রাজ্যপাল তাঁর বাড়িতে প্রতিদিন দু ঘণ্টা করে আলো বন্ধ করে রাখতেন। আমরা জানি এই দু ঘণ্টা আলো নিবিয়ে রেখে পশ্চিমবঙ্গের যে ব্যাপক বিদ্যুতের চাহিদার ঘাটতি, তা হয়তো মিটবে না। রাজ্যপাল এই অভিব্যক্তির মধ্যে দিয়ে, কনস্টিটিউশনের ফ্রিডম অফ এক্সপ্রেশনের মধ্যে দিয়ে তিনি একথা বোঝাতে চেয়েছেন বাংলায় যে সরকার ক্ষমতায় আছে, না তারা আইনশৃঙ্খলার অবনতি রোধ করতে পারছেন, না তারা প্রশাসনের কাজ করতে পারছেন। তারা যে সার্বিকভাবে ব্যর্থ তিনি তাঁর বিভিন্ন বক্তব্যের মধ্যে, ভঙ্গির মধ্যে দিয়ে জানিয়েছেন। আমাদের রাজ্যে যে সরকার আছে, সার্বিক উন্নয়নের ক্ষেত্রে যদি দেখা যায় তাহলে দেখা যাবে উন্নয়ন মূল শর্ত এটাই হয় যে স্টেবিলিটি। অর্থাৎ একটা রাজ্যে যদি দীর্ঘদিন ধরে একটা সরকার থাকতে পারে, তবে স্টেবিলিটি ইন পলিটিক্স, তার রাজ্যের উন্নয়ন করতে পারে। আমরা দেখতে পাচ্ছি যে, ভারতবর্ষের যে কোনো রাজ্যের তুলনায় এই রাজ্যে দীর্ঘদিন ধরে একটা সরকার ক্ষমতায় আছে। কিন্তু ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় এই রাজ্যের অর্থনৈতিক অবস্থান, সামাজিক অবস্থান এবং অন্যান্য অবস্থান অনেক নীচে আছে। সম্ভবত এই রাজ্যই উন্নয়নের ক্ষেত্রে ভারতবর্ষকে নেতৃত্ব দিতে পারত, ভারতবর্ষের মধ্যে সবচেয়ে অগ্রগণ. রাজ্য হিসেবে এই রাজ্য চিহ্নিত হতে পারত। স্যার, আমি আমার মূল বক্তব্যে যাওয়ার আগে একটা বিষয় উল্লেখ করতে চাই, সেটা হচ্ছে—এই বিধানসভার মধ্যে শাসকদলের একজন মাননীয়

সদস্যা আমাদের দলের নেত্রী শ্রীমতী মমতা ব্যানার্জীর সম্পর্কে অত্যন্ত কুৎসিত মন্তব্য করেছেন। তিনি উল্লেখ করেছেন যে, 'শ্রীমতী মমতা ব্যানার্জী কার অঙ্কশায়িনী হবেন, সেটা তিনি ঠিক করবেন।' এর আগে সিঙ্গুরে ও নন্দীগ্রামে যখন আন্দোলন চলছিল সেই সময় শাসকদলের একজন নেতা বলেছিলেন—'মমতা ব্যানার্জী ও মেধা পাটেকর যদি এখানে আসেন, তাহলে আমাদের দলের মেয়েরা পিছনের শাড়ি খুলে দেখাবে।' সি.পি.এম. দলের একজন সদস্য বক্তব্য রেখেছিলেন, 'নন্দীগ্রামের মানুষের জীবন হেল্ করে দেব।' আমার জানা নেই যে, মার্কসবাদের কোন পাতায় এই কথা লেখা আছে। কোনো যুবক যদি কোনো মহিলাকে বারে বারে ধর্ষণ করে তাহলে সি.পি.এম. বলবে যে, ওই যুবকের শাস্তি হোক, জেল হোক। কিন্তু মার্কসবাদী পার্টির কোনো ছেলে যদি কোনো মহিলাকে ধর্ষণ করে, তাহলে সি.পি.এম. পার্টি মার্কসবাদী পার্টির দাস ক্যাপিটাল বইয়ের ৩৩৬ পাতার চতুর্থ অনুচ্ছেদ থেকে বলবে যে, 'এটা প্রগতিশীল ধর্ষণ, এটা চলতে পারে।' এই রুচি দেখে অবাক হয়ে যাই। বিধানসভার একজন মাননীয়া সদস্যা যে কথা বলেছেন, তাতে মহিলা হিসেবে তাঁর লজ্জা বোধ করা উচিত। তাঁর যদি শিক্ষা, দীক্ষা, রুচি, সংস্কৃতি বলে কোনো জিনিস থাকে, তাহলে পশ্চিমবঙ্গের একজন দায়িত্বশীল মহিলা হিসেবে তাঁর অপরাধ স্বীকার করা উচিত, তাঁর লজ্জা পাওয়া উচিত। এই বিধানসভার মধ্যে এই ধরনের রুচিহীন কথা বলা শোভা পায় না। এটা মহতী বিধানসভা। এই বাংলার সাধারণ মানুষ নিশ্চয় এর জবাব দেবেন। স্যার, এই বইতে বলা হয়েছে আমাদের রাজ্যে উগ্রপন্থীদের বিশেষ কোনো ভূমিকা নেই। এবং আমাদের রাজ্য সেদিক থেকে নাকি শান্তিতে আছে। হ্যাঁ, এটা ঠিক যে, চোর যেখানে চুরি করে, চোর রাতে যেখানে ঘুমায়, সেখানে সে চুরি করে না। এটা সবাই জানেন। এইজন্য বলা হয় পশ্চিমবঙ্গ হচ্ছে টেররিস্টদের মুরূদ্যান। কারণ এখানে উগ্রপন্থীরা নির্বিঘ্নে থাকতে পারে। পশ্চিমবঙ্গ হচ্ছে টেররিস্টদের ট্রানজিট—এখানে পাকিস্তান থেকে, নেপাল থেকে, বাংলাদেশ থেকে যে সমস্ত টেররিস্টরা আসছে, তাদের কাছে এটা স্বর্গোদ্যান। কিছুদিন আগে কাশ্মীর থেকে ৩ জন জঙ্গি ধরা পড়ল, দেখা গেল যে, তারা তাদের মোবাইলের সিম্ কার্ড পশ্চিমবঙ্গ থেকে সংগ্রহ করেছিল। তারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় থেকেছিল। পরবর্তীকালে দেখেছি, পশ্চিমবঙ্গ থেকে ভারতবর্ষের বিভিন্ন উগ্রপন্থীদের পাওয়া গেছে। যেমন—কসবা থেকে উত্তর ২৪-পরগনা থেকে গ্রেপ্তার করতে দেখেছি। এটা আনন্দের বিষয় নয়। আমাদের রাজ্যে উগ্রপন্থীরা সক্রিয়, তাদের ব্রেন এখানে কাজ করে। আমরা জানি যে, জামাত-মুজাহিদিন, মূলতান, আই.এস.আই., হুজি, লস্কর-ই-তৈবা, জৈশ-ই-মহম্মদ, সিমি এই সমস্ত সংগঠনগুলো পশ্চিমবঙ্গকে তাদের একটা ভালো বাসস্থান হিসেবে বেছে নিয়েছে, নিরাপদ বাসস্থান হিসেবে বেছে নিয়ে এখান থেকে বিভিন্ন জায়গায় অ্যাকশন করে।

[2.10–2.20 p.m.]

এমনকি সাম্প্রতিককালে বম্বেতে এই ধরনের কাজ করেছিল যে উগ্রপন্থীরা, তাদের মোবাইলেও যে সিম্ কার্ড পাওয়া গিয়েছে দেখা যাচ্ছে সেই সিম্ কার্ডগুলোও পশ্চিমবঙ্গ

থেকেই সংগ্রহ করা হয়েছে। একটা অপদার্থ, অযোগ্য সরকার যে রাজ্যে আছে সেই রাজ্যকেই তারা ব্যবহার করছে। বিহারকে ব্যবহার করছে না, উড়িষ্যাকে ব্যবহার করছে না। একটা স্ট্র্যাটেজিক রাজ্য, যে রাজ্যের সঙ্গে বিভিন্ন রাজ্যের এমনকি অন্য দেশের সীমানা রয়েছে, সেই রাজ্যের সরকার কতখানি অপদার্থ, অযোগ্য হলে সেই রাজ্যের জমিকে উগ্রপন্থীররা ব্যবহার করতে পারে সেটা আমরা বুঝতে পারছি।

স্যার, আইন-শৃঙ্খলার প্রশ্নে বলা হচ্ছে আইন-শৃঙ্গলা নাকি এখানে ভালো ছিল। এই তো আমার সামনে দাঁড়িয়ে আছেন রবীন মণ্ডল, আজকে সকালবেলায় বলেছেন তিনি নাকি নিরাপত্তাহীনতায় ভুগছেন এবং ওনাকে প্রপারলি সিকিউরিটি দেওয়া হোক। সরকারি দলের একজন বিধায়ক, দীর্ঘদিনের বিধায়ক বলছেন 'আমি নিরাপত্তাহীনতায় ভুগছি', তাহলে বাংলার ১০ কোটি মানুষের অবস্থান কোথায়, তারা কোথায় দাঁড়িয়ে আছে, কোন নিরাপত্তায় দাঁড়িয়ে আছে বুঝতে হবে।

আমি একটা বিশেষ ঘটনার কথা উল্লেখ করতে চাই স্যার। রাজ্যপালের এই বক্তৃতার মধ্যে একটা ভয়ঙ্কর ঘটনার কথা উল্লেখ করা হয়নি। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীকে নাকি ল্যান্ডমাইন ফাটিয়ে মারবার একটা পরিকল্পনা হয়েছিল। স্যার, এটা একটা দারুণ গল্প, অসাধারণ স্টোরি। বুদ্ধদেববাবু নাকি নাটক লেখেন, নাটক লিখছেন, কিন্তু তিনি যে এত ভালো নাটক করেন সেটা সম্ভবত আমাদের জানা ছিল না। কিরকম অভিনয় স্যার ! আমরা দেখলাম কারখানা উদ্বোধন হবে, কেন্দ্রীয় মন্ত্রী যাবেন, রাজ্যের মুখ্যমন্ত্রী যাবেন, সাতদিন আগে থেকে নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হ'ল, একটি পিঁপড়ে গলতে পারে না, এক হাত অন্তর অন্তর পুলিশ, তারা ঘিরে ফেলেছে পুরো এলাকাটাকে। স্যার, একজন সি.পি.এম. নেতা আমার সঙ্গে একটা টি.ভি. চ্যানেলে গিয়েছিলেন। তিনি লক্ষণ শেঠ। তিনি বলছিলেন ল্যান্ডমাইন কি বোঝেন আপনি ? ল্যান্ডমাইন বসাতে হলে কি করতে হবে জানেন ? মাটির নীচে গর্ত করে পুঁততে হবে, আর দু কিলোমিটার পর্যন্ত তার টেনে নিয়ে যেতে হয়।

(নয়েজ)

মি: স্পীকার : যে লোক এখানকার মেম্বার নয়, তার নাম নেবেন না।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : ঠিক আছে নাম বলব না। যে সাংসদ আমার সঙ্গে ছিলেন, তিনি বলছিলেন, মাটির নীচে দু হাত মাটি খুঁড়তে হয়, সেখানে মাইন পুঁততে হয় এবং দু কিলোমিটার দূরে তার টেনে নিয়ে গিয়ে বার্স্ট করাতে হয়। যেখানে মুখ্যমন্ত্রী, কেন্দ্রীয় মন্ত্রী যাবেন, যেখানে এক হাত অন্তর অন্তর পুলিশ রাখা আছে, সেখানে সেই পুলিশের বেষ্টনি ভেদ করে, সেই নিরাপত্তা ভেদ করে কি করে সেখানে গর্ত করা হ'ল, কি করে সেখানে ল্যান্ডমাইন পোতা হল, কি করে দু কিলোমিটার পর্যন্ত তার টেনে নিয়ে যাওয়া হল ? অসাধারণ নাটক ! পশ্চিমবঙ্গে সিঙ্গুর এবং নন্দীগ্রামের ধাক্কা সামলাতে না পেরে একটা নাটক করা হল। বুদ্ধদেববাবু চলে যাবেন এবং কেন্দ্রীয় মন্ত্রী আসবেন, ঠিক তার মাঝখানে ল্যান্ডমাইন বিস্ফোরণ হবে এবং তাতে তারা বেঁচে যাবেন, তার জন্য দু পাঁচজন

পুলিশ যদি মারা যায়, যাক। অন্য কেউ নয়, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির গুণ্ডাবাহিনী সেখানে ল্যান্ডমাইন বিস্ফোরণ ঘটিয়েছিল এবং তার মূল্য দিতে হয়েছিল কতগুলো পুলিশ অফিসারকে প্রাণের বিনিময়ে। তারপর আপনারা কি বললেন ? এই নাটক আমরা আগেও দেখেছি জ্যোতিবাবুর কড়ে আঙুলে বুলেট চুমু খেয়ে গেল পাটনায় আর তারপরে পশ্চিমবাংলায় কি আগুন জ্বলেছিল, সেদিনকার সেই ইতিহাস আমাদের জানা আছে। তাই বুদ্ধদেববাবু একটু কায়দায় পড়ে গিয়েছেন, তার একটা পা সিঙ্গুরে আটকে গিয়েছে আর একটা পা নন্দীগ্রামে আটকে গিয়েছে। সেখান থেকে বেরিয়ে আসার একটা পথ খুঁজছিলেন বুদ্ধদেববাবু, তিনি নিজে বেঁচে যাবেন, কেন্দ্রীয় মন্ত্রী বেঁচে যাবেন চারজন পুলিশের প্রাণ যাবে, একটু ঘুরে দাঁড়াবার জায়গা পাওয়া যাবে। কিন্তু বাংলার মানুষ আর আপনাদের বিশ্বাস করে না। নাটক হল কিন্তু সে নাটক জমল না। জমাতে পারলেন না। স্যার, রাজ্যপালের ভাষণে বলছেন যে এখানে শান্তি আছে। স্যার, আজকে ভারতবর্ষে একটা নতুন শক্তির উদয় হচ্ছে—তৃতীয় জোট। নতুন শক্তি কিরকম ? তারা বলছেন "আমরা ক্ষমতায় যাব"। গতকাল দেবপ্রসাদ রায় তাঁর অঙ্কের হিসাব দিয়ে দিয়েছেন। আমি আর সেই হিসাবে যাব না। আজকে যাঁরা দার্জিলিংয়ে আন্দোলন করছেন তাঁরা যদি বলেন আমাদের আন্দোলন তো সি.পি.এম. সমর্থন করছে কিছু বলতে পারবেন আপনারা ? তেলেঙ্গনা রাষ্ট্রীয় সমিতি আলাদা রাজ্য চাইছে, তারা আপনাদের কোলে বসে পড়েছে, তাদের নিয়ে সি.পি.এম. জোট করেছে। আমরা চাই না পশ্চিমবঙ্গ ভাগ হোক, পশ্চিমবঙ্গে আমরা আলাদা রাজ্য হতে দেব না। আপনারা আমাদের বলছিলেন না ঘোঁট হচ্ছে। ঘোঁট তো আপনারা করছেন অন্য কেউ নয়। একটা নীতিহীন, আদর্শহীন দল যারা কখনো বি.জে.পি.র হাত ধরে কখনো মনমোহন সিং-এর হাত ধরে,কখনো বিচ্ছিন্নতাবাদীদের হাত ধরে, কখনো সাম্প্রদায়িক শক্তির হাত ধরে। এমনই নীতিহীন, আদর্শহীন একটা দল। আমি আপনাদের একটা কথা জিজ্ঞাসা করতে চাই আমি যদি আপনাদের দলে গিয়ে বসি আমি বোধহয় তাহলে বিশুদ্ধ শোভনদেব হয়ে যাব ? তাহলে নবীন পট্টনায়ক যার সারা গায়ে বি.জে.পি.র ছাপ রয়েছে সে কি করে একজন প্রগতিশীল হয়ে গেল। আপনাদের জোট ঘোঁট। যদি সে বি.জে.পি.র সঙ্গে থাকে তখন সে প্রতিক্রিয়াশীল হয়ে যায় আর যখন সে সি.পি.এমের সঙ্গে যুক্ত হয় তখন সে প্রগতিশীল হয়ে যায়। এ তো আমরা যুগ যুগ ধরে দেখছি। স্ট্যালিন সাহেব কার সঙ্গে চুক্তি করেছিলেন ? হিটলারের সঙ্গে পোল্যান্ডকে ভাগ করার জন্য। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ে আমরা দেখেছি আমেরিকার সঙ্গে তাদের দোস্তি। কমিউনিস্টরা ততক্ষণ পর্যন্ত একটা মানুষকে সহ্য করতে পারে যতক্ষণ পর্যন্ত সে তাদের দলের লোক। যারা স্টেট ভাগ করতে চাইছে তাদের নিয়ে রাজনীতি করতে চাইছেন। আপনাদের দ্বিচারিতা বুঝতে পারছেন ? আপনারা দ্বিচারিতা নিয়ে চলার চেষ্টা করছেন। স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী যখন ক্ষমতায় এসেছিলেন তখন তিনি বলেছিলেন প্রতি তিনমাস অন্তর প্রত্যেকটা দপ্তরের কাজকর্ম নিয়ে বসব। আমি শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ নিয়ে সমস্ত পরিসংখ্যান দিয়ে বলব আজকে এই দপ্তরগুলোর কি অবস্থা। আমি জানতে চাই মুখ্যমন্ত্রী সেই একবারই বলেছিলেন, তারপর থেকে আর বসার সময় পেলেন না।

[2.20–2.30 p.m.]

হাস্যকর ঘটনা ঘটে গেল কয়েকদিন আগে। খুবই ই-গভর্নেন্স নিয়ে হই-হল্লা করা হল। দারুণ ই-গভর্নেন্স হবে। মুখ্যমন্ত্রী তাঁর ঘরে বসেই মালদার সঙ্গে কথা বলবেন। বীরভূমের সঙ্গে কথা বলবেন। পুরুলিয়ার সঙ্গে কথা বলবেন। হাস্যকর পরিস্থিতি তৈরি হল। মুখ্যমন্ত্রী ঘর ছেড়ে বেরিয়ে যান। যখনই টিপতে বলা হচ্ছে—'স্যার, লেখা আসছে না।' উত্তর ২৪-পরগনা—'স্যার, লেখা আসছে না।' একটা রাজ্যের মুখ্যমন্ত্রী হতে গেলে যে যোগ্যতা লাগে, তার কণামাত্র গুণ ওনার মধ্যে নেই। ন্যাচারালি ডাউন টু দ্য আর্থ নেমে আসছে সমস্ত জায়গায়। শুধুমাত্র পশ্চিমবাংলাকে উনি একটি জায়গাতে এগিয়ে দিয়েছেন। আজকে উনি পশ্চিমবাংলাকে দুর্নীতির ক্ষেত্রে একটি সামাজিকীকরণ করে দিয়েছেন। উনি অর্থনীতির সামাজিকীকরণ করতে পারেননি যেটা আপনাদের পার্টির মূল লক্ষ্য ছিল যে, সোশিও ইকনমি করা, সেটা আপনারা করতে পারলেন না। আপনারা রাজ্যের সর্বস্তরে দুর্নীতি ছড়িয়ে দিয়েছেন। ওই পাশে বসে আছেন প্রদীপবাবু। উনি রেশন ব্যবস্থার ব্যাপারে রেশন মালিকের পক্ষে কথা বলতে গিয়েছিলেন। সরাসরি সেখানকার স্থানীয় মানুষজন তাকে এক চড় মেরে দিয়ে বলেছেন যে, 'আপনি এই সমস্ত চোর রেশনওয়ালাদের সমর্থন করছেন ?' সংবাদপত্রে ওই খবর বেরিয়েছে। আপনারা এখানে দুর্নীতির সামাজিকীকরণ করে দিয়েছেন। (ভয়েজ) ভূমি কেলেঙ্কারিতে ১-২ জন যুক্ত ছিল। এখানো তো গোটা পার্টিটাই কেলেঙ্কারিতে যুক্ত হয়ে পড়েছে।

এরপরে শিল্পের ব্যাপারে আসছি। এবারে বাংলাতে মূলত একটা জায়গাতে থ্রাস রাখা হয়েছে—শিল্পে। শিল্পের কথা এখানে বলা হয়েছে। আমি জানতে চাইছি পশ্চিমবঙ্গ থেকে ন্যানো চলে গেছে। তার জন্য আপনারা চোখের জলে ভাসিয়ে দিচ্ছেন। পশ্চিমবঙ্গের শাসকদল চোখের জল ফেলছে। আমি জানতে চাইছি যে, পশ্চিমবাংলাতে শিল্পের যে সার্বিক অবস্থা এখানে একটা জায়গাতে বলা হয়েছে যে, এই রাজ্যে ৯৫ হাজার কোটি টাকা নাকি আই.এম হয়েছে। অর্থাৎ চুক্তি হয়েছে আমাদের রাজ্যে। কিন্তু আসল জায়গা যেটা—ইমপ্লিমেন্টেড ৩৮৬৬ কোটি। কত পার্সেন্টেজ ? ১৯৯১ সাল থেকে আজ পর্যন্ত কত টাকা গড়ে পশ্চিমবঙ্গে বিনিয়োগ হয়েছে ? গড়ে পশ্চিমবঙ্গে বিনিয়োগ হয়েছে ২৮৫০ কোটি টাকা। এটাই কি একটা রাজ্যের উন্নয়নের লক্ষ্য ? আমাদের রাজ্যে হলদিয়া পেট্রোকেমিক্যাল এবং মিৎসুবিশি ছাড়া এরপরে আর একটাও বড় শিল্প হয়নি। আর যাঁরা সিঙ্গুরের কথা বলছেন, নন্দীগ্রামের কথা বলছেন, নিশ্চিতভাবে এখনো পর্যন্ত আপনাদের শিক্ষা হয়নি। কিন্তু সারা দেশে আজকে জমি অধিগ্রহণ আইন পরিবর্তন করার জন্য যে লড়াই, সেই লড়াই পশ্চিমবঙ্গের মমতা ব্যানার্জী করেছেন। আজকে নতুন করে আপনাদেরকে ভাবতে হচ্ছে এবং আপনাদেরও ভাবতে হচ্ছে যে জমি অধিগ্রহণ আইন কি করে হবে। জিজ্ঞাসা করতে চাইছি উল্টোদিকের বন্ধুদের টাটা মেটালিক্স কেন চলে গেল ? টাটা ন্যানো চলে গেল বলে আপনাদের চোখের জল পড়ল। হাজার কোটি টাকা বিনিয়োগ হবে বলে বলেছিলেন। টাটার আধিকারিকরা বললেন যে, এই রাজ্যে ল্যান্ড ব্যাঙ্ক তৈরি হয়নি বলে আমরা জমি পেলাম

না এবং তার জন্য আমাদের চলে যেতে হল। এটা তো তৃণমূলের কথা নয়। যে টাটাকে কোলে নিয়ে আপনারা এত টাকা খরচ করলেন, অথচ খড়্গপুরে টাটা মেটালিক্স তৈরি হবে বলেও করলেন না। আপনাদের নিজেদের অপদার্থতার জন্য বন্ধ হয়ে গেল। কই তার জন্য তো আপনাদের চোখের জল পড়ছে না ? আমার সময় চলে যাচ্ছে। একটা বিষয়ে আমি শুধু বলব। আমাদের রাজ্যে এখনো চিকুনগুনিয়া হলে টেস্ট করার কোনো ল্যাব নেই। পুনে থেকে আনতে হচ্ছে। ৩২ বছর ক্ষমতায় থাকার পরও আমাদের পুনেতে যেতে হচ্ছে। সাফল্যের কথা বলছেন স্যার। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, এই যে পশ্চিমবাংলার একমাত্র এস.এস.কে.এম. হাসপাতাল হচ্ছে সরকারি একমাত্র বড় হাসপাতাল। নিউরো সার্জারি কলকাতার কোনো কলেজে নেই। পড়ানো হয়, কিন্তু কোনো কলেজেই অপারেশন হয় না। সারা বাংলার ১০ কোটি মানুষের জন্য মাত্র ৭৫টি বেড। ওয়েটিং লিস্টে আছে ৭০০ মানুষ। স্যার, একটা কথা বলে আমার কথা শেষ করব। আপনি শুনলে অবাক হয়ে যাবেন স্যার, পেস মেকার বসানো হয়, যারা বি.পি.এল. তালিকাভুক্ত, তাদের পেস মেকার দেওয়া হয়। সরকার দেয়। কিন্তু কিভাবে দেয় ? যে পেসমেকার সাধারণভাবে বসানো হয়, সেটা বাইরে থেকে রিমোটে কন্ট্রোল করা যায়। কিন্তু বি.পি.এল.-দের যে পেসমেকার দেওয়া হয়, সেটা অপারেশন ছাড়া রেগুলেট করার কোনো জায়গা নেই। অর্থাৎ গরিব মানুষ যদি মরে মরুক, অসহায় অবস্থায় থাকে তো থাকুক, কিন্তু সরকার তার কোনো দায়িত্ব নেবেন না। স্যার, আপনারা সবাই 'শেষের কবিতা' পড়েছেন। রবীন্দ্রনাথের 'শেষের কবিতা'। অমিত রায় এবং লাবণ্যর কথা। স্যার, রবীন্দ্রনাথ লিখেছিলেন, 'প্রহর শেষের আলোয় রাঙা সেদিন চৈত্রমাস, তোমার চোখে দেখেছিলেম আমার সর্বনাশ।' আজকে যদি রবীন্দ্রনাথ দেখে থাকতেন তিনি লিখতেন, 'প্রহর শেষের আলোয় রাঙা সেদিন চৈত্রমাস, মানুষ দেখেছে বুদ্ধর চোখে বাংলার সর্বনাশ'। .....(মাইক বন্ধ করে দেওয়া হয়।)

শ্রী সুনীল অধিকারী : শ্রদ্ধেয়ভাজন অধ্যক্ষ মহোদয়, সম্মানিত সদস্যবৃন্দ, মাননীয় সদস্য রবীন্দ্রনাথ মণ্ডল রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন, আমি তাকে সমর্থন করি। সমর্থন করছি এই কারণে যে, পশ্চিমবাংলার অগ্রগতি এবং অগ্রগতির পথে চলা তার স্বাক্ষরগুলি তিনি এখানে উপস্থিত করেছেন। আমার বিরোধী বন্ধুরা স্বাভাবিকভাবেই জেগে যদি ঘুমোন, তাহলে তার মর্মার্থ কিভাবে বুঝবে ? প্রথম কথা যদি ধরি, সুদূর আমেরিকা থেকে মনমোহন, আদবানী থেকে বিরাষ্ট্রীয়করণ, যে প্রেক্ষিত আজকে এই মহা সংকট তৈরি করেছে এবং যা স্মরণ করিয়ে দেয় ১৯৩৯ সালের ১লা সেপ্টেম্বর সেই দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিভীষিকা। যা শোভনদা রেফারেন্স হিসেবে টানলেন। দুর্ভাগ্যের হলেও সত্যি যে আজকে ডলারের কলার ধরে টেনে আনছেন। আর দুই বাহু ঊর্ধ্ব করে আমার বিরোধী বন্ধুরা যা বলতেন, বাজারায়ঃ নমঃ, বাজারেভ্যঃ নমঃ, বাজারই সব, বাজারই সর্বোৎকৃষ্ট পন্থা, আজ সেই জায়গায় দাঁড়িয়ে প্রমাণিত সত্য হয়ে গেছে, ২৩৫ জন এম.এল.এ. আপনাদের মতো দুঃস্বপ্নের ফেরিওয়ালা নই আমরা, আমরা সুখ স্বপ্নের ফেরিওয়ালা। কারণ, যে পুঁজিবাদী অর্থনীতির উপায়সমূহ, পুঁজিবাদী সংকটকে মুক্ত করতে পারে না, তার জন্য রাজনৈতিক উপায়সমূহের দরকার, আর সেই রাজনৈতিক উপায়

খোঁজার জন্য আজ বিশ্বব্যাপী দাস ক্যাপিটালের সংখ্যাকে পুনর্মুদ্রিত করতে হচ্ছে। আর করতে হচ্ছে, আবার সেই রাষ্ট্রীয় কোষাগার থেকে টাকা দেওয়ার জন্য। শোভনবাবু বিশ্ব মন্দা ব্যবস্থা টানতে গিয়ে 'ক্যাপিটাল' গ্রন্থের উল্লেখ করেছেন। মনে রাখবেন, এই 'ক্যাপিটাল' গ্রন্থকে আজকে খুঁজে বের করতে হচ্ছে। আর আপনাদের প্রধানমন্ত্রী, আমাদের প্রধানমন্ত্রী মনমোহন সিং ২০ হাজার কোটি টাকার স্টিমুলাস প্যাকেজ দেয়, কাকে দিচ্ছে সেই প্যাকেজ ? আর আমাদের অর্থমন্ত্রী এই রাজ্যের, একটু দয়া করে ভাববেন না, ৫ হাজার কোটি টাকার প্যাকেজ দিয়েছেন—একটা উদাহরণ। বি.পি.এল., এ.পি.এল.—নানান প্রশ্ন উত্থাপন করছেন। যদি এক কোটি লোকও পায়, তাহলে এক কোটি লোক ১০০ করে চাল কিনতে গেলে তাকে ১৪ টাকা বাজারে দিতে হয়। ১৪ বিযুক্ত দু টাকা করে পেলে ১২ টাকা—সেই ১২ টাকা যদি বাড়ায়, তাহলে এই মহা মন্দার হাত থেকে রক্ষা করা যায়। এই সহজ অঙ্কটা বুঝতে না চেয়েই আজকের এই বিশ্ব পরিস্থিতিতে আমাদের দায়ভার দিচ্ছেন। ধন্যবাদ আপনাদের, ধন্য আপনারা। দ্বিতীয় প্রশ্ন এখানে আসতে পারে, মানসবাবু নেই, উনি আইন-শৃঙ্খলার প্রশ্ন তুলেছেন।

[2.30–2.40 p.m.]

আইন-শৃঙ্খলার প্রশ্ন তুলতে গিয়ে আমি শুধু একটা পরিসংখ্যান আপনার কাছে দিচ্ছি। এর দ্বারা কি প্রমাণিত হয় না পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার তার ৩২ বছর চলার পথে সুস্থিতি এবং আইনকে আইনের পথে চলতে দেয় এবং সহনশীলতা, ধৈর্য, ত্যাগ, তিতিক্ষার মধ্যে দিয়ে এই রাজ্যকে অপরাগর রাজ্যগুলির তুলনায় একটা সুন্দর জায়গায় প্রতিষ্ঠা করা, যেমন আমি বলি ২০০৫ সালে কলকাতায় ধর্ষণ হয়েছে ১৩টি, মুম্বাইতে ২০৯টি, দিল্লীতে হয়েছে ৬৬২টি, আমি জানি না which is less than that of Calcutta ? হ্যাঁ, ২০০৬ সালে কলকাতা মহানগরীতে ধর্ষণ হয়েছে ৩৯টি, মুম্বাইতে হয়েছে ৮৬৩টি, দিল্লীতে ৫৩৬টি, which is less than that of Calcutta ? টোটাল ২০০৭ সালে কলকাতাতে হয়েছে ৪৪টি, দিল্লিতে হয়েছে ৫৯৮টি, চুরি-ডাকাতির দিক থেকে যদি ধরা যায় টোটাল কগনিজিবল্ অফেন্স গোটা ইণ্ডিয়াতে যা ঘটেছে প্রায় 18 lakhs, and West Bengal is contributing only 68 thousand, whereas Moharashtra is contributing 1 to 23 thousad. Which is less than that of West Bengal and Calcutta ? আমি জানি না এখানে আইন-শৃঙ্খলা এটা নির্ভর করে law is the condition of the liberty and rights and duties go together এটা যদি হয় তাহলে সেই ডিউটি কি বিরোধীরা পালন করছেন ? কয়েকজন সাংবাদিক বন্ধু বলছিলেন বিরোধীদের জন্যই বিধানসভা। বিধানসভা যদি বিরোধীদের জন্য হয় তাহলে গঠনমূলক আলোচনা আছে। দেবপ্রসাদবাবু একটা গল্প শুনিয়েছিলেন, সেই গল্প হচ্ছে সদ্দারজীর গল্প। আমি বলতে চাই এই আইন-শৃঙ্খলার প্রশ্নে আমাদেরও অনেক গল্প আছে, আমি সেই গল্পে যাব না। কিন্তু যাঁরা আজকে ষড়যন্ত্রের অঙ্ক, যাঁরা আজকে দাঁড়িয়ে ১৯০ বছর আগের ইতিহাসকে টেনে আনতে চায়, তাঁদের আমরা ক্ষমা করতে পারি, কিন্তু

বাংলার মানুষ ক্ষমা করবে না। সেই খবর আলেয়া দিয়েছিল নবাব সিরাজদ্দৌলাকে, কাশেমবাজার কুঠীতে দেখা হবে। যখন নবাব সিরাজদ্দৌলা পৌঁছায় তখন গিয়ে দেখে বললেন চমৎকার ওয়াটশন্ সাহেব, পাশে আছে রাজবল্লভ, জগৎ শেঠ, ইয়ার লতিফ, মহারাজ নন্দকুমার। দারুণ ষড়যন্ত্র। যে ষড়যন্ত্র নিয়ে অজয়দা সেদিন বক্তব্য রেখেছেন। পলাশীর আম বাগানের সমস্ত উঁচু উঁচু জায়গাগুলিকে রবার্ট ক্লাইভকে দখল করিয়েছিল। কামান বসিয়ে সেখান থেকে তার বিরুদ্ধে যুদ্ধ করলেন সিপাই মলার মীরজাফরের ৪০ হাজার সৈন্য নিয়ে, পুতুলের মতো দাঁড়িয়ে রইল আর এরা সিরাজদ্দৌলাকে প্রশ্ন তুলল ওকে আপনি বরখাস্ত করুন ? না, না, ওকে বরখাস্ত করা যায় না, উনি তো শুধু সিপাই মলার নন, উনি আমার আত্মীয়ও বটে। তবুও যুদ্ধে জয়লাভ সংগঠিত হয়েছিল, কিন্তু কাশেমবাজার কুঠীর ষড়যন্ত্র, চন্দননগরে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানিতে সাহায্য করা—মুর্শিদাবাদের সমস্ত সদস্য ভায়েরা আমার সঙ্গে একমত হবেন সিরাজের কবরের কাছে লুৎফা যখন তার ছোটো মেয়ে উম্মতকে হাতে করে নিয়ে যাচ্ছে তখন বিড়বিড় করে লুৎফা বলছে বেইমানদের কোনোদিন ক্ষমা করো না। মৃত্যুর অন্ধকারে ঠিকরে উঠুক তোমার অগ্নিবর্ষী জ্বলন্ত দৃষ্টি, তাতে জ্বলে পুড়ে খাক্ হয়ে যাক এই বেইমানদের জীবন। ছোট উম্মত, আব্বাজানের সমাধির পাশে স্মৃতি তর্পণ করতে গিয়ে বলেছিল 'মা এই আব্বাজানকে যারা খুন করেছিল সেই বেইমান কারা' ? সেই বেইমান হচ্ছে জগৎ শেঠ, সেই বেইমান হচ্ছে ইয়ার লতিফ, সেই বেইমান হচ্ছে উর্মিচাঁদ, সেই বেইমান হচ্ছে মহারাজ নন্দকুমার। আজ লালগড়ে একটা ঘটনা নয়, লালগড় একটা ষড়যন্ত্র। এখানে নাম বলা যাবে না গায়ে হিং লেগে যাবে। আমি নাম বলব না, শ্রীমা হরিশ চ্যাটার্জী স্ট্রিট তার ঠিকানা, সেখান থেকে মা ভৈরবী মানবিকতার আবরণ ছড়িয়ে দিচ্ছেন, আর ছুটে চলে যাবেন দলিলপুরে, কাটাপাহাড়ীতে, ভূলাভেদায়। পুলিশের দরকার নেই, এত বড় অর্ডাসিটি। কি যে গোপন শলা-পরামর্শ হল, মিডিয়ার একটা অংশ তার বৈধ্যতা দিলেন কিভাবে বৈধ্যতা দিলেন ? ওই, ওই দেখ লালগড়ের আকাশ থেকে সাঁওতাল বিদ্রোহের কাহিনী বেরিয়ে আসছে। ৫০ হাজার আদিবাসী ভাই সম্প্রদায় জমিদারদের কাছ থেকে গোমস্তাদের কাছ থেকে দাদন নিয়ে যে জমি চাষ করেছে, তার পরিমাণ কুড়ি শের ধান জমিদারকে দিতে হত। তখন ১,২,৪,৬,৭.., আরে বাবু বিশ বল না কেনে ? বিশ আর বলছে না। ওরা কুড়িকে বিশ বলতো। সেই জায়গায় দাঁড়িয়ে সিধু-কানু, চাঁদ-ভৈরব সেইদিন তাদের সিঙ্গাতে আওয়াজ তুলত হুলে হুল দেলেংজা—এই স্লোগানে মুখরিত করে বিহারের রাজমহল পাহাড় থেকে আমাদের পশ্চিম মেদিনীপুর—এই অধমের জেলা—ক্ষীরপাই দুয়ার পর্যন্ত ৫০ হাজার আদিবাসী ভাই সেইদিন সংগ্রাম করেছিল কিসের জন্য ? চাষের অধিকারে। সংগ্রাম করেছিল অরণ্যের অধিকারে, তাদের অধিকারকে জোর করে কেড়ে নেওয়ার বিরুদ্ধে তারা ফাঁসিকাঠে ঝুলে ছিল। সেই হলো আদিবাসী বিদ্রোহ, মিডিয়া আজকের লালগড়ের ষড়যন্ত্রকে বৈধ্যতা দিয়ে যে ছত্রধর মাহাতো, যিনি দিনে তৃণমূল, রাতে মাওবাদী, দিনে ঝাড়খণ্ড দেশম্, রাতের বেলায় নানা ধরনের দুষ্কৃতকারীদের জড়ো করা। ...আর সেখানে যাচ্ছেন। আর তার সঙ্গে দেবপ্রসাদবাবু, মানসদা এখানে নেই, এরা বন্ধুত্ব পাকিয়েছেন। শিক্ষকতা তো অনেকদিন হল,

তো একটা ক্লাস সেভেনের মেয়ে সে ইলেভেনের ছেলেকে প্রেমপত্র দিচ্ছে। স্যার, এটা আপনি বিচার করে দিন। কি বিচার ? প্রেমপত্র পড়ে দেখলাম, কি লেখা আছে ? 'তুমি যাবে সাইকেলে আমি যাব হেঁটে, তোমার সঙ্গে দেখা হবে ইস্কুলেরই গেটে। ইস্কুলের গেটের পাশে বালির উপরে ইট, তোমার সঙ্গে আমার প্রেম হবে সিমেন্টের মতো কংক্রিট।' আমি বললাম, প্রকাশ রচনার খাতা বের কর। ও কত পেয়েছে দেখব। দশের মধ্যে দুই। তা আমি বললাম কি প্রেম—কিশোর বয়সের প্রেম। বসুন বসুন অনেক আছে ঝুলিতে। কিশোর প্রেম ব্যর্থ হয়, কিন্তু পরিণত বয়সের প্রেম তো ব্যর্থ হওয়ার নয়। প্রেম করেছিলেন ২০০১ সালে, পরিণতি কি হয়েছিল ? ইতিহাসের লিখন পড়ে নিতে হবে। আবার ২০০৯ সালে প্রেম হয়েছে। পরিণত বয়সের প্রেম এ ছুটবে কেমন করে। এর মধ্যে আবার হার সেট্‌ল্ করে নিয়েছে। আমাদের অধ্যক্ষ মহাশয় গেছেন, আমার উপাধ্যক্ষ মহাশয় আছেন, শুনে রাখুন, ওনার কাছেই শোনা, এক যুবক তিনি রাজবাড়ির পাশ দিয়ে যাচ্ছিলেন। হঠাৎ করে তার ইচ্ছে হল, রাজবাড়ির জানালা দিয়ে রাজকন্যা মুখ বাড়িয়েছে, সে দেখল রাজকন্যাকে। সে এসে বন্ধুমহলে বলছে, আজকে আমি হাফ সেট্‌ল্ করে চলে এসেছি। তারা বলে, কি হাফ সেট্‌ল্ করে এলি ? না হাফ সেট্‌ল্ করে এসেছি এইরকম যে, মেয়ের পক্ষ অর্ধেক আর ছেলের পক্ষ অর্ধেক। মেয়ে এবং ছেলে আধাআধি করে, তারপরে সম্পূর্ণ হয়। তা আমি রাজকন্যাকে বিবাহ করব, এই হাফ সেট্‌ল্ করেছি। তখন তার বন্ধুরা বলল, ওরে খবরদার তুই রাজার কাছে এই প্রস্তাব দিতে যাস না। যদি দিতে যাস, তাহলে আগামী ২০০৯ সালের ১৬ই মে তোকে ফুল সেট্‌ল্ করে দেবে। সুতরাং এত সহজে নয়। অঙ্কের নিয়মে হয়। যে দুয়ে দুয়ে চার, দুয়ে দুয়ে শূন্য হয়। একটা ছেলেকে মাস্টারমশাই শিখাচ্ছে বলে, একটা গাছের ডালে একটা পাখি বসে আছে, আর কয়টা পাখি হলে ৪২টা পাখি হবে ? না বলে, কেন স্যার, আর ৪১টি পাখি বসলে হবে। কি করে করলি ? বলে, না মাস্টারমশাই আপনি বললেন যে, যোগ করে। অঙ্কে তো আছে একটা পাখি আর কটা পাখি বসলে ৪২। ৪২ আর এক যোগ করলে তো ৪৩ হবে। তাহলে তো যোগ করে নয়। যোগ কিন্তু বিয়োগ প্রক্রিয়ায় যোগ। তাই আজকের জোট মহাজোট, ঘোঁট। যোগের মধ্য দিয়ে এই বিয়োগ প্রক্রিয়াকে নিয়ে আসতে হবে। মনে রাখতে হবে, যোগ এবং বিয়োগের প্রক্রিয়ায় তা নির্ধারিত হয়। আমি এই প্রসঙ্গ কেন তুললাম, উনি আমাদের আক্রমণ করে বলছেন যে, আমাদের নাকি নীতিহীন জোট। ৬ বছর এন.ডি.এ. চালাল, কি হাল ? তার সঙ্গে এরা ছিল। আর দেশ ৬১-৬২ বছর স্বাধীনতা পেয়েছে, তার দীর্ঘ সময় অতিক্রান্ত হয়েছে স্বাধীনতার পরে, কংগ্রেসি গভর্নমেন্টের মধ্য দিয়ে। যারা রেশন ব্যবস্থা, গণবন্টন ব্যবস্থা সব তুলে দিতে চায় আর সেখানে দাঁড়িয়ে আমরা যখন তার জন্য লড়াই করি, সেই লড়াইয়ের প্রতিফলনেই এই বাক্য আমাদের শুনতে হবে যে আমাদের এই তৃতীয় ফ্রন্টের সমস্ত রাজনৈতিক দলগুলি তাদের চাহিদামতো, তাদের অর্থনৈতিক পশ্চাৎপদতা, আর কৃষি-সংস্কৃতি মূল্যবোধের প্রতি দায়-দায়িত্বহীনভাবে কেন্দ্রীয় সরকার পরিচালনা করা। এবং যার ভেতর দিয়ে এই আঞ্চলিকতাবাদ সৃষ্টি হয়েছে। সেটাকে একটি জায়গায় গ্রথিত করে এক সূত্রে একই প্ল্যাটফর্মের মধ্যে নিয়ে আনতে চেয়েছিলাম, যদি না ধর্মের কথা শোনে, কি করব। ৪টি বছর আমরা বুক আঁকড়ে তাদের আড়াল করে রেখেছিলাম। আমরা পিপাসার্ত ছিলাম, তখন

২০০৪ সাল নির্বাচনে আমাদের সামনে কোনো বিকল্প ছিল না। টেবিলে দুটো গ্লাস জল দেওয়া হয়েছে। একটি গ্লাসে ফলিডল মাখানো আর একটি গ্লাসে পচা পানা পুকুরের জল। কোনটা খাব ? যদি ফলিডল মাখানো জলটা খাই তাহলে সেই মুহূর্তে আমাদের মৃত্যু হবে আর যদি পচা পানা পুকুরের জলটা খাই তাহলে কিছুদিন বেঁচে থাকতে পারব। কংগ্রেস পচে গেছে, ধসে গেছে। কিন্তু সেটা পচা পানা পুকুরের জল। আর আপনারা শোভনদারা যারা এন.ডি.এ.-র সঙ্গে ছিলেন তারা ওটা ছিল একেবারে ফলিডল মাখানো জল, ওই জলটা খেলেই তৎক্ষণাৎ মৃত্যু হত। তাই মানুষ মারার সরকারকে অপসারিত করার জন্য রিয়ালিটি ইন সিচুউয়েশান। পরিস্থিতির যে বাস্তবতা কমপালশান ইন পলিটিক্স। রাজনীতি তো আমরা সবাই করি। সেই রাজনীতিতে বাধ্যবাধকতার প্রয়োজনই আজকে আমাদের এখানে দাঁড়িয়ে সিদ্ধান্ত করতে হয়েছে। সুতরাং ভালবেসে নয় ঐতিহাসিক নির্দিষ্ট প্রয়োজনে আজকে আপনারা ষড়যন্ত্র করছেন। লালগড়ের ঘটনাকে কেন্দ্র করে আজকে আপনারা ষড়যন্ত্র করছেন, গোর্খাল্যান্ড-এর সমর্থনে ইতি-উতি কথা বলছেন। কামতাপুরির সঙ্গে গিয়ে লুকিয়ে গোপনে কথা বলছেন, মানুষ ক্ষমা করবে ? ১৯০ বছর পর অনেক ত্যাগ তিতিক্ষার মধ্য দিয়ে আমরা স্বাধীনতা পেয়েছিলাম। স্বাধীন সরকারের প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহেরু অনেক সাধ করে তৈরি করেছিলেন ১৯৫২ সালে যুগশ্লোভিয়ার রাজধানী বেলগ্রেডে গিয়ে, এসো টিটো সাহেব, মিশরের প্রেসিডেন্ট আব্দুল কায়েম নাসেক, তোমরা এসো, ঘানার প্রেসিডেন্ট নক্রুমা এসো, শ্রীমুভা বন্দরনায়েক সিংহলের প্রধানমন্ত্রী, আমরা একসঙ্গে বসে জোট নিরপেক্ষ নীতি করি আর সেই জোট নিরপেক্ষ নীতিকে গলা টিপে মেরে দেওয়ার মধ্য দিয়ে স্বাধীন ভারতবর্ষের স্বাধীন কার্যক্রমের নীতি যা পণ্ডিত নেহেরু, শ্রীমতী ইন্দিরা গান্ধী, পরবর্তীকালে রাজীব গান্ধী বয়ে নিয়ে গিয়েছিলেন।

[2.40–2.50 p.m.]

লিগ্যাসি অব দি পাস্ট হিসাবে পণ্ডিত নেহেরু, শ্রীমতী ইন্দিরা গান্ধী পরবর্তীকালে রাজীব গান্ধী বয়ে নিয়ে গিয়েছিলেন, এমনকি পি.ভি. নরসিমা রাও কিছুটা চেষ্টা করেছিলেন, আজকে তাকে ধুলিস্যাৎ করবেন আর আমরা উদ্বাহু নৃত্য করে আপনাদের সমর্থন দিয়ে যাব, এই কথা কেউ দেয়নি। দিস ইজ দি কমপালশান অফ পলিটিক্স, এভরিবডি শুড ওবে দ্যাট, হ্যাঁ আরো আছে। আরো অনেক আছে। বেরুবে সব। স্বাভাবিকভাবে এই যে ষড়যন্ত্র আজকে আপনারা করছেন, আসামীর কাঠগড়ায় দাঁড় করানো হবে ৩০শে এপ্রিল, ৭ই মে এবং ১৩ই মে। আসামীর কাঠগড়ায় দাঁড় করিয়ে দিয়ে পাহাড় থেকে সাগর পর্যন্ত আজকে সবাই চিৎকার করে বলছে এই জোট ঘোঁটকে পরাস্ত কর। রাজ্যপাল ৯ই মার্চ পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের যে কীর্তিকাহিনী এবং তার যে ভাষা বীথি তা রঞ্জিত করে এখানে তিনি বক্তব্য রেখেছেন। সত্যিই ধন্যবাদ। আপনারা লুকিয়ে ধন্যবাদ জানান, কখন ধন্যবাদ জানাতে যান—যখন আমরা বলি আমাদের রাজ্যে ঔষধ লাগে ২৮ হাজার কোটি টাকার, আমাদের রাজ্যে ঔষধ তৈরি করতে হয় ৭ হাজার কোটি টাকার, এই ২৮ হাজার বিযুক্ত ৭ হাজার, ২১ হাজার কোটি টাকার ঔষধ তৈরির জন্য আমরা কেমিক্যাল হাব করতে চাই, সেখানটায় তখন যানপ্রাণ দিয়ে প্রাক-পুঁজিবাদী সম্পর্কের জগৎদল পাথরটাকে আমার কৃষক

সমাজের মধ্যে উস্কে দেয়, কারণ আমরা জানি—একটা দেশের, একটা পাড়ার, একটা গ্রামে, যে কোনো ঘটনার, এমনি উদাহরণের জন্য আনুন না কেন—একটা কাঠামো করতে গেলে, সেই কাঠামোর উপরে পরিকাঠামো বা ইনফ্রাস্ট্রাকচার গড়ে তুলতে হয়। কিন্তু মনে রাখবেন, প্রত্যেকটি সমাজের মধ্যে সেই সুপার স্ট্রাকচারের যে উপরিসৌধ থাকে, সেই উপরিসৌধ তাকে শেষ করে দিতে চায়। আর তা দেওয়ার জন্য অনেক অনুঘটকের দরকার হয়। সেই অনুঘটকের ঠিকানা পশ্চিমবঙ্গ শ্রীমা হরিশ্চন্দ্র চ্যাটার্জী স্ট্রিট। সেখানে আজকে মানসবাবুও যাচ্ছেন, মানসবাবুরা সেখানে গিয়ে বলছেন, এসো আমি তোমার সঙ্গে আছি। পায়ে ধরে সাধা, 'রা' না দেয় রাধা, শেষে দিল রা, পাগল ছাড় পা। আজকে কংগ্রেস গেছে, কংগ্রেসকে হিসাব দিতে হবে। একটা প্রাচীনতম দল তার ঐতিহ্য আছে, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে যে লড়াই, সেই . লড়াইয়ে প্রত্যক্ষভাবে আপনাদের কোনো ভূমিকা না থাকলেও অন্তত পরোক্ষভাবে আপনারা সাম্প্রদায়িকতার বিষবাষ্প ছড়িয়ে দেন। আমার মনে হয়, দেবপ্রসাদদা আমার সঙ্গে একমত হবেন, বেলেঘাটায় ১৯৪৭ সালে যখন মহাত্মাগান্ধী একসঙ্গে দাঁড়িয়ে, ওখানে অনশন করছেন, তখন রবীন্দ্রনাথের সেই গান বোধহয় গুনগুন করে করেছিলেন, 'এ কি সমাপন, অমৃতেরে ছাড়িলি, মৃত্যুতে করিলি সমর্পণ'। আজকে কংগ্রেস, যে কংগ্রেসের ক্ষমতায় দেশের মন্ত্রীরা, শিল্প মন্ত্রীরা, অর্থমন্ত্রীরা পর্যন্ত বলছেন, পশ্চিমবঙ্গকে শিল্পায়নের পথে নিয়ে যেতে হবে, প্রচার করছেন, তাকে গালি দিলেন যে উনি বাংলার নায়ক, আজকে তারই সঙ্গে গিয়ে আপনারা জোট করছেন, আপত্তির কিছু নেই। যে যার রাজনীতি, সে তার রাজনীতি করবে, এই রাজনীতির মূল যা হবে, মগ ডাল যা হবে, তার শিকড় যা হবে, তৃণ যা হবে, পরের দিকে তার ব্যাখ্যাও হবে। কিন্তু এটা তো ঘটনা, আজকের দিনের ইনিভিটেবিলিটি কি। একবিংশ শতাব্দীর প্রথমভাগে দাঁড়িয়ে সবাই আমরা অনুসরণ করব যে বিংশ শতাব্দীর বিশুদ্ধ পদার্থ বিদ্যা, বিংশ শতাব্দীর বিশুদ্ধ রসায়ন বিদ্যা, বিংশ শতাব্দীর ফলিত রসায়ন, বিংশ শতাব্দীর ফলিত পদার্থ বিদ্যা আমাদের যা দিয়েছে, তাকে অবলম্বন করেই আমরা এগিয়ে যেতে চাই। একবিংশ শতাব্দীর প্রথম ভাগে দাঁড়িয়ে ভুবনবাসী ৬০০ কোটি মানুষের খাদ্য, বাসস্থান, চিকিৎসা আজকের দিনে জৈব প্রযুক্তিকে বিকশিত করা ছাড়া বিকল্প আমাদের কিছু নেই। আজকের দিনে মাইক্রো বায়োলজিকে ডেভেলপ করার বিকল্প আমাদের কাছে নেই। আমাদের কাছে আছে ৬৮ শতাংশ এই সমস্ত কৃষিতে, কৃষি এবং কৃষি সম্পর্কিত কৃষক এবং জমিদারের উপর ফেলে দিয়ে কোনো দেশ উন্নতি করতে পারে না, আমাদের দেশের অরণ্যানি, আমাদের দেশের সাগরের নীচে রত্নরাজি, আমাদের দেশের কৃকে জমিকে পুত্রবৎ ভালবেসে ফালাফালা করে কৃষি ফসলের উৎপাদন করে দেশকে অগ্রগতির পথে নিয়ে যায়। অগ্রগতির পথে নিয়ে যেতে গেলে যেমন আমার মা অনেক সাধ করে পড়াশুনা করিয়ে বলেছিলেন, বাবা তুই একটা দোকান কর বা তুই একটা চাকরি কর, তোর দাদা মাঠে কাজ করুক, মেজদা আর নানারকম করে ওই গঞ্জের কাছে গিয়ে চা দোকান করে বসুক। তবেই তো আমাদের সংসারের উন্নতি হবে। আর এখানে শ্রীমার ঠিকানা হল হরিশচন্দ্র চ্যাটার্জী স্ট্রিট। সেখান থেকে নির্দেশ দিলেন আর আপনারা ধেই ধেই করে নাচতে নাচতে বললেন জমি নিয়ে নিচ্ছে, জমি নিয়ে নিচ্ছে, জমি নিয়ে নিচ্ছে। আরে কে জমি নেবে ? তিন বিঘা জমি চারজন

লোক, '৪৭ সাল ; খেতে পাই না, ঔষধ পাই না। পাঁচের দশক—তিন বিঘা জমি কমে এল—২ বিঘা ১১ কাঠা, ৫ জন লোক ; ছয়ের দশক, ৬ জন লোক, খেতে পাই না, আটাগুটা ওই আমেরিকা থেকে আনা, নানা ধরনের পশুখাদ্য, সেই খাদ্যকে আমাদের খেতে হয়েছে। জমি তো আর ইলাস্টিকের মতো বাড়ে না। আজকে তিন বিঘা জমি আছে, প্রায় ৯ জন লোককে নিয়ে খাওয়াতে হচ্ছে, এখানে ৩২ বছর ধরে বামফ্রন্ট সরকার আছে, চাল লাগে ১৩৪ লক্ষ মেট্রিক টন, চাল উৎপাদন করেছে ১৫৩ লক্ষ মেট্রিক টন, সব্জি লাগে ৮৬ লক্ষ মেট্রিক টন। সব্জি উৎপাদন করেছি ১১৬ লক্ষ মেট্রিক টন। আলু লাগে ৪৬ লক্ষ মেট্রিক টন। আলু উৎপাদন করেছি ৮৩ লক্ষ মেট্রিক টন। শুধু একই গান মানসবাবুর—খাদ্যে ঘাটতি, খাদ্যে ঘাটতি। ১৮ লক্ষ মেট্রিক টন—খাদ্যে ঘাটতি ! বাঙালি মাছ ভাতে প্রিয়। ১৬ লক্ষ মেট্রিক টন চাল উদ্বৃত্ত। মাছে আমরা প্রথম পুরস্কার পেয়েছি—কে দেয় পুরস্কারগুলি ? পুরস্কার তো সব দেয় ওই এন.ডি.এ.—যখন তাদের মন্ত্রী ছিল। বাজপেয়ী তো বলেই ফেললেন বেস্ট চিফ মিনিস্টার-কে-এই বুদ্ধদেব ভট্টাচার্য। আর এই আইন-শৃঙ্খলার বিষয়ে একজন বলছে—দূর ওর মুখ্যমন্ত্রী হওয়ার যোগ্যতা নেই। যোগ্যতা যে আছে এ কথা প্রমাণ করার অপেক্ষা রাখে না কারণ এখন কোনো বাঙালি মা তার ছেলেকে বা তার নাতিকে খাওয়ার দেওয়ার জন্য কলরার মোড়ে লঙ্গরখানায় গিয়ে এনামেলের বাটি নিয়ে এক এনামেল বাটি সি সেম সিদ্ধ নিয়ে সবাইকে দেওয়ার পরে উচ্ছিষ্ট অংশ যা পড়ে থাকে তাকে চেটে চেটে আমার মা খেত। সেই পরিস্থিতি আজ নেই। যেদিন ১৯৪৭ সালে দেশ স্বাধীন হল, ১৯৭৭ সালের ২১শে জুন প্রবাদ প্রতিম লিভিং লিজেন্ট জ্যোতিবাবু এই রাইটার্সের করিডোরে প্রবেশ করছেন। তখন ছিল পশ্চিমবঙ্গে জননী জীর্ণা শীর্ণা কুটির বাসিনী। আজকে আপনারা যে প্রাসাদোপম অট্টালিকা বাসিনী করেছেন—এ কথা দাবি করব না। কিন্তু এ কথা তো দাবি করতে পারি—একটু মাছ, একটু ভাত, একটু আচ্ছাদন, একটু শিক্ষা দিতে পারি। সৌগতবাবু বললেন শিক্ষায় আমাদের দেশ পিছিয়ে পড়ছে। আমার শিক্ষামন্ত্রী দ্রোণাচার্য হবেন ! না। বিদ্যাসাগর বলেছিলেন—রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে, সকালে উঠিয়া শিশু মন দেয় নিজ নিজ পাঠে। সুনীল, করিম, রাখাল এরা সব গরু চরাতে যাবে আর বাবুর বাড়ি গুপি আর চায় না ওই প্রথম ভাগ খুলে সেন্টেন্স পড়বে ! বিদ্যাসাগর দেখলেন সমকাল সামাজিক দর্শনের ওপর ছাড়িয়ে—না একটু অন্তত উৎসাহ যোগাই—তাই বর্ণপরিচয়ের প্রথম পাঠের শেষ ভাগে বললেন—উঠিল তপন উঠো শিশুগণ, আপন আপন দেহ পাঠে মন। আজকে দক্ষিণ ২৪-পরগনার দেওয়ালে দেওয়ালে লিখতে হচ্ছে—এবার তোমার বয়স পাঁচ হল, সবাই মিলে স্কুলে চল—গরু চরাতে যেতে হবে না ! 'বধূ' কবিতায় রবীন্দ্রনাথ কতবার লিখেছেন—রবীন্দ্রনাথ কবিতা আবৃত্তি করলেন—কলসী লয়ে কাঁখে, বামেতে মাঠ শুধু সদাই করে ধূ ধূ, ডাইনে বাঁশবন হেলায়ে শাখা। আর আজকে বধুমাতা যখন গাঁয়ের মেঠো পথ দিয়ে স্কুল গড়ার কলে যায়—আলতো পায়ে আলতো ছোঁয়া, পথ চলেছে সমুখ পানে, দু'ধার ভরা সোনার ধানে। আমার সূর্যবাবুকে তো নানাভাবে আক্রমণ করেন। এই পঞ্চায়েত, এই গ্রামোন্নয়ন, এই ৭০ শতাংশ গ্রামীণ মানুষের চিকিৎসা হাসপাতালগুলিতে হয়—কোন্ স্টেটে আছে, একটা স্টেটের নাম বলুন শিক্ষার সঙ্গে যুক্ত ৯৪ শতাংশ এমপ্লয়িদের বেতন এই রাজ্য সরকারের মতো দেয় ? আপনারা বলার জন্য

বলবেন আর যেটা হয় তার জন্য বলবেন না ! আর সেই কথাটা লেখা থাকলে রাজ্যপালকে ধন্যবাদ দিতে গায়ে হিং লেগে যায়—তাই না ! শুধু এই জায়গায় নয় আদিবাসী ভাইদের জন্য আজকে দরদ উথলে উঠেছে সেই আদিবাসী ভাইদের—লিখে রাখুন ১৭৮টা প্রাইমারি স্কুল, লিখে রাখুন ৪৮টা এম.এস.কে., লিখে রাখুন ৪০টা শিশু শিক্ষা কেন্দ্র, ওই ভুলে ভ্যাঁদা, ওই কাঁটাপাহাড়ি, ওই বাঁশপাহাড়ি বা লালগড় অঞ্চলে গড়ে উঠেছে। কি অপরাধ ছিল বলুন তো—একজন ধাত্রী জাতিতে সাঁওতাল—একজন ডাক্তার জাতিতে সাঁওতাল—আজকে তারা যখন ভ্রাম্যমাণ চিকিৎসকের গাড়ি নিয়ে বেরিয়ে যাচ্ছে তাদেরকে খুন করছে ওই শয়তানের দল মাওবাদী ! তাদের সঙ্গে কিসের গোপন বৈঠক ? আজ ঢোল গোবিন্দ নেই কাকে তুলে বলব—ওঠ ওঠ শচীমাতা গৌর হইলো প্রেমদাতা, ঘরে ঘরে হরিনাম বিলাইবে। তিনি কোথায় আজকে ? তিনি চলে গেলেন সেখানে। আসামীর কাঠগড়ায় দাঁড়াতেই হবে। একদিন যেমন ষড়যন্ত্রী হিসাবে ইয়ার লতিফ, মহারাজ নন্দকুমারদের ফাঁসি দিয়েছে তেমনি পশ্চিমবাংলার মানুষ আজকের রাজনীতির বাস্তবতা বুঝে নিয়েই রায় ঘোষণা করবে। আরো বলেছেন—শিক্ষায় কোয়ালিটি নেই। আরে বাবা আমার শিক্ষামন্ত্রী দ্রোণাচার্য হবেন কেন—সে তো অর্জুনকেই সর্বশ্রেষ্ঠ করতে চেয়েছিল—ব্যাধের ছেলে একলব্যকে শিক্ষা দেননি। একলব্য যখন তার শিক্ষা নিয়ে নিয়েছে তখন অর্জুনের গোঁসা—তাই আঙুল কেটে দিয়ে গুরুদক্ষিণা। আমার শিক্ষামন্ত্রী, আমার মুখ্যমন্ত্রী, আমার গ্রামোন্নয়ন মন্ত্রী, আমার মন্ত্রী পরিষদ, আমরা ২৩৫ জন, এই বিধানসভার সদস্যবৃন্দ—আমরা হব মহর্ষি গৌতম। জবালার গর্ভে জন্ম সত্যকাম—এ রকম ছড়িয়ে ছিটিয়ে থাকা লাখো সত্যকামকে স্কুলের আঙিনায় প্রবেশ করিয়ে বাঙময় করে তুলেছে—এখানেই তো স্পিরিট। কারণ জব ফর অল, এডুকেশান ফর অল, হেলথ ফর অল—এটাকে নিয়ে আমরা আন্দোলনে এগিয়ে যেতে চাই। আদিবাসী ভাইদের পড়ানোর দিদিমণি নেই—গতকালই দেবপ্রসাদবাবু বলছিলেন। আজ বলতে পারেন একটা স্টেট জলপাইগুড়ি এলাকায়—কালকেই বলেছেন—আমি খুব দায়িত্ব নিয়ে বলতে চাই—একটা স্টেটের নাম করুন যেখানে ১ লক্ষ ৩৭ হাজার আদিবাসী ভাইবোনদের পেনশন ৫০০ টাকা করে দেওয়া হয়েছে। আজকে আপনারা যদি একটা স্টেট তুলতে পারেন তাহলে আমি আমার বক্তব্য উইথড্র করে নেবো। আজকে একটা স্টেট পাশে দাঁড় করান—পাশে মধ্যপ্রদেশ—তাদের সেখানে দাঁড়িয়ে কোনো আদিবাসী কর্মী দেওয়ালে লিখছে—আমার প্রার্থীকে অলচিকি হরফে—সেটা এই বামফ্রন্ট। এই রকম অসংখ্য উদাহরণ দিয়ে আপনাদের সামনে আমি বলতে পারি—মাননীয় ডেপুটি স্পীকার মহোদয় আমি অনুরোধ করব—একটি থালায় ৪২টি মুদ্রা রেখে সৌগতবাবু বলেছেন—তুলে নাও তুলে নাও তুলতে হবে, আঙুলে যেন জল স্পর্শ না করে। আর প্রেসিডেন্সি কলেজ, স্কটিশ চার্চ কলেজ, দিল্লি বিশ্ববিদ্যালয়, মেদিনীপুর, বর্ধমান, কলকাতা বিশ্ববিদ্যালয়—আমাদের নাতি-নাতনিরা ধরুন যাদের বয়স ৩২ বছর তারা বলছে—দাদু ঘাবড়াবেন না, কাঁচের গ্লাসে একটু কাগজ দিয়ে দিন, দেশলাই কাঠি জ্বেলে দিন—বাতাস উঠে যাবে—আর তাকে থালায় উপুড় করে দিন, দিয়ে ৪২টি মুদ্রা তুলে নিন—ওই একই থেকে যাবে। প্রমাণ হবে—পাবে কি পাবে না। আমাদের রাজ্যপালের ধন্যবাদসূচক প্রস্তাবের ওপর আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[2.50–3.00 p.m.]

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ ধারা অনুযায়ী পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল গোপালকৃষ্ণ গান্ধী যে ভাষণ রেখেছেন তার উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করছি। যে সময় আমাদের এই অধিবেশন চলছে সেই সময় একদিকে যেমন আন্তর্জাতিক ক্ষেত্রে অর্থনৈতিক মন্দা এবং সন্ত্রাসবাদ মাথাচাড়া দিচ্ছে, ঠিক তেমনি সামনে ভারতবর্ষের লোকসভা নির্বাচন। স্বাভাবিকভাবেই বিভিন্ন বক্তার বক্তব্যের মধ্যে এই প্রশ্নগুলো বার বার উঠে এসেছে। আমরা দেখেছি পরমাণু চুক্তিকে কেন্দ্র করে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি কেন্দ্রের ইউ.পি.এ. সরকারের উপর থেকে তাদের সমর্থন প্রত্যাহার করে নিয়েছিল। তারা ভেবেছিল তারা সমর্থন প্রত্যাহার করে নিলে সরকারের পতন হয়ে যাবে পরবর্তীকালে আমরা দেখেছি সেই সরকার পুরো পাঁচ বছর শাসনকার্য চালিয়েছে এবং তারপরে নির্বাচন হচ্ছে। এবারের নির্বাচনের প্রাক্কালে আমরা দেখলাম, নাকের বদলে তারা নরুন দিল। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বে তৃতীয় ফ্রন্ট গঠন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই তৃতীয় ফ্রন্টের পরিকল্পনা আসলে কোথা থেকে ? ভারতবর্ষের জাতীয় কংগ্রেস, যারা চিরকাল সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই করেছে তাদের নেতৃত্বে আছে ইউ.পি.এ., আর ভারতীয় জনতা পার্টির নেতৃত্বে আছে এন.ডি.এ.। কংগ্রেসের যে মূলনীতি, সেই ধর্মনিরপেক্ষতা নীতিকে আঘাত করার জন্যই এই তৃতীয় ফ্রন্টের উদ্ভব হয়েছে। কারণ কংগ্রেস পরিচালিত যে ইউ.পি.এ. যে জোট, যারা ধর্মনিরপেক্ষতাকে বিশ্বাস করে তার প্রতি আঘাত হানার অর্থ হচ্ছে ভারতীয় জনতা পার্টিকে সমর্থন করা। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বে যে তৃতীয় ফ্রন্ট হয়েছে তারা কি ঘুরিয়ে ফিরিয়ে ভারতীয় জনতা পার্টিকেই ক্ষমতায় আনতে চাইছে। মাননীয় রাজ্যপালের ভাষণে সন্ত্রাসবাদের ব্যাপারে অনেক কথা বলা হয়েছে এবং বলা হয়েছে পশ্চিমবঙ্গ নাকি সন্ত্রাসবাদ মুক্ত এলাকা। কিন্তু পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় সন্ত্রাসবাদ বাদেও বিভিন্ন বিচ্ছিন্নতাবাদ শক্তি মাথাচাড়া দিচ্ছে এবং তারা পশ্চিমবঙ্গ থেকে আলাদা হতে চাইছে। এই ব্যাপারে দু-একটি কথা যদি মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে থাকত তাহলে ভালো হত। অথচ এটাই কিন্তু পশ্চিমবাংলার সবচেয়ে বড় বিপদ। একদিকে আমরা দেখেছি যে গোর্খা জনমুক্তি মোর্চার নেতৃত্বে পাহাড়ে আন্দোলন হচ্ছে দার্জিলিংকে একটা আলাদা রাজ্য ঘোষণা করার জন্য। ঠিক তখনই আমরা দেখছি বাঁকুড়া, মেদিনীপুরের দুটি জেলা, পুরুলিয়াকে নিয়ে একটা এলাকা, সেটাকে ঝাড়খণ্ডের সঙ্গে যুক্ত করার জন্য একটা আন্দোলন সংগঠিত হচ্ছে। গ্রেটার কোচবিহারের নেতৃত্বে কোচবিহারকে আলাদা রাজ্য করার জন্য একটা আন্দোলন সংগঠিত হচ্ছে। কে.এল.ও.-র নেতৃত্বে জলপাইগুড়িকে আলাদা রাজ্য করার জন্য আন্দোলন সংগঠিত হচ্ছে। আজকে বাংলায় এই প্রশ্নটা বড় হয়ে দেখা দিচ্ছে। হঠাৎ এমনকি ঘটলো যার জন্য আজকে খেটে খাওয়া সাধারণ মানুষ, আদিবাসী সম্প্রদায়ের মানুষ, রাজবংশী সম্প্রদায়ের মানুষ, পাহাড়ের সাধারণ মানুষ তারা পশ্চিমবাংলা থেকে বিচ্ছিন্ন হয়ে যেতে চাইছে। এর সমূহ কারণ কি ? এর জবাব কিন্তু ভাষণে উল্লেখ করা হয়নি। মূলত ৩২ বছর ধরে পশ্চিমবঙ্গের খেটে খাওয়া সাধারণ মানুষ, যারা

প্রকৃতপক্ষে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ভোট ব্যাঙ্ক ছিল। যাদের নিয়ে এই সরকার ৩২ বছর ধরে তাদের রাজত্ব চালিয়ে এসেছে। সেই সমস্ত মানুষের রুজি-রোজগারের ব্যাপারে সরকারের পক্ষে কোনো চিন্তা-ভাবনা ৩২ বছরে না হওয়ার ফলে আজকে দেখা যাচ্ছে দার্জিলিংয়ের সাধারণ খেটে খাওয়া মানুষ অভুক্ত থাকছে। আজকে আদিবাসী সম্প্রদায়ের মানুষ তাদের লাল পিঁপড়ের ডিম খেয়ে বেঁচে থাকতে হচ্ছে। একই অবস্থা রাজবংশী সম্প্রদায়ের মানুষের। সেই কারণে ওরা যখন বিভিন্নভাবে গণতান্ত্রিক আন্দোলন সংগঠিত করতে যাচ্ছে বা তাদের খাদ্যের দাবি জানাচ্ছে, তারা তাদের মজুরির দাবি আদায়ের চেষ্টা করছে তখন তাদের প্রতি, তাদের সেই গণতান্ত্রিক আন্দোলনের প্রতি পশ্চিমবঙ্গের মার্কসবাদী কমিউনিস্ট পার্টি পরিচালিত বামফ্রন্ট সরকার যে আচরণ করছে, সেই আচরণ থেকেই আজকে এইসব খেটে খাওয়া সাধারণ মানুষের মধ্যে একটা ক্ষোভ দানা বেঁধেছে। এর থেকে মুক্তির পথ পশ্চিমবাংলা থেকে আলাদা হয়ে যাওয়া। এটা একমাত্র মুক্তির পথ। আজকে যদি এর সমাধান না হয়, গুরুত্ব দিয়ে যদি চিন্তা না করা হয় কিভাবে এই সংকট থেকে মুক্তি পাওয়া যায় ; সেই চিন্তা না করে শুধুমাত্র বিরোধীদের দিকে আঙুল দেখিয়ে সমস্যার সমাধান হবে না। সেই সমাধানের কোনো রাস্তা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। আমরা সেটা দেখলাম না। আজকে উগ্রপন্থা নিয়ে অনেক কথা বলা হয়েছে, বলা হচ্ছে যে পশ্চিমবাংলা সেই অবস্থা থেকে মুক্ত। কিন্তু ঘটনাচক্রে আমরা দেখলাম গতকালই আলিপুর দুয়ারে মোটর সাইকেলে বোমা বিস্ফোরণ হয়ে দুজন নিহত হয়েছে এবং বেশ কিছু মানুষ আহত হয়েছে। আজকে সকালবেলাতেই আমাদের মুখ্যমন্ত্রী, ফার্স্ট আওয়ারে প্রশ্নোত্তর পর্ব যখন চলছিল তখন বিরোধীদের উদ্দেশ্যে বললেন সি.বি.আই.-কে আপনারা গুরু মনে করেন, আমরা মনে করি না। আমরা মনে করতে চাচ্ছি না। পশ্চিমবাংলার পুলিশ যদি সঠিক কাজ করত, এবং যদি সত্যি পশ্চিমবাংলায় প্রশাসন থাকত তাহলে সি.বি.আই.-এর প্রশ্ন মানুষের মনে আসত না। আমরা দেখেছি মুখ্যমন্ত্রীর কনভয়ে ল্যান্ডমাইন বিস্ফোরণ হলে সি.আই.ডি. তদন্ত করেছে। আমরা আজকে শাসকদলের বন্ধুদের কাছে যেটা জিজ্ঞাসা করছি, এখনো পর্যন্ত আমরা জানতে পারিনি যে মাননীয় মুখ্যমন্ত্রীর কনভয়ে ল্যান্ডমাইন বিস্ফোরণ কারা ঘটিয়েছে, সেই দুষ্কৃতকারীদের নাম আমরা এখনো জানি না। এই হলো আমাদের সি.আই.ডি.। প্রসঙ্গত বলি, ২০০৭-এর ২৫ ফেব্রুয়ারি আমাদের এলাকায় একটি স্কুলের নির্বাচনকে কেন্দ্র করে একজন কলেজের অধ্যাপককে কাটোয়া থানার ও.সি. গুলি করে হত্যা করলে, আমরা সেদিন বিধানসভায় এ নিয়ে প্রশ্ন করার পরে মাননীয় মুখ্যমন্ত্রী নিজে আমাকে ডেকে বলেছিলেন, এই ঘটনা সত্য, আমরা এ সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করছি। আজকে ২০০৯-এর মার্চ চলছে। দু বছরের ওপর হয়ে গেছে। আপনারা শুনলে অবাক হয়ে যাবেন, সি.আই.ডি. সেই কেসের কোনো চার্জশিট দাখিল করতে পারেনি। এই সি.আই.ডি.-র ওপর ভরসা রাখলে পশ্চিমবাংলার মানুষের কি অবস্থা হবে। এখানে বলি, সি.বি.আই.-এর ব্যাপারে, তাপসী মালিক হত্যার বিষয়ে মুখ্যমন্ত্রী সি.বি.আই. তদন্ত করার জন্য নির্দেশ দিয়েছিলেন। এক্ষেত্রে সি.বি.আই. তদন্তের বিষয়ে মুখ্যমন্ত্রী বলেন, বিরোধীদের কথায় কিন্তু নয়। কারণ তিনি আশা করেছিলেন তাপসী মালিককে যেভাবে পুড়িয়ে মারা হয়েছে, তারপর এর সি.বি.আই. তদন্ত না হলে সত্য উদ্‌ঘাটিত হতে পারবে না।

[3.00–3.10 p.m.]

সত্য উদ্‌ঘাটিত হল। তারপর তিনি আঙুল তুলে অন্যভাবে চেপে দেবার চেষ্টা করলেন। পশ্চিমবাংলায় আইনের শাসন বলে বর্তমানে কিছু নেই। যে কোনো জায়গায় যে কোনো স্তরে রাজনৈতিক কাজে পুলিশকে ব্যবহার করা হচ্ছে। ডাকপার্টির কাজ দেখে পুলিশের একটা বৃহৎ অংশ। একেই বলা হয় পশ্চিমবাংলায় যা পুলিশের প্রয়োজন তা নেই। কিন্তু দেখা যায় শতকরা ২০ ভাগ পুলিশ ডাকের নাম করে টাকা তোলে। তারা এই চিন্তায় মশগুল থাকে কবে ভালো থানায় পোস্টিং পাবে, কোন্ ভালো জেলায় পোস্টিং পাবে। টাকা পয়সা দিয়ে ভালো থানায় পোস্টিং নিতে হয়। বর্তমানে পশ্চিমবাংলায় পুলিশ প্রশাসন বলে কিছু নেই। প্রশাসন যদি ভালো না থাকে তাহলে আমরা ভালো কি আশা করব ? এই সমস্ত কথা রাজ্যপালের ভাষণের মধ্যে পরিষ্কার করে বলা নেই। আমি একটা কথা দেখে অবাক হয়ে যাচ্ছি, এখানে রাজ্যপালের ভাষণের মধ্যে বলা হয়েছে যে নয়াচরে কেমিক্যাল হাব করার ব্যাপারে ভারত সরকারের অনুমোদন পাওয়া গেছে। রাজ্যপালের ভাষণের মধ্যে এই কথা বলা হচ্ছে। অথচ গতকালই আমাদের বিরোধী দলের নেতা পার্থ চ্যাটার্জীর এক প্রশ্নের উত্তরে শিল্পমন্ত্রী বলেছেন যে কেমিক্যাল হাবের অনুমোদন ভারত সরকারের কাছ থেকে পাওয়া যায়নি। তাহলে কোনটা সত্য ? রাজ্যপালকে দিয়ে এই ধরনের অসত্য কথা বলানো হল কেন সেটা একটু পরিষ্কার করে জানার দরকার আছে। মাননীয় মুখ্যমন্ত্রী আজকে যখন ভাষণ দেবেন নিশ্চয়ই বলবেন কোনটা সত্য ? রাজ্যপালের ভাষণের বইতে যেটা বলা আছে সেটা সত্য না গতকাল শিল্পমন্ত্রী যেটা বলেছেন সেটা সত্যি ? শিল্প সম্পর্কে একটা বিস্তারিত বিবরণ এই বই-এর মধ্যে লেখা আছে, যার মধ্যে গাড়ি শিল্পের ব্যাপারে অনেক কথা বলা আছে। মাননীয় মুখ্যমন্ত্রীর মাথায় ২০০৬ সালের পর থেকে গাড়ি শিল্প নিয়ে আশা-আকাঙ্ক্ষা উত্তর উত্তর বাড়ছে। কিন্তু আমরা কি দেখছি ? গাড়ি শিল্পের ব্যাপারে শুধু যে ন্যানো চলে গেছে তা নয় পশ্চিমবাংলায় নতুন করে কোনো গাড়ি শিল্প তৈরি হয়েছে এই রকম নিদর্শন দেখা যায়নি। তার বদলে আমরা দেখতে পাচ্ছি হিন্দমোটরে এই মুহূর্তে শ্রমিকের সংখ্যা কমিয়ে দেওয়া হচ্ছে। অর্থাৎ সেখানে উৎপাদন কমে যাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। গাড়ি শিল্পের উন্নতি হচ্ছে না অবনতি হচ্ছে সেটা মুখ্যমন্ত্রী বলবেন। কবে অর্জুন বার হয়ে আসবে আমি জানি না অথচ বারে বারে গাড়ির কথা বলছেন। এ ছাড়া আই.টি. সেক্টরের কথা বলেছেন, সেখানে প্রচুর কর্মসংস্থানের কথা বলেছেন। আমরা খবরের কাগজ পড়ি, আমরা খবর রাখি, প্রত্যেক বিধায়ক জানেন, আই.টি. শিল্প আজকে একটা সংকটের মধ্যে দিয়ে চলছে। অনেক আই.টি. সেক্টরে কর্মী ছাঁটাই চলছে, নতুন করে নিয়োগ হচ্ছে না। এখানে অসত্য কথা বলা হয়েছে যে আই.টি. সেক্টর ব্যাপক বিস্তার লাভ করেছেন, প্রচুর শিক্ষিত বেকার চাকরি পাচ্ছে। সত্যের অপলাপ করা হয়েছে রাজ্যপালের ভাষণের মধ্যে। এখানে ইস্পাত শিল্পের কথা বলা হয়েছে। এখানে শুধু স্পঞ্জ আয়রন কারখানা কতকগুলো তৈরি করা হয়েছিল যেগুলো প্রচণ্ড দূষণ তৈরি করে। এইগুলোর বেশিরভাগ বন্ধ হয়ে গিয়েছে। শিল্পের দিক দিয়ে আমরা এগিয়ে যাওয়ার বদলে পেছিয়ে যাচ্ছি। আমরা এখন এমন একটা পরিস্থিতির মধ্যে পড়েছি, আগামীদিনে পশ্চিমবাংলায় কর্মসংস্থান হবে কিনা

সেটা ভেবে দেখার দরকার আছে। সেই সঙ্গে স্বাস্থ্য সম্পর্কে অনেক কথা বলা হয়েছে। আজকে পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থা সম্পর্কে যদি পর্যালোচনা করা যায় তাহলে দেখা যাবে গত ১০ বছরের মধ্যে বিশ্বব্যাঙ্কের কাছ থেকে ৮৮০ কোটি টাকা ঋণ নিয়ে বামফ্রন্ট সরকার মহকুমা হাসপাতাল এবং জেলা হাসপাতালগুলোর পরিকাঠামো তৈরি করার ব্যবস্থা করেছিল। তার সঙ্গে উন্নতমানের যন্ত্রপাতি দিয়ে চিকিৎসা ব্যবস্থার যাতে উন্নতি করা যায় তার ব্যবস্থা করা হয়েছিল। মহকুমা হাসপাতালে যে সমস্ত যন্ত্রপাতি দেওয়া হয়েছিল, যেমন আলট্রা সোনোগ্রাফি মেশিন, কোন স্বাস্থ্যকেন্দ্রে ভালো আছে বলতে পারবেন ? আলট্রা সোনোগ্রাফি মেশিন যেগুলো দেওয়া হয়েছিল, সেই মেশিনগুলো দু-তিন মাস যাওয়ার পরেই খারাপ হয়ে গেল। সেই সমস্ত মেশিন সারা পশ্চিমবাংলার যতগুলো হাসপাতালে দেওয়া হয়েছিল, সব খারাপ হয়ে গেছে। এমনি একটা দুর্নীতি বাসা বেঁধেছে। বলা হয়েছিল এই মেশিনগুলো খারাপ হলে সেগুলো সারানোর জন্য বরাদ্দ একমাত্র তাদেরই দেওয়া হবে, যারা এই মেশিনগুলো সাপ্লাই করেছে। দেখা গেল একটাও মেশিন সারানো গেল না। অর্থাৎ এমন মেশিন বসানো হল, যেগুলো খারাপ হবার পর সারানো গেল না। এইভাবে নতুন নতুন যন্ত্রপাতি উন্নত চিকিৎসা ব্যবস্থার জন্য কেনা হয়েছিল। কিন্তু সমস্ত কিছুই বিকল হয়ে গেছে। তার ফলে স্বাস্থ্য ব্যবস্থা বিকল হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। কলকাতায় যে সমস্ত বড় বড় হাসপাতাল আছে, সেখানে উন্নত চিকিৎসার কথা বলা হচ্ছে। এটা তো কাউকে বলে দেওয়ার কথা নয়, সকলেই জানেন যে প্রত্যেকদিনই রোগীদের ফিরিয়ে দেওয়া হয়। তাদের চিকিৎসা দিতে পারে না। মহকুমা হাসপাতালে চিকিৎসা না পেলে জেলা হাসপাতালে পাঠিয়ে দেওয়া হয়। জেলা হাসপাতালে পাঠানোর পর চিকিৎসার জন্য আবার এস.এস.কে.এম. হাসপাতালে পাঠিয়ে দেওয়া হয়। আবার সেখান থেকেও হয়তো ফিরিয়ে দেওয়া হচ্ছে। আমি একটা ঘটনা বলি। পুড়ে যাওয়ার পর একজন রোগীকে কাটোয়া হাসপাতালে নিয়ে যাওয়া হল, কিন্তু সেখানে তার চিকিৎসা হল না, তাকে বর্ধমান হাসপাতালে পাঠানো হল। বর্ধমান থেকে আবার তাকে এস.এস.কে.এম.-এ পাঠানো হল। সেখানেও ভর্তি করা হল না। সেই রোগীটিকে ফেরত নিয়ে যাওয়ার পথে রোগীটি মারা গেল। আজকে দেশের অবস্থা এই পর্যায় পৌঁছেছে। রাজ্যপালের ভাষণের মাধ্যমে বলা হচ্ছে চিকিৎসা ব্যবস্থা এত উন্নত হয়ে গেছে যে পশ্চিমবঙ্গের মানুষকে আর বাইরের রাজ্যে চিকিৎসা করতে যেতে হচ্ছে না। কিন্তু আমরা বাস্তবে দেখি হাজার হাজার মানুষ পশ্চিমবাংলার চিকিৎসা ব্যবস্থার উপর আস্থা রাখতে না পেরে অন্য রাজ্যে চিকিৎসা করছেন।

শিক্ষা ক্ষেত্রেও একই পরিস্থিতি সৃষ্টি হয়েছে। ৫২ হাজার পি.টি.টি.আই. ছাত্র আছে। পার্টির নেতারা তাদের আত্মীয়-স্বজনদের নামে, বে-নামে ট্রেনিং কলেজগুলো খুলেছেন। কিন্তু সেগুলো সমস্ত ভুয়ো ডিগ্রি। এই ৫২ হাজার পি.টি.টি.আই. ছাত্র অনশন করছে, আত্মহত্যা করছে। কিন্তু রাজ্যপালের ভাষণে শিক্ষার উন্নতির কথা বলা হলেও সেই ছাত্রদের জন্য আগামীদিনে কি ব্যবস্থা করা হবে সেই সম্পর্কে বলা নেই। এই অবস্থা আগেও দেখেছিলাম। এন.সি.টি.-র স্বীকৃতির প্রশ্নে আমাদের রাজ্যের অনেকগুলো কলেজে বি.এড. নিয়ে পড়াশোনার ক্ষেত্রে অনেক ছাত্রছাত্রীর চার-পাঁচ বছর শিক্ষাবর্ষ নষ্ট হয়ে গেছে। অথচ

এখানে শিক্ষার উন্নতির কথা বলা হচ্ছে। কলেজগুলোতে সমস্ত অনার্স কোর্স খোলা হচ্ছে, বেশিরভাগ ক্ষেত্রে দেখা যাচ্ছে সেল্‌ফ ফিনান্সিং স্কিমে খোলা হচ্ছে। স্বভাবতই যারা মেধাবী ছাত্র অথচ গরিব ঘরের ছাত্র, তাদের কাছে উচ্চশিক্ষা আস্তে আস্তে দূর অস্ত হয়ে যাচ্ছে। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অচল অবস্থা সৃষ্টি করা হয়েছে। শিশু শিক্ষা কেন্দ্রের কথা এখানে বলা হয়েছে। আমরা দেখি না যে নতুন করে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হচ্ছে। শিশু শিক্ষা কেন্দ্র যেগুলো স্থাপন করা হচ্ছে, সেগুলো কোনোটা গাছতলায় কয়েকটা ছেলেমেয়েকে নিয়ে লেখাপড়া শেখানো হচ্ছে, আবার কোথাও ক্লাবে, আবার কোথাও চণ্ডী মণ্ডপে হচ্ছে। এখনো পর্যন্ত শিশু শিক্ষা কেন্দ্রের পরিকাঠামো তৈরি হয়নি। এখানে ৪০ বছরের মহিলাদের দিয়ে লেখাপড়া শেখানোর কথা বলা হয়েছে। কিন্তু পরিকাঠামো না থাকার জন্য প্রকৃতপক্ষে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাটা ভেঙে পড়ার উপক্রম হয়েছে। প্রাথমিক শিক্ষা আস্তে আস্তে এমন পর্যায় চলে গেছে, ড্রপ-আউট এমনভাবে বাড়ছে যে প্রাথমিক শিক্ষা কেন্দ্র যেগুলো ছিল, সেগুলো আস্তে আস্তে উঠে যাওয়ার উপক্রম হচ্ছে। অবিলম্বে যদি সঠিক ব্যবস্থা না নেওয়া হয়, পশ্চিমবঙ্গে শিক্ষার মান যেভাবে নেমে যাচ্ছে, তাহলে আগামীদিনে আরো খারাপ জায়গায় নেমে যাবে।

বিদ্যুৎ নিয়ে এখানে অনেক কথাই বলা হয়েছে। বিদ্যুতের নাকি প্রচুর উন্নতি করা হচ্ছে। গতকাল এই হাউসে বিদ্যুৎ মন্ত্রী মৃণাল বন্দ্যোপাধ্যায় একটা বিবৃতি দিয়ে বলেছেন এখন নাকি বিদ্যুৎ উদ্বৃত্ত হচ্ছে। পশ্চিমবাংলার সাধারণ মানুষ জানেন যে এখানে বিদ্যুতের কি অবস্থা। একজন প্রৌঢ় লোকের কাছ থেকে একটা কথা শুনে অবাক হয়ে গেলাম। তিনি বলেছেন ঝাড়খণ্ড রাজ্য সমস্ত রাজ্য থেকে পিছিয়ে আছে। এমনকি পশ্চিমবঙ্গ থেকেও পিছিয়ে আছে। আর সেই রাজ্যের কাছ থেকে নাকি আমাদের পশ্চিমবঙ্গ সরকারকে বিদ্যুৎ কিনতে হচ্ছে। অথচ এখানে বিদ্যুৎ নিয়ে অনেক কথাই বলা হয়েছে। এখন বিদ্যুৎ উদ্বৃত্ত হচ্ছে, এই কথা বিদ্যুৎ মন্ত্রী বারে বারে বলেন।

[3.10–3.20 p.m.]

কিন্তু পশ্চিমবাংলার বাস্তব চিত্র হল, বিদ্যুৎ উৎপাদনে আমরা অনেক পিছিয়ে। আমাদের মাননীয় বিদ্যুৎ মন্ত্রী বলে থাকেন উচ্চমাধ্যমিক পরীক্ষার সময় বিদ্যুতের ঘাটতি থাকবে না। কিন্তু বাস্তব হচ্ছে গতকালও ঘণ্টার পর ঘণ্টা লোডশেডিং হয়েছে এবং এই অবস্থা থেকে মুক্তি পাবার জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আমরা দেখছি আমাদের রাজ্যে বিদ্যুৎ কেন্দ্র করার চেষ্টা করা হচ্ছে, বিদ্যুতের উৎপাদন বাড়ানোর চেষ্টা করা হচ্ছে। কিন্তু প্রকৃতপক্ষে তাপবিদ্যুৎ কেন্দ্র আজকে ব্যাকডেটেড হয়ে গেছে, আগামীদিনে বিপর্যয় ডেকে আনবে। সেইদিকে চিন্তা করে কেন্দ্রীয় সরকার যখন উন্নততর পরমাণু বিদ্যুৎ উৎপাদনের জন্য চুক্তি করছেন তখন আপনারা তার বিরোধিতা করছেন।

আপনারা সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের উন্নয়নের ব্যাপারে অনেক কথা বলছেন। আজকে আমাদের সংখ্যালঘু দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় বলছিলেন '১১০ কোটি টাকা স্যাংশন হয়েছিল, ১১১ কোটি টাকা খরচ হয়েছে'। খরচ এই রাজ্য সরকার করে কিন্তু তার

মাধ্যমে কত, কী সম্পদ তৈরি হল তা বোঝা যায় না। আপনারা সংখ্যালঘুদের ব্যাপারে অনেক কথা বললেও 'সাচার কমিটি'র রিপোর্টে বেরিয়ে এসেছে পশ্চিমবাংলায় মাত্র ২ শতাংশ সংখ্যালঘু মানুষ সরকারি চাকরি করেন। আর, অন্য সম্প্রদায়ের জন্য প্রয়োজন না হলেও সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষকে ঋণ নিতে হলে সরকারি কর্মচারী গ্যারান্টার হিসাবে দেখাতে হয়। এটা তাদের পরিহাস করার জন্য কিনা তা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় নিশ্চয় বলবেন।

আপনারা পানীয় জলের ব্যাপারে অনেক দাবি করেন। K.M.D.A.-র বাইরের ৮৫টি পৌরসভায় নাকি পাইপ লাইনের মাধ্যমে পানীয় জল সরবরাহ করা হয়। এটা দেখে আমি অবাক হলাম। আমরাও একটা পৌরসভা পরিচালনা করি। কোনো পৌরসভার হয়তো মাত্র ২০ শতাংশ মানুষ এই পানীয় জলের সুবিধা পায়, সবাই পায় না। তাই দেখিয়ে বলে দেওয়া হল 'সবাই পায়।'

মাননীয় রাজ্যপাল মহোদয়ের ভাষণের মধ্যে দিয়ে একটা হতাশার চিত্রই শুধু ফুটে উঠেছে এবং এটা দিয়ে মানুষকে ভুল বোঝানোর চেষ্টা হয়েছে। রাজ্যের সঠিক চিত্র এই ভাষণের মধ্যে দিয়ে তুলে ধরা হয়নি। তাই আমি ওই ধন্যবাদসূচক প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দীপক চন্দ্র সরকার : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপাল মহাশয় সেদিন এখানে যে বক্তব্য পেশ করেছেন তাকে সমর্থন করে দু'একটা কথা বলছি। আমরা দেখলাম মাননীয় রাজ্যপাল মহোদয় তাঁর লিখিত বক্তব্যে সন্ত্রাসবাদের বিষয়টি উল্লেখ করেছেন। গোটা ভারতবর্ষের প্রেক্ষাপটে সন্ত্রাসবাদ আমাদের কাছে একটা বড় বিপদ। কী আন্তর্জাতিক ক্ষেত্রে, কী দেশীয় ক্ষেত্রে সন্ত্রাসবাদ আজকে একটা বড় বিপদ। আমরা দেখলাম কয়েকদিন আগে মুম্বাইয়ে সন্ত্রাসবাদী হামলা ঘটল। বহু মানুষ মারা গেলেন। ব্যাঙ্গালোর, আমেদাবাদ, জয়পুর, দিল্লিতে সন্ত্রাসবাদী ঘটনা ঘটল। গুয়াহাটিতে বিস্ফোরণে অনেক মানুষ মারা গেলেন। গতকালও আমাদের উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে বিস্ফোরণ ঘটেছে। সেখানে দুজন মারা গেছেন। অনেক আহত মানুষের হাসপাতালে চিকিৎসা হচ্ছে। আবার আজ ভোর রাতে বা সকালে অসমের ডিফুতে রাজধানী এক্সপ্রেস অল্পের জন্য রক্ষা পেয়েছে। সন্ত্রাসবাদ সারা ভারতবর্ষের ক্ষেত্রে একটা বড় বিপদ তা বলাই বাহুল্য। শুধু ভারতবর্ষ নয় সারা পৃথিবী জুড়ে আজকে সন্ত্রাসবাদের থাবা প্রসারিত। সেদিক থেকে আমাদের পশ্চিমবঙ্গ একটা গর্বের জায়গায় রয়েছে। আমরা সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করছি। আমাদের সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে এবং মানুষকে সঙ্গে নিয়ে গ্রামে-গঞ্জে, সর্বত্র সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করে যাচ্ছে, সন্ত্রাস যাতে আমাদের গ্রাস করতে না পারে সেই চেষ্টা চালিয়ে যাচ্ছে। আমি যে কথা উল্লেখ করতে চাই, গতকাল আলিপুরদুয়ারে যে ঘটনা ঘটেছে আমি দ্বিতীয়ার্ধে অধ্যক্ষের অনুমতি নিয়ে বিধানসভায় রেখেছিলাম মুখ্যমন্ত্রীর বিবৃতির দাবি করেছিলাম, তিনি নিশ্চয় আজ জবাব দেবেন। কে.এল.ও., আলফা, গ্রেটার কোচবিহার ইত্যাদির মতে জঙ্গি সংগঠনের মদতে উত্তরবঙ্গে সন্ত্রাস সৃষ্টি হচ্ছে। তারা জনমানসে আক্রমণ হানছে। বিরোধী

পক্ষে নেতা কে.এল.ও.-র নাম শুনে আঁতকে উঠলেন। আমি জানতে চাই, কেন তিনি এই রকম করলেন। যে ঘটনা ঘটেছে তা কাগজে বেরিয়েছে, মিডিয়া, প্রশাসন আশঙ্কা প্রকাশ করেছে সেখানে বিরোধী পক্ষের নেতা-নেত্রী কেন এই রকম বলছেন। তৃণমূলের সঙ্গে তাদের সম্পর্ক কি। গত বিধানসভা নির্বাচনে কংগ্রেস-তৃণমূল তাদের সঙ্গে আঁতাত করেছিল। আলিপুরদুয়ারের ঘটনার পরেও কে.এল.ও.-দের প্রতি তাদের এত সহৃদয়তা কেন জানতে চাই। তারা দার্জিলিংকে আলাদা করতে চাইছে, উত্তরবঙ্গকে ভাগ করতে চাইছে। বাঙালি, নেপালী, আদিবাসীদের মধ্যে গণ্ডগোল সৃষ্টি করতে চাইছে। তাদের সঙ্গে কি সম্পর্ক তৃণমূল-কংগ্রেসের সেটা আমি জানতে চাই। দার্জিলিংয়ে নেপালী সম্প্রদায়কে আলাদা করার জন্য গোর্খা জনমুক্তি মোর্চা মঞ্চ যখন সক্রিয় তখন কংগ্রেস একটিও কথা বলছে না। তখন তাদেরকে ডিফেন্স করছে। তৃণমূল-কংগ্রেস এবার মহাজোট না মহাঘোঁট করে পশ্চিমবাংলাকে অশান্ত করার চেষ্টা করছে। নির্বাচন যখন সামনে তখন গ্রামে বামপন্থীদের খুন করা হচ্ছে। বহরমপুরে ৪-৫ জনকে কংগ্রেস খুন করল। তারা লোকসভা নির্বাচনের আগে রাজ্যে সন্ত্রাসের পরিবেশ সৃষ্টি করতে চাইছে। আমাদের রাজ্য সন্ত্রাস সম্বন্ধে উদ্বেগ প্রকাশ করেছে। সবাই মিলে পশ্চিমবঙ্গকে সন্ত্রাসের হাত থেকে মুক্ত করুন, সঠিক পথে নিয়ে আসুন। রাজ্যের উন্নয়নের জন্য গোর্খা, কে.এল.ও. এদেরকে ঠেকাতে হবে।

আমরা দেখছি রাস্তাঘাটে তৃণমূল-কংগ্রেস বন্ধু হয়ে মহাজোট করেছে। তারা তৃতীয় ফ্রন্টের নাম শুনে আঁতকে উঠছে কেন ? বি.জে.পি.-র সাথে লড়াই করেছি। গত নির্বাচনে কি হল ? কংগ্রেস একক ক্ষমতায় আসতে পারবে না এমতাবস্থায় সাম্প্রদায়িক শক্তি বি.জে.পি.-কে ঠেকানোর জন্য আপনাদের সরকার কি করল। আমাদের ৬১ জন এম.পি.-কে নিয়ে সরকার গড়লেন। আমরা এম.পি. না দিলে আপনারা কি সরকার গড়তে পারতেন। এই মাখামাখি অতীতে কোথায় ছিল। বি.জে.পি. একসময় আপনাদের পার্টনার ছিল। কংগ্রেস এক সময় আমেরিকার কাছে নিজেদের সঁপে দিল। তার অনিবার্য পরিণতি হিসাবে কি হল ? বারে বারে তেলের দাম বেড়েছে। জিনিসপত্রের দাম বৃদ্ধি হল, গরিব মানুষের নাগালের বাইরে চলে গেল। আজকে আপনারা বারে বারে বলছেন আর্থিক মন্দা।

[3.20–3.30 p.m.]

আজকে যে এই আর্থিক মন্দা এর জন্য কারা দায়ী ? কারা এই আর্থিক মন্দাকে আমদানি করেছেন ? কই কেউ তো বুকে হাত দিয়ে বলতে পারলেন না—রবীনদা বলুন, মিঠুদা বলুন, কই কেউ তো বলতে পারলেন না এই আর্থিক মন্দার জন্য কারা দায়ী। আপনারা বিশ্বায়ন নিয়ে এসেছেন, আপনারা 'গেট' নিয়ে এলেন আজকে তার দায় তো আপনারা অস্বীকার করতে পারেন না। আপনারা তো খাল কেটে কুমির নিয়ে এসেছেন। এখন সেই কুমির তো আপনাদের গিলে খাচ্ছে। তাই আজকে এই অবস্থায় তৃতীয় ফ্রন্টের আবির্ভাব অবশ্যম্ভাবী এবং তার উত্থান আজকে অনিবার্য। কংগ্রেস তো জোট করছে, সেখানে পশ্চিমবঙ্গে আপনারা পচা আলু কুড়োচ্ছেন। আপনাদের অবস্থা কি হবে ভাবুন। আলু চাষিরা জানে আলুর ধসা রোগ। হিমঘরে যদি পচা আলু থাকে সেই পচা আলু ফেলে

দেওয়া উচিত, তা না হলে সব আলুই পচে যাবে। সেই রকম আপনারা দুর্নীতিগ্রস্ত মানুষ যারা, তাদের কাছ থেকে দূরে থাকুন, তারা আপনাদের ক্ষতি করবে। পচা আলুতে বস্তা ভর্তি করলে যেমন আলু আস্তে আস্তে পচে যাবে তেমনি আপনারাও দুর্নীতিগ্রস্ত, তাড়িত এবং ঘৃণিত মানুষদের সঙ্গে থেকে থেকে আপনারাও পচে যাবেন। সুতরাং ওই যে জোট না ঘোঁট করতে চলেছেন, তার কিছুই হবে না। এই পচা আলুর মধ্যে দু-একটা ভালো আছে, তারাও ওই পচা আলুর সঙ্গে থেকে খারাপ হয়ে যাবে। সুতরাং পচা আলুতে বস্তা ভরবেন না। কারণ আপনাদের মধ্যেও দু একজন ভালো আছেন। আপনারা যদি ওই পচা আলুতে বস্তা ভর্তি করেন তাহলে আপনাদের অবস্থা হবে তিস্তা, তোর্ষার জলে এবং গঙ্গা জলে আপনারাও পচা আলুর মতো ভেসে যাবেন। আপনাদের বিসর্জন মানুষ দিয়ে দেবে। আপনারা বলেছেন গ্রামের গরিব মানুষদের নাকি কেন্দ্রীয় সরকার ব্যাঙ্কের মাধ্যমে ঋণ দিচ্ছেন এবং তার মকুবের ব্যবস্থাও নিয়েছেন। কিন্তু আমরা জানি পশ্চিমবঙ্গের মানুষ ব্যাঙ্কে গিয়ে ঋণ নিতে চাইলে তাদেরকে ব্যাঙ্কগুলো হয়রানি করছে। ঋণ দেওয়ার ক্ষেত্রে বেকার যুবকদের দেওয়া হচ্ছে না। তারা ঋণ পাচ্ছে না। আপনাদের অর্থমন্ত্রী আগে চিদাম্বরম ছিলেন, তিনি একজন অপদার্থ অর্থমন্ত্রী ছিলেন, এখন স্বরাষ্ট্রমন্ত্রী হয়েছেন। তিনি কোথায় পশ্চিমবঙ্গে ঋণের ব্যবস্থা করেছিলেন ? আমি একটা হিসাব দিয়ে বলছি—গতবার যে ঋণ দিয়েছেন তাতে অন্ধ্রপ্রদেশে কংগ্রেসের মুখ্যমন্ত্রীত্বে ১১ হাজার ৩৫৩ কোটি টাকার ঋণ পেয়ে বেকার যুবক-যুবতীরা উপকৃত হয়েছিল। মহারাষ্ট্রে কংগ্রেসের সঙ্গে এন.সি.পি. জোট হয়ে ৮ হাজার ৯০০ কোটি টাকা ঋণ পেয়েছিল। উত্তরপ্রদেশও সেখানে ৯ হাজার ৫৫ কোটি টাকার ঋণ মকুব পেয়েছিল। সুতরাং এইভাবে ঋণ মকুব তাদের হয়েছে। তাহলে পশ্চিমবঙ্গ কেন পিছিয়ে থাকবে ? এখানে তো কংগ্রেস বন্ধুরা রয়েছেন, মহাজন বন্ধুরা রয়েছেন পশ্চিমবঙ্গকে কেন আপনারা এইভাবে বঞ্চিত করছেন এই ঋণ দেওয়ার ক্ষেত্রে। যেখানে মহারাষ্ট্রে ঋণ দিয়েছেন ১১ হাজার ৩৫৩ কোটি টাকা, সেখানে পশ্চিমবঙ্গে দিয়েছেন মাত্র ১ হাজার ৮০০ কোটি টাকা। সেখানে ঋণ মকুবেরও কোনো সুযোগ দিচ্ছেন না। অথচ মহারাষ্ট্র, ইউ.পি. এই সুযোগ পাচ্ছে। এইভাবে আপনারা বঞ্চিত করছেন, দ্বিচারিতা করছেন। তারপরে পি.টি.টি.আই.-য়ের ছেলেরা একটু আগে বিধানসভার গেটে অবস্থান করতে এলে পরে পার্থবাবু গেটে গিয়ে বক্তৃতা করেন এবং মিডিয়ার যা কাজ, তারা সব ছবি তুলল। মিডিয়ার একটা অংশ এইসব ঘটনাগুলো ফুলিয়ে ফাঁপিয়ে কাগজে বার করছে। পি.টি.টি.আই.-য়ের বিষয়টা তো মানবসম্পদ দপ্তরের অধীনে, সেখানে আপনাদের মন্ত্রী তো বসে আছেন। এন.সি.আর.টি.-র থেকে যাতে এই বিষয়টা মেনে নেয় তার ব্যবস্থা করুন। আপনাদের দিদিমণি তো সর্ব সময়ে প্রণববাবুর কাছে যাচ্ছেন, তাঁকে দিয়ে চেষ্টা করুন যাতে পি.টি.টি.আই.-দের যে সমস্যার জট রয়েছে, সেটা কেটে উঠুক। আমাদের শিক্ষা দপ্তর থেকে তো কেন্দ্রে কাগজপত্র পাঠিয়েছে, প্রণববাবু বিষয়টা দেখুন। আপনাদের তো ওদের প্রতি এত দরদ, এই যে ৭৫ হাজার ছাত্রছাত্রীর জীবন বানচাল হতে চলেছে তার ব্যবস্থা নিন। দিল্লিতে গিয়ে এত মিটিং করেন। প্রণববাবুর সঙ্গে, অর্জুন সিং-এর সঙ্গে। দিদি ছুটে যান, বারে বারে বৈঠক করেন। কিন্তু সমস্যা মিটছে না। কেন সমস্যা মেটাচ্ছেন না ? আপনারা বলছেন

অর্ডিন্যান্স করুন। কেন আপনারা অর্ডিন্যান্স করছেন না ? কেন্দ্রীয় সরকার কেন অর্ডিন্যান্স করছে না, এটা জিজ্ঞাসা করতে চাই। ছাত্রছাত্রীদের জন্য আপনাদের দরদ আছে দেখছি। কিন্তু দিল্লিতে আপনাদের দিদিমণি বলছেন খবরদার, এখন লোকসভা ভোট। তাই ভোটের আগে এটা মেটাবেন না, এটাকে টিকিয়ে রাখুন। এই তো আপনাদের অবস্থা। পি.টি.টি.আই. ছাত্রছাত্রীদের নিয়ে আমরাও ভাবি। আমরা চাই ওরা বাঁচুক। ওরা আমাদেরই সন্তান। আমাদের সরকার ওদের বাঁচানোর চেষ্টা করছেন। আশা করি সেই চেষ্টা সফল হবে, এই বিশ্বাস আমাদের আছে। কিন্তু আপনারা চক্রান্ত করবেন না। এখানে জল ঢালবেন আর দিল্লিতে গিয়ে গাছের গোড়া কাটবেন সেটা হবে না। এই রাজনীতি দয়া করে বন্ধ করুন। এই সব কথা আপনারা বলছেন, কিন্তু সাফল্যের দিকগুলি বলছেন না। এই যে রাজ্য সরকারের খাদ্য দপ্তর ২ টাকা কেজি দরে বি.পি.এল. তালিকায় অন্তর্ভুক্ত মানুষদের চাল দিচ্ছে, সে কথা তো একবারও স্বীকার করছেন না, একবারও সেটাকে সমর্থন করছেন না। গরিব মানুষ চাল পাচ্চে। রাজ্য সরকার চাল দিচ্ছে। আমি রাজ্য সরকারকে অভিনন্দন জানাই যে আরো দেওয়া দরকার। আপনারা লোকসভা নির্বাচনে যতই ঘোঁট পাকান, যতই মানুষ খুন করার চেষ্টা করুন, কোনো কাজ কিন্তু হবে না। খুনিরা কিন্তু শেষ কথা বলবে না। শেষ কথা বলবে বাংলার মানুষ, ভারতবর্ষের মানুষ। বি.জে.পি. কংগ্রেস মিলে ৪৭ শতাংশ ভোট হলেও বাইরে থাকে ৫৩ থেকে ৫৪ শতাংশ ভোট। তারা ঠিক করবে। তৃতীয় ফ্রন্ট তারা ঠিক করবে, তারা লড়বে। আপনারা কংগ্রেস বন্ধুরা যদি চান, তাহলে তৃতীয় ফ্রন্টকে সমর্থন করতে হবে। এই কথা বলে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী ফিরোজা বিবি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে উপযুক্ত সম্মান জানিয়ে এবং মহামান্য রাজ্যপালকে উপযুক্ত সম্মান জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। আমি কিন্তু ওনার ভাষণকে সমর্থন করছি না। রাজ্য সরকারের যে ভাষণ উনি দিয়ে গেলেন, সেই ভাষণ সম্পূর্ণ না হলেও বেশির ভাগটিই অসত্য। আমি নন্দীগ্রামবাসী—একজন শহিদের মা। আমি প্রথম বিধায়ক হয়ে এখানে এসেছি। আমাকে পাঠিয়েছে নন্দীগ্রামের মানুষ। নন্দীগ্রামের মানুষ সমস্ত ব্যথা বেদনার কথা জানানোর জন্য আজকে বিধানসভায় শহিদের মা হিসাবে পাঠিয়েছেন। নন্দীগ্রাম ছিল আপনাদের বামফ্রন্ট সরকারের নয়নের মণি। যে নন্দীগ্রাম আজ সর্বদিক দিয়ে অবহেলিত, আজ পর্যন্ত নন্দীগ্রামে বৈদ্যুতিক আলো নেই। এমনকি আমরা কলের জল পর্যন্ত খাওয়ার সুযোগ করতে পারিনি। কাদা পথে চলি। যদি কেউ আপনারা সহানুভূতিশীল মানুষ হন নেতা বা নেত্রী—আমার সঙ্গে চলুন, বাস্তব জিনিস চোখে দেখে আসবেন। আপনাদের ২৩৫-এর অহঙ্কারের মধ্যে নন্দীগ্রামও ছিল।

[3.30–3.40 p.m.]

নন্দীগ্রাম অবহেলিত, অবাঞ্ছিতভাবে জীবন কাটাচ্ছিল, তবুও আপনারা যা করেছেন সবকিছু মেনে নিয়েছিল অন্ধবিশ্বাসে, তার পরিণতিতে নন্দীগ্রামের মানুষকে প্রাণ দিতে হয়েছে, সন্তান হারাতে হয়েছে। কিছুদিন আগে হয়তো আমি সময়টা বলতে পারব না আমি

গৃহবধূ, আমাদের পার্শ্ববর্তী জায়গায় ৩ শত একর জায়গা নিয়ে সেখানে প্রোজেক্ট তৈরি করার নাম করে সরকার যে জমি নিয়েছিল, আজ পর্যন্ত সেইসব মানুষগুলো ক্ষতিপূরণ পায়নি এবং সেখানে কোনো কল-কারখানাও হয়নি, এমনি অনাবাদী হয়ে পড়ে আছে। শুনুন, যখন কেমিক্যাল হাবের হাওয়া তুলে ওনারা লাফিয়ে উঠলেন, সেই অতি বাধ্য সন্তান-সন্ততিরা একটু ফুঁসে উঠেছিল। সেই অপরাধে তাদের মা-বোনেদের ইজ্জৎ দিতে হয়েছে, মায়েদের ছেলে হারাতে হয়েছে, সন্তান-সন্ততি হারাতে হয়েছে, ঘরবাড়ি হারাতে হয়েছে। এখনো রাতদিন সি.পি.এম সরকারের গুলিবোমার আওয়াজ না হলে হয়তো আমাদের ঘুম আসবে না। সেটাতেই আমরা অভ্যস্ত হয়ে গিয়েছি। মা ছেলেমেয়েদের যেমন ঘুম পাড়ায় সেইরকম প্রত্যেককেই এখন ঘরে গুলি বন্দুকের আওয়াজ দিয়ে ঘুম পাড়াচ্ছেন সি.পি.এম. সরকার। সেই সরকারকে আজকে আমাদের নন্দীগ্রামের ভাষাতেই জিজ্ঞাসা করছি—যে, ১৪ই মার্চ আপনারা যে পুলিশ পাঠিয়েছিলেন, সেই পুলিশের কি বুট পাওয়া যাচ্ছিল না ? আপনারা হলদিয়া উৎসবের টুপি পরিয়ে, চটি পরিয়ে কতজন হার্মাদকে পাঠিয়েছিলেন এবং সেই হার্মাদ আমাদের মতো মায়েদের বুকের রত্নগুলো কেড়ে নিয়েছিল—তাতে আপনাদের কি শান্তি হয়নি ? নন্দীগ্রাম আপনাদের মহামান্য করে রেখেছিল, তাই আপনারা কি আমাদের বাপ-মা-দের, দাদা-ঠাকুরদাদের কথাতে বলি—'যে তোকে মানে, ধরবি তার কানে। যে দেবে বেড়ে, তাকে দিবি ছেড়ে।' নন্দীগ্রাম মনে রেখেছিল বলে ওইজন্য কি আপনারা নারী ধর্ষণ থেকে আরম্ভ করে কিছুই বাদ দেননি ? জানতে চাই—১৪ই মার্চ সেই গণহত্যায় মহামান্য আদালত যে রায় দিয়েছিল—১৪ জনকে ক্ষতিপূরণ দেওয়ার জন্য, একজনের দেহ সনাক্ত করতে পারেনি এবং সেইজন্য ১৩ জনকে ক্ষতিপূরণ দিয়েছিলেন। ধর্ষিতাদের ২ লক্ষ টাকা, আহতদের ১ লক্ষ টাকা—সেটা কবে দেবেন ? সেটা কি জানতে পারব ? আর জানতে পারব কি—আপনাদের কেমিক্যাল হাব নন্দীগ্রাম কি হল ? আপনাদের কেমিক্যাল হাব সত্যি সত্যি কেন্দ্রীয় সরকার অনুমোদন দিয়েছিল ? না, আপনারা জোর করে দেখতে গিয়েছিলেন আসলে পুকুরে কত জল ? আপনাদের কাছে আমার আরও জিজ্ঞাস্য, আপনাদের কাছে আমি আরো জানতে চাইছি—আপনাদের সরকার কি জনগণের সরকার, না দলের সরকার ? আপনাদের ২৩৫ এবং ৩০-এর সরকার যদিও হয়, তবুও আমি সেই ২৩৫-এর দিক থেকে দাবি করছি—নন্দীগ্রামের উপর অত্যাচার হল কেন ? নন্দীগ্রামের ২ নম্বর ব্লকে আজ পর্যন্ত স্বাস্থ্যকেন্দ্রে অপারেশান থিয়েটার নেই, বিদ্যুৎ নেই, জল নেই—কি কারণে ? সেই প্রশ্নগুলোর জবাব কি দেবেন ? সাধারণ বাড়ির ছেলেদের হাজার-হাজার মামলায় জড়িয়েছেন—কি কারণে ? আপনাদের বার্তা, আপনাদের সেই আদেশগুলোকে তারা মেনে নেয়নি বলে হামলা বাঁধানোর চেষ্টা করেছিলেন ? হামলা বাঁধিয়ে তাদের সন্তানদের খুন করেছিলেন ? কত মনোরঞ্জন আর করবেন ? আপনি ভাবছেন কি ? সরকার কি কোনো দলের সরকার ? সরকার হতে গেলে সব মা-বোনকে নিজের মা-বোনেদের মতো দেখতে হয়, সবার ছেলেমেয়েদেরকে নিজের ছেলেমেয়েদের মতো আদর করতে হয়—তবেই হয় সরকার। তাই বলছি ভগবানের নামে শপথ করে—আপনারা বেশিদিন আর টিকবেন না। যদি ভগবান সত্য হয়, যদি চন্দ্র-সূর্য সত্য হয়, ঈশ্বর-আল্লা যদি সত্য হয়, ধর্ম যদি সত্য হয়, তাহলে আপনাদেরও

নিশ্চিতভাবে পতন হবে। নারীর অঙ্গে হাত দিয়েছেন। মমতা ব্যানার্জী যখন আমাদের জন্য ঝাঁপিয়ে পড়েছিলেন—ওরা বলেছিল মাওবাদী। কারা মাওবাদী, কে মাওবাদী ? নন্দীগ্রামে যতজনের নামে কেস হয়েছে তারা কি সবাই মাওবাদী ? কজন মাওবাদীকে নন্দীগ্রাম থেকে ধরে এনেছেন ? আবারও বলছি সরকার সরকারের মতো স্বচ্ছ হোন। আপনারা সিংহাসনে আছেন। আপনাদের বার বার বলছি নারী অঙ্গে হাত দিয়ে কেউ কোনোদিন রেহাই পায়নি, আপনারাও পাবেন না। রাবণ ধ্বংস হয়েছিল সীতা হরণ করে, দ্রৌপদী হরণ করে কুরু বংশ ধ্বংস হয়েছিল। নন্দীগ্রামের মা-বোনেদের গায়ে হাত দিয়েছে বুদ্ধদেব বাবুর সরকার। আপনারাও রেহাই পাবেন না, ভগবান যদি সত্যি হয়, ধর্ম যদি সত্যি হয়, পৃথিবী যদি সত্যি হয়, মর্ত্য যদি সত্যি হয়, পাতাল যদি সত্যি হয়। তাই আমি বলতে চাইছি ভগবান আপনাদের বিচার করবে।

শ্রী মহঃ রেফাতুল্লাহ : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নং ধারা অনুযায়ী মাননীয় রাজ্যপাল শ্রী গোপালকৃষ্ণ গান্ধী ৯ই মার্চ পশ্চিমবাংলার নিয়মতান্ত্রিক প্রধান হিসেবে যে বিবৃতি বিধানসভায় পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা সংশোধনী ও অন্যান্য প্রস্তাবগুলোর বিরোধিতা করে, রাজ্যপালের দেওয়া বিবৃতির সমর্থনে বক্তব্য রাখছি। স্যার, আমরা গত তিনদিন ধরে এই রাজ্যপালের ভাষণের উপর আলোচনা করছি। সাধারণত সচরাচর দেখা যায় না—একটা অদ্ভুত পরিস্থিতি পশ্চিমবাংলায় তৈরি করেছে বিরোধীরা। সেই পরিস্থিতিটা কিরকম ? ইতিহাসে তার প্রমাণ খুব কম মেলে। আমরা সাধারণভাবে জানি, চার্লস ডারউইন থিওরি অফ অ্যাভেলিউশনে বলেছেন, 'সারভাইবেল অফ দা ফিটেস্ট।' আমরা জানি যারা সবল, তারা বেঁচে থাকে, যারা দুর্বল তারা চলে যায়। আমরা প্রাণিজগতে দেখেছি—টিভি চ্যানেল খুললে অ্যানিম্যাল ওয়ার্ল্ডে দেখা যাবে বাঘ ছোট ছোট পশু ধরে ধরে খাচ্ছে, সিংহ ছোট ছোট পশু ধরে ধরে খাচ্ছে। কিন্তু ছোট ছোট পশুরা সিংহ ধরে ধরে খাচ্ছে, বাঘ ধরে ধরে খাচ্ছে, তাদের ল্যাজ ধরে আচ্ছা করে ঝাঁকাচ্ছে—এটা দেখা যায় না। এটা প্রকৃতির নিয়ম-বিরুদ্ধ। আমাদের পশ্চিমবাংলায় যে মহা ঘোঁট হয়েছে, কংগ্রেস বন্ধুরা খুব চেঁচাচ্ছেন। তাদের চেঁচানোর অনেক কাণ্ড ঘটেছে। তাদের অনেকের ঘুম নেই, মন ভালো নেই। মানসবাবু চেঁচিয়ে ষষ্ঠাঙ্গে প্রণাম করার কথা বলছেন। কিন্তু তিনি তাঁর নিজের কথা ভাবছেন না যে কথাটা বলছেন সেই তিরটা যে তাঁর দিকে যাচ্ছে। আমি ইতিহাসের ছাত্র, লেখাপড়া জানি। আমরা যারা এসেছি ইতিহাস পড়ে এসেছি। আমরা সেই কংগ্রেসের কথা জানি, যখন মহাত্মা গান্ধী ছিলেন, জওহরলাল নেহেরু ছিলেন। আমরা সেই কংগ্রেসকে দেখেছি যার চেহারা ছিল বাঘের মতো, সিংহের মতো ছিল গর্জন। গান্ধীজী বলেছিলেন, 'করেঙ্গে ইয়ে মরেঙ্গে', ব্রিটিশ তোমরা দূর হটো। মানসবাবু আজকে এই কংগ্রেসকে ছোট্ট ছোট্ট জীব খেয়ে ফেলছে। আপনি এই কংগ্রেসের প্রতিনিধিত্ব করেন।

[3.40–3.50 p.m.]

আবার এখানে এসে লোক দেখানো গলাবাজি করেন। শুধু চেঁচাবেন, প্রাণ যন্ত্রণায় চেঁচাচ্ছেন। ভোটের পর বাংলার মানুষ আপনাদের মর্গে পাঠিয়ে দেবেন। আপনারা অনেক

দ্বিচারিতার কথা বলেছেন। দ্বিচারিতা কে করছে ? দ্বিচারিতার সাক্ষী আপনারা নন ? আপনাদের মাথা খারাপ হয়ে গেল ? আপনাদের মগজে জল ঢুকে গেল ? আপনারা কংগ্রেস দলের সঙ্গে মহাঘোঁট করেছেন। আপনাদের অতীত ইতিহাস কি ? আপনারা গত ১১ বছরে অনেকবার দলত্যাগ করেছেন। দু বার কংগ্রেসের সঙ্গে ছিলেন, দু বার এন.ডি.এ.-তে এসেছেন, আবার সেখান থেকে চলে এসেছেন। গত ১১ বছরে বারে বারে বদলা-বদলি করেছেন। এটা কি সততার প্রতীক ? রাস্তার দু ধারে দেখি সততার মূর্তি টাঙানো রয়েছে। আপনারা খেয়াল-খুশি মতো রাজনীতি করছেন। বারে বারে আপনারা দল বদলা-বদলি করেন। আর কলকাতার রাস্তায় রাস্তায় দেখি পোস্টারে লেখা রয়েছে সততার প্রতীক। এটা লোকে মেনে নেবেন ? এটা কি কেউ বিশ্বাস করবেন ? মানুষ ভোটে এর জবাব দেবেন। ১৯৯৮ সালে কংগ্রেস-তৃণমূল জোট হয়েছিল, তারপর সেই জোট ভেঙে চলে গেলেন এন.ডি.এ.-তে। ২০০১ সালে কংগ্রেসে ঢুকলেন, ২০০৪ সালে আবার এন.ডি.এ.-তে এলেন, ২০০৯ সালে আবার কংগ্রেসের সঙ্গে জোট করলেন। ২০০৪ সালে আপনাদের নেত্রী এন.ডি.এ.-র ইস্তাহারে সই করেছিলেন। এইভাবে দ্বিচারিতা করার পর আপনারা বলছেন, 'আমরা জনদরদী।' এইভাবে যে দল দ্বিচারিতা করেছে, সেই দলের সঙ্গে কংগ্রেস মহাজোট করেছেন। তার ফল কংগ্রেসকে ভোগ করতে হবে। এই ব্যাপারে কংগ্রেসের লোকেদের মধ্যেই গুঞ্জন লক্ষ্য করেছি—গোটা কলকাতায়, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, হুগলি, নদিয়া এবং হাওড়ায় কংগ্রেসের অস্তিত্ব নেই। আমাদের কংগ্রেসি বন্ধুরা এটা মেনে নিলেন কি করে ? কার খপ্পরে পড়লেন ? আপনারা বাঘ হয়ে ছোট শাবকের গলার মধ্যে ঢুকে গেলেন ? কাজেই এই ধরনের দলের সঙ্গে যাঁরা ঘোঁট করেন, এর যে বিপদ রয়েছে, এই জন্য পশ্চিমবঙ্গের মানুষ কখনোই একে সমর্থন করবেন না। আগামী নির্বাচনে মানুষ নিশ্চয় এর জবাব দেবেন। মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর ভাষণে পশ্চিমবঙ্গের উন্নয়নের নানা চিত্র তুলে ধরেছেন। কিন্তু আপনারা বিধানসভার মধ্যে বলেছেন যে, পশ্চিমবঙ্গে উন্নয়নের কাজ হয়নি। আপনারা কংগ্রেস এবং তৃণমূল দিল্লিতে ছিলেন। আপনারা কি ভারতবর্ষের উন্নয়নের চিত্র দেখেছেন ? সেখানে ইনটেরিম রিপোর্ট হয়। কয়েকদিন আগে একজন মহামান্য নেতা এখানে ইনটেরিম বাজেট বই থেকে বক্তব্য রেখেছিলেন। সেই ইনটেরিম বই, ২০০৯-২০১০ সালের ইনটেরিম বই থেকে বলছি—ভারতবর্ষে গ্রামোন্নয়নে কমেছে ৫১৭৬ কোটি টাকা, শহরে উন্নয়ন কমেছে ১৭৩৫ কোটি টাকার, খাদ্যে ভর্তুকি কমেছে ১৩২৮ কোটি টাকা, কৃষিতে ভর্তুকি কমেছে ১০০০ কোটি টাকা, অভ্যন্তরীণ উৎপাদন ৮ পারসেন্ট ছিল, সেটা ৩.৩ পারসেন্ট কমে গেছে, কৃষির বিকাশ ৮.৪ পারসেন্ট থেকে কমে ২.২ পারসেন্ট হয়েছে, পণ্য উৎপাদন কমে ০.২ পারসেন্ট হয়েছে—নেগেটিভ পয়েন্ট। নির্মাণ শিল্পে কমেছে ২.৩ পারসেন্ট। আপনারা কি উন্নয়নের চিত্র আমাদের দেখাচ্ছেন ? পশ্চিমবঙ্গের মানুষকে কেন্দ্রীয় সরকার কি উন্নয়নের চিত্র উপহার দিয়েছে ? আপনারা বলেছেন কেন্দ্রীয় সরকার অনেক কাজ করেছে। আমি এ ব্যাপারে ইউ.এন.ও.-র হিউম্যান ডেভেলপমেন্ট ইনডেক্স থেকে বলছি—তাতে দেখা যাচ্ছে যে, ১৭৪টি দেশের মধ্যে ভারতবর্ষের পজিশন ১২৬। কোথায় আছে ? আপনারা দেশকে

কোথায় নিয়ে গেছেন ? জেন্ডার ডেভেলপমেন্ট ইনডেক্স-এর ক্ষেত্রে—মেয়েদের ডেভেলপমেন্টের যে পজিশন তাতে ১৪৩টি দেশের মধ্যে ভারতবর্ষের পজিশন ১১২। কোথায় আছেন ? হিউম্যান পভার্টি ইনডেক্স—দারিদ্রতা দূরীকরণের ক্ষেত্রে ১৪৩টি দেশের মধ্যে ভারতবর্ষের পজিশন ৫৯। ভারতবর্ষকে কোথায় নিয়ে গেছেন সেটা আপনারা বুঝতে পারছেন না। আপনারা স্বাস্থ্য স্বাস্থ্য করছেন। শিশু মৃত্যুর হারে গত পাঁচ বছরে ভারতবর্ষের জায়গা ১৮৯টি দেশের মধ্যে ৫৪তম জায়গায়। এতে আপনাদের গর্ব করার কি আছে ? চেঁচাবার কি আছে ? মহামান্য রাজ্যপাল এই রাজ্যের উন্নয়নের যে চিত্র তুলে ধরেছেন তাতে আপনাদের খারাপ লাগতেই পারে। বামপন্থী দল কিন্তু সবসময় গরিব, খেটে খাওয়া মানুষ, অসংগঠিত শ্রমিকদের কথাই বলে। অসংগঠিত শ্রমিকদের ব্যাপারে অর্জুন সিং রিপোর্ট পেশ হয়েছে, সেখানে দেখতে পাচ্ছি এখনো ৭৭ শতাংশ মানুষ সারা ভারতবর্ষে দিনে ২০ টাকাও আয় করতে পারে না, তাদের দৈনিক মজুরি ২০ টাকারও কম। সুতরাং কোন ভারতবর্ষের চিত্র আমরা দেখছি ? আপনারা বলছেন বুশ নাকি ভারতবর্ষের ভীষণ ভালো বন্ধু। প্রধানমন্ত্রী মনমোহন সিং বলছেন বুশ ভারতবর্ষের বন্ধু। দীপক ভাই একটু আগে বলছিলেন, আপনারা তো দেশটাকে দেউলিয়া করে দিলেন আমেরিকার হাতে তুলে দিয়ে। যেভাবে আমেরিকা আফগানিস্থান, ইরাককে গলা টিপে ধরেছে, সাদ্দাম হুসেনকে মিথ্যা অজুহাতে ফাঁসিতে ঝুলিয়ে দিল, মনমোহন সিং আজকে তৃণমূলের সঙ্গে ঘোট করেছে, তারা কবে ফাঁসিতে ঝুলিয়ে দেবে জানেন না। আপনারা বুদ্ধিমান মানুষ, ওই চক্রে পড়বেন না। সেই বিগ পাইপ পাইপারের গল্পটা তো আপনারা জানেন। সে এমন গল্প শুরু করেছিল যে তার পেছনে পেছনে গিয়ে সমস্ত মানুষ ডুবে গিয়েছিল। আজকে তেমনি ভারতবর্ষকে সাজিয়ে দেব, ভারতবর্ষের দারিদ্রকে আরো বাড়িয়ে দেব। আপনারা সজাগ হোন, সরকারকে বলুন আমেরিকার মতো বিগ পাইপ পাইপারের পেছনে যেন না ছোটে, তাহলে সে যেমন সমস্ত মানুষকে সমুদ্রের মধ্যে ডুবিয়েছিল, সেইভাবে ভারতবর্ষকেও ডুবিয়ে দেবে।

ন্যাশনাল সোশ্যাল সার্ভে যে রিপোর্ট বেরিয়েছে তাতে দেখা যাচ্ছে শহরে গরিব মানুষের সংখ্যা বেড়েছে ৪৪ লক্ষ, শহরে ঝুপড়ির সংখ্যা বেড়েছে এবং তাতে লক্ষ লক্ষ মানুষ বাস করছে, তাদের ৯৯ শতাংশই বি.পি.এল. তালিকার নীচে। বম্বে তো বিরাট টাকার মহাকেন্দ্র, সেখানে দেখা যাচ্ছে ৫৫ শতাংশ মানুষ ঝুপড়িতে বাস করছে এবং ২.৪৭ কোটি মানুষকে আকাশের নীচে রাখা হচ্ছে, যাদের মাথায় ছাদ নেই। পশ্চিমবঙ্গে এরকম অবস্থা নেই। এই রিপোর্টে দেখাচ্ছে ভারতবর্ষে অপুষ্টির শিকার হচ্ছে প্রায় ৫ কোটি ৭০ লক্ষ বাচ্চা। কাজেই এই অবস্থার মধ্যে আমরা উন্নয়নের যে চিত্র দেখতে পাচ্ছি, সেখানে ৯.৭ শতাংশ যে প্রগতি হার দেখছি সেই প্রগতির সুবিধা কারা পাচ্ছে ? কৃষক পাচ্ছে না, অসংগঠিত শ্রমিকরা পাচ্ছে না, তাদের সুরক্ষার ব্যবস্থা নেই, তাদের আয়ের ব্যবস্থা নেই। আজকে দেখা যাচ্ছে দারিদ্র বৃদ্ধি পাচ্ছে। ইউ.পি.-তে ৬ কোটি ২৬ লক্ষ বৃদ্ধি হয়েছে, রাজস্থানে বৃদ্ধি হয়েছে ১ কোটি ৩৪ লক্ষ ৯০ হাজার, মহারাষ্ট্রে ৩ কোটি ১৭ লক্ষ ৪০ হাজার, মধ্যপ্রদেশে হয়েছে ৪ কোটি ৮৫ লক্ষ, আর পশ্চিমবাংলায় সেখানে দরিদ্রের সংখ্যা

২ কোটি ৫৭ লক্ষ থেকে কমে হয়েছে ১ কোটি ৭৩ লক্ষ। অর্জুন সিং-এর যে রিপোর্ট বেরিয়েছে তাতে বলছে অসংগঠিত শ্রমিকদের কোনো সুবিধা হয়নি।

মহামান্য রাজ্যপাল এখানে যে শিক্ষার চিত্র তুলে ধরেছেন, আমরা গরিব মানুষের শিক্ষার জন্য শিক্ষাকে গ্রামে গ্রামে পৌঁছে দিয়েছি।

[3.50–4.00 p.m.]

আজকে সোশালে আমাদের মাননীয় মাদ্রাসা মন্ত্রী সংখ্যালঘু উন্নয়নের যে চিত্র তুলে ধরেছেন আমরা তা শুনেছি। আমরা লক্ষ করলাম সকালবেলা আপনারা যখন এই উন্নতির কথা শুনছিলেন আপনারা বিরক্ত হচ্ছিলেন, মেনে নিতে পারছেন না। আপনারা খুন-খারাপির পথ নিয়েছেন, আপনারা বাংলাকে ভাগ করে শিল্পকে বন্ধ করার চেষ্টা করছেন। সর্বোপরি রাজ্যপালের ভাষণে যে উন্নতির কথা আছে আপনারা মানছেন না, ভারতবর্ষকে গোল্লায় নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। (মাইক অফ)

শ্রী চিত্তরঞ্জন রায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গত ৯ই মার্চ, ২০০৯ মাননীয় রাজ্যপাল ১৭৬ নম্বর অনুচ্ছেদে এই বিধানসভায় যে ভাষণ পাঠ করেছিলেন এবং তার পরিপ্রেক্ষিতে ধন্যবাদসূচক যে প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করছি এবং বিরোধীদলের আনা সংশোধনীগুলো সমর্থন করে আমার বক্তব্য রাখছি। মাননীয় রাজ্যপাল যে ভাষণ এখানে পাঠ করেছেন তাতে আমরা দেখেছি যে পশ্চিমবাংলার অনেক সমস্যাকে এড়িয়ে যাওয়া হয়েছে। আজকে পশ্চিমবাংলা একটা সমস্যা সঙ্কুল রাজ্য। শিক্ষা ক্ষেত্রে, স্বাস্থ্য ক্ষেত্রে অর্থনীতির ক্ষেত্রে যে সাফল্যের দাবি এই ভাষণের মধ্যে করা হয়েছে সেটা সঠিক বলে আমার কাছে মনে হচ্ছে না। মফস্বল সহ গ্রামীণ এলাকায় স্বাস্থ্য পরিষেবা খুবই অবহেলিত। চিকিৎসার উদ্দেশ্যে একটা হাসপাতাল থাকলেই হয় না সেখানে উপযুক্ত পরিকাঠামো, চিকিৎসক এবং অন্যান্য স্টাফ, নার্সিং স্টাফ, ডাক্তার প্রয়োজন। মফঃস্বলে, জেলা হাসপাতালগুলোতে সেই সংখ্যক ডাক্তার, নার্সিং স্টাফ এবং অন্যান্য স্টাফ নেই। আজকে বড় দুঃখের সঙ্গে বলতে হয় হাসপাতালে ভর্তি হতে গেলে এখন নেতা ধরতে হয়। যার লোক নেই সে ভর্তি হতে পারবে না। আমরা মাঝে মাঝেই দেখি বর্ধমান থেকে, হুগলি থেকে, সুদূর উত্তরবঙ্গ থেকে রেফার করা লোক কলকাতায় আসেন, মেডিকেল কলেজ হাসপাতাল রয়েছে। সব জায়গায় তাদের প্রত্যাখ্যাত হতে হয়। যাদের লোক আছে, যাদের নেতা আছে তারাই কেবল ভর্তি হওয়ার সুযোগ পায়। অন্যরা বাধ্য হয়ে পথে পড়ে থাকেন। সংবাদমাধ্যম দ্বারা এই সমস্ত সংবাদ আমরা জানতে পারি। এখন সরকার কিছু কিছু চেষ্টা করছেন। বেশিরভাগ মানুষ যাদের সামান্যতম সম্বল রয়েছে, তারা কেউই হাসপাতালমুখী হন না। হাসপাতালের চারপাশে প্রচুর নার্সিংহোম গজিয়ে উঠেছে। হাসপাতালের ডাক্তারবাবুরা তাদের হাসপাতালের ডিউটিকে উপেক্ষা করে আজকে নার্সিংহোমের সঙ্গে যুক্ত হয়ে নিজেদের আর্থিক উন্নয়ন ঘটাচ্ছে। এইদিকে সরকারের কোনো লক্ষ্য নেই। গত বছর ১৫ই জুলাই মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এই মহতি সভাতে বলেছিলেন যে, আমরা স্বাস্থ্যক্ষেত্রে

কেরালার থেকে এগিয়ে আছি। কারণ আমাদের মৃত্যুর হার কেরালার চেয়ে কম। এই যুক্তিতে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি হয়েছে, এটা কখনোই মানা যায় না। শিক্ষাক্ষেত্রে আরো ভয়াবহ অবস্থা।

আমরা এবারে শিক্ষার ব্যাপারে আসছি। এখানে অনেক শিক্ষক মহাশয় বিভিন্ন জায়গা থেকে নির্বাচিত হয়ে এসেছেন। এবারে মাধ্যমিক পরীক্ষাতে একটা নতুন জিনিস দেখলাম যে, অঙ্ক এবং ইংরাজিতেও ওরাল মার্কস দেওয়া হচ্ছে। এই অবস্থাটা বুঝতে পারছেন ? পাশের হার যাতে বেশি হয়, অর্থাৎ কোনো ছেলেমেয়ে ফেল করবে না। এই উদ্দেশ্য নিয়ে আজকে শিক্ষা ব্যবস্থা চলছে। প্রাইমারি স্তরে নো ডিটেনশন আছে। হাইস্কুলেও এটা চালু হয়ে যাবে। উচ্চমাধ্যমিক এক বছরের পরীক্ষা হচ্ছে। আগামীতে মাধ্যমিকেও এই চিন্তা-ভাবনা চলছে। এই হাউসে অনেকেই বলেন যে, এই সরকার শিক্ষার জন্য অনেক কিছু করেছেন। আজকে শিক্ষামন্ত্রী মহাশয় জানাবেন গ্রামে-গঞ্জে যেসব উচ্চবিদ্যালয় আছে, মাধ্যমিক বিদ্যালয় আছে, তাতে ছাত্র শিক্ষকের অনুপাত কত ? কোথাও দেড়শো, কোথাও ২৫০। তাহলে এটা দেখলেই আপনারা বুঝতে পারবেন যে, শিক্ষার কি হাল হয়েছে। যাদের একটু পয়সা আছে, তারা কেউই ছেলেমেয়েদের ইংলিশ মিডিয়াম ছাড়া পড়াচ্ছে না। আজকে সর্বশিক্ষার টাকা নিয়ে প্রাইমারি শিক্ষক না নিয়ে প্যারা টিচার নিয়োগ করা হচ্ছে। হাইস্কুলে প্যারা টিচার নেওয়া হচ্ছে। আপনারা গর্ব করে বলেন সম কাজে সম পারিশ্রমিক। তাহলে আপনারা শিক্ষকদের দিচ্ছেন না কেন ? যেখানে একজন শিক্ষক ২০,০০০ টাকা মাইনে পাচ্ছেন, সেখানে সম যোগ্যতাসম্পন্ন একজন প্যারা টিচার যেটা পাচ্ছেন, যেটাকে এনহ্যান্সড্ বলা হয়, মাত্র সাড়ে পাঁচ হাজার টাকা করে পাচ্ছেন। আজকে এইসব শিক্ষকরা বঞ্চনার শিকার হচ্ছেন।

এবারে বিদ্যুতের ব্যাপারে আসছি। বিদ্যুৎমন্ত্রী আমাদের সঙ্গে আলাদা বসে বিদ্যুতের বিষয়ে যে কথা বলেছিলেন, সেই প্রতিশ্রুতি তিনি রাখতে পারেননি। এই সরকার বিদ্যুতের ক্ষেত্রেও ব্যর্থ। তিনি আমাদের উৎসাহ দিয়েছিলেন খুব শীঘ্রই সব গ্রামে বিদ্যুৎ পৌঁছে যাবে। আপনারা বলুন তো সব জেলার সব গ্রামে বিদ্যুৎ কি পৌঁছেছে ?

[4.00-4.10 p.m.]

কখনোই নয়। আজকে আমাদের জেলা উত্তর দিনাজপুরে রাজীব গান্ধী বিদ্যুৎ যোজনার কাজ শুরু হয়েছে, যেটা সারা পশ্চিমবঙ্গে শুরু হওয়ার কথা, তার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই। আজকে আমাদের রায়গঞ্জের সন্নিকটে এম্স্-এর ধাঁচে একটি হাসপাতাল হওয়ার জন্য কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনুমোদন লাভ করেছে, তার উল্লেখও ওখানে নেই। আজকে পঞ্চায়েত ব্যবস্থার কথা বলা হয়েছে। কিন্তু যাঁরা গ্রামীণ এলাকায় বসবাস করেন, পঞ্চায়েতের কি বেহাল অবস্থা, আপনারা সবাই জানেন। কেন্দ্রীয় কর্মসূচিগুলোকে রূপায়িত করার জন্য যে পরিকাঠামো প্রয়োজন, সেই পরিকাঠামো গ্রামের সব পঞ্চায়েতে নেই। এখনো জাতীয় গ্রামীণ কর্মসংস্থার নিশ্চয়তা আইন—এই যে কেন্দ্রীয় প্রকল্প, এই কেন্দ্রীয় প্রকল্পের মাধ্যমে গরিব মানুষদের ১০০ দিনের কাজ দেওয়ার কথা। গতবারেও আমরা

জেনেছি যে, সব জায়গায় গরিব মানুষেরা এই সুযোগ পায়নি। তাই ২০০৯ সালের জানুয়ারি থেকে যাতে গরিব মানুষেরা ঠকে না যায়, তাদের টাকা যাতে কেউ আত্মসাৎ করতে না পারে, তার জন্য ব্যাঙ্ক এবং পোস্ট অফিসে নামে নামে অ্যাকাউন্ট খোলার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু এই ব্যবস্থা কি সব গ্রাম পঞ্চায়েতে আছে, আর যেখানে নেই, সেখানে কি সরকার এই ব্যবস্থা করেছেন ? আমরা কিছুদিন আগে দেখলাম, গাজোলে এই জাতীয় কর্মসংস্কার প্রকল্পের কাজ করেও মানুষ পোস্ট অফিস থেকে টাকা পাচ্ছে না। এই যে সাধারণ মানুষের অসহায়তা, তার ফলে আজকে মানুষ বামফ্রন্ট সরকারের প্রতি বীতশ্রদ্ধ। দীপকবাবু অনেক বড় বড় কথা বললেন। কিন্তু যেটা ঘটার, সেটাই ঘটবে। আমরা ১৬ই মার্চ সেই খবর পাব। এখন আমাদের সবার নিশ্চয়ই লক্ষ্য একটাই হবে—পশ্চিমবঙ্গের উন্নয়ন। সেই উন্নয়নের লক্ষ্যে আসুন, আমরা সম্মিলিতভাবে চেষ্টা করি। পশ্চিমবঙ্গকে যেমন আমরা ভারতবর্ষের এক নম্বর জায়গায় নিয়ে যেতে পারি। যেটাতে আমরা গর্ব করি যে, হোয়াট বেঙ্গল থিংকস টুডে, ইণ্ডিয়া উইল থিংক টুমরো—এই জায়গায় আমরা যেন আবার ফিরে আসতে পারি। এই ধরনের কর্মসূচি, এই ধরনের পরিকল্পনা, এই ধরনের মনোভাব যেমন আমরা আনতে পারি। আজকে ফরোয়ার্ড ব্লক এবং আর.এস.পি.-র বন্ধুরা বামফ্রন্ট সরকারের জয়গান করলেন। কিন্তু আমরা গত পঞ্চায়েত নির্বাচনে দেখেছি, কিভাবে তাদের ওপর বড় শরিকরা অত্যাচার করেছে। আজকে দীপকবাবু বলছেন করিম চৌধুরীর কথা। সেটা তো ব্যক্তিগত ব্যাপার। কিন্তু আপনাদের হীতেন বর্মন কেন চলে গেলেন ? এটা আজকে ভাবতে হবে আপনাদের। আজকে উত্তরবঙ্গ অবহেলিত, আমরা সব সময় বলি। পশ্চিমবঙ্গের সব এলাকায় সময়মতো বিকাশ হয়নি, উন্নয়ন হয়নি। উন্নয়ন ঘটেনি, তার পরিকল্পনা আজ পর্যন্ত কেন নেওয়া হলো না। এই সমস্ত কথা এই ব্যর্থতার কথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। আজকে শিল্পায়ন নিয়ে বেশিরভাগ উল্লেখ এখানে হয়েছে, কিন্তু আমরা জানি আমাদের কুটির শিল্প, যে শিল্পের উপর গ্রামবাংলা টিকে আছে, সেই শিল্পের বিকাশের লক্ষ্যে এই সরকার কি করেছেন তার উল্লেখ এখানে নেই। বৃহদায়তন শিল্পের কথা বলা হচ্ছে, আজকে গাড়ি শিল্পের কথা বলা হচ্ছে, আজকে এটা ভাবতে হবে—হয়তো মানুষের ক্রয়ক্ষমতা বেড়েছে যে তারা গাড়ি কেনার মতো অবস্থায় পৌঁছবেন—যে শিল্প রয়েছে সেগুলিকে বাঁচাবার কি চেষ্টা আপনারা করেছেন, সে কথা রাজ্যপালের ভাষণে নেই। আমার জেলা উত্তর দিনাজপুরে সরকারের একটা শিল্প আছে, সেটা হচ্ছে পশ্চিম দিনাজপুর স্পিনিং মিল। সরকার থেকে চেষ্টা হচ্ছে সেটাকে জয়েন্ট ভেঞ্চারে দিয়ে দেওয়ার জন্য। যারা হুগলি জুটমিল চালাতে পারে না তাদের হাতে আজকে এই শিল্পকে বিক্রি করে দেওয়ার একটা কৌশল চলছে। আজকে এই শিল্পকে জয়েন্ট ভেঞ্চারে চালাতে গেলে সেখানকার শ্রমিক-কর্মচারীরা কাজ হারাবেন। আজকে সুতাকলগুলি শুধু পশ্চিম দিনাজপুরই নয় আরও সুতাকল এখানে রয়েছে যেমন কল্যাণী স্পিনিং মিল, ময়ূরাক্ষী স্পিনিং মিল রয়েছে এগুলি কিভাবে বাঁচবে তার কোনো কথা কোনো পরিকল্পনা এখানে নেই। আমাদের পশ্চিম দিনাজপুর স্পিনিং মিলের ডায়রেক্টর ছিলেন মন্ত্রী নারায়ণ বিশ্বাস, তাঁর কাছে শ্রমিকদের পক্ষ থেকে সব দলের যেমন আই.এন.টি.ইউ.সি., সিটু সব দলের যে শ্রমিক সংগঠন আছে সবাই বলেছিল স্যার, সরকার থেকে আমাদের ১০ লক্ষ

টাকার ব্যবস্থা করে দেওয়া হোক, আমরা মিলকে ক্ষতির হাত থেকে বাঁচাব, লভ্যাংশের জায়গায় নিয়ে যাব। কিন্তু সরকার সেই ব্যবস্থা করেনি। একটা অপদার্থ পরিচালন ব্যবস্থা এই মিলের অবনমন ঘটাচ্ছে। সেই মিলকে রক্ষা করার জন্য আমি সরকারের কাছে দাবি রাখছি। আজকে উত্তরবঙ্গের ট্রান্সপোর্ট বহু লোককে চাকরি দিয়েছে, সেই এন.বি.এস.টি.সি. এখন ধুঁকছে, তার উন্নয়নের জন্য কি ব্যবস্থা নেওয়া হচ্ছে সে কথা রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। স্যার, আর একটা কথা বলে শেষ করব আজকে এই যে গরিব মানুষদের ২ টাকা কে.জি. দরে চাল দেওয়ার কথা সরকার বলছে, আজকে বি.পি.এল. তালিকাই সঠিক নয় তাহলে এই ২ টাকা কে.জি. দরে চাল কারা খাবে সেটা ভেবে দেখার জন্য অনুরোধ করছি।

শ্রী জগন্নাথ মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের চতুর্দশ বিধানসভার সপ্তম অধিবেশনের প্রাক্কালে গত ৯ই মার্চ, ২০০৯ তারিখে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল যে অভিভাষণ প্রদান করেছেন তাকে আমি স্বকৃতজ্ঞ সাধুবাদ জানাচ্ছি এবং এই পরিপ্রেক্ষিতে মাননীয় সদস্য রবীন মণ্ডল মহাশয় যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেনে তাঁকে সমর্থন করে আমি দু-একটি কথা বলছি।

[4.10–4.20 p.m.]

তাকে সর্বান্তকরণে সমর্থন করে ২-১টি কথা বলতে চাই। প্রথমে স্যার যেটা নজরে পড়ে রাজ্যপাল মহোদয়ের ভাষণের মধ্যে যে, তিনি আতঙ্কবাদ এবং জঙ্গীদের যে ক্রিয়াকলাপ যেটা গোটা ভারতবর্ষ, যেটা গোটা উপমহাদেশের ১১০ কোটি মানুষের জীবনকে নাজেহাল করে তুলছে সেটার মূল সূত্র হল আন্তর্জাতিক ক্ষেত্র। তারা ভারতবর্ষকে বিভিন্নভাবে পঙ্গু করতে চায়। ভারতবর্ষের যে বিরাট মানবসম্পদ, তারা তাদের ব্যবহারিক জিনিসপত্র সেগুলো বাইরের থেকে আনার জন্য তারা ভারতবর্ষকে একটা পণ্যের বাজার হিসাবে ব্যবহার করতে চায়। সেইজন্য তাকে দুর্বল করছে। কিন্তু এখানে পশ্চিমবাংলায় সেই উত্তর থেকে দক্ষিণে যে আতঙ্কবাদ বা জঙ্গিবাদ তার যে সূত্র, সেটা হচ্ছে, এই রাজ্যের মধ্যেই অন্তর্নিহিত এবং সেটার কারণ হচ্ছে, একটা রাজনৈতিক সুবিধাবাদ। যদি আমাদের দক্ষিণ বাংলার জেলাগুলিকেই ধরেন, তাহলে দেখা যাবে যে, ২০০৬ সালের নির্বাচনে সেখানেও আমাদের জেলায়, ১৬টার মধ্যে মাত্র তিনটে এবং বাকি যে পরে পশ্চিমের যে জেলাগুলো পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া মিলে যে ৪০টা আসন, তাতে সর্বসাকুল্যে তিন সেখানে তৃণমূল শূন্য। এই ৫৬-এ ৬টি। সুতরাং চিন্তা-ভাবনা ওইখান থেকেই একটা অস্থিরতা একটা স্টেবিলিটিকে আনস্টেবিল করা এবং ওইখানে রন্ধ্রে রন্ধ্রে ঘুণ ধরানো, এমন একটা চিন্তা-ভাবনা করা যাতে এই সরকার ওইদিকেই মনোনিবেশ করেন এবং উন্নয়ন যাতে ব্যাহত হয়। এটা বলা বাহুল্য যে, মহামান্য রাজ্যপালের অভিভাষণ ১৭ পাতায় ৩২ বছরের যে ছবি, সমাজ যে আসতে আসতে রূপান্তর হয়েছে, তার দারিদ্র মোচন হয়েছে, মানুষকে ধাপে ধাপে তুলে আনা হয়েছে, সেই ছবি এই ছোটো কম্পাসের মধ্যে রাখা সম্ভব না। তবু যতটা পারা যায় উল্লিখিত হয়েছে। কিন্তু মূল বিষয় যেটা, যে ভাবনা চিন্তা আমাদের নজরে

ছিল, আমাদের পরবর্তী প্রজন্ম, এটা আমাদের নজরে আসে না যে, হাওড়া স্টেশনে, বিশেষ করে যে হাওড়া স্টেশন যেখান দিয়ে আমাদের যেতে আসতে হয় দক্ষিণবঙ্গের মানুষকে, সমস্ত দক্ষিণমুখী ট্রেনগুলো, যাতে আগে রোগীগুলো দক্ষিণ ভারতের দিকে ধাবিত হত, যেত রোগ সারাতে, এখন সেই যাওয়া বন্ধ হয়েছে, কিন্তু তার বদলে হাজারে হাজারে ছেলে প্রতিদিন, প্রতিটি দক্ষিণমুখী ট্রেনে ৪-৫টা আনরিজার্ভ কম্পার্টমেন্টে একটা ছোটো ব্যাগ নিয়ে তাতেই কোনোরকমে দুটো জামাপ্যান্ট গুঁজে, একটা জলের বোতল নিয়ে অনিশ্চিতের দিকে চলে যাচ্ছে দক্ষিণের দিকে—সামান্য কিছু রোজগারের ধান্দায়। ফিরে আসে ৬ মাস এক-বছর পরে, অনেকে ফেরে অনেকে আবার ফেরেও না, ভিন্ন ভিন্নভাবে সেখানে মার্ডার ও অন্যান্য অপকর্মে জড়িয়ে যায়। অনেকের খুন করার ঘটনা আমার জানা আছে। যাদের মামলা মোকদ্দমা নিয়ে আমাকেও দক্ষিণের দিকে দৌড়তে হয়েছে। এইভাবেই এই দংশন থেকেই চিন্তাভাবনা যে দক্ষিণবাংলায় বাংলার ওপারে সিঙ্গুর এবং নন্দীগ্রামের কথা। অনুরূপভাবে হলদিয়ার একটা চিন্তা করেছিলেন আজ থেকে ৫০-৫৫ বছর আগে বর্তমানে প্রয়াত স্বাধীনতা সংগ্রামী সাংসদ সতীশ সামন্ত মহাশয়। তিনি চিন্তা করেছিলেন ওইখানে যে হুগলি নদী যাতে হুগলি নদী রূপনারায়ণ নদীর সঙ্গে মিশে গিয়ে সমুদ্রের দিকে ধাবিত হওয়ার আগে হলদি নদী এসে ওই অংশে সংযোজিত হচ্ছে, একটা এলাকাকে রাখছে, যে এলাকায় শুধু মাছের চাষ হয়, এবং সেখানে যদি একটা বন্দর গড়া যায় সেই বন্দর কলকাতার অনেকখানি চাপ সহ্য করবে, সেখানে অনেক কলকারখানা গড়ে উঠবে এবং সেখানে দক্ষিণবাংলার অনেক মানুষ চাকরিটাকরি পাবে। ছেলেরা ওখানে বেকারত্ব ঘোচাবে। ওখানে ছেলেদের বেকারত্ব ঘুচবে, ওখানে অন্নর সংস্থান খুঁজে পাবে। দক্ষিণ বাংলার মানুষকে হয় আসতে হত কলকাতার দিকে, নাহলে খড়্গপুরের লোকোশেডের দিকে, এই ছিল একমাত্র চাকরি বাকরির সংস্থান এবং সন্ধান। হলদিয়া হওয়ার পর আজকে সেখানে এক লক্ষের উপর মানুষ করে কম্মে খাচ্ছে। সতীশ সামন্ত মহাশয়ের ওই চিন্তা ওই স্বপ্ন যেটা ৫০-এর দশকে দেখেছিলেন সেটা একেবারে অনিশ্চিত অবস্থায় পড়ে যেত, কংগ্রেসীরা সেই অবস্থায় রেখে দিয়েছিল। তবে ৬০-এর দশকের শেষ থেকে বর্তমানে ওখানকার সাংসদ আগের ওই এলাকার বিধায়ক লক্ষ্মণ শেঠ যদি না তুলে ধরত ওই এলাকা থেকে প্রকৃত উপকার হচ্ছে যেটা সতীশ সামন্ত মহাশয়ের স্বপ্ন সেটাকে বাস্তবায়িত করেছিলেন ধাপে ধাপে লক্ষ্মণ শেঠ। এবং কিছু মানুষের ওইখানে চাকরির সংস্থান হয়েছিল। সেই স্বপ্ন থেকে, সেই কার্যকারিতা থেকে নতুন স্বপ্ন দেখা যেটা এখনো আমরা সাগরের দিক থেকে করি যে হলদিয়া দিনে রাতে সেখানে আলোর ফুলকি জ্বলছে, গোটা এলাকাটা আলোকিত। একেবারে আলোয় উদ্ভাসিত। অপরদিকে বাঁদিকে সেখানে ওই নন্দীগ্রাম, এই ৩২ বছরে সেখানে সামান্য আলো ও কিছু কিছু রাস্তা হয়েছে, বাকিটা আঁধারে ঘেরা। বিশেষ করে উপকূলে যে চারটি অঞ্চল কেন্দেমারি, সোনাচূড়া, গাঙড়া এবং কিছু কিছু ওই ৭ নম্বর জলপাই-এর অংশ সেখানে চাষবাস বলতে এক ফসলি ফলন হয়—শুধু আমন ধানটা হয়—বর্ষার ধান, সেটা আশ্বিন-কার্তিক মাসে পাকে, তার সঙ্গে ধান পাকার আগে খেসারি কলাই কিছু ছড়িয়ে দেওয়া হয়, তাতে খেসারিও বাড়তে থাকে, ধানও পাকতে থাকে, এই হচ্ছে

দ্বি-ফসল। আমাদের ওই চারটি অঞ্চলের অধিকাংশ এলাকাই মোহনাপ্লাবিত চাষবাস হত না। সুতরাং ওখান থেকেই স্বপ্ন নন্দীগ্রামকে যদি কোনো রকমে শিল্পে রূপান্তর করা যায়। আবার আর একটা লক্ষ্য হচ্ছে, লক্ষাধিক মানুষের কর্মসংস্থান ওখানে গড়ে উঠতে পারবে। এ থেকেই নন্দীগ্রামের চিন্তা-ভাবনা। মাননীয়া বিধায়ক বলে গেলেন এখুনি, ওখানে এখনো বিদ্যুৎ নেই। কিন্তু বিদ্যুৎ যেটুকু হয়েছে সেটুকু এই আমলে, এই ৩২ বছরে হয়েছে। এই ৩২ বছরের মধ্যে নন্দীগ্রাম মূল ভূখণ্ডের সঙ্গে সংযোজিত হয়েছে—মাতঙ্গিনী সেতুর নরঘাটের মাধ্যমে। এই আমলেই সংযোজিত হয়েছে রেলের মাধ্যমে। নন্দীগ্রামের বুকের উপর দিয়ে রেল চলে গেছে এবং ভিন্ন ভিন্ন সড়ক যোজনার মাধ্যমে সড়কের যে নেটওয়ার্ক হয়েছে গোটা নন্দীগ্রাম তার দ্বারা উপকৃত। সেই উপকারের চিহ্ন হিসাবে মানুষের সেখানে তাদের স্মরণ করা উচিত। যেটুকু হয়েছে এই ৩২ বছরে হয়েছে। এই ৩২ বছরের মধ্যে নন্দীগ্রামে যেটুকু আলো সেটুকু মূল এলাকার সঙ্গে সংযুক্ত হওয়া সেটুকু সম্ভব হয়েছে এই ৩২ বছরের মাধ্যমে। এই ৩২ বছরে চিন্তা-ভাবনা করা হয়েছিল নন্দীগ্রামকে আর একটা হলদিয়ায় রূপান্তরিত করার। সেই রূপান্তরের পথেই সেটাকে অতি নাটকীয়তায় নিয়ে গিয়ে একটা ধ্বংসাত্মক পথে নিয়ে চলে গেল। সমস্তটাই সাজানো। এবং সেই সাজানোটা যে কিভাবে পরশুদিনের চ্যানেলগুলিতে দেখে থাকবেন অনেকেই যে যারা ওখানে এই বিষ্ণুপুরের কাছাকাছি এলাকার মহিলাগুলি এবং তারা হচ্ছে খেতে পাওয়া এবং ভালোভাবে তাদের চলন বলন ও একেবারে তারা ব্যবসায়িক উদ্দেশ্যে কিংবা কোনো একটা এজেন্সির মাধ্যমে এসেছে তারা মুখে বলছে যে তারা নন্দীগ্রামের, তারা হয় তাদের লোকজন মরেছে কিংবা তারা ক্ষতিগ্রস্ত মহিলা তাই কলকাতার রাস্তায় তাদের ছেড়ে দেওয়া হয়েছে, তাদের দ্বারা ভিক্ষা করতে পাঠানো হচ্ছে। সমস্তটাই সাজানো। সমস্তটাই নাটকের অংশ। এইভাবে নন্দীগ্রামে অতি নাটকের একটা অতি প্রচারে এবং তাতে আমাদের মিডিয়া বন্ধুগুলি একেবারে দরাজ হাতে হাত মিলিয়েছিলেন। এই হচ্ছে আজকের নন্দীগ্রাম, নন্দীগ্রাম নন্দীগ্রাম করে আজকে বাজারে ছড়িয়েছে। এগুলির মাধ্যমে যে ৩২ বছরের মানুষের যে রূপান্তর সেটাকে স্তিমিত, রদ করে তাকে অন্যভাবে দেখানোর একটা প্রয়াস এবং তার প্রতিটি ছত্রই হচ্ছে মিথ্যার বুনিয়াদ। এই বলে আমি সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4.20–4.30 p.m.]

শ্রী মহম্মদ সোহরাব : محترم اسپیکر سر! اور ممبران حضرات!

سب سے پہلے میں دھنیہ باد دیتا ہوں گورنر صاحب کو کہ انہوں نے ۲۰۰۹-۲۰۰۸ کے بجٹ سیشن میں اپنا بھاشن رکھا اس کا میں سمرتھن کرتا ہوں۔ میں دھنیہ باد جتاتا ہوں کہ انہوں نے ہمارے دیش کے مارے گئے افراد خاص کر ہماری Former President آر وینکٹ رمن اور ہمارے Former Prime minister وی پی سنگھ کی موت پر اپنے دکھ کا اظہار کیا۔ سر اس میں گورنر صاحب کے بھاشن کا سمرتھن کرتے ہوئے یہ کہنا

چاہتا ہوں کہ دوسرے اسٹیٹ کے بہ نسبت ہمارے اسٹیٹ کو بھی کچھ معاملوں میں
مزید ترقی کرنا ہوگی۔ Agriculture کے معاملے میں، Power کے معاملے میں،
Health کے معاملے میں، Education کے معاملے میں، Industries کے معاملے میں دوسرے
اسٹیٹ کے بہ نسبت ہمارا اسٹیٹ کچھ پیچھے ہے اسلئے ہم لوگوں کو ان سب چیزوں پر اور بھی توجہ دیکر
کام کرنے کی ضرورت ہے۔ سر! میں Chief minister اور Police minister کو دھنیہ باد
جتاتا ہوں کہ انہوں نے سنگور، نندی گرام اور کوچ بہار کے معاملوں کو وہاں کے حالات
کو جس طرح سنبھالا ہے وہ قابل تعریف ہے۔ دارجلنگ کے مسئلے پر، لال گڑھ کے
مسئلے پر اور مختلف جگہوں میں مختلف مسئلوں پر جس طریقے سے آتنگ بچا ہوا ہے
ان پر جس طرح Administrative کنٹرول ہو رہا ہے میں اس کے لئے بہت بہت
دلی مبارک باد دیتا ہوں۔ سر! Terrorism ہمارے دیش کے لئے سب سے
بڑا خطرہ بنا ہوا ہے لیکن ہمارا اسٹیٹ اس سے متاثر نہیں ہے لیکن اس کا مطلب
یہ نہیں ہے کہ ہم لوگ اپنے اسٹیٹ میں شانتی سے بیٹھے رہیں۔ ہم لوگوں کو بھی سوچنا
چاہیئے۔ اسٹیٹ کے Intelligence Bureau اور Centre Bureau کو مل کر یہ
دیکھنا ہوگا کہ یہاں ہمارے اسٹیٹ میں کسی قسم کا کوئی آتنگ باد جیسا معاملہ نہ گھسے
کیوں کہ ہمارا اسٹیٹ بنگلہ دیش کے Border سے لگا ہوا ہے، نیپال کے Border سے لگا ہوا ہے
یہاں بھی آتنگ باد جیسا مسئلہ ہو سکتا ہے اسلئے میں اپنا سوجھاؤ دوں گا کہ ہمارے
اسٹیٹ کی Intelligence Agency اور Centre Agency مل کر کام کریں تاکہ ایسے
گھٹناؤں سے بچا جا سکے۔ سر! کچھ کچھ districts میں ماؤ وادی کا جو معاملہ
ہے اس پر بھی غور کرنے کی ضرورت ہے۔ ماؤ وادی صرف لاء اینڈ آرڈر کا
مسئلہ ہے ایسا سمجھ لینے سے نہیں ہوگا۔ ان کی بھی مجبوری، انکی بھی پریشانی،
ان کی بھی دکھ کو ان کی بھی مصیبت کو سمجھنے کی ضرورت ہے۔ پرولیہ، بانکوڑہ،
مدنی پور کے اضلاع اور وہ Areas جہاں ماؤ وادی Activities زیادہ میں ہے
وہاں کیا پریشانی ہے، Socio-economic Problems کیا ہیں، Education کا کیا
Problem ہے، Health کا کیا Problem ہے، وہاں کے لوگوں کے لئے روزگار

میں کمی ہے۔ ان سب چیزوں پر بھی سرکار کو توجہ دینے کی ضرورت ہے۔

سر! Industrial growth کے لئے ہماری ریاست بہت اچھے طریقے سے کام کر رہی تھی ہمارے Chief ministere صاحب ہماری سرکار کی طرف سے بہت ہی اچھے طریقے سے پیش قدمی کر رہے تھے لیکن زمین کی حصولیابی کے مسئلے کو لیکر کچھ دنوں سے ہمارا کام Industries کے معاملے میں ٹھپ پڑا ہوا ہے۔ ہماری سرکار سے اس وقت کچھ غلطی ہوئی ہے۔ ہم مانتے ہیں زمین کی حصولیابی کے معاملے میں اس کے طریقہ کار میں کسی بھی وجہ سے تھوڑی غلطی ہوئی ہے اور ہم نے پہلے بھی اپنے بھاشن میں کہا تھا کہ Industries کے لئے خاص طور پر بنجر زمین، ایک فصلہ زمین اور جو Industries بند پڑی ہیں انکی زمین کو لینے کی کوشش کی جائے اور جن جن لوگوں کی زمین لی جا رہی ہے ان کو اچھے طریقے سے Comprehensive Package دیا جائے اور ان کا جو بھی Economic مسئلہ ہے اسکو ٹھیک طریقے سے Rehabilitate کیا جائے۔ Agriculture ہمارے اسٹیٹ میں کسانوں کے روزگار کا ایک اہم ذریعہ ہے اور کسان کافی تعداد میں ہمارے اسٹیٹ کے اندر ہیں۔ کچھ کچھ چیزوں پر سرکار کو اور بھی توجہ دینا پڑے گی تاکہ کسانوں کو ٹھیک سے پانی مل سکے، بیج مل سکے، Fertilizer مل سکے خاص کر بجلی مل سکے۔ بجلی کے معاملے میں کسانوں کو اور بھی زیادہ راحت دینے کی ہے

سر! ہمارے متوسط اور چھوٹے class کے کاروباری لوگ جو Rural Population کے Dairy Development اور Animal Husbandry سے تعلق رکھتے ہیں ان پر بھی توجہ دینے کی ضرورت ہے۔ سر! مائنارٹیز کی حالت ہمارے اسٹیٹ میں سدھارنے کے لئے سرکار پہلے سے زیادہ Serious ہے اس سلسلے میں بجٹ میں کافی بڑھوتری کی گئی ہے لیکن اور War-foot کی بنیاد پر کام کرنے کی ضرورت ہے۔ میں ایک مسئلے پر خاص طور پر بولوں گا سر! کہ ہمارے چیف منسٹر صاحب نے ہمارے شہر کے راجا بازار کے علاقے میں ایک اسکول کا سنگِ بنیاد رکھا تھا۔ آج تقریباً تین سال ہو گئے لیکن ابھی وہ تیار نہیں ہوا۔ اگر ایک اسکول تین برسوں میں قائم نہیں ہو سکے گا تو مسلم مائنارٹیز سے تعلق رکھنے والے لوگ تیس برسوں میں بھی ترقی نہیں کر سکیں گے۔ اسلئے میں سرکار

کی توجہ مبذول کرانا چاہوں گا کہ مسلم مائناریٹیز کا جو مسئلہ ہے اس پر خاص طور پر دھیان دیا جائے - ایک 1981ء میں اردو کے تعلق سے Executive order ہوا تھا۔ اس میں کہا گیا تھا کہ چار Urdu dominated districts یعنی شمالی 24-پرگنہ، گارڈن ریچ، آسنسول اور اسلام پور میں اس orders کو Execute کیا جائے گا لیکن ابھی تک اسے Execute نہیں کیا گیا - سر! ایک ضلع دفتر سے ہمیں معلوم ہوا ہے کہ اس Executive order پر ابھی تک عمل نہیں کیا گیا ہے لیکن اس پر عمل کرنے کی کوشش کی جا رہی ہے- میں سرکار سے اپیل کروں گا کہ 1981ء میں جاری کردہ اس orders پر عمل کیا جائے اور مذکورہ چار اضلاع میں اردو کو Official Language قرار دیا جائے -

سر! ہمارے اسٹیٹ کے اندر پاور کا مسئلہ چل رہا ہے- ہم لوگ انڈسٹری کے لئے سوچ رہے ہیں، نئے ٹاؤن شپ کے لئے سوچ رہے ہیں یقیناً انکی ضرورت ہے لیکن اگر پاور کی کمی رہے گی تو انڈسٹریز کر کے فائدہ کیا ہوگا - نئے ٹاؤن شپ میں اگر اسی طرح مسئلہ رہے گا تو اس سے کافی Problem ہوگی - اسلئے میں سرکار سے درخواست کروں گا کہ پاور پر خاص توجہ دی جائے - Floriculture اور Horti-culture اس پر دھیان کا سب سے بڑا ذریعہ ہے جہاں سے Foreign currency آتی ہے- یہاں سے دوسرے ممالک میں Flowers کافی export ہوتے ہیں - جہاں سے کافی Foreign currency، لیکن آج اسکی Quality Inferior ہوتی جا رہی ہے- خاص کر Fruits کی - - culture - پر سرکار کی زیادہ توجہ نہیں ہے اسلئے آنے والے دنوں میں Fruits کے مسئلے اور اسکی کوالٹی کو Control کرنے کے لئے Control کا ڈیپارٹمنٹ بنایا جائے - اور Flori-culture اور Horti-culture سے جو لوگ تعلق رکھتے ہیں انہیں Special Package دیا جائے ،

سر! میں ان ہی باتوں کے ساتھ گورنر صاحب کے بھاشن کو سپورٹ کرتے ہوئے اپنی بات ختم کرتا ہوں - دھنیہ باد!

Shri Barry O-Brien : Mr. Speaker, Sir, I would like to place on record my sense of appreciation and gratitude to His Excellency, the Governor of West Bengal for his Address to this august House on the 9th March, 2009. Over the last four days, much has been

said. There has been heated political debate. Many statistics have been highlighted. I consider it my duty and privilege as the nominated member of this House to put forward a few facts, to put forward my opinion which I assure will be a balanced one. Because I have no political agenda, any political axe to grind, no political party to represent and no election to win or lose. I would like to start by speaking about the Anglo-Indians and the Christian community. With regard to the Christian community or any community, the first concern for any human being is—safety and security. If I don't feel safe and secured আমি বাইরে গিয়ে চাকরি নিতে পারব না, কাজ করতে পারব না, আমি বাড়ির বাইরে যেতে পারব না, আমি অন্যদের সাথে মেলামেশা করতে পারব না, একসাথে থাকতে পারব না। If I don't get any assurance of safety and security. Unfortunately, over the last few years in many states accross the country, to name a few like Orissa, Rajasthan, Madhya Pradesh, Karnataka, and other states, the Christians are frightened. Sir, the Christians have not been assured safety and security. Most recently what has happened in Orissa ? আপনারা সকলেই জানেন উড়িষ্যার কান্দামাল ডিস্ট্রিক্টে হাজার হাজার ক্রিশ্চিয়ান ভাইয়েদের বাড়ি ছেড়ে জঙ্গলে চলে যেতে হয়েছিল। '...The Christians' they had to run away to the jungles to save their own lives.

[4.30–4.40 p.m.]

Hundreds of Churches were desecrated and burnt, houses were burnt, desecrated and destroyed. The Christians are frightened in Orissa and in many other States. The reason is not stray vandalism. ওই মাঝে মাঝে কেউ এসে কিছু একটা করে চলে গেল। It is the plan moved on behalf of so-called Hindutwa extremist elements, sometimes even government sponsored. Today, in this state, Sir,we are privileged that every christian in West Bengal feels that thisis perhaps the safest and most secured state for any Christian to live in or for any minority to live in. We had hiccup a few years ago when the principal opposition party flirted romanced and wedded with Hindutwa elements of the BJP. Then you are friend of BJP, means you are friend of VHP, means you are friend of RSS, friend of Shiv Seena, means you are friend of Mr. Narendra Modi, now the poster boy, Mr. Firoz Barun Gandhi and poster boys like Mr. Bal Thakrey and his own son and his nephew. Sir, if any political party and unit

befriends this communal elements and political units and opens the door of Bengal like it is done few years ago Christian and minorities will never firgive that political units.

I move on to Anglo Indian Community. আপনাদের মধ্যে অনেকেই আমাকে কতবার বলেছেন যে ব্যরি ভাই একদিন একটু অ্যাংলো ইন্ডিয়ান কমিউনিটির ব্যাকগ্রাউন্ড নিয়ে কিছু বলুন। তো আজকে সুযোগটা পেয়েছি, সময় আছে বলি। I am going to refresh how the Anglo Indian was born. This community is unique, small minority and it did not come about by chances. হঠাৎ কোথাও থেকে একটা অ্যাংলো ইন্ডিয়ান কমিউনিটি কিন্তু চলে এল না। Few centuries ago when the British and other European men came to India they fell in love with India and fortunately or unfortunately fell in love with women of Indian origin. Their children are Anglo Indians. Over the last 300 years, this small community has, to use a Bengali word নিজের কাজ গুছিয়ে নিয়েছে into small but meaningful community with its own culture, with its own aspiration, with its own contribution. Coming up to independence না অ্যাংলো ইন্ডিয়ান যার ইন্ডিপেনডেন্ড আগে হঠাৎ ভাবল ভাই আমাদের কি হবে ? আমাদের দেশ কোনটা আমরা নিজেরাই জানি না। আমরা তো ইংরেজিতে কথা বলি, আমরা অন্য পোশাক পরি, আমরা গির্জেতে যাই। আমাদের কি হবে ? অনেকে চলে গেছে, কোথায় চলে গেছে ? বাড়ি ফিরে চলে গেছে। যে বাড়ি, যে ঘর কোনোদিন নিজেরা দেখেনি। জিওগ্রাফিকাল ম্যাপে হয়তো পয়েন্ট আউট করতে পারতেন। Frank Anthony, a great Barrister and a great Parliamentarian উনার বয়স হার্ডলি ৩৫, This is early 1940s. উনি প্রথমে বললেন ভাই কোথায় যাচ্ছিস ? এটা তো আমাদের দেশ, আমরা এখানেই থাকব। আমাদের কালচার একটু অন্য ধরনের, আমাদের ভাষা ইংরেজি। And you went to say, I called him, he asked every Anglo Indian, told every Anglo Indian, 'the more you love and loyal to India and embrace India – the more India will love, be loyal to you and embrace you'. যেদিন থেকে অ্যাংলো ইন্ডিয়ানরা বুঝেছে, অনেকে থাকেনি চলে গেছে হয়তো, কিন্তু আমরা যারা এখানে বাস করি, we have got a great privilege. We are the only community which has been given representation in legislature. বিরাট ব্যাপার। In this House, only Anglo Indian representative is nominated and there are many other states where we have representatives. And more importantly লোকসভায় আমাদের দুটো সিট আছে, রাজ্যসভায় একটা, লোকসভায় দুটো সিট আমাদের দেওয়া হয়েছে। Only two nominated members both belong to Anglo Indian community. We are very privilaged and we are very grateful. কিন্তু আনফরচুনেটলি আমাদের এই সিটটা পলিটিক্যালি হাইজ্যাক করা হয়েছে। সেই গল্প আমি এখানে আপনাদের

শোনাব। When independence came Frank Anthony আর অন্যান্য যারা the All India Anglo Indian Association-এর representative ছিলেন The All India Anglo Indian Association is 133 years old, even older than the Congress Party. Immediately Pandit Jawaharlal Nehru অ্যানটনিকে কল করে আর সব অন্যদের নাম যাদের All India Anglo Indian Association-এর সামনে রাখা হয়েছে ওদের MP seatগুলো, দেওয়া হয়েছে MLAগুলো দেওয়া হয়েছে। This continued right through Smt. Indira Gandhi's various terms, this continued through Rajiv Gandhi's various terms মাঝখানে শ্রী মোরারজী দেশাই এসেছিলেন, তখন বলা হয়েছিল এবং অনেকে বলেছিলেন All India Anglo Indian Association-কে seat দেওয়া হবে না, কেননা In the All India Anglo Indian Association Mr. Anthony was perceived to be very close to Congress. কিন্তু শ্রী মোরারজী দেশাই ইভিন দুটি সিটের মধ্যে একটা সিট দিয়েছেন to the true representatives from the Anglo Indian Association. Even when P.V. Narasima Raoji became the prime minister once again the true leaders of the community were given representation in the All India Anglo Indian Association. In 1996, it was a difficult situation তখনও ইন্দ্রজিতবাবু ছিলেন হোম মিনিস্টার, উনি আবার আমাদের এই সিটটা দিয়েছেন। Unfortunately Sir, it is very sad for me to point out that in the last ten or twelve years these seats in Parliament and these seats in the States have mostly been politically hijacked. No longer is the representative All India Anglo Indian Association taken in as the representative. Now জিজ্ঞাসা করা হয়, ভাই তুমি কি আমাদের ? We live in a day of coalition Sir. First question, first, তুমি কি আমাদের দলের লোক, তুমি কি আমাদের সাথে থাকবে ? তাহলে তোমাকে দেব। তোমাকে Anglo Indian-রা চায় না "you are not respected in the Anglo Indian community, you are not known in the Anglo Indian community."

Who cares ? তুমি আমাদের লোক। Even today both the members of Parliament in brackets it is not written Anglo Indian nominated member, it is written in the name of the ruling party. Therefore, these seats have been hijacked. অনেকে বলে There are some other methods of getting the seat. I will not demean myself and demean this House by talking about these methods. আমাকে যখন বলা হয়েছিল ভাই তুমি কি Anglo Indian MLA হতে চাও ? অনেকে বলেছেন ব্যারি, be careful, তোমাকে সপ্তাহে সপ্তাহে, মাসে মাসে Alimuddin Street যেতে হবে, সেখান থেকে তুমি instruction পাবে, সেখানে তোমাকে ওদের instruction follow করতে হবে। তোমাকে বলা হবে তুমি যখন বক্তৃতা দিতে যাবে বক্তৃতা দেওয়ার আগে তোমাকে Chief whip-এর ঘরে ডাকা হবে এবং বলা হবে কি বলতে হবে তোমাকে।

তোমার যেটা বলার কথা আর বলতে পারবে না। তোমাকে বলা হবে বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের টাকা কোথায় খরচ করতে পারবে কোথায় খরচ করতে পারবে না। Sir, I can proudly tell you আমাকে Alimuddin Street যেতে হয়নি, ডাকা হয়নি, আমাকে কেউ কোনোদিন বলেনি এটা বলতে হবে, এটা বলতে হবে না, এখানে খরচ করতে পারবে, এখানে খরচ করতে পারবে না। In West Bengal it is perhaps the only State since 1977 where the Anglo Indian Community, the true leaders of the community are invited and not asked to join the party and not asked to follow any political agenda and we are humble and deeply grateful for that Sir.

I will now move on to a few general issues. Terrorism Sir, I have done a little bit of homework, unfortunately আমার সময় নেই in the last six years more than six hundred innocent people have lost their lives to terrorism in India and thousands have been orphaned and maimed and injured mostly in the States of Gujarat, Maharashtra and a few other States. In a geopolitic sense, in a geographic sense West Bengal could be a prime target. Hon'ble Chief Minister, police department and others need to be congratulated that till today in spite of being in a very vulnerable geographic locationthe terrorists have been kept out and far away from the State. Yes Sir, the Maoists work in pockets and any political unit flirting and romancing with Maoists will only be inviting trouble. Sir, I would just like to end by saying is the Government of His Excellency perfect ? No. Has there ever been a perfect government in world history anywhere? No. Has this Government made a few errors in judgement ? Few mistakes ? Yes, like other Government doing all over the world. Has this Govt. regretted a few of its decision ? Yes. Has this Government have vision and plan and a mission ? Yes, it is true opposition parties are doing negative politics and they are opposing for opposition's sake. Does the youth or India, does the youth of Bengal, people of Bengal still have confidence in the only Hon'ble Chief Minister and this Government ? Yes, yes, yes.

Sir, I support the Motion of Thanks on Governor's Address.

[4.40–4.50 p.m.]

শ্রী তারক বন্দ্যোপাধ্যায় : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, চতুর্দশ বিধানসভায় সপ্তম অধিবেশনে মাননীয় রাজ্যপাল সংবিধানের ১৭৬ তম অনুচ্ছেদ অনুসারে যে ভাষণ প্রদান

করেছেন, তার বিরোধিতা করে আমি কিছু বক্তব্য রাখছি। প্রথমেই বলি পশ্চিমবঙ্গ সরকার সব সময় নিজেরা বলেন যে এই রাজ্য সব ব্যাপারে এগিয়ে আছে, সব ক্ষেত্রে এগিয়ে আছে। আপনারা বলেছেন এগ্রিকালচারে পশ্চিমবঙ্গ নাকি অষ্টমতম রাজ্য। এই রাজ্যের খাদ্যমন্ত্রী তিনি যখন ২০০৭-০৮ সালে এখানে বাজেট পেশ করেছিলেন, সেই বাজেট বইতে বলা হয়েছে 'চাল, গম, চিনি, তৈলবীজ, ভোজ্য তেল বর্তমান সমগ্র অত্যাবশ্যক পণ্য সামগ্রিকের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটা ঘাটতি রাজ্য'। অথচ এই হাউসে শোনা যায় অনেক মাননীয় মন্ত্রী চেঁচিয়ে চেঁচিয়ে বলেন আমরা নাকি খাদ্যে স্বয়ং সম্পূর্ণ। আমাদের রাজ্যে খাদ্যে ঘাটতি নেই। আর রাজ্যের খাদ্যমন্ত্রী বাজেট ভাষণে এই কথা বলেছেন। সরকারি হেল্থ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে আমাদের রাজ্য ভারতবর্ষের মধ্যে এগারতম। আমরা এতটাই পিছিয়ে আছি। আইন-শৃঙ্খলার ক্ষেত্রে আমাদের রাজ্য ১৫তম জায়গায় দাঁড়িয়ে আছে। আমাদের রাজ্যের যিনি মুখ্যমন্ত্রী, তিনি এই রাজ্যের পুলিশ মন্ত্রী। সেখানে আমাদের রাজ্য পনেরতম স্থানে রয়েছে। স্যার, 'ক্রাইম ইন ইন্ডিয়া'তে দেখা যাচ্ছে নারী পাচারে পশ্চিমবঙ্গ প্রথম। ভারতবর্ষের সমস্ত রাজ্যের মধ্যে নারী পাচারে এই রাজ্য প্রথম। বধূ নির্যাতনে আমাদের রাজ্যকে এই সরকার প্রথম স্থানে এনে দিয়েছে। এই রাজ্যে সবচেয়ে বেশি বধূ নির্যাতন হয়। পশ্চিমবঙ্গে বেকারের সংখ্যা ভারতবর্ষের সমস্ত রাজ্য থেকে এই রাজ্যে সবচেয়ে বেশি। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি মানুষ অর্ধাহারে, অনাহারে থাকে। সবচেয়ে বেশি মানুষ অর্ধাহারে থেকে না খেতে পেয়ে মারা যায়। পশ্চিমবঙ্গে এই ঘটনাগুলো ঘটছে। ইদানীংকালে প্রতিটি দৈনিক সংবাদপত্রে সরকার কোটি কোটি টাকার বিজ্ঞাপন দিচ্ছেন। সেক্ষেত্রে উন্নয়নের ঝড় বয়ে যাচ্ছে। রাজ্যের মুখ্যমন্ত্রী থেকে শুরু করে মাননীয় অন্যান্য মন্ত্রীরা ছুটে ছুটে বেড়াচ্ছেন শুধু শিলান্যাসের জন্য। প্রথমে শিলান্যাস, তারপর কারখানা, সমস্ত কিছু নতুন শিল্প একের পর এক গড়ে উঠছে। এই শিলান্যাস ভোটের আগে ছাড়া দেখা যায় না এবং এই সরকারের মাননীয় মুখ্যমন্ত্রী থেকে শুরু করে অন্যান্য মাননীয় মন্ত্রী মহাশয়রাও শিলান্যাস করেছেন কিন্তু সেখানে শিল্প হয়নি। শ্যাওলা পড়েছে। শ্যাওলান্যাস হয়েছে, শিল্প হয়নি।

স্যার, আজও সিঙ্গুরের অনিচ্ছুক কৃষকদের জমি সরকার ফেরত দিল না। মহামান্য রাজ্যপালের হস্তক্ষেপে সিঙ্গুরের বিষয়ে মাননীয় বিরোধী নেত্রী শ্রীমতী মমতা ব্যানার্জিকে নিয়ে এবং রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী ও শিল্পমন্ত্রীকে সঙ্গে নিয়ে বসে আলোচনা করে একটা নর্মস ঠিক হয়েছিল, এগ্রিমেন্ট হয়েছিল যে সিঙ্গুরের অনিচ্ছুক কৃষকদের জমি কীভাবে ফেরত পাওয়া যায়। পরবর্তীকালে দেখা গেল মাননীয় মুখ্যমন্ত্রী একবার যাচ্ছেন, একবার আসছেন। এইভাবে অনেকবার যাতায়াতের পর যে চুক্তি হল পরবর্তীকালে সেই চুক্তি সরকার মানলেন না। সিঙ্গুরের অনিচ্ছুক কৃষকরা আজ পর্যন্ত তাঁদের জমি ফেরত পেলেন না। মাননীয় বুদ্ধবাবু অনেকভাবে ব্যাখ্যা করার চেষ্টা করেছেন সিঙ্গুরের জমি নেওয়া কতটা যুক্তিযুক্ত হয়েছে, সিঙ্গুরের চার ফসলা, পাঁচ ফসলা জমি নিয়ে টাটাদের 'ন্যানো' গাড়ির কারখানা করতে দেওয়া কতটা যুক্তিসঙ্গত হয়েছে। অনেকভাবে বোঝাবার পরও আবার আমরা দেখলাম 'পশ্চিমবঙ্গের উন্নয়ন কোন্ পথে' শীর্ষক আলোচনার আয়োজন করলেন

মাননীয় মুখ্যমন্ত্রী। সেই আলোচনার সঞ্চালক ছিলেন রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী ড: অসীমকুমার দাসগুপ্ত মহাশয়। তিনি নাকি বিরাট বড় অর্থনীতিবিদ। তিনি সেই অনুষ্ঠানের সঞ্চালক হিসাবে কাজ করেছিলেন। সেই অনুষ্ঠানে সামনের সারিতে বসে ছিলেন শিল্পমন্ত্রী শ্রী নিরুপম সেন, সিটুর রাজ্য সভাপতি শ্যামল চক্রবর্তী থেকে শুরু করে রাজ্যের আরো অনেক মাননীয় মন্ত্রী, পার্টির অনেক নেতা। অনুষ্ঠানের মুখ্য ছিলেন আমাদের নোবেল জয়ী অর্থনীতিবিদ ড: অমর্ত্য সেন মহাশয়। তিনি এই আলোচনার মধ্যমণি ছিলেন। মাননীয় বুদ্ধবাবু চেয়েছিলেন, সরকার চেয়েছিল সিঙ্গুরের ব্যাপার নিয়ে, টাটাদের ব্যাপার নিয়ে বলতে। এক সময় বলেছিলেন 'লাঙ্গল যার জমি তার'। আর আজকে সেই কৃষকদের কাছ থেকে জমি জোর করে কেড়ে নিয়ে, তাদের নামে মিথ্যা মামলা দিয়ে, পুলিশ দিয়ে পিটিয়ে জমি কেড়ে নিয়েছেন। সরকার সেই জমির জন্য যে দাম দিতে চেয়েছিলেন তা তাঁরা প্রত্যাখ্যান করেছেন। তাঁরা অনেকভাবে অত্যাচারিত হয়েছেন, তাঁদের উপর জুলুম হয়েছে। ওই সব নির্যাতিত, নিপীড়িত জমিহারা মানুষের কাছে শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় ছুটে গেছেন। মমতা বন্দ্যোপাধ্যায়কে বন্দুকের নল দিয়ে গুঁতো দেওয়া হয়েছে। আজকে সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে জনপ্রিয় নেত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়কে নানাভাবে নাজেহাল করা হয়েছিল।

[4.50–5.00 p.m.]

চুলের মুঠি ধরে টানতে টানতে ধর্মতলায় তাঁকে ছেড়ে দিয়ে গেল, এটা সভ্যতার কলঙ্ক। স্যার, আপনার মাধ্যমে বলতে চাই পশ্চিমবাংলায় এই সমস্ত জিনিস চলতে পারে না। বুদ্ধদেব ভট্টাচার্য অমর্ত্য সেনকে নিয়ে একটি সেমিনার করেছিলেন। সেই সেমিনারে অমর্ত্য সেন কি বলেছিলেন, টাটারা ব্রিটিশ ইস্পাত শিল্প কোরাস যদি কিনতে পারে তার জন্য পশ্চিমবঙ্গ সরকার জমি অধিগ্রহণ করবে কেন ? কে বলেছিলেন—নোবেল জয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন। যাঁর মুখ দিয়ে বলাবার চেষ্টা করানো হয়েছিল সরকার যে সিদ্ধান্ত নিয়েছে সেটা সঠিক সিদ্ধান্ত। টাটারা যাতে এখানে কাজ করতে পারে। ভেবেছিলেন সেই জন্য ঘটা করে আয়োজন করা হয়েছিল কিন্তু সেখানে জল ঢেলে দিলেন অমর্ত্য সেন। পশ্চিমবঙ্গ সরকার কেন সেখানে জমি অধিগ্রহণ করবে ? ভেবে দেখুন, সি.পি.এম. অনেক ভুল করছে। এই সি.পি.এম. অনেক ভুল করছে, সেটা স্বীকার করা উচিত কিন্তু ওরা সেটা স্বীকার করে না। অমর্ত্য সেন যখন বৈঠক করছিলেন তখন দর্শকাসনে বসেছিলেন শিল্পমন্ত্রী। এই ঘটনার পর আজ পর্যন্ত মুখ্যমন্ত্রী রাজ্যপালের সাথে চুক্তি করে যাবার পর সিঙ্গুরে অনিচ্ছুক কৃষকদের জমি ফেরত দিলেন না। স্ট্যান্ডিং কমিটি অন কমার্স অ্যান্ড ইন্ডাষ্ট্রিজ আমি একজন সদস্য। সেই সভায় শিল্পমন্ত্রী নিরুপম সেন একদিন এসেছিলেন। তখন পশ্চিমবঙ্গে সিঙ্গুরকে কেন্দ্র করে উথাল-পাথাল। আমি নিরুপমবাবুকে বলেছিলাম, অনিচ্ছুক কৃষকদের জমি ফেরত দিন না তাহলে তো ব্যাপারটা মিটে যেতে পারে। শিল্প তো বহু জায়গায় করার কথা হচ্ছে। নিরুপমবাবু বলেছিলেন, এই বিষয়টি আমরা আলোচনা করতে চাই। সিঙ্গুর থেকে আমরা লেসন নিয়েছি। ভবিষ্যতে পশ্চিমবঙ্গে কোনো শিল্প করতে গেলে

ডিটেলস না জেনে, না বুঝে সকলের সাথে আলোচনা না করে আমরা শিল্প করতে চাই না। আজও সমস্যার সমাধান হল না। আমি আপনাদের বলি, রাজ্যপালের সাথে চুক্তি করে আসার পর রাজ্যপালকে আক্রমণ করে অনেক গালমন্দ করেছিলেন। বলেছিলেন রাজ্যপালের গায়ের চামড়া মোটা। এক সি.পি.এম. সদস্য বিনয় কোঙার বলেছিলেন, নির্লজ্জ, ভণ্ড। ওর উচিত তৃণমূল কংগ্রেসের টিকিট নিয়ে লোকসভার নির্বাচনে দাঁড়ানো। আবার সেই রাজ্যপালকে বিধানসভায় সরকার একটি ভাষণ তৈরি করে বই ছাপিয়ে বক্তৃতা করালেন। এটা রাজ্যপালের ভাষণ নয়। রাজ্যপালের ভাষণে এই কথাগুলো থাকার প্রয়োজন ছিল। আপনারা রাজ্যপালকে দিয়ে এখানে অসত্য ভাষণ বলিয়েছেন। এই অসত্য ভাষণকে কোনোভাবেই সমর্থন করতে পারি না। তাই তার বিরোধিতা করছি। স্যার, এই সরকার, বুদ্ধদেববাবুর সরকার প্রতিবারই এখানে এসে অনেক প্রতিশ্রুতি দেন যে এই করব, সেই করব ইত্যাদি। এতো স্কুল তৈরি করবে, এতো মাদ্রাসা স্কুল তৈরি করবে ইত্যাদি। অনেক প্রতিশ্রুতি এই সরকার দেন কিন্তু কার্যক্ষেত্রে ওই প্রতিশ্রুতি রক্ষা করা হয় না। সরকার রাজ্যে নতুন ৫০০টি প্রাথমিক স্কুল করবেন বলেছিলেন, ৭৫০টি শিশু শিক্ষা কেন্দ্র খুলবেন, ১ হাজার জুনিয়ার হাইস্কুল করবেন, ৪০০টি মাদ্রাসা শিক্ষাকেন্দ্র করবেন এবং ৫০০টি হায়ার সেকেন্ডারি স্কুল খোলার কথা ঘোষণা করেছিলেন। কিন্তু শিক্ষা দপ্তর থেকে বলেছে যে, এখনো পর্যন্ত সব মিলিয়ে ৪৬৮টির বেশি নতুন স্কুল খোলা যায়নি। এখনো পর্যন্ত নতুন করে আরো মাদ্রাসা স্কুল করা হয়নি। একটাও মাদ্রাসা স্কুল করা হয়নি। এটা অত্যন্ত নিন্দনীয় ঘটনা এবং কোনো সভ্য সরকারের পক্ষে এটা করা সম্ভব নয়। আজকে মাদ্রাসা স্কুলের ছাত্ররা তাই এসেছিল প্রতিবাদ জানাতে। এই সরকারের মাদ্রাসা স্কুলের প্রতি যে বিমাতৃসুলভ আচরণ তারই প্রতিবাদ জানাতে তারা এসেছিল। আর বুদ্ধদেববাবু রাইটার্স বিল্ডিংসে বসে পুলিশকে নির্দেশ দিলেন যে, মাদ্রাসা ছাত্ররা যারা তাদের দাবি নিয়ে এসেছে তাদের উপরে পুলিশ লাঠি চার্জ করুক। এই হুমকি তিনি ওখান থেকে বসে দিলেন। এর ফলে মাদ্রাসা স্কুলের ছাত্ররা আহত হল এবং পীচের রাস্তায় পড়ে গিয়ে রক্তাক্ত হয়ে এস.এস.কে.এম.-এ তাদেরকে ভর্তি করতে হল। এই তো মাইনোরিটিদের প্রতি আপনাদের কত দরদ, কত বন্ধু ওদের আপনারা। মাইনোরিটিদের কত আপনারা রক্ষা করছেন দেখুন। অথচ আমাদের দলনেতা এবং লীডার অফ দি অপজিশান সেখানে গেলেন। মাননীয় মুখ্যমন্ত্রী তিনি কি একবারও যাওয়ার প্রয়োজন মনে করলেন না ? মাদ্রাসা স্কুলের উন্নয়নের জন্য মাদ্রাসা স্কুলের ছাত্ররা আন্দোলন করতে এসেছিল। তাদের ২০০ জনকে গ্রেপ্তার করা হল। কেন করা হল—তারা এই স্বৈরাচারী সরকারের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে এসেছিল। তাদের ওই আন্দোলনের উপরে পুলিশ লাঠি চার্জ করল। ২০০ জনকে গ্রেপ্তার করল এবং আহত অবস্থায় ছাত্ররা এস.এস.কে.এম.-এ ভর্তিও হল অথচ মাননীয় মুখ্যমন্ত্রীর ওই অসুস্থ ছাত্রদের হাসপাতালে দেখতে যাওয়ার সৌজন্যবোধটুকুও হল না। মাননীয় মুখ্যমন্ত্রী যখন তাঁর জবাবী ভাষণ দেবেন তখন অনুগ্রহ করে এই প্রশ্নগুলোর জবাব দেবেন। স্যার, আমি আরো বলছি যে, নন্দীগ্রামের বদ্ধভূমিতে নিরস্ত্র মিছিলে পুলিশের গুলি, সেই বদ্ধভূমির থেকেই নির্বাচিত শহিদের মাকে নন্দীগ্রামের মানুষ ৪০ হাজারের বেশি ভোটে জিতিয়ে

এনেছেন। তিনি ওই নন্দীগ্রামের থেকে নির্বাচিত হয়ে এই পবিত্র বিধানসভাতে তাঁর মূল্যবান বক্তব্য রেখেছেন। নন্দীগ্রামের ব্যাপারে মাননীয় রাজ্যপাল বলেছিলেন যে, ওখানে আইনের শাসন নেই, সেখানে গ্রাম দখল হচ্ছে বেআইনীভাবে। যা করা যায় না।

মি: স্পীকার : মি: ব্যানার্জী, রাজ্যপাল বলেছেন আইনের শাসন নেই এটা বলা যায় না, ওটা বাদ যাবে।

শ্রী তারক ব্যানার্জী : নন্দীগ্রাম সেখানে যুদ্ধক্ষেত্রে পরিণত হয়েছে।

[5.00–5.10 p.m.]

নন্দীগ্রামের ঘর ছাড়া মানুষেরা নিরাপত্তার অভাব বোধ করছে। ত্রাণের ব্যবস্থা নেই। মেধা পাটেকরের উপরে হামলা, যথেষ্ট হয়েছে। এনাফ ইজ এনাফ, এনাফ ইজ এনাফ। এই রাজ্য সরকারের কথা বলছেন ? বিমানবাবু বলছেন এই কথাগুলি উসকানিমূলক, একপেশে, অসাংবিধানিক। পশ্চিমবঙ্গে হচ্ছে কি ? পশ্চিমবঙ্গে কি ঘটনা ঘটছে ? পশ্চিমবঙ্গের উন্নয়ন স্তব্ধ। বাংলার স্বাস্থ্য, শিল্প, শিক্ষা আজ কোথায় ? 'শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব'। বুদ্ধবাবু এস.এফ.আই করতেন। যারা এস.এফ.আই-এর নেতা, এক সময়ে দেওয়াল লিখতেন। ইউনিভার্সিটির সামনে লিখতেন 'শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব'। আজকে শিক্ষা মুখ থুবড়ে পড়েছে। বাংলার শিক্ষা ধ্বংস হয়ে গেছে। আজকে ভারতবর্ষে ৩৫টি রাজ্যের মধ্যে শিক্ষার ক্ষেত্রে ৩৪নং স্থানে হচ্ছে পশ্চিমবঙ্গ। মাননীয় স্পীকার স্যার আমাকে আর বলার সময় দিচ্ছেন না। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে মারামারি হচ্ছে, গণ্ডগোল হচ্ছে। সর্বত্র অরাজকতা, চরম অরাজকতা। এর বিরুদ্ধে বাংলার মানুষ, সারা বাংলার মানুষ জাগো।—

(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

শ্রী অশোক কুমার দেব : স্যার, অন এ পয়েন্ট অফ ইনফরমেশান। আমাকে একটু বলতে দিন।

মি: স্পীকার : ডিবেটের মাঝখানে এটা হয় না। এটা এগেনস্ট দি রুল।

(নয়েজ)

(এই সময়ে টি.এম.সি.-র সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন।)

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপর বিতর্ক শেষ হয়েছে। এই বিতর্কে সরকার পক্ষের যাঁরা বক্তব্য রেখেছেন, বিরোধী পক্ষ থেকে যে বক্তব্য রেখেছেন আমি সমস্তগুলিই শুনেছি বা পড়ে নিয়েছি। যাঁরা রাজ্যপালের ভাষণের উপরে সুপরামর্শ দিয়েছেন, তাঁদের ধন্যবাদ। বিরোধী দল—তাঁরাও কিছু কথা বলেছেন। কিন্তু সমস্ত কথার উত্তর দেওয়ার সময় নেই। আমি সংক্ষেপে যেগুলি খুব প্রয়োজনীয় সেগুলি সম্বন্ধে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। বিরোধী দলের পক্ষ থেকে সিঙ্গুর নিয়ে অনেকক্ষণ সময় নেওয়া হয়েছে। সিঙ্গুরের বর্তমান অবস্থা, অতীতে কি ছিল, এখনো কিছু শুনলাম, বুঝতে পারলাম না। যে মূল কথা আজকে বলতে চাই—সিঙ্গুরে আমরা কি

করতে চেষ্টা করেছিলাম। আপনারা সবাই জানেন। আমরা চেয়েছিলাম একটি অটো মোবাইল ফ্যাক্টরি। কিন্তু একটি ভয়ঙ্কর দায়িত্বহীন বিরোধী দলের হিংসাত্মক কার্যকলাপের জন্য শেষ পর্যন্ত সেটা হয়নি। টাটা কর্তৃপক্ষের কাছে শেষ পর্যন্ত যখন অনুরোধ করি, তিনি আমাকে এই ভাষাতেই বলেছিলেন, 'এই রকম হিংসাত্মক আন্দোলনের সামনে দাঁড়িয়ে এই কাজ করতে পারি না'। যে রাজ্যে আমার সামনে এই রকম ব্যবহার করা হয়েছে, সেই রাজ্যে আমাদের কারখানা করতে চাই না। আপনারা জানেন সেই কারখানা তিনি নিয়ে চলে গেছেন অন্য রাজ্যে। এখন কি হবে ? এখন কি হবে—এই প্রশ্নগুলো এখানে তোলা হয়েছে, কয়েকজন সদস্য তুলেছেন। তা দু-তিন কথায় আমি উত্তর দেব। একটা কথা ধারাবাহিকভাবে বলা হচ্ছে রাজ্যপালের বাড়িতে যে আলোচনা হয়েছিল, সেই আলোচনায় আমি ছিলাম, আমার সহকর্মী সূর্য্যকান্ত মিশ্র ছিলেন, শিল্পমন্ত্রী নিরুপম সেন ছিলেন। সেখানে নাকি চুক্তি হয়েছিল যে, কত জমি ফেরত দিতে হবে—এই সম্পর্কে একটা মিথ্যা কথা বেশ কয়েকমাস ধরে চালানো হচ্ছে যে চুক্তি হয়েছিল ৪০০ একর জমি ফেরত দেওয়া হবে। কোথাও চুক্তি হয়নি যে, ৪০০ একর জমি ফেরত দেওয়া হবে। সেখানে চুক্তি হয়েছিল, কত জমি ফেরত দেওয়া হবে সেটা আলোচনা করতে হবে। আলোচনায় আমরা বলেছিলাম, আমরা প্রস্তাব রেখেছিলাম যে, আমরা ৭০ একর জমি ছাড়ার প্রস্তাব রাখছি। সেই আলোচনা তারা গ্রহণ করেননি, চলে গেলেন। এখন প্রশ্ন হচ্ছে—রাজ্যপালের সামনে চুক্তি হয়েছিল—এই মিথ্যা কথাটা চলল কয়েক মাস, তারপর আস্তে আস্তে এখন শুনছি জমি ফেরত দিতে হবে। যে জমি অধিগৃহীত হয়েছে, তা কি ফেরত দেওয়া যায় ? কোনো অবস্থাতেই নয়। কংগ্রেসের মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ রায়, তিনি আমাদের সময়কালে একটা অ্যামেন্ডমেন্ট ভূমি রাজস্ব দপ্তরে সেটা অর্ডার করা হয়েছিল, সেটা দেখিয়ে তিনি বলেছিলেন আইনে বলা আছে—Cultivators be allowed to raise crops on the acquired land until R.B. takes action for utilisation of the same. যদি ওনার সময় থাকে একবার গিয়ে দেখে আসুন, সমস্ত অঞ্চলটায় চাষ করার জমি আর কিছু নেই, সেখানে পুরোপুরি কারখানার স্ট্রাকচার করা হয়ে গিয়েছে। প্রকৃতপক্ষে ৮০ ভাগের উপর কাজ হয়ে গিয়েছিল, সমস্ত অঞ্চলে রাস্তাঘাট করা হয়েছে, ভেণ্ডারদের কারখানা হয়েছে, চাষ করার জমি সেখানে নেই—এটা হচ্ছে এক। দুই হচ্ছে সেই জমি কনভারশান হয়ে গিয়েছে। জমি দেওয়া হয়েছিল ডব্লিউ.বি.আই.ডি.সি.-কে। ডব্লিউ.বি.আই.ডি.সি. সেই জমি লিজ দিয়েছিল টাটা অটো মোবাইলস্‌কে। এটা আপনাকে বুঝতে হবে। লিজ দেওয়া জমি, এটা কনভারশান হয়ে গিয়েছে, কার্যত সেখানে জমি নেই চাষ করার জন্য—সেটা বুঝতে হবে, আশা করি সেটা আপনি বুঝবেন। আমরা সিঙ্গুরের ওই জমিকে অন্ধকারের মধ্যে ফেলে রাখতে চাই না। আমরা সিঙ্গুরের মানুষের প্রতি বিশ্বাসঘাতকতা করতে চাই না। আমরা ওখানেই কারখানা করব, ওখানকার মানুষের স্বার্থে আমরা সেখানে কারখানা করব, ওখানকার মানুষ চিরকাল আলু এবং শসার চাষ করবে এটা আমাদের কাছে ভবিতব্য নয়, এটা আমাদের ভবিতব্য হওয়া উচিতও নয় আজকের যুগে—এটা আপনাদের বোঝা উচিত। ইতিমধ্যে সেই প্রক্রিয়া শুরুও হয়ে গিয়েছে। টাটাদের

এখান থেকে উঠে যেতে সময় লাগবে। প্রক্রিয়া চলছে, সেই সঙ্গে নতুন-নতুন প্রস্তাবও আসছে, যে কারা কারা এখানে কারখানা করবে। একগুচ্ছ প্রস্তাব এসেছে দেশি এবং বিদেশি। সেই প্রস্তাবগুলো নিয়ে আমরা আলোচনা করছি। যথাসময়ে চূড়ান্ত হলে আমি এই বিধানসভায় জানাব যে, কাদের প্রস্তাব এসেছে, আমরা ওখানে কি করতে চাইছি। সেটা বলার সময় এখনো আসেনি। আনুষ্ঠানিকভাবে টাটাদের সঙ্গে যে লিজ, সেটা এখনো বাতিল হয়নি।

এখানে নয়াচর নিয়ে প্রশ্ন উঠেছে—একটু সন্দেহের প্রশ্ন উঠেছে। মাননীয় সদস্যদের জানার জন্য বলছি, নয়াচরের প্রস্তাব, এটা শুধু রাজ্য সরকারের প্রস্তাব না, কেন্দ্রীয় সরকারের কেমিক্যাল যে দপ্তর, সেই দপ্তরের সঙ্গে যৌথভাবে এই প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবটি তিনটি রাজ্য—গুজরাট, অন্ধ্রপ্রদেশ এবং পশ্চিমবঙ্গের এই তিনটি রাজ্যের প্রস্তাব ছিল। কিন্তু সবচেয়ে আগে পশ্চিমবঙ্গের প্রস্তাবটি পাস হয়েছে। আধিকারিক স্তরে এখন প্রস্তাবটি শুধু অনুমোদিত হয়েছে। এখন নির্বাচন ঘোষণা হওয়ার ঠিক আগে মন্ত্রিসভার মিটিংয়ে নয়াচরের প্রস্তাবটি গৃহীত হয়েছে। আমরা চিঠির জন্য অপেক্ষা করছি, আজ, না হয় কাল চিঠি পাব। কিন্তু নয়াচরের প্রস্তাব নিয়ে আমরা সামনে এগোব। কারণ এই বিরাট প্রকল্পকে আমরা হাতছাড়া করতে পারব না। শুধু গুজরাটে হবে পি.সি.পি.আই.আর., অন্ধ্রপ্রদেশে হবে, আর পশ্চিমবঙ্গে হবে না—এটা হতে পারে না। পশ্চিমবঙ্গে এটা আমরা চাই। বিশাল একটা প্রকল্প আপনারা এটা জানেন। সেখানে রিফাইনারি থাকবে, রিফাইনারি থেকে ডাউন স্ট্রিম ইণ্ডাস্ট্রি হবে। ডাউন স্ট্রিম ইণ্ডাস্ট্রি হচ্ছে আসল, সেখানে পলিমার—পলিমার মানে হচ্ছে টেক্সটাইলস, বুটাডিন মানে হচ্ছে রাবার, ফার্মাসিটিক্যালস্—অজস্র ডাউন স্ট্রিম ইণ্ডাস্ট্রি হবে। এটাই হচ্ছে পৃথিবীর, বর্তমান দুনিয়ায় আধুনিক শিল্পের পথ। সুতরাং নয়াচরের জন্য আমরা অপেক্ষা করছি। অবশ্যই এখন নির্বাচনের একটা আবহাওয়া চলছে সারা দেশে। কিন্তু দিল্লিতে এই প্রস্তাব আধিকারিক স্তরে এবং মন্ত্রিসভা স্তরে গৃহীত হয়ে গিয়েছে।

[5.10–5.20 p.m.]

তার জন্য আমি রামবিলাস পাসোয়ানজিকে এবং প্রণববাবুকে ধন্যবাদ জানিয়ে আমার চিঠি পাঠিয়েছি এই প্রস্তাব গ্রহণ করার জন্য। এখানে বসে শুনতে হল মেট্রো রেল ইস্ট ওয়েস্ট করিডর যেটা, সেটা সল্টলেকের সেন্ট্রাল পার্ক থেকে শুরু করে হাওড়া স্টেশন ছুঁয়ে হাওড়া ময়দান যাবে। এটা না কি কিছুই হয়নি, আমি নাকি শিলান্যাস করে চলে আসলাম ! আমার সঙ্গে প্রণববাবু ছিলেন, আসার কথা ছিল জয়পাল রেড্ডির। শেষ মুহূর্তে ওনার জ্বর হয়, তাই উনি আসতে পারেননি। এইসব কথাবার্তা শুনলে অবাক লাগে। এইরকম একটা কাজ কখনও হতে পারে দিল্লি এবং রাজ্য সরকার মিলিয়ে ? না কি ডি.পি.আর. হয়নি ! ডি.পি.আর. গত বছর হয়ে গিয়েছে। এই বছর ২০ ফেব্রুয়ারি প্রথম ওয়ার্ক অর্ডারও হয়ে গিয়েছে। যেটা শুরুটা হবে—ট্রেনটা এলিভেটেড—কিছুটা ওপর দিয়ে যাবে, তারপর তলা

দিয়ে যাবে এবং তারপর নদীর তলা দিয়ে যাবে। প্রথম স্তরের যেটা, সেটার ওয়ার্ক অর্ডারও হয়ে গিয়েছে। বিরোধীরা বললেন, তৃণমূল থেকে, যে এটার ডি.পি.আরই হয়নি। মেট্রো রেলের ডি.পি.আর হয়ে গিয়েছে এবং তার কাজ চূড়ান্তভাবে এগোচ্ছে। প্রত্যেকটা ভাগ করে করে টেন্ডার পর্যন্ত ফ্লোট করা হচ্ছে। এলিভেটেড ট্রেন হচ্ছে কলকাতার উপরে। তার চূড়ান্ত এম.ও.ইউ. হয়ে গিয়েছে। স্পেশাল পারপাস ভেইকেল যাকে বলে, সেটার কমিটি হয়ে গিয়েছে। এখন ডি.পি.আরটা হচ্ছে। ডি.পি.আর করছে কনসালটিং ইঞ্জিনিয়ারিং সারভিসেস অর্থাৎ সি.ই.এস.। এটা দিল্লির একটি বড় কোম্পানি, তারা ওটা করছে। ওটা চূড়ান্ত হলে তারপর আমরা বলতে পারব। তৃতীয়ত আমরা শুনলাম এখানে বসে ওরা বলছে দু টাকায় চাল ! বলা হচ্ছে এটা একটা প্রচার। তাই নাকি ? বি.পি.এল. তালিকায় সমস্যা আছে। এই সমস্যা সারা দেশের সমস্যা। দিল্লির সংশ্লিষ্ট দপ্তর যে মাপকাঠিগুলো পাঠান এই এই, এই এই হতে হবে, এত জটিল। সেই জটিলতার মাঝে দাঁড়িয়ে শতকরা ১০০ ভাগ নিখুঁত বি.পি.এল. তালিকা তৈরি করা, কোনো রাজ্য করতে পারে না। কোনো রাজ্য করতে পারবেও না। এমন জটিল ক্রাইটেরিয়াগুলো দেওয়া থাকে। কিন্তু আমরা চেষ্টা করছি যতটা নিখুঁত করা যায়। বার বার রিভিশন হচ্ছে। রিভিশনের ক্ষেত্রে প্রশাসনিক একটা সমস্যা আছে, কিছু রাজনৈতিক সমস্যাও আছে। কিন্তু এটা কেন বলছেন না যদি ধরেও নেই কিছু খুঁত আছে, বি.পি.এল. তালিকায় একটা বিরাট অংশের মানুষ তারা—গত ২ সপ্তাহ ধরে খাদ্যমন্ত্রী এবং আমরা বসে ২ মাস ধরে চেষ্টা করে করে অঙ্ক করে করে এই টাকাটা জোগাড় করি। আমি আনন্দিত, আমি প্রত্যেক দিন জেলায় খবর নেওয়ার চেষ্টা করি। একটা বিরাট অংশের গরিব মানুষ দু টাকায় চাল পাচ্ছেন। এটা শুনতে আপনাদের খারাপ লাগছে ? এটা কি নির্বাচন ? না নির্বাচনের প্রশ্ন নয়। যারা চাল পাচ্ছেন তারা কি সবাই বামপন্থী গরিব মানুষ ? তার মধ্যে তো তৃণমূল আছেন, কংগ্রেস আছেন, তারাও তো দু টাকায় চাল পাচ্ছেন। কিন্তু প্রশ্ন হচ্ছে আরও নিখুঁতভাবে তালিকাটা তৈরি করতে পারলে আরো ভালো হত। এখনো কিছু গরিব মানুষ লেফটআউট। তাদের নাম তালিকায় নেই। যতদূর সম্ভব আমরা চেষ্টা করছি। ২০০০ সাল থেকে শুরু হয়েছে। তিন বার রিভিশন হয়েছে। সেই রিভিশনের ক্ষেত্রে প্রশাসনিক সমস্যা ও রাজনৈতিক সমস্যাও আছে। কিন্তু আপনাকে এটা বলছি ১০০ পারসেন্ট কারেক্ট লিস্ট, তালিকা কোনো স্টেট করতে পারবে না। সম্ভব নয় করা। কেন না এটা একটা স্থায়ী ব্যাপার নয়। কিছু পরিবার তারা উঠে যাচ্ছে, কিছু পরিবার এ.পি.এল.-এ চলে যাচ্ছেন, কিছু পরিবার তারা ঠিক মাঝামাঝি স্তরে থেকে যাচ্ছেন। এই একটা সমস্যা থেকে যায়। পি.টি.টি.আই.-এর সমস্যাটা তোলা হয়েছে। আমি মনে করি এটা সত্যি সঠিকভাবেই। এটা নিয়ে আপনারাও উদ্বিগ্ন এবং আমরা উদ্বিগ্ন।

(ভয়েস : আপনি তাহলে অর্ডিনেন্স করুন)

হাত নাড়লেই অর্ডিনেন্স হয়ে যায় না। আপনি জানেন না হাউস থাকলে অর্ডিনেন্স করা যায় না। এক নম্বর হচ্ছে আমরা আপ্রাণ চেষ্টা করছিলাম, দেশের অন্যান্য প্রান্তে এই সমস্যা ছিল। আপ্রাণ চেষ্টা করছি। আমাদের স্কুল শিক্ষামন্ত্রী—আমি একবার উচ্চশিক্ষা মন্ত্রীকেও

দিল্লিতে পাঠিয়েছিলাম। আমি নিজে কথা বলেছিলাম মানবসম্পদ উন্নয়ন মন্ত্রীর সঙ্গে। তিনি কথা দিয়েছিলেন আপ্রাণ চেষ্টা করবেন। আমি প্রণববাবুর সঙ্গে দুদিন বসেছি, তাঁকে বলেছি, 'প্রণবদা, হয়তো আমাদেরও কিছু ত্রুটি ছিল, কিন্তু আপনি এখন সেটাকে ঠিক করে দিন। ৭০ হাজার ছেলেমেয়ের ভবিষ্যতের প্রশ্ন।' উনি আমায় বলেছিলেন, 'হ্যাঁ, আমার যা করার, আমার ক্ষমতায় আমি তা করব।' কিন্তু কোনো অবস্থাতেই এন.সি.ই.আর.টি. শুনল না, অন্য রাজ্যে শুনল, কিন্তু আমাদের রাজ্যে শুনল না। কিন্তু আমরা তো ওই ছেলেমেয়েদের বলতে পারি না, 'তোমরা রাস্তায় পড়ে থাক, আমাদের কোনো দায়িত্ব নেই।' বলতে পারি না। আমাদের নৈতিক দায়িত্ব এদের বাঁচানো। আপনাদের আমি এই কথা বলছি যে, আইনের পথে যে করেই হোক তাদের আমরা বাঁচাবই। এবং সেই পথ আমরা বার করব। তার জন্য আমরা আইনজ্ঞদের পরামর্শ নিয়েছি, বিশেষ করে আবার যেহেতু ইলেকশন কোড অফ কনডাক্ট চালু হয়ে গেছে, সব কথা বলা যাচ্ছে না। কিন্তু এদের ভবিষ্যৎ, এতগুলো ছেলেমেয়ের ভবিষ্যৎ—এসব নির্বাচনী কোড অফ কনডাক্ট-এর থেকে অনেক বেশি মূল্যবান। তাদের দিকে তাকিয়ে এদের ব্যাপারে সমাধান করতে হবে।

...(নয়েজ)...

আইনটাতো করলে আমরাই করব। এই মতটা আমরা আইনজ্ঞদের কাছ থেকে শুনতে চাই এবং আমরা শুনছি, দেরি হবে না। আরেকটা কথা শুধু বলব, আবার লালগড় শুনলাম, লালগড়, লালগড়। আদিবাসী, সাঁওতাল বিদ্রোহ। সাঁওতাল বিদ্রোহের উত্তরাধিকারী আপনারা কবে হলেন ? আমরা বামপন্থীরা সাঁওতাল বিদ্রোহের উত্তরাধিকারী। সিধু, কানুর সেই লড়াই, যে জন্য ওঁরা প্রাণ দিয়েছিলেন—সেই লড়াই—আমরাই তার পরবর্তীকালে সেই পতাকা নিয়ে চলে গেছি। সেখানে যেটা হচ্ছে—এখানে তৃণমূল নেই, এসব কথা শুনতে ওঁদের ভাল লাগে না তো। মনে করুন ওখানে একজন নেতা টি.এম.সি. করেন—এতবড় সাহস, তিনি প্রশাসনকে বলছেন, 'নির্বাচন হবে, কিন্তু এখানে পুলিশ আসতে পারবে না, মাওবাদীরা নির্বাচন করবে।' প্রশাসন করতে দেবে ? এটা আমরা মেনে নেব ? মেনে নেওয়া যায় ? রাস্তা কেটে দেবে, গাছ কেটে ফেলে দেবে, রাস্তা আটকে রেখে দেবে। এই সমস্ত হচ্ছে। দিনের বেলায় তিনি ফোন করছেন কলকাতায় পরামর্শ নেওয়ার জন্য, কোথায় করতে হয় জানেন আপনি, আর রাতের বেলায় ফোন করছেন ঝাড়খণ্ডে মাওবাদী হেডকোয়ার্টার্সে—কি করা যায় এই জন্য। এই সব হচ্ছে। এই যে মাহাতো না কি নাম এবং ওই মহাপুরুষের নামটা আমার মনে থাকে না। তিনি দিনের বেলায় ফোন করেন তৃণমূলের হেডকোয়ার্টার্সে এবং রাতের বেলায় ফোন করেন ঝাড়খণ্ডে মাওয়িস্টদের সঙ্গে। আমরা এটা মেনে নেব ? এই ধরনের উচ্ছৃঙ্খলতাকে কিছুতে মানা যাবে না এবং এই জন্য যা করার সম্ভব, আমরা রাজনৈতিক স্তরে সেটা করছি। শুধু আরেকটা কথা বলে যাব, সেটা হচ্ছে, বিরোধী দলের প্রথম বক্তা, তিনি অনেকক্ষণ ধরে বক্তৃতা করে আমাদের শুনিয়েছেন—তিনি একটা দলিল পড়ছিলেন, দলিলটা তুলতেই আমি বুঝলাম ওটা কি। আমাদের এখান থেকে অবশ্য জবাব দিয়েছেন—দিল্লিতে দুই ভদ্রলোক—একজনের নাম হচ্ছে বিবেক দেবরায়—এখানকার কাগজে মাঝে মাঝে তাঁর লেখা বেরোয়,

আরেকজনের নাম হচ্ছে লাভিস ভাণ্ডারি। এই দুইজন তাঁরা প্রথমে রাজীব গান্ধী ইন্সটিটিউট ফর কনটেমপোরারি স্টাডিস বলে একটা ইন্সটিটিউটে কাজ করতেন। প্রত্যক্ষভাবে কংগ্রেস দল এই ইন্‌স্টিটিউট দেখেন। এই দুই ভদ্রলোক ২০০৫ সালের মার্চ মাসে একটা দলিল তৈরি করে বললেন, গুজরাট ইজ দি বেস্ট, সবচেয়ে ভালো রাজ্য এবং গুজরাটের মুখ্যমন্ত্রী হচ্ছে সবচেয়ে ভালো মুখ্যমন্ত্রী। পরের দিনই কংগ্রেস সভাপতি এই দুই জনকে দূর করে দিলেন ওই স্টাডিস থেকে, ওই ইন্‌স্টিটিউট থেকে—বিবেক দেবরায় এবং লাভিস ভাণ্ডারিকে দূর করে দিলেন। তারপর তাঁরা কিছুদিন নিখোঁজ হয়ে গিয়েছিলেন। তারপর তাঁরা হঠাৎ একটা বই লিখে ফেললেন পশ্চিমবাংলার উপর—সেই বইতে রয়েছে ভুলে ভরা তথ্য এবং জঘন্য। কোনো বুদ্ধিমান লোক, লেখাপড়া জানা লোক এসব করতে পারে না। এমন বই সেই। এখানে বসে বসে সব শুনতে হচ্ছে। তাঁরা দিল্লিতে ২৬শে ফেব্রুয়ারি সেই দলিলটা যখন বার করেন, তখন সাংবাদিকরা তাঁদের চেপে ধরলেন। সাংবাদিকরা তাঁদের জিজ্ঞাসা করলেন, আপনাদের ইন্‌স্টিটিউটের নাম কি ? তখন তাঁরা বললেন, 'আমাদের নতুন ইন্‌স্টিটিউটের নাম হচ্ছে ইন্ডিকাস অ্যানালিটিক্স।' সাংবাদিকরা তাঁদের জিজ্ঞাসা করলেন, আপনাদের ফান্ডিং করেন কে ? তাঁরা রাজ্যসভার একজন এম.পি.-র নাম বললেন। সেই নামটা আমার না করাই ভালো। এখানে মেম্বার না হলে সেই নামটা না করাই ভালো। মাননীয় স্পীকার সাহেব অনুমতি দিলে আমি নামটা বলে দিতে পারি। একজন তৃণমূলের রাজ্যসভার সদস্য, তিনি ফান্ডিং করেন, তাঁর ইন্‌স্টিটিউট চলে। এই হচ্ছে দলিল। সেই দলিলটা আলোচনা করার উপযুক্ত নয়। কিন্তু ওই যিনি বক্তা, যিনি আজকে এখানে নেই, তাঁর সম্পর্কে আমি একটু চিন্তিত। একটা কথা বলে তিনি সেইদিন থতোমতো খেয়ে গেছেন। তারপর কি হয়েছে জানি না।

[5.20–5.30 p.m.]

উনি বক্তৃতা করতে গিয়ে বললেন, পশ্চিমবাংলায় ৪২ ভাগ মানুষ জমির উপর নির্ভরশীল। এই তথ্যটাও ভুল। আসলে ৫৮ ভাগ মানুষ জমির উপর নির্ভরশীল। কিন্তু জমি থেকে মানুষের এই চাপটা কমিয়ে আনা দরকার। সেই চাপটা কমে আসবে আস্তে আস্তে শিল্পায়নের মধ্যে দিয়ে। এটাই সমস্যার সমাধান। উনি এই কথাটা বলার পর ভয় হচ্ছে—এখনো তো নমিনেশনের সময় যায়নি, তিনি বাদ যাবেন কিনা, তার দল মেনে নেবে কিনা।

ডাঃ মানস ভুইয়া ভালোই বলেছেন। দু দুটো বিষয়ে মত মিলবে না। একটা হচ্ছে, তিনি বলেছেন কেন্দ্রীয় স্কিমের কোনো উল্লেখ নেই। কেন্দ্রীয় স্কিম সবই এখানে উল্লেখ আছে। বেশিরভাগ কেন্দ্রীয় স্কিমের মাধ্যমেই রাজ্যে কাজ হয় গ্রামাঞ্চলে। উনি এমন একটা ভাব দেখালেন যে, কার টাকা, কে দিচ্ছে ? আরে, আমরা তো বারবার দিল্লিতে বলছি সারা ভারতবর্ষ থেকে যে ট্যাক্স তুলছেন তার ৫০ ভাগ ফিরিয়ে দিন রাজ্যগুলোকে। এ শুধু আমরাই নয়, সব রাজ্য, কংগ্রেস শাসিত রাজ্য, বি.জে.পি. শাসিত রাজ্য, সবাই বলছে ৫০ ভাগ ফিরিয়ে দিন। এখনো ফিরিয়ে দিচ্ছেন মাত্র ২৯ ভাগ। ৫০ ভাগ আমাদের ফিরিয়ে দিলে তাহলে আমরা কাজ করতে পারব, উন্নয়নের কাজ করতে পারব। কাজেই কেন্দ্রীয় টাকা দেখাবেন না। তারা আমাদের সব রাজ্য থেকে টাকা তুলে নিয়ে যাচ্ছে।

আর একটা কথা বললেন, ৩০ বছর পরেও এখনও কত মানুষের মাথার উপর ছাদ নেই। সেই হিসাব আমাদেরও আছে। কংগ্রেস আমলে সব মানুষের মাথার উপর কি ছাদ ছিল ? সেই সংখ্যাটা তখন যা ছিল এখন তার থেকে কম না বেশি ? কংগ্রেস আমলেও অনেক মানুষের মাথার উপর ছাদ ছিল না, এখন সেই সংখ্যাটা অনেক কমে গেছে। আরও বলতে পারি, এই সংখ্যাটাও থাকবে না, আর দু এক বছরের মধ্যে এই অবস্থায় পশ্চিমবাংলাকে নিয়ে যাচ্ছি, আর নিয়ে যাব।

সেই সঙ্গে সঙ্গে একটা গভীর সমস্যার কথা বলি, যেটা আজকে সারা দেশের সামনে একটা গুরুতর প্রশ্ন। গুরুতর প্রশ্নটা হচ্ছে, এক বিশ্বব্যাপী সঙ্কটের মধ্যে পড়েছে দুনিয়া, অর্থনৈতিক পুঁজিবাদী সঙ্কট। আমরা বামপন্থীরা বারবার এই কথা বলি। দক্ষিণপন্থী কাগজেও মাঝে মাঝে ইকোনমিস্টদের লেখা দেখি, মজাও লাগে। তারা লিখছে, safe capitalism from stupid capitalist. আরে বাবা, ক্যাপিটালাইজেশন ব্যাপারটাই তো স্টুপিড। এই সিস্টেমের মধ্যে বারবার এই সঙ্কটটা ঘুরে ফিরে আসবেই আসবে। আমেরিকা বলেছিল, আমরা পথ দেখাব। আমেরিকার পথই একমাত্র পথ। বেচারা ওবামা এসে বলছে, কি পথ আমি জানি না। কি করবেন তাই বুঝতে পারছেন না। এই সঙ্কটে তারা নিজেরা ডুবেছে, ইউ.কে. কে টান দিয়েছে, ইউরোপকে টান দিয়েছে, জাপানকে টান দিয়েছে, আমাদের দেশও বাদ যায়নি। দুটো কারণে, একটা ফিনান্সিয়াল সেক্টরে আমরা বামপন্থীরা পার্লামেন্টের ভিতরে এবং বাইরে চিৎকার চেঁচামেচি করে ব্যাঙ্ক, ইনসিওরেন্সকে বাঁচিয়েছি, পেনশনকে বাঁচিয়েছি। আর সেই সুযোগেই বলছেন, আমাদের ব্যাঙ্কে হাত পড়েনি। আমরা যদি ঠেকাতে না পারতাম, আপনার প্রধানমন্ত্রী মনমোহন সিং তো ব্যাঙ্ক এবং ইনসিওরেন্স তুলে দিচ্ছিল বিদেশিদের হাতে। এই শেষ পার্লামেন্ট সেসনেও বীমাকে রেখেছিলেন। বিদেশিদের অংশগ্রহণ যদি আবার হত আমাদের দেশে, তাহলে ব্যাঙ্ক এবং ইনসিওরেন্স আমাদের দেশে ধসে পড়ত। এই বিপদের চেহারা আরও মারাত্মক। আপনারা অস্বীকার করতে পারবেন না যে এই সঙ্কট আমাদেরও গ্রাস করছে। বিভিন্ন সেক্টরে খবর পাচ্ছি, অটোমোবাইলে ভীষণ সমস্যা। ইস্পাত, সিমেন্ট, রিয়েল এস্টেট, বড় বড় কোম্পানি রিয়েলে এস্টেটে শূন্য অবস্থা। সম্প্রতি আই.টি.-র দুই বড় কর্ণধার—উইপ্রো এবং টি.সি.এস.-এর রামতবাই কলকাতায় এসেছিলেন। ভয়ানক অবস্থা।

আই.টি. গ্রোথ রেট শূন্যে এসে দাঁড়িয়েছে। দুশ্চিন্তা আমাদের এটাই আজকে সল্টলেকে ৮০ হাজার ছেলেমেয়ে কাজ করছে। আগামী এক বছর দু বছরের মধ্যে যারা কলেজ থেকে বেরিয়ে আসছে ইলেকট্রনিক্স কম্পিউটারের এই ছেলেমেয়েগুলো চাকরি পাবে না। কোথায় যাবে ? এই বিপদের মধ্যে আজকে দেশ এসে দাঁড়িয়েছে। আপনারা বুঝতে পারছেন না। ইতিমধ্যে সারাদেশ এই মার্চ পর্যন্ত এক কোটি মানুষের কর্মচ্যুতি হয়েছে। এক কোটি। এতগুলো শিল্পে সঙ্কট এসেছে। যারা এক্সপোর্ট করেন কার্পেট থেকে আরম্ভ করে হ্যান্ডলুম, হোসিয়ারি, কাজু যারা এক্সপোর্ট করেন বিশেষ করে যারা ছোটো। মারাত্মক সঙ্কট এসেছে। এই সঙ্কটের সামনে দাঁড়িয়ে প্রশ্ন হচ্ছে কি করছেন ? আমেরিকা করপোরেট হাউসকে বাঁচাচ্ছে। আপনারা—সরকার খুব দুশ্চিন্তায় পড়েছিলেন সত্যমকে কি করে বাঁচাব।

আরে মানুষগুলোকে কি করে বাঁচাবেন ? মানুগুলোকে বাঁচাবার জন্য খরচ করছেন ? বলছেন মানুষগুলোকে বাঁচাবার জন্য ২০ হাজার কোটি টাকা দিচ্ছি। আর আমাদের রাজ্য সরকার আমরা কি করছি ৫ হাজার কোটি টাকা, শুধু আমাদের রাজ্যের জন্য ৫ হাজার ১০৬ কোটি টাকা দিচ্ছি। মাননীয় অর্থমন্ত্রী বাজেটের আগেই যেটা ঘোষণা করেছেন।

(এ ভয়েস : উনি বেআইনীভাবে ঘোষণা করেছেন।)

না, একেবারেই না। আইনটা আপনার থেকে, মাননীয় স্পীকারের থেকে অসীম দাশগুপ্ত একটু কম জানে বলে আমার মনে হয় না। ৫ হাজার কোটি টাকা আমরা দিয়েছি যাতে মানুষের কর্মসংস্থান করা যায়, যাতে মানুষের কাজকর্ম একেবারে বন্ধ না হয়ে যায়, ইনফ্রাস্ট্রাকচারের কাজ চালু রাখা যায়। ইরিগেশন, রাস্তাঘাট, সড়ক এখানে যেন কোনো সঙ্কট না এসে পড়ে। এই টাকা আমরা দিচ্ছি।

(এ ভয়েস : টাকা তো ভ্যাট থেকে আসছে।)

হ্যাঁ, ভ্যাট এসেছে বলেই আমাদের অর্থনৈতিক অবস্থার একটা উন্নতি হয়েছে। সারা দেশের এই সঙ্কটের চেহারা আপনারা ধরতে পারছেন না। সেখানে প্রশ্ন আসছে দেশের ভবিষ্যতটা কি ? আমাদের কাছে প্রশ্ন হচ্ছে এই যে কেন বিজেপি নয় ? নতুন করে বলে লাভ নেই। আমাদের মাননীয় সদস্য ভালো বলছিলেন বিজেপি যদি আসে। এটা একটা ধর্মীয় ফ্যাসিস্ট শক্তি। বিজেপি কেন নয় সেটা আপনারা জানেন, আমরাও জানি এবং আমাদের অবদানের জন্য আপনারা বিজেপিকে সরকার থেকে বাইরে রাখতে পেরেছিলেন। আমরা সমর্থন না করলে আপনারা পারতেন না। আমরা ঠেকিয়ে রেখেছিলাম বিজেপিকে কিন্তু তার প্রত্যুত্তরে আপনারা প্রতিদান দিলেন তোমরা বিজেপিকে ঠেকিয়ে রেখেছ তাই আমরা আমেরিকার কাছে চললাম। আপনারা আমেরিকাতে চললেন বলেই আমরা বললাম দূর হও। বিজেপিও যাও, কংগ্রেসকেও চাই না। আজকে দেশের মানুষ, বেশিরভাগ মানুষ বিজেপির বিরুদ্ধে ভোট দেয়। বেশিরভাগ মানুষ কংগ্রেসের বিরুদ্ধে ভোট দেয়। আমরা কোনো ব্যক্তির পিছনে ছুটছি না, আমরা কোনো দলের পিছনে ছুটছি না। আমরা চারটে আদর্শের পিছনে ছুটছি। এক, এই সঙ্কটের মুখে দাঁড়িয়ে জনস্বার্থবাহী—কর্মসূচি গ্রামের গরিবকে বাঁচাও, গণবণ্টনকে বাঁচাও, কৃষককে বাঁচাও, দুই, যুক্তরাষ্ট্রীয় কাঠামো তাকে বজায় রাখো। এককেন্দ্রিক সরকার কোরো না। বিজেপি, কংগ্রেস তো দিল্লিতে ক্ষমতাকে কেন্দ্রীভূত করেন। আমরা চাই যুক্তরাষ্ট্রীয় কাঠামো। তিন, ধর্মনিরপেক্ষতা খুব জরুরি। মানসবাবু আপনি বলছিলেন, 'আমাদের বাদ দিয়ে কি করে ধর্মনিরপেক্ষতা হয়'। যেদিন বাবরি মসজিদ ধ্বংস হয়েছিল আমি সেদিন জ্যোতিবাবুর ঘরে ছিলাম। জ্যোতিবাবু সেদিন বলেছিলেন, 'আপনাদের সামনে মিলিটারি নেই ? আমার কাছে খবর আছে, ওরা ভাঙবে।' তার উত্তরে তিনি সেদিন বলেছিলেন না, ওরা ভজন গাইতে যাবে। তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী নরসিমা রাও বললেন, ওরা ভজন গাইতে যাবে। বাবরি মসজিদ ধ্বংস হওয়ার পরে কংগ্রেসের আর সেই ক্রেডেনশিয়াল নেই। আপনারা সমান অপরাধী। আপনারা বিশ্বাসযোগ্য নন। তাই আমরা চাই ধর্মনিরপেক্ষ একটা সরকার। আমরা চাই যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে বিশ্বাস করে এমন

একটা সরকার এবং সর্বোপরি স্বাধীন বৈদেশিক নীতি অনুসরণ করবে, আমেরিকার কোলে বসে থাকবে না এমন একটা সরকার। সারা ভারতবর্ষ তার জন্য অপেক্ষা করবে এবং তার জন্য পশ্চিমবাংলার মাটিকে আরও বেশি শক্ত রাখতে হবে। এই রাজ্যে বামপন্থা ছাড়া আর কোনো বিকল্প নেই। এই বিকল্পের কথা মনে রেখে আমাদের সামনে এগোতে হবে। এই কথা বলে সমস্ত সংশোধনীগুলো বাতিল করে, রাজ্যপালের ভাষণের সমর্থনে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5.30–5.40 p.m.]

শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সংসদীয় রীতি অনুযায়ী বাজেট অধিবেশনের আগের সময়ে মাননীয় রাজ্যপাল সভায় আসেন, ভাষণ পাঠ করেন, চলে যান এবং রাজ্যপালের এই আসা যাওয়া ভাষণ পাঠ না করার জন্য রীতি অনুযায়ী সভার পক্ষ থেকে একটা ধন্যবাদসূচক প্রস্তাব পেশ করা হয়।

শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য : স্যার, আমি এখানে একটি গুরুত্বপূর্ণ ঘটনার কথা উল্লেখ করার জন্য কিছু সময় চেয়ে নিচ্ছি। আলিপুরদুয়ারে যে ঘটনা ঘটেছে, সেই সম্পর্কে সংক্ষিপ্ত দু-একটি কথা বলছি। এই ঘটনাটি আলিপুরদুয়ারে ১৮ই মার্চ সকালবেলা সাড়ে ১১টার সময়ে শহরের কাছে চৌপট্টি বলে একটি জায়গা আছে, সেটা খুবই ঘনবসতি এবং বাজার এলাকা—সেখানে বোম্ব ব্লাস্ট হল। ব্লাস্ট করা হয়েছে একটি সাইকেলের উপরে। এটা ব্লস্ট হওয়ার সঙ্গে সঙ্গে সেখানে অনেক মানুষ যারা জড়ো ছিলেন, তাদের মধ্যে এখনও পর্যন্ত যা খবর তাতে দেখা গেছে দুজন মারা গেছে। এদের একজনের নাম হচ্ছে সনাতন দাস। আর একজনের নাম হচ্ছে অখিল অধিকারী। ৬ জন মানুষ গুরুতর জখ হয়ে কুচবিহার হাসপাতালে ভর্তি আছে। আলিপুরদুয়ার হাসপাতালে ৭ জন ভর্তি আছেন। ওখানে আমাদের ফরেনসিক গ্রুপ রওনা হয়ে গেছে। সেখানে হাসিমারা থেকে এয়ারফোর্সের বোম্ব ডিসপোজাল লোক সেখানে পাঠিয়েছিলাম। এখন সেখানে নতুন করে আর বিপদ হওয়ার মতো সম্ভাবনা নেই। কিন্তু মূল প্রশ্ন থেকে যাচ্ছে যে, এটা কারা করল, কোথা থেকে এসে করল, কি তাদের উদ্দেশ্য ছিল ? এটা বার করতে সময় লাগবে। স্বাভাবিকভাবে কয়েকটি উগ্রপন্থী দলের কথা মনে হচ্ছে। তবে এই ঘটনা কারা ঘটাল, এটা নির্দিষ্ট করতে চিহ্নিত করতে আরও একটু সময় লাগবে।

শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল : স্যার, আমি যে কথাটি বলেছিলাম সভার পক্ষ থেকে যে ধন্যবাদসূচক প্রস্তাব মুভ করা হয়েছিল তাতে মাননীয় মুখ্যমন্ত্রীসহ সকলেই অংশগ্রহণ করেছেন, এর জন্য সকলকেই ধন্যবাদ। স্যার, রাজ্যপাল এখানে যে বিষয়বস্তু পাঠ করেছেন তার মধ্যে কয়েকটি অসঙ্গতি রয়েছে বলে আমার মনে হয়েছে এবং কিছু অনুপস্থিতি যেমন, ধরুন প্রায়োরিটি সেক্টরে যেসব কথাগুলি উল্লেখ করা হয়েছে, তার মধ্যে গুরুত্বপূর্ণ যে বিষয়টি—সরকারি কর্মসংস্থানের নির্দিষ্ট মূল লক্ষ্য, তার মধ্যে থাকা উচিত ছিল, তপশিলি জাতি, উপজাতি, ক্ষুদ্র কুটিরশিল্প, স্বনির্ভর গ্রুপ, স্বনিযুক্তি দপ্তর ইত্যাদি বিষয়গুলি অনুল্লেখ থেকে গেছে। এই ব্যাপারে আরও একটু সতর্ক থাকা উচিত ছিল। তাড়াহুড়ো না করে দ্রুততার সঙ্গে না করে একটু সতর্ক থাকা উচিত ছিল।

দ্বিতীয়ত, মাননীয় মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন। কিন্তু আমার কাছে মনে হয়েছে স্বাধীনোত্তর ভারতবর্ষে এই রকম একটা দায়িত্বজ্ঞানহীন হিংস্রপরায়ণ, নৈরাজ্যবাদী কুরুচিসম্পন্ন বিরোধী দল ইতিপূর্বে আসেনি। কতগুলি হাড়হিম করা ঘটনা, নন্দীগ্রামের ঘটনা—সেখানে কেমিক্যাল হাব করতে না দেওয়া, সিঙ্গুর থেকে কারখান সরিয়ে দেওয়া, লক্ষ লক্ষ বেকার যুবকের মুখের হাসি কেড়ে নেওয়া এবং এই রাজ্যের শিল্পের অগ্রগতিকে বাধা দেওয়া—এইসব বিষয়গুলি বলিষ্ঠভাবে আসা উচিত ছিল। বিরোধী দলের এই ধ্বংসাত্মক ক্রিয়াকলাপ এখানে অনুল্লেখ থেকে গেছে। এর মধ্যে ভীরুতা, আতঙ্ক আছে কিনা বুঝতে পারছি না। সেই কারণে রাজ্যপালের ভাষণের এই অংশটি আমার কাছে অসম্পূর্ণ থেকে গেছে।

তৃতীয়ত, আমাদের রাজ্যের বামফ্রন্টের শক্তিকে সি পি এমের শক্তিকে খর্ব করার জন্য আমেরিকা থেকে শুরু করে এন.জি.ও. আজকে অনুরাধা গাঙ্গুলী পরে ব্যানার্জী পরে তালয়াড় হয়েছে। সারনেম চেঞ্জ হয়েছে। সারনেম চেঞ্জ হতে পারে। তারাও বিদেশ থেকে কোটি কোটি টাকা আনছে। মেধা পাটেকর কোটি কোটি টাকা আনছে এই কমিউনিস্ট শক্তি বামপন্থী শক্তিকে খর্ব করার জন্য। এইভাবে তারা বিরোধিতা করছে সমগ্র রাজ্যের। তাদের হাড় হিম করা ক্রিয়াকলাপ সম্পর্কে মানুষ উপলব্ধি করেন। আমার মনে হয়েছে তিনি যে ভাষণ দিয়েছেন, আমার কাছে মনে হয়েছে He was very much concerned about the people of West Bengal এগুলো অন্ততপক্ষে উল্লেখ করা উচিত। সে ফার অ্যাজ আই নো .... (ভয়েস—নো, ইউ ক্যান্ নট) ..... লেট মি ফিনিস ফার্স্ট। তোমার চিৎকার আমি বন্ধ করব না, আমার অধিকার সম্পর্কে আমি অবহিত করছি। ১৮৮৫ সালের সর্বভারতীয় দল কংগ্রেস, একজন নেত্রীর কাছে যেভাবে আত্মসমর্পণ করেছে, তাতে মান-সম্মান সব খোয়া গেছে, জাতীয় শোক পালন করা উচিত। তোমাদের জন্য আমার করুণা হয়। আগামী দিনে রাজ্যকে যেভাবে বঞ্চনা করার চেষ্টা করা হচ্ছে, সেটা ভাবা উচিত ছিল। (ভয়েস—ইট ইজ ব্যাড প্রিসিডেন্ট)। আমাদের রাজ্যের মানুষের এই ব্যাপারে একটা উদ্বেগ আছে, আমি তা লক্ষ্য করছি। সেই কারণে রাজ্যপালের এই ভাষণে এই বিষয়গুলো নিয়ে আরও সহানুভূতির সঙ্গে, মানবিক দৃষ্টিভঙ্গি থেকে ভাব পরিস্ফুট হওয়া উচিত ছিল। যাইহোক, যেহেতু তিনি এসেছেন এবং ভাষণ দিয়েছেন, তার জন্য তাঁর ভরষণকে অভিনন্দন জানিয়ে এবং তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

VOTING ON AMENDMENT TO MOTION OF GOVERNOR'S ADDRESS

Mr. Speaker : There are 585 amendments on the Governor's Address. All the amendments are in order and taken as moved.

1-17.

Shri Partha Chnatterjee : Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz. :

But regret that,—

1.

there is no mention about the failure of the Government to take proper measures to control price hike of essential commodities in the State ;

2.

there is no mention about the failure of the Government to supply sufficient drinking water in the State ;

3.

there is no mention about the failure of the Government to provide proper health care services in the State ;

4.

there is no mention about the failure of the Government to take appropriate measure to revive closed and sick industries in the State ;

5.

there is no mention about the failure of the Government to issue BPL Cards properly in the State ;

6.

there is no mention about the failure of the Government to solve acute power crisis in the State ;

7.

there is no mention about the failure of the Government to prevent "Bird Flue" in the State ;

8.

রাজ্যে সর্বত্র রেশন ব্যবস্থা সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

9.

রাজ্যে শিশু মৃত্যুর হার বৃদ্ধির কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

10.

রাজ্যে রাজ্যে পার্শ্ব-শিক্ষকদের স্থায়ীকরণের জন্য সুনির্দিষ্ট কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

11.

বেহালা অঞ্চলে জল সরবরাহ ব্যবস্থার উন্নতি সাধনের জন্য কোনো সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

12.

বেহালায় বন্ধ ক্ষুদ্র ও মাঝারি শিল্প তালুকটি পুনরুজ্জীবনের মাধ্যমে শিল্পায়নের উপযুক্ত পরিবেশ ফিরিয়ে আনতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

13.

সিঙ্গুরে অনিচ্ছুক কৃষক পরিবারের ৪০০ একর জমি ফিরিয়ে দেবার জন্য কোনো নির্দিষ্ট সময়সীমার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

14.

বেহালায় নতুন উড়ালপুল নির্মাণের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

15.

রাজ্যে ৭৫ হাজার পি.টি.টি.আই. ছাত্র-ছাত্রীদের সমস্যা সমাধানে সরকারি পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

16.

সিঙ্গুরে অধিগৃহীত ১,০০০ একর জমির মধ্যে ৬০০ একর জমিতে শিল্প স্থাপনের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

17.

বন্ধ 'বসুমতী করপোরেশন' অবিলম্বে চালু করার জন্য সরকারের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

18-30.

Shri Monoj Chakraborty : Sir, I beg to move that, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে—

18.

বহরমপুর শহরে উড়ালপুল নির্মাণের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

19.

মুর্শিদাবাদ জেলায় নারী পাচার রোধে সরকারি পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

20.

রাজ্যে দ্রব্যমূল্য বৃদ্ধি রোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারি পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

21.

রাজ্যে তথ্য প্রযুক্তি শিল্পে সরকারের ব্যর্থতার কথা মহামান্য রাজ্যপালের ভাষণে নেই ;

22.

রাজ্যে রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

23.

রাজ্যে বন্ধ চা-বাগানগুলির শ্রমিকদের উন্নয়নের কোনো সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

24.

রাজ্যে কালোবাজারি রোধে সরকারের নির্দিষ্ট পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

25.

রাজ্যে ১০০ দিনের কাজের প্রকল্প সঠিক রূপায়ণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

26.

রাজ্যে কৃষিতে ব্যবহৃত সারের কালোবাজারি রোধের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

27.

রাজ্যে ব্যাঙ্ক ডাকাতি রোধে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

28.

রাজ্যে সঠিক বি.পি.এল. তালিকা প্রকাশে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

29.

সাচার কমিটির সুপারিশ অনুযায়ী সংখ্যালঘুদের উন্নয়নের জন্য সঠিক পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

30.

বহরমপুর শহরে ক্রমবর্ধমান চুরি, ডাকাতি, ছিনতাই প্রভৃতি কার্যকলাপ বন্ধ করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

31-40.

Dr. Manas Ranjan Bhunia : Sir, I beg to move that, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে—

31.

সিঙ্গুরে টাটা মোটরস-এর ন্যানো গাড়ির কারখানার জন্য অধিগৃহীত জমি বর্তমান পরিস্থিতিতে টাটা কোম্পানি ও সরকার কি কাজে ব্যবহার করবেন সে বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

32.

রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতির চূড়ান্ত অবনতি হয়েছে, এর ফলে নারী নির্যাতন, নারী পাচার ও উগ্রপন্থী কার্যকলাপ বৃদ্ধি পেয়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

33.

রাজ্যের অর্থনৈতিক অবস্থা ভেঙে পড়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

34.

রাজ্যে গ্রামোন্নয়ন ও নগর উন্নয়ন কর্মসূচির সঠিক রূপায়ণে সাকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

35.

পশ্চিম মেদিনীপুর জেলার লালগড় ব্লকে আদিবাসী পুরুষ ও মহিলাদের উপর গরিষ্ঠ শাসক দল ও পুলিশের অত্যাচারের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

36.

রাজ্যে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প রূপায়ণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

37.

রাজ্যে ৭৫ হাজার পি.টি.টি.আই. ছাত্রছাত্রী, শিক্ষক ও শিক্ষিকাদের সমস্যা সমাধানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

38.

পশ্চিম মেদিনীপুর ও পূর্ব মেদিনীপুর জেলার কেলেঘাই-কপালেশ্বরী-বাঘাই নদী সংস্কার ও বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

39.

রাজ্যে তফশিলি জাতি, তফশিলি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্তদের সার্বিক উন্নয়নের জন্য সুনির্দিষ্ট কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

40.

রাজ্যের সার্বিক উন্নয়নে সরকারের ব্যর্ততার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

41-51.

Shri Ajoy Dey : Sir, I beg to move that, উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে—

41.

রাজ্যে N.R.E.G.S. সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের অর্থ সঠিকভাবে ব্যবহার করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

42.

রাজ্যের গ্রামীণ ক্ষুদ্র শিল্প সংস্থাগুলির সমস্যা সমাধানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

43.

রাজ্যে ভয়াবহ বিদ্যুৎ সংকট নিরসনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

44.

রাজ্যে সংখ্যালঘুদের উন্নয়নে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

45.

রাজ্যে তফশিলি জাতি, তফশিলি উপজাতি ও অনগ্রসর সম্প্রদায়ভুক্ত ব্যক্তিদের সমস্যা সমাধানের জন্য সরকারের পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

46.

রাজ্যে সরকারি হাসপাতালে বেহাল স্বাস্থ্য পরিষেবার উন্নতিসাধনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

47.

রাজ্যে ৭৫ হাজার P.T.T.I. ছাত্রছাত্রীদের সমস্যা সমাধানের জন্য সরকারের পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

48.

রাজ্যে ভয়াবহ বেকার সমস্যা সমাধানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

49.

রাজ্যে তন্তুজীবীদের সমস্যা সমাধানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

50.

রাজ্যের অর্থনৈতিক অবস্থা ভেঙে পড়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

51.

রাজ্যে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী ব্যক্তিদের সঠিক তালিকা প্রকাশে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

52-71.

Shri Nepal Mahata : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

52.

রাজ্যে বিভিন্ন সরকারি হাসপাতালে চিকিৎসায় অবহেলার কারণে রোগী মৃত্যুর ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

53.

রাজ্যে তথ্য প্রযুক্তি শিল্পের উন্নয়নের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

54.

রাজ্যে ক্রমবর্ধমান নারী-পাচার সহ বিভিন্ন অপরাধমূলক কার্যকলাপ রোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

55.

রাজ্যে গ্রামোন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার প্রদত্ত অর্থের সদ্ব্যবহার করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

56.

রাজ্যে বার্ড ফ্লু প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

57.

রাজ্যে বন্ধ চা-বাগানগুলি খোলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

58.

রাজ্যে বি.পি.এল. তালিকা নির্ভুলভাবে প্রকাশ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

59.

there is no mention about the failure of the Government to improve irrigation facilities in Purulia ;

60.

there is no mention about the reservation of seats for OBC candidates for admission in higher education in the State including medica land engineering colleges ;

61.

there is no mention regarding the planning of the Government for proper development of Scheduled Caste people in the State ;

62.

there is no mention about the re-construct the Charra Airport at Purulia ;

63.

there is no mention about the setting up of a New University in Purulia ;

64.

there is no mention about the setting up of a Medical College and an Engineering College in Purulia ;

65.

there is no mention about the reservation of the Minorities in various State Government jobs ;

66.

there is no mention about the setting up of a Nursing College in Purulia ;

67.

there is no mention about the failure of the Government for setting up of I.C.U. and I.C.C.U. units at Deben Mahato Sadar Hospital, Purulia ;

68.

there is no mention about the setting up of a new Sub-Division at Jhalda, Purulia ;

69.

there is no mention regarding the construct a new bridge connecting Jhalda-Bagmundi Road and Balarampur-Bagmundi Road;

70.

there is no mention about the failure of the Government to publish corrected B.P.L. list in the State; and

71.

there is no mention about the construction of Purulia and Ranchi Road.

72-82.

Shri Asit Kumar Mal : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

72.

রাজ্যে তফশিলি জাতি, তফশিলি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর সার্বিক উন্নয়নে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

73.

রাজ্যে সংখ্যালঘুদের উন্নয়নে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

74.

রাজ্যে পার্শ্ব শিক্ষকদের সমস্যা সমাধানের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

75.

রাজ্য স্বাস্থ্য পরিষেবা ভেঙে পড়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

76.

৮০ লক্ষ বেকারের কর্মসংস্থানের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

77.

রাজ্যে P.T.T.I. ছাত্র-ছাত্রীদের সমস্যা সমাধানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

78.

রাজ্যে বন্ধ কলকারখানা চালু করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

79.

রাজ্য সরকারের পরিবহণ দপ্তরের বাসগুলি থেকে নির্গত ধোঁয়ায় সৃষ্ট দূষণ রোধে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

80.

রাজ্যে সরকারি আবাসনগুলি যথাযথ রক্ষণাবেক্ষণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

81.

রাজ্যে সেচ ব্যবস্থা ভেঙে পড়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

82.

বন্যায় ক্ষতিগ্রস্ত চাষীদের আর্থিক সহায়তা দিতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

83-169.

Shri Ashok Kumar Deb : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

83.

রাজ্যে তাঁত শিল্পের উন্নয়নের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

84.

রাজ্যে আর্সেনিক দূষণপ্রবণ এলাকাগুলিতে পরিশুদ্ধ পানীয় জল সরবরাহে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

85.

কলকাতায় বন্ধ থাকা নাটক হলগুলি পুনরায় খোলার জন্য যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

86.

রাজ্যে বন্ধ জুটমিলগুলি খোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

87.

রাজ্যে বন্ধ হওয়া বাসরুটগুলিতে পুনরায় বাস পরিষেবা চালু করার জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

88.

গঙ্গা ভাঙনের ফলে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের জন্য সরকারের পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

89.

রাজ্যে পরিবহণ ব্যবস্থা ভেঙে পড়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

90.

রাজ্যে কৃষকদের দুরবস্থার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

91.

সিঙ্গুরে অনিচ্ছুক কৃষকদের জমি ফেরত দেওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

92.

রাজ্যে ঢালাও মদের দোকানের লাইসেন্স প্রদান বন্ধ করতে যথাযথ ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

93.

রাজ্যে বিভিন্ন বিদ্যালয় ও মহাবিদ্যালয়ে শিক্ষকদের শূন্য পদ পূরণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

94.

রাজ্যে বিভিন্ন পঞ্চায়েতের হিসাব নিরীক্ষা সময়মতো না হওয়ার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

95.

রাজ্যে মেধাবী ও দরিদ্র ছেলেমেয়েদের পড়াশুনার জন্য বিভিন্ন সুযোগ ও সুবিধা প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

96.

রাজ্যে দর্জিদের জন্য ব্যাঙ্ক ঋণের সুব্যবস্থা করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

97.

রাজ্যে কৃষি জমি অধিগ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

98.

রাজ্যে সরকারি আবাসনগুলির সংস্কারে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

99.

রাজ্যে একটি নতুন কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করার বিষয়ে কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

100.

বজবজ-এ একটি অডিটোরিয়াম নির্মাণ করার জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

101.

রাজ্যে সরকারি হাসপাতালের রোগীদের সময়মতো পথ্য না দেওয়ার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

102.

রাজ্যে কৃষি জমি রক্ষা করার জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

103.

রাজ্যে বিভিন্ন থানায় পুলিশের শূন্য পদ পূরণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

104.

রাজ্যে বিভিন্ন সরকারি দপ্তরে কাজের পরিবেশ গড়ে তুলতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

105.

রাজ্যে বিড়ি শ্রমিকদের সুযোগ-সুবিধা প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

106.

রাজ্যে বন্ধ সিনেমা হলগুলি খোলার জন্য যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

107.

রাজ্যে বিভিন্ন থানার হাজতগুলির সংস্কারে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

108.

রাজ্যে পুলিশি জুলুমের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

109.

রাজ্যে নতুন কলেজ স্থাপনের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

110.

রাজ্যে বিভিন্ন জায়গায় উচ্ছেদ হওয়া হকারদের পুনর্বাসনের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

111.

রাজ্যের আদালতগুলিতে দীর্ঘদিন ধরে জমে থাকা মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

112.

রাজ্যে নতুন মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

113.

বজবজ বিধানসভা কেন্দ্র এলাকায় পানীয় জল সুষ্ঠু সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

114.

রাজ্যে বেকার সমস্যা সমাধানের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

115.

বজবজ বাই-পাস রাস্তা নির্মাণের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

116.

রাজ্যে বিভিন্ন সরকারি হাসপাতালে শয্যাসংখ্যা বৃদ্ধি করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

117.

বজবজে নতুন মার্কেট কমপ্লেক্স স্থাপনের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

118.

রাজ্যে কৃষিতে ব্যবহৃত বিদ্যুতের মূল্যবৃদ্ধিজনিত সমস্যা সমাধানের জন্য সরকার কর্তৃক ভর্তুকি প্রদানের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

119.

রাজ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের ভর্তির সমস্যা সমাধানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

120.

রাজ্যে আদালতগুলিতে বিচারকের শূন্য পদ পূরণ করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

121.

কলকাতায় সুপ্রীম কোর্ট-এর সার্কিট বেঞ্চ চালু করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

122.

রাজ্যে বি.পি.এল. তালিকা সঠিকভাবে তৈরি করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

123.

রাজ্যে কুষ্ঠ রোগীদের সহায়তা প্রদানের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

124.

রাজ্যে তন্তুজীবীদের সমস্যা সমাধানের জন্য নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

125.

রাজ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়নের জন্য বরাদ্দকৃত অর্থ পঞ্চায়েতের মাধ্যমে সঠিকভাবে সদ্ব্যবহার করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

126.

রাজ্য থেকে ব্যাপকহারে নারী ও শিশু পাচার হচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

127.

রাজ্যে প্রতিটি গ্রামে বিদ্যুৎ সংযোগে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

128.

রাজ্যে প্রতিটি ব্লক, গ্রাম ও শহরে কুকুরের কামড়ানো রোগীদের চিকিৎসার জন্য A.R.V. সরবরাহ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

129.

সর্বশিক্ষা অভিযান প্রকল্পে বরাদ্দকৃত অর্থ সঠিকভাবে খরচ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

130.

রাজ্যের প্রতিটি গ্রামে গভীর নলকূপ স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

131.

রাজ্যে বিভিন্ন সরকারি অফিসে শূন্য পদগুলি পূরণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

132.

রাজ্যে নতুন উর্দু একাডেমি স্থাপন করার জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

133.

রাজ্যে ফুলচাষীদের আর্থিক অবস্থার উন্নতির জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

134.

রাজ্যে অঙ্গনওয়াড়ি কর্মীদের বেতন বৃদ্ধি করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

135.

রাজ্যে বিভিন্ন জেলায় শিল্পের নামে জোরপূর্বক কৃষি জমি অধিগ্রহণ করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

136.

রাজ্যে নিষিদ্ধ ড্রাগের অবাধ ব্যবসা বন্ধ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

137.

রাজ্যে বধূ নির্যাতনের ক্রমবর্ধমান ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

138.

রাজ্যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম কমানোর জন্য কোনো পদক্ষেপ গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

139.

রাজ্যে হোমগার্ডদের চাকরি স্থায়ীকরণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

140.

উত্তরবঙ্গের চা বাগানগুলি দীর্ঘদিন ধরে বন্ধ থাকার ফলে বহু শ্রমিক ও তাদের পরিবারের সদস্যরা অনাহারে দিন কাটাচ্ছে এবং সেই কারণে কয়েকজনের মৃত্যুও হয়েছে—এই অনাহারজনিত মৃত্যু রোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

141.

রাজ্যে বিভিন্ন জেলায় স্বাস্থ্য পরিষেবার চূড়ান্ত অবনতির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

142.

রাজ্যে রেশন ব্যবস্থা ভেঙে পড়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

143.

রাজ্যে অবসরপ্রাপ্ত শিক্ষকদের দ্রুত পেনশন প্রদানের ব্যবস্থা করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

144.

বজবজে নির্মীয়মাণ স্টেডিয়ামের নির্মাণকার্য দ্রুত সম্পূর্ণ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

145.

রাজ্যে অসংগঠিত শ্রমিকদের সুযোগ-সুবিধা প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

146.

রাজ্যে বে-আইনি মদের দোকান তুলে দেওয়ার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

147.

রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত পরিচালন ব্যবস্থায় দুর্নীতির কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

148.

রাজ্যে ব্যাপক সংখ্যক রেশন কার্ডের জালিয়াতি রোধে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

149.

রাজ্যে অন্ধ প্রতিবন্ধীদের জন্য নতুন স্কুল স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

150.

রাজ্যে গ্রামীণ হাসপাতালগুলিতে সাপের কামড়ের ওষুধের অভাবের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

151.

রাজ্যে বিরোধী রাজনৈতিক দলের কর্মী, সমর্থক ও নেতাদের উপর পুলিশি অত্যাচার ও প্রশাসনিক হয়রানি বন্ধ করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

152.

রাজ্যে পানীয় জলের সংকট মোচনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

153.

রাজ্যে তপশিলি জাতি, তপশিলি উপজাতি ও পিছিয়ে পড়া মানুষের সার্বিক উন্নয়নের জন্য কোনো সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

154.

রাজ্যে বিচারাধীন বন্দী মৃত্যুর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

155.

রাজ্যে সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

156.

রাজ্যে Blood Bankগুলিতে রক্ত সংরক্ষণের জন্য উপযুক্ত পরিকাঠামো তৈরি করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

157.

রাজ্যে গ্রামীণ এলাকায় ইন্দিরা আবাস যোজনা প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে আর্থিক অনিয়ম রোধে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

158.

রাজ্যে শিশু শ্রমিকদের পুনর্বাসন ও শিক্ষা প্রদানের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

159.

রাজ্য সরকারি কর্মচারীদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা প্রদানের ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

160.

রাজ্যের সমস্ত থানাগুলিতে মহিলাদের জন্য পৃথক লক-আপ তৈরি করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

161.

রাজ্যে অনাহারে মৃত্যু রোধে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

162.

রাজ্যে কৃষি জমি অধিগ্রহণের বিরুদ্ধে গণ-আন্দোলনের উপর পুলিশের নির্মম অত্যাচারের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

163.

রাজ্যে পথ দুর্ঘটনায় নিহতদের পরিবারবর্গকে ক্ষতিপূরণ দিতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

164.

রাজ্যে নদীবাঁধগুলির রক্ষণাবেক্ষণ ও সংস্কারে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

165.

রাজ্যের বিভিন্ন থানায় মহিলা পুলিশ নিয়োগের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

166.

উত্তরবঙ্গের সার্বিক উন্নয়নের জন্য সুনির্দিষ্ট কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

167.

রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

168.

রাজ্যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্যবৃদ্ধি রোধে মজুতদার ও কালোবাজারিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

169.

Tarahath থেকে Alipur পর্যন্ত রাস্তার নির্মাণকার্য সম্পূর্ণ করার জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

170-181.

Shri Sisir Adhikari : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

170.

রাজ্যে পশু চিকিৎসা কেন্দ্রগুলিতে চিকিৎসা পরিষেবা পাওয়া যায় না—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

171.

রাজ্যে দুর্নীতিগ্রস্ত রেশন ডিলারদের শাস্তি প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

172.

রাজ্যে সরকারি হাসপাতালগুলিতে সকল গরিব মানুষদের বিনামূল্যে চিকিৎসা পরিষেবা প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

173.

রাজ্যে জালনোট উদ্ধারে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

174.

রাজ্যে সকল বেকার যুবক-যুবতীদের চাকুরি প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

175.

রাজ্যে কিডনি পাচার চক্র সক্রিয়ভাবে কাজ করছে—এর বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

176.

রাজ্যে বন্ধ চা বাগানগুলির শ্রমিকদের অনাহারে মৃত্যুর ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

177.

রাজ্যে ক্রমবর্ধমান চুরি, ডাকাতি, রাহাজানি, ছিনতাই বেড়ে যাওয়ায় সাধারণ মানুষের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

178.

রাজ্যে প্রতিটি গ্রামে একটি করে মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

179.

রাজ্যে P.T.T.I. শিক্ষণপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের সমস্যার বিষয়ে সরকার উদাসীন—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

180.

রাজ্যে প্রধান বিরোধী দলের সমর্থকদের মিথ্যা মামলায় জড়িয়ে দেওয়া হচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

181.

রাজ্যের কারাগারগুলিতে বে-আইনি কার্যকলাপ বন্ধ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

182-202.

Shri Jyoti Priya Mallick : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

182.

ঠাকুরনগরের ঠাকুরবাড়িতে বিখ্যাত বারুণি মেলার জন্য সব রকম সাহায্য প্রদানে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

183.

হাবড়া পৌরসভার ১নং থেকে ২৩নং ওয়ার্ড এলাকায় জল নিষ্কাশনের অত্যাধুনিক প্রকল্প রূপায়ণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

184.

হাবরার চোঙদার মুখ থেকে অশোকনগরে রেলওয়ে লেভেল ক্রসিং পর্যন্ত বাইপাস নির্মাণের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

185.

হাবরা পৌরসভা এলাকায় একটি নতুন পানীয় জল প্রকল্প নির্মাণের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

186.

হাবরায় অবস্থিত পূর্বাঞ্চলের বৃহত্তম চালের বাজারের সার্বিক উন্নয়নের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

187.

হাবরার চোঙদার মুখ থেকে অশোকনগর রেলওয়ে লেভেল ক্রসিং পর্যন্ত উড়ালপুল নির্মাণের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

188.

ঠাকুরনগরে বিখ্যাত বারুণি মেলায় আগত পুণ্যার্থীদের জন্য একটি বড় বিশ্রামাগার নির্মাণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

189.

ঠাকুরনগরে স্বর্গীয় পি. আর. ঠাকুরের নামে একটি টেকনিক্যাল কলেজ স্থাপনের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

190.

ঠাকুরনগরে মতুয়া ধর্মের বারুণি মেলাকে জাতীয় মেলার স্বীকৃতি প্রদানের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

191.

গাইঘাটা থানাকে অত্যাধুনিক বা মডেল থানা রূপে গড়ে তুলতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

192.

গাইঘাটায় শেরগড় বাওর ও বেরী-গোপালপুর বাওর থেকে পরিশ্রুত পানীয় জল সরবরাহের জন্য কোনো প্রকল্পের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

193.

গাইঘাটায় ডুমা বাওর থেকে পরিশ্রুত পানীয় জল সরবরাহের জন্য কোনো প্রকল্পের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

194.

ঠাকুরনগরে ফুলবাজারের নিকট একটি হিমঘর স্থাপনে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

195.

ঠাকুরনগরের বিখ্যাত ফুলবাজারকে অত্যাধুনিক ফুলবাজারে রূপান্তরিত করার জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

196.

গাইঘাটায় ডুমা বাওরকে একটি পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তুলতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

197.

চাঁদপাড়া ও ঠাকুরনগর (শিমুলপুর ও ইছাপুর ২নং অঞ্চল ও চাঁদপাড়া অঞ্চল) গ্রাম পঞ্চায়েত এলাকা নিয়ে একটি পৌরসভা গঠনের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

198.

গাইঘাটায় কালাঞ্চি ব্রীজ থেকে স্বরূপনগরের তেঁতুলিয়া পর্যন্ত ইছামতী নদীতে পলি উত্তোলনের নতুন কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

199.

গাইঘাটায় 'শেষের খেয়া' শ্মশানের সার্বিক উন্নয়নের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

200.

গাইঘাটার শেরগড় ও ট্যাংরার মধ্যে সংযোগকারী যমুনা নদীর উপর ভগ্নপ্রায় কাঠের ব্রীজকে কংক্রীটের ব্রীজে রূপান্তরের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

201.

মতুয়া ধর্মের প্রতিষ্ঠাতা শ্রীশ্রীহরিচাঁদ ঠাকুরের জন্মদিনটিকে রাজ্য সরকারের ছুটির দিন হিসাবে ঘোষণা করার জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

202.

ঠাকুরনগরের বারুণি মেলায় প্রতি বছর আগত পুণ্যার্থীদের জন্য পানীয় জলের সুব্যবস্থা করতে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

203-210.

Shri Saugata Roy : Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz. :

But regret that,—

203.

there is no mention about the steps taken by the Government to implement the recommendations made in the report of the Sacher Committee ;

204.

there is no mention about the impact of the global economic meltdown on the Information Technology industry in the State;

205.

there is no mention about the fresh clashes taking place in Nandigram, Purba Medinipur;

206.

there is no mention about the delay in completion of the Teesta Barrage project;

207.

there is no mention about the agitation by the tribals at Lalgarh in Paschim Medinipur;

208.

there is no mention about the current spate of load shedding in the State;

209.

there is no mention about the entry of terrorists through the Indo-Bangladesh border at Bongaon; and

210.

there is no mention about the problems of unwilling farmers of Singur.

211-239.

Shri Kallol Khan : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

211.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্র এলাকায় বসবাসকারী তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত মানুষদের সার্বিক উন্নয়নের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

212.

রাজ্যে বিরোধীদের গণতান্ত্রিক আন্দোলনে পুলিশি অত্যাচার ও পুলিশের গুলি চালনার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

213.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্র এলাকায় অবস্থিত দাদুপুর, হরনগর, ধর্মদা, মাঝের গ্রাম ও কাশিয়াডাঙ্গা উপ-স্বাস্থ্য কেন্দ্রগুলির সার্বিক উন্নয়নে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

214.

নাকাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বেথুয়াডহরী থেকে অগ্রদ্বীপ ঘাটের রাস্তার উপর অবস্থিত আরপাড়া সেতুটির আমূল সংস্কারের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

215.

